
# STORES - STATES

डेटश्ट । मार्न

দিতীয় শত কাৰ্যায় ১৯— স্বধ্যায়



# শাস্ত্রমূলক ভারতীয় শক্তিসাধনা

উপেন্দ্রকুমার দাস



দ্বিতীয় খণ্ড

অধ্যায় ১৩—অধ্যায় ১৯ নিৰ্ঘন্ট- ও পুস্তকবিবরণী-সহ প্রথম প্রকাশ: ১৩৭৩ বঙ্গাব্দ

প্রকাশক: রণজিৎ রায়,
সম্পাদক, গবেষণা-গ্রন্থ প্রকাশন সমিতি
মৃত্তক: শ্রীবিহ্যৎরঞ্জন বস্থ
শাস্তিনিকেতন প্রেস, শাস্তিনিকেতন, বীরভূম

## প্রাপ্তিস্থান:

মৃদ্রণ, প্রচার ও প্রকাশন দপ্তর, বিশ্বভারতী, শাস্তিনিকেতন ;
বিশ্বভারতী গ্রন্থনিভাগ,
৫ শারকানাথ ঠাকুর লেন, কলিকাতা ৭

# ত্রোদশ অধ্যায়

### পঞ্চত্ত্ব ও শবসাধনা

় পূর্বাধ্যায়ে কোলাচারের যে-সব ব্যভিচারের উল্লেখ করা হয়েছে লক্ষ্য করা গেছে সে-সব সমস্তই পঞ্চতত্ত্ব বা পঞ্চমকারসম্পর্কিত। শুধু কোলাচার নয়, কোলাচার, সিদ্ধান্তাচার ও বামাচার এক কথায় বামমার্গের সাধনার নামে যত ব্যভিচার হয়েছে তা সবই পঞ্চতত্ত্ব নিয়ে।

পঞ্চতত্ত্ব সম্বাদ্ধে অজ্ঞত।— গণিক্ষিত লোকের কথা দূরে থাক, শিক্ষিত সাধারণেরও পঞ্চতত্ত্বের মর্ম জানা নেই। শুধু জানা নেই নয়, অনেকেই ভূল জানেন। সাধনার নামে ব্যভিচারকেই সনেকে সাধনা মনে করেন। এই-সব কারণে তান্ত্রিক সাধনা তাঁদের কাছে হেয় এবং অবজ্ঞাত।

অজ্ঞতার কারণ — বামাদি যে-তিনটি আচারে পঞ্চতত্ব নিয়ে সাধনা বিহিত, লক্ষ্য করা গেছে সেই তিনটি আচারের সাধনাই গোপন সাধনা। কাজেই সম্প্রদায়ের বাইরের কোনো লোকের পক্ষে পঞ্চত্ত্বের মর্ম জানা সম্ভবপর ছিল না।

তন্ত্রপ্রস্থ দেখেও কিছু জানার উপায় ছিল না। কারণ সম্প্রদায়ের বাইরের লোককে গোপন আচারবিষয়ক তন্ত্র দেখতে দেওয়া হত না। কোনো প্রকারে কোনো প্রস্থ বাইরের কেউ দেখতে পেলেও পঞ্চতত্ত্বের মর্ম তার পক্ষে জানা সম্ভবপর হত না; কেন না সে-মর্ম গুরুগম্য। তা ছাড়া পঞ্চতত্ত্বের সাধনাদি-সম্পর্কে তন্ত্রে অনেক ক্ষেত্রে সংকেত ব্যবহার করা হয়েছে। সেই সঙ্কেতের অর্থ না বুঝতে পারলে এই সাধনার মর্ম জানা যায় না। সংকেতের অর্থও গুরুর কাছে জানতে হত।

আরেকটি কথা, কৌলতস্ত্রাদি যে-সব তন্ত্রে পঞ্চতত্ব নিয়ে সাধনা বিহিত হয়েছে সে-সব তন্ত্র ছাড়া অন্ত কোনো কোনো তন্ত্রে পঞ্চতত্বসম্বলিত আচারাদির নিন্দা আছে। এ বিষয়ের উল্লেখ কুলতন্ত্রেই পাওয়া যাচ্ছে। কুলার্ণবতন্ত্রে শিব বলছেন—এই কুলধর্ম জেনে সব মাকুষ মুক্ত হয়ে যাবে মনে করে আমি লোকসমাজে কুলধর্মের নিন্দা করেছি।

এই-সব নানা কারণে পঞ্চতত্ত্বের মর্ম প্রাক্-আধুনিক কালে সাধারণের অজ্ঞাত ছিল। আধুনিক কালে পঞ্চতত্ত্বিষয়ক আকর-গ্রন্থ ও নিবন্ধ প্রকাশিত হয়েছে। এইজন্য এ যুগে এই বিশেষ সাধনার মর্ম শ্রন্ধাবান্ ব্যক্তির পক্ষে জান। সম্ভবপর।

১ (i)--তন্তাভিব্যঞ্জকাঃ পঞ্চমকারাঃ, তৈরচ্চনং গুপ্তাা, প্রাকট্যান্নিরয়ঃ । —প ক স্থ ১।১২

<sup>(</sup>ii) পঞ্চত্তেন ক'তব্যং সদৈব পূজনং মহৎ। অতিগুপ্তেন ক'তব্যং সর্বধৈব স্থানিশ্চিত্য।—কে জিন, উঃ ১০

২ কুল ধর্ম মিনং জ্ঞাদ্বা মৃচ্যেয়ু: সর্বমানবাঃ। ইতি মত্বা কুলেশানি ময়া লোকে বিগর্হিতম্।

পঞ্চতত্ত্ব শাস্ত্রবিহিত—পঞ্চতত্ত্ব নিয়ে সাধনা তন্ত্রশাস্ত্রবিহিত ধর্মসাধনা। কুলার্ণবিতন্ত্রের মতে শাস্ত্র বলে তাকেই যা বর্ণাশ্রমব্যবস্থার অহুসরণকারীদের সর্বদা শাসন করে ও সমস্ত পাপ থেকে ত্রাণ করে।

তম্ব যে বেদতুল্য শাস্ত্র তা পূর্বেই লক্ষ্য করা গেছে। কাজেই তম্বে যা উচ্চ স্তরের শক্তিমাধনার অঙ্গ বলে নির্দিষ্ট হয়েছে তা কথনও গর্হিত হতে পারে না। তবে তম্বশাস্ত্রে শাষ্ট্র ভাষাতেই বলা হয়েছে যাগকালে অর্থাৎ সাধনার সময় তার অঞ্চরপেই পঞ্চমকার সেবন বিহিত, নৈলে অন্ত সময়ে অবশ্রুই গর্হিত।

আদল কথা, কোনো কাজ গহিঁত কি শ্রেম, ভাল কি মন্দু, তা নির্ভন্ন করে কি বাসনা নিয়ে কাজটি করা হচ্ছে তার উপর। বাসনা যদি কুৎসিত হয় তা হলে কাজটি গহিঁত হবে; বাসনা কুৎসিত না হলে কোনো কাজ গহিঁত হয় না। জ্ঞানার্ণবিতয়ে একটি সহজ দৃষ্টাস্ত দিয়ে বিষয়টি ব্ঝান হয়েছে। বলা হয়েছে যথন পুরুষ শিশু মাতৃগর্ভ থেকে বিনির্গত হয় তথন তার দেহে সব্ ইন্দ্রয়গুলিই থাকে এবং বহির্গমনকালে তার উপস্থের সঙ্গে মাতৃযোনির সংযোগ হয় কিন্ত শিশু বাসনাহীন নির্বিকার বলে এরপ সংযোগে তার কোনো পাপ হয় না। কিন্তু পুত্র যদি কামবশে মাতৃগমন করে তা হলে সে গুরুতয়গ পাতকী হয়। অতএব বাসনা কুৎসিত হলেই সেই বাসনামূলক কম দোষের হয়, অত্য সব কমই শুভ। সবই পবিত্র, বাসনাই কল্বিত।

বাসনার মূল মনে। তাই মনকেই পাপ বা পুণ্যের কারণ বলা হয়। অর্থাৎ কর্মান্থচানকারীর মনোভাব অন্থসারে কোনো কর্ম পাপ কি পুণ্য তা নির্ণীত হবে। একই কাজ,
কিন্তু বাসনা বা ভাব অন্থসারে তার অর্থ ভিন্ন হয়ে যায়। তৃহিতারও মৃথচুম্বন করা হয় আর
কাস্তারও করা হয়। কিন্তু ভাব ভিন্ন বলে উভয় ক্ষেত্রে তার অর্থ এক নয়। অতএব যুথন
বে-কাজে যার বাসনা কুৎসিত থাকে তথন সে-কাজ তার পক্ষে দোষের হয়, নৈলে হয় না।

১ শাসনাদনিশং দেবি বর্ণা এমনিবাসিনাম্। তারণাৎ সর্বপাপে দ্যঃ শাস্ত্রমিত্যভিধীয়তে। —কু ত, উঃ ১৭

२ मश्क्रमाश्मञ्जानीनाः मानकानाः नित्ववर्गम् । यांगकानः विनाक्रख (नावरः कथिकः श्रिद्ध ।—--वे, ७: €

মাতৃগর্ভাদ্ বিনির্গত্য শিশুরেব ন সংশয়ঃ। ইলিয়াণ্যথিলায়য় দেহস্বায়পি বলতে।
নির্বিকারতয়া তত্র নায়থা ভবতি প্রিয়ে। ভগ-লিয়সমায়োগো জয়কালে ভবেৎ সদা।
কাম্যতে সা বদা দেবি জায়তে গুরুতলগঃ। অতএব বদা তত্ত বাসনা কৃৎসিতা ভবেং।
ভত্তদ্দুশণসংযুক্তময়থ সর্বং শুভং ভবেং। পবিত্রং সকলং ভদ্রে বাসনা কল্বা য়ৢতা।
—জানার্থবতয়বচন, ড়ঃকৌর, পঃ ৪৬-৪৭

s (i) পাপং বা বদি বা পুণাং উভয়ো: কারণং মন: ।—গা ত, প: ৩

<sup>(</sup>ii) মনঃ করোতি পাপানি মনঃ পাপেন লিপ্যতে।—গ ত ৩৬।৫৬

<sup>ে</sup> ভীবেন চুম্বিতা কান্তা ভাবেন চুহিত্রাননম্।—দ্রঃ T. T.. Vol, IX, Preface, p. 7

৬ অতএব यहा यस वामना कूरमिতा ভবেर। তদা দোবায় ভৰতি নাম্মপা দূৰণং কচিং।—কৌ নি. উ: ৮

কাজেই "অন্তর্গান যাহাই হউক, এই intention-টাই বড় কথা। যে উদ্দেশ্য লইয়া কর্ম করা হয়, ধর্মের ইতিহাসে তাহাই বড় কথা।"<sup>9</sup>

সাধারণভাবে বলা যায় পঞ্চতত্ত্ব্ক সাধনার অন্তর্নিহিত বাসনা বা উদ্দেশ্য অপরোক্ষ ব্রহ্মতত্ত্বোপলব্ধি এবং তজ্জনিত মৃক্তিলাভ। কাজেই ব্রহ্মনিষ্ঠ মন নিয়ে শাস্ত্রবিহিত পঞ্চতত্ত্ব-সেবনে নিন্দনীয় কিছুই থাকতে পারে না।

বাসনা কথাটা তান্ত্রিক ক্রিয়া সম্পর্কে ভাবনা অর্থেও ব্যবহৃত হয়। পঞ্চতত্ব-সেবন বামমার্গের সাধকের বাহুপূজার অঙ্গ। কৌলমার্গরহস্মের মতে তন্ত্রশাস্ত্রে বাহুপূজার অঙ্গীভূত প্রত্যেক ক্রিয়ারই বাসনার অর্থাৎ সাধক কোন ক্রিয়া কিরূপ ভাবনা করে করবেন তার বিধান আছে।

পঞ্চতত্ব সম্বন্ধে কুলার্ণবিতম্মে বলা হয়েছে৺—শ্রীগুরু ও কুলশাম্মের কাছ থেকে সম্যক্রণে বাসনা অবগত হয়ে সাধককে পঞ্মুম্রা অর্থাৎ পঞ্চতত্বসেবা করতে হবে, নৈলে পতন হবে।

পঞ্চতত্ত্বের বাদনার বিবরণ কুলার্ণবাদি তত্ত্বে আছে। কিন্তু দে-সহদ্ধে আলোচনা করার আগে পঞ্চতত্ত্বের পরিচয় জানা আবশ্যক।

পঞ্জে কি ? — নির্বাণতত্ত্বে বলা হয়েছে — মত মাংস মংত্র মূলা এবং মৈথুন এই পাঁচটি পঞ্জের। পঞ্জের নির্বাণ্যক্তির হেতু-স্বরূপ।

পঞ্চতত্ত্বর প্রচলিত নাম পঞ্চমকার। শক্তিসঙ্গমতদ্ধে পঞ্চমকারকে দেবতাপ্রীতিকারক বলা হয়েছে। পঞ্চতত্ত্বের মন্তাদি পাঁচটি শব্দের আতক্ষর ম। এইজন্ত এই পাঁচটি পদার্থকে সংক্ষেপে বলা হয় পঞ্চমকার।

পঞ্চমকারকে পঞ্চমূত্রাও বলা হয়। সাবার পঞ্চমকারের স্থলে কুলদ্রব্য বা কুলতত্ত্ব শব্দের ব্যবহারও লক্ষ্য করা যায়।

পঞ্চতের লক্ষণ—মহানির্বাণতত্ত্বে পঞ্তত্ত্বের কতকগুলি লক্ষণ বর্ণিত হয়েছে। যথা—আছ তত্ত্ব অর্থাৎ মন্ত জীবের আনন্দজনক, সর্বত্বংথবিম্মরণকারী মহোষধ। গ্রাম্য

১ यक्डकथा, १: ११ २ त्की त्र, ११ ७०

৩ খ্রীঞ্রো: কুলশান্ত্রেভা: সমাগ্ বিজ্ঞায় বাদনাদ্। পঞ্মুদা নিষেবেত চাক্রখা পতিতো ভবেৎ।—কু ত, উ: ৫

৪ মন্তং মাংসং তথা মৎস্তং মুদ্রাং মৈথুনমেব চ। পঞ্চতত্ত্বমিদং দেবি নির্বাণমৃক্তিত্তেতবে।—নি ত, পঃ ১১

মতং মাংসং তথা মংস্তং মুলাং মৈণুনমেব চ। মকারপঞ্চকং প্রোক্তং দেবতাপ্রীতিকারকম্।

<sup>---</sup>শ স ত, তা খ, পঃ ৩২

৬ ইত্যাদি পঞ্মুদ্রাণাং বাসনা কুলনায়িকে।—কু ত, উ: •

१ সেবিতে চ কুলজব্যে কুলভবার্থদর্শিন:। জায়তে ভৈরবাবেশ: সর্বত্র সমদর্শন:।—কে নি, উ: ৮

৮ সেবিতে কুলতত্ত্বে তু কুলতত্ত্বসদর্শিনঃ ৷—বো ত, পু খ, উ: ৬

বায়ব্য এবং বহা পশু ও পক্ষির মাংস পৃষ্টিতেজবলকারক। স্থলর ও স্থাত্ মংশু প্রজননশক্তিবর্ধক। মুদ্রা ভূমিজাত, স্থলত এবং ত্রিজগতের জীবের জীবন এবং তাদের আয়ুর মূল।
শেষতত্ব আনন্দকর, সমস্ত প্রাণীর স্ষ্টির কারণ, অনাদি অনস্ত জগতের মূল। আবার
পঞ্চতত্বের সঙ্গে পঞ্চমহাভূতকে মিলান হয়েছে। মহা তেজ, মাংস মরুং, মংশ্র অপ্,
মূলা ক্ষিতি আর পঞ্চম তত্ব জগতের আধার ব্যোম।

প্রকারভেদ — পঞ্চতত্ত্বর তিনটি প্রকারভেদ আছে। যথা প্রত্যক্ষতত্ত্ব, অন্তর্মাতত্ত্ব আর দিব্যতত্ত্ব। প্রাথার স্থুল, স্ক্ষাও পর এই ত্রিবিধ ভেদও লক্ষ্য করা যায়। স্থুল আর প্রত্যক্ষ পঞ্চতত্ত্ব একই। স্থুল পঞ্চতত্ত্বক মুখ্য পঞ্চতত্ত্বও বলা হয়। স্ক্ষা আর দিব্য পঞ্চতত্ত্ব এক। এই পঞ্চতত্ব যোগসাধনার বস্তু। স্ক্ষাপঞ্চতত্ত্বর স্ক্ষাত্ররূপ আছে। তাই পর বা দিব্য পঞ্চতত্ত্ব। এ অতি গভীর তত্ত্ব, গুরুপদেশ এবং সাধনার হারা এটি লভা। প্র

क्रूलभक्षात्व त भून्य नकार

মত্ত আদিতর মতা। তয়ে নানারকমের মতোর উল্লেখ পাওয়া যায়। পরওরাম কল্পত্রে বিক্রি অর্থাৎ তাল থেজুর প্রভৃতি গাছের রস থেকে উৎপন্ন, (গাঁও অর্থাৎ গুড় থেকে উৎপন্ন, পিইপ্রকৃতি অর্থাৎ পিইক থেকে উৎপন্ন, অন্ধন অর্থাৎ আলোভূত (পচাই মদ), বিভিন্ন করা হয়েছে। সেই সঙ্গে বলা হয়েছে সাধ্নায় ব্যবহৃত মত্ত আনন্দজনক, কৃতির অর্থাৎ যা দেখামাত্র মন প্রসন্ন হবে এমনি, স্থাক্ষয়ক্ত এবং লঘু অর্থাৎ যা খেলে শরীরের ধাতুবৈষম্য হয় না এমনি হওয়া চাই।

মহোবধং যজীবানাং তুঃথবিমারকং মহং। আনন্দজনকং যচ্চ তদাভতবলকণ্ম। গ্রাম্যবায়ব্যবজ্ঞানামভূতং পৃষ্টির্ব ধনম্। বৃদ্ধিতেজোবলকরং বিতীয়তত্ত্বলক্ষণম্। জলোভবং বং কল্যাণি কমনীয়ং হথপ্রদম্। প্রজাবৃদ্ধিকরপাপি তৃতীয়তত্ত্বলক্ষণম্। হ্লেডং ভূমিজাতক জীবানাং জীবনক বং। আয়ুমূলং ত্রেজগতাং চতুর্যতত্ত্বলক্ষণম্। মহানন্দকরং দেবি প্রাণিনাং হৃষ্টিকারণম্। অনাভস্তজগমূলং শেষতত্ত্বস্ত লক্ষণম্।

—মহাত ৭।১০৩, ১০৫-১০৮

আছতত্ত্বং বিদ্ধি তেজে। বিতীয়ং পবনং-প্রিয়ে। অপস্কৃতীয়ং জানীহি চতুর্থং পৃথিবীং শিবে।
 পঞ্চমং জগদাধারা বিয়দ্বিদ্ধি বরাননে।—এ ৭।১০৯-১১٠

৩ জঃ Ś. Ś., 4th. Ed., p. 606 ৪ জঃ কৌর, ভূমিকা, পৃঃ।√ ৫ ঐ, পৃঃ।•

সানন্দস্ত ক্রচিরস্তামোদিনো লঘুনো বা<u>ক্র</u>স্ত সৌড়স্ত পিইপ্রকৃতিন অন্ধরের বাক্রসর কৌহস্ত বা বধাদেশসিক্ষত বা তক্ত পরিপ্রহঃ ।—প ক হু ১০।৬২

কুলার্পবতত্ত্বেও নানারকম মতের নাম করা হয়েছে। পরশুরামকল্লস্ত্রোক্ত মতের অতিরিক্ত পান্দ ঐকব মৈরের নারিকেলজন্মাধনী এই কটি মতের নাম এই তালিকার আছে। উক্ত তত্ত্বে প্রত্যেক প্রকারের মতের গুণ বর্ণনা করা হয়েছে এবং পৈষ্টা গোড়ী ও মাধনী এই ত্রিবিধ স্থরাকে সর্বোক্তম বলা হয়েছে। পৈষ্টা সর্বসিদ্ধিকরী, গোড়ী ভোগপ্রদা এবং মাধনী মৃক্তিপ্রদা স্থরানামী দেবতা।

মহানির্বাণতম্বমতেও উব্ধ্ ত্রিবিধ স্থরাই উত্তম। এই তল্পে বলা হয়েছে—তালথেজুরের রসের থেকে নানা রকম স্থরা তৈরি হয় আবার দেশভেদে এবং দ্রব্যভেদে নানা প্রকারের স্থরা হয়। এই-সব স্থরা দেবতার্চনে প্রশস্ত । ১

শক্তিসঙ্গমতত্ত্ব গৌড়সম্প্রদায়সমত ত্রুরোদশ প্রকার স্থরার উল্লেখ করা হয়েছে। ৩ এই-সব তন্ত্রবচন প্রমাণ করে দেশে নানা রকমের মন্ত প্রচলিত ছিল এবং সেই-সব মন্ত সাধনায় ব্যবহৃত হত। মহানির্বাণতত্ত্বের বিধান অম্পারে স্থ্রা যে-কোনো উপায়েই উৎপন্ন হোক না কেন, এবং যে-কোনো লোকই নিয়ে আফ্রক না কেন, শোধিত হলে সাধককে সর্বসিদ্ধি প্রদান করে। স্থরার ব্যাপারে কোনো জাতিভেদ নেই।

মাংস—দাধনায় কোন কোন জন্তুর মাংস প্রশস্ত কোনো কোনো তন্ত্রে তারও উল্লেখ পাওয়া বায়। বেমন বোগিনীতন্ত্রে আছে — বে-সব প্রাণীর মাংস গ্রহণীয় তারা ভূচর-ও খেচর-ভেদে বিবিধ। আবার ভূচর পশু বনজ-ও গ্রামজ-ভেদে বিবিধ। প্রশস্ত ভূচর পশু দশটি। তার মধ্যে ছাগ আর মেব গ্রামজ। আর বরাহ, শল্যক অর্থাৎ শজাক, রোজ, কুক, হরিণ, থড়গী, গোধা এবং শশক বহা। কুগ্ন ও মৃত পশু বর্জনীয়। কোমল স্বাঙ্গপ্ত প্রাণী স্বোত্তম। প্রশস্ত খেচরও দশটি। ঘথা—গ্রাম্য কুক্ট, আরণ্য কুক্ট, ম্যুর, তিতির, চক্রবাক সারস, রাজহংস, জলকুক্ট, হংস ও চটক।

- ১ সর্বসিদ্ধিকরী গৈষ্টী গোড়ী ভোগপ্রদায়িনী। মাধ্বী মুক্তিকরী জেয়া হুরাখ্যা দেবতা প্রিয়ে।—কু ত, উঃ ধ
- ২ সৌড়ী পৈষী তথা মাধনী ত্ৰিবিধা চোন্তমা হয়।। সৈব নানাবিধা প্ৰোক্তা তালথৰ্জ্বসন্তবা।
  তথা দেশবিভেদেন নানাত্ৰব্যবিভেদকঃ। বহুৰেক সমাখ্যাতা প্ৰশস্তা দেবতাৰ্চনে।—মহা ত ৬।২-৩
- ৩ ত্রয়োদশবিধা দেবি মদিরা গৌড়সম্মতা।—শ স ত, কা ধ, মাঙঙ
- ৪ বেন কেন সমুৎপন্না বেন কেনাক্ষতাংশি বা। নাত্ৰ জাতিবিভেদোংন্তি শোধিতা সৰ্বসিদ্ধিদা।—সহা ৬।৪
- বিতীরভেদং বক্ষ্যামি বিবিধং তচ্ছূ বু প্রিয়ে । তুচরং থেচরং চৈব প্রবাদ্ধিবিধং স্বতম্ ।
   বামজং বনজং চাপি প্রামজং ছাগমেবকো । বরাহং শলাকো রোজো রুক্ররিণ এব চ ।
   বড়িদী গোধা চ শশকং দশবা ভূচরাং স্বতাঃ । রোগিণঃ কালবিহতাঃ পরিত্যাজ্যা মহেখরি ।
   কোমলাঃ পুইদর্শজাঃ ভবেরুক্ষোজ্যা।
   কমলাঃ পুইদর্শজাঃ ভবেরুক্ষোজ্যাঃ ।
   কমলাঃ পুইদর্শজাঃ ভবেরুক্ষোজ্যা।
   কমলাঃ পুরদর্শজাঃ
- গ্রাম্যারণ্যে কুর্টো চ মধ্রভিভিরিভখা। চক্রবাকঃ সারদল্চ রাজহংসভথেব চ।
  জলকুত্টহংসো চ চটকো দশ খেচরাঃ ।—-

এবং মুগ্রের মাংসকে মহামাংস বলা হয়েছে। আর এই অন্ত মহামাংসকে দেবতার প্রীতিকর বলা হয়েছে। বৃহৎতন্ত্রদারগ্বত ভৈরবতন্ত্রবচনেও এই অন্ত মহামাংসের উল্লেখ আছে, তবে ইভের স্থলে মেবের নাম করা হয়েছে।

মহামাংস বলতে লোকে সাধারণতঃ নরমাংসই বোঝে কিন্তু দেখা যাচ্ছে তন্ত্রশাস্ত্রে মহামাংস কথাটা আরও ব্যাপক অর্থে ব্যবহৃত হয়।

মৎশ্র — তন্ত্রশান্ত্রে উত্তম মধ্যম ও অধম এই ত্রিবিধ মৎশ্রের কথা বলা হয়েছে। তন্ত্রমতে শাল পাঠীন অর্থাৎ বোয়াল এবং রোহিত এই তিনি রকমের মাছ উত্তম। পাকা কাঁটাশ্রু তৈলাক্ত এবং রাছ্ এই চাররকমের মাছ মধ্যম। মধ্যম মাছ দেবীর প্রীতিকর। উত্তম ব্যক্তিরা বলেন সেই সমস্ত মৎশ্র ক্ষ্ম হলেই অধম। মহানির্বাণতন্ত্রের মতে অধম মৎশ্র বহুকত্টকযুক্ত তবে উত্তমরূপে ভর্জিত হলে তাও দেবীকে প্রদান করা যায়। ই

যোগিনীতদ্রের মতে কৃর্মও তৃতীয় তত্ত্বের অন্তর্ভুক্ত।

মুদ্রা—চতুর্থ তব মৃদ্রা সম্বন্ধে উক্ত তন্ত্রে বলা হয়েছে ভৃষ্টধান্যাদি অর্থাৎ <u>থৈ প্রভৃতি যা</u> যা চর্বনীয় তাই মৃদ্রা।\* বান্ধণাদি সবাই এই মৃদ্রা গ্রহণ করতে পারেন।

আবার <u>ছোলা বা মাষকলাই দিয়ে তৈ</u>রি, ঘ<u>ি বা তেলে ভাজা,</u> মধুর ও <u>স্থাংস্ত</u> দ্রব্যও মূলা। কিংবা গম চাউল প্রভৃতি দিয়ে তৈরি লবণযুক্ত মনোহর এবং স্থাত্ দ্রব্যকেও মূলা বলা হয়।

মহানির্বাণতজ্ঞের মতে মূদ্রা উত্তমাদিভেদে ত্রিবিধ। চাঁদের আলোর মতো ধবধবে

গোনরেভাখ ( গোধা চৈবাখ )-মহিব বরাহাজমৃগোদ্ভবন্ ।
 মহামাংসাষ্টকং প্রোক্তং দেবতাপ্রীতিকারণম্ ।—ভামারহন্ত, পরিঃ ৩

২ ডাঃ বুছ ত সা, ১০ ম সং, পৃঃ ৬৩০

মংস্তর ত্রিবিধং প্রোক্তং উত্তমাধ্যমধ্যমন্। উত্তমং ত্রিবিধং দেবি শালপাঠীনরোহিতঃ।
প্রবীণং কণ্টকৈহাঁনং তৈলাক্তং স্বাহুসংযুত্ন। দেবাাঃ প্রীতিকরকৈব মধ্যমং স্তাচ্চতুর্বিধন্।
কুদ্রাণি তানি সর্বাণি অধমান্তাছরুত্তমাঃ।—সময়াচারতন্ত্রবচন, দ্রঃ শ্রামারহক্ত, পরিঃ ও

মধামা কণ্টবৈহীলা অধমা বহকণকা:। তেহপি দেব্যৈ প্রদাতব্যা বদি হঠ বিভয়িতা:। —মহা ত ৬।৮

<sup>ে</sup> মংস্তঃ কুর্মশ্চ দেবেশি তৃতীয়ং ত্রিবিধং স্মৃতম্।—দ্রঃ প ক স্থ ১০।৬৩-এর বৃদ্ভি

७ इष्टेशाकापिकः यन यर চर्वभीशः श्राप्तकार्ष्ठ । मा मूजा कथिला प्रवि मत्विशः नननिम्मिन ।— या छ, भू थ, भः ७

৭ চণকোথা মাৰজা বা মূলাঃ স্থা গৃতপচিতা। তৈলপকা অপি শিবে মধুরাক স্থসংস্কৃতাঃ।

<sup>.</sup> লবণাদ্যৈ: সংস্কৃতা বা গোধ্নৈগুগুলাদিভিঃ। নির্মিতা স্লচিরাকারা স্বান্ন্যুক্তা মহেখরি। —যোগিনীতন্মবচন, ড্রঃ প ক স্থ ১০)৬৩-এর বৃত্তি

শাদা শালিচালের তৈরি কিংবা ধব বা গমের তৈরি ঘিয়ে ভাজা মনোরম মূলা উত্তম, ধান্তাদি ভেজে যে-মূলা হয় অর্থাৎ থৈ প্রভৃতি মধ্যম আর অন্যান্য বীজাদি ভেজে যে-মূলা হয় তাই অধম।

শুদ্ধি— এই প্রসঙ্গে বলা যায় দেবতাকে মণ্ডের সঙ্গে মাংস মৎশু মুদ্রা ফলমূলাদি যা-কিছু নিবেদন করা হয় তাকে তম্বশাস্ত্রে শুদ্ধি বলা হয়। শুদ্ধি ছাড়া দেবতাকে মন্ত দান করলে, দেবতার পূজা তর্পণ করলে, তা নিক্ষল হয়, দেবতা প্রসন্ধ হন না। ই

**রৈথুন**—মিথ্ন অর্থ যুগল। যুগলের সংযোগ মৈথুন। সাধনার অঙ্গীভূত মুখ্য মৈথুন শিবস্বরূপ সাধকের সঙ্গে শিবস্বরূপিণী সাধিকার সংযোগ।

তন্ত্রশান্তে নারীকে বলা হয় শক্তি বা প্রকৃতি। তান্ত্রিক দাধক নিজের দাধনসঙ্গিনী স্ত্রীকে বলেন শক্তি বা ভৈরবী। প পঞ্চমতত্ব-দাধনে দাধারণতঃ <u>সাধকের স্ত্রী বা স্থাজিই দাধনসঙ্গিনী হন।</u> মহানির্বাণতপ্রমতে নিবীর্য প্রবল কলিতে স্বকীয়া অর্থাৎ স্থীয় স্ত্রীসহ পঞ্চমতত্বদাধন সর্বদােষ্বর্জিত। প্রক্রীয়া ভিন্ন অন্ত শক্তিদের দঙ্গে পঞ্চমতত্বদাধন নিষিদ্ধ, তাঁদের ভুধু পূজা বিহিত। প্র

অতি উচ্চকোটির সাধকের পক্ষে পরকীয়া অর্থাৎ পরশক্তির সঙ্গে পঞ্চমতত্ত্বসাধনের ব্যবস্থা তত্ত্বে অবশ্য দেওয়া হয়েছে। কিন্তু কলিকালে এ রক্ম সাধক বিরল। এইজন্মই মহানির্বাণতত্ত্বে পূর্বোক্ত বিধান দেওয়া হয়েছে।

এখানে উল্লেখ করা যেতে পারে তন্ত্রশাল্পে <u>রান্ধ এবং শৈব এই তুই রকমের বিবাহ</u> বি<u>হিত।</u> সনাতনধর্মী সমাজে যে-রকমের বিবাহ প্রচলিত রয়েছে তাই বান্ধ বিবাহ। মহানিবাণতন্ত্রে বলা হয়েছে কুলধর্মান্ত্রসারে বিহিত নির্দোষ বান্ধ বিবাহ স্বর্ণবিবাহ। তাতে কন্তা বরের সগোত্র এবং সপিও হতে পারে না। বান্ধ বিবাহের পত্নীই গৃহেশ্বরী। গ

মূদ্রাহিপি ত্রিবিধা প্রোক্তা উত্তমানিবিভেদতঃ। চক্রবিদ্বনিভং শুলং শালিতভূলসম্ববন্। যবগোধ্যজং বাপি তৃতপকং মনোরমন্। মুদ্রেরমুক্তমা মধ্যা ল্রষ্টধান্তানিসম্ভবা। ভর্জিতান্তান্ত্রীজানি অধমা পরিকীর্তিতা।—মহাত ৬।১০

২ মাংসং মীনশ্চ মুদ্রাচ ফলমূলানি ধানি চ। সুধাদানে দেবতাগ্নৈ সংক্রৈবাং গুদ্ধিরীরিতা।
বিনা গুদ্ধা হেতুদানং পূজনং তর্পাং তথা। নিফলং জায়তে দেবি দেবতা ন প্রসীদতি।—এ ৬।১১-১২

o a: S. S., 4th Ed., p. 605

अक्रीया करना (छात्रा नर्दाविविधिका ।—प्रशास्त्र करना ।

শক্তয়োহয়াঃ পুলনীয়াঃ নার্হায়াড়নকর্মণি।—ঐ ৬।২ •

৬ স্বশক্তিং পরশক্তিং বাদীক্ষিতাং যৌবনান্বিতান্। বিদন্ধাং শোভনাং গুদ্ধাং গুণালজ্জাবিবর্জিতান্। আনীয় কুলসাধনং কুর্যাৎ…।—শুপ্তমাধনতন্ত্রবচন, দঃ প্রা তো, কাণ্ড ৭, পরিঃ ৪, ব সং, পৃঃ ৫৪৮

ৰুজেনা বিবাহো বিছিতো লোবহীনঃ স্বর্ণয়া। কুলধর্মান্ত্রসারেণ গোত্রভিল্লাসপিওয়া।
 ৰুজেনাবাহেন যা গ্রাফা দেব পত্নী গৃহেখরী।—সহা ত ১।২৬৫-২৬৬

কুলচক্রে বিহিত শৈ<u>ব বিবাহ দ্বিবিধ। এক চক্রাম্ছানকালের জন্</u>ড, অপ<u>র সারাজীবনের</u>

মহানির্বাণতন্ত্রের অন্তম উল্লাসের টীকায় জগন্মোহন তর্কালকার মহাশয় লিথেছেন আদ্ধাবিবাহের স্ত্রীকে বলা হয় স্বশক্তি বা অপরশক্তি আর বৈবাহের স্ত্রীকে বলা হয় প্রশক্তি। আদ্ধাবিবাহের স্ত্রীকে যদি শৈব বিবাহায়্প্রানের দ্বারা সংস্কৃত করা হয় বা তাকে ভৈরবীচক্রে গ্রহণ করা হয় তা হলে সে পরশক্তি হয়ে যায়। তর্কালকার মহাশয়ের মতে সাধক পরশক্তিকে আপন জননী ও ইপ্রদেবী জ্ঞান করবেন; মনে মনেও তাঁকে ভার্যাভাবে চিস্তাকরলে সাধকের পতন হবে।

কাজেই দেখা গেল পঞ্চমতত্ত্বের সাধনসঙ্গিনী দিবিধা—স্বীয়া বা স্বকীয়া এবং পরকীয়া। সাধারণী বলে আরেক শ্রেণীর শক্তিরও উল্লেখ পাওয়া যায়।\*

আবার ভোগ্যা ও পূজা ভেদে শক্তির <u>তুই শ্রেণী বিভাগও করা হয়</u>। পূজ্য শক্তি সম্পর্কে সাধক মনেও যদি ভোগবাসনা পোষণ করেন তা হলে তাঁর মাতৃগমনের পাপ হবে।

তত্ত্বে সাধনসঙ্গিনী শক্তির ল<u>ুতা</u> এবং দূ<u>তী</u> নামেও উল্লেখ পাওয়া যায়। এইজন্ম পঞ্চমতত্ত্যুক্ত সাধনাকে লতাসাধনা বা দূতীখাগও বলা হয়।

পঞ্চমতত্ত্ব ত্রিবিধ—পরশুরামকল্পত্রের রতিতে রামেশর লিথেছেন°—'মুখা পঞ্চমতত্ত্ব ত্রিবিধ। প্রথম প্রকারের পঞ্চমতত্বের নাম দূতীয়াগ। স্বয়ং সদাশিব এবং শিবতুলা সাধকই দূতীয়াগে অধিকারী, সাধারণ মাছ্ম নয়। এ বিষয়ে পরমানন্দতত্ত্বের বিধান—
অবৈতজ্ঞাননিষ্ঠ সংসারপারগ সাধকই দূতীয়াগে অধিকারী, অন্ত কেউ নয়। জ্ঞানার্ণবৃতত্ত্বেও
নির্দেশ দেওয়া হয়েছে—সর্বশিক্ষামুক্ত সর্বজ্ঞ সাধকোত্তমই দূতীয়াগের অন্তর্ভান করবেন।

যিনি যোগিরাজ এই সাধনা একমাত্র তাঁরই গোচর। শাল্প পড়ে এ সম্বন্ধে সমাক জ্ঞান

স এব বজনে দূত্যা অধিকাদী তু নাপর:।—প ক ত্ ১০।৬৩-এর বৃত্তি

- ७ जिथा जु शक्याः প্রোক্তং দৃতীযাগন্তদাদিম:।—রহস্তার্থবচন, জ: ঐ
- সর্বশ্বাবিনি মৃক্তঃ সর্বজ্ঞঃ সাধকোন্তনঃ। দুতীবাগবিধিং কুর্বাৎ।—দ্রঃ কৌর, পৃঃ ৪৮
- 🛩 এব প্রকারো দেবেশি যোগিরাজৈকগোচর: ।—রহস্তার্থবচন, ড্র: প ক স্থ ১০।৬৩-এর বৃদ্ধি

১ শৈবো বিবাহো ছিবিধঃ কুলচক্রে বিধীয়তে। চক্রস্ত নিয়মেনৈকো ছিতীয়ো জীবনাবধি।—মহা ত ১।২৬৯

<sup>2 37</sup> Gr. L , 3rd Ed., p. 287, f. n. 8

o ś. ś., 4th Ed., p. 611

৪ জঃ ś. ś., 4th Ed., p. 611.;
উপদিষ্টা যদা দেবি তদা পুত্ৰী তুক্তকা।
পূজাহা চ যদা দেবি তদা মাতান সংশয়ঃ।—বুহ ত সা, ১০ম সং, পৃঃ ৬২৮

পঞ্চমম্থাস্ত প্রকারপ্রিবিধঃ। তত্তাভাং দৃতীবজনরাগম্। তত্তাধিকারিণাং সদাশিবাদর এব ন মমুয়াঃ।
তত্তভং পরমানকতত্ত্বে—অবৈতজ্ঞাননির্চো বো বোহসৌ সংসারপারগঃ।

হতে পারে না। উপযুক্ত অধিকারীর অভাবে এ সাধনা এ কালে আর সম্ভবপর নয়। প্রায় দেড় শ বছর আগে রামেশ্বর লিথেছেন তাঁর সময়েই দৃতীযাগের অনুষ্ঠানের অভাব ঘটেছে বলে তিনি এ সম্বন্ধে বিশেষ বিবরণ দেন নি।

ষিতীয় প্রকারের পঞ্চমতত্বাস্থচানও দুতীযাগ। এ সম্বন্ধে রহস্তার্গবে বলা হয়েছে—
বিতীয় প্রকারের দৃতীযাগে শক্তিপুজার শেষে সাধক যথাবিধি দৃতীর পূজা করবে। তারপর
তাঁর যোনিকুণ্ডে শিবরূপ অগ্নিতে যথাক্রম মন্ত্র পাঠ করে রেতোরূপ হবি আহুতি দিয়ে দেবতার
প্রীতি প্রাপ্ত হবে। নিজের স্ত্রীর সঙ্গে দ্বিতীয় প্রকারের দৃতীযাগের অস্কুচান করা বিধি। প্রক্রমণারের মতে এই প্রকারের পঞ্চমতত্ত্বসাধনা হোমবিশেষ।

তৃতীয় প্রকারের পঞ্চমতবার্ম্ভানও দূতী<u>যাগ।</u> রহস্তার্গবে এই সাধনা-সম্পর্কে বলা হয়েছে — শিশুভূতা বা অন্ত কোনো শক্তি যদি প্রার্থনা করে অথবা সাধক নিজেই প্রার্থনা করে তাকে এনে পূজা করবে। পূজার পরে তাকে <u>ভোগপাত্র</u> নিবেদন করবে এবং মূনে মনে তাতে উপগত হয়ে সেই মানস সম্ভোগ দেবতাকে নিবেদন করবে।

#### অনুকল্পডম্ব

মন্ত — মৃথ্য তত্ত্ব না পাওয়া গেলে অফুকল্পতত্ত্ব ব্যবহারের ব্যবস্থা শাস্ত্রে দেওয়া হয়েছে। পরমানন্দতন্ত্রে মতের অফুকল্প শস্ত্রের বলা হয়েছে • — মতা মাংস মৎস্তা এবং অইগল্প এই কটি

- দিতীয়ং তু সমচাহত্তে দৃতী পূজা ঘণাবিধি। যোনিকৃত্তে শিবায়ায়ৌ ময়নাব তয়ন্ কমাং।
   রেতোহবিধাবয়িয়া দেবতাঞ্জীতিমাপুয়াং।—ড়ঃ প ক স্থ ১০।৬৩-এয় বৃত্তি
- ২ আছাং তত্র কলৌ দেবি ত্রিসহস্রান্তমিয়তে। বিতীয়ং তু ভবেং দেবি স্বযোধিংস্থ স্থরেশরি।
  —স্বতন্ত্রতন্ত্রবচন, তঃ ঐ
- অধবা শিগ্রভৃতাং বা চাফাং বাহপি মহেয়র। প্রাথিতো বা তয়া য়েন প্রাথিতাং বাহপি শক্ষরি।
   সংপৃক্ষয়িয়া পৃজায়ে ভোগপায়ং নিবেয় চ। মনসা তাং সমাগছন্ দেবতায়ৈ নিবেদয়েং।
   —য়হস্তার্পববচন, য়ঃ ঐ
- ॥ "ইষ্টদেবতার পূলার সময়ে মত্যপূর্ণ অনেকগুলি পাত্র ছাপন করিয়া দেবতাকে নিবেদন করিতে হয় । এই
  সকল পাত্রের ভিন্ন ভিন্ন নাম আছে । তাহার মধ্যে একটি পাত্রের নাম ভাগপাত্র ভাগপাত্র শক্তিকে প্রদান
  করিতে হয় এবং সেই পাত্রের য়য় শক্তির পান করিতে হয় ।" (কৌর, পৃঃ ২২৬, পাদটীকা) । কৌলাবলীনির্ণয়ে
  নয়টি পাত্রের নাম করা হয়েছে । যথা—দেবীপাত্র, গুরুপাত্র, ভোগপাত্র, শক্তিপাত্র, ঘোগিনীপাত্র (প্রাপাত্র),
  বীরপাত্র, বিলপাত্র, পাত্যপাত্র এবং আচমনীয়পাত্র।—কৌনি, উঃ ৬
  - মুখ্যালাভে চামুকল: ।—পরমানন্দতন্ত্রবচন, দ্র: প ক স্ ১০।৬২-এর বৃত্তি
  - ছেতুদ্রবাং দিতীয়ং চ তৃতীয়ং চাইগক্ষকয়। সমানং বটকাং কৢতা সংশোল স্থাপয়েভিবে।
     অনুদ্র্জোদকে তন্তু বোজয়েদর্যাপাত্রকে। নারিকেলোদকং কাংলে তাত্রে ক্ষীয়ং তু তক্রকয়।
     গুড়য়িশ্রং জলং বাহপি জলং চন্দনমিশ্রিতয়।—ঐ
  - ৭ শারদাতিলকে (৪।৭৯-৮০) বলা হরেছে গন্ধাষ্টক ত্রিবিধ—শক্তিসম্বন্ধী, বিষ্ণুসম্বন্ধী ও শিবসম্বন্ধী।

জব্য সমান পরিমাণে নিয়ে বড়ি তৈরি করে শুকিয়ে রেখে দেবে। তার পরে পূজার সময় বড়ি জল দিয়ে ঘষে মর্ঘ্যপাত্রে রাখবে। এটি প্রথম অহুকয়। দিতীয় অহুকয় কাঁসার পাত্রে নারকেলের জল। তৃতীয় অহুকয় তামার পাত্রে ছ্ধ। চতুর্থ গুড়মিশ্রিত ঘোল। পুরুম গুড়মিশ্রিত জল। বৃষ্ঠ চন্দন্মিশ্রিত জল।

শাস্ত্রে ব্যাক্ষণাদি পৃথক্ পৃথক্ বর্ণের জন্ত মতোর পৃথক্ পৃথক্ অন্থকলের ব্যবস্থা করা হয়েছে। যেমন কুলচ্ড়ামণিতক্তার ব্যবস্থা— ব্রাহ্মণের পক্ষে আদাশুড় তামপাত্রে মধু গৌতৃগ্ধ কাংস্থাত্রে নারিকেলজন অন্থকল। ক্ষত্রিয়ের পক্ষে ঘৃত মিশ্রিত মধু বা গব্যন্বত অন্থকল। বৈশ্রের পক্ষে পুস্পাদিজাত মধু।

মহানির্বাণতন্ত্রে জাতিবর্ণনির্বিশেষে সকল সাধকের জগুই মণ্ডের অত্কল্পের ব্যবস্থা হয়েছে। বলা হয়েছে—প্রবণ কলিতে সংসারাক্ত গৃহস্থের পক্ষে মণ্ডের <u>অত্কল্প তিনটি মধুর দ্রব্য বিহিত।</u> এই তিনটি মধুর দ্রব্য—ত্ত্ব শর্করা এবং মা<u>ক্ষিক মধু। এই মধুর দ্রব্যক্তে মগুস্বন্ধপ মনে</u> করে সাধুক দেবতার কাছে নিবেদন করেবে।

মাংস — সময়াচারতপ্র অহসারে মাং<u>সের অহকেল লবণ আদা পিণ্যাক (জাফ্রান) তিল</u> গম মাবকলাই আর রণ্ডন।\*

কৌলাবলীনির্ণয়ের মতে মাংদের অহ্কল রজন আদা নাগ্র অর্থাৎ ভূঠ ওল মাষ্কলাইয়ের বড়া এবং মূলো।

ভামরতত্ত্বে বলা হয়েছে মাংসের <u>মহুকল্প অপূপ</u> মর্থাং পিঠে আর মাছের <u>মহুকল্প</u> কলা।

শক্তিদম্বনী অষ্ট গৰ-—চলন অগুরু কর্পৃর চোর কুরুম গোরচনা জটামাংসী এবং কপি। স্থামারহস্ত তৃতীয় পরিচ্ছেদে উদ্ধৃত স্বতন্ত্রবচনে শক্তিপ্রিয় নিমোক্ত আটটি গলের নাম পাওয়া বায়—স্বয়স্ত্কুত্ম কুগুগোলোদ্ভব গোরচনা অগুরু কাশীর মুগনাভি শিহল ও চলান।

<sup>মত্রাসবমবশুন্ত বুলিন্দল্ভ বিশেষতঃ। গুড়া লিকং তদা দছাত্তান্তে বা বিহলেয়ধু।
বিশ্বস্ত মান্দিকং শুদ্ধং ক্ষতিয়প্ত তু সাজ্যকন্। বুলিন্দি গবাং ক্ষীরং তাত্তে বা বিহলেয়৸ৄ।
নারিকেলোদকং কাংস্তে
বিশ্বস্তা
বিশ্বস্তা
বিশ্বস্তা
বিশ্বস্তা
বিশ্বস্তা
বিশ্বস্তা
বিশ্বস্তা
বিশ্বস্তা
বিশ্বস্ত
বিশ</sup> 

<sup>—</sup>দ্র: বৃহ ত সা, ১০ ম সং, পৃঃ ৬২৯

ও লবণা ক্রকপিণ্যাকতিলগোধ্মনাষকম্। লগুনক মহান্ধেৰি মাংসপ্রতিনিধিঃ শুতঃ।

<sup>—</sup>দ্ৰঃ বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ৬০০

৪ মাংদাভাবে তু লগুনমা দ্রকং নাগরস্ক বা। শূরণং মাববটকং মূলং বাহাতমঞ্জে ।—কে নি, উঃ ৫

<sup>🔹</sup> মাংসামুকল্পোংপূপঃ স্যান্মৎসম্য তু কদল্যপি।—ক্রঃ প ক্ 🛪 ১০।৬৩-এর বৃত্তি

মংশ্রে অনুকল্প সহদ্ধে রহস্তার্ণবে বলা হয়েছে—স্থিৎ এবং চনক অর্থাৎ সিদ্ধি বা ভাঙ আর ছোলা বা বুট একত্র বেটে মাছের আকারে বড়া তৈরি করতে হবে। এটি মাছের অনুকল্প; অথবা মূলো মাছের অনুকল্প।

কৌলাবলীনির্ণয় অনুসারে মহিষত্বশ্ব গোত্র্য ছাগত্ত্ব এবং ফলমূল ষৎকিঞ্চিৎ দগ্ধ হলেই আমিষ হয়ে যায়। এগুলি মাছের অনুকল্প।

মুজা— সাধারণতঃ যেখানে অন্য মকারের অন্থকল্পবাবহার বিহিত সেথানেও মুখ্য
মুজাই ব্যাবহার করা হয়। ত্রিপুরামহোপনিষদের 'পরিক্ষতং ঝ্যমাগ্রম্' ইত্যাদি মল্লের
(১২ সংখ্যক) ব্যাখ্যায় ভাস্কররায় লিখেছেন— মুখ্য প্রুমকারের অভাবে প্রতিনিধি
ছারা অর্চনা করতে হয়। পূর্ব পূর্ব মুখ্য মকারের অভাব হলে পর পর মুখ্য মকার
পাওয়া গেলেও তা গ্রহণীয় নয়। প্রথম মকারের অভাব হলে অন্য মকার পাওয়া গেলেও
তা গ্রহণ করবে না, অন্থকল্পের ব্যবহার করবে। তবে প্রথম মকারের অভাব হলেও
চতুর্থ মকার অর্থাৎ মুদ্রা নৈবেত্যের জন্য গ্রহণ সম্প্রদায়দম্যত বিধি। প

পঞ্চমতত্ত্ব—পঞ্চমতত্ত্বের অন্তৃকল্প সমন্ধে যোগিনীতত্ত্বে বলা হয়েছে— রক্তকর্বী লিঙ্গপুষ্প আর কৃষণ-অপুরাজিতা যোনিপুষ্প। এই উভয়ের সংযোগ পঞ্চমতত্ত্বের অন্তৃকল্প।

পরশুরামকল্লস্থতের বৃত্তিতে রামেশ্বর লিখেছেন—চন্দনকে শুক্র মনে করে এবং কাশ্মীর অর্থাৎ কুরুমকে শোণিত মনে করে <u>লিঙ্গপুপে চন্দ</u>ন ও যো<u>নিপুপে কুরুম দিতে হবে</u>; তার পর উভয়ের মৈথুন ভাবনা করে তা দেবীকে অর্পন করতে হবে।

কিন্তু মহানির্বাণতন্ত্রে পঞ্চমতন্ত্রের অন্যরূপ অন্তুকল্প বিহিত হয়েছে। উক্ত তন্ত্রমতে কলির মানুষ স্বভাবতঃ কামের দ্বারা বিভান্তচিত্ত এবং অল্লবুদ্ধি। এরা শক্তিকে মহাদেবীরই রূপ বলে

সংবিৎসংযুক্তচণকপিষ্টজং বটকং শিবে। মীনাকৃতিকৃতং বাহপি মূলকং বাহপি বা শিবে।
 —সঃ প ক সু ১০।৬৩-এর বৃত্তি

২ মাহিষং গবলং ক্ষীরং অজাক্ষীরং তলৈব চ। ফলমূলঞ্চ বংকিঞ্জিদ্ধাং চেদামিষং ভবেং।
মীনস্য কণিতং কল্পং .....।—কো নি, উঃ ৫

ও তেন মুখালাভে প্রতিনিধিভির্চনসা জায়েন মপঞ্চকালাভেংপি 'নিত্যক্রমং প্রত্যবমষ্টিঃ' ইতি কল্পত্রেণ চ সিদ্ধত্বেংপি পূর্বপূর্বালাভে দতি নোন্তরোত্তরস্য মুখ্যস্য লাভেংপি গ্রহণমিতি দ্যোতিতম্। প্রথমমাত্রালাভেংপি চতুর্বস্য নৈবেজার্থমাবশুকত্বাস্থাবন্ধাত্রগ্রহণং সম্প্রদায়লভাম্।

রক্তং তু করবীরং বৈ তথা কৃষ্ণাহপরাজিতা। এতৎ প্রোক্তং নিঙ্গবোষ্ঠোঃ পূপাং তত্র তু বোজরেও।
 —দ্রঃ প ক হু ১০।৬৩-এর বৃত্তি

কুসুমে লিক্সবোজোর্বা কাশ্মীরং চ চন্দনম্। ইতি। শুক্রস্থানে চন্দনং শোণিতছানে কাশ্মীরং বোজয়িছা

ভক্ত মৈথুনব দ্বিং বিভাবা ঞ্জীদেব্যৈ অর্পাণং কুর্বাৎ ইতি ভাবঃ ।—প ক সু ১০।৬৩-এর বৃত্তি

জ্ঞানে না অর্থাৎ শক্তিকে কামভোগ্যা মনে করে। কাজেই এদের পক্ষে প্রতিনিধিতে। এই প্রতিনিধি দেবীর পাদপদ্ম ধ্যান ও স্বীয় ইষ্টমন্ত্রের জপ। ই

#### দিব্যপঞ্ভত্ত্ব

মত্ত — কুলার্ণবতন্তে মত্তশব্দের ব্যাখ্যায় বলা হয়েছে — ষে-পদার্থ মায়াজালাদি ছিল্ল করে, মোক্ষমার্গনিক্সপন করে ও অন্তর্থাদি দূর করে তাকে বলে মতা।

এ কেমন মতা? শক্তিদক্ষমতন্ত্র বললেন—মাধবী মতা মতা নয়, মতা শক্তিরদোভূত। শ মাধবী মতা উপলক্ষণ। এর ছারা যে কোনো প্রত্যক্ষ মতা বোঝান হয়েছে।

কুলার্গবিতত্তে এই শক্তিরদোদ্ভব মতোর যে-ব্যাথ্যা পাওয়া যায় তার সারমর্ম এই—
যট্চক্রভেদসমর্থ যোগী সাধক বার বার মূলাধারস্থিত। কুগুলিনী শক্তিকে জাগ্রত করে
ব্রহ্মরন্ধ্র সহস্রারে পরশিবের সঙ্গে মিলিত করতে পারেন। এইভাবে শিবশক্তির সামরক্তে
সহস্রারপদান্ত চন্দ্রমণ্ডল থেকে অমৃতধারা ক্ষরিত হয়। এই অমৃতই শক্তিরদোদ্ভব মতা। এই
মত্ত পান বারা করেন তারা মধুপায়ী; এ ছাড়া অতা মত্ত্ব বারা পান করেন তারা মত্তপায়ী।

এইজন্ত আগমসারে বলা হয়েছে—ব্রহ্মরন্ধ থেকে ক্ষরিত সোমধারা পান করে যিনি আনন্দময় হন তিনিই মত্ত<u>সাধক</u>া

ভৈরবধামল বললেন—ব্রহ্মরন্ধু স্থিত সহস্রারপন্মস্থ চন্দ্রকলা থেকে বিগলিত অমৃতধারাই সাধকের পেয় স্থরা। ব্রহ্মাণ্ডের তৃপ্তিদায়িনী এই স্থরা পান করলে দিব্যভাবাশ্রিত সাধকের অমৃল্য ফল লাভ হয়। এই স্থরা পান করে পরার্থকুশল ম্নিরা নির্বাণমৃক্তি লাভ করেন।

বভাবাৎ কলিজন্মান: কামবিক্রান্তচেত্রস:। তদ্ধপেণ ন জানন্তি শক্তিং সামান্তব্ দ্বয়:।
 অতন্তেবাং প্রতিনিধা শেষতত্বস্ত পার্বতি। ধ্যানং দেব্যাঃ পদান্তোকে বেইমন্ত্রজপত্তথা।

২ মারাজালাদিশমনামোক্ষমার্গনিরপণাৎ। অষ্টত্বংখাদিবিরহাম্মছমিত্যভিধীয়তে।—কু ত, উঃ ১৭

৩ ন মলং মাধ্বীমলং মলং শক্তিরনো ভবস্।—শ স ত, তা থ, ৩২।২৫

শ্বাধারমাৰ করকুং গছা পুনঃ পুনঃ। চিচ্চক্রকুওলীশক্তিগামরঅস্থোদয়ঃ।
 ব্যোমপ্রজনিংশুলস্থাপানরতো নরঃ। মধুপায়ী সমং প্রোজব্বিতরে মছপায়িনঃ।—কু ত, উঃ ৫

ৰুক্ষন্থানসরোজপাত্রলসিতা বুক্ষাওত্পিপ্রদা। বা শুলাংশুকলার্থাবিগলিতা সা পানবোগ্যা হয়।

দা হালা পিবতামনর্ঘকলদা শ্রীদিব্যভাবাঞ্জিতে গাং পীত্বা মূনয়ঃ পরার্থকুশলা নির্বাণমৃত্তিং গতাঃ।

য়ঃ সাধনরহস্যম্, পরিশিইথগুম্, পুঃ ৩৫

বিজয়তন্ত্রে মজের ভিন্ন ব্যাখ্যা পাওয়া ধার। উক্ত তন্ত্রমতে নির্বিকার নিরঞ্জন পর্ম ব্রন্থের বিষয়ে উন্মাদকারী জ্ঞান মহা।

• মাংস-কুলার্ণবতজ্ঞের মতে ষে-পদার্থ মাঙ্গলাজনক, যা চিদানন্দ দান করে এবং যা সর্বদেবপ্রিয় তাই মাংস।

বিষয়টির ব্যাখ্যা করে উক্ত তক্তেই বলা হয়েছে—জ্ঞানথড়োর দ্বারা পুণ্যাপুণ্যরূপ পশুকে বধ করে পরশিবে চিত্ত লয় করার নাম মাংস। যে-যোগী এরকম করতে পারেন তিনিই মাংসভক্ষক।

এ সম্পর্কে ভৈরবধামলের অভিমত— কাম ক্রোধ লোভ মোহ এই পশুদের বিবেক-অসির ধারা ছিন্ন করে তাদের পরমাত্মস্থণ নির্বিষয় মাংস জ্ঞানী ব্যক্তিরা ভক্ষণ করেন।

আগমনারে মাংসের ভিন্ন ব্যাখ্যা দেওয়া হয়েছে। বলা হয়েছে — মা শব্দের অর্থ রসনা আর অংশ রসনাসস্থৃত কথাবার্তা। কথাবার্তা রসনাপ্রিয় অর্থাৎ লোকে সাধারণতঃ কথাবার্তা বলতে ভালবানে। ধিনি সর্বলা এগুলি ভক্ষণ করেন অর্থাৎ নিয়ত ধিনি সংযতবাক্ তিনিই মাংস সাধক।

মাংস অর্থ শিবও হয়। রুদ্রধামলে বলা হয়েছে স্থরা শক্তি, মাংস শিব। মত্যমাংসভক্ত সাধক স্বয়ং ভৈরবস্বরূপ। মত্যমাংসের অর্থাৎ শক্তিও শিবের ঐক্যসভূত যে-আনন্দ তাই মোক্ষ।

আবার পরমশিবে সর্বকর্ম সমর্পণকেও মাংস বলা হয়। শিব বলছেন সাধক—'মাং' অর্থাৎ আমাকে 'সনোতি' অর্থাৎ সমর্পন করে যে-কর্ম তাকেই মাংস বলা হয়। কায়প্রতীক অর্থাৎ কোনো জীবদেহসম্ভূত পদার্থকে যোগীরা মাংস বলেন না।

- বহুক্তং পরনং বুল্দ নির্বিকারং নিরঞ্জনন্।
   তদ্মিন প্রমাণনং জ্ঞানং তল্পতাং পরিকীতিত্ব।—বিজয়তয়বচন, দ্রঃ ক শ অ, পৃঃ ৫১৭, পাদটীকা
- ২ মাল্ললাজননাজেৰি সমিবলানলভানতঃ। সৰ্বলেবপ্ৰিয়ভাচ্চ মাংস ইত্যভিধীয়তে।—কু ড, উ: ১৭
- পুণ্যাপুণাপশুং হয়া জ্ঞানবজেনন বোগবিং। পরে শিবে নয়েজিতঃ পলাশী স নিগছতে।—কু ত, উঃ
- কামক্রোধন্তলোভমোইপশুকাংশ্ছিয়া বিবেকাসিনা।
   মাংসং নির্বিবরং পরসাক্ষর্থকং ভুঞ্জস্তি তেবাং বৃধাঃ।—স্তঃ ক শ অ, পৃঃ ১৫০
- মা শব্দাদ্ রসনা জ্রেরা তদংশান্ রসনাপ্রিরান্। সদা বো ভক্ষরেদেবি স এব মাংসসাধকঃ।
  —ক্রঃকৌর, পৃঃ ২০০, পাদটাকা
- এবং নাং সনোভি হি বংকর্ম তল্পাংসং পরিকীতিতন্। ন চ কারপ্রতীকন্ত বোগিভিন্মাংসমূচাতে।
   —তন্ত্রবচন, মাং তামিকশুল, ৪র্থ সং, পৃং ১৮

মংশ্র—কুলার্গবতত্ত্বে আছে—যা মান্নামলাদি প্রশমিত করে, মোক্ষমার্গ নিরূপণ করে এবং অন্তত্ত্বংথাদি দূর করে তাই মংশ্র।

মংশ্র সম্বন্ধে আগমদারে বলা হয়েছে—গঙ্গা ও ষম্নার মধ্যে ছটি মংশ্র দর্বদা ঘুরে বেড়াছে । যিনি এই মংশ্র ছটি ভক্ষণ করতে পারেন তিনিই মংশ্রসাধক । গঙ্গা ও ষম্না ঈড়া ও পিঙ্গলা নাড়ী। মাছ ছটি ঈড়া ও পিঙ্গলাতে প্রবাহিত নিঃখাদপ্রখাদ। যিনি কৃষ্ণক করে নিঃখাদপ্রখাদ রোধ করতে পারেন অর্থাৎ এইভাবে মনঃস্থির করতে পারেন তিনি মংশ্রসাধক।

আবার দর্বপ্রাণীকে আত্মবৎ জ্ঞানকেও মংস্থ বলা হয়েছে। সকল প্রাণীর স্থত্ঃথ আমার স্থতঃথের সমান অর্থাৎ সকল প্রাণীর সঙ্গে আমি একীভূত এমনি ষে-সান্তিক জ্ঞান তাই মংস্থা " 'মংসমানং'-আমার সমান, এর থেকে মংস্থা কথাটার উদ্ভব নির্ণয় করা হয়েছে।

মৎস্তের অহা রকম ব্যাখ্যাও আছে। কুলার্গবতদ্ধে বলা হয়েছে — মনের সহিত ইন্দ্রিয়-গুলিকে সংযত করে যিনি পরমাত্মায় নিয়োজিত করতে পারেন তিনি মৎস্থানী, এছাড়া অহা মৎস্থানীরা প্রাণিহিংসক।

ভৈরবধামলের ব্যাখ্যা আবার ভিন্ন রকমের। যথা—অহংকার দস্ত মদ পিগুনতা অর্থাৎ কপটতা মৎসর এবং ত্বেব এই ছয়টি মৎস। বিষয়হর জ্বালে ধৃত এই মৎসাগুলিকে কৌল ঋষিরা সদ্বিভারপ অগ্নিতে পাক করে নিয়মিত ভোজন করেন, জলচর মৎস্ত ভোজন করেন না।

**মুদ্রা**—মুদ্রা-সম্পর্কে ভৈরবয়ামলে বলা হয়েছে°—আশা তৃষ্ণা জুগুল্পা ভয় বিশদ-দ্বণা

- মারামলাদিশমনাক্মোক্ষমার্গনিরপণাং। অন্তত্ত্বোদিবিরহায়ণ্ডেতি পরিকীর্তিত:।
   —ক্ত: প্রা তো কাণ্ড ৭, পরিঃ ২, ব সং, পু: ১৮
- ২ গঙ্গাবমূনরোর্মধ্যে মংক্রো ছো চরতঃ সদা। তৌ মংক্রো ভক্ষরেদ্ যন্ত স ভবেরংক্তসাধকঃ।
  —ক্রঃ কৌর, পু ২৫৫
- মংসমানং সর্বভূতে স্থায়ু:থমিদং প্রিয়ে। ইতি বং সাদ্বিকং জ্ঞানং তদ্মংস্তঃ পরিকীর্তিতঃ।
   —ফঃ তাল্লিক গুরু, ৪র্থ সং, পৃ: ১৮

- ভ আশাভৃষ্ণাকৃত্বলাভয়বিশদম্পামানলজ্ঞাভিবকাঃ। বুক্সায়াবটমুক্সাঃ পরস্কৃতিজনঃ পঢ়ামানঃ সমস্তাৎ।
  নিত্যং সংখাদয়েন্তানবহিত্যনসা দিবাভাবাস্থরাকী।
  বোহসো ব ক্সাওভাওে পশুকলবিমুখো ক্সভুল্যো মহাদ্ধা।—জঃ ঐ

মান লক্ষা ও অভিষক্ষ এই আটটি মুদ্রা শ্রেষ্ঠ স্কৃতিভান্ধন ব্যক্তি বন্ধাগ্নিতে পাক করে নিত্য ভোন্ধন করেন। দিব্যভাবাহ্ রাগী পশুমাংসবিম্থ যে-সাধক অবহিতমনা হয়ে এরপ মুদ্রা ভক্ষণ করেন সেই মহাত্মা সংসারে শিবতুলা ব্যক্তি।

আবার অসৎসঙ্গপরিত্যাগকেও মৃদ্রা বলা হয়। সৎসঙ্গে মৃক্তি হয় আর অসৎসঙ্গে বন্ধন। অসৎসঙ্গমূত্রণকে মৃদ্রা বলা হয়। অসৎসঙ্গমূত্রণ অর্থ অসৎসঙ্গপরিত্যাগ।

শাস্ত্রে মৃদ্রার অক্স রকম বিবরণও পাওয়া যায়। যথা—সহস্রারমহাপদ্মের কর্ণিকার মধ্যে শুদ্ধ পারদোপম আত্মা অবস্থান করছেন। ইনি কোটি স্থের মতো তেজোমর আবার কোটি চল্রের মতো শীতল। মহাকুগুলিনীর সঙ্গে যুক্ত হয়ে ইনি অতীব কমনীয়। এই বিষয়ে বাঁর জ্ঞানোদয় হয়েছে তিনিই মৃদ্রাসাধক।

পঞ্চমতত্ত্ব—যোগিনীতত্ত্ব বলা হয়েছে সহস্রারোপরি বিন্দুতে অর্থাৎ বিন্দুব্ধপী শিবের সঙ্গে কুণ্ডলিনীশক্তির যে-মিলন তাই যতিদের পরম বস্তু মৈণ্ন।\*

সহজ কথায় সাধকদেহে শিবশক্তির মিলনই মৈথ্ন। এইজন্ম কুলার্ণবতন্তে মৈথ্নসাধক সম্বন্ধে বলা হয়েছে—পরাশক্তি ও পরশিব এই মিথ্নের সংযোগজনিত আনন্দ বার নির্ভর অর্থাৎ সেই আনন্দে যিনি বিভোর হয়ে থাকেন তিনিই মৈথ্নসাধক, অন্সেরা জীসভোগকারী।

কাজেই মৈথ্ন কঠিন যোগসাধনা। এই বিষয়টিকে ভৈরব্যামলে এইভাবে প্রকাশ করা হয়েছে — পরমপদগতা অর্থাৎ ব্রহ্মরন্ধাধিষ্ঠিত-সহস্রারন্থ-শিবস্থানপ্রাপ্তা ক্ষম্মরিপনী স্বযুমা

সংসল্পেন ভবেশ্বজিরসংসলের বন্ধনম্। অসংসলমুদ্রণং বং তল্পুলা পরিকীর্তিতা।
 — ক্রঃ তারিক গুলু, ৪র্থ সং, পুঃ ১৮

সহস্রারে মহাপল্পে কর্ণিকামুদ্রিতকরেং। আত্মা তত্তৈব দেবেশি কেবলঃ পারদোপমঃ।
 হর্ণকোটিপ্রতীকাশকস্রেকোটিস্থশীলতলঃ।
 অতীবকমনীয়শ্চ মহাকুগুলিনীয়ুতঃ।
 বস্ত জ্ঞানোদয়ন্তক্র মুদ্রাসাথক উচ্যতে।—ক্রঃ তাত্রিক গুরু, ৪র্থ সং, পৃঃ ১৯ .

ও সহস্রারোপরি বিন্দো কুওল্যা মেলনং শিবে। মৈখুনং পরমং দ্রবাং বতীনাং পরিকীর্তিতম্।
—বো ত, পু ধ, পঃ ৬

কুলকুগুলিনীশন্তিদেঁহিনাং দেহধারিনী। তরা শিবক্ত সংবোগো মৈধুনং পরিকীর্তিতম্।
 —বিজয়তয়বচন, য়ঃ ক শ অ, পঃ ৫১৭

<sup>ে</sup> পরণজ্যাত্মমিধুনসংবোগানন্দনির্ভরঃ। য আছে মৈধুনং তৎ ভাদপরে ত্রীনিবেবকাঃ —কু ত, উ: ।

বা নাড়ী প্রস্করণা পরমণলগতা সেবনীয়া স্বয়া। সা কান্তালিজনার্হা ন মমুক্তরমণী ফল্মরী বারবোবা।
কুর্যাচক্রাক্বোগে যুগপবনে গতে মৈগুলং নৈব বোনো।
শেতে বোগেক্রবল্যঃ স্থময়ভবনে তাং সমাদার নিতাস।

<sup>--</sup> जः माधनब्रह्यम्, भित्रिनिष्टेष्धम्, शृः ०७

নাড়ী পঞ্চমতবের আলিকনবোগ্যা কান্তা, এ হন্ধরী মানরী বারবনিছা নয়। চল্পহর্ষকে মুক্ত করে অর্থাৎ কড়া ও পিকলাতে প্রবাহিত প্রাণবায়কে যুক্ত করে হুয়ো নাড়ীতে প্রবাহিত করতে হবে এবং স্বয়ুমায় মৈণ্ন করতে হবে, নারীবোনিতে নয়। এর সহজ অর্থ প্রাণায়মের দারা স্বয়াপণে কুলকুওলিনীকে উভিত করে সহস্রারে পরমন্বিবের সঙ্গে মিলিত করতে হবে। বোগেন্দ্রবন্দ্য মহাবোগী এইভাবে নিত্য স্বয়ুমাকে নিয়ে স্থময়ভবনে নিজা যান।

এইজন্মই আগমসারে বলা হয়েছে শাসন্তত্ত্ব মৈথুন স্টেক্তিসংহারের কারণস্বরূপ। মৈথুনের থেকে স্কর্ণভ ব্রক্ষজানরূপ সিদ্ধি লাভ হয়। মৈথুনের বর্ণনায় বলা হয়েছে রেফ্
অর্থাৎ রকার কুছুমাভাস অর্থাৎ রক্তবর্ণ এবং কুগুমধ্যে অবস্থিত। বিন্দুরূপ মকার মহাযোনিতে
অধিষ্ঠিত। রকার আকার-হংসে আরোহণ করে মকারের সঙ্গে মিলিত হলে মহানন্দময়
স্কর্পভ ব্রক্ষজান লাভ হয়।

আগমসারের বক্তব্যের অর্থ এই—রকার অর্থ তিপুরস্থন্দরী পর্থাৎ কুণ্ডলিনী শক্তি।
এখানে কুণ্ড অর্থ মূলাধারচক্র। মকার অর্থ শিব। পমহাযোনি অর্থ সহস্রার অর্থাৎ সহস্রদলপদ্মের কর্ণিকারাস্তর্গত ত্রিকোণ। হংস অর্থ নিঃশাসপ্রশাস-সাধিত অক্সপামস্ত্র।
মূলাধারস্থা কুণ্ডলিনীশক্তি যথন অজ্পামস্ত্রসাধনের দারা বা প্রাণায়ামের দারা সহস্রারে নীত
হয়ে সেথানকার ত্রিকোণস্থ শিবের সঙ্গে মিলিত হন তথন সেই মৈথ্নজনিত যে-মহানন্দ লাভ
হয় তাতে তুর্লভ ব্রক্ষজ্ঞান জন্মে।

রকারকে আকারের ধারা মকারের সঙ্গে যুক্ত করলে রাম শব্দটি পাওয়া যায়। রাম পরমেশরের নাম। রামশব্দ এবং মৈথুনের সমার্থক শব্দ রমণ রম্ ধাতৃ থেকে ব্যুৎপন্ন। কাজেই উভয়ের মৃল আনন্দ। রামশব্দতিও শক্তি বা নারী এবং শিব বা পুরুবের মিলন বা রমণবাচক শব্দ। কেননা র শক্তি, ম শিব এবং আকার উভয়ের সংযোগসাধক। কাজেই রমণ বা মৈথুন মূলতঃ আননদময় আধ্যাত্মিক বস্তু।

পঞ্চতত্ত্ব আবিশ্যিক—এই যে তিন রকমের পঞ্চতত্ত্বের কথা বলা হল অধিকার অফুসারে এর যে-কোনো এক রকমের তত্ত্বের দ্বারা সাধনা বামমার্গের অর্থাৎ বামাচার সিদ্ধান্তাচার ও কৌলাচারের সাধকের পক্ষে অবশ্র করণীয়। শান্তের অভিমত এরূপ সাধক পঞ্চতত্ত্ব ছাড়া-

মেথ্নং পরমং তবং স্টেছিতান্তকারণম। মেথ্নাজ্জারতে সিদ্ধি ব ক্ষঞানং হত্র লভম।
রেকল্প কুকুমাভাসং কুওমংধা ব্যবস্থিতঃ।
মকারক বিন্দুরাপো মহাবোনো স্থিতঃ প্রেরে।
আকার-হংসমালত একতা চ মদা ভবেং। তদা জাতং মহানদাং বু ক্ষজানং হত্র লভম্।
—ক্রা কৌর, পুং ২০০ পাদ্দীকা

२ छड्डांचिशान, शृ: २० ७ थे, शृ: >> 8 को त्र, शृ: २६७, शांविका

e (i) পঞ্চমকারেণ পূঞ্জেং। কালিকোপনিবং।

<sup>(</sup>ii) शक्कार्यन कर्जवार मरेबद श्रुवनर महर ।--(को नि, छै: >•

পূজা করলে তাঁর সে-পূজা অভিচার হয়ে যাবে; তাঁর ইউসিদ্ধি হবে না এবং পদে পদে বিদ্ন ঘটবে। শিলার উপর শস্তের বীজ বপন করলে তাতে বেমন অস্কুর হয় না তেমনি পঞ্চতব্বিহীন পূজায় ফল হয় না।

পঞ্চত্ত্বহীন পূজায় ইষ্টত হয়ই না বরং স্থানিশিত অনিষ্ট ঘটে। কৌলাবলীনির্ণয়ে বলা হয়েছে—বে-পঞ্চমকার ছাড়া চণ্ডিকার পূজা করে তার আয়ু বিছা ষশ এবং ধন এই চারটি বস্তু নষ্ট হয়।

শক্তিসাধনা আনন্দের সাধনা। সেইজন্ত কোলাবলীনির্ণয়ে বলা হয়েছে—<u>আনন্দ</u> বিনা যে চণ্ডিকার পূজা করে সে রোগগ্রস্ত হয়, তুঃথ পায় এবং মৃত্যুর পরে নরকে যায়।

পঞ্মকার সেবনে আনন্দ হয়। সাধনায় পঞ্মকার বিহিত হওয়ার এটি অক্ততম কারণ।

সাধারণভাবেও বামমার্গের শক্তিসাধকের প্রতি শাল্পের নির্দেশ—পানভোজন করে পরমেশ্বরীর পূজা করবে।

কৌলতপ্রাদিতে উচ্ছুসিতভাবে পঞ্চত্ত্বের মাহাত্ম্য প্রচার করা হয়েছে। কালিকোপুনিষদে বলা হয়েছে—পঞ্চমকারের সাধনা হারা সাধক সব পাবেন—বিভা পশু ধন ধাত্ত্ব
ভা সব শশু কবিত্ব সব। মোক্ষ জ্ঞান এবং ধর্ম লাভের এর চেয়ে শ্রেষ্ঠ পদ্বা আর নাই।
সাধক পঞ্চমকারের সাধনা হারা দৃশ্য অদৃশ্য স্থাবর জন্ধম ধা-কিছু আছে এবং হবে তা সবই পাবেন।

কামাখ্যাতন্ত্র ঘোষণা করা হয়েছে —পঞ্চতত্ত্বের ছারা সাধনায় ক্ষণকাল মধ্যে দেবীর

পঞ্চত্ত্বং বিনা পূকা অভিচারায় কলতে। নেইসিদির্ভবেত্ত বিশ্বত্ত পদে পদে।

শিলায়াং শতাবাপে চ থথা নৈবালুরো ভবেং। পঞ্চতত্ববিহীনায়াং পূজায়াং ন কলোত্তবঃ।

—মহা ত ১৯৯৯

२ চভिकाः পূজয়েদ यस्त विना পश्चमकात्रदेकः। চছात्रि छछ नशक्ति आपूर्विका शत्माधनम्।—त्को नि;छैः इ

ও আনন্দেন বিনা যন্ত চণ্ডিকাং পরিপ্রুরেং। রোগী হুংখী ভবেং সোহণি মৃতে চ নরকং ব্রন্তেং।
—কে মি, টঃ ২

৪ তন্মাদ ভূজ্বা চ পীতা চ পুক্তয়েৎ পরমেশরীম্।—এ

অথ প্রথমকারেণ সর্বমাপ্রোতি। বিছাং পৃত্য ধনং ধাজ্য সর্বশৃত্যঞ্চ কবিছ্ক। নাজ্য প্রমঃ পৃত্যু
বিছাতে। মোকার। জ্ঞানার। ধর্মায়। তৎ সর্বং ভব্যং বংকিকিৎ দৃত্যাদৃত্যমানম্। ছাব্রজক্ষং
তৎ সর্বম্।—কালিকোপনিবং।

পঞ্চতত্বন দেবান্ত প্রসাদো জারতে ক্ষণাৎ। পঞ্চরেন মহাদেবি শিবো ভবতি সাধকঃ।
 পঞ্চত্বসমং নাল্ডি নাল্ডি কলো বুগে। পঞ্চত্বেং মহাদেবী পঞ্চত্বং সদানিবঃ।
 পঞ্চত্বং ভুক্তিমুক্তির্মহাবোগঃ প্রকীতিতঃ। পঞ্চত্বেন দেবেশি মহাপাতককোটরঃ।
 নশুন্তি তৎক্ষণেনৈব তুলারাশিমিবানলঃ। যত্রৈব পঞ্চত্বানি তত্র দেবী বসেদ প্রবম্।—কামা ত, পঃ ২

প্রশাদ লাভ করা যায়। তার মধ্যে আবার পঞ্চমতত্ত্বের সাধনায় সাধক শিব হয়ে যান।
পঞ্চতত্বের সমান অন্ত কিছু কলিযুগে নাই। পঞ্চতত্ব মহাদেবী, পঞ্চতত্ব সদাশিব, পঞ্চতত্ত্ব
ভূক্তিমৃক্তি, পঞ্চতত্ব মহাযোগ। অগ্নি যেমন তুলারাশিকে তৎক্ষণাৎ ভশ্মীভূত করে তেমনি
পঞ্চতত্ব কোটি কোটি মহাপাতককে তৎক্ষণাৎ নষ্ট করে। যেখানে পঞ্চতত্ব সেখানে দেবীর
অধিষ্ঠান নিশ্চিত।

পঞ্চতত্ত্বের প্রত্যেক তত্ত্বসাধনার আবার পৃথক্ ফলও তত্ত্বে বর্ণিত হয়েছে। অবশ্র এ বিষয়ে সব তত্ত্বের মত এক নয়। ধেমন কৈবল্যতত্ত্বের মতে কেবল্মাত্র আভতত্ত্বের দারা সাধনা করলে সাধক ভৈরব হন, দ্বিতীয় তত্ত্বের দারা মহাভৈরব, তৃতীয় তত্ত্বের দারা শিবস্বরূপ, চতুর্থের দারা ক্রম্বরূপ এবং পঞ্চমতত্ত্বের সাধনা দারা প্রমপদ প্রাপ্ত হন।

আবার কামাখ্যাতন্ত্রের অভিমত—মড়ের ছারা সাধনা করলে সাধক স্বর্গে গিয়ে আনন্দ করতে পারেন, মাংসের ছারা রাজা হতে পারেন, মংস্তের ছারা ভৈরবীপুত্র হতে পারেন, মুদ্রার ছারা সাধুতাপ্রাপ্ত হন এবং পঞ্চমতত্ত্বের ছারা সাধনা করলে সাযুজ্যমুক্তি লাভ করতে পারেন।

মহানির্বাণতত্ত্বে বলা হয়েছে যথাবিধি একটি মাত্র তত্ত্ব স্বীকার করলেই মাহুষ দাক্ষাৎ শিব হয়ে যায়। আর পঞ্চতত্ত্বের সেবা হারা কি যে ফল হয় তা ভাষায় প্রকাশ করা যায় না।

বর্ণভেদাহসারেও পঞ্চতত্ব সেবার ফল বর্ণিত হয়েছে। গুপুসাধনতত্ত্বে আছে — আহ্বাপ্দ বদি পঞ্চতত্বপরায়ণ হন তবে পরতত্বে অর্থাৎ পরমাত্মায় লয়প্রাপ্ত হন; জল যেমন জলে লয়প্রাপ্ত হয় তেমনি তত্বসেবাছারা ব্রহ্মণ পরমাত্মায় লয়প্রাপ্ত হন। পঞ্চতত্বপরায়ণ ক্ষত্রিয় সাযুজ্যমৃক্তি লাভ করেন, বৈশ্ব সাক্ষপ্যমৃক্তি এবং শূক্র সালোক্যমৃক্তি লাভ করেন। এ ছাড়া অন্ত ব্যক্তি যদি পঞ্চতত্বপরায়ণ হন তা হলে অথপ্তিত মৃক্তিফল লাভ করবেন।

১ কেবলেনাছাবোগেন সাধকো ভৈরবো ভবেং। বিতীয়েন চ তবেন মহাভৈরবতাং ব্রন্ধেং।
তৃতীয়েন চ তবেন সাধক: শিবরূপয়ৃক্। চতুর্থেন বয়ায়োহে য়য়রূপধয়ো ভবেং।
পরেণ প্রতাং যাতি ময় তুল্যো ন সংশয়ঃ।—য়ঃ প্রা তো, থগু ৭, পরিঃ ২, ব সং, পৃঃ ৫০৮

মজেন মোদতে অর্গে মাংদেন মানবাধিপঃ। মথস্তেন ভৈরবীপুত্রো মৃত্রয়া সাধুতাং ব্রক্তে।
 প্রেণ চ মহাদেবি সাযুজ্যং লভতে নরঃ।—কামা ত, গঃ ২

৩ প্রত্যেকতত্ত্বীকারাদ বিধিনা স্থাচ্ছিবো নরঃ। ন জানে পঞ্চত্তানাং সেবনাৎ কিং ফলং লছেৎ। —মহা ত ১১।১০১

<sup>8</sup> বিদি বিপ্রো ভবেন্দেবি পঞ্চত্তবপরায়ণঃ । সভাং সভাং মহেশানি পরতত্ত্ব প্রলীয়তে ।
বধা জলং ভোরমধ্যে লীয়তে পরমেশরি । তবৈৰ তত্ত্বসেবায়াং লীয়তে পরমাজনি ।
ক্ষত্রিয়ঃ পরমেশানি সহবোগে বসেদ প্রবম্ম । বৈশুন্ত লভতে দেবি বয়পং নাত সংশয়ঃ ।
শ্রুন্ত পরমেশানি সহলোকে সদা বসেং । এতদক্তো মহেশানি বদি তত্ত্বপরায়ণঃ ।
সভাং সভাং মহেশানি মুক্তিকলমশগুতিম্ ।—গুপুসাধনতয়্রম্, পঃ ৭

পঞ্চত্মসাধনার লক্ষ্য—এই দব তন্ত্রবচন পর্বালোচনা করলে প্রাষ্টই বোঝা ধায় তন্ত্রের মতে পঞ্চত্মাধনার চরম লক্ষ্য জীবের শিব হওয়া বা মোক্ষলাভ করা।

নির্বাণতন্ত্রে স্পষ্টই বলা হয়েছে—নির্বাণমৃক্তির জন্মই পঞ্চত্ত। জীবাত্মা পরমাত্মায় লীন হলেই নির্বাণমৃক্তিলাভ হয়। জল যেমন জলে লয়প্রাপ্ত হয় তেমনি পঞ্চতত্ত্বদেবায় সাধক পরমাত্মায় লীন হয়ে যান।

এই লক্ষ্যে পৌছাবার উদ্দেশ্যেই পঞ্চত্তব্যুক্ত সাধনার ব্যবস্থা। কুলার্গবতদ্ধে বলা হয়েছে—সমস্ত দেবতার তৃপ্তির জন্ম এবং ব্রহ্মজ্ঞানলাভের জন্ম সাধক মত্মমাংসাদি সেবন করে। যে তৃষ্ণার বশে অর্থাৎ ভোগবাসনার বশবর্তী হয়ে এ-সব সেবন করে সে পাতকী। কিলাবলীনির্গাদিতেও অফ্রপ্রপ্রধান দেখা যায়।

ব্রহ্মজ্ঞান বা তত্ত্বজ্ঞান লাভ কথার কথা নয়। শাস্ত্র ব্রহ্মজ্ঞানে জীব শিব হয় না, তার মোক্ষলাভ হয় না। কেবল উপলব্ধিজনিত অপরোক্ষ ব্রহ্মজ্ঞানের ঘারাই তা সম্ভবপর। পঞ্চতত্ত্ব-সম্পর্কে কুলার্গবত্তপ্রাদিতে এই অপরোক্ষ ব্রহ্মজ্ঞানের কথাই বলা হয়েছে।

**দেহ আনন্দস্বরূপ ব্রহ্ম**— ব্রহ্ম স্কিদানন্দলক্ষণ। তিনি যেমন চিৎস্বরূপ তেমনি আনন্দস্বরূপ। আনন্দস্বরূপ ব্রহ্ম সর্বব্যাপী কিন্তু মাত্ম তাঁকে স্বদেহেই উপলব্ধি করতে পারে। তাই পরশুরামকল্পস্ত্রে বলা হয়েছে আনন্দ ব্রহের রূপ, তাহা দেহে অবস্থিত। ত

এ বিষয়ে শ্রুতিরও নির্দেশ — মামুষের পরমব্যোমরূপ হৃদয়গুহাতে অপরোক্ষ আনন্দরূপ বৃদ্ধ নিত্য বিরাজমান। তা ধদি না থাকতেন "তবে কেই বা অপানক্রিয়া করিত, কেই বা প্রাণক্রিয়া করিত।"

কিন্ত জীব স্বরূপতঃ চিদ্রূপ ব্রহ্ম হলেও ধেমন অজ্ঞানের ধারা আবৃত বলে তা জানতে পারে না তেমনি ত্থাদির ধারা আবৃত বলে স্বদেহস্থ আনন্দরূপ ব্রহ্মকে তথা স্বীয় আনন্দ-স্বরূপকে জানতে পারে না। অথচ জীব কোনো না কোনো প্রকারে আনন্দ পাছেছ। আনন্দ না থাকলে সে বাঁচতেই পারত না। কিন্তু সে আনন্দকে সে ব্রহ্ম বলে জানে না। একটি দৃষ্টান্ত দেওয়া ধাক। একজন ভারী অনেক দূর পর্যন্ত ভার বহন করে নিয়ে গিয়ে

পঞ্চত্ত্ৰমিদং দেবি নিৰ্বাণমৃত্তিহেতবে।—নি ত, পঃ ১১

২ যথা তোরং তোরমধ্যে লীরতে পরমেশ্বরি। তথৈব তত্ত্বসেবারাং লীরতে পরমাশ্বনি।—ঐ

৩ জুপ্তাৰ্থং সৰ্বদেবানাং ৰ ক্ষজানাৰ্থমেৰ চ । সেবতে মধুমাংসানি ভুঞ্যা চেৎ স পাতকী।—কু ত, উঃ ৫

বথাবিধি বলেন্দেবীং মকারপঞ্চক: সদা । তৃপ্তার্থং সর্বদেবানাং তত্বজ্ঞানোত্তবায় চ ।—কৌ নি, উ: ৪

আনন্দো বুক্ষেতি ব্যঙ্গানাং।—তৈ উপ ৩।৬ ; বিজ্ঞানমানলং বৃক্ষ।—বৃহ উপ ৩।১।২৮।৭

আৰুলং ৰ দ্ধণো রাগং ভক্ত দেহে ব্যবশ্বিতম্।—প ক স্থ ১।১২

৭ কো হেবাছাৎ কঃ প্রাণ্যাৎ। বদেব আকাশ আনন্দো ন ছাং।—তৈ উপ ২।৭

যখন ভারটি নাবায় তখন ভার বহনের তুংখ দূর হওয়ার জন্ম তার আনন্দ হয়। এই আনন্দও ব্রন্ধের রূপ; তবে শরীরাবচ্ছেদে পরিচ্ছিন। ভারী কিন্তু তা জানে না। এইজাবে জীবের সব আনন্দই দেহাবচ্ছেদে পরিচ্ছিন্ন অর্থাৎ জীবদেহে অবস্থিত আনন্দরূপ ব্রন্ধ।

পরশুরামকল্পস্ত্রের মতে ব্রন্ধের এই আনন্দরপের অভিব্যন্তক পঞ্চমকার। গামেশ্বর বৃত্তিতে লিখেছেন পঞ্চমকার ব্রন্ধানন্দসাক্ষাৎকারজনক।

গন্ধবিতম্ব<sup>®</sup> কুলার্গবিতম্ব<sup>®</sup> প্রভৃতি তম্বেও অফ্রুণ অভিমত ব্যক্ত হয়েছে। এই-সব বচনের মূল বক্তব্য এক —পঞ্মকার নরদেহে অবস্থিত বন্ধানন্দের অভিব্যঞ্জক।

ব্রহ্মানন্দের অকুভূতি—পঞ্চমকারের সেবায় ব্রহ্মানন্দের অহতে হয়। অহতে তি বতক্ষণ না হয়েছে ততক্ষণ ব্রহ্মানন্দ লাভ হয় না। যার অহতে হয় নি অথচ যিনি ব্রহ্মানন্দ লাভ করেছেন মনে করেন মৈত্রেয়ী-উপনিষদে তাঁকে মৃঢ় বলা হয়েছে। তাঁর ব্রহ্মানন্দ কি রকম ? না, বৃক্ষশাথায় ফলের প্রতিবিশ্ব দেখে ফলাস্বাদের আনন্দলাভ বেমন তেমনি।

লৌকিক আনন্দও ব্রহ্মানন্দ — এখানে কথা-উঠতে পারে পঞ্চমকার সেবনে ষে-আনন্দ হয় সে ত লৌকিক আনন্দ। ব্রহ্মানন্দ আর লৌকিক আনন্দ কি এক ? ব্রহ্মানন্দ নির্বিষয় নয় কি ? আমরা পূর্বেই উল্লেখ করেছি লৌকিক <u>আনন্দও তন্ত্রমতে দেহাবচ্ছির ব্রহ্মানন্দ।</u> বিষয়লক আনন্দও মূলতঃ: ব্রহ্মানন্দ।

উপনিষদে ও তত্ত্বে ব্রহ্মানন্দের আলোচনা—এ বিষয়ে উপনিষদের সঙ্গে তত্ত্বের মিল আছে। বিষয়টি নিয়ে তৈত্তিরীয়-উপনিষদে (২০৮) এবং বৃহদারণ্যক-উপনিষদে (৪০০৩) আলোচনা করা হয়েছে। উভয়গ্রন্থে একই রকম আলোচনা লক্ষ্য করা যায়। তৈত্তিরীয়-উপনিষদে আছে—সেই ব্রহ্মানন্দের মীমাংসা এই: কেউ যদি যুবক হয়, শুধু যুবক নয়, সাধু যুবক হয়, বেদাধ্যয়ন করে থাকে, সর্বোত্তম শাসক হয়, দৃঢ়তম শরীরের অধিকারী হয়, বলিষ্ঠ হয়, সমস্ত বিত্ত অর্থাৎ ভোগ্যবস্ত্বপূর্ণ পৃথিবীর অধিপতি হয়, তা হলে তার যে-আনন্দ হয় সেই আনন্দ মাহুবের পক্ষে পরম আনন্দ। এমনি মানবীয় আনন্দের শতগুণ আনন্দ তাঁদের যাঁরা

১ জঃ প ক প ১১২-এর বৃত্তি

২ তন্তাভিব্যপ্রকাঃ পঞ্চমকরিাঃ া—প ক ত্ব ১৷১২

৩ তক্ত অভিবাল্লকাঃ তৰিবরকসাক্ষাংকারজনকাঃ পঞ্চনকারাঃ।—এ, বৃত্তি

৪ আনন্দং বুন্ধণো রূপং ভচ্চ দেহে বিভাবরেং। ভক্তাভিয়ঞ্জকাঃ পঞ্চকারাছাঃ প্রকীর্ভিভা:।

<sup>—</sup>গ ত ২৭।৩৬-৩৭

আনন্দং ব দ্ধাণা দ্বাণা তচ্চ দেহে ব্যবস্থিতন্। তঞ্চাভিবাঞ্লকং মঞ্চং বোণিভিন্তেন শীন্নতে।—কৃত, উ:

चनुष्ठिः विना बूद्धा वृथा वृक्षिति (वाष्टि । अणिविभिष्ठभाषां अक्रमाचामनदमानवः ।—देव छैन २।२२

মান্থগদ্ধর্ব অর্থাৎ থারা পূর্বে মাত্ম্য ছিলেন কিন্তু ব্যাবিহিত সাধনার ছারা পরে গদ্ধর্ব হয়েছেন এবং তাঁদের থারা অকামহত অর্থাৎ ভোগবাসনারহিত বেদজ্ঞ।

এর পর যথাক্রমে দেবগন্ধর্ব, চিরলোকবাসী পিতৃগণ, আজানজ দৈবগণ, কর্মদেব দেবগণ, দেবগণ, ইন্ধ্র, বৃহস্পতি, প্রজাপতি ও ব্রহ্মার অর্থাৎ হিরণ্যগর্ভের নাম করা হয়েছে এবং এঁদের প্রত্যেকের সঙ্গে অকামহত শ্রোত্তিয়ের নাম করা হয়েছে আর বলা হয়েছে এই জ্রুমের পরবর্তীর আনন্দ পূর্ববর্তীর আনন্দের শতগুণ।

দেখা যাচ্ছে "হিরণ্যগর্ভ ও তত্ত্পার্সকের আনন্দই সংসারমগুলে সর্বোৎক্রষ্ট। উহাও বিষয়-বিষয়ি-বিভাগ-শৃত্য পরমানন্দে একীভূত হয়। ইহাই আনন্দের মীমাংসা। ——দ্রঃ বুহ উপ ৪।৩।৩২-৩৩।"

তা হলে উপনিষদ্মতে লৌকিক আনন্দ পরম ব্রহ্মানন্দেরই অংশ। বৃহদারণ্যক-উপনিষদে স্পষ্ট করেই বলা হয়েছে — যাঁরা নিজেদের ব্রহ্ম থেকে ভিন্ন মনে করে তারা অবিভাষারা ভোগ্যরূপে উপস্থাপিত এই ব্রহ্মানন্দের অংশমাত্র অবলম্বন করে জীবন ধারণ করে।

যা অবিভাষারা ভোগ্যব্ধপে উপস্থাপিত হয় সেই আনন্দও অবচ্ছিন্ন ব্রহ্মানন্দ। তা ছাড়া থারা নিজেদের ব্রহ্ম থেকে পৃথক্ মনে করেন না তাঁদের আনন্দমাত্রই নিরবচ্ছিন্ন ব্রহ্মানন্দ।

তক্সতে ব্রন্ধভাবৈকনিষ্ঠ জিতেন্দ্রিয় বীর- এবং দিব্য-ভাবের সাধক পঞ্চতত্ত্বের সাধনায় অধিকারী। পঞ্চতত্ত্বেরী কোলসাধককে কোলাবলীনির্ণয়ে নির্দেশ দেওয়া হয়েছে—অবৈতজ্ঞান অবলম্বন করে সর্বদা দেবীর অর্চনা করবে। কাজেই পঞ্চতত্ত্বসাধনা অবৈতজ্ঞানমূলক। অবৈতভাবনিষ্ঠ সাধকের কাছে পঞ্চতত্ত্ব ব্রন্ধানন্দের অভিব্যঞ্জক, ব্রন্ধজ্ঞানের হেতু।

উপরে ব্রহ্মানন্দ সম্পর্কে উপনিষদের মতের যে-আলোচনা করা হল তার মধ্যে একটি বিষয় বিশেষভাবে লক্ষণীয়। উপনিষদে দেখান হয়েছে মহুয়গন্ধর্বাদি-হিরণাগভান্ত ক্রম-

<sup>&</sup>gt; সৈবানন্দস্ত মীমাংসা ভবতি। যুবা স্থাৎ সাধু যুবাংখ্যারক:। আলিচো দৃঢ়িচো বলিচ:। তত্তেরং পৃথিবী সর্বা বিভক্ত পূর্ণা স্থাং। স একো মাত্রব আনন্দঃ। তে বে শতং মাত্রবা আনন্দাঃ। স একো মত্রগন্ধর্বাণামানন্দঃ। শ্রোত্রিরস্ত চাকামহত্ত ।—তৈ উপ ২।৮।১-২

२ जे शामार-8

৩ উপনিবৎ-গ্রন্থাবলী, ১ম ভাগ, ২য় সং, পৃঃ ০২৭, পাদটাকা

৪ এতক্তৈবানশস্থাস্থানি ভূতানি মাত্রামুপজীবস্তি।—বুহ উপ ৪।৩।৩২

শামী গন্তীরানন্দকৃত ব্যাখ্যা অবলম্বনে অমুবাদ

অবৈতজ্ঞানমাশ্রিত্য সদা দেবীং সমর্চয়েং।—কৌ নি, উ: >

উচ্চকোটির জীবের আনন্দ ক্রমবর্দ্ধিত এবং অকামহত শ্রোত্রিয় এই বিভিন্নকোটির জীবের আনন্দের অধিকারী।

অকামহত শ্রোত্রিয় সম্পর্কে আলোচনা করতে গিয়ে স্বামী গন্তীরানন্দ লিথেছেন—
"পুন: পুন: এই ছুইটি শন্তের প্রয়োগে ইহাই বুঝাইতেছে যে, বিভিন্ন যোনিতে ভোগবাসনা
যত হ্লাস হইবে আনন্দ ততই বর্দ্ধিত হইবে। এমন কি, যতপ্রকার আনন্দ আছে তাহা
অকামহত ব্যক্তি শুধু বাসনাত্যাগের ঘারা পাইতে পারেন—তাঁহার পক্ষে অন্তলোকে যাওয়া
নিশ্রয়োজন।"

তদ্ধের মতও অফুরূপ। শ্রুতির বেদজ্ঞ আর তদ্ধের শাস্ত্রজ্ঞ একই পর্যায়ের। তন্ত্রশাস্ত্রের বিধান কুলতত্ত্বার্থদশী শাধক যথাবিধি পঞ্চমকারের দ্বারা দেবীর পূজা করবেন। তাঁকে নির্বিকল্পমনা হয়ে চিন্ময়ীর পূজা করতে হবে। শাস্ত্রের বিধানের মর্ম—সাধককে ভোগবাসনারহিত হয়ে ব্রক্ষজ্ঞান লাভের জন্ম পঞ্চমকারের দ্বারা দেবীর আরাধনা করতে হবে। এমনি সাধক পঞ্চমকারের দ্বারা যে-আনন্দলাভ করেন তা ব্রক্ষানন্দ।

দেখা গেল অকামহত শ্রোত্রিয় যে-পরমানন্দ লাভ করেন নির্বিকল্পমনা যথাবিধি পঞ্চতত্বসেবী শাক্ত সাধকও সেই একই আনন্দ লাভ করেন। বেদ ও তন্ত্র উভয়েরই অভিমত ভোগবাসনা রহিত হয়ে ধর্মসাধনা করলে ব্রহ্মানন্দ লাভ করা যায়।

পঞ্চজ্বসাধনা কেন ?— তাই যদি হয় তা হলে আর পঞ্চমকার-সাধনা কেন ? পঞ্চমকার-সাধনার যে-লক্ষ্য অন্তরকমের সাধনার ঘারাও যথন সেই একই লক্ষ্যে পৌছান যায় তথন এই সাধনার উপযোগিতা কোথায় ?

সাধনা নির্দিষ্ট হয় সাধকের রুচি ও প্রাবৃত্তি অনুসারে, সংস্কার অনুসারে, অধিকার অনুসারে। এই-সব বিভিন্ন বিচারে পঞ্তত্ত্ব-সাধনা যার উপযোগী তার পক্ষে অন্ত সাধনা প্রশস্ত নয়।

তা ছাড়া পৃঞ্চত্ত্বসাধনা শীঘ্রফলপ্রদ। কামাখ্যাতত্ত্বে আছে—পৃঞ্চতত্ত্বে ছারা সাধনায় ক্ষণকাল মধ্যে দেবীর প্রসাদ লাভ হয়। আমরা পূর্বেই লক্ষ্য করেছি কুলার্ণবিতত্ত্বে বলা

১ উপনিবৎ-গ্রন্থাবলী, ১ম ভাগ, ২র সং, পৃঃ ৩২৬, পাদটীকা

২ সেবিতে চ কুলদ্রব্যে কুলতত্ত্বার্থদর্শিনঃ। জায়তে ভৈরবাবেশঃ সর্বত্র সমদর্শিনঃ।—কু ত, উঃ ১০

वर्धाविधि यरक्षत्कवीः प्रकात्रशक्ष्रेकः मना। -रको नि, छै: 8

নির্বিকয়মনা ভূতা চিক্রয়ীং সম্পাসয়েং।—ঐ, উ: ৮

এবোহন্ত পরম আনন্দ:। ( বৃহ উপ ।।।।।। )— उन्तरे कोरित পরম আনন্দ।

পঞ্চতত্ত্বেদ দেব্যান্ত প্রদাদো জায়তে কণাং ।—কামা ত, পঃ ২

হয়েছে অন্ত সব ধর্ম অফুসারে দীর্ঘকালের সাধনার ফলে মোক্ষলাভ হয় কিন্তু কৌল ধর্মে সন্ত মোক্ষলাভ হয়। কৌল সাধনা পঞ্চমকারযুক্ত সাধনা।

পঞ্চমকারযুক্ত সাধনা ভোগের মধ্য দিয়ে মোক্ষের সাধনা । ভোগের মধ্য দিয়ে দেবীকে যত শীদ্র এবং সহজে তুই করে মুক্তি লাভ করা যায় অগ্রভাবে তত শীদ্র ও সহজে তা করা যায় না। গন্ধর্বতন্ত্রে বলা হয়েছে—হক্ষেরপিণী মহাদেবীর পূজা বহুকাল ধরে করলে পরে তিনি তুইা হন। ভোগের দ্বারা তিনি যেমন তুইা হন তপোযোগের দ্বারা তেমন হন না। 'অতএব ভোগের দ্বারা তাঁকে তুই করে মুক্তি লাভ করে স্থা হবে। '

সাধনায় পঞ্চতত্ত্বের অগ্যতম তত্ত্ব মন্ত ষ্ণাবিহিত ব্যবহার করার ফল বর্ণনা করতে গিয়ে ভাস্কররায় লিথেছেন কর্মার্গ জ্ঞানমার্গ এবং ভক্তিমার্গে ব্রহ্মলাভের নানাবিধ প্রণালীর কথা সেই সেই শাল্পের প্রবর্তকেরা বলেছেন। এই-সব প্রণালী পরস্পর বিসদৃশ ত্বংসাধ্য এবং দীর্ঘকালে ফলপ্রদ এ কথা সেই সেই শাল্পে স্পষ্টই বলা হয়েছে। কিন্তু এই কোলমার্গে বার কুলান্রব্য সেবনের দ্বারা বিহিত উল্লাস-পরস্পরাই ব্রহ্মলাভের প্রণালী।

ভাস্কররায়ের বক্তব্যের সার কথা য<u>থাবিহিত সংস্কৃত মগুপানের দ্বারা অল্ল সময়ের মধ্যে</u> নির্বিকল্প সমাধির অবস্থায় পৌছে সাধকের ব্রহ্মান্তভূতি হয়।

ভাস্কররায় মন্ত সম্বন্ধে যা বলেছেন অন্ত তত্ত্ব সম্বন্ধেও তাঁর তাই অভিমত। শাটেকথা তিনিও শাত্ত্বের অহুসরণ করে পঞ্চতব্দাধনার শীঘ্রফলপ্রদত্ত্ব প্রতিপন্ন করেছেন।

আরেকটি কথা। সনাতন ধর্মীয় যে-কোনো প্রকার সাধনার প্রধান অবলম্বন মন্ত্র। বলতে গেলে সাধকমাত্র মন্ত্রসাধনাতেই সিদ্ধিলাভ করেন।

কৌলমার্গরহস্যে বলা হয়েছে "দ্রব্যশক্তি অথবা যোগশক্তির সাহায্যে মঞ্জশক্তি ফলবতী হয়। যোগশক্তির সাহায্য লইলে ভোগবর্জন এবং কঠোরতা অবলম্বন করিতে হয়, দ্রব্যশক্তির সহায়তায় তাহার প্রয়োজন নাই। যোগশক্তির সাহায্য কঠিন। দ্রব্যশক্তির সাহায্য [পদস্থলন না হইলে] সহজ। এইজন্য কৌলসাধক পঞ্চমকাররূপ দ্রব্যশক্তির সাহায্যে মন্ত্রশক্তির সাধনায় সিদ্ধিলাভের প্রয়াসী।" বলা বাহুল্য এথানে মুখ্য পঞ্চমকারের কথাই বলা হয়েছে।

ৰহকালং পুলিতা তু তুষ্টা ভাং ক্ষরপেণী। বথা তুছতি ভোগেন তপোযোগৈল্ড ন তথা।
 অতো ভোগেন তাং তোছ তথা মুক্তো ভবেং কথী।—গ ত ৩৮।১-২

২ কর্মমার্গজ্ঞানমার্গভক্তিমার্গেরু তচ্ছাপ্তপ্রবর্ত কৈঃ প্রণালিকা নানাবিধাঃ পরম্পরবিলক্ষণা উক্তাঃ। তাঃ সর্বা অপি হুঃসাধ্যাশ্চিদ্ধকালকলপ্রদা ইতি তু তচ্ছাপ্রবিদাং স্পষ্টমেব। অত্র তু ত্রব্যবীকারৈরাবর্তমানৈক্ষনাসপরস্পরৈব প্রণালিকা।—ত্রিপুরামহোপনিবদের ১৫ সংখ্যক মন্ত্রের ভাষ্য

৩ দ্রঃ ঐ এবং ১২ সংখ্যক মন্ত্রের ভার্ত ৪ কৌর, পৃঃ ৪১

প্রাকৃতি নির্ত্তি পঞ্চত্ত্বসাধনার উপযোগিতা বিষয়ে আরেকটি গভীর যুক্তি আছে।
মাহবের বৃত্তি প্রধানতঃ ত্রকমের—প্রবৃত্তি আর নির্ত্তি। প্রবৃত্তি বিষয়ম্থী, নির্ত্তি আছাম্থী। কতকগুলি প্রবৃত্তি সহজাত, কতকগুলি সহজাত প্রবৃত্তির আহ্বালক। অন্ত প্রাণীর
মার মাহবের কয়েকটি প্রবৃত্তি সমান। কতকগুলি প্রবৃত্তি বিশেষ করে মাহবের। নির্ত্তি
তথ্ মাহবের আর এটি আয়াসলভা। তবে কোনো কোনো ব্যক্তির জন্মান্তরের স্কৃতির
বলে নির্ত্তিও সহজাত হতে পারে। দৃষ্টাস্তস্বরূপ পরম ভাগবত মহর্ষি শুকদেবের উল্লেখ
করা যায়।

আহার নিস্রা মৈথ্নাদির প্রবৃত্তি মাহুষের সহজাত। এই-সব প্রবৃত্তি সব প্রাণীরই সমান। প্রকৃতির বিধানেই প্রাণীর মধ্যে এই প্রবৃত্তিগুলি আছে। না থাকলে স্ফাইর প্রাণপ্রবাহ ক্ষম হয়ে যেত।

মাহবের আহারের ক্ষেত্রে নানা বৈচিত্র্য দেখা যায়। পানও আহারের অস্ত ভুক্ত।

এ ক্ষেত্রেও বৈচিত্র্য কম নয়। আহারের মধ্যে মাংসের প্রতি সংসারের অধিকাংশ মাহবের

বিশেষ অহুরাগ আর পানীয়ের মধ্যে মছের প্রতি আকর্ষণ অধিক। মংস্য মাংসের অস্ত ভুক্ত।

মাংসের সঙ্গে শয়্যজাতীয় খাছের প্রতিও মাহুষের্ব অহুরাগ দেখা যায়। কিন্তু মাহুবের সব

চেয়ে প্রবল প্রবৃত্তি মৈণুন-প্রবৃত্তি। স্বাষ্টশক্তির পিণী মহাশক্তির প্রেরণা আছে এর মূলে।

তাই এই প্রবৃত্তি এমন শক্তিশালী, এমন ছুর্বার। এই প্রবৃত্তির চরিতার্থতায় মাহুবের পরম

আনন্দ, পরম হেখ; আর অচরিতার্থতায় অত্যন্ত ছুংখ। ওয়াল (Wall) লিখেছেন—

মাহুবের অভিজ্ঞতায় যৌনব্যাপারের চেয়ে বড় আর কিছু নাই। এটি জীবনের উৎস এবং

মাহুবের গজীরতম হৃদয়াবেগগুলির প্রায় সমস্তেরই মূল এরই মধ্যে। এর থেকেই আমাদের
প্রগাঢ়তম আনন্দ ও গভীরতম ছুংথের উদ্ভব।

কাজেই সাধারণতঃ মাহুষমাত্রই এ-সব প্রবৃত্তির অন্থসরণ না করে পারে না। আর এক সামাজিক বিচার ছাড়া অন্থ কোনো বিচারে এমনি প্রবৃত্তির অন্থসরণ দৃষণীয়ও নয়। তবে আধ্যাত্মিক সিদ্ধি বাদের লক্ষ্য তাঁদের অবশু প্রবৃত্তি জয় করতে হবে, নিবৃত্তি অবলম্বন করতে হবে। কেন না নিবৃত্তি ছাড়া চরম সিদ্ধি ব্রহ্মজ্ঞান লাভ হয় না। এইজন্ম ভগবান্ মহু বললেন—মাংস ভক্ষণে দোষ নেই মন্থপানেও নেই মৈথুনেও নেই। কেন না এ মাহুষের প্রবৃত্তি। কিন্তু নিবৃত্তিই মহাফলদায়ক। ৩ এই মহাফল ব্রহ্মজ্ঞান।

<sup>&</sup>gt; निजामिरेमधूनाहाबाः मार्ववाः शानिनाः ममाः ।-- क् ७, ७: >

Sex is the greatest fact in human experience, the source of life and of nearly all its deepest emotions; the well-spring of our intensest pleasures as well as of our deepest griefs.—S. S. W., p, 116.

न মাংসভক্ষণে দোবো না মতে ন চ মৈথুনে। প্রবৃত্তিরেবা ভৃতানাং নিবৃত্তিন্ত মহাকলা।—মনু ।। ৬

শ্রীমদ্ভাগবতেরও অন্তর্মপ অভিমত। চমস ম্নিকে মহারাজ নিমি প্রশ্ন করেন—বে-সব অবিজিতাত্মা অশাস্তকাম ব্যক্তি শ্রীহরির ভজনা করে না তাদের নিষ্ঠা কি? উত্তরে ম্নি বললেন—জগতে স্ত্রীসঙ্গ, আমিষভক্ষণ আর মহ্যাসেবা এই তিন ব্যাপারে জীবের নিত্য অন্তরাগ। এ বিষয়ে কোনো প্রবর্তক শাস্ত্রবাক্যের প্রয়োজন নাই। তবে এই স্ত্রীসঙ্গাদি বিষয়েও শাস্ত্রবিধি আছে। স্ত্রীসঙ্গের জন্ম বিবাহ বিধি, যজ্ঞে আমিষ ভক্ষণ ও স্থ্রাপান বিধি। যে-ক্ষেত্রে স্ত্রীসঙ্গাদি শাস্ত্রবিহিত সেথানেও নিবৃত্তি কল্যাণজনক।

নিবৃত্তি হুঃসাধ্য ব্যাপার। হুভাবে নিবৃত্তি সম্ভবপর—প্রবৃত্তি দমন করে আর প্রবৃত্তিকেই নিবৃত্তিতে দ্বপাস্তবিত করে।

প্রবৃত্তি দমন করা বলতে শুধু প্রবৃত্তিনির্দিষ্ট কর্ম না করা বুঝায় না অর্থাৎ শুধু কর্মেন্দ্রিয়-সংযত করলেই প্রবৃত্তি দমন হয় না, তাতে নিবৃত্তি আদে না।

জোর করে নির্ত্তি হয় না। বাইরে প্রবৃত্তিমূলক কাজ থেকে বিরত হয়েছে অথচ মনের থেকে ভোগবাসনা যায় নি এ রকম মান্নুযুকে গীতায় মিথ্যাচারী বলা হয়েছে।

ষারা অন্তরের থেকে ভোগবিরত হয় নি, দায়ে পড়ে হয়েছে, তাদের মনে মনে থাকে ভোগের চিস্তা। এ রকম জীবের সম্পর্কে একটি বৃদ্ধবচন প্রচলিত আছে—যতী ব্রন্ধচারী সর্বদা আবদ্ধ ঘোটক এবং অন্তঃপুরে আবদ্ধা নারীরা সর্বদা মৈথুন চিন্তা করে।

বচনটির তাৎপর্য ভোগবাসনা লোপ না হলে শুধু ক্রিয়াবিরতির স্বারা নিবৃত্তি আসে না। ভোগবাসনা লোপ করা অত্যস্ত কঠিন। কেন না ভোগায়তন দেহ থাকলে দেহধর্মের তাগিদেই মনে ভোগবাসনা জাগবে। আয়ুর্বেদ বলেন—মাছুষের শরীরে নিত্য বুভূক্ষা পিপাসা স্থাপ্তিস্পৃহা এবং রতিস্পৃহা এই চতুর্বিধ বাস্থা জয়ে।

রতিস্পৃহা বিভিন্ন প্রকারে পরিতৃপ্তি খোঁজে। শাস্ত্রে এই গুলিকেই মৈথুনাক্ষ বলা হয়েছে। মৈথুনাক্ষ অন্তঃ যথা—স্মরণ কীর্তন কেলি প্রেক্ষণ গুক্তভাষণ সক্ষর অধ্যবসায় ও কিয়ানিপান্তি।

- লোকে ব্যবায়ামিষ-মন্তদেবা নিত্যান্ত জন্তো নিহি তত্র চোদনা।
   ব্যবস্থিতিন্তেয় বিবাহ-য়জ-ফয়াগ্রহৈয়ায় নিয়্তিরিয়া।—জীমন্তায়বত ১১।৽।১১
- কর্মেক্রিয়াণি সংবয়্য ব আতে মনসা অরন্। ইক্রিয়ার্থান্ বিমূঢ়ায়া মিধ্যাচার: স উচ্যতে।
   শ্রীমন্ভগ্রন্থীতা ৩।৬
- वजी ह उक्कहांत्री ह मना वक्काण्ड व्यक्तिकाः। अख्यपुत्रका या नार्थः मना देवपुनिहस्त्रकाः।
- শুরণং কীর্তনং কেলি প্রেক্ষণং শুহুভাবণম্। সঙ্কলোহধ্যবসায়ত ক্রিয়ানিপান্তিরেব চ।

   শুরণং কীর্তনং কেলি প্রেক্ষণং শুহুভাবণম্।
   শুরুণং কীর্তনং কেলি প্রেক্ষণং শুহুভাবণম্।

ষা দেহে স্বতঃই উৎপন্ন হয় তাকে লোপ করা কিরপ তু:সাধ্য তা অহমান করা কঠিন নয়। আবার শাস্ত্রের অভিমত—দেহ কর্মাত্মক আর্থাৎ মানুষের পূর্বজন্মের কর্মানুসারেই তার এ জন্মের দেহ গঠিত হয়েছে। স্থাত্যুথময় পাপকর্ম এবং পুণ্যকর্মই মানুষের বিশেষ জাতি জন্ম তার দেহ তার সম্ভোগ এ-সব নিমন্ত্রিত করে।

কাজেই দেখা যাচ্ছে মাহুষের ভোগবাসনা তার জন্মাস্তরের কর্মের সঙ্গে জড়িয়ে আছে। এতে ভোগাকাজ্জা লোপ করার হৃঃসাধ্যতা বৃদ্ধি পায়।

এই বাসনা যতক্ষণ লোপ না পেয়েছে ততক্ষণ অন্ত দুরে থাক জিতেন্দ্রিয় মৃনিঋষিদেরও এর বশীভূত হবার সম্ভাবনা থাকে। পুরাণাদিতে এরপ দৃষ্টাম্ভের অভাব নাই।

এইজন্ম সাধককে শাস্ত্রনির্দিষ্ট উপায়ে ক্রমে ক্রমে এই হুর্জন্ন বাসনার নির্বত্ত করতে হয়। দেবীভাগবতে আছে— হুর্জন্ন বাসনাসমূহ শাস্ত হয় না। সেইজন্ম ক্রমে ক্রমে বাসনা ত্যাগ করে তাদের নির্ত্তি করতে হয়। •

প্রকৃতির বিধানে যে-সব বস্ততে মাহুষের প্রবৃত্তি প্রবল সেই-সব বস্তু সে ভোগ করবেই।
শাস্ত্র এই-সব ভোগ নিয়মিত করে দেন এবং যুথাবিহিত এই-সব ভোগ যে ধর্ম, এ রকম
ভোগে যে কোনো পাপ নেই, এই বোধ শাস্ত্রাহুসরণকারীর মনে জাগিয়ে দেন। যে-ভোগ
মাহুষ না করে পারে না সেই ভোগ সহদ্ধে তার মনে যদি অনবরত একটা পাপবোধ জেগে
থাকে তবে সেই ভোগে তার পাপই হবে আর সেই ভোগ সহদ্ধে তার মনে যদি একটা
ধর্মবোধ থাকে, একটা শ্রন্ধার ভাব থাকে, তবে সেই ভোগই তার প্রবৃত্তিদমনের, তার
আধ্যাত্মিক উন্নতির সহায়ক হবে।

একটু আগে স্ত্রীসঙ্গাদি বিষয়ে শ্রীমদ্ভাগবতের ষে-বচনের তিল্লেখ করা হয়েছে তার 
টীকায় শ্রীধরস্বামী পূর্বোক্ত শাস্ত্রনির্দিষ্ট উপায়ের কিছুটা পরিচয় দিয়েছেন। তাঁর বক্তব্যের 
মর্ম এই—স্ত্রীসঙ্গ আমিষাহার এবং মত্তপান বিষয়ে মাহুষের প্রবৃত্তি সম্পর্কে বিধি 'শ্বতো 
ভার্যাম্পেয়াং' বিবাহিতা পত্নীর শ্বতুকালে স্ত্রীগমন করবে; 'হুতশেষং ভক্ষয়েং' ষজ্ঞাবশিষ্ট 
আমিষ ভক্ষণ করবে; 'সৌত্রামণ্যাং স্থরাগ্রহান্ গৃহাতি' সৌত্রামণিষাগে স্থরাপান করতে 
হবে। এগুলি বিধিমুখে ব্যবস্থা। নিষেধমুখে ব্যবস্থা—বিবাহিতা স্ত্রী ভিন্ন অন্ত স্ত্রীগমন

দেহ: কর্মান্দক: প্রোক্তন্তদেবি প্রতিষ্টিতন্।—শা ত, তঃ >

মুধহুংধমরৈ: বীরে: পুল্যে: পাগৈনিরন্তিতঃ।
 ভদ্তকাতিবৃতং দেহং সম্ভোগক বক্ষকন্।—এ

<sup>🗢</sup> ভুর্জ্জরং বাসনাজালং ন শান্তিমূপবাতি বৈ। অতন্তন্তমনার্ধার ক্রমেণ চ পরিভাজেং।—দে ভা ১৷১৮৷২৬

৪ শ্রীমদ্ভাগ্বত ১১/০/১১

করবে না; যজ্ঞাবশেষ মাংস ভিন্ন অন্ত মাংস আহার করবে না এবং সৌত্রামণিযাগ ভিন্ন মত্তপান করবে না।

এমনিভাবে শাস্ত্রনির্দিষ্ট পথে প্রাবৃত্তি সংঘত করে ষণাবিহিত ধর্মাচরণ করতে থাকলে ধীরে ধীরে ভোগবাসনার কয় হতে পারে এবং ষণার্থ নিবৃত্তি আসতে পারে।

পূর্বেই বলা হয়েছে নিবৃত্তির অন্যতম উপায় প্রবৃত্তিকে নিবৃত্তিতে রূপান্তরিত করা। এর অর্থ ভোগকেই যোগে পরিণত করা। যোগ অর্থ জীবাত্মা ও পরমাত্মার ঐক্য। চিত্তবৃত্তিনিরোধের দ্বারা এ যোগ নয়। চিত্তবৃত্তিকে পরমাত্মাভিম্থী করে ভোগজনিত আনন্দের মধ্য দিয়ে এ যোগ।

আমিষভক্ষণ মত্যপান এবং স্ত্রীসঙ্গে, তন্ত্রের ভাষায় পঞ্চমকারে, দাধারণ মাহ্নবের প্রবৃত্তি তার সহজাত আদিম প্রবৃত্তি আহার ও মৈথুনেরই ব্যাপকতর রূপ। অক্সভাবে বলা ষায় যে-ভোগবাসনা মাহ্নবের দেহধর্মের অন্তর্গত পঞ্চমকারের সেবায় তারই পরিতৃপ্তি হয়। এইজন্ত পঞ্চমকারেরেয়ার অথবা পঞ্চমকারের কোনো না কোনো এক বা একাধিক মকারের সেবায় সাধারণতঃ সব মাহ্নবই প্রভৃত আনন্দ পায়। যে-বস্তুতে, মাহ্নবের আনন্দ নাই সে-বস্তুতে তার অহুরাগও থাকে না এবং তাতে তার প্রবৃত্তিও হয় না।

পঞ্চমমকার ও ব্রহ্মানন্দ—পূর্বেই লক্ষ্য করা গেছে বিশেষ করে পঞ্চমমকারে স্বাভাবিক জীবমাত্রেরই প্রবল অন্তরাগ ও আসক্তি। আর জীবপ্রবাহ অব্যাহত রাখার জন্ম জগতের স্বষ্টিকারিণী মহাশক্তির বিধানেই এমনটি হয়। পঞ্চমতবে মানুষ যেক্কপ প্রগাঢ় আনন্দ পায় তেমনটি আর কিছুতেই পায় না। এটিই জৈব আনন্দের পরাকার্চা।

এই আনন্দই ব্রহ্মানন্দ। নিরুত্তরতক্ষে বলা হয়েছে — স্ত্রীপুরুষের সঙ্গমে যে সৌখ্য অর্থাৎ আনন্দ তাই পরম পদ অর্থাৎ আনন্দরূপ ব্রহ্ম।

উপনিষদেও এই কথাটি অন্তভাবে বলা হয়েছে। বুহদারণ্যক-উপনিষদে পরমাত্মার

<sup>&</sup>gt; सः को त्र, शः ১৪৫-১৪৬, शामधीका

২ ঐক্যং জীবাস্থনোরাহর্ষোগং যোগবিশারদাঃ।--কু ত, উ: >

 <sup>(</sup>i) "ঐতিক ব্যাপারেও উপস্থেল্ডিয়ের বিষয় আনন্দ এবং নিধুবন ঐতিক আনন্দের পরাকাঠা।"

<sup>—</sup>को ब्र, शृः ८६

<sup>(</sup>ii) এবং সর্বেষামানন্দানামূপন্থ একায়নম্। ( বৃহ উপ ২।।।>> ; ৪।৫।>২)—সমন্ত আনন্দের একমাত্র গতি উপন্থ।

<sup>(</sup>iii) প্রজাতিরমৃতমানন্দ ইত্যুপছে। (তৈ উপ ৩।১•।০)—ব্রহ্ম সন্তানোৎপত্তিরূপ অমৃতত্তে এবং আনন্দ-রূপে উপত্তে বিরাজমান।

в ज्ञीপুংসো সক্ষমে সৌখ্যং জায়তে তৎ পরং পদস্।—নিরু ত, পঃ ৬

সঙ্গে জীবাত্মার একীভূত হওয়ার অবস্থাকে স্ত্রীপুরুষের মিলনের দৃষ্টান্ত দিয়ে বুঝান হয়েছে। এর অর্থ স্ত্রী-পুরুষের মিলনে ষে-অবস্থার উদ্ভব হয় তার উপলব্ধির থারাই জীবাত্মা-পরমাত্মার একীভূত অবস্থার আস্থাদ পাওয়া যায়।

সমষ্টির ক্ষেত্রে জীবস্থাইর মূলেই আছে যে-আনন্দ<sup>2</sup> ব্যাষ্টির ক্ষেত্রে পঞ্চমতত্ত্বে সেই আনন্দই উপলব্ধ হয়। কেন না এক্ষেত্রে পঞ্চমতত্ত্বকেই জীবস্থাইর মূল বলা যেতে পারে। আর শাল্পের অভিমত—বিশ্বস্থাইর ব্যাপারেও শিবশক্তির মিলন থেকেই জীবস্থাই হয়েছে। এই-জন্মই মহানির্বাণতত্ত্বে শেষতত্ত্বকে মহানন্দকর এবং সমস্ত প্রাণীর স্থাইর কারণ বলা হয়েছে।

পঞ্মতত্ত্বের বিপুল আনন্দ যে মূলতঃ ব্রহ্মানন্দ, শুধু পঞ্মতত্ত্ব কেন, অক্যান্ত তত্ত্বের আনন্দ তথা জগতের সব আনন্দই যে মূলতঃ ব্রহ্মানন্দ ভোগলিপ্দ্ মান্ন্য তা জানে না এবং জানলেও উপলব্ধি করে না।

পঞ্চমতত্ত্বজনিত আনন্দের স্বরূপ সাধারণ মাহুষ জানে না বটে কিন্তু এই মহানন্দের আকর্ষণে সে ব্যাকুল। এই তুর্নিবার আকর্ষণের নাম কাম বা নরনারীর পরস্পরের আসঙ্গলিপা। এই কামের হাত এড়াবার সাধ্য সাধারণ মাহুষের নাই। কেন না প্রকৃতির বিধানেই এটি মাহুষের সন্তার অন্তর্ভুক্ত। অথচ কাম থাকতে আধ্যাত্মিক সাধনায় সিদ্ধিলাভ সম্ভবপর নয়। সন্ত বলেন—'বেখানে কাম সেথানে রাম নেই আর যেথানে রাম সেথানে কাম নেই। দিন আর রাত যেমন একত্রে থাকতে পারে না তেমনি রাম আর কাম একত্র থাকতে পারে না।'

শান্ত্রবিহিত পঞ্চতত্ত্বের নেবায় কাম লোপ পায় এবং পঞ্চতত্ত্বেরে সেবায় কাম লোপ পায় এবং পঞ্চতত্ত্বেরাজনিত আনন্দ যে ব্রহ্মানন্দ এই অন্তভ্তি ক্রমে দৃঢ় হয়। পঞ্চতত্ত্বে যে ব্রহ্মানন্দের অভিব্যঞ্জক বলা হয়েছে এই তার তাৎপর্য।

ভোগাভিলাধী মাহ্ব ভোগবাসনায় নিয়ত পঞ্চমকারসেবা করছে, আনন্দও পাচ্ছে, কিন্তু তাতে তাদের বাসনার নির্ত্তি হচ্ছেনা বরং তা আরও বেড়ে যাচ্ছে। এদের সম্বন্ধেই

যাঁহা রাম তাহা নেহিঁ কাম।

श्रांता এक नहिँ भिल

রবি রজনী এক ঠাম।—ক্র: প্রেমিকঞ্জ, ৪র্থ সং, পু: ৫১

<sup>&</sup>gt; (i) তদ্ বধা প্রিয়ন ব্রিয়া সম্পরিষক্তো ন ৰাহ্ণ কিঞ্চন বেদ নান্তরন্। এবমেবারং পুরুবঃ প্রাক্তেনাক্সনা সম্পরিষিক্ত ন ৰাহ্ণ কিঞ্চন বেদ নান্তরম্।—বৃহ উপ ৪।০।২১

<sup>(</sup>ii) म देश्जावानाम वथा जीभूमारत्मी मन्भविष्ठाको ।— व ১।६।०

২ জানন্দাদ্ধ্যের থবিমানি ভূতানি জারস্তে। আনন্দেন জাতানি জীবন্ধি।—তৈ উপ ৩।৬

৩ মহানন্দকরং দেবি প্রাণিনাং স্টেকারণম্। অনাগ্রস্তরগ্য লং শেষতত্ত্বস্ত লক্ষণম্।—মহা ত ৭।১০৮

শাস্ত্র বলেছেন—কামীদের কামনা কথনো নিবৃত্ত হয় না। আগুনে দি দিলে আগুন বেমন বেড়ে ধায় তেমনি উপভোগের ধারা কামনা বেড়ে ধায়।

এই-সব লোকের মন ভোগম্থী বলে মন্তাদিসেবনজনিত আনক্ষও এদের বন্ধনেরই কারণ হয় আর অধ্যাত্মসাধনার অঙ্গরূপে যথাশাত্ম পঞ্চমকারসেবী সাধকের মন বন্ধম্থী বলে পঞ্চমকারসেবনজনিত আনক্ষে তিনি ব্রহ্মানক্ষই অস্তুত্ব করেন এবং এই আনক্ষ তাঁর মোক্ষের কারণ হয়। কেন না মনই মান্থবের বন্ধন এবং মোক্ষের কারণ। ভোগম্থী মন বন্ধনের আর যোগম্থী মন মৃক্তির কারণ। এ বিষয়ে আমরা পূর্বেও আলোচনা করেছি।

এইজগুই তন্ত্রশাম্বের বিধান দেবতাদের প্রীতির জগু এবং ব্রশ্বজ্ঞানলাভের জগু সাধককে পঞ্চতত্ত্বের সেবা করতে হবে। ভোগমুখী মন নিয়ে যে পঞ্চতত্ত্বের সেবা করে দে পাতকী।

মহার্নির্বাণতত্ত্বে বলা হয়েছে শ্রু আহার এবং মৈণুন অর্থাৎ পঞ্চমকার মান্থ্যের স্বভাবজ্ব এবং প্রিয়। শিবের বিধানে এইগুলি তাদের কল্যাণের নিমিত্ত নিয়মিত হয়েছে। অর্থাৎ তন্ত্রশাস্ত্রে পঞ্চমকার সম্বন্ধে যে-সর্ব বিধান •দেওয়া হয়েছে সেই অন্থ্যারে পঞ্চমকার নিয়ে সাধনা করলে মান্থ্যের ম্বার্থ কল্যাণ হবে, সে চতুর্বর্গ লাভ করবে।

অসংযত আহার মৈথুনাদি মাহ্যাকে পশুর সামিল করে দেয়, তাকে মহয়াত্বন্ত করে। কিন্তু এই-সব বস্তুরই যথাশান্ত ব্যবহার হলে তার দারা মাহ্য মৃক্তিলাভ করে। সেইজয় শান্তের বিধান—বিধিবৃদ্ধিতে পঞ্চমকার সেবন করতে হবে, ভোগবাসনায় করলে পাতক হবে। যে-সব ত্রব্যের দারা মাহ্যার পতন হয় সেই-সব ত্রব্যের দারাই তার মৃক্তি হয়।

মহামহোপাধ্যায় গোপীনাথ কবিরাজ মহাশয় এ সম্পর্কে শাস্ত্রের মর্ম বড় স্থন্দর করে ব্যাখ্যা করেছেন। তিনি লিথেছেন "সকল মতেই প্রকৃতির সংযোগ হইতেই ধেমন পুরুষের পতন হয় তেমনি একমাত্র প্রকৃতির সংযোগ হইতেই পুরুষের উত্থান হওয়া সম্ভবপর।

ন লাতু কাম: কামানামূপভোগেন শামাতি। হবিবা কৃষ্ণবর্ষেব ভূয় এবাভিবদ্ধতে
 শ্রীমন্ভাগবত ৯।১৯।১৪; মহা ভা ১।৭৫।৫০-৫১

৩ মান্ত্রিপঞ্চকমীশানি দেবতাপ্রীতরে স্থণীঃ। বধাবিধি নিবেবেত তৃষ্ণরা চেৎ স পাতকী।—কু ত, উ: ১০

বিধিৰ ক্ষাৈব সেবেত ভূঞ্য়া (চৎ স পাতকী। বৈরেব পতনং ক্রব্যৈ মুক্তিকৈরেব কাৈদিতা।
 —ি ক্রিপুরামহোপনিবদের ১৩ সংখ্যক মন্ত্রের ভাষ্কররারকৃত ভাষ্কে উদ্ধৃত

সাংখ্যদর্শনে যেমন তত্ত্বিচারের দৃষ্টিতে প্রকৃতিকে পুরুষের ভোগ ও অপবর্গের কারণ বিনয়া বর্ণনা করা হইয়াছে, তূর্গাসপ্তশভীতে মহামায়াকে যেমন জীবের বন্ধন ও মোন্ধ্যের হেতুভূত বলিয়া স্তব করা হইয়াছে, তত্ত্রপ যাবভীয় তান্ত্রিক দাধকগণও একমাত্র প্রকৃতিকেই জীবের মৃত্যুর কারণ এবং সঙ্গে অমরত্বের মৃথ্য সাধনরূপে গ্রহণ করিয়াছেন। যাহা অশুদ্ধ ও অজ্ঞাত অবস্থায় পতনের হেতু, শোধন ও জ্ঞানোদয়ের পরে তাহাই উর্দ্ধগতির হেতু। মাতৃকা-বিজ্ঞান আলোচনা করিলেও দেখিতে পাওয়া যায় যে সকল প্রকার বৈক্রিক জ্ঞানের মূলেই মাতৃকার প্রভাব রহিয়াছে। অথচ সংস্কারন্ধারা মাতৃকাকে শুদ্ধ করিলে এই মাতৃকাই চিন্ময়ী মহামাতৃকারণে জীবকে নির্বিকল্প প্রমপদ প্রদান করিয়া থাকেন।" ই

শাস্ত্রে যে বিধিবৃদ্ধিতে পঞ্চমকারসেবনের নির্দেশ দেওয়া হয়েছে দ্রব্যের সংস্কার বা শোধন সেই বিধির অন্যতম। এ সম্বন্ধে পরে আলোচনা করা যাচ্ছে।

পঞ্চতত্ত্বের বাসনা—বাসনা অপর একটি মুখ্য শাস্ত্রবিধি। বাসনার এক অর্থ উদ্দেশ্য, অপর অর্থ ভাবনা। পঞ্চতত্ত্বের উদ্দেশ্য সম্বন্ধে পূর্বেই আলোচনা করা হয়েছে। ভাবনা সম্বন্ধে কুলার্শবতন্ত্রের অভিমতের সারকথা এই স্বয়ন্তুলিঙ্গ বাণলিঙ্গ ও ইতর্বিঙ্গ এই শিক্ষত্রের সম্বন্ধে বিশেষজ্ঞ এবং বট্চক্রভেদসমর্থ সাধক ম্লাধারস্থা কুলকুগুলিনীশক্তিকে জাগ্রত করে তাঁর সঙ্গে কামরুপাদি পীঠস্থান অমল করে ব্রহ্মরক্ত্রন্থ মহাপদ্মে অর্থাৎ সহস্রারপদ্মে উপনীত হবেন। সেথানে চিৎচন্দ্র এবং কুগুলিনীশক্তির সামরশ্য হবে। সেই সামরশ্রন্ধনিত পরম আনন্দে সাধক মগ্র হবেন এবং সেই নামরস্যের ফলে সহস্রার-পদ্ম থেকে বে-অমুভধার। ক্রিত হবে তা পান করবেন। সাধক বার বার মূলাধার থেকে ব্রহ্মরক্ত্রে গিয়ে এই অমৃতধারা পান করবেন। এইটি মন্ত সম্বন্ধে ভাবনা।

মাংসের ভাবনা সম্বন্ধে বলা হয়েছে সাধক যোগী জ্ঞানথড়েগর স্বারা পাপপুণ্যরূপ পশুকে বধ করে পরশিবে চিন্তলয় করবেন। যিনি এ রকম করেন তাঁকেই মাংসাশী বলা হয়।

১ দেহের সাধনা, হিমাজি, সেপ্টেম্বর, ১৩৬২

মৎস্যের ভাবনা এই—যোগী সাধক মনের সঙ্গে ইন্দ্রিয়গুলিকে প্রমাত্মার সঙ্গে যুক্ত করবেন। যিনি এ রক্ম করেন তিনিই মৎস্যাশী, অক্সেরা প্রাণিহিংসক।

মূলার ভাবনা এই রকম—পশুভাবাপন্ন সাধকের শক্তি অপ্রবৃদ্ধা। যিনি প্রবৃদ্ধা শক্তির দৈবা করেন তিনিই শক্তিসেবক। এথানে শক্তি অর্থ মূলা। "শক্তিই মূলারূপা এই প্রকার ভাবনা করিয়া মূলাসেবন করিতে হইবে।"

পঞ্চমতত্ত্বের ভাবনা সম্বন্ধে বলা হয়েছে পরশক্তি ও পরশিব এই মিথুনের সংযোগ মৈথুন। যিনি এমনি শিবশক্তির সংযোগজনিত আনন্দে মগ্ন থাকেন তিনি মৈথুনসাধক, অক্তেরা স্ত্রীদেবী।

এই পঞ্চমুদ্রার বা পঞ্চমকারের ভাবনা। যিনি গুরুমুথে এই ভাবনা অবগত হয়ে পঞ্চমুদ্রা সেবা করেন তিনি মুক্ত হন।

পঞ্চতত্ত্বসাধনার অধিকারী—এমনি ভাবনা ষে-কোনো লোকের পক্ষে সম্ভবপর নয়।
বিনি সাধনপথে বছদ্র অগ্রসর হয়েছেন কেবলমাত্র সেই সাধকই যথার্থতঃ এ রকম ভাবনা করতে পারেন। এইজন্ম শক্তিসাধনায় বামাচারাদি শেষ তিন আচারে পঞ্চতত্ত্ব বিহিত হয়েছে। আমরা লক্ষ্য করে এসেছি গ্রই আচারত্ত্বয়ে বীরভাবের এবং দিব্যভাবের সাধকেরাই অধিকারী। কাজেই এই তুই শ্রেণীর সাধকই পঞ্চতত্ত্বসাধনায় অধিকারী।

এর আগে বামাচার ও কোলাচারের অধিকারী সম্বন্ধে আলোচনা প্রদঙ্গেও প্রকারাস্তরে পঞ্চতত্ত্বসাধনার অধিকারী সম্বন্ধে আলোচনা হয়েছে।

সারকথা, বিশুদ্ধচিত্ত জিতেন্দ্রিয় নির্বিকার অধৈতভাবপরায়ণ ত্রন্ধনিষ্ঠ সাধকই পঞ্চতত্ত্বযুক্ত সাধনার অধিকারী।

এ রকম গুণ এবং যোগ্যতা যে-কোনো লোকের থাকতে পারে না। সেইজন্ম কোনো কোনো তন্ত্রমতে পঞ্চত্ত্বযুক্ত সাধনার অধিকারী শুধু অবধৃত। চীনক্রম বা চীনাচারের সাধনা পঞ্চত্ত্বযুক্ত তারাসাধনা। এটি এক প্রকারের কৌলাচার। বিশাদর্শতন্ত্রে এই সাধনার অধিকারী সহজে বলা হয়েছে—যিনি ছৈতজ্ঞানহীন, সর্বভ্তের হিতে রত, বর্ণাশ্রম যিনি ত্যাগ করেছেন, যিনি শাস্ত, পাপলেশপরাজ্ম্থ, যিনি কোথাও লিপ্ত হন না, সর্বদা পাপমৃক্ত সেই সাধককে অবধৃত বলা হয় আর তাঁরই জন্ম চীনসাধন।

পঞ্চতত্ত্ব ও পশুভাবের সাধক—লক্ষ্য করা গেছে কামাখ্যাতভ্রাদির বিধান অনুসারে

১ কৌর, পৃঃ ৩১

২ বৈতজ্ঞানবিহীনো যঃ স্বভূতহিতে রচঃ। তাজবর্ণাশ্রমঃ শান্তঃ পাপলেশপরাল্ব্যঃ। অবলিপ্তোন ক্ত্রাপি ধৃতপাপঃ সদৈব হি। অবধৃতঃ স বিজ্ঞের তৎকৃতে চীনসাধনন্। —সঃ Taratantram, Intro, p. 20, f. n. 1

৩ পঞ্চজ্বং ন গৃহাতি তত্ৰ নিন্দাং করোতি ন।—কামা ত, পঃ ৪

পুভভাবের সাধকের পঞ্চত্ত্বসাধনায় অধিকার নাই। যোগিনীতঞ্জেও বলা হয়েছে সাধনায় ম্যাদি পঞ্চতত্ত্বের ব্যবহার বীর এবং দিব্য সাধকের পক্ষে বিহিত, পশুর পক্ষে নয়। কৌলাবলীনির্ণয়ে ত পশুসন্নিধানেও পঞ্চমকারের দ্বারা দেবীপূজা নিষেধ করা হয়েছে।

কিন্ত কোনো কোনো তত্ত্বে শশুভাবের সাধকের জন্মও পঞ্চতত্ত্বসাধনার বিধান দেওয়া হয়েছে। বেমন আগমকল্লফমে বলা হয়েছে — ম্থা অন্তকল্প ও দিব্য পঞ্চতত্ত্বের ছারা জগদন্ধার নৈবেগু দিতে হবে। বীরেরা ম্থাকল্লের ছারা নৈবেগু দেবে। পশুদের অন্তকল্পের ছারা এবং দিব্যদের দিব্যকল্পের ছারা এবং দিব্যদের দিব্যকল্পের ছারা নৈবেগুদান বিধি।

তন্ত্রশাস্ত্রজ্ঞ অধিকারী ব্যক্তিরাও বলেন — পণ্ডভাবের সাধক পঞ্চতত্ত্বের অভিধাবোধিত অর্থ পরিহার করে রূপককল্পিত অন্য অর্থ গ্রহণ করেন। অর্থাৎ সাধনায় তিনি মৃখ্যপঞ্চতত্ত্ব ব্যবহার করেন না, অমুকল্প ব্যবহার করেন।

পঞ্চতত্ত্ব ও বীরসাধক—বীরভাবের সাধক পঞ্চতত্ত্বর সাক্ষাৎ অর্থ গ্রহণ করে মুখ্য পিঞ্চতত্ত্বের দারা সাধনা করেন। করিন। করিন।

নির্বাণতন্ত্রেরও বিধান বীরভাবের সাধক সর্বদা তরসেবন অর্থাৎ পঞ্চতত্বসেবন করবেন। প্রায় দিব্যভাবের সাধক সহক্ষে বঙ্গা হয়েছে তিনি তত্বজ্ঞান লাভ করবেন। প্রবীরের পক্ষে বিহিত এই পঞ্চতত্ব মুখ্য পঞ্চতত্ব।

১ মন্তং মাংসং তথা মংস্তং মুল্রামৈথ্নমেব চ। ইদমাচরণং দেবি পশোন দিবাবীরয়ো: ৷—বো ত, প: ৬

२ मकात्रशकटेकटर्नवीः नार्ठटङ्गर शख्यक्रियो ।—को नि, शः «

পঞ্তত্ত্বেন মুখ্যেন চামুকলেন বা প্রিয়ে। দিব্যেন জগদম্বার্থে নৈবেছাং পরিকলয়েং।
 মুখ্যকলেন বীরাণাং নৈবেছাং পরিকলয়েং। পশ্নাঞ্চামুকলেন দিব্যানাং দিব্যকলকৈ:।
 — জঃ সাধনরহস্তম্, পরিশিষ্ট্রথন্তম্, পৃঃ ৩৬

वीत्राठातिगल माक्कापर्यस्य गृङ्गलि ।—ेव

৭ বীরভাববুতানাং বৈ তন্ত্বং সেব্যং সদানবে।——নি ড, পঃ ১১

৮ দিবাভাববুতানাঞ্চ ভক্জানং সদা ভবেং।—এ

বীরের প্রকারভেদ অন্থ্যারে পঞ্তন্ত ব্যবহারেরও বিভিন্ন ব্যবস্থা লক্ষ্য করা যায়। বলা হয়েছে—স্বভাব বীর প্রত্যক্ষতন্ত আর বিভাব বীর মানসিক প্রত্যক্ষতন্ত ও বাহ্ অন্থ্যক্ষতন্ত্রের ন্বারা দেবীর আরাধনা করবেন। মন্ত্রসিদ্ধ বীর বে-রক্ম অভিকৃচি শাস্ত্রবিহিত পঞ্তন্ত্র ব্যবহার করতে পারেন।

কলিযুগে মানস মুখ্যতত্ত্ব—কোনো কোনো তন্ত্রে কলিযুগে মুখ্য পঞ্চতত্ত্বের প্রত্যক্ষ ব্যবহার নিষেধ করা হয়েছে এবং মানস ব্যবহারের বিধান দেওয়া হয়েছে। ষেমন পিচ্ছিলাতত্ত্বের মতে মন্তাদি পঞ্চতত্ত্বের মানস ব্যবহার করতে হবে এবং তাতেই সিদ্ধিলাভ হবে। কলিযুগে মুখ্য পঞ্চতত্ত্বের প্রত্যক্ষ ব্যবহার নাই; বিশেষ করে পঞ্চতত্ত্বের ব্যবহার সম্বন্ধে যাদের মনে সংশয় আছে তটেদের ত কোনো কালেই নাই।

তপ্তবিদ্ পণ্ডিতের। বলেন কল্পভেদে সম্প্রদায়ভেদে অধিকারিভেদে তপ্তশান্তে এমনি বিভিন্ন রকমের বিধান দেওয়া হয়েছে। সাধক নিজের গুরুর কাছে আপন পথের সন্ধান জেনে নেন। কাজেই বিভিন্ন রকমের শাস্ত্রোক্তি থাকলেও সাধনার ক্ষেত্রে সাধকের কোনো অস্কবিধা হয় না।

বাদ্ধণের পক্ষে প্রাত্ত্যক্ষ পঞ্চতত্ব—প্রত্যক্ষ পঞ্চতত্বের ব্যবহার সম্পর্কে আরেকটি বিষয়ে তত্ত্বে পরস্পরবিরোধী মত লক্ষ্য করা যায়। ব্রাহ্মণের পক্ষে মৃথ্য পঞ্চতত্ব বিহিত কি না এই নিয়ে মতবিরোধ। যেমন বারাহীতন্ত্রে বলা হয়েছে—মভ মাংস মৎস্ত মৈথুন এবং নরবলি এই পাঁচটির কথা ব্রাহ্মণ কথনও স্মরণও করবেন না। এথানে মুদ্রার নাম না থাকলেও যে-চার তত্ত্বের নাম করা হয়েছে মৃদ্রাকে তার অন্তর্ভুক্ত ধরা যায়। কেন না মভাদির সঙ্গে মুদ্রাব্যবহার বিধি।

মেকতন্ত্র<sup>8</sup> শ্রীক্রম<sup>e</sup> প্রভৃতিতেও দেখা যায় সাধনায় ব্রাহ্মণের পক্ষে বামমার্গ অবলম্বন প্রশস্ত নয় এবং অবলম্বন করলেও তাঁর পক্ষে মন্তাদি ব্যবহার নিষিদ্ধ।

<sup>&</sup>gt; 37. Ś. Ś., 4th Ed., p. 606

২ সর্বস্ত মানসং কুর্যান্তেন সিধাতি সাধকঃ। ন কলো প্রকৃতাচারঃ সংশয়ান্থনি নৈব সঃ।
—-জঃ প্রা তো, কাণ্ড ৭, পরিঃ ১, ব সং, পুঃ ৪৮৮

মছাং মাংসং তথা মংস্তাং নৈপুনং পরমেখয়ি। মামুখেণ ৰলিং পঞ্চ ৰু ক্লিণো ন আরেৎ ক্লিং।
 —য়ঃ মাতৃ ত ৪।২-এর টীকা

শমনার্গেণ তচ্চায়্রবর্গ হিছা প্রশক্ততে। ব্যক্ষণস্ত হরাং পীছা রৌরবং নরকং ব্রক্তেং। বামনার্গী
বাহ্মণোহপি মছাং মাংসং ন ভক্ষরেং।—জঃ ঐ।

ন দভাৎ ব্রাহ্মণো মহাং মহাংদব্যৈ কথঞ্ন। বামকামো ব্রাহ্মণোহিপি মহাং মাংসং ন ভক্ষেও।
 —ক্ষঃ বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ৬২৮

আবার কামাখ্যাতন্ত্রে বলা হয়েছে—কলিযুগে সব শাব্দদের বিশেষ করে ব্রাহ্মণদের পক্ষে পঞ্চতবহীন পূজা নিলনীয়। উক্ত তন্ত্রের ফুশান্ত নির্দেশ—অবশ্রুই ব্রাহ্মণ, রাজা অর্থাৎ ক্ষত্রিয়, বৈশ্য এবং শৃশ্র নিত্য পঞ্চতব্রের ঘারা দেবীর পূজা করবেন, এ বিষয়ে মনে কোনো সংশয় রাথবেন না। কলিযুগে পঞ্চতব্রের ঘারা ঘিনি কুলেখরীর পূজা করেন ত্রিভূবনে তাঁর অসাধ্য কিছুই নাই।

. ব্রাহ্মণ সম্বন্ধে স্কুম্পন্ত নির্দেশ দেওয়া হয়েছে—শিবাজ্ঞায় কলিযুগে জম্বীপবাদী ব্রাহ্মণ পশুভাবাশ্রয়ী হবেন না। এর অর্থ তিনি বীর- বা দিব্য-ভাবাশ্রয়ী হবেন। লক্ষ্য করা গেছে বীরভাবের সাধকের পক্ষে মৃথ্য পঞ্চমকার বিহিত। কাজেই এখানেও ব্রাহ্মণের পক্ষে মৃথ্য পঞ্চতত্ত্বের পরোক্ষ বিধান দেওয়া হয়েছে বলা ধায়।

কোনো কোনো তন্ত্রে এমনি পরম্পরবিরোধী মতের একটা সামগ্রস্থ বিধান করে বলা হয়েছে বৈদিক-আচারভাষ্ট রাহ্মণ পঞ্চত্তব্যুক্ত সাধনা করতে পারেন। যেমন ভাবচ্ড়ামণিতন্ত্রে বীরভাবের সাধক এবং তাঁর আচারাদির বিবরণ দিয়ে বলা হয়েছে— ব্রাহ্মণ বদি ভাষ্ট হন এবং কুলধর্মপরায়ণ হন, তা হলে এমনি নিয়মে কুলতোষণ করবেন। এর অর্থ বৈদিকাচারভাষ্ট বাহ্মণ কৌলাচারে পঞ্চতত্বসহযোগে সাধনা করতে পারেন।

এই পঞ্চতত্ব যথাশাস্ত্র মূথ্য পঞ্চতত্ত্বই হবে। কেন না মূথ্য পঞ্চতত্ত্বের অভাব হলেই অমুকল্পতত্ত্বের ব্যবহার শাস্ত্রবিধি।

কিন্তু এ সহক্ষেও মতভেদ দেখা যায়। কালীবিলাসতন্ত্রের মতে সত্য-ত্রেতা পর্যস্ত দিব্যভাব এবং ত্রেতা-দ্বাপর পর্যস্ত বীরভাব বিহিত। এর অর্থ এই তন্ত্র অরুসারে কলিযুগে দিব্য- এবং বীর-ভাবের সাধনা হয় না, হয় শুধু পশুভাবের সাধনা। পশুভাবে মুখ্য পঞ্চতত্ত্ব শাস্ত্রে নিষিদ্ধ। কাঙ্গেই এই তন্ত্রের মতে কোনো বর্ণের পক্ষেই কলিযুগে মুখ্য পঞ্চতত্ত্ব বিহিত নয়।

ব্রাক্ষণের মছাব্যবহার—রাক্ষণের পক্ষে মৃথ্য পঞ্চতত্ব বিহিত কি না এই প্রশ্নেরই অন্তর্ভক্ত একটি বিতর্কমূলক প্রশ্ন রা<u>ক্ষণের পক্ষে পূজাদিতে মৃথ্য মন্থ ব্যবহার শাল্পদন্দত কি</u>?

১ কলো তু সর্বশান্তানাং ৰাক্ষণানাং বিশেষতঃ। পঞ্চতত্ত্বিহীনানাং নিন্দনং পরমেশ্বরি।—কামা ত, পঃ ৫

২ অবশ্যং বু ক্লিণো নিতাং রাজা বৈশুশ্চ শুদ্রকঃ। পঞ্চতবৈর্ভজেন্দেবীং ন কুর্যাৎ সংশয়ং কচিৎ।—এ

৩ জমুৰীপে কলোঁ দেবি ৰূ ক্ষিণো হি কদাচন। পশুন স্তাৎ পশুন স্তাৎ পশুন স্তাৎ শিৰাজ্ঞয়া।—এ, প: 8

यहि वित्था छत्यम् अष्टेः कूलधर्मभात्राव्यः । उनात्मन विधात्मन कर्जवाः कूलत्वावनम् ।

<sup>—</sup>দ্ৰ: তারাভক্তিমুধার্ণৰ, ড: ৪, পু: ১২১

য়: 'পরিশ্রতং ঝবমাভাং' ইত্যাদি ত্রিপুরামহোপনিবদ্মল্লের ভাস্কররায়-কৃত ভাব্য

৬ কালীবিলাসভয় ৬৷১০-১১

পঞ্চতত্বযুক্ত সাধনা ছাড়াও কোনো কোনো দেবীপূজায় মছাব্যহার শাস্ত্রবিহিত। বেমন কামাখ্যাতত্ত্বে আছে—কালিকা এবং তারার সাধকদের মছ ছাড়া সাধনা মহাহান্তকর ব্যাপার।

পঞ্জবযুক্ত সাধনা ছাড়া অন্ত সাধনায়ও স্থরার ব্যবহার বিহিত বলেই ব্রাহ্মণের পক্ষে মুখ্য স্থরা বিহিত কি না এই প্রশ্নটি উঠেছে। বলা বাহুল্য এবিষয়েও তন্ত্রশাস্ত্র একমত নন।

বেমন নিকন্তরতম্বে বলা হয়েছে—ক<u>লিযুগে কালী তারা ছিম্মস্তা ত্রিপুরা ও ভৈরবীর</u>
পূজা বিজ সর্বদা আসবযোগে করবেন। শা<u>শানভৈরবী</u> উ<u>গ্রতারা মাতঙ্গী ধুমাবতী ব্রগলা ভূবনেশ্বরী</u> রাজরাজেশ্বরী বালা স্বরিতা মহিষমর্দিনী এই-সব দেবীরও কলিযুগে <u>আসবসহ পূজা বিধি।</u> দক্ষিণাকালীর পূজায় আসব লাগে না। ব্রাহ্মণ বীরভাবে স্বরাপান করে মন্ত্র জপ করবেন। তবে উক্ত তন্ত্রমতে ক্বতাভিষেক ব্রান্ধণের পক্ষেই স্বরাপান বিহিত।

যামলে বলা হয়েছে সত্যযুগে ব্রাহ্মণাদি চতুর্বর্ণের পক্ষে যথাক্রমে ক্ষীর আজ্য মধু এবং পিইজের ছারা দেবীর পূজা বিহিত, ত্রেতাযুগে সর্ববর্ণের পক্ষে ঘতের ছারা পূজা বিধি, ছাপরে সর্ব বর্ণের পক্ষে মধুছারা এবং কলিযুগে কেবল কল্যাণকর আসবের ছারা দেবীপুজা বিহিত !

ভৈরবীতন্ত্রের মতে কিন্তু ক্ষীর আজ্য এ-সব পারিভাষিক শব্দ। ক্ষীর বৃক্ষসন্ত্ত বাক্ষিম্ম, আজ্য বৃদ্ধলাভূত মতা, মধু পুশ্পরদোভূত মতা আর আসব তণুলোভূত মতা। পিইজ পিইক থেকে তৈরি মতা। অবশ্য যামলে এ মত অমুস্ত হয়েছে মনে হয় না। কেন না উপরে উদ্ধৃত বচনে দেখা যাচ্ছে ঘৃত মধু ইত্যাদি শব্দ প্রচলিত অর্থেই গ্রহণ করা হয়েছে।

<sup>&</sup>gt; जन्मार्था कानिका-ठात्रा-नाथकानाः कूलचित्र । मजः विना नाथनक महाहान्त्रात्र कल्लार्छ ।---कामा छ, शः ध

কালীং তারাং তথা ছিয়াং ত্রিপুরাং ভৈরবীং তথা। কলাবাসববোগেন সর্বদা প্রয়েঘিকঃ।

শুলানভৈরবীকৈব উগ্রতারাক পঞ্চমীন। মাতকীক তথা ধূমাং বগলাং তুবনেবরীন।

রাজরাজেবরীং বালাং ত্রিতাং মহিবমর্দিনীন্। কলাবেতাকাসবৈক পূজাক দক্ষিণাং বিনা।

ব্রাহ্মণো বীরভাবেন সুরাং পীতা অপেরানুম।—নিক ড, পঃ

৩ অভিবেককৃতে বিপ্রে স্থন্নাপানং বিধীয়তে।—ঐ, পঃ १

সত্যে ক্রমাচ্চতুর্বর্ণিঃ ক্রীরাজ্যমধুপিষ্টজৈঃ। ত্রেতায়াং পৃজিতা দেবী হতেন সর্বজাতিভিঃ।
 মধুভিঃ সর্ববর্ণেল্প পুলিতা ছাপরে বুরে।। পুজনীয়া কলো দেবী কেবলৈরাসবৈং গুভৈঃ।

<sup>---</sup>দ্র: প ক স্থ ৩।৩১-এর রামেশ্বরকৃত বৃত্তি

क्षीतः বৃক্ষসমূভ্তমাল্যাং বৰলসভবন্। মধু পুপারসোভ্তং আসবং তণ্লোভবন্।—— : वे

সে বা হক, যামলমতেও দেখা যাচ্ছে কৃলিযুগে ব্রাহ্মণাদি সর্ববর্ণের পক্ষেই আসবযোগে দেবীপূজা বিহিত। রহস্তার্ণব প্রভৃতিতেও অনুরূপ অভিমত ব্যক্ত হয়েছে।

আবার কোনো কোনো তত্ত্বে ব্রাহ্মণাদি বর্ণভেদে সান্তিকাদি মন্তের বিধান দেওরা হয়েছে।
বেমন ত্রিপুরার্গবে বলা হয়েছে—মৃত্য ত্রিবিধ—গৌড়ী মাধবী এবং গৈষ্টা। ইক্তড় ও মধু
থেকে উৎপত্ম স্বরা গৌড়ী। গৌড়ী সান্তিক। মন্ত্রাফুল ক্রাক্ষা এবং তালের রস প্রভৃতি
থেকে বে-স্বরা হয় তার নাম মাধবী। মাধবী রাজসিক। আর পিষ্টক এবং তত্ত্বল থেকে
উৎপত্ম স্বরা পৈষ্টিক বা পৈষ্টা। এটি তামসিক। ব্রাহ্মণের পক্ষে সান্তিক স্বরা এবং ক্ষত্রিয়
ও বৈশ্রের পক্ষে রাজসিক স্বরা বিহিত।

কুলার্থবতত্ত্বে বিধান দেওয়া হয়েছে—<u>বান্ধণ সর্বদা মত্ত পান করবেন, ক্ষত্রিয় যুদ্ধকালে,</u> বৈশ্ব ধনপ্রয়োগকালে কিছু শুদ্র কথনই পান করবেন না।\*

মাতৃকাভেদতত্ত্বে ব্রান্ধণের স্থরাপানের শুধু বিধানই দেওয়া হয় নি তার বিশেষ মাহাত্মাও প্রচার করা হয়েছে। বলা হয়েছে মভূ<u>পানে ব্রান্ধণের মহামোক্ষ লাভ হয়</u>। ব্রান্ধণ ষদি মভ-পানাদি করেন তা হলে সত্য সত্য তৎক্ষণাৎ শিবস্বরূপ হয়ে যান। জল যেমন জলে লয়প্রাপ্ত হয়, তেজ তেজে লয়প্রাপ্ত হয়, ঘট ভেকে গেলে পরিছিল্ল আকাশ যেমন অথগু আকাশে লয়প্রাপ্ত হয়, বায়ু যেমন বায়ুতে লয়প্রাপ্ত হয় তেমনি মভাপানের হারা ব্রান্ধণ ব্রন্ধে লয়প্রাপ্ত হন, পরমাত্মায় লয়প্রাপ্ত হন, সন্দেহ নাই।

তবে উক্ত তন্ত্ৰমতে কোনো ব্যক্তি গায়ত্ৰী জপ করলেই ব্ৰাহ্মণ হয় না অৰ্থাৎ জাতিতে ব্ৰাহ্মণ হলেই ব্ৰাহ্মণ হয় না। যথন ব্ৰহ্মজ্ঞান হয় তথনই ব্ৰাহ্মণকে ব্ৰাহ্মণ বলা যায়।

গন্ধর্বতন্ত্রেও অন্তর্মণ অভিমত ব্যক্ত হয়েছে—হৈতভাবনিষ্ঠদের পশু এবং **অহৈতভা**ব-নিষ্ঠদের ব্রাহ্মণ বলে জানবে।\*

কৃতে তু শৃক্ষৈঃ সম্প্রা প্রতাক্ষৈরাসবৈং প্রিয়ে। ত্রেতায়াং বৈশুশুআভ্যাং নৃপাছে বাপরে বুরে।
 কলো বুরে মহাদেবি ব্রাহ্মণাজ্যে প্রপুঞ্জিতা—ক্রঃ ঐ

গৌড়ী মাধনী চ পৈষ্টী চ ত্ৰিবিধং অব্যমীরিতন্। এক্ষবক্ষোক্রজাতাছা গৌড়ী স্থাৎ সাত্ত্বিকী স্মৃতা।
মধ্ককুক্ষক্রাক্ষাতালবৃক্ষাদিসভবা। মাধনীতি কীর্তিতা তভ্ত্তে রাজসী সা ভবেচ্ছিবে।
পিইত্তুলজাতা বা তামসী পৈষ্টিকী স্মৃতা। সাত্ত্বিকী বাদ্ধণে থাতা রাজসী নৃপবৈশুরোঃ।—ক্রঃ ক্র

৩ ৰান্ধণৈত্ত সদা পেরং ক্ষত্রিহৈত্ত রণাগমে। বৈতি ধনপ্রয়োগে চ শুক্তৈত্ত ন কদাচন।—এ

৪ ৰাহ্মণক্ত মহামোক্ষং মন্তপাৰে প্ৰিরংবদে। ৰাহ্মণঃ প্রমেশানি যদি পানাদিক্ষ চরেং।
তৎক্ষণাচ্ছিবরপোহসৌ সত্যাং স্বত্যাং হি শৈলজে। তোরে তোরং বধা লীনং বধা তেজনি তেজনুষ্।
ঘটে ভয়ে বধাকাশং বারো বায়ুর্থধা প্রিয়ে। ভবৈধ মন্তপানেন ব্যক্ষণো বুক্ষণি প্রিয়ে।
লীয়তে নাত্র সন্দেহঃ পরমান্ধনি শৈলজে।—মাতু ত ৩।৩২-৩৫

<sup>ে</sup> বেদমাতালপেনৈৰ ৰূপাকণো ন হি শৈললে। ৰূপাকানা বদা দেবি তদা ৰূপাকা উচ্চতে।—মাতৃ ত ৩০০১

देवान् शन्न विकानीताम् व्यदेवान् नुक्तिगान् विद्वः ।— १ ७ ७१।२६

এই মত অহুসারেই নিরুত্তরতঞ্জে বলা হয়েছে <u>মৃত্যু ব্রাহ্মণদেরই পেয়, খিজপুরুবদের নয়।</u> পাষ্টই দেখা যাছে এই-সব বচনে যাকে ব্রাহ্মণ বলা হয়েছে তিনি ব্রাহ্মণবর্ণের নাও হতে পারেন। ব্রহ্মজানী কিংবা অবৈভভাবনিষ্ঠ সাধকমাত্রই ব্রাহ্মণ। এ বক্ম ব্রাহ্মণের পক্ষে মৃত্যপান অবত্তই বিহিত। আর এ রক্ম ব্রাহ্মণ অবত্ত ব্রাহ্মণবর্ণোম্ভবও হতে পারেন। কাজেই আলোচ্য বচনগুলিতেও ব্রাহ্মণের পক্ষে মৃত্যপানের বিধানই দেওয়া হয়েছে।

এই ত গেল এক পক্ষ। অ<u>ন্ত পক্ষে বান্ধণের পক্ষে মছপান একেবারে নিষেধ করা</u> হয়েছে। শক্তিসঙ্গমতন্ত্রে বলা হয়েছে সম্প্ত ক্রিয়া বেদমূলক। বান্ধণই বেদ। বান্ধণ বরং প্রাণ দেবেন তবু পূজাদিতে স্থরা অর্পণ করবেন না।

কালীকুলামৃতের মতে ব্রাহ্মণ পূজার স্থরা প্রদান করলে তৎক্ষণাৎ ব্রাহ্মণ্যভ্রষ্ট হবেন। ত মেরুতদ্বের বিধান—ব্রাহ্মণ স্থরাপান করলে রৌরবনরকে বাবেন। ক্রুত্রখামল বিরুত্তর প্রভৃতিতেও ব্রাহ্মণের স্থরাপান-নিষেধস্ফক বচন পাওয়া বায়।

স্থরাপান দ্রে থাক স্থরাম্পর্শ করলেও ব্রাহ্মণের প্রায়শ্চিত্তের বিধান কোনো কোনো তত্ত্বে আছে। বেমন কুজিকাতন্ত্রের বিধান—ব্রাহ্মণ মাছ মাংস থেলে আর মদ স্পর্শ করলে তিন রাত্রি উপোস থেকে তাকে পঞ্চাব্যের দ্বারা শুদ্ধ হতে হবে।

বান্ধণের স্থ্যাপান সম্পর্কে এই ধরণের প্রস্পরবিরোধী বিধিনিষ্থের একটা সমন্বয়ও ত<u>মশান্তে লক্ষ্য করা যায়</u>। গন্ধবিতন্তে বলা হয়েছে—যজ্ঞে মছ্পান বিহিত, তা ছাড়া মছ্পানে পাপ হয়।

নিরুত্তরতপ্র<sup>৯</sup> তন্ত্রাস্তর<sup>১</sup> সময়াচারতন্ত্র<sup>১১</sup> প্রভৃতিতেও অমুরূপ বচন পাওয়া যায়।

১ ৰাক্ষণৈ: পীয়তে মহাং ন মহাং বিজপুক্ষবৈ:।—নিক্ল ত, পাং ৫

২ বেদ্ৰুলাঃ ক্ৰিয়াঃ সৰ্বা ৰ ক্ষিণো বেদ এব চ। প্ৰাণা বরং প্ৰগছন্ত ৰুক্ষিণো নাৰ্পলেং হ্ৰাম্।

৩ ৰাহ্মণন্ত হুৱাং দ্বা ৰাহ্মণ্যাদেব হীয়তে। -দ্ৰ: মাতৃ ত ৪।২-এর পাদটীকা

৪ ৰ ক্ষিণস্ত হয়াং পীছা রৌরবং নরকং ত্রন্তেৎ।—তঃ ঐ

৬ ৰান্ধণস্থ হ্যাপানে ৰান্ধণাং ত্যজতে কণাং।—নিরু ত, পঃ ৭

৮ মদ্যপানং তু যজ্ঞেরু তহিনা পাতকী ভবেং ৷—গ ত ৩৭৷২৬

<sup>»</sup> অভিবেকং বিনা নৈব ৰ াহ্মণঃ স্থাপিবেৎ স্থরাম্।—নিরু ত, পঃ **৭** 

১০ দোবোহক্টত্র বরারোহে যজে দোবো ন বিহুতে। অবনেধাদিযজের বাজিহত্যা যথা ভবেৎ। —তন্ত্রান্তরবচন, প ক স্থ ৩৷৩১-এর বৃত্তিতে উদ্ধৃত

তন্ত্রজ্ঞরা বলেন স্থরাপাননিবেধার্থক এই-সব বচনের তাৎপর্য আছে। <u>স্থরা চারবুগেই</u> পবিত্রকারিণী। শুধু শুক্রের অভিশাপের জন্ম স্থরা <u>রান্ধণের অপেয়। মন্ত্রের বারা শাপমোচন।</u> হলেই স্থরা পূর্বের <u>মতো পেয় হয়ে যায়।</u> কাজেই শাস্ত্রে স্থরানিবেধার্থক বচনের বারা <u>অভিশপ্ত</u> স্থরা নিবেধ করা হয়েছে।

সাধনায় মন্তব্যবহারের হেতু প্রশ্ন হতে পারে যজ্ঞার্থে বা সাধনার অঙ্গ হিসাবেই বা স্বরাপানের ব্যবস্থা শাল্পে কেন দেওয়া হয়েছে? পঞ্চমকারের উদ্দেশ্য বিচার প্রসঙ্গে সাধারণভাবে এ প্রশ্নের আলোচনা আমরা করেছি। সাধনায় পঞ্চমকারের যে-হেতু নির্দেশ করা হয়েছে আদিমকারেরও হেতু মৃথ্যতঃ তাই—দেহে অবস্থিত আনন্দর্রপ ব্রন্মের উপলব্ধি।

কুলার্ণবিতত্ত্বে বলা হয়েছে—আ<u>নন্দ বন্ধের রূপ, তা দেহে অবস্থিত। সেই আনন্দের</u> অভিব্যঞ্জক সভা। এইজভা যোগীরা মভাপান করেন।

লক্ষণীয় শাস্ত্রের নির্দেশ, যোগীরা মগুপান করলে ব্রহ্মের আনন্দরূপ উপলব্ধি করতে পারেন, ভোগীরা নয়।

অবশ্ব ভোগীরাও মগুপানে ষথেষ্ট আনন্দ পায়, নৈলে তারা মগুপান করতই না।
দ্রব্যগুণ স্বাইকে স্বীকার করতে হয়, কেন না তার ফল প্রত্যক্ষ। মন্ত্রের অন্ততম স্বাভাবিক
গুণ আনন্দকরত্ব। চরকসংহিতায় মন্তের গুণ সম্বন্ধে বলা হয়েছে — মগু হর্ষজনক হৃপ্তিকর
ক্রজ্জল্যপ্রদানকারী ভয়-শোক-শ্রম-নাশক। মগু প্রগল্ভতা বীর্য প্রতিভা তৃষ্টি পুষ্টি ও বল
প্রদান করে। সান্তিকপ্রকৃতির লোকেরা ষ্থাবিধি মগ্রাপান করলে সে-মগু তাঁদের পক্ষে অমৃত
তুল্য হয়।

সাত্ত্বিক-রাজসিক- ও তামসিক-প্রকৃতিভেদে মগুপানের পৃথক্ ফল আয়ুর্বেদশাস্ত্রে বর্ণিত হয়েছে। স্বশ্রুতে বলা হয়েছে শাত্ত্বিক প্রকৃতির লোকের পক্ষে মগু শৌচ দাক্ষিণ্য হর্ষ মণ্ডনেচ্ছা সঙ্গীত অধ্যয়ন সৌভাগ্য ও স্থরতোৎসাহ উৎপাদনকারী। রাজসিক

<sup>&</sup>gt; অথবাভিশপ্ত হরাপার্ণনিষেধার্থং সুরাপার্ণনিষিদ্ধবচনম্। সুরা তু চতুর্গ এব পবিত্রকারিণী কেবলম-ভিশাপেনৈবাপেরা অতঃ শাপমোচনপূর্বরূপতরা পেরৈব।—প্রা তো, কাণ্ড ৭, পরিঃ২, ব সং, পঃ ৫০৭

২ আনন্দং ৰ শ্বণো রূপং তচ্চ দেহে ব্যবন্থিতম্। তক্তাভিব্যঞ্জকং মন্তঃ বোগিভিত্তেন পীরতে।—কু ত, পঃ ৫

হর্ণাং প্রীণনং বর্ণাং ভয়শোকশ্রমাগহয়। প্রাগন্ভাবীয়প্রতিভাতৃষ্টপুষ্টবলপ্রদয়।
 সান্ধিকৈর্বিয়ববয়ুক্ত্যা পীতং স্থাদয়ুতং বধা।—চরকসংহিতা ২৭।৩৪

গাজিকে পৌচলাক্ষিণাহর্বমন্তনালনঃ। শীতাধ্যয়নসৌভাগ্যয়য়তোৎসাহকৃয়য়ঃ।
য়ালসে ছংগদীলয়মালতাগাং সসাহসম্। কলহং সাম্মুৰক্ষং তু করোতি পুরুবে ময়ঃ।
অপৌচনিদ্রামাৎস্থাগ্যাগ্যমনলোলতাঃ। অসত্যভাবণং চাপি কুথাকি তামসে ময়ঃ।

মুক্রত, মুত্রস্থানম্, অ: ৪৫

প্রকৃতির লোকের পক্ষে মন্ত তুংধনীলতা আত্মত্যাগ সাহস কলহ এবং সম্বন্ধ উৎপাদনকারী আর তামসিক প্রকৃতির লোকের পক্ষে অশৌচ নিজা মাৎসর্থ অগন্যাগমনলোভ ও অসত্যভাষণ উৎপাদনকারী।

মত্যের এই-সব দ্রবাগ্রণ ব্যবহা করেই অধিকারভেদে সাধনায় মছাপানের ব্যবস্থা দেওয়া হয়েছে।

কুলার্থবতত্ত্বে আছে — যে-মত্মপান করলে দেবতারাও মোহগ্রস্ত হন সেই মত্মপান করেও বাঁর চিত্তবিকার হয় না এবং মত্মপান বাঁর পক্ষে কল্যাণকর, ঘিনি মত্মপান করে শিবপরায়ণ অর্থাৎ ইষ্ট্রদেবপরায়ণ হয়ে মন্ত্রজ্ঞপ করতে পারেন, তিনিই কৌলিক, তিনিই মৃক্তিলাভ করেন।

এমনি সাধকের চিত্তে বিহিত মছাপানের ফলে ব্রন্ধভাবের ক্ষুর্ণ হয়। শাল্পের অভিমত কুলন্তব্য উপভোগের দারা অর্থাৎ বিহিত মছাপানের দারা সাধকের চিত্তে শিবশক্তিরূপ ব্রন্ধের সচিদানন্দলক্ষণ পরম আকার পরিক্ষুরিত হয়।

এই পরিস্ফুরণ হয় আনন্দাহভবরূপে; এই আনন্দ মনও বাক্যের অগোচর। তম্ন বলেন—একমাত্র কুলন্ত্রবা উপভোগের দারা এই আনন্দোল্লাস জন্মে অন্তথা নয়।\*

তা ছাড়া মগুপানে মন স্থির হয়, মন্ত্রার্থক্রণ হয়। কুলার্থবতন্ত্রে আছে—মন্ত্রার্থক্রণের জন্ম মনের স্থৈবি জন্ম এবং ভবপাশ-নিবৃত্তির জন্ম মধুপান অর্থাৎ মগুপান করবে।

যোগিনীতন্ত্রাদিতেও° মন স্থির করার জন্ম মত্যপানের বিধান দেওয়া হয়েছে।

চিত্তের একাগ্রতা না হলে মন স্থির না হলে ধ্যান হয় না। মভূ<u>পানে একদিকে বেমন</u> আনন্দ হয় অন্তাদিকে তেমনি চিত্তের একাগ্রতা জন্মে। তাই পরমানন্দতন্ত্রে ব্যবস্থা দেওয়া হয়েছে—বে-পর্যন্ত আনন্দসংপ্লৃত মন নিশ্চলতাপ্রাপ্ত না হয়, চিত্তের প্রসম্মতা না হয়, দেপর্যন্ত সাধক মভাপানরূপ হোম করবেন।

মত্তপানের সময়ে লোকের মনে ষে-ভাব বা চিস্তা থাকে মত্তপানের ফলে সেইভাব বা চিস্তাই উদ্দীপ্ত এবং প্রবল হয়; মন সেই ভাবে নিবিষ্ট হয়ে যায়। সাধারণ মত্তপায়ীর

অহো ভুক্তর বয়ভাং মোহয়েং ত্রিদশানপি। তবৈরেয়ং শিবং পীছা বো ন বিক্রিয়তে নরঃ।
 জপন্ শিবপরো ভূছা স মৃক্তং স চ কোলিকঃ।

—কু ত, উঃ ६; য়ঃ প ক স্ ৩।১১-এর বৃত্তি

২ আবরো: পরমাকারং সচিবানন্দলকান্। কুলদ্রব্যোপভোগেন পরিক্রতি নায়থা।—কু ত, উ: ।

৩ অন্তঃস্থামুভবোলাদো মনোবাচামগোচর:। কুলক্রব্যোপভোগেন নায়তে নায়ণা প্রিরে।—ঐ

মন্ত্রার্থক্রণার্থায় মনসঃ ছৈর্থহেতবে। ভবপাশনিবৃত্ত্যর্থং মধুপানং সমাচরেং।—য় ; কৌ র, পৃঃ ৩০

কুলক্রব্যং সমাঞ্রিত্য মনো নিশ্চলতাং নয়ে९।—বোগিনীতন্ত্রবচন, ক্রঃ প ক স্থ ।।২২-এর বৃত্তি

७ जावरान इरान रावि वावनानमानः हुनः। मरना निम्ननाः वाि विकः वािन ध्वनानाः म् ।—अः य

ক্ষেত্রেও এই ব্যাপারটি লক্ষ্য করা যায়। সে যতাই বেদামাল হক না কেন, তার চিত্ত খেদিকে ধাবিত হয় তার থেকে চ্যুত হয় না। সাধ্<u>কের মনে থাকে আধ্যাত্মিক ভাবনা।</u> কা<u>জেই শাস্ত্রবিহিত্ত মন্ত্রপানে সাধকের আধ্যাত্মিক ভাবের উদ্দীপন এবং প্রাবন্য হয়;</u> তাঁর মন সেই ভাবে নিবিষ্ট হয়। এমনি করেই মন্ত্রপানে মন নিশ্চনতা প্রাপ্ত হয়।

পঞ্চতত্ত্বের বাসনা বা ভাবনার কথা পূর্বেই বলা হয়েছে। শাস্ত্রনির্দিষ্ট ভাবনা মনে রেথে সাধকের স্থরাপান করতে হয়। এর ফলে তাঁর মন আধ্যান্থিক ভাবে নিবিষ্ট হয়। এ বিষয়ে শাস্ত্রের বিধান—সাধক মন্ত্রপানের সময় ভাববেন পশুপাশ বিনাশের জন্ম এবং দিব্যক্তান উপলব্ধির জন্ম ভবরোগের ঔষধ এই পবিত্র অমৃত আমি পান করছি।

শাস্ত্রের নির্দেশ সা<u>ধুকের অন্তরে যথন সান্তিকভাবের প্রাধান্ত হয় তথনই তাঁকে</u> কুলন্তব্যসেবন অর্থাৎ স্করাপান করতে হবে ; অন্তথা স্করাপানে তাঁর পতন হবে।

অন্তরে সান্ত্রিকভাবের প্রাধান্ত হয়েছে কি না তা সাধক নিজেই বুঝতে পারেন। যার অন্তরে সান্ত্রিকভাবের প্রাধান্ত নেই তাঁর পক্ষে মুখ্য স্থরা বিহিত নয়।

স্থার মাছাত্র এই-সব নানা কারণে সাধক স্থরাকে সাধারণ স্থরাপায়ীর চেয়ে ভিন্ন
দৃষ্টিতে দেখেন। তাঁর দৃষ্টিতে স্থরা পূর্ণবিদ্ধায়ী দেবী। তিনি জীবের নিস্তারকারিণী
দ্রব্যয়ী তারা। ভোগমোক্ষজননী স্থরা বিপদ- ও রোগ-বিনাশকারিণী। তিনি সমস্ত পাপ
দগ্ধ করেন, সমস্ত জগৎকে পবিত্র করেন। সর্বসিদ্ধিপ্রদা স্থরা জ্ঞান বৃদ্ধি ও বিভা বর্জন করেন।
মৃক্ত মৃমৃক্ষ্ সিদ্ধান সাধক নূপতি এবং দেবতারা সর্বদা স্থ স্থভীষ্টসিদ্ধির উদ্দেশ্যে স্থরাসেবন
করে থাকেন। সম্যক্ বিধান অহুসারে স্থসমাহিত্যিত মানব মন্তপান করে জগতে দেবতার
মতো বিরাজ করেন।

১ को ब्र, शुः १७

২ পশুপাশবিনাশায় দিব্যজ্ঞানোপলৰ ধ্যে। ইদং পবিত্ৰমমৃতং পিৰামি ভবভেষজন্।—গ ত ৩৫।৩২

কুলদ্রব্যং নিষেবেত ঘদা সন্থাধিকা মতিঃ। অশুধা সেবনং কুর্বন্ পতনায়য়ব কল্পতে।

<sup>—</sup>ক্লুমামলবচন, ডাঃ প ক স্থ ১০। ১৬-এর বৃত্তি

को त्र, शुः २००-२००

পূর্ব ক্ষময়ী দেবিই হরাদেবী ন চাল্পধা।—মাতৃ ত ৪।১৪

শ্বা অবসরী তার। জীবনিস্তারকারিণী। জননী ভোগমোক্ষাণাং নাশিনী বিপদাং ক্রজান্।
দাহিনী পাপসংখানাং পাবনী জগতাং প্রিয়ে। সর্বসিদ্ধিপ্রদা জ্ঞানবৃদ্ধিবিভাবিবর্ধিনী।
মুক্তৈ মুমুক্তি: সিলৈ: সাধকৈ: ক্রিতিপালকৈ:। সেব্যতে সর্বদা দেবৈরাতে কাজীইসিদ্ধরে।
সম্যাগ্রিধিবিধানেন স্প্সাহিতচেত্সা। পিবস্তি মদিরাং মঠ্যা অমর্ত্যা এব তে ক্রিতৌ।

<sup>---</sup> 과환 영 > > | > e - > > >

ত্ত্রে মুক্তকণ্ঠে স্থরার মাহাত্ম্য ঘোষণা করা হয়েছে। মাতৃকাভেদতঞ্জের মতে । নির্বাণবিষয়ে মন্ত প্রম কারণ। মন্তপান ব্যতীত মহামোক্ষলাভ হয় না।

এই প্রসঙ্গে উল্লেখ করা যায় তন্ত্রমতে হ্বরা ভোগ ও মোক্ষের কারণ। এইজন্ম হ্বরার অক্সতম নাম হয়ে গেছে কারণ। তান্ত্রিক সাধকমহলে হ্বরা বা মত্তের চেয়ে কারণ শব্দটিরই অধিক প্রচলন। কৈবলাতক্রে কারণশব্দের অর্থ ব্যাখ্যায় বলা হয়েছে—মন্ম ধর্ম অর্থ কাম ও মোক্ষের এবং বিষয়সমূহের কারণ বলে মন্মকে কারণ বলা হয়। ব্রা ব্রহ্মমন্ত্রী বলেই সব্কিছর কারণ। এই কারণের মাহাত্ম্য বর্ণনা করতে গিয়ে কুলার্ণবতদ্বে বলা হয়েছে—মন্ত্রপুত কুলন্তব্য দেবতাকে অর্পণ করে যে-সব লোক প্রসাদরূপে তা সেবন করেন তাঁদের আর স্কন্যপান করতে হয় না অর্থাৎ তাঁদের প্রজন্ম হয় না।

মগুণানের দারা কি করে পুনর্জন্ম বন্ধ হয় বা ভববন্ধন মোচন হয় কুলার্ণবে তাও বলা হয়েছে। মন্ত্রসংস্কারের দারা শোধিত মগু অমৃত হয়ে যায়। সেই অমৃতপানে সাধকের চিত্তে দেবভাবের উদয় হয় আর সেই দেবভাবই ভববন্ধন মোচন করে।

মত্তপানের প্রকারভেদ তত্ত্বে মত্তপানের বিভিন্ন প্রকারভেদ করা হয়েছে এবং কোন প্রকারের মত্তপান প্রশন্ত তার নির্দেশ দেওয়া হয়েছে। পরমানন্দতন্ত্রের মতে দ্বিন্ত্রা বার-ও পশু-ক্রমে স্বাস্থ্যীকার অর্থাৎ মত্তপান ত্রিবিধ। দেবতাবিদর্জনের পূর্ব পর্যন্ত দিব্যপান, তার পরে বারপান এবং অসংস্কৃত দ্রব্যপান প্রভূপান বান্ধনের পন্দে দিব্যপান বিধি, ক্ষ্ত্রিয় ও বৈশ্যের পক্ষে অপশুপান অর্থাৎ দিব্য ও বীরপান বিধি এবং শৃল্যের পক্ষে ত্রিবিধ পানই বিধি।

কুলার্গবতন্ত্রেও এই ত্রিবিধ পানের কথা আছে। দেবীর সন্মুথে পানকে দি<u>ব্যপান,</u> মুখাসনে হ'ত পান বী<u>রপান</u> এবং স্বেচ্ছায় পশুর মতো পানকে পশুপা<u>ন</u> বলা হয়।

১ নির্বাণবিষয়ে দেবি মন্তং পরমকারণম। মন্তপানং বিনা দেবি মহামোকো ন লভ্যতে।—মাতৃ ত ৪।১২

ধর্মার্থকামমোক্ষাণাং বিষয়াণাঞ্চ পার্বতি। সর্বেবাং কারণং বন্ধাং কারণং পরিকীর্তিতন্।
 —ক্রঃ প্রা তো, কাগু ৭, পরিঃ ২, ব সং, পুঃ ১১০

মন্ত্রপূতং কুলদ্রবার গুরুদেবার্পিতং প্রিয়ে। বে পিবন্তি জনান্তেবাং অন্তপানং ন বিভাতে।

কু ত, উ: ৫

৪ মন্ত্ৰসংস্থারগুদ্ধামৃতপানেন পার্বতি। জারতে দেবতাভাবো ভবৰক্ষিমোচক:।—ই

পানঞ্চ ত্রিবিধং প্রোক্তং দিবাবীরপশুক্রমাৎ। দিব্যং দেবাপ্রতঃ পানং বীরং মূদাসনে হতম।
ব্যক্তরা পশুবংপানং পশুপানমিতীরিতন।
—কু ত, উঃ १

শক্তিসঙ্গমতন্ত্রেও দিব্যপান সহদ্ধে এই অভিমতই ব্যক্ত হয়েছে কিন্ত বীরপান ও প্রপান সহদ্ধে এই তব্রের ব্যাখ্যা ভিন্ন। বীরপান সহদ্ধে বলা হয়েছে—সমস্ত আশন্ত ত্যাগা করে, সমস্ত বাসনামলসঞ্চয় উন্মূলিত করে যে-সাধক কৌলিকাচারে পঞ্চতত্ত্বের দ্বারা দেবীর তৃপ্তিবিধান করেন এবং ক্রমে ষট্চক্রভেদের দ্বারা কুগুলীমূথে মন্ত আছতি দেন তাঁর ধ্যানার্চনার অবস্থাই উৎকৃষ্ট বীরপান।

পশুণান সম্বন্ধে বলা হয়েছে আসক্ত লোলুণ দম্ভী কামুক ব্যক্তি মন্ত্ৰাৰ্থের প্ৰসঙ্গ ছাড়া ব্যে-মন্ত্ৰণান করে তা পশুপান। কৌলাচারে অবস্থিত ব্য-সব গবিত ব্যক্তি পূজা ছাড়া মন্ত্ৰণান করে তাদের পানও পশুপান।

কুলার্ণবতদ্বের মতে দিব্যপান ভূক্তিম্ক্তিপ্রদ বীরপান ম্ক্তিপ্রদ আর পশুপানে নরকে বেতে হয়।°

মদ্যের শোধন বা সংস্কার—মত্যের শোধন বা সংস্কার করে ব্যবহার বিধি। শান্তের নির্দেশ—সাধক যথাবিধি কুলদ্রব্যের সংস্কার করে তার পর দেবতার অর্চনা করবেন। বিদ্যালিক জ্বানিবেদন করতে হয়। তন্ত্রশান্ত্রান্ত্রসারে শুদ্ধান্তর সমস্তই শোধনের দ্বারা শুদ্ধ হয়ে যায়। এইজন্মই দ্রব্যাদি শোধনের বিধি।

তত্ত্বে অসংস্কৃত বা অশোধিত স্থরাপানের বহু নিন্দা করা <u>হয়েছে</u>। কুলার্থবতত্ত্বে বলা হয়েছে অসংস্কৃত স্থরাপানের ফল কলহ ব্যাধি এবং তুংখ। এর দ্বারা কীর্তি আয়ু সৌখ্য বিভাও ধর্ম নাশ হয়।

সময়াচারতম প্রভৃতিতেও অনুরূপ অভিমত ব্যক্ত হয়েছে। সেইজগ্রই তন্ত্রের বিধান—

- > দিবাং দেব্যগ্রতঃ পানমূত্রমং বীরপানকন্। ত্যক্তসর্বাশয়োলূলবাসনামলসঞ্জয়।
  কৌলিকাচারবোগেন পঞ্চত্রেন তর্পয়েং। বট্চক্রক্রমভেদেন হনেদ য়ব্যং সমন্ত্রকন্।
  ধ্যানার্চনপরাবন্ধা বীরপানমন্ত্রমন্।—শ স ত, তা খ, ৩০)৬-৮
- আসন্তলোল্পো দভো মন্ত্রার্থে ছপ্রসঙ্গতঃ। কাম্কঃ কামনির্দেশঃ পশুপানং তত্ত্বতে।
   সর্বৈঃ কুলীনৈঃ স্থিছা তু বিনা পূজাং হুগর্বিতৈঃ। বংপানং ক্রিরতে দেবি পশুপানং তত্ত্ব্যতে।
   —ঐ ৩৩।১০-১১
- ৩ ভৃক্তিমুক্তিপ্রদং দিব্যং বীরং মুক্তিপ্রদং ভবেং। পশুপানং নারকেরং এবং পানকলং প্রিয়ে।--কু ত, উ: ৭
- ৪ তত্মাৎ সংস্কৃত্য কুলন্সব্যং বিধিবৎ ততোহর্চয়েৎ।—কু ত, উ: ৬
- ৫ শুদ্ধাশুদ্ধং ভবেৎ শুদ্ধং শোধনাদেব পার্বতি ।—নিত্যাতম্ববচন, ত্রঃ প্রা তো, কাগু ৭, পরিঃ ১, ব সং, পুঃ ৪৯৯
- ৬ অসংস্কৃতহুরাপানং কলহব্যাধিত্ব:খদন্। কীর্তিরাযুক্ত সৌবাঞ্চ ধর্মো বিদ্যা চ নশুতি।-- কু ত, উ: ৬
- ৭ অসংস্কৃত্য পশো পানং কলহোৰেগপাপকৃৎ। মন্ত্ৰপূজাবিহীনং বং পশুপানং তদেব হি।
  - ত্রিপুরামহোপনিবদের পঞ্চলশাংখ্যক মন্ত্রের ভাকররারকৃতভান্তে উদ্ভূত

যথাশান্ত সংস্কৃত কুল্দ্রব্যের ছারা দেবীর অর্চনা করতে হবে। তা না করলে মন্তদেবী নরকে যাবে।

তত্ত্বে অসংস্কৃত মন্তপানের ধেমন নিন্দা করা হয়েছে তেমনি সংস্কৃত মন্তপানের বছ প্রশংসাও করা হয়েছে। ধেমন সময়াচারতন্ত্রমতে সংস্কৃত স্বরাপান বোধজনক, প্রায়শ্চিত্ত-করেক ও শুদ্ধিকারক এবং মহাপাতকনাশক। এর দ্বারা মন্ত্রার্থের স্ক্রণ হয় আর আয় শ্রী কান্তি সৌভাগ্য ও জ্ঞান লাভ হয়।

গন্ধবিতত্ত্বে শোধিত বা সংস্কৃত স্থরাকে অমৃত বলা হয়েছে। উক্ত তন্ত্রমতে সর্বভৃতে মমতা, মান-অপমান-শত্রুমিত্র-লোট্টাশ্মকাঞ্চনে সমদৃষ্টি, ব্রদ্ধচিন্তাজাত আনন্দ, বাহুচিন্ততার নির্ত্তি, সর্বত্ত সর্বকালে সমত্ত্ব্দ্ধি, নির্বিকারতা, অপলকদৃষ্টি, স্মিত মধুর ভাষণ—এই-সব অমৃতের ত্র্লভ গুণ। ত

মত্যের সংস্কার বা শোধন করতে হয় মন্ত্রের ছারা। মাতৃকাভেদতত্ত্রের মতে মন্ত্রের ছারা।
শোধিত দ্রব্য ভক্ষণকরলে তা অমৃত হয়ে যায় 1°

তদ্ভরাজতদ্ভের টীকা মনোরমায় সংস্কারশব্দের ব্যাখ্যায় বলা হয়েছে ক্রিয়াবিশেষের ছারা কোনো বস্তুর স্বাভাবিক অসদ্গুণের অপনয়ন করে সদ্গুণবিশেষের আধিক্যকরণের নাম সংস্কার। শুমন্ত্রের ছারাই এই ক্রিয়াবিশেষ নিষ্পান্ত হয়।

মন্তদংস্কার ব্যাপারটির ব্যাখ্যা করে কৌলমার্গরহন্তে বলা হয়েছে "ম<u>তাদিতে মোহিনী</u> এ<u>বং আনন্দদায়িনী, এই তুইটি শক্তি আছে। মোহ তমোগুণের ধর্ম ও আনন্দ সত্তুণের ধর্ম, ইহা সর্বসন্মত। অতএব মতাদিতে সত্তুণ আছে, কিন্তু তাহা তমোগুণে আরত। মন্ত্রাদিসংস্কারের ধারা তমোগুণের আবরণ অপসারিত করিলে সত্তুণের বিকাশ হয়, অতএব,</u>

- সংস্কৃতং ৰোধজনকং প্রারশ্চিত্তং চ গুজিকুৎ। মন্ত্রাণাং ক্ষুরণং তেন মহাণাতকনাশনন্।
  আয়: ঞ্জীঃ কান্তিসোভাগ্যং জ্ঞানং সংস্কৃতপানতঃ।—ত্রিপুরামহোপনিবদের পঞ্চদশসংখ্যক মন্ত্রের
  ভাস্কররারকৃত ভারে উজ্বৃত
- সমতা সর্বভূতের মানাপমানয়ো সমঃ। সমঃ শক্রো চ মিত্রে চ সমলোষ্ট্রাগ্যকাঞ্চনঃ।
   ব্রুদ্ধচিস্তোত্তবানন্দনিবৃত্তবাহাচিত্ততা। সর্বকালের সর্ব্রে সমত্তং নির্বিকারতা।
   চক্র্বোরনিমেবত্তং মধ্রশ্বিতভাবণম্। অমৃতত্ত গুণা এতে ক্থিতা ভূবি তুর্লভাঃ।—
   গ্রুত ৩৪।৮৬-৮৯
- ৪ মত্রেণ শোধিতং ক্রব্যং ভক্ষণাদমূতং ভবেৎ।—মাতৃ ত ৩।১৩
- সংস্কারঃ বস্তুনঃ কন্তচিৎ স্বাভাবিকাসদৃশুণাগয়নয়নেন ক্রিয়াবিশেবেণ সদৃশুণবিশেছাধিক্যকরণঃ।
   ত র ত ২৬।২৬-এর মনোরমা

এইপ্রকার সংস্কৃত দ্রব্যসেবনে <u>আনন্দ্র্মাত্রেরই ক্রণ হয়, চিত্তমোহ হয় না।"</u> স্<u>থার</u> আ<u>নন্দই অমৃত।</u> ২

তদ্ধবিদেরা বলেন ম<u>দ্রের দারা যে মদ্যের তমোগুণ দূর হয় এবং সম্বগুণের বিকাশ হয় এ</u>
ব্যাপারটি তর্কের দারা বৃশান যায় না। ম<u>দ্রের শক্তি অচিন্তনীয়</u>। এই শক্তির দারা
কি হতে পারে না পারে তা প্রত্যক্ষ অভিজ্ঞতার দারাই ভাল বোঝা যায়। গুরুপদিষ্ট
উপায়ে যথাবিধি মত্যপান করলেই সাধক স্বয়ং মদ্রের দারা দ্রব্যশোধনের ফল প্রত্যক্ষ করতে
পারবেন।

আক্রান্ত তথ্বের শোধন—এই প্রসঙ্গে বলা প্রয়োজন শুধু আদিমকার নয়, অস্তান্ত মকারও শোধন বা সংস্কার করে গ্রহণ করা বিধি। ত্রিপুরামহোপনিবদে বলা হয়েছে — মত্ত মাংস মৎস্ত মূদ্রা এবং কুগুগোলোম্ভবদ্রব্য পাকাদি লৌকিক সংস্কার এবং শাপমোচনাদি বৈদিক সংস্কারের অর্থাৎ মন্ত্র্যুগরের দ্বারা সংস্কৃত করে স্কুক্তি সাধক মহাদেবীকে নিবেদন করবেন এবং তার পরে স্বয়ং আত্মসাৎ করবেন। এইরূপ করলে তিনি সিদ্ধিলাভ করতে পারবেন।

স্থানোধন অনুষ্ঠান পৃষ্ণতত্ত্বোধনের প্রধান মন্ত্রগুলি বৈদিক। এইজ্লাই মন্ত্র-সংস্থারকে বৈদিকসংস্কার বলা হয়েছে। তবে পঞ্চতত্ব শোধনে তান্ত্রিক মন্ত্রও ব্যবহৃত হয়।

স্বরাশোধনের কথা হচ্ছিল। স্বরাশোধনের শাস্ত্রবিহিত বিস্থৃত অমুষ্ঠান আছে। সাধককে গুরুর কাছে দে-সব শিক্ষা করতে হয়। কুলার্গবতন্ত্রে স্বরাশোধনের বিষয়ে বলা হয়েছে—বীক্ষণ প্রোক্ষণ ধ্যান মন্ত্র এবং মৃদ্রার দ্বারা শোধিত স্বরা পানযোগ্য এবং দেবতার প্রীতিকারক।

বীক্ষণ অর্থ দিব্যদৃষ্টির দারা বীক্ষণ; প্রোক্ষণ অর্থ <u>মূল্মঞ্জের</u> দারা অভিম<u>ন্ত্রিত জলের</u> দারা প্রোক্ষন; ধ্যান <u>অর্থ অমৃতরূপে ধ্যান, মন্ত্র অর্থে মূল্মন্ত্রজণ</u> আর মূ<u>লা অর্থ ধেহুমূ</u>লা প্রদর্শনা হার ক্রালোধনের এই-সব অমুষ্ঠানের বিস্তৃত বিবরণ নানাতন্ত্রে পাওয়া যায়।

১ কৌর, পু: ৩২ ২ স্থানন্দরূপমমূতং বদ্বিভাতি।—মু উপ ২।২।৭

ও পরিক্রতং ঝবমান্তং পলং চ ভক্তানি বোনীঃ স্থপরিক্রতানি।
নিবেদরন্দেবতারৈ মহত্যৈ সাম্বীকৃত্য স্কৃতী সিদ্ধিমেতি।—ত্রিপুরামহোপনিবং ১২

৪ ভাস্কররারকৃত ভান্ত অবলম্বনে অমুবাদ

৫ বীক্ষণং প্রোক্ষণং ধ্যানং মন্ত্রমূদ্রাবিশোধনম্। ক্রব্যা তর্পদযোগ্যং ভাদ্ দেবতাঞ্রীতিকারকম্।—কু ত ই: ৬

७ को ब्र, शृः ১৫३

ণ এর: কুত, উ: ৬; তারারহস্ত, পঃ ৬; প্রা তো, কাও ণ, পরিঃ ২; বৃহ ত সা, পরিঃ ৫; মহা ত, ডঃ ৫; ইত্যাদি

এথানে শুধু ম<u>দ্যাদি শোধনের বৈদিক মন্ত্রের</u> বিবরণ দেওয়া হবে। অক্যান্ত বিবরণ শাস্ত্র গুরুমুখে জ্ঞাতব্য।

স্বাশোধনের অক্ততম প্রধান অহুষ্ঠান স্থবার শাপবিমোচন। তদ্ধুমতে স্থবাকে অভিশাপ দেন ভক্রাচার্য বন্ধা এবং শ্রীকৃষ্ণ।

শুক্রশাপের কাহিনীটি এই—দৈত্যরা বৃহস্পতিপুত্র কচকে হু হ্বার বধ করে কিন্তু হ্বারই শুক্রাচার্য স্বীয় শিশ্বকে সঞ্<u>ঞাবনীবিছার</u> দারা বাঁচিয়ে দেন। এবার দৈত্যরা কচকে মেরে পুড়িয়ে চূর্ণ করে আচার্যের পেয় মছের সঙ্গে মিশিয়ে দেয়। আচার্য এ-সব কিছুই জানতেন না। তিনি স্বেই মছ পান করেন। এর পর তিনি জানতে পারেন দৈত্যরা কচকে বধ করেছে। তথন তিনি আবার আগের মতো সঞ্জীবনী মন্ত্র পড়ে কচকে আহ্বান করেন। মন্ত্রবলে কচ গুরুর উদরে বেঁচে উঠেন। কিন্তু পেট চিরে বেরিয়ে আসতে পারেন না। এলে গুরুহত্যা ও ব্রহ্মহত্যার পাপ হবে। তিনি গুরুকে সব নিবেদন করেন। শুক্রাচার্য তথন কচকে সঞ্জীবনীবিছা দান করেন। কচ এবার গুরুর পেট চিরে বেরিয়ে আসেন ও মন্ত্রবলে গুরুকে বাঁচিয়ে দেন। হ্বাপানের জন্তই এরূপ একটা গহিত কাজ হয়েছিল বলে শুক্রাচার্য এই বলে হ্বরাকে অভিশাপ দেন—আজু থেকে যে-মন্দবৃদ্ধি ব্রান্ধণ মোহবশতঃ হ্বরাপান করবে দে তৎক্ষণাৎ ব্রাহ্মণাচ্যুত হবে, ব্রহ্মহত্যাকারী হবে এবং ইহলোকে ও পরলোকে নিন্দিত হবে। আমি এই উক্তির দারা বিপ্রধর্মের সীমা ও মর্যাদা সর্বলোকে নির্দেশ করে দিলাম। গুরুশুশ্রাকারী সাধু ব্রান্ধণের। দেবতারা সব লোকেরা আমার কথা শুরুন।

ব্রহ্মার অভিশাপ সম্বন্ধে বলা হয়েছে <u>ব্রহ্মা মত্তপানে মোহগ্রস্ত হয়ে স্বীয় কত্যাগ্মনে উত্তত</u> হ<u>য়েছিলেন</u>। এই <u>জ্ব্যু তিনি মত্তকে অভিশাপ দে</u>ন।

আর <u>শীক্ষের অভিশা</u>প সম্বন্ধে বলা হয়েছে স্থ<u>রাপানে মন্ত মাদবগণ পরস্পর যুদ্ধ</u> করে নিহত হয়। এইজন্য <u>শীকৃষ্ণ স্থরাকে অভিশাপ দে</u>ন।

এই তিন অভিশা<u>পের দারা হুরার বন্ধময়ত্ত</u> আরুত হয়ে যায়। যথাশাল্প শাপুমোচন

১ महा ७ ६। ३३६ २ वे ६। ३३४ ७ वे ६। ३३३- এর हीका

<sup>8</sup> বো ৰুক্তালাং অপ্ৰভৃতীহ কশ্চিমোহাৎ স্থবাং পাশুতি মন্দৰ্ভিঃ।
অপেতথৰ্মা ৰুক্তা চৈব স স্থাদামিলোঁকে গাহিতঃ সাং পরে চ।
ময়া চৈতাং বিপ্রধর্মোক্তিসীমাং মর্যাদাং বৈ ছাপিতাং সর্বলোকে।
সন্তো বিপ্রাঃ শুক্রবাংসো গুরুণাং দেবা লোকান্টোপশুস্ক সর্বে।—মহা ভা ১।৭৬।৬৬-৬৮

e 3. Gr. L., 3rd Ed., p. 137, f. n. 7

y Ibid, p. 135, f. n. 1

হলেই তা প্রকাশিত হয়। মাতৃকাভেদতত্ত্বে বলা হরেছে — সাক্ষাৎ ব্রহ্ময়ী দেবী অভিশপ্তা হ<u>ওয়ার জন্ম</u> বাকণী। শাপমোচন হলেই তিনি ব্রহ্মরপা পরা স্থাময়ী।

শাপবিমোচনের বৈদিক মন্ত্রটির ভাবার্ধ এই—হংস ( ব্রহ্ম বা হর্ষ ) ছ্যুলোকে বা স্বর্লোকে অবস্থিত। ইনি সর্বত্রগামী বায়্রূপে অস্তরীক্ষে বা ভ্বর্লোকে অবস্থিত, অগ্নিরূপে বেদিতে অর্থাৎ পৃথিবীতে বা ভ্রেলাকে অবস্থিত। ইনি সোমরূপে কলসীতে অবস্থিত কিংবা অতিথি ব্রাহ্মণরূপে বা পাকাদির সাধন লৌকিক অগ্নিরূপে গৃহে অবস্থিত। ইনি চৈতজ্ঞরূপে মন্ত্রমধ্যে সংস্থিত, ব্রহ্মাদি দেবগণমধ্যে সংস্থিত কিংবা আদিত্যরূপে অবস্থিত। ইনি ঋতে অর্থাৎ সত্যে বা যক্তে অবস্থিত, আকাশে বায়ুরূপে অবস্থিত, শঙ্খাদি জলজাতরূপে অবস্থিত, ব্রীহিষ্বাদি পৃথিবীজাতরূপে অবস্থিত বা রশ্মিজাতরূপে অবস্থিত, যক্তাঙ্গরূপে অবস্থিত বা সকলের দৃশ্য স্থায়ী পদার্থরূপে অবস্থিত। ইনি উদ্যাচলজাতস্থ্রিপ অবস্থিত বা নত্যাদি অক্তিজাতরূপে অবস্থিত। ইনি উদ্যাচলজাতস্থ্রিপ অবস্থিত বা নত্যাদি অক্তিজাতরূপে অবস্থিত। ইনি বৃহৎ অর্থাৎ সর্বকারণ পরব্রহ্ম।

এই প্রসঙ্গে স্থারণ করা যায় এই ঋকের "ঋষি স্বয়ং বা<u>মদেব,</u> যিনি মাতৃগর্ভে থাকিতেই ব্রহ্মজ্ঞান পাইয়াছিলেন। এই ঋকের নাম হংসবতী ঋক্। যাব<u>তীয় ঋগ্মন্ত্র-মধ্যে</u> গায়ত্রী মন্ত্রের পরেই বোধ হয় এই মন্ত্রটির প্রসিদ্ধি। তান্ত্রিক হংসমন্ত্রের বা অজপামন্ত্রের মূল এই হংসবতী ঋক্।"

বৈদিক মন্ত্রটির তাৎপর্য আলোচনা করলে দেখা যায় নি'গুণ ব্রহ্ম পগুণ ব্রহ্ম এবং তত্তুত জগতের যাবতীয় পদার্থ যে স্বরূপতঃ এক এই মন্ত্রে তাই প্রতিপন্ন হয়েছে।

স্বাশোধনে মন্ত্রটির প্রয়োগের ছারা স্থরা যে সাক্ষাৎ ব্রহ্মময়ী এই ভাবটিই সাধকের মনে দৃচ্মূল হয়।

স্থামধ্যে <u>আনন্দতৈরব ও আনুন্দতৈরবীর</u> ধ্যান স্থরাশোধন-অন্ধ্রানে বিহিত। এই ধ্যানের ছারাও স্থরা যে ব্রহ্মময়ী এই ভাবটি পরিষ্কৃট হয়। কারণ আনন্দতৈরব ও আনন্দতিরবী ব্রহ্ম ভিন্ন আর কিছু নয়।

১ সাক্ষাদ্ ৰূক্ষময়ী দেবী চাভিশপ্তা চ বাৰুণী। শাপমোচনমাত্ৰেণ ৰূক্ষৰূপা হথা পরা।—মাতৃ ড ১৪।১২

হ্রী হংসঃ শুচিষদ্ বহরন্তরিক্ষসক্ষোতা বেদিবদ্বতির্বি দ্রোশসং।

 ন্যধরসদৃতসদ্ব্যোমসদৰ্কা গোজা বতজা অজিলা বতস্।—ব বে ৪।৪০।৫, ক উপ ২।২।২
 হী তান্ত্রিক বীজ। বৈদিক সত্ত্রের সঙ্গে এটিকে বোগ করা হরেছে।

७ वळक्यां, शुः ३७४

в ততো ত্রবামধ্যে আনন্দভিরবম্ আনন্দভিরবীঞ্ধ্যারেং।—প্রা তো, কাণ্ড •, পরি: ২, ব সং, পৃ: ৫১১

পূর্বোক্ত তিবিধ শাপমোচনের জন্ম তত্ত্ব তিবিধ মধ্রের প্রয়োগ নির্দিষ্ট হয়েছে।

মাংস শোধন—মাংসশোধনের বৈদিক মদ্রের ভাবার্থ এই:—যে বিষ্ণুর বিস্তার্ণ
তিপাদপ্রক্ষেপে সর্বপ্রাণী আশ্রের নিয়ে বাদ করছে দেই বিষ্ণু শক্রবধ প্রভৃতি কুংসিংকর্ম।
পর্বতবাদী ভয়ানক সিংহের মতো দকলের খারা স্তম্ভ হোন।

সাধকের মাংসভক্ষণ সম্বন্ধে তন্ত্রশাল্পে বিবিধ বিধান আছে। দৃষ্টাস্কম্বরূপ একটি বিধানের উল্লেখ করা যেতে পারে। পরগুরামকল্পত্রে বিধান দেওরা হয়েছে—সাধক্ মাংস ও মংস্থ প্রহণ করবেন কিন্তু স্বয়ং পশু বা মংস্থের প্রাণনাশ করবেন না। তবে যদি অন্ত কোনোলোক পাওয়া না যায় তা হলে মাংস বিষয়ে এই নিয়ম খাটবে না অর্থাৎ তখন সাধক স্বয়ং পশুবধ করতে পারবেন। কিন্তু সেই পশুবধ হবে পূজার অঙ্গ। সাধক এই মন্ত্র পাঠ করে পশু বধ করবেন—পশু, তুমি উদ্বৃদ্ধ হও, তুমি জাশিব নও, তুমি শিব। শিব তোমার পিশু স্বর্থাৎ শরীর ছিল্ল করছেন। আমা হতে তুমি শিবতা প্রাপ্ত হও।

মংস্থাসম্পর্কেও এই ব্যবস্থা অর্থাৎ উদ্বৃধ্যস্থ ইত্যাদি মন্ত্র পাঠ করে মৎস্থের প্রাণনাশ করতে হবে।

মাংসের লৌকিক সংস্কার সম্বন্ধে ত্রিপুরার্ণবের বিধান—মিষ্টি টক হিঙ্গ বীজ (পদ্মবীজ বা পুক্রমূল) মরীচ আর ঘি দিয়ে ভাল করে রালা করে মাংসকে স্থান্ধ নরম স্থানিদ স্থাত্ ও মনোহর করতে হবে।

- (i) ওঁ একমেব পরং বুদ্ধা বুলপুল্মময়ং ধ্রবন্। কচোত্তবাং বুদ্ধাহত্যাং তেন তে নাশয়ামাহন্।
   প্রমন্তলমধ্যত্বে বরণালয়সপ্তবে। আমাবীজময়ে দেবি শুক্রশাপাদিম্চ্যতাম্।
   বেদানাং প্রণবো বীজং বুদ্ধানন্দময়ং যদি। তেন সত্যেন তে দেবি বুদ্ধাহত্যা ব্যপোহতু॥—মহাত ৫।১৯৪-১৯৬
- (ii) ব্ৰহ্মার শাপমোচনমন্ত্ৰ—বাঁ বাঁ বুঁ বৈঁ বোঁ বিঃ ব্ৰহ্মশাপৰিমোচিতারৈ ফ্রধানেব্রৈ নমঃ।
  এই মন্ত্র পাঠ করলে ব্রহ্মার শাপমোচন হয়—ঐ ৫।১৯৮
- ※ ও প্র ভিষ্কিত্তবতে বীর্ষেণ স্বগো ন ভীমঃ কুচরো গিরিষ্ঠাঃ।

  য়ভোক্তব্য ত্রিব্ বিক্রমণেশ্বধিক্রিয়ভি ভুবনানি বিশা।

   য় বে ১।১৫৪।২

  স্বিক্রমণ্ডবিক্রমণ্টেক্রমণ্ডবিক্রমণ্ডবিক্রমণ্ডবিক্রমণ্ডবিক্রমণ্ডবিক্রমণ্ডবিক্রমণ্ডবি
- ৩ তদনস্তরং মধ্যমরোরস্থরমহুবিমোচনম্। উপাদিমে নারং নিরম:। মধ্যমে তু বরং সংজ্ঞপনে ত্তারং মন্ত:—উদ্বৃধ্যক পলো জং হি নাশিবত্তং শিবো হুসি। শিবোংকুত্তমিদং পিঙং মন্তব্যং শিবতাং ব্রজ।
  —প ক সু ১০।৬৩
- মধ্রারহিঙ্গুৰীজ্বমরীচ্যাজ্যহুপাচিতম্। হুগলং মৃত্ব পকং চ হুস্বাত্ন চ মনোহরন্।
   ত্রিপুরাণ বিচন, ত্রঃ প ক হু ১০।৬৩-এর বৃত্তি

মংস্তাশোধন— মংস্তাশোধনের বৈদিক মন্ত্রটির ভাবার্থ এই— প্রসারিতপুণ্যকীর্তি সাধকের অনিমাদিশক্তিবর্দ্ধক ত্রান্থকের পূজা করি। উর্বারক অর্থাৎ কর্কটীফল (কাঁকুড়) যেমন পরিপক্ক হলে আপনা থেকে বৃস্তচ্যুত হয় তেমনি মৃত্যু বা সংসারবন্ধন থেকে, হে ত্রান্থক, আমাদের মৃক্ত কর, চিরজীবন থেকে বা বর্গাদি থেকে আমাদের বিযুক্ত করো না।

মৎস্তের লৌকিক সংস্কার সম্বন্ধে বলা হয়েছে — অল্পকাটাযুক্ত মাছ স্বাত্ত্রব্য এবং লিকুচার (টক পালং) প্রভৃতি দিয়ে যথারীতি ভাল করে রান্না করলে মৎস্তের সংস্কার হয়।

মুদ্রোশোধন—মুদ্রাশোধনের বৈদিক মন্ত্রের ভাবার্থ এই—বেমন আকাশে সর্বত্রপ্রস্তচক্ স্থ অবাধে বিশদভাবে সব দর্শন করেন তেমনি বিদ্বান্ ব্যক্তিরা অর্থাৎ সাধকেরা বিষ্ণুর পরম পদ সর্বদা দর্শন করেন।\*

এ ছাড়া অন্ত একটি বৈদিক মন্ত্ৰকেও কোনো কোনো গ্ৰন্থে মুদ্রাশোধনের মন্ত্র বলা হয়েছে। শ্ব মন্ত্রটির ভাবার্থ এই—জাগ্রত অর্থাৎ শব্দার্থের প্রমাদরহিত বিশেষভাবে স্তবকারী মেধাবী ব্যক্তিরা বিষ্ণুর পরম পদের মহিমা প্রকাশ করেন। শ্ব

পঞ্চমতত্বশোধন— দ্রব্যাদি শোধনের পর শ<u>ক্তিশোধন বিহিত।</u> শক্তির অঙ্গে মাতৃকান্তাসাদির দ্রারা শক্তিশোধন করা হয়। এই কর্মের বিস্তৃত অষ্ঠান আছে। দীক্ষা অভিযেক ইত্যাদির দ্বারা শক্তিশোধন করতে হয়।

এ ছাড়া পঞ্চমতত্ত্ত্বাত কুগুগোলোম্ভব্ -দ্রব্যাদিরও শোধন করতে হয়।

<sup>🥇</sup> ও ত্ৰান্তকং যজামহে হুগন্ধি পুষ্টিবৰ্দ্ধনম্। উৰাক্লকমিব ৰন্ধনান্ম,ত্যো সৃক্ষীয় মামূভাং।—ঋ বে ৭।৫৯।১২

২ কেউ কেউ এই মন্ত্রের ত্রাত্মকশন্সের অর্থ করেন ব্রহ্মা-বিষ্ণু-শিবের জননী ব্রহ্মময়ী দেবী।—সঃ Gr. L. 3rd Ed., p 145 f. n. 2.

অল্লকন্টকসংযুক্তং হৃপকং স্বাদ্ধসংযুত্তন্। লিক্চালাদিসংযুক্তং বিধিনা সংস্কৃতং তথা।
 —িত্রিপুরার্ণবচন, য়ঃ প ক সূ ১০।৬৩-এর বৃত্তি

<sup>🔞</sup> ওঁ তদ্বিকোঃ প্রমং পদং সদা পশুস্তি স্বয়ঃ দিবীব চক্ষুরাততম্।—ঋ বে ১।২২।২०

<sup>🔏</sup> ওঁ তদ্বিপ্রাসো বিপক্তবো জাগৃবাংসঃ সমিদ্ধতে। বিফোর্যৎ পরমং পদম্।—ৰ বে ১।২২।২১

প্রা ডো, কাও १, পরিঃ ২ ; কিন্তু তারারহস্তে ( ০য় পটল, পঞ্চতত্বসংকার প্রকরণ ) ময়্রটিকে মাংসশোধনময়ও বলা হয়েছে।

৭ ক্রাকে নি, উ: ৫: বৃহত সা, ১০ম সং, পু: ৬৩১ ৮ ক্রা ঐ

কুণ্ডগোলোদ্ভবন্ধব্য ব্যন্ত্কুস্ম এ-স্ব পারিভাষিক শব্দ। সময়াচারতত্বে বিতীয় পটলে কুণ্ডগোলোভবাদির এই বিবরণ দেওয়া হয়েছে—
স্ত্রীণাং ঋতু: প্রথমতো যদ্মিন বয়ি জায়তে।
গৃত্রীয়াদাণ্ড স্বভগে বুজাদীনাঞ্চ তুল ভিন্।
ব্যন্ত্রকুস্মাং নাম দেবতা প্রীতয়ে সদা—য়ঃ প্রা তো, কাণ্ড ৭, পরিঃ ২

কোলাবলীনির্ণয় পঞ্চম উল্লাসে কুগুগোলোম্ভবন্দ্রবাশোধনের যে-বৈদিক মন্ত্রটি দেওর। হয়েছে তার ভাবার্থ এই—বিষ্ণু করুন গর্ভাধানস্থান। স্বস্থা রূপ অর্থাৎ স্ত্রীপুরুষচিহ্নাদি অবয়বযুক্ত করুন। প্রজাপতি রেতনিষেক করুন, ধাতা গর্ভধারণ অর্থাৎ রক্ষা করুন। ওগো সিনীবালি। গর্ভ রক্ষা কর। ওগো সরস্বতি। তুমিও গর্ভ রক্ষা কর। ওগো জায়া। পুরুরমাল্যধারী অথিনীকুমারম্বয় তোমার গর্ভ রক্ষা করুন।

পশৃতত্বশোধনে ব্যবহৃত বৈদিক মন্ত্রগুলির বাইরের অর্থই আমরা দিয়েছি। ভিতরের গভীর অর্থ একমাত্র দদগুরুই ব্যাখ্যা করতে পারেন।

তান্ত্রিক ক্রিয়ায় বৈদিক মন্ত্রগুলি ব্যবহৃত হওয়ায় একটি বিষয় স্পষ্ট বোঝা যায় যে যাঁর। এই-সব অন্তর্গান করতেন তাঁরা এইগুলি বেদবাহ্য মনে করতেন না এবং এইগুলিকে বৈদিক ক্রিয়াকর্মের সমমর্থাদাসম্পন্ন মনে করতেন।

সাধকের মত্যপানের বিশেষত্ব—আমরা মত্যের বিষয়ে আলোচনা করছিলাম।
মত্যশোধন করে সাধক ধথাবিধি মত্যপান করবেন। এই মত্যপান সাধারণ লোকের মত্যপান থেকে পৃথক্। সাধকের মত্যপান যজ্জাহুতি। কুলার্থবিতক্ষে বলা হয়েছে — অহস্তারূপ পাত্র ভরে ইদস্তারূপ পরমায়ত অর্থাৎ মত্য পরহস্তাময় অগ্নিতে হোমই মত্যপান।

মভপান সম্পর্কে বিধান দেওয়া হয়েছে—মূলাধারচক্রমধ্যস্থিত ত্রিকোণস্থিতা চিদ্রূপা কুগুলিনীতে মন্ত্রপাঠ করে দ্রব্য অর্থাৎ স্থরা আছতি দিতে হবে।\*

মাতৃকাভেদতত্ত্বে ব্যাপারটি একটু খুলে বলা হয়েছে। মূলাধারচক্র থেকে জিহ্বাস্ত পর্যস্ত কুণ্ডলিনী অবস্থিত এমনি ভাবনা করতে হবে। তাঁর মূথে দ্রব্য আছতি দেওয়ামাত্র সাধক জ্ঞানবান হন।

কুগুলিনীমূথে এই আছতি দেবার বিধি ও কৌশল আছে। সদ্গুরুর কাছে এ-সব শিথে ক্রমশঃ অভ্যাসের দ্বারা আয়ত্ত করতে হয়।

জীবণ্ভর্ত্ত্বনারীণাং পঞ্চমঞ্চকারমেং। তহ্না ভগস্ত বন্দ্রব্যং তৎ কুণ্ডোম্ভবমূচ্যতে। মৃতভ্ ত্ত্বনারীণাং পঞ্চমঞ্চৈব কারমেং। তহ্না ভগস্ত বন্দ্রব্যং তদ্ গোলোম্ভবমূচ্যতে। —প্রা তৌ, কাণ্ড ৭, পরিঃ ২

১ ও বিষ্ণেনিং কলয়তু ষষ্টা ক্লপাণি পিংশতু। আ সিঞ্তু প্রজাপতি ধাতা গর্ভং দধাতু তে। গর্ভং ধেহি সিনীবালি গর্ভং ধেহি সরস্বতি। গর্ভং তে অধিনৌ দেবাবা ধন্তাং পুছরপ্রজা।
—ব্য বে ১০।১৮৪।১-২

২ অহস্তাপাত্রভরিতমিদস্তাপরমায়তম্। পরাহস্তামরে বক্ষো হোমনীকারলক্ষণম্।—কুত, উঃ ৭

তন্মামূলত্রিকোণস্থে কোটিসূর্থসমপ্রভে। কুগুলাকৃতিচিদ্রূপে হনেদ ত্রবাং সমন্ত্রকম্।—ঐ

मः ठाञ्चिक छङ्ग, वर्थ मः, शृः २>७

বিধি অবশ্য তন্ত্রপ্রছে পাওয়া যায়। সিদ্ধান্তের দিক্ দিয়ে বিশেষ প্রণিধানযোগ্য একটি বিধি পরশুরামকল্লস্বতে বিবৃত হয়েছে। যথা—আর্জ অর্থাৎ স্থরা জলছে। এই জ্যোতি আমি। জ্যোতি জলছে, ব্রশ্ধ আমি, যে আছে সে আমি। ব্রহ্ম আমি। আমি আছি। ব্রহ্ম আমি। আমিই আমাকে আছতি দিচ্ছি, স্বাহা। এই মন্ত্র পড়ে 'তদ্বিন্দু' অর্থাৎ শুক্রপাত্রকাযাগশেষ স্থরা নিজের কুগুলিনীতে অর্থাৎ চিদ্বহ্নিতে আছতি দিতে হবে।

শ্বাইই দেখা যাছে এই স্থ্র অধৈততত্ত্বসূচক। এর অর্থ সাধক অধৈতবুদ্ধিতে স্থরাপান করবেন। আর এই স্থরাপান যে হোম তাও স্ত্রটিতে শ্বাই উল্লেখ করা হয়েছে। এর তাৎপর্য শাস্ত্রের অভিমত স্থরাপানে সাধকের হোমবুদ্ধি দৃঢ় হবে, পানবুদ্ধি নয়।

স্থরা আহুতিদানের একাধিক মন্ত্র আছে। তার মধ্যে তুটি মন্ত্র ভাবের দিক্ দিয়ে বড় স্থানর। একটি মন্ত্রের ভাবার্থ এই—ধর্মাধর্ম হবি। মনোরূপ শুকের দ্বারা এই হবি দিয়ে স্বৃদ্ধাপথে প্রদীপ্ত আত্মাপ্লিতে অর্থাৎ চিদল্লিতে ইক্রিয়বৃত্তিসমূহ আহুতি দিচ্ছি। স্থাহা।

অন্ত মন্ত্রটির ভাবার্থ এই—দেহের অভ্যন্তরে আছে মোহান্ধকারের পরিপন্থী সংবিদ্ধি। সে-অগ্নি ইন্ধন ছাড়াই নিরস্তর জলছে, সে-অগ্নি অনির্দিষ্ট এবং অন্ত্রত রশ্মিসমূহের বিকাশভূমি। এই সংবিদ্ধিতে ক্ষিতি থেকে শিব পর্যন্ত বট্ত্রিংশত্তত্বাত্মক বিশ্বকে আছতি দিচ্ছি।

ত্রিপুরামহোপনিষদে এই প্রকার হবি আহুতিদানের ফল বা শোধিত স্থরাপানের ফল বর্ণনা করা হয়েছে — মন্ত্রশংকারের ঘারা পবিত্রীকৃত হবি অর্থাৎ দেবীপূজাবশিষ্ট স্থরা পান করলে অন্তঃকরণজাত সংকোচ অর্থাৎ আত্মার পরিচ্ছিন্নভাব গলিত হয়; এর অর্থ উন্মনী-উল্লাসের পরবর্তী অনবস্থোলাসে নির্ব্যান হয় অর্থাৎ সমাধির শেষ অবস্থাহেতু তাতে উক্ত সংকোচ লীন হয়ে যায়। আর তথন সাধক নিশ্চয়ই সর্ব অর্থাৎ সর্বাত্মক হন, বিশ্বরূপন্থ প্রাপ্ত হন এবং সমস্ত জগতের হর্তা ধর্তা বিধাতা হন।

১ আন্ত্ৰিং জলতি জ্যোতিরহমমি জ্যোতি জলতি ৰুক্ষাহমমি গোহমি ৰুক্ষাহমমি অহমমি ৰুক্ষাহমি অহমেবাহং মাং জুহোমি বাহা। ইতি তদ্বিন্দুৰাক্সনং কুণ্ডলিফাং জুভ্যাং।—প ক স্ ০।৩১

২ জঃ ঐ, বুভি

ধর্মাধর্মহর্বিদীপ্তাবাক্ষাগ্রোমনসা স্রচা। স্ব্রুয়াবক্সনা নিতাসক্ষর্প্তী জুহোম্যহম্। বাহা।
 —স্তঃ শা ত, উ: ৬

অন্তর্নিরন্তরমনিক্ষনমেধমানে মোহাক্ষকারপরিপস্থিনি সংবিধিগ্রো।
 ক্ষিপ্রেন্ডিরন্ত্রমরীচিবিকাসভূমে বিবং জুহোমি বহুধাদিশিবাবসানম্।—ঐ

পরিক্রতা হবিবা পাবিতেন প্র সঙ্কোচে গলিতে বৈ মনস্তঃ।

সর্বঃ সর্বপ্র জ্বাতো বিধাতা ধর্তা হত1 বিষয়পদ্দর্শতি।

-- ত্রিপ্রামহোপনিবং ১৫

৬ ভাষ্ণররায়কৃত ভাক্ত অবলম্বনে।

উল্লাস— ত্রিপুরামহোপনিবদের এই মন্ত্রটির ভাত্তে ভাস্কররায় মন্ত্রপানজনিত উল্লাসের উল্লেখ করেছেন। উল্লাস অর্থ আনন্দ। শাস্ত্রেশ্বির উল্লাসের গকথা বলা হয়েছে। যথা— আরম্ভ তরুল যৌবন প্রেটি প্রেটিটিন্ত উন্নন বা উন্মনী এবং অনবস্থ। আনুন্দের এই সপ্ত অবস্থার লক্ষণ কুলার্গবতন্ত্রে নির্দেশ করা হয়েছে এইভাবে — তিনচুলুক মত্যপানকে আরম্ভ উল্লাস বলা হয়। তরুল স্থাকে অর্থাৎ তরুল আনন্দকে বলা হয় তরুণোল্লাস এবং মনের সমাক উল্লাসকে যৌবনোল্লাস। যে উল্লাসে দৃষ্টি মন ও বাক্যের অলন হয় তাকে বলা হয় প্রেটি-উল্লাস। স্বীয় অভীষ্ট চেষ্টাচরল প্রেটিটিন্ত নামে থ্যাত। যে উল্লাসে পুনঃ উত্থান পতন এবং মূর্চ্ছা হয় তার নাম উন্মন-উল্লাস। আর যে অবস্থায় দেহ ও ইন্দ্রিয়সমূহ অবশ হয় তাকে বলা হয় অনবস্থ-উল্লাস।

উল্লাসের জাগ্রতাদি বিভাগ—এই উল্লাসমপ্তকের জাগ্রৎ স্বপ্ন ও স্বয়ৃপ্তি এই তিন ভাগও করা হয়। আরম্ভ তরুণ যৌবন প্রোচ় এবং প্রোচ়ান্ত জাগ্রৎ, উন্মন স্বপ্ন এবং অনবস্থ স্বয়ৃপ্তি।<sup>8</sup>

প্রথম পাঁচটি উল্লাসে বাহুক্রিয়া প্রকট থাকে। এইজন্য এই পাঁচটি জাগ্রাদবস্থা। উন্ধনোলাসে বাহু ক্রিয়া নিক্তম্ব হয়ে বায়, শুধু মানসক্রিয়া প্রকট থাকে। ত্রিপুরোপনিষদে বলা হয়েছে বাহুবিষয়াসক্তি পরিত্যাগ করে মন হদয়ে সন্নিবিষ্ট হলে উন্মনীভাব হয় আর এইভাবে পরমপদ লাভ হয়। কাজেই এই অবস্থায় বাহু আনন্দজনক ব্যাপার বা তার অহুভূতিও থাকে না। কেবল আন্তর ব্যাপারে ধ্যাতা ধ্যান এবং ধ্যেয় এই তিনটি পদার্থমাত্র থাকে মনের বিষয়। এইজন্য এই উল্লাস স্বপ্লাবস্থা। আর অনবস্থোল্লাসে মানসক্রিয়াও থাকে না। মনও পরমাত্মায় লীন হয়ে যায়। এইজন্য এটি স্বৃধিঃ—অবস্থা। ক

প্রোঢ়-উল্লাদে সাধকের মন্ত্রসিদ্ধি হয়। এই মন্ত্রসিদ্ধির অবস্থা পর্যন্ত তাকে শান্ত্রনির্দিষ্ট

১ আরম্ভ তরুণযৌবনপ্রোচতনত্তারানানবন্তোলাদের প্রোচান্তাঃ সময়াচারাঃ।—প ক হু ১০।৬৮

२ उत्तः (को त्र, शृः 8)

তত্ত্বরং স্থাদারন্ত: কথিতঃ কুলনারিকে। কথিতত্তরুণোলাসত্তরুণাং হুথমম্বিকে।
বোবনো মনসং সমাঞ্চলাসং হৃছিতিঃ প্রিয়ে। ছলনং দৃষ্মনোবাচাং প্রোচ্ ইত্যভিধীয়তে।
আভীষ্টচেষ্টাচরণং প্রোচান্তঃ পরিকীর্তিতঃ। উন্মনাং পতনোখানে মৃদ্ধ্না চ মৃত্র মৃত্য়।
ব্দ্রেক্সিয়াণামবশকানবস্থা নিগভতে।—কুত, উঃ ৮, তারাভজিক্রধার্ণর, তঃ ৬, পুঃ ২০০

শারভন্তরশক্তির বৌরন প্রোচ এব চ। তদন্তো লাগ্রদিত্যুক্তকোয়নাঃ বর্গ উচ্যতে।
 শানবছঃ ক্ষুপ্তি ভাদবছাত্রসংবৃতাৎ।—কু ত, উঃ ৮

নিরন্তবিষয়াসলং সয়িকজং মনো হালি। বলা বাড়ায়নীভাবং তলা তৎপরম: পদম্।
 — এ: ল ন, সৌ ভা, পু: ৬৮

७ जः को त्र, शृः हर

বিধিনিষেধ মেনে চলতে হয়। তার পর মানা না মানা তাঁর ইচ্ছাধীন। কাজেই প্রোঢ়ান্ত-উল্লাস মন্ত্রসিদ্ধ দাধকের পক্ষে বিহিত। এই উল্লাসে দাধক অপরোক্ষ ব্রন্ধানন্দের আস্বাদ পেয়ে উপাস্ত দেবতায় মনকে নিবিষ্ট করে রাখেন। তাই বাহু ব্যাপার আর তার মনকে বিচলিত করতে পারে না। তবে তথন সাধকের জাগ্রাদবস্থা বলে বাহু আনন্দই তার অফুভূতির বিষয়। অবশ্র বাহু আনন্দজনক ব্যাপারের অফুষ্ঠান করা না করা সাধকের ইচ্ছার উপর নির্ভর করে।

তন্ত্রের অভিমত এই উল্লাসার্ক্ত সাধকের কার্যাকার্য নাই। তাঁর ইচ্ছাই শাস্ত্র। শুভাশুভ যে-কোনো কর্মই তিনি করুন না কেন তা দেবতার প্রীত্যর্থে করা হবে।

প্রোঢ়ান্তের পর উন্মন- বা উন্মনী-উল্লাস। এই উল্লাসের বর্ণনায় বলা হয়েছে সাধকের মনের বিক্বতিবিরহিত যে-উল্লাস প্রবর্তিত হয় তাতে সাধক দেবভাবপ্রাপ্ত হন।

অনবস্থোলাদের আনন্দ বর্ণনা প্রসঙ্গে কুলার্ণবৃত্তপ্তে বলা হয়েছে—এই উল্লাদে আরু দ্বাত্মধ্যান-পরায়ন সাধক যে-পরম আনন্দ অঞ্ভব করেন তার কথা লোকে কি জানবে ? কারণ সে-আনন্দ সাধক নিজেই অঞ্ভব করেন, অন্তকে বলতে পারেন না। যেমন শর্করাযুক্ত হধ থাওয়ার যে আনন্দ তা যে থায় সেই পায়, সে যে কেমন তা অন্তকে বুঝাতে পারে না। এই উল্লাদে স্কৃতি সাধকেরা ব্রহ্মধ্যানে পরমানন্দ লাভ করেন; উল্লাদ অন্তর্হিত হলে ধ্যানভঙ্গ হয় এবং তথন হতপ্রভ সাধক আনন্দ হারাবার জন্ত শোক করেন।

অধিকারিভেদে উল্লাস— প্রত্যেক উল্লাসে পেয় মছের পাত্রসংখ্যা শাস্ত্রাহ্যদারে নির্দিষ্ট। আরোজোলাদে পাত্রসংখ্যা সব চেয়ে কম। তার পর প্রত্যেক উল্লাসে পাত্রসংখ্যা কমশং বৃদ্ধি করা হয়েছে। এইজন্ম পরমানন্দতন্ত্রে বিভিন্ন উল্লাসে বিভিন্ন অধিকারীর কথা বলা হয়েছে। অসমর্থ অবোধ ও বালকের আরজোলাসে অধিকার। নৃতন সাধক তক্রণোলাসে আর ভক্তিপরায়ণ সাধক যৌবনোলাসে অধিকারী। ধ্যান আরজে ইচ্ছুক সাধকের পক্ষে প্রোঢ়োলাস, ধ্যানে মধ্যারুঢ় সাধকের পক্ষে প্রোঢ়াজাস এবং ধ্যানে প্র্রিক্র্চ সাধকের পক্ষে উন্মনোলাস এবং অনবস্থোলাস বিহিত।

১ আমন্ত্রসিন্ধেঃ।—কোউপ,২৫ ২ ত্রঃকৌর,পৃঃ ৪২

৩ তদারাঢ়ের্ বীরের্ কার্যাকার্যং ন বিছাতে। ইতৈছব শাস্ত্রসম্পত্তিরিত্যাজ্ঞা পরমেশ্বরি। তত্র যদ বং কৃতং ক'ম শুশুং বা যদি বাশুশুম। তংসর্বং দেবতাব্রীত্যৈ জারতে স্বর্মুন্দরি।—কু ত, উঃ ৮

в বিকৃতিং মনসো হিছা বহুলাস: প্রবর্তিতে। তদা তু দেবতাভাবং ভরুস্তে বোগিপুদ্ধবা:।—এ

নরাঃ কিমপি জানন্তি খার্থ্যানপ্রায়ণাঃ। তদা যথ প্রমং সৌধ্যমিতি বক্তুং ন শক্যতে।
খয়মেবামুভবন্তি শক্রাক্ষীয়পানবং।—ঐ

৬ বু হ্মধ্যানপরানন্দপরা: স্কৃতিনো নরা:। ক্ষণেহপান্তর্হিতে তত্মিন্ শোচয়ন্তি হতপ্রভা:।—ঐ

আশন্তাৰ ধৰালানামারতঃ পরিকীর্তিতঃ। তঙ্গণো নৃতনানাং স্থান্তক্তিমাত্রস্থ যৌবনঃ।
 প্রোচঃ স্থাদারুক্তকার্বৈ মধ্যারচ্স্ত তৎপরঃ। পূর্ণারচ্চ্যোদ্মনক্ত তদ্বদাত্যন্তিকোহপি বা।
 শরমানক্তম্বন্দর, ত্রঃ প ক স্থ ১০।৬৮-এর বৃত্তি

সাধকের পক্ষে উল্লাস বিষয়ে অধিকার ইত্যাদির জ্ঞান থাকা আবশুক। স্বতন্ত্রতন্ত্রে বলা হয়েছে—মৃচ্ছপ্রাপ্ত যে-ব্যক্তি উল্লাসভেদ না জেনে ইন্দ্রিয়পরিতৃপ্তির জন্য জিহ্বার লোভে স্থরাপান করে মাতৃকার্যণ তাকে তামিশ্র নামক নরকে নিক্ষেপ করেন।

রামেশ্বর লিখেছেন — প্রোঢ়াস্ভোল্লাস উন্মনোল্লাস এবং অনবস্থোল্লাসের অধিকারী সাধককে বলা হয় বীর এবং আরম্ভ তরুল যৌবন ও প্রোঢ় এই চার উল্লাস পর্যস্ত অধিকারী অবীর। এই বীর ও অবীরের তন্ত না জেনে বা অষধা মনন করে বৈরাচারী হয়ে প্রব্যপান করলে নরকে পতন হবে।

কোন উল্লাসে কার অধিকার তা কেমন করে জানা যাবে। রামেশ্বর বলেন উল্লাস সাধকের অস্তঃকরণবেগ্য অর্থাৎ সাধক কোন উল্লাসের অধিকারী তা তিনি নিজের মনেই জানবেন। স্বয়ং বিদ্বান হয়ে স্ক্ষ বুদ্ধির দারা স্বীয় দশা অর্থাৎ উল্লাস নিজে সম্যক্ বিবেচনা করবেন।

মন্তপান সম্বন্ধে অস্তান্য বিধিনিষেধ—উল্লাসভেদ জানা ছাড়াও স্থরাপান সম্বন্ধে সাধককে আরও কতকগুলি বিধিনিষেধ জানতে হয় ও মানতে হয়। পরভ্রামকল্পত্রে বিধান দেওয়া হয়েছে—ব্যবহার দেশ স্বাস্থ্য প্রাণোধ্বেগ সহায় আময় আর বয়স এই-সব বিচার করে এই-সবের অস্তুকৃল আদিমকার সেবন করতে হবে।

'পশু'র দঙ্গে যে লৌকিক কার্যাদি করতে হয় তাকে বলে ব্যবহার। পূজায় মগুদেবনের অব্যবহিত পরেই যদি পশুর দঙ্গে ব্যবহার প্রয়োজন হয় তা হলে দে মগুপানের বিষয় জানতে পারবে এবং তাতে সাধনার আবশ্রিক গোপনতা ভঙ্গ হবে। এইজগু এ রকম ক্ষেত্রে মুখ্য দ্রব্যের পরিবর্তে প্রতিনিধি গ্রহণ করা কর্তব্য।

দেশ সম্বন্ধে বলা হয়েছে যে-দেশে মৃথ্য দ্রব্য সেবনে ধাতুবৈষমাজনিত শরীরবিকারাদি
ঘটে সেই দেশে বাস যদি আবিত্তিক হয় তা হলে সে-ক্ষেত্রে মৃথ্যদ্রব্য গ্রহণ করা উচিত নয়।\*

উল্লানভেদমজ্ঞাত্বা প্রাণ্য মৃত্তমমি্বকে। জিহ্নালোল্পভাবেন চেক্রিয়প্রীণনায় চ।
 যঃ পিবেৎ তং তু তামিয়ে মাতৃকাঃ পাতয়স্তি হি। —প ক হু ১০।৬৮-এর বৃত্তি

वीताः পঞ্চমষ্ঠসপ্তমোলাসিনः। অবীताः পঞ্চমোলাসবস্তঃ। অনরোঃ অবধামননাৎ
 वाधार्थाः অবিদিছা বদি বৈরাচারী ভবেৎ তর্হি পতেদেব নিরয় ইতার্থঃ।—ঐ

 <sup>&</sup>quot;সাধকে বীরের ধর্ম নাই অধচ বীরের ধর্ম আছে এইরাপ মনে করিয়া তদসুরাপ
মত্যপানাদি করাই অবধা মনন পূর্বক বৈরাচার।"—কো র, পৃ: ২৩৩, পাদটীকা

উপাসকস্ত নিরুজ্গেলাসরপাঃ দশাবিশেবাঃ বাস্তঃকরণৈকবেছাঃ। ব্য়য়ং বিদান বীয়াং
দশাং স্ক্রাধিয়া সমাক্ পরিশোধয়েং।—প ক স্থ ১০।৬৮-এর বৃত্তি

ব্যবহারদেশস্বাক্সপ্রাণেশ্বেশসহায়াময়বয়াংদি প্রবিচার্টেব তদকুকৃলঃ পঞ্চমাদিপরামর্শঃ ।—প ক স্ ১০।৫৬

রামেশ্বরকৃত বৃত্তি ও কৌলমার্গরহস্তবিবৃত তাৎপর্ব অবলম্বনে হত্রটি সম্বন্ধে আলোচনা করা হয়েছে।

স্বাস্থ্য শব্দের ব্যাখ্য। করতে গিয়ে রামেশর লিথেছেন—সাত্ত্রিকবৃত্তিবিশিষ্ট মন স্বাস্থা, তার ভাব স্বাস্থ্য। অর্থাৎ অস্তঃকরণের সাত্তিক বৃত্তির আধিক্য হলে সাধকের মুখ্য দ্বর গ্রহণ করা কর্তব্য। ও সম্বন্ধে আমরা পূর্বেও আলোচনা করেছি।

রামেশ্বর প্রাণোবেগশব্দের শ্বর্ধ করেছেন সহনশক্তি। স্থরাপান করলে আনন্দ না হয়ে যদি উদ্বেগ হয় তা হলে বুঝতে হবে স্থরাপায়ীর সহনশক্তি নাই। অতএব এ রকম লোকের পক্ষে মুখ্য দ্রব্য গ্রহণ বিহিত নয়।

পূজায় সহায় অর্থাৎ সাহায্যকারীর প্রয়োজন হয়। সাহায্যকারী বিশ্বাসী লোক কি না, দে গোপনীয়তা ভঙ্গ করবে কি না এ-সব বিবেচনা করতে হয়। সাহায্যকারী বিশ্বাসী হলে তবে মুখ্য দ্রব্য গ্রহণ করা কর্তব্য।

আময় অর্থ রোগ। রোগগ্রস্ত ব্যক্তির পক্ষে মুখ্য দ্রব্য গ্রহণ বিহিত নয়।

বয়স সম্বন্ধে বলা হয়েছে অপরিণত বয়স্ক বালক ও জরাগ্রস্ত বৃদ্ধের ম্থ্য প্রব্য গ্রহণ করা উচিত নয়।

এখানে একটি প্রশ্ন উঠতে পারে। শোধন করে স্থরাপান শান্তবিধি। শোধন করলে স্থরার দোষ থাকে না। তাই যদি হয় তা হলে শোধিত <u>স্থরাপানে বিকার হবে কি করে</u>? উত্তরে তন্ত্রজ্ঞরা বলেন সংস্থারের <u>ঘারা দোধরহিত মন্থ বা শোধিত মন্থ চিত্তের বিকার জ্মায় না কিন্তু শরীরের বিকার জ্মাতে পারে। ত্রবাগুণ শরীরের উপর ক্রিয়া করবেই। জীবমুক্ত মহাপুরুষও শরীরধর্ম মেনে চলেন। অবশ্য তিনি ইচ্ছা করলে ত্রবাগুণ এবং শরীরধর্মেরও অত্যথা করতে পারেন। কিন্তু নিমন্তরের সাধকের সে-শক্তি নাই। বিধিনিধেধাদি সমস্তই নিমন্তরের সাধকের জত্থা উচ্নতরের জীবমুক্ত সাধক সব বিধিনিধেধের উর্ধেন।</u>

শ<u>রীরের উপর স্থরার ক্রিয়ার কথা শ্বরণ</u> করেই তল্পে স্থরাপান সম্পর্কে কতকগুলি স্তর্কতামূলক বিধিনিষেধ নির্দিষ্ট হয়েছে।

শা<u>জের বিধান স্থরাপানের সঙ্গে চর্বণ বা মূজাগ্রহণ করতে হবে</u>। চ<u>র্বণসহ পান</u> অমৃতপান আর চ<u>র্বণহীন পান বিষভক্ষণ। মহানির্বাণতরের মতে ভিদ্ধি ছাড়া মছপান</u>

১ জঃপকস্১০।৫৬-এর বৃত্তি ২ ঐ

৩ রামেশরকৃত বৃদ্ধি ও কোলমার্গরহস্তবিবৃত তাৎপর্য অবলঘনে এই আলোচনা করা হয়েছে।

<sup>8</sup> सः को त्र, शृः २३১, शामग्रीका

 <sup>(</sup>i) চর্বপেন বৃতৎ পানং অমৃতং কখিতং প্রিয়ে। চর্বপেন বিনা পানং কেবলং বিবভক্ষণন্।—কু ড, উঃ १

<sup>(</sup>ii) विवा करवान वर भानर त्कवनर विववर्षनम् । छन्नार श्रक्तदेवर कर्वार वर्षाक्रमविधानछः ।—त्को मि, छैः ৮

শুদ্ধিং বিলা মছাপানং কেবলং বিবভক্ষণন্ । চিররোগী ভবেরারী বলায়ুর্ত্রিরতে অচিরাং ।—মহা ত ৩।>৩

বিষভক্ষণ। বে সাধক এইভাবে মগুণান করেন তিনি চিররোগী ও স্বল্লায়ু হন এবং অচিরে মৃত্যুমুখে পতিত হন। এ ছাড়া ভোজনের পূর্বে বা পরে মগুণান নিষিদ্ধ, কেন না ঐ সময়ে পীত মগু বিষের মতো।

মত্তের পরিমাণ সম্বন্ধে সাধারণভাবে বলা যায় যে-পরিমাণ মছাপানে চিত্তবিকার না হয় সেই পরিমাণ পান কর্ত্তর। পরমানন্দতম্বে বলা হয়েছে—মছাপানে বিকার উৎপন্ন হলে সাধক ধ্যানযোগভাই হয়ে যোগিনীদের ভক্ষ্য পশুতে পরিণত হন্ এবং এক্লপ ব্যক্তিকে মগুল থেকে বহিষ্কৃত করতে হয়।

গন্ধবিতন্ত্রমতে বিকার বলতে বুঝায় প্রলাণ অংশন (বিভ্রম) হাস্ত ক্রোধ উন্মাদ আলস্ত অতিচিন্তা পরের অনিষ্টপ্রবর্তন হিংদা অস্থ্যা ঈর্ঘা দম্ভ মোহ প্রমাদ আবেশ (গর্ব) মৃচ্ছা এবং মরণ।

বিকার হতে পারে অতিপানে। এইজন্ম অতিপান নিষিদ্ধ। শান্ত্রের অভিমত মৃত্যাদি পান আনন্দের জন্ম। কাজেই অন্তরে আনন্দ উৎপন্ন হয়ে গেলে আর এ-সবের প্রাক্রেন থাকে না। যে-পরিমাণ মত্যপানে আনন্দ হয় তার বেশী পান করলে অতিশান হবে। অতিপানে সাধক মাতাল হয়ে পড়ে, তথন তার বৃদ্ধি লোপ পায়, জপপৃজাদি নিক্ষল হয়। অত্তর্রব পরিমিত পান করতে হবে।

শান্তবিহিত পরিমিত মন্তপানে সাধকের শুধু আনন্দ হয় না আনন্দের মধ্য দিয়ে মনোলয় হয় এবং চিত্তের প্রসন্মতা হয়। এইজন্ত শান্তের বিধান—যে-পরিমাণ স্থরাপানে আনন্দ-সংপপ্লব হয় মনোলয় হয় এবং চিত্তের প্রসন্ধতা হয় সেই পরিমাণ পান ক তব্য। এ সম্পর্কে পূর্বেও আলোচনা করা হয়েছে।

এই ধরণের তন্ত্রবচন অনেক পাওয়া যায়। কোনো কোনো তন্ত্রে পানের পাত্রসংখ্যাও

১ ভোজনান্তে বিবং মন্তং মন্তান্তে ভোজনং বিবদ্ ।—কু ত, উঃ ৭

২ বিকারে তু সমুৎপত্নে ধ্যানবোগবিহীনতঃ। বোগিনীনাং পশুর্দেবি মণ্ডলাচ্চ ৰহিছ্নতঃ।
—পরমানলতম্বচন, জঃ প ক সু গং২-এর বুত্তি

প্রলাপো বংশনং হাস্তং ক্রোখোয়াদভয়ানকাঃ। আলস্তং বাতিচিস্তা চ পরানিষ্টপ্রবর্তনম্।
 হিংসাপ্তরা তপের্ব্যা চ দল্পনোহে প্রমাদতা। আবেশো মরণং মুক্তা বিকারাঃ সমুদীরিতাঃ।
 —গ ত ৩৪/৮৪-৮৬

শ্রব্যগুদ্ধাদি সকলমানলার্থক ভৈরবি। আনন্দে জায়মানে তু ভক্রের কদাচন।

অতিপানাস্কবেল্পডো জপপ্রাদিনিক্সসম্। বৃদ্ধিনাশো ভবেদ্দেবি অতএব মিতং চরেং।

—সময়াচারতল্লবচন, য়ঃ প্রা তো, কাও ৭, পরিঃ ৪, ব সং, পৃঃ ৫৪১

তাৰদেব হনেৎ দেবি বাবদানন্দসংগৃতঃ। মনো নিন্চলতাং বাজি চিত্তং চাপি প্রসাদতাম্।
 —প ক সু । ২২-এর বৃত্তি

নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। ষেমন মহানির্বাণতন্ত্রমতে কুলস্ত্রীর অর্থাৎ <u>সাধকের স্বকীয়া</u>
শক্তির পক্ষে স্থরার গন্ধগ্রহণই স্থরাপান। গৃহস্থ সাধক পাঁচপাত্র পর্যন্ত পান করতে পারেন। 
পরমানন্দতন্ত্রেও দেখা যায় সর্<u>বোচ্চ পাত্রসংখ্যা পাঁচ।</u> 
২

কাজেই সাধারণতঃ পাঁচ পাত্রই উর্ধ্বতম সংখ্যা ধরা হয় অর্থাৎ <u>সাধককে পঞ্চম পাত্র</u> দি<u>য়েই পূর্ণান্থতি দিতে হয়। এর বেশী হলেই অতিপান হয়ে যায়।</u> আর অতিপান তন্ত্রশাস্ত্রামুসারে গহিত ও বর্জনীয়।

তবে দেখা যায় ক্ষে<u>ত্রবিশেষে পাত্রের উর্ধ্বতম সংখ্যা একাদশ পর্যন্ত হতে পারে।</u>
কৌলাবলীনির্ণয়ের মতে এ<u>কাদশ পাত্রের দ্বারা পূর্ণাহুতি দিতে হবে।</u> তবে অক্ষম ব্যক্তি নবম সপ্তম বা পঞ্চম পাত্রের দ্বারা পূর্ণাহুতি দিতে পারেন।

অভিপাল—আবার কুলার্গবতঞ্জাদিতে অনিয়মিত মছাপানের সমর্থক বচনও পাওয়া যায়। যেমন একটি বচনে আছে —মাটিতে পড়ে না যাওয়া পর্যন্ত বারবার মছাপান করবে, পড়ে গেলে উঠে আবার পান করবে। এমনি করলে পুনর্জন্ম হবে না। মছাপানে যে-আনন্দ হয় তাতে দেবী তৃপ্তা হন; পান করতে করতে মৃচ্ছিত হয়ে পড়লে স্বয়ং ভৈরব তৃপ্ত হন আর বিমি করে ফেললে সকল দেবতারা তৃপ্ত হন। এইজন্ম স্থ্রাপানে আনন্দ মৃচ্ছা এবং বমন এই তিনটিই হওয়া চাই।

অক্তত্র আছে যিনি আকণ্ঠ স্থরাপান করেন তিনি মৃক্ত এ বিষয়ে কোনো সন্দেহ নাই।

অবশ্য এই বচনগুলির ব্যাখ্যা দম্বন্ধে তন্ত্রজ্ঞরা একমত নন। অনেকে মনে করেন বচনগুলিতে যোগসাধনার কথা বলা হয়েছে। এঁরা এই-সব বচনের আধ্যাত্মিক ব্যাখ্যা করেন। আবার অনেকে মনে করেন মুখ্যতত্ত্ব সম্পর্কেই বচনগুলি বিহিত। পূর্বোক্ত প্রথম বচনটি সম্পর্কে প্রথমোক্তরা বলেন মূলাধারচক্রে কুগুলিনী ঘুমিয়ে আছেন; এই চক্রে আছে

১ অলিপানং কুলত্রীণাং গন্ধৰীকাঞ্চলক্ষণম্। সাধকানাং গৃহস্থানাং পঞ্চপাত্রং প্রকীর্ভিতন্।—মহা ত ৬।১৯৪

২ সৌভাগ্যভোপাসকস্ত চতুত্তবং ভবেন্ছিবে। ৰালাত্মপাসকানাং তু তংপুজোক্তবিধানতঃ। তেষাং তু তম্বত্রিতরং অক্তৎ সর্বং সমং ভবেৎ। দীক্ষাবতাং পূর্ণপাত্রং পঞ্চমং তু ভবেচ্ছিবে। ছম্বা শিবায়ৌ ক্রমশং ত্রিচতুঃপঞ্চপাত্রকম্।—ক্রঃ প ক স্থ ৭।২২-এর বৃত্তি

অন্তে একাদশপাত্রান্তে তদশক্তো নবমে সপ্তমে গঞ্চমে বেতি প্রাগেবোক্তম্।
 —কে নি, (রসিকমোহনপ্রকাশিত) উঃ ৮

পীছা পীছা পুনঃ পীছা বাবং পততি ভূতলে। উত্থায় চ পুনঃ পীছা পুনর্জন্ম ন বিছতে।

আনন্দাং ভূপাতে দেবী মূর্জনাদ ভৈরবঃ স্বয়ন্। বমনাং সর্বদেবাস্ত তত্মাং ত্রিভয়-(ত্রিবিধ-)মাচরেং।

—কুত, উঃ ৭; রুদ্রবামলবচন দ্রঃ তা ভ হু পুঃ ২৫৭

আগলান্তং পিৰেদ এব্যং স মৃক্তো নাত্ৰ সংশবঃ ।
 কুলাৰ্থবতপ্ৰবচন, প ক সং ৎ।২২-এর বৃত্তিতে উদ্ধৃত ; কুপ্রধামলবচন, দ্রঃ তা ভ ন্থ, পুঃ ২৫৭

পৃথীতত্ব। সাধনার ত্বারা কুগুলিনীকে জাগিয়ে দিয়ে সাধনা অব্যাহত রাথলে তিনি সহস্রারে গিয়ে পরমশিবের সঙ্গে মিলিত হন। এই মিলনের ফলে যে অমৃত ক্ষরিত হয় সাধক তাই পান করবেন। কুগুলিনী সহস্রারে বেশীক্ষণ থাকেন না, পৃথীতত্বে নেমে আসেন। সাধক তথন আবার তাকে সহস্রারে উথিত করে অমৃত পান করবেন। এমনি করে কুগুলিনীর বার বার উথানপ্তনের ত্বারা অমৃত্পান করতে পারলে সাধকের আর পুনর্জন্ম হয় না।

অগ্রপক্ষ বলেন বচনগুলিতে ম্থা দ্রব্যের কথাই বলা হয়েছে। তবে সাধারণ সাধকের পক্ষে এ-সব বচন প্রযোজ্য নয়। এগুলি পূর্ণাভিষিক্ত সাধকের পক্ষে বিহিত। কল্র্যামলে আছে—পূর্ণাভিষিক্ত সাধকের পানের বিষয় বলা ষাচ্ছে। এমনি সাধক ত্হাতে পাত্র ধরে মূলমন্ত্র ও গুরুপাত্রকা স্থান করে আগলান্ত মৃত্যপান করলে নিঃসন্দেহ মৃক্ত হবেন।

পূর্ণাভিষিক্ত দাধক শ্রেষ্ঠ যোগী। কৌলসাধক সম্বন্ধে আলোচনা প্রদক্ষে আমরা পূর্ণাভিষিক্ত কৌলের কথা বলেছি। এমনি জিতেন্দ্রিয় যোগীর পক্ষেই কুলার্ণবাদিতন্ত্রে অতিপানের বিধান দেওয়া হয়েছে।

কিন্তু এ বিষয়ে সব তন্ত্র একমত নয়। বেমন মহানির্বাণতন্ত্রের মতে অতিপান সকলের পক্ষেই গঠিত। উক্ত তন্ত্রে আছে শতাভিষিক্ত কোল সাধকও যদি অতিপান করেন তা হলে তাঁকে কুলধর্মবহিদ্ধৃত পশু মনে করতে হবে। মছা শোধিত অশোধিত যাই হক না কেন যে তা অতিরিক্ত পরিমাণে পান করবে সে কোলদের পরিত্যাজ্য এবং ভূপতির দগুর্ম । \*

মগু ভিন্ন পঞ্চত্ত্বের অপর প্রধানতত্ত্ব পঞ্চমতত্ত্ব। আমরা এ সম্বন্ধে পূর্বে কিছু আলোচনা করে এসেছি। এই অতি গুগু সাধনার সিদ্ধান্তের দিক্টা নিয়ে এখানে আরও থানিকটা আলোচনা করা যাচ্ছে। বিষয়টি জটিল। এ সম্বন্ধে শিক্ষিত সাধারণের মনেও যথেষ্ট ভ্রাস্ত ধারণা আছে।

পঞ্চতত্ত্বের সাধনা অধৈত সাধনা—পঞ্চতত্ত্বের সাধনা অধৈত সাধনা। কৌলাবলী-নির্ণয়ে বিধান দেওয়া হয়েছে—সাধুক অধৈতভাবে 'পঞ্চম' ধারা আরাধনা করবেন। ৪ পঞ্চম

১ जः को त्र, शः ১৮৪, शामणिका

২ পূর্ণাভিষেকযুক্তানাং পানং দেবি নিগছতে। করাভ্যাং পাত্রমৃদ্ধ্তা শ্বরন মূলঞ্চ পাছকাম্। আগলাস্তং পিৰেম্মভং স মুক্তো নাত্র সংশয়ং।—রুদ্রমানলবচন দ্রঃ তা ভ হু, পুঃ ২৫৭

শতাভিষিক্তঃ কৌলশ্চেং অতিপানাং কুলেখরি। পশুরেব স মন্তবাঃ কুলধর্মবহিদ্ধতঃ।
 পিবন্নতিশরং মদ্যং শোধিতং বাহপ্যশোধিতম্। ত্যাজ্যো ভবতি কৌলানাং দওনীয়োহপিভূভতঃ।

<sup>—</sup>মহা ত ১১**।১২** •-১২১

৪ তন্মাদহৈতভাবেন সাধকঃ পৃঞ্চমং ভজেং।—কৌ নি, উঃ ৮

বলতে পঞ্চমকার বুঝায় আবার বিশেষভাবে পঞ্চম মকার বুঝায়। কাজেই বলা যায় শাজে পঞ্চমতত্ব সম্পর্কে বিশেষভাবে অধৈতভাবনার নির্দেশ দেওয়া হয়েছে।

গন্ধর্বতন্ত্রে দেবী বলছেন—আমিই সমস্ত জগৎ। আমি ছাড়া আর কিছুই নাই। বৎস, জগতে ব্রহ্মা থেকে আরম্ভ করে অতিক্ষুত্র তুল পর্যন্ত যা কিছু দেখছ সব আমিই, এতে সন্দেহ নাই।

একমাত্র দেবী বা ব্রহ্ম ছাড়া আর কিছুই নাই এমনি ভাবনাই অবৈত ভাবনা। বে-সাধকের এই ভাবনা হয় তিনিই মহাবিচার আরাধনায় অধিকারী। অবৈতভাবনা ছাড়া মহাবিচার আরাধনা হয় না। গন্ধর্বতন্ত্রে বলা হয়েছে—মত্ত শক্তি এবং অবৈতভাবনা বিনা মহাবিচার আরাধনা মৃতহীন যজের মতো।

পঞ্চমতবের সাধনায় কুণ্ডোন্তবন্দ্র পারা দেবীকে অর্থ্য দিতে হয়। তিয়ের অভিমত—যে কুণ্ডোন্তবন্ধ্র দিছি চড়ি। চণ্ডিকার পূজা করে তার সহস্রজন্মর স্কৃতি নই হয়। বিভ্তাবনিষ্ঠ সাধকের রক্তরেতের প্রতি দ্বণা হয়, মৈথুনকে পূজার অক ভাবতে ভয় হয়। এমনি সাধক সম্বন্ধে কোলাবলীনির্গয় বলেন—মৃত্যপানে যার ভ্রান্তি জন্মে, রক্তরেতে দ্বণা হয়, স্করপতঃ শুদ্ধ প্রবেষ অভ্যক্তাভ্রান্তি জন্মে, মৈথুনে শহা হয়, সেই ভ্রন্ত কি করে চণ্ডীপৃঞ্জা করবে, কি করে দেবীমন্ত্র জপ করবে? এ রকম সাধক পঞ্চমতত্ত্বের সাধনা করলে রোগগ্রন্ত হবে, তুংখ পাবে এবং রোরব নরকে যাবে।

এইজগ্যই পঞ্চমকার বিশেষভাবে পঞ্চম মকারের সাধনা অবৈতভাবনিষ্ঠ সাধকের পক্ষে বিহিত। সে-রকম সাধক ধর্মাধর্মের যথার্থ মর্ম জানেন। তাঁর কাছে কোনো দ্রব্যই

অহমেব জগৎ সর্বং নান্তি কিঞ্চিৎ ময়া বিনা। বত্ পশুদি হে বৎস যৎকিঞ্জিগতীতলে।

ৰুক্ষাদিন্তম্বপর্যক্তমহমেব ন সংশয়ঃ।—গ ত ৩৮।৪৪-৪৫

২ বিনা শক্তিং বিনা মলমবৈতভাবনং বিনা। মহাবিলাক্রমো যদ্বদ্বজ্ঞরুতবিবজিতঃ।—গ ত ৩৭।১৬

 <sup>(</sup>i) আগন্তর নার্ব্যপাতে নিক্ষিপা প্রযতঃ স্থীঃ। কুগুলোলোদ্ভবং দ্রব্যং বয়ন্তুকুস্থমন্তবা।
 অর্থ্যং দ্বা মহেশানি সবসিদ্ধীবরো ভবেং।—বতন্ত্রতন্ত্রবচন, দ্রঃ বৃহ ত সা, ১০ম সং, পুঃ ৬৩১

<sup>(</sup>ii) স্বরস্তুকুসুনৈঃ শুক্রৈ কুওগোলোদ্ভবৈঃ শুভৈঃ। কুরুমাছ্যৈরাসবেন চার্ঘ্যং দেবৈঃ নিবেদরেং।
—কামা ত, পাঃ ২

বিনা কুণ্ডোন্তবৈ দ্বৈঃ পুজরেদ্ যক্ত চণ্ডিকান্। জন্মান্তরসহত্রক্ত তক্ত নশাতি।
 —কৌনি, (রিসকমোহন প্রকাশিত) উঃ ।

পানে ব্রান্তির্ভবেশ্ বক্ত ঘুণা সাত্রস্তব্যেতসোঃ। শুদ্ধে চাশুদ্ধতাত্রান্তিরাশকা চৈব মৈণুনে।
 স ব্রষ্টা পুরুবেং চন্ডীং দেবীমন্ত্রং কবং জপেং। রোগী হুংখী ভবেং সোহপি রোরবে নরকে ব্রঞ্জেং।

অপবিত্ত নয়। তান্ত্রের অভিমত—এরকম মর্মজ্ঞ সাধকের ধর্মাধর্মের যথার্থ জ্ঞান হয় বলে বিষ্ঠা মৃত্ত স্ত্রীরজঃ নথ অস্থি সব দ্রবাই তাঁর কাছে পবিত্ত, কিছুই অপবিত্ত নয়।

সার কথা, যিনি সুমুম্ভ বস্তুকেই মহাশক্তি বা ব্রহ্ম মনে করেন তাঁর কাছে ঘুণ্য কিছুই নাই। এই কথাটাই একটু অক্তভাবে উপনিষদেও পাওয়া যায়। ঈশোপনিষৎ বলেন যিনি সুব বস্তুই আত্মাতে এবং সব বৃস্তুতে আত্মাকে দুর্শন করেন তিনি কিছুকেই ঘুণা করেন না।

বাঁদের বৈতবৃদ্ধি তাঁরাই ঘুণাাঘুণ্য বিচার করেন। তাঁদের কাছেই ক্রিয়াবিশেষ পবিত্র বা অপবিত্র। এ রকম লোকের চোথেই স্ত্রীপুরুষের সংগম হেয় শারীর ক্রিয়ামাত্র। শুক্র রক্ষ: এ-সব অপবিত্র ঘুণ্য। বৈতবৃদ্ধি ব্যক্তির মাংসারিক দৃষ্টিতে এ-সব অপবিত্র ঘুণ্য বটে কিন্তু অবৈতবৃদ্ধি সাধকের অধ্যাত্মদৃষ্টিতে এ-সব কিছুই অপবিত্র নয়; স্ত্রীপুরুষের সক্ষম শিবশক্তির সামরশু, একটি অতি গৃঢ় আধ্যাত্মিক ব্যাপার। কামাখ্যাতক্ষে শিব দেবীকে বলছেন—আমি শুক্র, তৃমি শোণিত, আমাদের তৃইয়ের থেকে নিখিল জগতের উদ্ভব হয়েছে।
শুক্রশোনিতক্ষ বলে সূর্বদেহই শুদ্ধ। গন্ধর্বতদ্বেও শিবকে শুক্র এবং শক্তিকে বজঃ বলা হয়েছে।

শিবশক্তিময় দেহ —আমরা পূর্বেই লক্ষ্য করে এসেছি তা<u>ন্ত্রিক সাধকেরা স্থূপ</u> পাক্ষতোতিক দেহকে অতি পবিত্র মনে করেন। তন্ত্র<u>মতে সমস্ত জীবেই শিবশক্তি</u> বিধা<u>ভ্ত হয়ে বিরাজমান</u>। ° চেতনাচেতন জগৎ শিবশক্তিময়। °

শিবশক্তিময় দে<u>ছের কয়েকটি পদার্থ শক্তিমূলক,</u> কয়েকটি শিবমূলক। কামিকাগমে বলা হয়েছে—ত্বক্ অস্থক্ মাংস মেদ অস্থি এই ধাতু কটি শক্তিমূলক আর মজ্জা শুক্ত প্রাণ জীব এই কটি শিবমূলক। নবধাতুময় দেহ নবধোনিসমূদ্ধব।

**স্ত্রীপুরুষভত্ত**—শাক্তমতে ব্রহ্মময়ী দেবীই আপনাকে স্ত্রীপুরুষভেদে দিধা বিভক্ত করেন।

১ ধর্মাধর্মপরিজ্ঞানাৎ সকলেহপি পবিত্রতা। বিষ্মৃত্রং স্ত্রীরজো বাপি নথান্থি সকলং প্রিয়ে।
—জ্ঞানার্শবিতম্ব ২২।২৬, ড্রা: কৌর, পুঃ ৪৬

বস্তু সর্বাণি ভৃতান্তাক্মক্রেবামুপশ্রতি। সর্বভৃতেরু চাক্ষানং ততো ন বিজ্ঞুপ্তদতে।—ঈ উপ ৬

শুক্রোহহং শোণিতব্বং হি ছয়েরবাথিলং জগং।
 শুক্রং সর্বশরীরং তু শুক্রশোনিতব্বং ততঃ।
 কামা ত, পঃ ৬

৪ শুক্রং শিবো রক্ত: শক্তিরিতি কানীহি শঙ্কর ৷—গ ত ৪ • ৷৩**৫** 

এবং তৌ সর্বভূতের বিধাভূতৌ ব্যবন্ধিতো। তল্মান্নান্তি তয়োর্ভিয়ং জগদেতচয়য়চয়য় । —ই ৪০।৬

৬ শিবপন্তিময়ং বিদ্ধি চেতনাচেতনং জগং।—এ ৩৬।২>

প্রক্রেরাংসমেলেছিধাতবং শক্তিমূলকাং। মক্ত্রপ্রপ্রপ্রপ্রাণজীবধাতবং শিবমূলকাং।
 মবধাতুরয়ং দেহে। নবযোনিসমৃত্তবং।—জঃ ল স ১৬৭-এর সৌ ভা

পুরুষ অংশে তিনি শিব, স্ত্রী-অংশে শক্তি। গন্ধর্বতন্ত্র বলেন পুরুষভাব শিব আর স্ত্রীভাব পরা প্রকৃতি অর্থাৎ শক্তি। ?

আমরা পূর্বেই লক্ষ্য করে এসেছি তন্ত্রমতে পুরুষমাত্রই শিব আর স্ত্রীমাত্রই মহেশরী। কিন্তু আরও গভীরের কথা জীবমাত্রই শিবশক্তি। শিবশক্তি স্বরূপতঃ এক এবং অদ্বিতীয় প্রম ব্রন্ধ।

পঞ্চমতত্বের মর্ম ও লক্ষ্য—পঞ্চম মকারের মর্ম ব্রুতে গেলে এই যে একে ছই এবং ছইয়ে এক, তন্ত্রশাস্ত্রের কথায় চনকের মত দ্বিধাভূত অথচ এক, এই পরমতন্ত্রটি বিশেষভাবে অম্ধাবন করতে হবে। অর্থাৎ অধৈতে হৈত এবং দৈতে অধৈত পঞ্চম মকারের এই মূল তন্ত্রটি ব্রুতে হবে।

পরম এক আনন্দস্বরূপ। জীবও স্বরূপতঃ আনন্দময়। তাই সে স্বভাবতঃই আনন্দের পিয়াসী, স্থাবে পিয়াসী। আনন্দেই তার জীবনের চরিতার্থতা। পূর্বোক্ত হুইয়ে মিলে এক হওয়ায় আনন্দের পরাকাষ্ঠা অর্থাৎ শিবশক্তির সামরত্যে চরম আনন্দ।

ষোগী সাধক সাধনার ত্বারা ত্বদেহস্থ শিবশক্তির মিলন ঘটিয়ে এই চরম আনন্দ লাভ করেন, পরিপূর্ণতা লাভ করেন। আমরা আধ্যাত্মিক পঞ্চমতত্বের আলোচনায় তার উল্লেখ করেছি।

স্থূল পঞ্চমতত্ত্বেও লক্ষ্য শূ<u>িবশক্তির দামরশ্রজনিত চরম আনন্দ। সে-দামরশ্রের উপলব্ধি</u>
পূ<u>ঞ্চমতত্ত্বদাধনায় ভোগের মধ্য দিয়েই হয়।</u> এই উপলব্ধিই এ দাধনার চরম দিন্ধি। এটিই মোক্ষ।

পঞ্চমতত্ত্বসাধনা থোগ—কাজেই স্থুল পঞ্চমমকারসাধনাও যোগসাধনা। যোগ

— শৈকিশক্তির যোগ। পাধক নিজেকে শিবসক্ষপ আর সাধনসন্ধিনী শক্তিকে মহাদেবী

স্বন্ধপিণী ভাববেন। সাধক নিজের ও শক্তির এমনি সম্বন্ধ চিন্তা করতে করতে দেবত্ব লাভ
করবেন। প

তন্ত্রের নির্দেশ—সাধক কথনো স্বীয় শক্তিকে মানবী ভাববেন না। শক্তিতে হাঁর মহুয়বৃদ্ধি হবে তাঁর মন্ত্রসিদ্ধিত হবেই না বরং বিপরীত ফল হবে।

১ পুংভাব: শিব ইত্যাহ: স্ত্রীভাব: প্রকৃতি: পরা।—গ ত ৪০।২

২ একৈবাছং পরং ৰুদ্ধ শিবশস্তীতি ভেদত:।—এ ৪০।৩৬

শিবশক্তিসমাবোগ বোগ এব ন সংশয়ঃ।—জ্ঞানার্থতন্ত্রবচন, য়ঃ ভাষারহন্ত, পরিঃ »

<sup>।</sup> ৪ বা শক্তিং না মহাদেনী হররূপন্ত দাধকং। অক্টোক্সচিন্তনাক্তেব দেবত্বমূপন্তারতে।—কৌ নি, উঃ ২

<sup>ে</sup> শক্তে মনুষৰ জিত্ত বঃ করোতি বরাননে। ন তক্ত মন্ত্রসিদ্ধিঃ ভাদ্বিপরীতং ফলং লভেৎ।

<sup>—</sup>উত্তরতন্ত্রবচন, দ্রঃ প্রা তো, কাও ৭, পরিঃ ৪, পৃঃ ৫৫৫

## পঞ্চত ও শবসাধনা

তান্ত্রিক সাধকের সাধনসন্ধিনীকে যে শক্তি বলা হর তারও কারণ আছে। ইনি বরণতঃ ব্রহ্মসন্ধাপী মহাশক্তি। শক্তিসক্ষততের বলা হয়েছে—সাধকের সাধনসন্ধিনী মহাকুগুলিনী শক্তি। তাঁর সহবোগে সাবক মহাকুগুলিনীর সঙ্গে যুক্ত হবেন। এইজন্ম তাঁকে শক্তি বলা হয়েছে, ভোগের জন্ম বলা হয় নি। এর অর্থ শক্তিসহ সাধনা ভোগ নয়, যোগ।

তত্ত্বে মহাশক্তির সূল ও সম্ম ছই মণের কথা বলা হয়েছে। ত্রিজগৎ দেবীর স্থলমণ। ক্রিকেই সাধকের সাধনসন্ধিনী তাঁর অক্তডম স্থলমণ।

পঞ্চমভদ্বসাধনা বজ্ঞ — শিবদ্ধণী সাধক এবং শক্তিকপিনী তাঁর সাধনদক্ষিনী বে পঞ্চমভদ্বের অনুষ্ঠান করেন তা বজ্ঞবিশেষ। এই অনুষ্ঠানে ক্রিয়াসম্পাদনের সমন্ধ 'ওঁ ধর্মাধর্মহবিদীপ্তে আত্মাগ্রো মনসা ক্রচা। স্ব্রাব্দ্মনা নিত্যস্কর্ত্তীচ্ছ্ছোমাহম্ স্বাহা' এই মন্ত্রটি পাঠ করতে হয়। তার পরে ক্রিয়াসমাপ্তিকালে নিম্নলিখিত মন্ত্রটি পাঠ করে ক্তর্জান্ত্তি দিতে হন্ন ওঁ প্রকাশাকাশহস্তাত্যামবলমে্ব্যান্মনীক্রচা। ধর্মাধর্মকলান্মহপূর্ণমগ্রো ভূহোমাহম্ স্বাহা। ত্ব

এই প্রসঙ্গে স্থারণ করা ধার ছন্দোগ্য উপনিবদেও (৫।৮) পঞ্চাপ্পিবিছা প্রসঙ্গে <u>ক্রুকাছতি</u> দেবার কথা বলা হয়েছে।

সাধকের শক্তিরূপ— বামাচার ও কৌলাচারে পঞ্চমতত্ত্বে নাধনা বিহিত। লক্ষ্য করা গেছে বামাচারের নাধক সম্বন্ধে বিধান দেওরা হয়েছে তাঁকে বামা হরে পরাশক্তির পূজা করতে হবে। কৌলসাধক সম্বন্ধেও বলা হয়েছে তাঁর কাছে সমস্ত জগৎ শক্তিময় এবং তিনি শক্ষং তাই হবেন। ত্বীমাত্রই শক্তি। তাই বলা হয়—সমস্ত জগৎ প্রীময়, কৌল সাধক শক্ষং তাই হবেন। যামলেও এই কথা বলা হয়েছে। অধিকন্ত বলা হয়েছে সংযতমনা দাধক চব্য চোল্ল লেছ পেয় গৃহ স্থথ সমস্তই যুবতীক্ষপ ভাববেন।

বা শক্তিঃ সর্বভূতানাং বিধা ভবতি সা পুনঃ। ভূলরপা চ সা দেবী স্করপা চ পার্বতি।
 ভূলরপেণ সা দেবী সর্বমেতজ্জগৎত্রয় ।—গ ত ৩৭ । ৫৯-৬٠

७ जः श्रा (ङा, काश्र १, शक्रिः ६, व मर, शृः ६३ हे दे दे दे

मक्किनतः समर नर्वः यदः ठावर ठथा छत्वः ।—को नि, ७: >०

श्वीमग्रक कंगर मर्वर चंदर कांवर कथा करवर ।—3

৮ খ্রীময়ঞ্জ লগং সর্বং বরং তাবং তথা ভবেং। পেরং চর্বাং তথা চোছং ভক্ষাং লেহং গৃহং স্থাম্। সর্বং চ যুবজীক্লপং ভাবকেন্ বতমানসঃ।—জঃ তা ভ মু, তঃ ৽, পৃঃ ১১০

লক্ষ্য করার বিষয় তদ্ধের বিধান অন্তুসারে পঞ্চমতন্ত্বের সাধক নিজেকে শুধু শিবস্বরূপ নয়, শক্তিস্বরূপণ্ড মনে করবেন। কাজেই পঞ্চমতন্ত্ব আরু সাধারণ নরনারীর সংগম এক ব্যাপার নয়। সাধক পঞ্চমতন্ত্বের মর্ম অবগত আছেন; শক্তি তাঁর কাছে মানবী নয়, স্বয়ং মহাশক্তি। তিনি জানেন মহাশক্তিই জন্মকালে জননী, স্বেহকালে কন্তা, ভোগসন্থিনী ভাষা আবার অন্তকালে তিনিই কালিকা।

শক্তিলক্ষণ — সাধনের সাধনসঙ্গিনী শক্তির বিষয়ে আমরা পূর্বে আলোচনা করেছি। সাধনায় যে-প্রকার শক্তি প্রশস্তা তত্ত্বে তার লক্ষণ নির্দেশ করা হয়েছে। কুলার্পবতক্ত্রে আছে — স্থলক্ষণা শক্তি হবেন স্থরূপা তরুণী শাস্তা কুলাচারযুক্তা গুচি শক্ষাহীনা ভক্তিযুক্তা গুপ্তভাবে অবস্থানকারিণী শাস্ত্রোপজীবিনী নির্লোভ স্থশীলা শ্বিতমুখী প্রিয়বাদিনী গুরু ও দেবতার প্রতি সম্যক্ ভক্তিমতী সহদয়া কৌলিকদের প্রীতিভাজনা দর্শাহীনা তন্ত্রশাস্ত্রে বিশেষজ্ঞা দেবতার আরাধনায় উৎস্কক মনোহরা ও সদাচারসম্পন্না।

বিভিন্ন শক্তি— তন্ত্রশান্তে বিভিন্ন নামের শক্তির উল্লেখ আছে। নিক্তরতন্ত্রের মতে কার্যভেদ অফ্সারে এঁদের এই ভেদ করা হয়েছে। উক্ত তল্পে আছে— নটা কাপালিক। বেশা রক্ষী নাপিতাঙ্গনা যোগিনী খপচী শোণ্ডী ভূমীক্রকতা গোপিনী এবং মালিকা কার্যভেদে এই-সব রমাা বিভিন্ন শক্তি। চতুর্বগোন্তবা রম্যা শক্তিকে কাপালী বলা হয়। যিনি পুজান্রবা দেখে নৃত্যগীতপরায়ণা হন সেই চতুর্বগোন্তবা রম্যা শক্তিকে বলা হয় নিটী পূজান্রবা দেখে যে-শক্তি রমনেছ্ছ হন চতুর্বগোন্তবা সেই শক্তিকে বলা হয় বিশ্বী প্রজান্তবা দেখে যে-শক্তি রজঃ অবস্থা প্রকাশ করেন সর্বোবর্গোন্তবা সেই শক্তিবিজ্ঞকী পূজান্রবা দর্শন করে যে-কুলজা শক্তি পশুভর্তাকে ত্যাগ করেন ও বীর সাধককে আশ্রম করেন তাঁকে কর্মচাণ্ডালিনী বা খপচী বলা হয়। পঞ্চমতন্তে যার শিবশক্তিসমাযোগবৃদ্ধি তাঁকে বলা হয় যোগিনী। বিপুরীত্রতাত্ত্রা যে-শক্তি পতির কাছে পানপাত্র চান সর্ববর্ণোন্তবা সেই রম্যা শক্তিকে বলা হয় শোণ্ডী। সর্বদা বার যন্ত্রসংস্কার হয় সেই স্বর্বর্ণোন্তবা শক্তিকে বলা হয় ভূমীক্রকত্যা। পশুদের কাছে যিনি আপনাকে সর্বদা গোপন করে রাথেন সেই স্বর্বর্ণোন্তবা রম্যা শক্তিকে বলা হয় মালিনী। পূজান্রবা দেখে যিনি শোভাধারণ করেন সর্ববর্ণোন্তবা সেই রম্যা শক্তিকে বলা হয় মালিনী।

<sup>&</sup>gt; জুননী জন্মকালে চ প্ৰেহকালে চ ক্লুকা। ভাৰ্যা ভোগায় সম্পূ ভা অন্তকালে চ কালিকা।
— জ: ক শ অ, পু: ৫৪০

নটা কাপালিকা বেশ্বা রক্তকী নাপিতাক্রনা। বোগিনী বপচী শৌগ্রী ভূমীক্রতনয়া তথা।
 পোপিনী মালিকা রম্যা আসাং কার্যবিভেদতঃ। চতুর্ক্রণোত্তবা রম্যা কাপালী সা প্রকীতিতা।

নটী কাপালিকা প্রভৃতি পারিভাষিক শব্দ। এ-সব সঙ্কেত। এই সঙ্কেত সদ্গুকুম্থে জ্ঞাতব্য। নিক্তরতন্ত্রের ব্যাখ্যারও অন্তর্নিহিত অন্ত গভীর অর্থ আছে মনে হয়।

শক্তির এই-সব নাম এবং সংখ্যা সম্বন্ধে সংস্কৃত্ত সব তন্ত্র একমত নয়। শক্তিকে কুলনায়িকাও বলা হয়। উত্তরতন্ত্রে বলা হয়েছে — নটা কাপালিকা বেশা পুরুষী নাপিতন্ত্রী রজকী রঞ্জকী সৈরিন্ত্রী স্থ্বাসিনী ঘটিকা অঘটিকা ও গোপালকল্যকা বিশেণবৈদ্ধ্যযুক্তা এঁরা স্বাই কুলনায়িকা।

গন্ধবিতমে° শক্তির বান্ধণী ক্ষত্রিয়া বৈশ্যা এবং শূদ্রা নামও পাওয়া যাচছে। রেবতীতম্বে কুলালী কোচাঙ্গনা দৈবজ্ঞা ব্যাধরমণী বৌদ্ধা যুবনী ধীবরী প্রভৃতি আরও শক্তির নাম করা হয়েছে।° উক্ত তন্ত্র মতে বিদ্রাধা সব নারীই শক্তি।

শক্তি পূজা—পঞ্মতত্ব-সাধনার বিস্তৃত অমুষ্ঠান আছে। শাস্ত্র ও গুরুমুথে তা জ্ঞাতব্য।
তবে অমুষ্ঠানের অক্সতম প্রধান অঙ্গ শক্তিকে স্বয়ং মহাদেবী মনে করে ঘথাশাস্ত্র তাঁর পূজা
করা।

গন্ধর্বতন্ত্রে বলা হয়েছে—শক্তি যাতে প্রয়না হন সেইজন্ম সদা তাঁর পূজা করতে হবে। পিনি একাগ্রচিত্তে ভক্তিভরে শক্তিকে প্রণাম করেন তাঁর সর্বার্থসিদ্ধি হয় এবং অস্তে তিনি মোক্ষলাভ করেন। ত

পুজারবাং সমালোক্য নৃত্যগীতপরায়ণা। চতুর্ববর্ণান্তবা রম্যা সা নটা পরিকীর্তিতা।
পুজারবাং সমালোক্য বেখা রমণমিদ্ধতা। চতুর্ববর্ণান্তবা রম্যা সা বেখা পরিকীর্তিতা।
পুজারবাং সমালোক্য রজোহবন্ধাং প্রকাশরেং। সর্ববর্ণান্তবা রম্যা রজকী সা প্রকীর্তিতা।
প্রজারবাং সমালোক্য কুলজা বীরমাশ্রেরেং। সন্তাজ্য পশুভর্তারং কর্মচাগুলিনী স্মৃতা।
শিবশক্তিসমাবোগা (ং?) বোগিনী সা ব্যবস্থিতা। বিপরীতরতা পত্যো পাত্রং বা পরিপৃক্ষতি।
সর্বোবর্ণোন্তবা রম্যা সা শোগু পরিকীর্তিতা। সর্বলা বন্ধসম্বারে বস্তাশ্রু পশুলর্ভার ।
নৈব ভূমীক্রজা রম্যা সর্ববর্ণান্তবা প্রেরে। আন্ধানং গোপরেদ্ বা চ সর্বদা পশুদৃষ্কটে।
সর্ববর্ণান্তবা রম্যা গোপিনী সা প্রকীর্তিতা। পুজারবাং সমালোক্য বা মালা পরিকীর্তিতা।
সর্ববর্ণান্তবা রম্যা মালিনী সা প্রকীর্তিতা।—নিক্ন ত, পটল ১৫

১ নটা কাপালিকা বেখা পুরুষী নাপিতালনা। রজকা রঞ্জকী চৈব দৈরিজ্বী চ হ্বাসিনী। ঘটিকাঘটিকা চৈব তথা গোপালকখলকা। বিশেববৈদগ্ধাব্তাঃ সর্বা এব কুলালনাঃ।
— জঃ বৃহ ত সা, ১০ম সং, পুঃ ৬২৭

২ জঃ গত ২৩১৯ ৩ জঃ প্রাতো, কাও ৭, পরিঃ ৪, ব সং, পুঃ ৫৪৮

৪ শক্তরঃ পরমেশানি বিদগ্ধাঃ সর্ববোষিতঃ।-- এ

<sup>ে</sup> শক্তেঃ পূজা সদা কাৰ্যা প্ৰসন্না যেন সা ভবেং।—গ ত তং।৬

৬ হুভক্ত্যা প্রণমেদ বস্তু শক্তিমেকাগ্রচেতসা। তক্ত সর্বার্থসিদ্ধিঃ স্থাদন্তে মোক্ষমবাপ্নু রাং।—এ ৩০।১০

উক্ত ভন্তমতে যে শক্তিপূজাবিম্থ দে পামর, দে পুরুষাধম। সেই নির্লক্ষ কোন মৃথে বলবে আমি মতেখরীর পূজা করি।

বিভিন্ন তত্ত্বে সাধুনসঙ্গিনী শক্তির পূজার বিবরণ আছে। শক্তা করা গেছে ভজের বিধানে এই শক্তিকে সাক্ষাৎ মহাদেবী মনে করা হয়, কথনো প্রাকৃত রমণীয়াত্ত্ব মনীয়াত্ত্ব মনীয়াত্ব মন্ত্র ম

কৌলাবলীনির্ণয়ে বলা হয়েছে ষ্ণাবিধি স্নাতা দিব্যা হেতুযুক্তা দীক্ষিতা <u>ষ্ণালক্ষা-</u>

ৰিব্<u>লিতা সালহারা স্থবেশা স্থকান্তা</u> বা প্রকান্তাকে এনে সাধক গ্লীর উপর বসাবেন।

ভার পর স্বীয় কল্পোক্ত বিধান অন্তসারে শক্তির অক্ষে বিবিধ ন্তাস করবেন।

শক্তিদেহে স্থাস—গন্ধবতন্তে বিধান দেওয়া হয়েছে শক্তির ললাটে সিন্দুরের তিলক দিতে হবে এবং মূলমন্ত্রবিদর্ভিত সাধ্য লিখতে হবে। তার পর তাঁকে গন্ধপুশা ও মাল্যের নারা ভূষিত করতে হবে এবং তাঁর সামনে অগন্ধি ধূপ ও উচ্জল প্রদীপ দিতে হবে। এর পর তাঁর নাভি থেকে পা পর্যন্ত বাগ্ভবক্ট, হাদয় থেকে নাভি পর্যন্ত কামরাজক্ট এবং মাধা ধেকে হাদয় পর্যন্ত শক্তিক্ট ন্থাস করতে হবে। এইভাবে ন্থাস করলে শক্তিদেহ সর্বদেবময় এবং সর্বমন্ত্রময় হবে। শক্তি সাক্ষাৎ কামেশ্বরী সাধককে এই চিন্তা করতে হবে। উক্ত তন্ত্রে অন্যত্রও বলা হয়েছে সাধকোত্তম শক্তিকে কামেশ্বরশ্বরূপা এবং নিজেকে কামেশ্বরশ্বরূপ চিন্তা করবেন।

শক্তি-অঙ্গে অক্সরকম তাদের বিধানও আছে। মাতৃকাতাস কলাতাস<sup>৬</sup> করতাস ইত্যাদি করতে হয়।

এ রকম স্তাদেরও উদ্দেশ্য একই—শক্তিদেহ দেবময় ও মন্ত্রময়, পাধকের মনে এই ভাবটি

- > শক্তিপুলার বিমুবঃ পামরঃ পুরুষাধমঃ। স নি লজ্জঃ কথং বু তে পুজয়ামি মহেশরীম্ ।--- ঐ ৩৫।১১-১২
- २ जः १ छ, ११: ०६, को नि, छै: ६; धा छा, काछ १, भिन्नः ह; ইত্যापि
- ৩ স্নাপিতাং প্রমন্বাং দিব্যাং হেতুর্ক্তাং চ দীক্ষিতাদ্। বকাস্তাং পরকাস্তাং বা ঘূণাকজাবিবজ্জিতান্। সালস্কারাং স্থবেশাক স্থাপরেং তুলিকোপরি। স্থাসজালং প্রক্রীত সকল্লোক্তবিধানতঃ।—কৌ নি, উঃ ১
- চানন্দ্রেণ ললাটেহন্তাঃ কৃষা তিলকমন্ত্রিলে। সাধাং চ বিলিখেন্তত্র মূলবিভাবিদর্ভিতম্।
  প্রক্রিং পুলৈল্ডধা মাল্যৈ ভূময়িয়া তু তাং পুনঃ। কৃষা ধূপেন সৌগল্ধাং দীপাপুজ্জাল্য পার্বতি।
  নাভেল্যনপর্যন্তং বাপ ভবং কৃটম্ন্তমন্। ক্রন্ময়ায়াভিপর্যন্তং কামবীলং প্রবিভানেও।
  নিরসো লংপ্রদেশান্তং ভদীরং পরিভাবরেও। সবদেবময়ং দেহং সর্বমন্তময়ং বপুঃ।
  চিন্তরেও সাধকঃ শক্তিং সাক্ষাৎ কামেবরীং পুরঃ।—প ত ৩০।২২-২০
- কামেশরীশ্বরূপাং তাং চিস্তরেং দাধকোত্তমः। কামেশরব্বরূপং চ আক্সানমপি ভাবরন।——ঐ ৩।৭৪-৭৫
- ৬ মাতৃকাক্তাসমাচধ্য কলাক্তাসং সমাচরেৎ।—কৌ নি, উঃ ৫
- १ वाः युक् छ मां, ३०म मर, शृः ७२४

দৃ<u>চু করে দেওয়া।</u> শাস্ত্র সাধকের কাছে ঘোষণা করেন শক্তির রোমকৃপে সপ্তলক মহাবিতা ম<u>ত্ররূপে পৃথক্ অবস্থিত</u>। যতদিন রোম থাকবে ততদিন দেবদেবীগণ শক্তিদেহে অবস্থান করবেন।

শিক্তি-অক্টে জ্বপ-পঞ্মতন্ত্-সাধনার আরেকটি অফুষ্ঠানের বিষয় বিশেষভাবে উল্লেখযোগ্য। এটি শক্তির অকে জপ। সময়াচারতন্ত্রে বলা হয়েছে — সাধকেন্দ্র শক্তিকে এনে তাঁকে পাছার্য্যাদি দেবেন, যথাশান্ত্র পঞ্চাচারে তাঁর পূজা করবেন। তার পর তাঁর মাথায় এক শ, কপালে এক শ, সিন্দুরমণ্ডলে এক শ, মুথে এক শ, কঠে এক শ, হৃদয়ে এক শ, স্তন্ত্রে ছশ, নাভিতে এক শ আর যোনিপীঠে এক শ জপ করে শক্তিকে দেবীস্বন্ধপিণী চিন্তা করবেন এবং শিবশক্তির স্বন্ধপিচিন্তা করবেন।

শক্তি-অবে পীঠ লক্ষণীয় যোনিকে পীঠ বলা হয়েছে। এটিকে কামরূপ পীঠ বলা হয়। ত তন্ত্রশাস্ত্রমতে পূর্ণগিরি উড্ডীয়ান জালন্ধর এবং কামরূপ এই পীঠচতুইয় শক্তিদেহে অবস্থিত। শক্তির সমস্ত দেহ পূর্ণগিরি-পীঠ, মন্তক উড্ডীয়ান, স্তুনন্ধয় জালন্ধর আর যোনি কামরূপ-পীঠ। সমস্ত পীঠের মধ্যে কামরূপ-পীঠ দেবতুর্লভ। এই পীঠগুলিতে সাধক যে যে মন্ত্র জপ করবেন সেই সেই মন্ত্রের ফল পাবেন এবং দেবতা প্রসন্ধ হবেন।

শুধু পীঠচত্ইয় নয়, শক্তিদেহে পঞ্চাশৎ পীঠ অবস্থিত। পুরশ্চরণরসোল্লাসে বলা হয়েছে কলিযুগে পীঠগুলি গুপু হয়ে যাবে। এ যুগে পঞ্চাশৎপীঠসংযুক্ত স্ত্রী-অঙ্গই শুভপ্রদ। মূঢ়লোকেরা এই মহৎ পীঠ পরিত্যাগ করে বুথাই অন্ত পীঠে বা তীর্থে মন্ত্রজ্প করে।

তামানীয় সাধকেক্রো দভাং পাভাদিকং শুভন্। পঞ্চাচারেণ তাং শক্তিং পুদ্ধরিত্ব। শতং শীর্ষে শতং ভালে শতং নিন্দুরমণ্ডলে। শতং মুখে শতং কঠে শতং হলয়মণ্ডলে।

শত দ্বাং শুনহন্দে শতং নাজে জপেৎ স্থীঃ। যোনিপীঠে শতং জপ্তা সাধকঃ স্থিরমানসঃ।

এবং সহল্রং সংজপৎ দেবীরূপাং বিচিন্তয়েং। শিবশক্তিস্বরূপঞ্চ চিন্তয়েং সাধকোত্তয়ঃ।

—সময়াচারতয়বচন, ফ্রং ঐ, পঃ ৫৪৮

৩ দ্র: যোত, পঃ ১১

৪ চতুস্পীঠানি পীঠানি শক্তিদেহের্ বানি চ। তানি চছারি বক্ষ্যামি গুহাদ গুহুতরাণি চ।
শক্তেং সর্বশরীরং বং পীঠা পূর্ণগিরিঃ স্মৃতন্। তক্তাঃ শিরশ্চ হুভগে উভ্জীয়ানং প্রকীর্তিতন্।
দ্বনে জালদ্ধরং ক্রেয়ং কামরূপং ভগত্তথা। সূর্বের্ কামপীঠন্ত দেবানামপি তুর্ল্ভন্।
এর্ পীঠেব্ চ ছিছা বং বং মন্ত্রং জপেৎ প্রিয়ে। তত্তৎফলমবাগ্রোতি দেবতা হুপ্রসীদতি।

<sup>—</sup>সময়াচারভন্তবচন, ত্রঃ প্রা তো, কাগু ৭, পরিঃ ৪, ব সং, পৃঃ ১৪৮

<sup>&</sup>lt; পীঠানি চঞ্চলাপান্ধি কলো গুহুং ভবিস্তৃতি। পঞ্চাশংপীঠসংযুক্তং স্ত্রীণামকং শুভপ্রদন্।

পঞ্চমতত্বসাধনায় জপ প্রথাতত্বসাধনায় পদে পদে জপের বিধি। এমনিক ক্রিয়ানিশন্তি আরম্ভ করেও সহস্র জপ করতে হয়; অস্তুতঃপক্ষে শত জপ অবশ্রই করতে হয়, তার কম হলে চলবে না। স্থাবার ক্রিয়ানিশন্তি-অবসান কালে অর্থাৎ বীর্ধপাতাদি-সমুয়েও জপ করতে হয়। ই

এর থেকেই বোঝা যায় শাস্ত্র এই সাধনাকে কেন ক্নপাণধারগমনের মতো বা কণ্ঠে কালসর্পধারণের মতো কঠিন বলা হয়েছে। যাদের কাছে পঞ্চমমকার শারীর ভোগমাত্র পদে পদে এ রকম ধৈর্ঘ তাদের থাকতেই পারে না; প্রাক্তত ব্যাপারে প্রবৃত্ত ব্যক্তির পক্ষে এক্নপ করা অসম্ভব।

কাজেই প<u>ঞ্মতন্ত্র সাধকের কাছে ভোগ নয়, যোগ</u>। ভোগ<u>ক্রিয়া বটে কিন্তু যোগবাসনায়</u> <u>দে-ক্রিয়া।</u> কেউ যদি ভোগবাসনায় শক্তিপূজা করে তা হলে তন্ত্রের বিধানে তার শাস্তি নিশ্চিত দারিক্র্য ও নরক।

সাধনায় প্রবৃত্ত সাধকের যদি তৃর্ভাগ্যক্রমে কথনো মনোবিকার ঘটে তা হলে তিনি শ্রষ্ট হবেন এবং তথন তাঁর কাছে পঞ্চমতত্ত্ব আর সাধনা থাকবে না, পশুসাধারণ শারীরভাগমাত্র হয়ে পড়বে। তিনি তথন কামপ্রবৃত্তি চরিতার্থ করার জন্ম বা স্থভাগের জন্ম পঞ্মের অনুষ্ঠান করবেন। এরূপ ব্যক্তির জন্ম শাল্পে রৌরব নরকের ব্যবস্থা করা হয়েছে।

ভৎকথং মুচলোকক বিহার ত্রীপদং মহৎ। অহাপীঠেবু তীর্থেবু মন্ত্রন্ত প্রজ্ঞপেৎ প্রিয়ে।

—পুরক্তরণরসোলাদ্বনন, দ্রঃ প্রা তো, কাণ্ড ৭, পরিঃ ৪, ব সং, পুঃ ৫৫৬

- ততো ল্পেৎ সহস্রং বৈ শক্তিযুক্তো ভবেয়য়ঃ। শতং বাপি প্রজপ্তবাং ততো ন্ানং ন কারয়েং।
   —সময়াচায়তয়বচন, য়ঃ ঐ পুঃ ৫৪৯
- २ वीर्यभाजामिनमात्र खर्भनाञ्चम्मात्रधीः।—निगमकल्राज्यस्वरुन, जः अ, शृः ००१
- সন্তোগবাসনাং ধৃত্বা য কুর্যাক্তজিপুজনম্। স দারিদ্রামবালোতি নারকী চ ভবেদ প্রথম্।
   —দেবীযামলবচন, লঃ তা ভ জু, পুঃ ২৫৮
- চক্রং পঞ্চবিধ্য প্রোক্তর তক্র শক্তিং প্রপুলয়ে। রাজচক্রং মহাচক্রং দেবচক্রং তৃতীয়কম্।
   বীরচক্রং চতুর্বঞ্চ পশুচক্রঞ্চ পঞ্চমন্। পঞ্চক্রে বজেদ্ দিবাো বীরশ্চ কুলমুন্দরি।

শাস্ত্রের বিধান প্রত্যেক চক্রে পঞ্শক্তির পূজা করতে হবে। রাজচক্রে পূজা শক্তিমাতা ভগিনী ছহিতা পুত্রবধু এবং গুরুপত্নী।

মহাচক্রে মাতা ভগ্নী পুত্রবধ্ কলা এবং ব্রীরপত্নী এই পঞ্চশক্তির পূজা করতে হয়। দেবচক্রের পূজা শক্তি সম্বন্ধে বলা হয়েছে সর্বজাতির পাঁচটি বিদগ্ধসূক্তা কলা পূজা। প্প্রচক্রের পূজা শক্তি—বিমাতা তৃহিতা ভগ্নী পুত্রবধ্ এবং পত্নী। গ

বীরচক্রের পঞ্চশক্তি মাতা হৃহিতা স্থদা পুত্রবধু এবং <u>দাধকের নিজ শক্তি। এই মাতা</u> প্রভৃতি সাংকেতিক নাম। মাতা অর্থ ভূমীক্রকন্তা, হৃহিতা অর্থ রজকীস্থতা, স্থদা অর্থ স্থপচী, পুত্রবধু অর্থ কাপালী আর সাধকের নিজ শক্তি অর্থ যোগিনী। তবে আমরা পূর্বেই লক্ষ্য করেছি ভূমীক্রকন্তা প্রভৃতিও পারিভাষিক শব্দ।

নিরুত্তরতন্ত্রের বিবরণ থেকে বোঝা যায় বীরচক্রে শাস্ত্রসম্মত বীরসাধকের পক্ষে প্রত্যক্ষ পঞ্চমতত্ত্ব বিহিত।

ভৈরবীচক্র এই-সব চক্রের নাম সাধারণের কাছে বিশেষ পরিচিত নয়। সাধারণের কাছে বে-চক্রটির নাম বিশেষ পরিচিত সেটি ভৈরবীচক্র। বিভিন্ন তন্ত্রে এই চক্রের বিবরণ্প পাওয়া যায়। মহানির্বাণতন্ত্রে বলা হয়েছে — যে-কোনো স্থবিধাজনক সময়ে এই শুভ চক্রের অহুষ্ঠান করা যায়। সাধকের কল্যাণকর এই চক্রের বিধান বলা যাচছে। এই বিধান অহুসারে চক্রে দেবীর আরাধনা করলে দেবী শীল্প বাস্থিত বস্তু প্রদান করেন।

ৰুক্ষচারী গৃহস্থক পঞ্চক্রে প্রপুজ্মে । বলীয়সী(ং ?) চ দেবেশি বীরচক্রে প্রপুজ্মে । ৰ ক্ষচারী গৃহস্থ বীরচক্রেণ পূজ্মে । যোগিভিঃ পূজাতে দেবি সর্বচক্রেয় কামিনী।—নিরু ত, পঃ ১০

১ মাতা চ ভগিনী চৈব হুহিতা চ সুবা তথা। গুরু পত্নী চ পঞ্চৈতা রাজচক্রে প্রপূজ্রেৎ।—ঐ

২ মাতা ভগ্নী সুবা কন্তা বীরপত্নী কুলেখরি। মহাচক্রে যজেদেতাঃ পঞ্চাক্তীঃ পুনঃ পুনঃ ।—ঐ

ও বিদদ্ধাঃ সর্বজাতীনাং পঞ্চকস্তাঃ প্রকীর্তিতাঃ।—ঐ

বিমাতা ছহিতা ভগ্নী সুবা পদ্দী চ পঞ্চমী। পশুচকে বজেনীমান্ পশুবস্তোবণং চরেং।—ঐ

ভূমীক্রকল্পকা মাতা ছুহিতা রন্ধকীহতা। খগচী চ খদা জেয়া কাপালী চ মুবা খুতা।
 বোগিনী নিজশক্তিঃ তাং পঞ্চ কলাঃ প্রকীতিতাঃ।—এ ৬ য়ঃ এ

৭ ডঃ কু ত, উঃ ৮; কৌ নি, উঃ ৮; খ্রামারহস্ত, পরিঃ ৩; মহা ত, উঃ ৮ ইত্যাদি।

৮ যথাসময়মাসাথ কুর্যাচচক্রমিদং গুভন্। বিধানমন্ত বক্ষ্যামি সাধকানাং গুভাবহন্।
কারাধিতা যেন দেবী তুর্গং বচ্ছতি বাস্থিতম্। কুলাচার্ধো রমাভুমাবান্তার্ধাসনমূত্রমন্।
কামান্তেনান্ত্রবীজেন সংশোধ্যোপবিশেততঃ। সিন্দুরেণ কুসীদেন কেবলেন জলেন বা।
ত্রিকোণঞ্চত্রপ্রঞ্চ মগুলং রচরেং স্থাঃ। বিচিত্রঘটমানীর দথাক্ষতবিমৃক্ষিতম্।
কলপল্লবসংযুক্তং সিন্দুরতিলকাবিতন্। স্বাসিতজ্ঞলৈঃ পূর্ণং মগুলে তত্র সাধকঃ।
প্রণবেন তু সংস্থাপ্য ধূপদীপো প্রদর্শরেং।—মহা ত ৮।১৭৪-১৫৯

কুলাচার্থ একটি রমা ভূমিতে উত্তম আসন বিছাবেন, কামবীজ ( ক্লীং ) এবং অপ্রবীজের ( ফ্ট্ ) থারা এই আসন শোধন করে তার উপর উপবেশন করবেন। তার পর হুধী কুলাচার্য সিন্দুর কিংবা রক্তচন্দন অথবা গুধু জল দিয়ে একটি ত্রিকোণ মণ্ডল রচনা করবেন এবং তার বাইরে একটি চতুকোণ মণ্ডল রচনা করবেন।

এর পর সাধক একটি বিচিত্র ঘট এনে সেটিকে দৃধি এবং অক্ষতের ঘারা সম্পূত করবেন, মটের গায়ে সিন্দ্রের ভিলক দেবেন, ঘটের মুখে ফল ও পল্লব দেবেন এবং ঘটিট স্থাসিত জলে পূর্ণ করবেন। (সাধারণত: ঘটের মুখে নারকেল ও আদ্রপল্লব দেওয়া হয় আর কিপ্রবাসিত জলে ঘট পূর্ণ করা হয়)। এর পর প্রাণব উচ্চারণ করে ঘটটিকে পূর্বোক্ত মণ্ডলের মধ্যে স্থাপন করবেন এবং ঘটের সামনে ধুপ দীপ জেলে দেবেন।

ভার পর গন্ধ ও পুলেপর থারা ঘটের পূজা করে সংক্ষিপ্ত পূজাবিধি অন্ন্সারে <u>ঘটে</u> ইষ্টদেবতার পূজা করবেন।

এই পূজার বিশেষত্ব বলা হচ্ছে। এক্ষেত্রে গুরু এবং অগুদের নব পাত্র স্থাপনের প্রয়োজন নাই। এই চক্রপূজায় ব্রতী সাধক মতাদি তত্ব যে-কটি ইচ্ছা এনে সামনে রাথবেন, অক্সবীজের হারা প্রোক্ষণ করবেন অর্থাৎ অস্পবীজ উচ্চারণ করে জল ছিটিয়ে কেবেন এবং দিবাদৃষ্টিতে অবলোকন করবেন। এর পর সাধক অলিয়ন্ত্রে অর্থাৎ মত্যপাত্রে গৃদ্ধ এবং পূপা দিয়ে আনন্দভেরবী ও আনন্দভিরবের ধ্যান করবেন।

আনন্দভৈরবীর ধ্যান—দেবী নবমৌবনসম্পন্না, নবীন স্থান্ধর মতো তাঁর দেহ, তাঁর হাসি মনোহর, কথা স্থার মতো, এই হাসি ও কথায় তাঁর মৃথপদ্ম উদ্ভাসিত। নৃত্যগীতে তাঁর আনন্দ, তাঁর অঙ্গে নানা আভরণ, তাঁর বসন বিচিত্র আর করপদ্মে বরম্জা ও অভয়মুলা। এইরূপে আনন্দভৈরবীর ধ্যান করে আনন্দভৈরবের ধ্যান করতে হবে।

আনন্দভৈরবের ধ্যান—ক প্রধবল আনন্দভৈরবের নয়ন কমলের মতো আয়ত দিব্য বসনভ্যণে ভ্ষিত দেহের কান্তি অধিক দীপ্যমান। তাঁর বামকরপদ্মে স্থাপূর্ণ (ম্ব্রপূর্ণ) পাত্র আর দক্ষিণ করপদ্মে শুক্ষিগুটিকা। এই রূপে আনন্দভৈরবের ধ্যান করি।

সম্পূল্য গদ্ধপূষ্পাভ্যাং চিন্তরেদিষ্টদেবতাম্। সংক্ষেপপূলাবিধিনা তত্ত্ব পূলাং সমাচরেও। বিশেষমত্র বক্ষ্যামি শৃমুদামরবলিতে । গুর্বাদিনবপাত্রাণাং নাত্র স্থাপনমিশ্বতে। ব্বেষ্টং ভত্তমাদার সংস্থাপ্য পূর্বতো ব্রতী। প্রোক্রেদন্ত্রমত্রেণ দিব্যদৃষ্ট্যাবলোকরেও। অলিবত্তে গদ্ধপূষ্পং কলা তত্ত্ব বিচিন্তরেও। আনন্দভৈরবীং দেবীং আনন্দভিরবং তথা।—মহা ত ৮/১৬০-১৬৩

নববোবনদশ্পরাং তরুশারুশবিগ্রহান্। চারুহাসায়তাভাবোলস্বদনপক্ষান্।
নৃত্যনীতকৃতামোদাং নানাভরণভূবিতান্। বিচিত্রবসনাং খ্যায়েৎ বরাভয়করান্ব্জান্।
ইত্যানন্দমনীং খ্যাছা স্ররেদানন্তেরন্।—ঐ ৮/১৬৪-১৬৬

ক প্রধবলং কমলারভাক্ষ্ম বিব্যান্বরাভরণভূবিতদেহকান্তিন্।
বাদেন পাণিকমলেন স্থাচ্যপাত্রন্ দক্ষেণ শুদ্ধিঞ্টিকাং দশতং শ্বরামি।—ই ৮/১৬৭

সাধক এই ভাবে অনন্দভৈরবী ও <u>আনন্দভৈরবের ধ্যান করে অলিয়ন্তে উভয়ের সামরত্</u> চিস্তা করবেন এবং 'এতে গন্ধে পূপে ও <u>আনন্দভিরব্যে নমঃ</u> এতে গন্ধে পূপে ও <u>আনন্দ</u>ভিরবায় ন<u>ম</u>ঃ এই মন্ত্রে তাঁদের পূজা করবেন। তার পর মন্ত্রশোধন করবেন।

মভশোধনের মন্ত্র—আঁ <u>হ্রী ক্রো স্বাহা</u>। কুলু<u>সাধক মন্তের উপর এই মন্ত্র একশ আট বার</u> জপ করে মভশোধন করবেন।

আমরা লক্ষ্য করেছি এই তন্ত্রমতে প্রবল কলিকালে সংসারাসক্ত গৃহত্তের পক্ষে মছের প্র<u>তিনিধিস্বন্ধণ মধুরত্রর ব্যবহার বিহিত।</u> এই তন্ত্রে কলিকালে পঞ্চমতত্ত্বেরও প্রতিনিধির ব্যবস্থা দেওয়া হয়েছে তাও লক্ষ্য করা গেছে।

মছশোধনের পর ফল মাংস প্রভৃতি আর যে যে দ্রব্য পূজার জন্ত আনা হয়েছে সে-সব দ্রব্য প্রত্যেকটি পূর্বোক্ত 'আঁ <u>হাঁ কোঁ স্বাহা' এই মন্ত্র এক শ বার জপ করে শোধন করবেন।</u> এবার সাধক চক্ষ্ মৃদ্রিত করে এই সমস্ত দ্রব্য ব্রহ্মমন্ন এইরূপ ধ্যান করবেন এবং কালিকা-দেবীকে সমস্ত নিবেদন করে পানভোজন করবেন।

মহানির্বাণতন্ত্রের মতে এই ভৈরবীচক্র সর্বতন্ত্রে গুপ্ত। এই সারাৎসার পরাৎপর চক্রের বিষয় শিব দেবীর কাছে প্রকাশ করলেন।

ভৈরবীচক্রে বিভিন্ন সাধক ও সাধিকারা সমবেতভাবে সাধনা করেন। চক্রের একজন অধীশ্বর বা নায়ক থাকেন। চক্রে উপবেশনাদিরও বিধি আছে। কৌলাবলীনির্ণয়ে বলা হয়েছে—পূজাস্থানে যত্ন করে আসন পাততে হবে। তার পরে কৌল সাধক ও সাধিকারা হাত পা ধুয়ে প্রণাম করে পঞ্চমুন্তা সহযোগে চক্রে প্রবেশ করবেন। চক্রে স্বীলোকের উপবেশন একদিকে, পুক্ষদের অন্তদিকে। এরা পংক্তি-আকারে বা চক্রাকারে বসবেন। আবার প্রত্যেক সাধক এবং তাঁর শক্তি জোড়ায় জোড়ায় পংক্তি-আকারে বা চক্রাকারে বসতে পারেন।

গ্যাইখ্বমুভয়োগ্ত সামরভং বিচিভয়ন্। প্রণবাদিনমোহভেন নামময়েণ দেশিকঃ।
সম্পুল্য গদ্ধপুশোভ্যাং শোধয়েং কারণং ততঃ। পাশাদিত্রিকনীজেন বাহাভেন কুলার্চকঃ।
অষ্টোভয়শতাবৃত্যা লপন্ হেতুং বিশোধয়েং।—মহা ত ৮।১৬৮-১৬৯

२ जः वे ४। २१०--२१२ ० जः वे ४। २१२-२१७

ততন্ত প্রাপ্ততন্ত্রনি পললাদীনি বানি চ। প্রত্যেকং শতধাহনেন মনুনা চাভিমন্তরেং।
 সর্বং ব ক্ষমরং ধাছা নিমীল্য নরনবয়ম্। নিবেছ পূর্বং কাল্যৈ পানভোজনমাচরেং।

 —ঐ ৮/১৭৪-১৭৫

<sup>ে</sup> ইদৰ ভেরবীচক্রং সর্বতন্তের গোপিতন। তবাত্রে কথিতং ভক্রে সারাৎসারং পরাৎপরন।—এ ৮।১৭৬

৬ পুজাছানে প্ৰেছেন আসনানি প্ৰদাপরেং। ততঃ কৌলাঃ ব্ৰিয়ঃ সৰ্বাঃ প্ৰকাল্য পাণিপাদকম্।
প্ৰশ্ব প্ৰবিশেক্তকং মূজাভিঃ পঞ্চনজেকৈঃ। ব্ৰীণামগুতমং ছানং পুংসামগুতমং মহং।
জ্বাৰা মিথুনং কুছা ক্ৰমাৎ সম্প্ৰেশরেং। পংক্যাকারেণ বা সম্যুক্ চক্ৰাকারেণ বাখবা।—কৌনি, উঃ ৮

চক্রে সাধক সাধিকার করণীয় বিবিধ আছুষ্ঠানিক ক্রিয়াকর্ম আছে। শাস্ত্র ও সম্প্রদায় অনুসারে সে-সব করতে হয়। এই-সব ক্রিয়াকর্ম সাধকসাধিকার মনকে উচ্চ আধ্যাত্মিক ভাবে নিবিষ্ট করে দেয়।

ভৈরবীচক্রে জাভিভেদ নাই — এই চক্রে জাভিভেদ নাই। তত্ত্বের অভিন্নত ভৈরবীচক্রে প্রবৃত্ত সমস্ত বর্ণ ই ব্রাহ্মন আবার ভৈরবীচক্র থেকে নিকৃত হলে সব বর্ণ পৃথক্ পৃথক্। এই চক্রে স্থী পুরুষ যণ্ড চণ্ডাল ঘিজোন্তম এদের মধ্যে কোনো ভেদ নেই, স্বাই শিবতুলা। স্বর্গাদি পুণালোকে যেমন দেবতা ভিন্ন আর কেউ থাকেন না, তেমনি ভৈরবীচক্রের সব মাহ্ম্যই দেবতা। এই চক্রে জাভিভেদ নেই, সকলেই শিবতুলা। এ কথা বেদসমত। কেন না বেদে আছে সমস্তই ব্রহ্ম। বেশী কথা বলে কি হবে, চক্রমধ্যে পুরুষরা স্বাই শিবস্করপ এবং স্থীলোকেরা স্বাই দেবীস্বরূপিণী। সাধক এবং তার শক্তিকে চক্রমধ্যে শিবশক্তিবৃদ্ধিতে অর্চনা করতে হয়।

ভৈরবীচক্রে পঞ্চমতত্ত্ব— ভৈরবীচক্রে বীর সাধকের পক্ষে স্থাজিসই মুখা পঞ্চমতত্ত্বাস্থান বিহিত। এই শক্তি তাঁর বিবাহিত শক্তি হওয়া আবশ্যক। মহানির্বাণতত্ত্বের
বিধান—ভৈরবীচক্রে এবং তত্ত্বচক্রে সাধক নিজ শক্তিকে শৈবমতে অবশ্রই বিবাহ করবেন।
পরিপর ব্যতীত বীর সাধক যদি শক্তিসেবা করেন তা হলে তাঁর নিঃশংসয় পরস্ত্রীসমনের পাপ
হবে।

ভৈর্বীচক্তে পশ্র স্থান নাই— ভৈরবীচক্তে পশুভাবের সাধকের স্থান নাই।
মহানির্বাণভন্তে বলা হয়েছে বীর সাধকও যদি শ্লেহে ভয়ে বা অন্থরক্তিবশতঃ পশুদের চক্রে
প্রবেশ করান তা হলে তিনি কুলধর্মভ্রাষ্ট হবেন এবং নরকে যাবেন।

ভৈরবীচক্র সোপনীয় কি ?— ভৈরবীচক্রে পঞ্চত্বযুক্ত সাধনা হয়। কাজেই এর অফ্টান গোপনীয়। কেন না ভক্তশাস্ত্রমতে পঞ্চত্ত্বযুক্ত সাধনা গোপন সাধনা। তবে

এবৃত্তে ভৈর্বীচক্রে সর্বে বর্ণা বিজ্ঞাভয়: । নিবৃত্তে ভৈর্বীচক্রে সর্বে বর্ণা পৃথক্ পৃথক্ ।
ত্রী বাধ পুরুষ: বঙ্গণভালো বা বিজ্ঞাভয়: । চক্রেছমিন্ ন ভেলোহন্তি সর্বে শিবসমাঃ মৃতাঃ ।
বর্গাদি পুণালোকের দেবাদজো বর্ণা ন হি । তথৈব চক্রমধ্যেছপি দেবতাঃ সর্বমানবাঃ ।
জাতিভেদো ন চক্রেছমিন্ সর্বে শিবসমাঃ মৃতাঃ । বেদেহপি ছিত্তমেবং হি সর্বং হি বুজ্ল চাত্রবীং ।
বহনাত্র কিম্ভেন চক্রমধ্যে কুলেখরি । মদ্রপাঃ পুরুষাঃ সর্বে তদ্রদা প্রমদাঃ থিরে ।
শিবশক্তিবিয়া সর্বং চক্রমধ্যে সমর্চয়েছং ।—কু ত, উঃ ৮

क्विताहा टिक्कीहटक छवहटक्किम भाविछ । সর্বধা সাধকেকেশ কর্তবাঃ শৈবর্ধকা।
 বিনা পরি গরং বীরঃ শক্তিসেবাং সমাচরন্। পরক্রীগাসিনাং পাপং প্রাপ্তালাত্র সংশয়ঃ।

 <sup>(</sup>श्रहोम्ख्यानमृत्रक्ता नम्रकाक धारमक्त्। क्नयभार गतिवाही नीत्रांशनि नम्बर उत्कर।—के भावकः

মহানির্বাণতদ্বের অভিমত প্রবৃদ্ধ কলিকালে চক্র গোপন করা উচিত নয়। এই তব্বের যুক্তি এই বে ভৈরবীচক্র এবং চক্রাহ্মগানরত শিবতুল্য সাধকদের দর্শন করে কলিকক্মবদ্বিভ লোকেরা পশুপাশমুক্ত হতে পারবে। কাজেই চক্র গোপন করা উচিত নয়।

মহানির্বাণতদ্বের এই অভিমত পর্যালোচনা করলে স্পষ্টই বোঝা যায় শাস্ত্রদৃষ্টিতে ভৈরবী-চক্রের শাধনা উচু স্করের আধ্যাত্মিক শাধনা। শুদ্ধচিত্ত শিবতুল্য সাধকেরাই এ সাধনার বর্থার্থ অধিকারী।

এখানে একটি প্রশ্ন উঠতে পারে। পঞ্চমকারযুক্ত সাধনা দর্শনে বৈতবৃদ্ধি পঞ্চলনের মনে পাপভাব জাগবারই সম্ভাবনা। এ রকম অবস্থায় ভৈরবীচক্র দর্শন করে তারা কি করে পশুপাশম্ক্ত হবে ?

উক্তরে বলা যায় যে-কাজ পাপবৃদ্ধিতে করা হয় তাই পাপকাজ এবং তাই অন্যের মনে পাপভাব জাগাতে পারে। কিন্তু ধর্মবৃদ্ধিতে দাধনাক্রপে যা করা হয় তাতে পাপশলা থাকতে পারে না। এইজগ্রই মহানির্বাণতন্ত্র বলেছেন শুদ্ধচিত্ত দাধু সাক্ষাৎশিবস্বরূপ চক্রাস্তর্গত কৌলসাধকদের পাপশলা কোথায় ?\* অর্থাৎ.এঁ দের চিত্ত শুদ্ধ বলে এবং চক্রাস্থ্র্চান ধর্মবৃদ্ধিতে সাধনাক্রপে করা হয় বলে এই অন্তর্ছান অত্যের মনেও পাপভাব না জাগিয়ে ধর্মভাবই জাগাবে এবং তাতেই তাদের পশুপাশ ছিল্ল হবে।

তা ছাড়া এ-সব সাধনার ব্যাপারে আরেকটি কথা শ্বরণ রাখা প্রয়োজন। মাহুবের মনে যথার্থ শক্তিশালী সাধক এবং তাঁর ক্রিয়াকর্মের যে আধ্যাত্মিক প্রভাব পড়ে তা যুক্তিতর্কের ছারা বোঝান যায় না। সেই প্রভাবেই সাধারণ মাহুবের পাশমুক্তি হতে পারে।

তত্ত্বে উচ্ছুসিতভাবে ভৈরবীচক্রের ধেরপ মাহাত্ম্য প্রচার করা হয়েছে তার থেকেও এই চক্রের অলোকিক প্রভাবের নিদর্শন পাওয়া যায়। মহানির্বাণতত্ত্বে বলা হয়েছে—ভৈরবী-চক্রস্থান সকল তীর্থের সেরা মহাতীর্থ। দেবীর নিকট নিবেদিত নৈবেছের আশায় সব দেবতারাও সেথানে আসেন।

আরও বলা হয়েছে শত পুরশ্চরণের দারা এবং শবাসন মৃগুাসন ও চিতাসনে জণের দারা যে-ফল লাভ হয় স্থনী সাধক ভৈরবীচক্রে একবারমাত্র জণ করার দারা সেই ফল পাবেন। ভৈরবীচক্রের মাহাত্ম্য কে বলতে সক্ষম? একবারমাত্র ভৈরবীচক্রের অফুষ্ঠান করলে সাধক সর্বপাপমুক্ত হবেন। ছমাস অফুষ্ঠান করলে স্বাঃ মৃত্যুঞ্জয় হবেন আর নিত্য

- ১ প্রবলে কলিকালে তুল কুর্যাৎ চক্রগোপনম্।--মহা ত ৮।১৮৯
- ২ দৃষ্ট্রা তু ভৈরবীচক্রং মম রূপাংশ্চ সাধকান্। মুচ্যন্তে পশুপাশেভ্যঃ কলিকল্মন্দ্বিতাঃ।—ঐ ৮।১৮৮
- চক্রান্তর্গতকোলানাং সাধুনাং শুদ্ধচেতসাম্। সাক্ষান্তিববক্সপাণাং পাপলকা ভবেৎ কৃতঃ।—ঐ ৮।১৯৫
- ৪ চক্রন্থানং মহাতীর্থং সর্বতীর্থাধিকং শিবে। ত্রিদশা যত্র বাঞ্জিত তব নৈবেছস্ত্রস্থা—ঐ ৮০১৮৬

**ষমুর্চান** করলে ব্রন্ধনির্বাণ লাভ করবেন। ভরবীচক্র ভোগমোক্ষের একমাত্র সাধন।

ভৈরবীচক্র সম্বন্ধে নানা প্রাপ্ত ধারণা জনসাধারণের মধ্যে প্রচলিত রয়েছে। এর কারণ জনধিকারী লোকের হাতে পড়ে এই অফ্রচানের বিকার ঘটে আর সেই বিক্বত অফ্রচানকেই সাধারণ লোকে ভৈরবীচক্রাফ্রচান মনে করে। কিন্তু স্বাস্থ্যের বিকার যেমন স্বাস্থ্য নয় তেমনি কোনো ধর্মাফ্রচানের বিকারও সেই ধর্মাফ্রচান নয়। শাস্ত্রসম্মত ভৈরবীচক্রাফ্রচান একটি উচ্ন্তরের আধ্যাত্মিক সাধনা।

ভ্রত্তক ভৈববীচক ছাড়া তত্তক নামে আরেকটি তত্ত্বের কথা মহানির্বাণতদ্রে বলা হয়েছে। উক্ততন্তর্মতে এটি চক্ররাজ। এর অপর নাম দিব্যচক্র। এই চক্রে সকলের অধিকার নাই, একমাত্র বন্ধজ্ঞ সাধকেরাই এই চক্রাহুষ্ঠানে অধিকারী। ব্রন্ধোপাসক বন্ধজ্ঞ বন্ধতৎপর ভন্ধজ্ঞকরণ শাস্ত সর্বপ্রাণীর হিতকারী নির্বিকার নির্বিকল্প দল্পাশীল দৃঢ্বত সত্যসঙ্কল্প বান্ধরা। এই চক্রাহুষ্ঠানে অধিকারী।

তত্ত্বতক্রে ঘটাদি স্থাপনের প্রয়োজন নাই, পৃজাহুষ্ঠানেরও বাহুল্য নাই। এই চক্রের আয়োজনও খুব সাদাসিধা। ব্রহ্মপ্রের উপাসক ব্রহ্মনিষ্ঠ সাধক চক্রেশ্বর হবেন। তিনি ব্রহ্মজ্ঞ সাধকদের সঙ্গে তত্ত্বচক্রের অহুষ্ঠান করবেন। সাধকদের স্থপ্রদ পরিষ্কার পরিচ্ছের একটি স্থল্পর জায়গায় একটি বিচিত্র আসন বিছিয়ে সাধকদের বসবার জায়গা করবেন। চক্রেশ্বর ব্রহ্মসাধকদের সঙ্গে সেই আসনে উপবেশন করবেন। মন্থাদি দ্রব্য সামনে রাখা হবে। শমস্ত দ্রব্যের উপর 'ওঁ হংসং' এই মন্ত্র শতবার জপ করে চক্রেশ্বর মন্ত্রপাঠ করবেন—ওঁ অর্পাকিয়া ব্রহ্ম, ব্রহ্ম হবি, অগ্নি ব্রহ্ম, বিনি আছতি দিচ্ছেন তিনি ব্রহ্ম। এমনিভাবে ব্রহ্মকর্মসমাধির ঘারা তিনি ব্রহ্মলাভ করেন।

-- 421 @ PISBA-5 ..

পুরল্কালতেনাপি শবম্ওচিতাদলাং। চক্রমধ্যে সকৃৎ লপ্তা তৎকলং লভতে স্থী:।
ভেরবীচক্রমাহাক্সাং কোবা বন্ধুং ক্ষমো ভবেং। সকৃদেতৎ প্রক্র্বাণ: সর্বাং পাপে: প্রমৃচ্যতে।
ক্রমাসং ভূমিপাল: স্তাং বর্বং মৃত্যুঞ্জয় বয়য়। নিতাং সমাচয়ন্ মতে গ্রাব্ ক্রনির্বাণমাধুয়াং।

২ কথিতং ভৈরবীচক্রং ভোগমোকৈকসাধনম্। — ঐ ৮।২ •৩

তত্ত্বকাৰ চক্ৰবাৰ দিব্যক্ত তত্ত্বতাতে। নাত্ৰাধিকার: সর্বেবাং বুজ্জান সাধকান বিনা।
 পরব জোপাসকা বে ব ক্ষজা বুজতংপরাঃ। তত্ত্বভাকেরণাঃ শান্তা: সর্বপ্রাণিহিতে রতাঃ।
 নির্বিকারা নির্বিকরা দ্যাশীলা দুত্ততাঃ। সত্যসন্ধরকা বুজাত এবাত্রাধিকারিণঃ।—ঐ ৮।২০৪-২০৬

<sup>8 25-60</sup> cld & 18 8

ভারাদিপ্রাণবীল্লান্তং শতাবৃত্যা জপন্ ময়ুম । সর্বতত্তের চক্রেশ ইমং ময়ুমুদীররেং ।
 বুজার্পবিং ব জহবি বিজায়ের বিজ্ঞানের হিন্দু । বুজার তেন পপ্তবাং বুজাকর্মস্মাধিনা ।—মহা ত ৮/২১৬-২১৪

্ চক্রেশ্বর এই মন্ত্র সাতবার বা তিনবার জপ করে সমস্ক ত্রব্য শোধন করবেন। এর পর ্ব'ওঁ সচ্চিদেকং ৰুজ্ব' এই মন্তের ছারা পরমাত্মাকে ত্রব্য সমর্পণ করে সাধকদের সঙ্গে শুশানভোজন করবেন।

। এই চক্রেও বর্ণভেদ নাই, দেশকালের নিয়ম নাই, পাত্রের নিয়মও নাই। অর্থাৎ বে-কোনো অধিকারী ব্যক্তি বে-কোনো সময়ে বে-কোনো স্থানে এই চক্রাছ্ঠান করতে পারেন।

্রু শান্তের বিধান ব্রহ্মজ্ঞ উত্তম সাধকগণ ধর্মার্থকামমোক্ষ লাভের জন্য তত্ত্বচক্রের অফুষ্ঠান করবেন। ৭

্ক্র এই বিবরণ থেকে অনুমান হয় ব্রহ্মোপাসকদের জন্ত ভৈরবীচক্রের অনুকরণে এই চক্রের ব্যবস্থা হয়। উভয় চক্রান্মন্তানে অবশ্র পার্থক্যও আছে। সব চেয়ে লক্ষণীয় পার্থক্য ুভৈরবীচক্রে শক্তিসহ চক্রান্মন্তান হয় কিন্তু তত্ত্বচক্রান্মন্তানে দেন-রক্ম কোনো বিধি নাই।

পঞ্চতদের প্রাচীনতা—পঞ্চতদের প্রদক্ষ শেষ করার আগে ধর্মকর্মে পঞ্চতদ্বের ব্যবহার কত প্রাচীন এ সম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা আবশ্যক। কেন না অনেকের ধারণা ধর্মকর্মে কালির ব্যবহার, বিশেষ করে ধর্মকর্মক্সপে পঞ্চমতদ্বের অফুষ্ঠান, শাক্ত বা বৌদ্ধ তান্ত্রিকদেরই ক্রীতি। বৌদ্ধধর্মের অধঃপতনের কালে দেশের যথন নৈতিক অবনতি ঘটে তথন থেকে এই ব্যাপারটির প্রচলন হয়। এই ধারণাটি কতদ্ব সত্য বিচার করে দেখা যেতে পারে।

বেদের থেকেই স্থক করা যাক। কেন না তার চেয়ে প্রাচীন কোনো প্রামাণ্য নিদর্শন পাওয়া যায় না।

বৈদিক ক্রিয়াকর্মে মন্ত্র—একটি ঋকে অশ্বিনীকুমারন্বয়ের কাছে প্রার্থনা করা হচ্ছে— ওগো নেতা অশ্বিনীকুমারন্বয়, তোমরা আঙ্গিরস কন্দীবান্ ঋষিকে প্রভৃত ধী প্রদান কর। কারোতর নামক বৈদলশ্চর্মবেষ্টিত পাত্র থেকে বেমন স্থরা প্রাবিত হয় তেমনি তোমাদের অশ্বযুর থেকে প্রাবিত স্থরা ন্বারা অসংখ্য স্থরাকুন্ত পূর্ণ কর। তথাং বে সকল ব্যক্তি সৌত্রামণীযাগাদি কর্মে তোমাদের কাছে যজ্জের স্থরা প্রার্থনা করে তাদের স্থরা ঘটগুলি পূর্ণ কর। ই

নোজামণীযাগ— সোত্রামণীযাগের° প্রধান বিশেষত্বই বলা যায় স্থরা আছতি °

- ১ জঃ মহাত ৮।২১৫-২১৭
  - २ चन्डः नर्रक्षरप्तन बुक्तरेखाः नाधरकाखरेमः। जबरुक्तममूर्छसः धर्मकामार्थमूख्यसः।—व ৮।२১३
- ৩ যুবং নরা স্তবতে পঞ্জিয়ায় কক্ষীবতে অরদতং পুরংধিন্।
- কারোতরাচ্ছফাদশস্ত বৃক্ষ: শতং কৃষ্ট'। অসিঞ্চতং সুরারা: ৷—খ বে ১/১১৬/৭
- ব জনা: সৌত্রামণ্যাদিকমণি বৃদ্ধ বাগার হরাং বাচন্তে তেবামিতার্থ: ।—

  র সায়ণভাত্ত
- ে এ: আপ শ্রোহ ১৯, কা শ্রোহ, আ: ১৯, আছ শ্রোহ ৩৯, লা শ্রোহ ১৫)১৫, লা শ্রোহ বাচা১১, ল বা ১২।৭ ইত্যাদি ৬ R. Ph. V. U., 1925, P. 852 ....

বাজসনেম্নি-সংহিতার উনবিংশ থেকে একবিংশ পর্যন্ত তিনটি অধ্যায়ে সোজারপীবাগের মন্ত্র দেওয়া হয়েছে। উনবিংশ অধ্যায়ের প্রথম মন্ত্রটি সোমের সক্ষে ক্ষরাকে মুক্ত করার মন্ত্র। এই মন্ত্রে সোম ও স্থরার একই বিশেষণ ব্যবহার করা হয়েছে। বলা হয়েছে লোম এবং স্থরা উভয়েই স্বাত্ তীত্র অমৃতত্লা মধুরস্বাদ্যুক্ত। সোমসংসর্গে স্থরা সোম হয়ে যায়। বিশেষপ্রার মিশ্রিত অর্যা দেওয়া হত অধিনীকুমারগ্র স্বস্থতী এবং ইশ্রকে। প

এই প্রদক্ষে উল্লেখ করা যায় স্থত্তামণীযাগে স্থরার দঙ্গে মাংস ব্যবহারও বিহিত ছিল।

<u>পত্র যাগে ইন্দের কাছে বলি দেওরা হত একটি ব্</u>ষ, সর্<u>ষ্ঠীর কাছে একটি মেষ</u> এ<u>বং</u>

অম্বিনীকুমারম্বয়ের কাছে একটি ছাগ্।

লেশম একপ্রকার মন্ত — বাজসনেয়ি-সংহিতার যে মন্ত্রটির কথা হচ্ছিল তাতে দেখা যায় সোম ও স্থরাকে একই জাতীয় পদার্থ মনে করা হয়েছে। এই মন্ত্রের ভালে মহীধর স্থারূপ সোমের উল্লেখ করেছেন। পান্ধর যে একপ্রকারের মন্ত, এটি পান করলে যে প্রচুর নেশা হত তার আই প্রমাণ বৈদিক মন্ত্রেই পাওয়া যায়। ঋগ্বেদেরই জনেকগুলি মন্ত্রেশ সোম বা সোমরসকে মন্ত বা মদ বলা হয়েছে।

লোমবাগকে বেদপন্থীদের অক্সতম প্রধান ধর্মান্তুর্জান বলা বায়। "ক্ষত্রিয় রাজারা বে অব্ধমেধ, রাজস্য় প্রভৃতি মহা আড়করের যক্ত করিতেন, তাহাও নোমবাগ।" সমগ্র ঋগ্বেদই প্রধানত: সোমযজ্ঞবিষয়ক মদ্ভের সংহিতা। এর থেকেই বৈদিক সমাজে সোমবাগের শুরুত্ব অনুমান করা বেতে পারে।

তা হলে দেখা যাচ্ছে সোমরস নামক মহা বৈদিক ধর্মকর্মের একটা প্রধান জংশ জুড়ে ছিল।

বাজপের যাগ— বেদপন্থীরা দোমধাগ° ছাড়া আরও হই শ্রেণীর যজ্ঞ করতেন।

বাৰীং লা বাছনা ভীবাং তীবেণামৃতামমৃতেন মধুমতীং মধুমতা হজামি সং সোমেন।
 লোমোহক্তবিভাগে পচ্যব সরবতৈয় পচ্যবেলায় হ্রামেন পচ্যব।—বা সং ১৯।১

২ ছং সোমসংসর্গাৎ সোমঃ অসি।—এ, মহীধরভার 👂 শ বা া ।।।।।।।।।

৪ ঐ, ৫/৫/৪/১ ৫ স্থরারূপ: সোম দেবতা

৬ অংশুর্মজঃ ( অংশুঃ সোমঃ—সারণ ), ঝ বে ৪।২২।৮: সোমং মত্তম্, ঐ ৬।৬৮।১০; মত্তং মদন্, ঐ ৯।৬।২, ৯।২৩।৪, ৯।১০৭।১৪; মত্তং রস্ম্, ঐ ৯।৬৭)৫; মত্তঃ মদঃ, ঐ ৯/৮৬।৩৫ ইত্যাদি

৭ বজকথা, পৃ: ৭১ ৮ R. Ph. V. U., 1925, p 583

<sup>&</sup>gt; সোমবাগকে আবার তিন প্রেণীতে ভাগ করা হয়। বধা—ইকাহিক, জহীন আর সত্র। বে বাগ একদিনে হত তাকে করা হত উকাহিক। ছুদিন থেকে বার দিনে বা সম্পাদিত হত তার নাম জহীন আর বাতে বার বা তার চেরে বেশী দিন লাগত তাকে বলত সত্র। ঐকাহিক সোম বাগের সাধারণ নাম জ্যোতিষ্টোম। জ্যোতিষ্টোম সপ্তবিধ। বধা—ক্ষয়িষ্টোম, উক্ধা, বোড়শী, অতিরাত্র, অত্যন্তিষ্টোম, আপ্রবাম এবং বাজপের।

<sup>—</sup>ज: वक्कवर्गा, शृ: १२; R. Ph. V. U., p. 884

এক—পাকষজ্ঞ, ই ভই —হবির্যজ্ঞ। ১ এই তিন শ্রেণীর প্রত্যেকটির আবার বিভিন্ন প্রকারভেদ আছে। সোমবাগের একটি প্রকারভেদ বাজপেয় যাগ। এই যাগে স্থরা আন্ততি দেবার বিধান আছে। ১

কেউ কেউ মনে করেন যাগে বাজ অর্থাৎ অল্লোম্ভব হুরা পেয়রূপে ব্যবহৃত হয় বলে বাজপেয় যাগের নাম বাজপেয় হয়েছে।\*

বৈদিক যুগে পিতৃগণের উদ্দেশেও স্থরা আছতি দেওয়া হত। ঋগ্বিধানব্রাহ্মণে (১৪৪) অমিনীকুমারম্বরকে স্থরা আছতি দেবার কথা আছে ।\*

বৈদিক ষাগে সাংস—বেদপন্থীরা নানাবিধ প্<u>ভ্যাগ করতেন</u>। প্ভ্যাগে যথাবিধি আহুষ্ঠানিকভাবে পশুবধ করে তার মাংস পাক করে আহুতি দেওয়া হত আর যজমান ও স্বাধিকেরা হবিংশেষ মাংস ভক্ষণ করতেন।

অষ্টকা নামক পাকৰজ্ঞে পিতৃগ্ৰকে মাংস আহতি দেওয়া হত।

শাঝায়নগৃহস্তে বলা হয়েছে দেবতাকে একটা অংশ আহুতি না দিয়ে কোনো থাছ গ্রহণ করতে নেই। বেদপস্থীরা ষথেষ্ট মাংস থেতেন। কাজেই তার একটা অংশ তাঁরা দেবতাকে আহুতি দিতেন। তা ছাড়া বিশেষ বিশেষ অতিথির জন্ত যথন কোনো পশুবধ করা হত তথন সেই পশুর মাংসভোজনই ষজ্ঞ বলে গণ্য হত। ১০ অর্থাৎ ব্যাপারটি ধর্মকর্মের অঙ্ক বলে গণ্য হত।

<sup>&</sup>gt; পাক্ষজ্ঞ সপ্তবিধ। যথা—অষ্টকা পাৰ্বণ আৰু আবণি অগ্ৰহায়ণি চৈত্ৰি এবং আম্মুক্তি।—ফ: S. S., 4th Ed., p. 108

২ হবির্বজ্ঞ বা ইটিযাগও প্রধানতঃ সাত প্রকার। যথা—অগ্নায়েধর অগ্নিহোত্র দর্শপৌর্ণমাস চাতুর্মাস্য আগ্রনেটি নিরুচ্পগুরুষ এবং সৌত্রামণী।—জঃ ঐ ৩ শ বা. ৫।১/২।১০-১৯

৪ 'বাজপেয়েন স্বারাজ্যকামো বজেত' ইত্যত্ত বাজপেয়শব্দো গুণো বিধীয়তে। তত্তায়বাচী বাজশন্ধঃ।
তচ্চায়ং পেয়ং স্ব্রাজবাস্। স্ব্রাজহাপামসুটেয়ত্বাৎ।—মাধবাচার্ফের অধিকরণমালা, ১ম অঃ, ১র্ফ পাদ, বর্চ
অধিকরণ, (অঃ কৌর, পৃঃ ২৬৬)

क: मं जा, बाबाहार १-२४
 क: ई. ई., 4th Ed., p. 105

৭ পশুষাগ সোমবাগের সক্ষেও হত আবার বভর্তাবেও হত। দৃষ্টান্তবরূপ বলা যায় নিরন্থশুবৰ একটি বতন্ত্র পশুষাগ। নিরন্থশুবৰ সকৰে জঃ—কাপ প্রৌত্ম ; বৌ প্রৌত্ম ৪, কা প্রৌত্ম ৬; আব প্রোত্ম ৩।১৮, লা প্রোত্ম ইত্যাদি। পশুৰাগবিবরে জঃ—শ বা ওাদা১, ওাদা২, ওাদা২, বাদা২, বাদ

৮ सः यक्कम्थां, १: 8>-६8

<sup>»</sup> স্তঃ আৰ গৃ সু ২।৪ ; গো গৃ সু ৩।১•।১৫-৩৪ ; ৪।৪।২২ ; শা গৃ সু ৩।১৪

১০ শা গু সু ২।১৪।২৩; ২।১৫; ৪।৫।১০, ১১, ১২. [(Ref. B. Ph. V. U; p. 270, f. n. 4)]

বৈদিক যাগে মৎশ্য—বেদে মংশ্রের উল্লেখ আছে। কিন্তু শ্রেতি গ্রন্থে মংশ্র-ব্যবহারের উল্লেখ আমাদের চোথে পড়েনি। তবে মহুসংহিতাতে হব্যকব্য-কর্মে অর্থাৎ 'দৈব ও পিত্রাদি' কর্মে মংশ্র ব্যবহারের বিধি আছে।

ষা বেদবিহিত মহুসংহিতাতে সেই বিধানই দেওয়া হয়েছে। এ বিষয়ে উক্ত সংহিতাতেই একটি বচন আছে—মহু ষে-কোনো ব্যক্তির জন্ম ষে-ধর্মের বিধান দিয়েছেন তা বেদে পূর্ণক্সপে কথিত হয়েছে, কেন না মহু সর্বজ্ঞানময়। ত্রু অর্থাৎ সমস্ত বেদই তাঁর অধিগত।

মু<u>ছ বেদ্বহিভূতি কোনো বিধান দেন নি।</u> এই বচনটিতে একটি ঐতিহ্য স্থাচিত হয়েছে বিদেহ নাই। কাজেই অহমান করা যায় বেদপদ্বীদের ধর্মকর্মে মংস্থাব্যবহারও হত। নৈলে মহুসংহিতাতে এক্কপ ব্যবস্থা থাকত না।

বৈদিক **যাগে মুদ্রা**— বিবিধ বৈদিক যাগে পুরোভাশ আহুতি দেওয়া হত। পুরোভাশ যব বা চালের এক রকমের রুটি। তান্ত্রিক পরিভাষায় পুরোভাশকে মুদ্রা বলা যায়।

বৈদিক যাগে যে মূলা ব্যবহার করা হত, শুধু মূলা নয়, মহা ও মাংসও ব্যবহৃত হত তার নিদর্শন পাওয়া যায় ঐকাহিক লোমযাগে। লোমরস যে মহা তা আমরা আগেই লক্ষ্য করেছি। প্রকৃত লোমযাগের আগের দিন হত অগ্নীযোমীয় পশুষাগ আর লোমযাগের দিন হত সবনীয় পশুষাগ। সবনীয় পশুষাগে মাংসাছতির সঙ্গে পুরোভাশ আছতি দিতে হত। পুরোভাশের সঙ্গে ধানা, করন্ধ, পরিবাপ এবং পয়লাও আছতি দেওয়া হত। শাচার্য রামেক্রস্কর ত্রিবেদী লিখেছেন—"ধানা অর্থ ঘিয়ে ভাজা যব, করন্ধ মৃতপক যবের ছাত্, পরিবাপ মৃতপক চাল ভাজা। তথে দই মিশাইয়া পয়লা প্রশ্বত হয়। লোমরস, পশুমাংস এবং যবভাজা প্রভৃতির নাম শুনিয়া ভৈরবীচক্রের পঞ্চমকারের অন্তর্গত মহা, মাংস ও মূলা আপনাদের মনে আসিবে। শি

বৈদিক যজ্ঞাদিতে নৈথুন—কোনো কোনো বৈদিক প্রজাম্প্রানের অন্ততম অঙ্গ ছিল মৈধুন। যেমন মহাত্রত নামক যজে এটির বিধান আছে।\*

১ অঃ ব বে ১ । ৬৮।৮; অ বে ১১।২।২৫; বা সং ২৪।২১ ইডার্সদিঃ

२ शांतिनत्त्राहिकारात्त्रो निवृत्को स्वाक्तात्त्राः। वाक्षीयाम् निरहकुक्कारकः मनकार्रकत नर्वनः।--- मनू ४।३७

৩ ব কলিৎ কন্তচিদ্ধমো মমুনা পরিকীর্তিতঃ। স সর্বোহভিছিতো বেদে সর্বজ্ঞানময়ে। হি সঃ।—এ ২।৭

৪ ঐ বা ১)১)১, ২।৩।६, ২।৩।৬ ; শ বা ১)২।২ ে বজকবা, পৃ: ৩৭

৬ বিচিত্রপ্রসঙ্গ, রামেজ্ররচনাবলী, ২র থণ্ড, বঙ্গীরসাহিত্যপরিবং, ১৩৫৬, পৃঃ ২৭৮

৭ স্তঃ ঐ বা ২।৩।৬ ৮ বজকবা, গৃঃ ৮২-৮০

<sup>»</sup> তৈ সং ৭)০)»।৪ ; কঠিকসংহিতা ৩৪)৫--- ল: R. Ph. V. U.. p. 476, n. 4

<u>র্গোসব নামক যজ্ঞে শুধু মৈথুন নয় অগম্যাগমনেরও বিধান দেখা যায়।</u> কথিত আছে বিদেহরাজ জনক এই যজ্ঞ করতে রাজি হন নি। আর শৈব্যো রাজা গোসবযজ্ঞ করেন বটে তবে সিদ্ধান্ত করেন বৃদ্ধ বয়সেই এই যজ্ঞ করা উচিত।

অখ্যেধ্যজ্ঞের অঞ্চীভূত একটি অফুষ্ঠান যজ্ঞকারী রাজার প্রধানা মহিধীর যজ্ঞে নিহত অখের সঙ্গে সঙ্গত হওয়। ।\*

সোমাযাগে ষজমানপত্মীকে উদ্গাতার সঙ্গে মৈথুনের একটি অন্থকরণ-অন্থর্চান করতে হত। চ ছান্দোগ্য উপনিষদে মৈথুনকে বামদেব্য সামের উপাসনা বলা হয়েছে। বলা হয়েছে পুরুষ স্ত্রীকে যে সঙ্কেত করে তা হিন্ধার, জ্বীকে বস্ত্রাদি দিয়ে যে তৃষ্টকরে তা প্রস্তাব, স্ত্রীর সঙ্গে শয়ন উদ্গীথ, স্ত্রীর অভিম্থী শয়ন প্রতিহার, এমনিভাবে যে কালক্ষেপ তা নিধন এবং এই ক্রিয়ার সমাপ্তিও নিধন। এই বামদেব্য সাম মিথুনে প্রতিষ্ঠিত। ব

আলোচ্য উপনিষদে মৈথুনকে হোমও বলা হয়েছে। পঞ্চান্নবিদ্যা প্রসঙ্গে রাজা প্রবাহণ জৈবলি গৌতম ঋষিকে বললেন—গৌতম, যোষিৎই অন্নি, তার উপস্থ সমিদ, তাকে যে আহ্বান করা হয় তাই ধুম, তার যোনি অগ্নিশিখা, ক্রিয়াসম্পাদন অক্লার আর তজ্জনিত স্থ বিষ্ফ্লিক। তাই অগ্নিতে অর্থাৎ স্ত্রীরূপ অগ্নিতে দেবতারা রেত আছতি দেন। সেই আছতি থেকে গর্ভোৎপত্তি হয়।

বৈদিক যুগে পুত্রার্থে স্ত্রীসঙ্গমকে একটি পবিত্র ধর্মকর্ম মনে করা হত। ১০ এটি একটি শাস্ত্রসন্মত অহন্ঠান। এইজন্ম এই কর্মে বিভিন্ন মন্ত্রপাঠ ১১ করার বিধান আছে।

১ আপ শ্রে সু ২২।১৩।১-৩ ; জৈ বা ২।১১৩ ২ জৈ বা ২।১১৩

৩ আপ্রোস্ব৽৷১৮ ৪ তৈসং ভাগেলভ: শ বা ৪৷৪৷২৷১৮

উপমন্ত্রয়তে স হিক্কারো জ্ঞপয়তে স প্রস্তাবঃ ব্রিয়া সহ শেতে স উদ্গীধঃ প্রতি ক্ত্রীং সহ শেতে স প্রতিহারঃ
 কালং গচ্ছতি তয়িধনং পারং গচ্ছতি তয়িধনমেতদ বামদেবাং মিখুনে প্রোতম।—ছা উপ ২।১৩।১

৬ সামগানের বিভিন্ন ভাগ আছে। এই ভাগকে বলা হয় ভক্তি। সামের পাঁচটি ভক্তি থাকতে পারে।
যথা হিংকার, প্রস্তাব, উদ্দীধ, প্রতিহার ও নিধন (দ্রঃ ছা উপ ২।২।১)। হিম্ শব্দ উচ্চারণ হিংকার,
উদ্গাধার গেয় অংশ উদ্দীধ, প্রস্তোতার গেয় অংশ প্রস্তাব, প্রতিহর্তার গেয় অংশ প্রতিহার, তিনজনের
এক সঙ্গে গেয় অংশ নিধন।—দ্রঃ উপনিষৎগ্রন্থাবনী, ২য় ভাগ, ২য় সং, প্রঃ ২৬।

শ্বামী গন্তীরানন্দকৃত ব্যাখ্য। অবলম্বনে ।

৮ বোৰা বাব গৌতমাথিতভা উপস্থ এব সমিদ বহুপমন্ত্রমতে স ধুমো বোনির্নির্বাদন্তঃকরোতি তে অঞ্চারা অভিনন্দা বিফুলিঙ্গা।—ছাউপ বাদাঃ

<sup>»</sup> তুল্মিয়েত্সিয়ায়ো দেবা রেতো **জুহাতি** তস্তা **আ**হতের্গর্ভঃ সম্ভবতি ৷—ঐ গদাব ১০ অ বে গবেণ্ড-৫

১১ (i) তাং পুরঞ্জিবতমানেরত্ব ষ্প্রাং বীজং মমুয়াঃ বপস্তি।

যা ন উক্ল উশতী বিশ্রয়াতে যপ্তামুশ্ন্তঃ প্রহরাম শেপম্ ।

॥ বে ১০ ।৮৫। ১৭

<sup>(</sup>ii) 'বিষ্ণুর্বোনিং কলমতু' এবং 'গর্ভং ধেহি সিনীবালি' এই ছুটি মন্ত্রও ব্যবহৃত হত। পঞ্চতদ্বশোধন সম্পর্কে মন্ত্র টুটি উদ্ধৃত হয়েছে।

ঐতরেয় আরণ্যকে বলা হয়েছে পুরুষের রেত আদিতা এবং স্ত্রীরজ অগ্নি। কাজেই এ ছটি পদার্থ অপবিত্র বা দ্বণ্য হতে পারে না, অত এব এখানে মৈথুনকে পরোক্ষভাবে পবিত্র কর্মই বলা হয়েছে।

এ ছাড়াও শ্রুতিতে বছস্থলে মৈথুনকে ধর্মাফুষ্ঠান বা ধর্মাফুষ্ঠানের অঙ্গ বা রূপক বলে উল্লেখ করা হয়েছে।

শতপথ-ব্রাহ্মণে নানা স্থলে মৈথুনের রূপক ব্যবহার করা হয়েছে। অগ্নিহোত্তকে বলা হয়েছে মেথুনীকরণ বা মৈথুন। ত

উপরের আলোচনা থেকে এ কথা অবশুই স্পষ্ট হয়েছে যে বৈদিক যুগে বেদপন্থীরা ধর্মকর্মে তন্ত্রোক্ত পঞ্চমকার ব্যবহার করতেন। আর ধর্মকর্মে ব্যবহার করতেন বলে এগুলি সম্পর্কে কঠোর সংযমের বিধান তারা মেনে চলতেন। আমরা লক্ষ্য করেছি তান্ত্রিক পঞ্চমকারসাধনায় অতি কঠোর সংযম বিহিত হয়েছে।

কাজেই দেখা যাচ্ছে তান্ত্রিক পঞ্চমকার সাধনায় বৈদিক ধারাই অহুস্তত হয়েছে। এ সাধনা তান্ত্রিকদের উদ্ভাবিত বলা যায় না বা. বৌদ্ধধর্মের অধঃপতনের পর প্রথম প্রচলিত হয়েছে তাও বলা যায় না। মাহুষের স্বাভাবিক প্রবৃত্তিকে উচ্চতর ধর্মসাধনার ক্ষেত্রে স্বীকার করে নেওয়ার নিদর্শন বেদে যেমন আছে সনাতনধর্মী তন্ত্রেও তেমনি আছে। বৌদ্ধ তান্ত্রিকেরা সেই একই মূল ধারার অহুসরণ করেছেন বলা যায়।

তবে সাধারণভাবে বলা চলে বৈদিক যাগযজ্ঞের চেয়ে তাপ্ত্রিক সাধনা অধিকতর গৃঢ়। বৈদিক যাগযজ্ঞের বাহায়স্থান এবং উপনিষদের তত্ত্ব এই উভয়ই তাদ্রিক পঞ্চমকার সাধনার অঙ্গীভূত হয়েছে। আমরা পঞ্চমকার সাধনার যে-আলোচনা করে এসেছি আশা করি তার থেকে একথা স্পাই হয়ে উঠবে।

## শ্বসাধনা

বীরভাবের আরেকটি প্রথাত সাধনা শ্বসাধনা। শবসাধনা সম্বন্ধে সাধারণ লোকের একটা ভাসা ভাসা ধারণা আছে, কোনো স্থন্স্থ ধারণা নেই। বন্ধিমচন্দ্র-প্রম্থ

১ ঐ আহাবাণাণ

২ লা শ্রো সুন্থ ৷ ১৭ : ঐ আ ১ ৷ ২ ৷ ৪ ৷ ১০ . ১ ৷ ১০ ৷ ৪ ৷ ১০ - ১৪ ; গো গৃ সু ২ ৷ ৫ ৷ ১০ . শা গৃ সু ১ ৷ ১৯ ; পা গৃ সু ১ ৷ ১১ ১ আপ শ্রো সুং ৷ ২৫ ৷ ১১ . ছা উপ ২ ৷ ১০ ৷ ২০ শ্রা ১১ ৷ ৬ ৷ ২০ ৷

বিস্তৃত বিবরণের জন্ম লঃ কৌ নি, উ: ১৪; শ্রামারহন্ত, পরি: ১৪;
 তারাভক্তিম্বার্থির, তঃ ৯; পু চ, তঃ ৭; ইত্যাদি

সাহিত্যিকদের কল্যাণে শবদাধনা ব্যাপারটা বাঙ্গালী শিক্ষিত মহলেও এক রক্ম পরিচিত কিন্তু তন্ত্রশাল্পে এই কঠিন দাধনার যে-বিবরণ আছে তা সম্ভবতঃ বেশী লোকের জানা নেই।

স্থান ও কাল শাস্ত্রমতে শবসাধনার প্রারক্তেই সাধনার স্থান ও কাল নির্বাচন করা আবশ্রক। ভাবচূড়ামণিতে বিধান দেওয়া হয়েছে— শৃত্রাগারে নির্জন নদীতীরে পর্বতে বিশ্বমূলে শাশানে বা তার নিকটবর্তী বনে শবসাধনা করতে হবে। কৃষ্ণপক্ষ এবং শুক্রপক্ষের অষ্টমী এবং চতুর্দশী ধদি মঙ্গলবারে পড়ে তা হলে সেই মঙ্গলবার রাত্রিতে শবসাধনা করলে উত্রম সিদ্ধিলাভ হয়।

অধিকারী—শবসাধনা সবাই করতে পারে না। এ সম্পর্কে শাল্পের অভিমত পুরশ্চরণসম্পন্ন যে-বীর সাধক স্ত্রীপুত্রাদির স্নেহে আসক্ত নন এবং ধনলোভ ও মোহ যার নেই
তিনি এই বীরসিদ্ধিপ্রদ সাধনায় অধিকারী। অথবা পুরশ্চরণসম্পন্ন যে-বীর সাধক
স্বীপুত্রধনম্বেহলোভমোহবিবর্জিত তিনি এই সাধনায় অধিকারী।

সাধককে অত্যন্ত দৃঢ় সঙ্কল্ল হয়ে এই সাধনায়-ত্রতী হতে হয়। মন্ত্রের সাধন কিখা শরীর পতন এই প্রতিজ্ঞা করে তিনি সাধনার উপযোগী পূজাদ্রব্য সংগ্রহ করবেন।\*

শবসাধনায় বিবিধ দ্রব্যের প্রয়োজন হয়। তন্ত্রে এ-সব দ্রব্যের তালিকা দেওয়া হয়েছে। কৌলাবলীনির্ণয় অনুসারে শবসাধনার জন্ত প্রয়োজন—মৎস্তমাংসযুক্ত-অন্ন গুড় ছাগ পিট্টক পায়সান্ন স্থরা মাষকলাইমিশ্রিত-অন্ন তিল কুশ সর্ধপ দীপ উত্তমধ্প এলাচ লবঙ্গ কর্পুর জাতি থমের আদা তাম্বল পট্টস্তে মুগচর্ম কম্বল চষক মজ্জকাষ্ঠ পঞ্চাব্য আর স্বকল্লোক্ত পূজাদ্রব্য। ৺ সাধক এই সমস্ত দ্রব্য নিয়ে পূর্বোক্ত একটি সাধনস্থানে যাবেন।

ভোজনাত্তে সাধনা—এথানে বীর সাধকের সাধনার একটি বিশেণতের উল্লেখ করা

২ পুরশ্চরণসম্পন্নো বীরসিদ্ধিং সমাচরেং। পুত্রদারাধনম্বেছলোভমোছবিবর্জিতঃ।
—ভুতডামরবচন, দ্রঃ পু চ, তঃ ৭, পুঃ ৬১৮

৩ মন্ত্ৰং বা সাধ্যিকামি দেহং বা পাত্যামাহম্। প্ৰতিজ্ঞামীদুশীং কুতা ৰলিজব্যাণি চিন্তয়েং।—এ

৪ মংশুমাংসমৃতং ভক্তং গুড়ং ছাগঞ্চ পিইকম্। পায়সায়ং হয়ায়ৈ মাসভক্তৰলিভ্তপা।
তিলং কুশং সর্বপঞ্চ দীপলৈব হুধ্পকম্। এলালবঙ্গক প্রজাতিথদিরমাজকম্।
তাম্ব্লং পট্তত্রঞ্চ এলা[পা ?]জিনক কম্বলম্। চ্বকং বজ্ঞকাষ্ঠক ব্রপ্রাদেশপ্রমাণকম্।
প্রকার্যং ব্রক্রোক্তং পুরুজিরাং তবৈবচ।—কৌনি, উঃ ১৪

আবশ্যক। বীরতন্ত্রে বলা হয়েছে বীরু <u>সাধক ভোজা বস্তু ভোজন করে অক্ষ্</u>র হয়ে সাধনায় প্রবৃত্ত হবেন। দিব্য সাধকও তা করতে পারেন। কিন্তু পশু সাধকের পক্ষে ভোজন করে সাধনা করা নিষিদ্ধ।

অতএব শবসাধনেচ্ছু সাধককে ভোজনাদি করেই সাধনার স্থানে যেতে হয়।

শবসাধনায় বিহিত ক্রিয়াসুষ্ঠান—সাধনস্থানে উপস্থিত হবার পর সাধককে তন্ত্র-বিহিত বিবিধ ক্রিয়ার অফুষ্ঠান করতে হয়। যথা যাগভূমিপ্রোক্ষণ, গুরু গণেশ বটুক যোগিনী মাতৃকা প্রভৃতির পূজা, সাধনস্থানে উপস্থিত দেবতা রাক্ষস পিশাচ সিদ্ধ যক্ষ গন্ধর্ব অব্দরা ইত্যাদির উদ্দেশ্যে যথাবিধি পূস্পাঞ্জলি প্রদান, শ্মশানাধিপতি ভৈরব কালভিরব এবং মহাকালের কাছে বলিদান, অঘোরমন্ত্রে বা স্কদর্শনমন্ত্রেশ রক্ষাবিধান, জয়তুর্গামন্ত্রণ উচ্চারণ করে দশ দিকে সর্বপবিকীরণ, 'তিলোহসি' ইত্যাদি মন্ত্র পড়ে দশ দিকে তিল-বিকীরণ ইত্যাদি।

প্রশাস্ত শব — এর পর সাধক যথাবিহিত শব পূজাস্থানে নিয়ে আসবেন।
তন্ত্রশাস্ত্রমতে নিম্নলিথিত শব সাধনায় বিহিত - যৃষ্টিবিদ্ধ শূলবিদ্ধ থড়াবিদ্ধ জ্লামগ্র হয়ে মৃত্
রজ্জ্বদ্ধ সূপ্দিষ্ট চণ্ডালের স্বারা অভিভূত এবং সম্মুখসমরবিশারদ প্লায়নপরাজ্ম্থ মুদ্ধে নিহত
তক্ষণ স্থান্দর বীরের উজ্জ্ল শব।

বর্জনীয় শব—শবসাধনায় কতকগুলি শব ধেমন শাস্ত্রমতে প্রশস্ত তেমনি কতকগুলি শব নিষিদ্ধ। এ সম্বন্ধে বীরতন্ত্রে বিধান দেওয়া হরেছে— স্বেচ্ছামৃত হুবছর বয়সের মৃত শিশু বৃদ্ধা স্ত্রীলোক দ্বিজ্ব অন্ধাভাবে মৃত কুষ্ঠরোগে মৃত সাত রাতের আগে মৃত এই আট প্রকারের শব বর্জন করে পূর্বোক্ত যে-কোনো একটি বিহিত শব মূলমন্ত্র পড়ে পূজাস্থানে নিয়ে আসতে হবে।

অক্যান্য অনুষ্ঠান-এবার সাধক 'ওঁ ফ্ট' এই মন্তে শব প্রোক্ষণ করবেন এবং 'ওঁ হুঁ

२ जः शामात्रहरू १: ১८; भू ह, ७: १; की बि, ७: ১८

अ: পু চ, তঃ ৭, পৃঃ ৬১৮-৬১»
 ৪ ওঁ চুর্গে রক্ষণি বাহা।—ঐ

৬ খেলছামৃতং বিবর্গ চ বৃদ্ধাং স্ত্রীং চ বিজ্ঞং তথা। অস্ত্রাভাবমৃতং কুঠং সপ্তরাত্রো ধ্বগং তথা।
এবং চাষ্টবিধং তাজ্ঞা পূর্বোক্তায়তমং শবন্। গৃহীতা মূলমন্ত্রেণ পূজাল্পানে সমানরেং।—ঐ

মৃতকায় নম: এই মন্ত্র পড়ে শবের উপর তিনবার পুষ্পাঞ্চলি দেবেন। তারপর শব স্পর্শ করে নিম্নোক্ত মন্ত্রে শবকে প্রণাম করবেন—পরমানন্দ শিবানন্দ কুলেশ্ব আনন্দভৈরবাকার দেবীপর্যক্ষমংস্থিত হে বীর, বীর সাধক আমি তোমাকে প্রাপ্ত হয়েছি, চণ্ডিকার্চনে তুমি উত্তিষ্ঠ হও।

এর পর সাধক শবকে ষথাশাস্ত্র স্থান্ধি জলে স্নান করিয়ে তাকে ধ্পের দ্বারা ধূপিত করবেন এবং চন্দনাদি গন্ধজ্বের দ্বারা প্রলিপ্ত করবেন। তার পর তাকে জপস্থানে এনে কৃশশ্বার উপরে পূর্বশির করে স্থাপন করবেন। এবার তার মুথে এলাচ লবঙ্গ কর্পূর জাতি খদির ও আদ্রক সহ তাদ্বল দিয়ে শবকে অধােমুথ করবেন এবং তার পীঠে চন্দন মাথিয়ে দেবেন।

সাধক শবের বাহুমূল থেকে কটি পর্যন্ত চতুরত্র ভাবনা করবেন, তার মধ্যে চতু দার অষ্ট্রদল পদ্ম ভাবনা করবেন। তার উপর কন্ধলারত মুগচর্ম স্থাপন করবেন। এবার বার আন্ত্রনাপের বজ্ঞকাষ্ঠ চারদিকে স্থাপন করে সমস্ত লোকপালদের শবাধিস্থানদেবতাদের, চতুঃষষ্ঠি যোগিনীদের ও ডাকিনীদের সামিষ বলি প্রদান করবেন।

উত্তরসাধক— এর পর সাধক পূজাদ্রব্য সব কাছে রাখবেন এবং ক<u>িছু দূরে উত্তর-</u> সাধকে বসাবেন। কৌলাবলীনির্ণয়ের মতে <u>সাধনস্থানের ছারদেশে বীর সাধক উত্তর-</u> সাধককে বসাবেন। উত্তরসাধক সাধকের সমানগুণসম্পন্ন মন্ত্রবিদ্ জিতেন্দ্রিয় অভিষেকবিধিজ্ঞ বা দৈব- ও বীর-ভাবের সাধনবিদ্ তান্ত্রিক হবেন। গ

শবোপরি আসনগ্রহণাদি— এবার সাধক ঘণাশাস্ত্র আসনের পূজা করে মূলমন্ত্র উচ্চারণ করে অস্থারোহণক্রমে শবের উপরে উপবেশন করবেন এবং নিজের পায়ের তলায় কুশ স্থাপন করবেন। তার পর শবের চুলে শক্ত করে মুটি বাঁধবেন, গুরু ও দেবীকে প্রণাম করে প্রাণায়াম ও ষড়ঙ্গন্তাস করবেন এবং বীরার্দন মন্ত্র পড়ে দশ দিকে লোট্র নিক্ষেপ করবেন।

প্রণবাল্পস্ত্রমন্ত্রণ শবস্তা প্রোক্ষণং চরেং। প্রণবং কৃর্চৰীজং চ মৃতকায় নমোহস্তা ফট্।
পুষ্পাপ্তালিত্রয়ং দত্তা প্রণমেং স্পাপূর্বকম্।—বীয়তয়্রবচন, য়ঃ পু চ, তঃ ৭, পঃ ৬১৯

হ বীর প্রমানল শিবানল কুলেখর:। আনলভৈরবাকার দেবীপর্যক্ষসংস্থিত:।
 বীরোহহং ছাং প্রপ্রামি উত্তিষ্ঠ চণ্ডিকার্চনে।—ভাবচূড়ামণিবচন, দ্রঃ ভামারহস্ত, পরিঃ ১৪

७ सः भू ह, ७: १, १: ६२ । ८ सः वे, १: ६२)

দারদেশে ততো বীর: কুর্যাছ্তরসাধকন। সমানগুণসম্পরং মান্ত্রিকং বিজিতে ক্রিয়ন।
 অভিবেকবিধিজ্ঞং বা দৈববীরবিশারদন।
—কৌনি, উঃ ১৪

তন্ত্রাস্তরের বিধান—সাধক শরের ঝুঁটিতে পীঠপূজাদি করে ঘোড়শোপচারে দেবীর পূজা করবেন এবং শবের মুখে তিনবার কারণ অর্থাৎ মন্ত্র প্রদান করে দেবীকে তৃপ্ত করবেন। ১

শবে দেবতার আবেশ—তথন শব আর সাধারণ শব নয়। তার মধ্যে দেবতার আবেশ হয়েছে। সেইজন্তই শব্মুথে দেবীকে তৃপ্ত করার বিধান। নীলতয়ে আছে শব্মুথে ঘথাবিধি দেবতার আপ্যায়ন করতে হবে।

প্রদক্ষক্রমে উল্লেখ করা যায় শব পাঞ্ভৌতিক সন্তার শুদ্ধরূপ। সে নিম্পাপ বাসনা-কামনাহীন। এইজন্তই নি গুণব্রদ্ধরূপিণী মহাবিভাকে শবদেহে উদ্বুদ্ধ করা হয়। শবদেহকে আশ্রাকরে নি গুণা সগুণা হন। প

যে কথা হচ্ছিল। শবুনুথে দেবীকে কারণ প্রদান করে সাধক উঠে দাঁড়াবেন পুবং শবের সন্মুখে গিয়ে এই মন্ত্র পাঠ করবেন—হে দেবেশ, অনুক ব্যক্তি আমি ( এখানে সাধকের নাম বলতে হয় ), আমার বশ হও। সকল প্রাণীর শ্রেষ্ঠ আশ্রয়ন্থল হে মহাভাগ, আমায় দিদ্ধি দাও।

তার পর মূল মন্ত্র পড়ে পট্টু<u>স্তর দিয়ে শবের পা ত্থানি থুব শক্ত করে বাঁধবেন</u> এবং নিমোক্ত মন্ত্র পড়ে শবের পায়ের তলায় ত্রিকোণচক্র আঁকবেন — হে ভীম, ভীকদের ভয়নাশক ভব্যলোচন ভাবুক শবাধিপতির অধিপতি দেবদেবেশ আমায় ত্রাণ কর। গ

এ রকম করলে শব নিশ্চল হয়ে থাকবে, আর উঠে বদতে পারবে না। লক্ষণীয় শব সাধনার সময় শব উঠে বদতে পারে এবং সাধককে আসনচ্যুত করে দিতে পারে বলেই পূর্বোক্ত সতর্কতার বিধি।

শবের নড়ে ওঠা—এবার সাধক আবার শবের উপর আসন গ্রহণ করবেন এবং শবের ছই হাত ছই পাশে রেথে হাতের উপর কুশ বিছিয়ে দেবেন এবং তার উপর নিজের ছই পারাথবেন। তার পর ওঠ মৃক্ত করে স্থিরচিত্ত স্থিরেন্দ্রিয় হয়ে হ্রদয়ে দেবীর ধ্যান করে মৌনভাবে মথাবিধি জপ করবেন। জপ করতে করতে সাধক একসময় অহ্বভব করবেন শব নড়ছে। কিন্তু শবাসন নড়লেও সাধক ভয় পাবেন না। তবে যদি তাঁর মনে ভয় জয়ে

১ জঃ ভাষারহন্ত, পরি: ১৪

২ ততঃ শবাস্তে বিধিবৎ দেবতাপ্যায়নং চরেৎ। –নীলভন্ন, পঃ ১১

<sup>9</sup> S. P., 2nd Ed., p. 207, f. n. 1

ওঁ বলো মে ভব দেবেশ সমামুকং পদং ততঃ।
 সিদ্ধিং দেহি মহাভাগ ভূতাশ্রয়পদাম্বরঃ।—বীরতম্ববচন, দ্রঃ পু চ, তঃ ৭, পুঃ ৬২>

<sup>ে</sup> ওঁ ভীম ভীক্লভয়াভাব ভব্যলোচন ভাবুক। ত্রাহি মাং দেবদেবেশ শবানামধিপাধিপ।—কৌ নি উ: ১৪

७ जालाबाजुः न मालाजि नाताश्मि निम्हाला खातर ।-- वीत्रज्ञवहन, सः भू ह, जः १, भृः ७२)

তা হলে তিনি বলবেন—দেবেশি ! তুমি কুঞ্চরাদি যা বলি চাও, দিনান্তরে তা তোমাকে দেব। তোমার নাম কি বল। সংস্কৃত ভাষায় এই কথা বলে সাধক নির্ভয়ে জপ করতে থাকবেন। তার পর যদি শব মধ্র ভাষায় সাধকের কথার উত্তর দেন তাহলে সাধক তাঁকে দিয়ে সত্য করিয়ে নিয়ে তাঁর কাছে বর প্রার্থনা করবেন। কিন্তু তিনি যদি সত্য না করেন এবং অভীষ্ট বর না দেন তা হলে ধীমান সাধক আবার একাগ্রমনে জপ করতে থাকবেন।

সাধকের পরীক্ষা—এই সময়ে সাধককে কঠিন পরীক্ষার সন্মুখীন হতে হয়। নানা বিভীষিকা নানা প্রলোভন তাঁর সাধনায় বিদ্ন ঘটাতে আসে। এইজন্য এই সময়ে সাধককে খুব সতর্ক থাকতে হয়। শাস্ত্র সাধককে সতর্ক করছেন এই বলে যে নানা অভূত দৃশ্য সামনে আসবে, সাধক সে-সবের দিকে তাকাবেন না, কতজন কত কথা বলতে চাইবে সাধক কিন্তু কোনো কথা বলবেন না। সাধকের কাছে কত কিছু আসবে তিনি সে-সব স্পর্শপ্ত করবেন না। যতক্ষণ না দেবতা প্রত্যক্ষ হন ততক্ষণ তিনি একচিত্তে জপ করবেন।

দেবতা মানুষের রূপ ধরে এসে দাধককে ভোলাতে চান। এইজন্ম যিনি সামনে এলেন তিনি মানুষ না দেবতা এটি সাধককে খুব সতর্কভাবে জানতে হয়।

এই সমস্তই সাধকের পরীক্ষা। সিদ্ধিলাভ সহজ ব্যাপার নয়। নানা কঠিন পরীক্ষায় উত্তীর্ণ হতে পারলে তবে সিদ্ধি মিলে।

দেবী অনেক সময় সাধকের প্রমাত্মীয়ের রূপ ধরে এসে তাঁকে প্রীক্ষা করেন। মায়ার দ্বারা নিজ স্বরূপ আচ্ছাদিত করে সাধকের মা মাসী বা মামীর রূপ ধরে এসে সাধনার বিদ্ন ঘটাতে চান। বলেন—বাছা, উঠে এস, তোমার কাজের কথা স্বাই জ্বেনে ফেলেছে। ভোর হয়ে গেছে, বাড়ীতে তোমার বাবা কালাকাটি করছেন। লোকেরা প্রায়ই স্ব্যাপরায়ণ আর রাজাও দণ্ড দিতে উত্তত। কেউ যদি তোমাকে এই অবস্থায় দেখে ফেলে তা হলে তোমার অনিষ্ট হবে। এমনি কত কথা বলে সাধকের জপ বন্ধ করাতে চান। কিন্তু সাধকের কিছুতেই জপ ত্যাগ করা উচিত নয়।

চলাসনাদ্ ভয়ং নান্তি ভয়ে জাতে বদেওতং। বং প্রার্থয়িস দেবেশি দাতব্যং কুঞ্জয়াদিকয়্।
দিনান্তরে চ দাল্ডামি অনাম কথয়অ মে। ইত্যুক্ত্বা সংস্কৃতেনৈর নির্ভয় পুনর্জপে।
প্রশেকয়ধুয়ং বক্তি বক্তব্যং মধুয়ং ততং। ততং সভাং কারয়িছা বয়ং ত্ প্রার্থয়েওতং।
বিদ্যিত্যং ন করোতি বয়ং ত্ ন প্রথছতি। তদা পুনর্জপেদ্ ধীমানেকাগ্রমানসং য়থা।—কৌ নি, উং ১৪

২ ন পশ্ভেদজুতে জাতে নাভাবেত চ ন স্প্শেৎ। একচিত্তো জপং কুর্গাদ্ বাবৎ প্রত্যক্ষতাং ব্রজেৎ।
— যক্ষডামরবচন, দ্রঃ পু চ, তঃ ৭, পুঃ ৬২২

৩ যত্নতান্তেন ৰোদ্ধবাং নরো বা দেবযোনয়:।—বীরতন্ত্রবচন, জঃ ঐ

মাভা মাতৃষদা বাপি মাতৃলানী তথৈব চ। আগতা বিদ্নং কুক্সতে মারয়াজ্বায়্ব বিগ্রহন্।
 উত্তিষ্ঠ বংস তে কার্যং সর্বং জ্ঞাতং ন সংশয়ঃ। প্রজাতসময়ো জ্ঞাতঝংপিতা ক্রোশতে গৃহে।

দেবীর দর্শনদান—আরও সব কঠিন কঠিন পরীক্ষা সাধকের সামনে আসে। তিনি যদি সে-সব পরীক্ষায়ও উত্তীর্ণ হতে পারেন, যদি কিছুতেই ক্ষ্ম না হয়ে বিচলিত না হয়ে একাগ্রচিত্তে জপ করতে থাকেন, তা হলেই তিনি অভীষ্ট লাভ করতে পারেন। এবার দেবী রাহ্মণীরূপে এবং ভৈরব ব্রাহ্মণরূপে একে সংস্কৃত ভাষায় তিনবার বলেন 'বরং গৃহু বরং গৃহু বরং গৃহু'—বর নাও, বর নাও, বর নাও। সাধক তথন দেবীকে সত্যবদ্ধ করে বর প্রার্থনা করেন।

অপরাপর কৃত্য—এর পর সাধক যথাবিধি জপাদি সমাপ্ত করবেন। বাঞ্চিত ফললাভ হয়েছে জেনে শবের ঝুঁটি খুলে দেবেন। তার পর শব প্রকালন করবেন, তাঁর পায়ের বাঁধন খুলে দেবেন, পায়ের তলায় আঁকা চক্র মুছে ফেলবেন, পূজাদ্রব্য জলে বিসর্জন দেবেন, শবকে জলে অথবা গর্ভে বিসর্জন দেবেন। তার পরে স্নান করে বাড়ী ফিরবেন।

পূর্বরাত্তে কুঞ্চরাদি যে-সব বলি দেবেন বলেছিলেন যবের খুদ বা শালি ধানের চালের খুদ দিয়ে তৈরি করে সে-সব বলি দেবেন। অর্থাৎ খুদের গুড়ো দিয়ে পিঠের মতো কুঞ্চরাদি তৈরি করে তাই বলি দেবেন।

পরের দিন নিত্য কর্ম সমাধা করে পঞ্চাব্য থাবেন। আর পঁচিশ জন ব্রাহ্মণকে ভোজন করাবেন। ব্রাহ্মণভোজন না করালে সাধক নির্ধনতাপ্রাপ্ত হবেন। এইভাবে নির্ধনতাপ্রাপ্ত হবেন। ৪

সাধক তিনি রাত্রি ছয় রাত্রি বা নয় রাত্রি শব-সাধনার কথা গোপন রাখবেন।

শবসাধনার পর পনর দিন পর্যন্ত সাধকের দেহে দেবতা অবস্থান করেন। কাটুজই এই সময়টা সাধককে শুদ্ধসংযতভাবে থাকতে হয়। এই সময়ে তাঁর পক্ষে স্ত্রীসহবাস, গান শোনা, নাচ দেখা, দিনের বেলা কথা বলা নিষিদ্ধ। তন্ত্রাস্তরে আছে স্ত্রীসহবাস করলে সাধকের রোগ হবে, গান শুনলে সাধক বধির হবেন, নাচ দেখলে অদ্ধ হবেন, দিনের বেলা কথা বললে মৃক হয়ে যাবেন। ক

তন্ত্রের নির্দেশ সাধক গো বাহ্মণ ও দেবতার নিন্দা কোথাও করবেন না। ভটিভদ্ধ হয়ে

প্রারো বিমৎসরা লোকা রাজানো দওধারিণ:। কদাচিৎ কেন বা দৃষ্টন্তদানিষ্টো ভবিছতি। ইত্যাদি বিবিধৈবিক্যেন চ জাপং পরিত্যজেৎ।—কৌনি, উ: ১৪

১ দ্রঃপুচ, তঃ ৭, ৬২৩ ২ দ্রঃ ঐ, পৃঃ ৬২৪

७ सः ते, पृ: ७२६-७२६ ह सः ते, पृ: ७२६

পঞ্চদশদিনাস্তা হি দেহে দেবস্ত সংস্থিতিঃ।—তন্ত্রান্তরবচন, ক্র: এ

শব্যায়াং যদি গচ্ছেদ্ বা তদা ব্যাধিঃ প্রকায়তে। গীতং শ্রুণা চ বধিয়ো নিশ্চকু নৃত্যদর্শনাং।
 যদি বস্তি দিনে বাকাং তদা স মুক্তাং ব্রক্তেং।— ঐ

গোবান্ধণদের স্পর্শ করবেন। প্রাতে নিত্যক্রিয়া সমাপন করে বেলপাতার রস পান করবেন।

তার পর ষোল দিনের দিন তীর্থাদিতে স্থান করে ষথাশাস্ত্র দেবতাদির তর্পণ করবেন। বিলিক্ট সিদ্ধি—শাস্ত্রবিহিত শবসাধনা এইভাবে সমাপ্ত হয়। কৌলাবলীনির্ণয়ে বলা হয়েছে—এরপ বিধানে সাধনা করলে সাধক নিশ্চিত সিদ্ধিলাভ করবেন। ইহলোকে শ্রেষ্ঠ ভোগ্য ভোগ করে দেহাস্তে হরির স্থান লাভ করবেন। এ সাধনা সাঙ্গ হক কি না হক, সফল কি নিম্ফল হক, যিনি এ সাধনা করেন তিনি মহাশক্তির প্রিয়তর হন। প

এই বচনের হরির স্থান উপলক্ষণ। সাধক স্থীয় ইষ্টদেবতার স্থানে প্রয়ান করেন বা পরম পদ লাভ করেন এইটি শাস্ত্রোক্তির মর্ম।

১ उत्तः भू ह, छः १, शृः ७२६ २ छैतः औ

ইত্যনেন বিধানেন সিদ্ধিং প্রাপ্নোতি সাধক:। ইহ ভুজ্বা বরান্ ভোগান্ অস্তে যাতি হরেঃ পদম্।
 অসাকং সাক্ষেব বা নিক্ষকং সক্ষক বা। কৃষা সাধনমেবৈতৎ শক্তেঃ প্রিয়তরো ভবেৎ।—কৌ নি, উ: ১৪

## চতুৰ্দশ অধ্যায়

## मीका

**শ্রোভ দীক্ষা**—শ্রোত গ্রন্থে দীক্ষার কথা আছে। কিন্তু দে- দীক্ষা আর তান্ত্রিক দীক্ষা এক নয়। শ্রোত দীক্ষা সোমধাগের পূর্বে অন্তর্ভিয় অন্তর্ভানবিশেষ। যজমান ক্ষোরকর্ম করে স্থান করেন, নৃতন বস্ত্রাদি পরেন, গন্ধান্ত্রলেপন করেন, মৌঞ্জীধারণ করেন এবং কৃষ্ণসারচর্মের উপর আসন গ্রহণ করেন। এইভাবে দীক্ষান্তর্ভান সম্পন্ন হয়।

তান্ত্রিক দীক্ষার অমুরূপ বৈদিক সংস্কার উপনয়ন। উপনয়ন সংস্কারে যাদের অধিকার আছে তাদের সকলের পক্ষেই একই উপনয়ন বিহিত কিন্তু তান্ত্রিক দীক্ষা ব্যক্তি অমুসারে ভিন্ন হতে পারে।

সর্বাত্রে দীক্ষা— তন্ত্রমতে দীক্ষা মৃক্তিসোধের প্রথম সোপান। মৃক্তিকামনায় সাধনেছু ব্যক্তিকে সকলের আগে সদ্গুরুর কাছে দীক্ষা গ্রহণ করতে হবে। কোন ব্যক্তির পক্ষে কোন সাধনোপায় বিহিত তা গুরুই দীক্ষা দেওয়ার সময় স্থির করে দেন। দীক্ষা না হলে শুধু যে পথ স্থির হয় না তা নয়, তান্ত্রিক সাধনায় অধিকারই হয় না।

আবশ্যকতা—গোতমীয়তন্ত্রে বলা হয়েছে—উপনয়ন না হলে দ্বিজনের যেমন বেদাধ্যয়ন সন্ধ্যাবন্দনাদি নিজকর্মে অধিকার হয় না তেমনি অদীক্ষিতদের মন্ত্রতন্ত্র পূজার্চনায় অধিকার হয় না । অতএব শিবোক্ত মতে অর্থাৎ তন্ত্রমতে দীক্ষা গ্রহণ করতে হবে । প

তস্ত্রের অভিমত অদীক্ষিত ব্যক্তিরা জপ পূজাদি ক্রিয়া করলে তা শিলায় উপ্ত বীজের মতো ব্যর্থ হয়। দীক্ষাবিহীন ব্যক্তির সিদ্ধিও লাভ হয় না, সদ্গতিও লাভ হয় না সেইজন্ম সাধনেচ্ছু ব্যক্তিকে সর্বপ্রয়ত্বে গুরুর কাছে দীক্ষা নিতে হবে।

এই ধরণের তন্ত্রবচন অনেক পাওয়া যায়। যেমন নবরত্বেশ্বরের মতে অদীক্ষিত ব্যক্তির

<sup>3</sup> R. Ph. V. U., p. 800

২ মুক্তিসৌধস্ত সোপানঃ প্রথমং দীক্ষণং ভবেং।—পরমানলতন্ত্রবচন, দ্রঃ প ক হু ১।১-এর রামেধরকৃত বুত্তি

ছিলানামমুপনীতানাং স্বকর্মাধ্যয়নাদিব। বথাধিকারো নাতীহ সন্দ্যোপাসনকর্ময়।
 ছথা ফ্লীকিতানাত্ত মন্তত্ত্রার্চনাদির। নাধিকারোহত্তাত: কুর্যাদায়ানং শিবসংকৃত্ম।—কৌ ত, অঃ ৫

অদীক্ষিতা বে কুর্বস্তি জপপৃজাদিকাঃ ক্রিয়াঃ। ন ভবস্তি প্রিয়ে তেবাং শিলায়াম্প্রবীজবং।
 দেবি দীক্ষাবিহীনস্ত ন সিদ্ধি নি চ সন্গতিঃ। তত্মাৎ সর্বপ্রবড়েন গুরুণা:দীক্ষিতো ভবেং।

<sup>—</sup>ক্ন যা, উ ত, পঃ ৩

তপস্থা নিয়ম ব্রত তীর্থধাত্রা শারীরিক কুচ্ছুতাসাধন প্রভৃতি কিছুতেই কোনো কাজ হয় না।

মৎশুস্তের মতে অদু<u>ীক্ষিত ব্যক্তির অন্নজনও গ্রহণযোগ্য নয়।</u> আমাদের দেশে এখনও অনেক প্রাচীনপন্থী ধার্মিক ব্যক্তি আছেন যারা অদীক্ষিত ব্যক্তির অন্নজন গ্রহণ করেন না।

শাস্ত্রের অভিমত অদীক্ষিত ব্যক্তির ইহলোকে পরলোকে কোনো রক্ষাকর্তা নাই।° মৃত্যুর পর সে রৌরব-নরকে যাবে।<sup>8</sup>

কাজেই তন্ত্রের বিধান পারমার্থিক-উন্নতিকামী ব্যক্তি ব্রন্ধচর্যাদি ষে-কোনো আশ্রমেই থাকুন না কেন তাঁ<u>কে দীক্ষা অবশ্রুই নিতে হবে।</u> কেন না জপ তপ প্রভৃতি সব সাধনাই দা

নাহাত্ম্য — তপ্তশাত্মে উচ্চকুঠে দীক্ষার মাহাত্ম্য প্রচার করা হয়েছে। সকল প্রকার দীক্ষার ফলেই মুক্তি এবং তার অবিরোধিভাবে প্রাদক্ষিক ভূক্তিও লাভ হয়।

কুলার্ণবত্তপ্তে বলা হয়েছে রসেন্দ্রের দারা বিদ্ধ হয়ে লোহ বেমন স্থবর্ণতা প্রাপ্ত হয় তেমনি দীক্ষাবিদ্ধ জীবাত্মা শিবত্ব লাভ করে। দীক্ষাগ্নিতে তার কর্ম দগ্ধ হয়ে যায়; সে ক্র্মবন্ধনমুক্ত হয় এবং দেহান্তে শিব হয়ে যায়। প্র

জীব পাশমুক্ত হলে তত্ত্ত্তান লাভ করলে তবেই শিব হতে পারে, মোক্ষ লাভ করতে

<sup>&</sup>gt; নাদীক্ষিতস্ত কার্যং স্থাৎ তপোভির্নিয়মত্রতৈ:। ন তীর্থগমনেনাপি ন চ শরীরবয়বৈ:।
—ক্ষঃবুহ ত সা, ১০ম সং, পুঃ ৮

অদীক্ষিতানাং মর্ত্তানাং দোবং শৃণু বরাননে। অল্লং বিষ্ঠাসমং তত্ত জলং মৃত্রসমং স্মৃত্তন্।
 —মংক্তপুক্তবচন, ত্রঃ ঐ

অনীধরস্থ মর্ত্তান্ত নান্তি ত্রাতা বথা ভূবি। তথা দীক্ষাবিহীনপ্ত নেহ স্বামী পরত্র চ।
 —দতাত্রের্ঘামলবচন, দ্রঃ ত ত, পৃঃ ৩৮০

৪ অদীক্ষিতোহপি মরণে রৌরবং নরকং ব্রক্তে ।—রু যা, উ ত, পঃ ৩

পারে। দীক্ষার থারা এই উভয় কর্মই হয়। বিশ্বসারতদ্ধে দীক্ষার সংজ্ঞা নির্দেশ করা হয়েছে এই বলে—যা দিব্য জ্ঞান দান করে এবং পাপের ক্ষয় করে তাকেই দীক্ষা বলা হয়।

পরমানন্দতন্ত্রে বলা হয়েছে—যা শিবসাযুজ্য দান করে এবং পাশবন্ধন ক্ষয় করে তাকে দীক্ষা বলা হয়।

এ সম্বন্ধে অক্সান্ত তন্ত্রেরও° মোটের উপর একই অভিমত।

দীক্ষার ঘারা অজ্ঞান নাশ হয়। তবে কারো কারো মতে দীক্ষার ঘারা শুধু পৌরুষ অজ্ঞান নাশ হয়, বৌদ্ধ অজ্ঞান নাশ হয় না। বৌদ্ধ অজ্ঞান নাশ হয় শান্তজ্ঞানের ঘারা। কাজেই দীক্ষার পরে আগমদিদ্ধান্ত সম্বন্ধে জ্ঞান লাভ করলে পরে মোক্ষলাভ হয়। তবে দীক্ষার পর যদি শাল্পজ্ঞান লাভ না হয় তা হলেও দেহান্তে মৃক্তি হবে। বৌদ্ধ অজ্ঞান দ্ব না হলে দেহান্তেই বা কি করে মৃক্তি হবে এই প্রশ্নের উত্তরে বলা হয়—দীক্ষিত ব্যক্তিরা দেহান্তে পরাৎপর লোক প্রাপ্ত হয়ে সদাশিবের ঘারা প্রবৃদ্ধ হন। আর প্রবৃদ্ধ হলেই মৃক্তিলাভ করেন। কেন না জ্ঞানেই মৃক্তিলাভ হয়।

দেখা বাচ্ছে এই মত অহুসারে দীক্ষিত ব্যক্তির দেহান্তে মৃক্তি অবধারিত। তবে দীক্ষা সম্পর্কে কুলার্পবতন্ত্রে একটি সারগর্ভ কথা বলা হয়েছে—যে-দীক্ষায় দীক্ষিত হওয়া মাত্র অস্তরে প্রত্যয়সমূহ জাত হয় সেই-দীক্ষাই মোক্ষদা, অহা সব জনসেবিকা। এই শাস্ত্রবাক্যের সহজ অর্থ সদ্পুক্র কাছে যথার্থ দীক্ষা লাভ করতে পারলে দীক্ষিত ব্যক্তির অস্তরে গুরু ও শাস্ত্রবাক্যে প্রত্যয় জন্মে এবং তথন তিনি যথাবিধি সাধনা করে মোক্ষলাভ করতে পারেন।

দীক্ষাবস্তম্ভ দেহান্তে প্রাণ্য লোকং পরাৎপরম্। সদাশিবেদ তে সমাক্ প্রৰুদ্ধাঃ শিবন্ধপিণা।—প ক হু ১।৩-এর বৃত্তি

দিবাজ্ঞানং বতো দভাৎ কুর্যাৎ পাপক্ষয়ং ততঃ। তত্মাদীক্ষেতি সা প্রোক্তা সর্বতন্ত্রস্য সম্মতা।
 জঃ প্রা তো, কাও ২, পরিঃ ৪, পুঃ ১১৬

২ দীয়তে শিবসাযুদ্ধাং দীর্যতে পাশবন্ধনম্। অতো দীক্ষা কথিতা-----।---দ্রঃ প ক স্থ ১।৩১-এর বুস্তি

यथा—(i) দিব্যভাবপ্রদানাক্ত ক্ষালনাৎ কল্মবস্ত চ। দীক্ষেতি কথিতা সন্তির্ভববন্ধনবিমোচনাৎ।
 —কুত, উঃ ১৭°

<sup>(</sup>ii) জ্ঞানং দিব্যং যতো দভাৎ কুৰ্যাৎ পাপক্ষয়ং ততঃ। অতো দীক্ষেতি সা প্ৰোক্তা গুৰুণিয়ো বদামি তে।
—গ ত ২৬।৩

<sup>(</sup>iii) দভাচ্চ দিব্যভাবং কিণ্মাদু রিতামতো ভবেদীকা।—প্র সা ড ৫।৩

৪ পৌরুষ অজ্ঞান ও বৌদ্ধ অজ্ঞান সম্বন্ধে কাথীর শৈবমতের আলোচনা ক্রষ্টব্য।

তত্র দীক্ষরা পৌরুবাজ্ঞাননাশেহপি বৌদ্ধনলন্ত শান্তজ্ঞানেনিব নাগুড়াৎ দীক্ষাহনন্তরমাগমিদিদ্ধান্তজ্ঞানসম্পাদনে তদৈব মোক্ষঃ। যদি শান্তজ্ঞানং ন সম্পাদিতং, কেবলদীকৈব জাতা, তন্ত দেহান্তে মুক্তিরিতি।

ন বৌদ্ধমলসবে দেহান্তে কথা মুক্তিরিতি শব্দনীয়ন, ত্রিপুরারহন্তে—

বরা দীক্ষিতমাত্রেণ কারত্তে প্রত্যরাঃ প্রিয়ে। সা দীকা মোক্ষদা জেরা শেবাস্ত ক্রমেবিকা।—কু.ত, উ: ১৪

সম্প্রদায় ও বিশ্বাস—সাধনার ক্ষেত্রে প্রত্যয় বা বিশ্বাসের গুরুত্ব খুব বেশী। পরশুরামৃকল্পত্রের মতে সম্প্রদায় ও বিশ্বাসের দ্বারা সর্বসিদ্ধি লাভ হয়। এই স্ত্রের বৃত্তিতে রামেশ্বর লিখেছেন—গুরু-পরম্পরায় আগত আচারামুসরণের নাম সম্প্রদায় আরু মন্ত্রের ফলসাধনত্ব বিষয়ে নিশ্চয়ের নাম বিশ্বাস। সম্প্রদায় ও বিশ্বাসের সঙ্গে মন্ত্রসাধনা করলে সর্বসিদ্ধি লাভ হয়।

সাধনার ক্ষেত্রে বিখাসই প্রধান সমল। যার বিখাস নেই তার পক্ষে কোনো সাধনাই সম্ভবপর নয়। বিশেষ করে আধ্যাত্মিক সাধনার ক্ষেত্রে বিখাস ছাড়া এক পাও এগোনো যায় না। তান্ত্রিক সাধনায় ত গুরুবাক্যে ও শাস্ত্রবাক্যে নির্বিচার বিখাস আবশ্রুক। কেন না এ সাধনায় এমন বহুবিষয় আছে যা তর্কের দ্বারা, বিচার বিমর্শের দ্বারা বোঝান যায় না, প্রেমাণও করা যায় না। তাই ভট্টপাদ নির্দেশ দিয়েছেন—শাস্ত্রেকগম্য বিষয়সমূহ তর্কের দ্বারা দৃষিত করতে নেই।

দীক্ষার পরীক্ষা—যা হক কুলার্গবিতয়ে দীক্ষার যে-লক্ষণ নির্দেশ করা হয়েছে তাকে দীক্ষার এক রকম কষ্টিপাথর বলা যেতে পারে। দী<u>ক্ষার পরও যদি অন্তরে প্রতায় না জয়ে</u> তা হলে ব্রুতে হবে যথার্থ দীক্ষা হয় নি, যা হয়েছে তা লোকের মন ভ্লান একটা ব্যাপারমাত্র।

দীক্ষার দ্বারা প্রবৃদ্ধতৈতন্ত গুরু স্বীয় তৈতন্ত শিয়ে সঞ্চারিত করে শিয়ের তৈতন্তকে প্রবৃদ্ধ করেন। অভাবে বলা যায় গুরু স্বীয় শক্তি শিয়ে সঞ্চারিত করে দেন। তাতে শিয়ের আধ্যাত্মিক শক্তি উদবৃদ্ধ হয় এবং তারই ফলে শিয়ের অন্তরে প্রতায় সমূহ জাত হয়।

দীক্ষার প্রকার ভেদ—শাস্ত্রে বিভিন্ন প্রকারের দীক্ষার কথা আছে। দীক্ষার তৃটি প্রধান ভেদ বৈদিক আর তান্ত্রিক।

বিজবর্ণের গায়ত্রীদীক্ষাই একমাত্র বৈদিক দীক্ষা। বিজেরা প্রথমে গায়ত্রীদীক্ষা গ্রহণ করে পরে ইষ্টমন্ত্রে তান্ত্রিক দীক্ষা গ্রহণ করেন। বিজ ভিন্ন অন্তদের পক্ষে একমাত্র তান্ত্রিক দীক্ষাই বিহিত।

সম্প্রদায়বিখানাভ্যাং সর্বসিদ্ধিঃ।—প ক হু ১।>

সম্প্রদায়: গুরুপরম্পরাচারামুসরণন্। বিখানো ময়ের্ ফলসাধনত্বিষয়কো নিশ্চয়:।
 আভ্যাং সহিতময়েণ সর্বসিদ্ধিঃ ভবতীতি শেষঃ া—প ক সু ১।০-এর বৃত্তি

৩ শাল্তৈকগম্যা যে হর্থা ন তাংস্তর্কেণ দুবয়েৎ।—দ্রঃ ঐ, ১١১ -- এর বৃত্তি

বিলোকয়ন্ দিবাদৃষ্টা তং শিশুং দেশিকোভয়ঃ। আয়য়্ছিতং তচৈতয়ৢং পুন: শিয়ে নিবোলয়ে।
 —শা তি ৫।৯৬

যাত্রাবলি বিধানঞ্চ সর্ববাধিকপর্বস্থ । বৈদিকী তান্ত্রিকী দীক্ষা মদীয়ব্রতধারণম্ ।—-শ্রীমদ্ভাগবত ১১/১১/৩৭

৬ গারত্রী প্রথমা দীক্ষা আত্মজ্ঞানপ্রদীপিকা। অতো হি প্রথমা পুজা গারত্রাঃ পরিকীর্তিতা।
দীক্ষামূসারেণ ততো ম্ছাঞ্চ সম্পাসতে। ব্রান্ধণে ক্ষত্রিয়ে বৈশ্যে চৈতত্ত্ত্ত্বং প্রশস্ততে।
—আগমসন্ধর্ত্বচন, দ্রঃ ত ত, পুঃ ৩৮১

তবে বৈদিক গায়ত্রীর মতো তান্ত্রিক গায়ত্রীও আছে। আর ষেটি খাঁটি বৈদিক গায়ত্রী তন্ত্রমতেও সেটি স্বীকৃত। তান্ত্রিকরা তাকে বলেন তান্ত্রিক গায়ত্রী। মহানির্বাণতন্ত্রে বলা হয়েছে— ব্রহ্মরূপিণী এই সাবিত্রী ষেমন বৈদিকী তেমনি তান্ত্রিকী, বৈদিক এবং তান্ত্রিক উভয় কর্মেই প্রশস্ত।

তা<u>দ্রিক দীক্ষা বিবিধ</u>। বিশ্বদারতন্ত্রে চতুর্<u>বিধ দীক্ষার</u> কথা বলা হয়েছে। যথা—ক্রি<u>দ্রাবতী</u> কলাবতী বর্ণমন্ত্রী এবং বেধমন্ত্রী।

ক্রিয়াবতী দীক্ষা — ক্রিয়াবতী দীক্ষা অনুষ্ঠানবহুল। গুরুকর্ত্ব শিশু দেহে অবস্থিত বড়ধনার শোধন, শিশ্রে আত্মহৈতক্ত নিয়োজন, শিশ্রের অভিষেক ইত্যাদি বিভিন্ন অনুষ্ঠান এই দীক্ষার অঙ্গ শাধারণতঃ গুরু শিশ্বকে এই ক্রিয়াবতী দীক্ষাই দিয়ে থাকেন।

কলাবভী দীক্ষা—কলাবতী দীক্ষারও বিস্তৃত অনুষ্ঠান আছে। এই দীক্ষার প্রধান বৈশিষ্ট্য গুরু শিশুদেহের পদতল থেকে আরম্ভ করে মন্তব্দশিষ্ঠ পর্যন্ত বিভিন্ন স্থানে নিবৃত্তি প্রতিষ্ঠা বিদ্যা শান্তি এবং শাস্ত্যতীতা এই পঞ্চলার অবস্থান শান্তনির্দিষ্টরূপে ধ্যান করেন এবং সংহারক্রমে শিবাবধি তাদের সংযোজন করে শিশুকে দীক্ষা দেন। ত

ত বর্ণময়ী দীক্ষা বর্ণময়ী দীক্ষার বৈশিষ্ট্য এই ষে এই দীক্ষায় গুরু শিশ্বদেহে শান্তনির্দিষ্ট স্থানে বর্ণসমূহ ন্যাস করেন এবং প্রতিলোমক্রমে সেই-সব বর্ণকে ও সেই সঙ্গে শিশ্বচৈতন্তকে পর্মাত্মায় লীন করেন আবার প্রমাত্মা থেকে বর্ণসমূহকে ও শিশ্বচৈতন্তকে উত্থিত করে শিশ্বদেহে অহলোমক্রমে বা স্প্রক্রিমে লস্ত করেন। এইভাবে শিশ্ব পর্মানন্দময় দেবভাব প্রাপ্ত হন।

বেধময়ী দীক্ষা —বেধময়ী দীক্ষাকে মনোদীক্ষা বা মানদ দীক্ষাও বলা হয়। কুলার্গবতত্ত্বে এই দীক্ষার বৈশিষ্ট্য সম্বন্ধে বলা হয়েছে—কুর্ম যেমন নিজের ছানাগুলিকে শুধু ধ্যানের
দারা পোষণ করে বেধদীক্ষা উপদেশও তেমনি মানদ ব্যাপার অর্থাৎ এই দুক্ষায় গুরু ধ্যানের
দারাই শিশুকে দীক্ষিত বা প্রবৃদ্ধ করেন।

ইয়য় ব্য়লাবিত্রী যথা ভবতি বৈদিকী। তথৈব তান্ত্রিকী জেয়া প্রশন্তোভয়কর্মণি।—য়হা ত ৮/৮৫

২ চতুৰ্বিধা তুসাদীক্ষা ৰূক্ষণা ভাষিতা পুৱা। ক্ৰিয়াবতী বলাবতী বৰ্ণবেধময়ী পুনঃ।
—ক্ৰঃ প্ৰা তো, কাণ্ড ২, পৱিঃ ৪, ব সং, পুঃ ১১৮

৩ জঃ ঐ, পরিঃ ৫, পৃঃ ১৪ -- ১৪২

<sup>8 3%</sup> Spirit and Culture of the Tantras, C. Her. I., Vol. IV, p. 245

e ক্র: বৃহ ত সা, ১০ ম সং, পু: <sup>e.e.</sup> ৬ ক্র: শাতি <sup>e</sup>৷১২১-১২৬ ৭ শাতি <sup>e</sup>৷১১৬-১২১

<sup>🛩</sup> যথা কুৰ্ম: অভনয়ান্ ধ্যানমাত্ৰেণ পোৰয়েং। বেধদীক্ষোপদেশক মানদঃ স্থাৎ তথাবিধঃ।—কু ত, উ: ১৪

শুকর এই ধ্যানের বিবরণও শাস্ত্রে দেওয়া হয়েছে। তার সারমর্ম এই—শুরু শিশুদ্রে ম্লাধারে চতুর্দল পদ্মের মধ্যন্থ ত্রিকোণে কুলকুগুলিনী শক্তির ধ্যান করবেন এবং ধ্যানে তাঁকে ষ্ট্চক্রভেদ করিয়ে সহস্রারে পরম শিবের সঙ্গে মিলিত করবেন। এরপ করলে শুরুর আজ্ঞায় শিশ্রের সহজ্ব আগজ্বক এবং সাংস্থাকি এই ত্রিবিধ পাশ ছিল্ল হয়ে যায়। শিশ্রের তথন দিবাবোধ জয়ে এবং তিনি শিব হয়ে যান।

এই দীক্ষাকে সব চেয়ে কার্যকরী এবং আশুফলপ্রাদা মনে করা হয়। বেধদীক্ষার সঙ্গে সাধকের দেবতা গুরু ও মন্ত্রের ঐক্যবোধ হয় আর তাতেই তিনি শিবস্বরূপ হন। অন্ত দীক্ষায় এই অবস্থায় পৌছাতে সময় লাগে।

তবে শাস্ত্রেই আছে বে<u>ধ্দীক্ষা প্রদানে সমর্থ গুরু সংসারে তুর্ল</u>ভ এবং সে<u>-দীক্ষা গ্রহণে</u> সম<u>র্থ শিক্ষাও তুর্</u>লভ। পুণা<u>বলেই এ রকম গুরুশিয়ের যোগাযোগ হয়।</u>

বিবিধ দীক্ষা—কুলাৰ্থবতন্ত্ৰের মতে স্<u>গুবিধা দীক্ষা মোক্ষপ্রদা</u> বণা— ক্রি<u>য়াদীক্ষা</u> বৰ্ণ<u>দীক্ষা কলাদীক্ষা স্পূৰ্ণদীক্ষা বাক্-দীক্ষা</u> আর মানসদীক্ষা ।8

এর মধ্যে আবার ক্রিয়াদীক্ষার আটটি প্রকারভেদ, বর্ণদীক্ষার তিনটি প্রকারভেদ আর মানস দীক্ষার প্রতি প্রকারভেদের উল্লেখ করা হয়েছে।

ক্রিয়াদীক্ষা বর্ণদীক্ষা কলাদীক্ষা আর মানসদীক্ষা যথাক্রমে পূর্বোক্ত ক্রিয়াবতী বর্ণময়ী কলাবতী এবং বেধময়ী দীক্ষা। কাজেই কুলার্ণবে স্পূর্ণদীক্ষা বাক্-দীক্ষা আর দৃক্-দীক্ষা এই তিন প্রকারের অতিরিক্ত দীক্ষার কথা বলা হয়েছে।

স্পর্শদীক্ষা দৃক্-দীক্ষা এবং মানসদীক্ষায় কোনো ক্রিয়া এবং আয়াসের প্রয়োজন নাই। দি দীক্ষার অন্য প্রকারভেদও আছে। ক্রুথামলে বলা হয়েছে—দীক্ষা ত্রিবিধা—আণবী শাক্ষী এবং শান্তবী। এ দীক্ষা সভােম্ক্তি বিধান করে। মন্ত্র অর্চনা আসন ন্যাস ধ্যান উপচারাদি সহ যথাশাস্ত্র যে-দীক্ষা দেওয়া হয় তাই আণবী দীক্ষা। শ

<sup>&</sup>gt; यः भा कि १।२१-३७३

Spirit and Culture of the Tantras, C. Her. I. Vol. IV, p. 245

৩ বেধদীক্ষাকরো লোকে শ্রীগুরু হুর্লভঃ প্রিয়ে। শিক্ষোহপি হুর্লভন্তাদৃক্ পুণ্যবোগেন লভ্যতে।—কু ত, উঃ ১৪

<sup>8</sup> ক্রিয়াবর্ণকলাম্পর্ণবাগ দুঙ্মানসমক্তিয়া। দীক্ষা মোক্ষপ্রদা দেবি সপ্তধা পরিকীর্ভিতা।—🔄

ক্রিয়াদীক্ষাইধা প্রোক্তা কুওমগুপপূর্বিকা ৷—ঐ

৬ বর্ণদীক্ষা ত্রিধা প্রোক্তা বিচ্ছারিংশদক্ষরৈঃ।—এ

<sup>।</sup> মনোদীকা দ্বিধা প্রোক্তা তীব্রা তীব্রতরাপি চ।—ঐ

৮ ল্পাথ্যা দেবি দুক্সংজ্ঞা মানসাথ্যা মহেখরি। ক্রিয়ায়াসাদিরহিতা দেবি দীক্ষা ত্রিধা স্মৃতা।—কু ত, উঃ ১৪

আগবী দীক্ষা আবার বিবিধ। যথা—স্মার্তী মানসিকী যৌগী চাক্ষ্মী স্পার্শনী বাচিকী মান্ত্রিকী হোত্রী শান্ত্রী এবং আভিবেচিকী।

শ্বাভী—শাস্ত্রে স্মাতী-দীক্ষাদির লক্ষণ বর্ণিত হয়েছে। গুরু বিদেশস্থ শিশ্বকে স্মরণ করে তার আগব কার্ম ও মায়ীয় এই পাশত্রয় 'লয়ভোগাঙ্গবিধানে' মোচন করে তার আত্মাকে পরশিবে সম্যক যোজন করবেন। এই যোজনরূপা দীক্ষাকে বলা হয় স্মাতী দীক্ষা।

লয়ভোগাঙ্গবিধানে অর্থ বেধদীক্ষাক্রমে মূলাধারাধিষ্টিতবর্ণদেবতালয় বিধান করে।

মানসিকী—গুরু শুচিশুদ্ধ শিশুকে স্মীয় সমীপে অবলোকন করে মানসিক উপায়ের খারা তার মলত্রুমোচনকারিণী যে-দীক্ষা দেন তাই মানসিকী বা মানসী দীক্ষা ।8

বেশী সী—বোগোক্ত ক্রম অনুসারে যোগী গুরু শিশুদেহে প্রবেশ করে তার আত্মাকে স্বীয় আত্মায় যোজন করবেন। এই যোজনাত্মিকা দীক্ষাই যোগী দীক্ষা। এই দীক্ষা মলত্রয় বিনাশ করে।

চাক্ষ্মী- বা দৃক-দীক্ষা—চাক্ষী- বা দৃক্-দীক্ষা সম্বন্ধে শাস্ত্রে আছে মংশ্র যেমন স্বীয় অপত্যদের দৃষ্টির ছারাই পোষণ করে দৃষ্টির ছারা দীক্ষাদানও সেইরূপ।

গুরু 'আমি শিব' এইরূপ নিশ্চয় করে করুণার্দ্রন্থতিত শিশুকে বীক্ষণ করবেন। এই বীক্ষণই চাক্ষ্মী দীক্ষা। এটি সর্বপাপ বিনাশ করে।

এই দীক্ষাকে দৃক্-দীক্ষাও বলা হয়। কিন্তু মেকতন্ত্রে দৃগ্দীক্ষার অন্ত রকম ব্যাখ্যা পাওয়া যায়। যথা—গুরু নিমীলিত নয়নে পরমাত্মায় দেবতার ধ্যান করবেন এবং দেবতার

আগৰী ৰহুধেত্যুক্তা তন্তেদমধুনোচাতে। স্মাৰ্থী মানসিকী যৌগী চাকুষী স্পাৰ্শনী তথা।
 বাচিকী মান্ত্ৰিকী হোত্ৰী শান্ত্ৰী চেত্যাভিষেচিকী।

<sup>—</sup>বভ্ৰম্মহারত্বচন ক্র: শা তি <sup>৫</sup>।১২ ৭-১৪ ৽-এর রাঘবভট্টকৃত টীকা

বিদেশহং গুরু: শ্বুদা শিশুং পাশত্রয়ং ক্রমাৎ। বিলিয় লয়ভোগাঙ্গবিধানেন পরে শিবে।
সমাগ্রোজনরপরা স্মার্জী দীক্ষেতি কণ্যতে।—ঐ

৩ লয়ভোগক্রমেণেতি। বেধদীক্ষাক্রমেণ মূলাধারাধিষ্ঠিতবর্ণদেবতাসংহারক্সপেণেত্যর্থ:।—পু চ, তঃ ৫, পুঃ ৩৯২

বোগোক্তক্রমতো বোগী শিক্তদেহং প্রবিষ্ঠ তু। গৃহীছা তক্ত চাক্সানং স্বাক্সনা বোলনাঝিকা।
 বোগদীক্ষেতি সা প্রোক্তা মলত্রমবিনাশিনী।—ঐ

৬ স্বাপত্যানি যথা মংস্তো বীক্ষণেনৈব পোষয়েং। দুগ্ভাং দীক্ষোপদেশক তাদৃশঃ প্রমেশ্বরি।--কু ড, উ: ১৪

শিবোহছমিতি নিশ্চিত্য ৰীক্ষণং কর্মণার্ক্তয়া। দৃশা সা চাকুৰী দীক্ষা সর্বপাপপ্রশাশিনী।

<sup>--</sup>বড়বরমহারত্বচন ত্রঃ শা তি «I>২৭-১৪০-এর রাঘবভট্টকৃত টাকা

দর্শনানন্দপূর্ণনয়নে শিশুকে বীক্ষণ করবেন এবং পরে প্রান্মচিত্তে তাকে সিদ্ধিলাভের জন্ত মস্ত্রোপদেশ দেবেন। এরই নাম ফলদায়িনী দৃগ্ দীক্ষা।

স্পার্শনী — স্পার্শনী বা স্পর্শদীক্ষা সম্পর্কে শাস্ত্রের অভিমত এই যে পক্ষী যেমন স্বীয় পক্ষের দ্বারা পক্ষিশিশুকে ধীরে ধীরে বড় করে তোলে স্পর্শনীক্ষা-উপদেশও তেমনি। এর অর্থ গুরু স্পর্শের দ্বারাই শিশ্বকে দীক্ষা দেন ও আধ্যাত্মিক ক্ষেত্রে তাকে ধীরে ধীরে বড় করে তোলেন।

শুরু সীয় হস্তে পরমশিবরূপী স্বগুরুর ধ্যান করবেন, মূলমন্ত্র বড়ঙ্গুন্তাস-মন্ত্র মাতৃকান্তাস-মন্ত্র জপ করবেন এবং রূপা করে শিশ্তের মন্তক দক্ষিণহস্তের দ্বারা স্পর্শ করবেন। তার পরে শিশুকে মন্ত্রোপদেশ দেবেন। এরই নাম স্পর্শদীক্ষা। এটি অতিশয় সিদ্ধিপ্রদা।

তবে স্পর্শদীক্ষার অন্তরকম বিবরণও পাওয়া যায়। যথা—নিঃসন্দিগ্ধমনা গুরু স্বয়ং পরশিব হয়ে মন্ত্রোচ্চারণ পূর্বক শিবহস্তে শিয়ের মস্তক স্পর্শ করবেন। শিবের অভিব্যক্তি-কারিণী এই দীক্ষাই স্পর্শদীক্ষা।

শিবহস্তের ব্যাখ্যায় সোমশস্ত্র বলেন—স্বীয় দৃক্ষিণ হস্তে গদ্ধদ্রব্যের ত্বারা মণ্ডল রচনা করে তাতে যথাবিধি দেবতার অর্চনা করলে সেই হস্ত শিবহস্ত হবে।

বাচিকী বা বাগ দীক্ষা— গুরু যত্মহকারে নিজবক্ত কে স্বগুরুবক্ত ভাববেন এবং মুদ্রান্তাসাদি সহ দিব্যমন্ত্র স্বগুরুম্থেই শিশুকে প্রদান করবেন। এরই নাম বাচিকী দীক্ষা।

নিমীল্য নয়নে ধ্যাতা পরমায়নি দেবতাম্। তদ্দর্শনানন্দপূর্ণনেত্রাভ্যাং বীক্ষয়েদ্ গুরুঃ।
 শিয়ং প্রসয়চিত্তঃ সন্ পশ্চায়পদিশেদিতি। ময়ঃ শিয়ত সিবৈর ত্যাদ্দৃগ্ দীক্ষয়ং কলপ্রদা।

—মেরতয়বচন, য়ঃ পু চ, তঃ ৫, পুঃ ৩৯০

২ যথা পক্ষী অপক্ষাভ্যাং শিশুন সম্বর্দ্ধয়েচ্ছনৈঃ। স্পর্শদীক্ষোপদেশন্চ তাদৃশঃ কথিতঃ প্রিয়ে।—কু ত, উঃ ১৪

ও গুরুঃ অন্ত গুরুং ধ্যারেং অহতে শিবরাপিণম্। মুলবিছাং বড়ঙ্কং চ মাতৃকাদিমনুন্ জপন্।
শিক্তস্ত মন্তকে দল্বা কৃপরা দক্ষিণং করম্। পশ্চাছুপদিশেৎ প্রোক্তা স্পর্ণটকাহতিসিদ্ধিলা।
—মেক্লতস্ত্রবচন, জঃ পু চ, তঃ ৫, পুঃ ৩৯১

৪ স্বয়ং পরশিবো ভূষা নিঃসন্দিধ্বনা শুরুঃ। শিবহত্তেন শিক্তভ্য সমস্ত্রং মূর্দ্ধি সংস্পৃদেৎ।
ক্ষান্দিকৈতি সা প্রোক্তা শিবাভিব্যক্তিকারিনী।—য়ড়য়য়মহারত্বচন, য়ঃ শা তি ৫।১২৭-১৪০-এর
রাঘবভট্টকৃত টীকা

श्वक्रवख्युः निकावख्युः विভावा श्वक्रवामद्रारः । श्वक्रवख्यु প্রয়োগেন দিবাময়াদিকং শিবৌ।
 মুদ্রায়্ঠাসাদিভিঃ সার্জং দভাৎ সেয়ং হি বাচিকী।

<sup>—</sup>বড়বয়মহারত্মরচন, দ্র: শা তি «I>২৭-১৪•-এর রাঘবভট্টকৃত টীকা

মেরুতদ্রে আবার বাগ দীক্ষা বা বাচিকী দীক্ষার অন্ত রকম বিবরণ পাওয়া বায়। বথা—
গুরু চিদ্রূপী সদাশিবে চিন্ত নিবিষ্ট করবেন, সমস্ত মন্ত্র শিব থেকে জাত এইরূপ চিন্তা করবেন,
নিক্ষেকে শিবাত্মক ভাববেন, মনে করবেন 'আমি গুরুত্রপায় কেবল অর্থাৎ মৃক্ত, আমি
সদাশিব'। এমনি চিন্তা করে শিল্লকে মন্ত্র উপদেশ দেবেন। এরই নাম বাগ দীক্ষা।
নিত্যোৎসবে বলা হয়েছে মন্ত্রোপদেশই বাগ দীক্ষা। স্ত্রীলোকের পক্ষে একমাত্র বাগ দীক্ষাই
বিহিত। বর্তমানে আমাদের দেশে এই বাগ দীক্ষাই অধিক প্রচলিত।

**মান্ত্রিকী**—গুরু খদেহে মন্ত্রাদিত্যাস করে স্বয়ং মন্ত্রতন্ত্ হয়ে যত্ত্রসহকারে শিশুকে বণাক্রম মন্ত্র দেবেন। এই দীক্ষাই মলনাশিনী মান্ত্রী বা মান্ত্রিকী দীক্ষা।

হোত্রী—গুরু কুণ্ডে বা স্থণ্ডিলে যথাবিধি অগ্নি স্থাপন করবেন এবং সেই অগ্নিডে লয়ভোগক্রমে মন্ত্র বর্ণ পদ কলা তত্ত্ব এবং ভূবন এই বড়ধ্বান্ডদ্ধির জন্ম হোম করবেন। এই হোমরপা দীক্ষাকেই হোত্রী দীক্ষা বলা হয়। €

শান্ত্রী—এই দীক্ষার বিষয়ে বলা হয়েছে —গুরুগুশ্রাষাপরায়ণ ও পূজাপরায়ণ উপযুক্ত ভক্ত শিশুকে গুরু ত্রয়ীর সংস্ক যে-শান্ত্রপদা দীক্ষা দেন তাকে শান্ত্রী দীক্ষা বলে।

আভিষেচিকী—গুরু যত্নপূর্বক কুন্তে শিব ও শিবপত্মীর পূজা করবেন এবং সেই শিব-কুন্তের জলে শিয়ের অভিষেক করবেন। এই অভিষেক থেকে ষে-দীক্ষা হয় তাকে বলে আভিষেচিকী।

২ স্ত্রীণাং তু বাগ্দীকৈব বিহিতা নাজেতি তম্ত্রসারে স্থিতম্। বাগ্দীকা মন্ত্রোপদেশ:।
——নিত্যোৎসব, বরোদা, ১৯২৩, পুঃ ১১

७ को त्र, शुः २८१, शामितका

দীক্ষা পরা তথা মন্ত্রন্তাসসংযুক্তবিগ্রহ:। বয়ং মন্ত্রতমু ভূতা সক্রমং মন্ত্রমাদরাং।
দভাতিক্রায় সা দীক্ষা মান্ত্রী মলবিঘাতিনী।

<sup>—</sup>বড়ব্রমহারত্বচন, দ্রঃ শা তি ৫।১২৭-১৪ - এর রাঘবভট্টকৃত টীকা

কুণ্ডে বা স্থৃণ্ডিলে বাপি নিক্ষিপ্যাগ্নিং বিধানতঃ। লয়ভোগক্রমেণের প্রত্যধ্বানং ব্রধাক্রমম্।

মন্ত্রবর্ণকলাতত্ত্বপদবিষ্টপ্রমের চ। গুদ্ধার্থং হোমক্রপৈরা হোত্রী দীক্রা সমীরিতা।—ঐ

<sup>🔹</sup> ষোগাশিকার ভক্তার শুশ্রুবার্চাপরায় চ। সার্দ্ধং শাস্ত্রপদা ত্রষাা শাস্ত্রী দীক্ষেতি সোচাতে।—এ

৭ ত্ররীর সঙ্গে অর্থ ত্রয়ীবিদ্ধার সঙ্গে অর্থাৎ বৈদিক জ্ঞানের সঙ্গে। অপবা ত্রেয়ীর সঙ্গে অর্থ ত্রেয়ী শক্তি ইচ্ছা জ্ঞান ও ক্রিয়া—এই তিন শক্তির সঙ্গে অর্থাৎ শক্তির এই ত্রিবিধ তত্ত্বের সঙ্গে। অপবা ত্রয়ীর সঙ্গে অর্থ শান্তবী শাক্তী ও মান্ত্রী এই দীক্ষাত্রয়ীর সঙ্গে। এই ত্রিবিধ দীক্ষার পর ইষ্টমন্ত্র দেওয়া বিধি।

৮ শিবং চ শিবপত্নীঞ্চ কুম্ভে সম্পূজ্য সাদরম্। শিবকুস্তাভিবেকাৎ সা দীক্ষা ভাদাভিবেচিকী।
—বড়বরমহারত্বনন, তাঃ শা তি ৫।১২৭-১৪ -এর রাঘ্বভট্টকত টাকা

কোনো কোনো তন্ত্রে আবার দীকার শাক্তী, শাস্কবী, এবং মান্ত্রী এই তিনটি প্রকারভেদ করা হরেছে। গ্লক্ষ্য করা গেছে কন্ত্রযামলে যে-তিনটি প্রকারভেদ করা হয়েছে তাতেও শাক্ত্রী এবং শাস্কবী এই ছটি আছে কিন্তু তৃতীয় প্রকারভেদটিকে বলা হয়েছে আণবী।

শাক্তী—শাক্তী বা শাক্তেয়ী দীক্ষা সম্বন্ধে বায়বীয়-সংহিতায় বলা হয়েছে শাক্তী দীক্ষা জ্ঞানবতী। জ্ঞানচক্ গুৰু যোগমাৰ্গে শিশু দেহে প্ৰবেশ করে যে জ্ঞান-দীক্ষা দেন তাকে বলে শাক্তী দীক্ষা।

উমানন্দ শাক্তী দুশিকার অন্তর্মপ ব্যাখ্যা করেছেন। তিনি নিত্যোৎসবে লিখেছেন—
শুক্র শিশ্বের মূলাধার পর্যন্ত প্রজ্ঞালিত অগ্নির মতো প্রজ্ঞালিতা পরচিদ্রাপা প্রকাশলহরীর ধ্যান
করে তার কিরণরাশির দ্বারা শিশ্বের পাপপাশ দগ্ধ করবেন। এরই নাম শক্তিপ্রবেশব্ধপা
শাক্তী দীক্ষা। পরচিদ্রাপা প্রকাশলহরী কুণ্ডালিনী শক্তি। পরশিবের সঙ্গে কুণ্ডালিনীর
মিলনের নাম শক্তিপ্রবেশ। গুরু শিশ্বের পাপরাশি দগ্ধ করে তার দেহে পরশিবের সঙ্গে
কুণ্ডালিনীর মিলন ঘটাবেন। উমানন্দনাথের বক্তব্যের মনে হয় এই তাৎপর্য।

শাক্তী দীক্ষায় কোনো অন্তর্গান লাগে না। গুরু শিষ্যের সিদ্ধির জন্ম স্বীয় শক্তি শিষ্যে সঞ্গারিত করে দেন। <sup>৫</sup>

**শান্তবী**—বায়বীয়সংহিতায় আছে গুরুর দৃষ্টিমাত্র স্পর্শমাত্র বা সম্ভাবণমাত্র শিশ্রের সভা সংজ্ঞা লাভ হলে সেই সংজ্ঞারপ দীক্ষাকে শান্তবী দীক্ষা বলা হয়।

উমানন্দনাথ লিথেছেন গুরু শিশ্রের শিরে কামেশ্বরীকামেশ্বরের রক্ত ও শুক্র চরণ-বিন্যাস ভাবনা করবেন এবং সেই চরণক্ষরিত অমৃতের দ্বারা শিশ্রের বাহ্য ও আভ্যন্তর মল দূর করবেন। এইটি চরণবিন্যাসরূপ শাস্তবী দীক্ষা।

<sup>&</sup>gt; দীক্ষান্তিশ্ৰ: শাক্তী শান্তবী মান্ত্ৰী চেতি।—প ক হু ১।৩২

২ শাক্তী জ্ঞানবতী দীক্ষা শিক্সবেহং প্রবিশু তু। গুরুণা বোগমার্গেণ ক্রিয়তে জ্ঞানচকুষা।

<sup>—্</sup>**দ্রঃ শা** তি ৪।১-এর রাঘবভট্টকৃত টীকা

ও অথ নিৰাক্তামূলাধারং আ চ ৰুদ্ধারজ্বং প্রজনন্তীং জলদনলনিভাং প্রচিজ্রপাং প্রকাশলহরীং ধ্যাভা তংকিরণৈঃ তন্ত পাপপাশান্ দহেং। ইয়ং শক্তিপ্রবেশনরূপা শাক্তী দীক্ষা বিতীয়া।

<sup>—</sup>निराकाश्मव, वरत्रामा, ১०२७, शृ: ১**०** 

শক্তি: কুগুলিনী পরচিক্রপা ততাঃ ক্রিয়াসমভিব্যাহারেণ কুলাকুলভেদাদ বুল্লনাডাাং পরশঙ্ক্ষেলনং
শক্তিপ্রবেশঃ।—দ্রঃ প্রা তো, কাও ২, পরিঃ ৪, ব সং, পৃঃ ১১৭

<sup>ে</sup> সিন্ধৈ বশক্তিমালোক্য তয়া কেবলয়া শিশোঃ। নিরূপায়ং কৃতা দীক্ষা শাক্তেয়ী পরিকীর্ভিতা।

<sup>—</sup> বড়বয়মহারত্ববচন, দ্র: ঐ, পৃ: ১১৮

७ श्वरतात्रात्माकमारज्य न्यांश महायगामित्र । मद्यः मःखा खरबब्दरशामीका मा गांखरी मठा।

<sup>—</sup>বায়বীয়সংহিতাবচন, স্তঃ ঐ

অথ শিক্তপ্ত শির্সি কামেশরীকামেশররোঃ রক্তঞ্জরাখ্যচরণস্থাসং ভাবয়িত্বা তদমূতক্ষরণেন তক্ত বাহ্যাভ্যন্তরং
 চ মলং দুরীকুর্বাং। এবা চরণবিস্থাসরপা শান্তবী দীক্ষা।—নিত্যোৎসব, ১৯২৩, পৃঃ ৯

শাল্লী—মান্ত্রী দীক্ষার বিষয়ে পূর্বে একবার আলোচনা করা হয়েছে। বায়বীয়সংহিতায় বলা হয়েছে বুস্ক মণ্ডলাদি যে-দীক্ষায় প্রয়োজন হয় সেই ক্রিয়াবতী দীক্ষাই মান্ত্রী দীক্ষা।

উমানন্দনাথ মান্ত্রী দীক্ষার বিস্তৃত বিবরণ দিয়েছেন। তার সার কথা এই—দীক্ষা-বিধিতে বর্ণিত পদ্ধতি অনুসারে মণ্ডপে ঘটস্থাপন মণ্ডলরচনা যন্ত্ররচনা ইত্যাদি সহ যথাশাস্ত্র পূজা হোম প্রভৃতি করে গুরু শিক্সকে বীজমন্ত্র প্রদান করবেন। এরই নাম মান্ত্রী দীক্ষা।

এই দীক্ষাত্রয় প্রদান সম্বন্ধে কিঞ্চিৎ মতভেদ আছে। এক পক্ষের মতে গুরু এক প্রয়োগে একই সময়ে এই ত্রিবিধ দীক্ষা দেবেন; প্রথমে শাস্তবী তার পরে শাস্কী এবং তার পরে মাস্ত্রী। এটি মুখ্য পক্ষ। অপর পক্ষের মতে এই দীক্ষাত্রয়ের মধ্যে কতকটা কালের ব্যবধান থাকা উচিত। এটি গৌণ পক্ষ।8

্ উমানন্দনাথ বলেন গুরু প্রথমে এই ত্রিবিধ দীক্ষা দিয়ে তার পরে ইষ্টমন্ত্র দেবেন।\*

ক্রমদীক্ষা—শক্তিনাধকদের আরেকটি প্রখ্যাত দীক্ষা ক্রমদীক্ষা। কামাখ্যাতঞ্জে আছে —প্রথমে কালী তার পরে তার। এবং তার পরে ত্রিপুরস্থলরীর মজে দীক্ষার নাম ক্রমদীক্ষা। এই ক্রম অফুনারে গুরু এক দিনের মধ্যে অথবা একবংসরের মধ্যে অথবা বংসারাস্তে শিক্সকে দীক্ষা দেবেন। যদি ভাগ্যবশে কারো ক্রমদীক্ষা লাভ হয় তা হলে তার বে সিদ্ধিলাভ হবেই এ বিষয়ে কোনো কথা নাই। ক্রমদীক্ষাহীন ব্যক্তির কলিয়্গে কি করে সিদ্ধিলাভ হবে ?

পঞ্চায়তনী দীক্ষা—এ ছাড়া শাস্ত্রে পঞ্চায়তনী দীক্ষার বিধান আছে। অনেক সিদ্ধবংশে এ দীক্ষা প্রচলিত। পঞ্চায়তনী দীক্ষা বলতে বুঝায় শিব শক্তি বিষ্ণু সূর্য এবং গণেশ এই পঞ্চদেবতার মন্ত্রে দীক্ষা।

পঞ্চদেবতা স্বন্ধপতঃ অভিন্ন মনে হয় এইটি এই দীক্ষার মর্মগত ভাব। পঞ্চায়তনীদীক্ষা-প্রাপ্ত ব্যক্তিদের মনে কোনো সম্প্রদায়িক ভেদবৃদ্ধি থাকে না। এমনি দীক্ষাপ্রাপ্ত উপযুক্ত গুরু শিশুকে এই পঞ্চদেবতার যে-কোনো একজনের মন্ত্রে দীক্ষা দিতে পারেন।

১ মাত্রী ক্রিয়াবতী দীক্ষা কুস্তমগুলপূর্বিকা ৷—বায়বীয়সংহিতার্ক্তন, ত্রঃ প্রা তো, কাণ্ড ২, পরিঃ ৪, ব সং, পুঃ ১১

२ जः निर्छारिनव, ১৯२७, शृः ১०-১১ ७ जः को त्र, शृः २८१

कः निर्णारमव, ১>२७, शः ১>
 कः वे, शः >२

আদৌ কালী ততন্তারা সুন্দরী তদনস্তরম্। ক্রমদীক্ষেতি বিখ্যাতা সর্বদা সিদ্ধিকামতঃ।
 ক্রমেণ দিবসে বাপি ক্রমেণ বংসরেণ চ। বংসরাস্তে তথা দেবি ক্রমেণ দীক্ষয়েদ গুরুঃ।
 यদি ভাগ্যবশাদ্দেবি ক্রমদীক্ষা চ জায়তে। তদা সিদ্ধির্ভবেশুন নাত্র কার্যো বিচারণা।
 ক্রমদীক্ষাবিহীনস্ত কথা সিদ্ধিঃ কর্নো ভবেং।—সঃ প্রা তো, কাও ২, পরিঃ ৫, ব সং, পৃঃ ১৪৩

৭ ফাডেড,পৃঃ৩৭৭

৮ বিস্তৃত বিবরণ—দ্র: বুহ ত সা, ১০ ম সং, পৃ: ৭০-৭২

একমন্ত্রদীক্ষা—অন্ত প্রকারের দীক্ষায় কোনো একটি মন্ত্রে দীক্ষা দেওয়া হয়। তবে বে-কোনো একটি মন্ত্রে দীক্ষিত হলেই সাধকের অন্তমন্ত্রে অধিকার জন্ম। । শাল্পের অভিমত—বে-সাধক জপ হোম অর্চনা প্রভৃতির বারা কোনো একটি মন্ত্রের সাধনা করে সিদ্ধিলাভ করেন তাঁর অল্পনাধনাতেই অন্ত মন্ত্রেও সিদ্ধিলাভ হয়। একমন্ত্রে সম্যক্সিদ্ধ ব্যক্তির অসাধ্য কিছুই নাই।

কাজেই ষে-কোনো একটি মন্ত্রে সিদ্ধগুরুও ষে-কোনো মন্ত্রে দীক্ষা দিতে পারেন এবং দিয়েও থাকেন। এ বিষয়ে শাস্ত্রের স্পষ্ট বিধান আছে। মেরুতন্ত্রে বলা হয়েছে—মন্ত্রান্তরে সিদ্ধ গুরু শিশুকে অক্তমন্ত্র দেন। শিশু ষথাবিহিত আচরণের দ্বারা সেই মন্ত্রেই সিদ্ধিলাভ করেন। তবে গুরু যদি রুপা করে আপন সিদ্ধমন্ত্র দান করেন তা হলে বিনা জপে বিনা পূজাতেই শিশ্রের সিদ্ধিসমূহ লাভ হবে।

সকল প্রকার দীক্ষার একই ফল—এখানে উল্লেখ করা যায় দীক্ষার অনেক প্রকারভেদ থাকলেও ফলে কোনো ভেদ নেই। শাস্ত্রের বিধান সকল প্রকার দীক্ষারই অথণ্ডিত ফল মৃক্তিলাভ আর তার সঙ্গে অবি্রোধিভাবে প্রাসঙ্গিক ভুক্তিলাভ। আমরা পূর্বেও একবার এ বিষয়ের উল্লেখ করেছি।

বিধি ব্যবস্থা—দীক্ষার নানা বিধি ব্যবস্থা তন্ত্রশাল্পে নির্দিষ্ট হয়েছে। সর্বপ্রথম বিধি বলা যায় গুরু ও শিয়ের পরস্পর নির্বাচন। কেন না গুরুর কাছে শিয়ের দীক্ষাগ্রহণই শান্ত্রনির্দিষ্ট সাধারণ বিধি।

দীক্ষার বিবিধ বিচার — দীক্ষা দেওয়ার আগে গুরু দেয় মন্ত্রের সিদ্ধাদি বিচার করেন। এ কথার সহজ অর্থ কে<u>শন মন্ত্র শিস্তোর</u> উপযোগী হবে গুরু তা শাস্ত্রনির্দিষ্ট <u>উপায়ে স্থির করে</u>ন।

১ একমন্ত্রদীক্ষণং হি সর্বমন্ত্রেহধিকারিতা।—পিচ্ছিলাতন্ত্রবচন দ্রঃ ত প, পুঃ ২৪

মন্ত্রী যঃ সাধয়েদেকং জপহোমার্চনাদিভিঃ। ক্রিরাভি ভুরিভির্যন্ত সিধ্যন্ত্যন্তেহলসাধনাং।
সম্যক্দিকৈ মন্ত্রন্ত নাসাধ্যমিহ কিঞ্চন।—মহাক্পিলপঞ্চরাত্রবচন, লঃ প্রা তো,
কান্ত ২, পরিঃ ৪, ব সং পঃ ১১৭

মন্ত্রান্তরেচ সংসিদ্ধো গুরুম ত্রং প্রবক্ষতি। বধোক্তাচরগাৎ তক্ত সিদ্ধিঃ শিক্তক্ত ক্রারতে।
কুপা চ ক্তাৎ সিদ্ধমত্রং দদাতি চ বধা গুরুঃ। বিনা লপং বিনা পুরাং সিদ্ধয়ন্তৎকরে স্থিতাঃ।

—েমক্তক্তর্বচন, দ্রঃ পু চ, তঃ ৭, পুঃ ৫১>

e (i) সদ্প্ররোরাহিতা দীকা সর্বকমণি সাধ্যেং।—মংস্তস্কুবচন, দ্রঃ ঐ

<sup>(</sup>ii) গুরোম্থামহাবিভাং গৃহীয়াৎ পাপনাশিনীম্ ।—মহোগ্রতারাকল্পবচন, দ্রং তা ভ ন্ন, তঃ ২, পৃ: ৭

এইজন্য তিনি নক্ষত্রচক্র রাশিচক্র ঋণি-ধনিচক্র কুলাকুলচক্র অকথহচক্র অকণ্ডমচক্র ইত্যাদি নামা চক্র বিচার করেন।

এই-সব চক্রবিচারে জ্যোতিষগণনার সঙ্গে যুক্তিতর্কাতীত পদ্ধতির অফ্সরণ করা হয়েছে। কাজেই এর রহস্ত সাধারণ বৃদ্ধির অগম্য।

কোন মন্ত্র প্রহণে কোন চক্রের বিচার আবশ্যক তারও নির্দেশ কোনো কেরা তন্ত্রে দেওয়া হয়েছে। যেমন বারাহীতন্ত্রে বলা হয়েছে—বিষ্ণুমন্ত্রগ্রহণে তারাচক্র শিবমন্ত্রগ্রহণে কোষ্ঠচক্র ত্রিপুরামন্ত্রগ্রহণে রাশিচক্র গোপালমন্ত্র- ও রামমন্ত্র-প্রহণে অক্কডমচক্র গণেশমন্ত্র-প্রহণে হরচক্র বরাহমন্ত্রপ্রহণে কোষ্ঠচক্র আর মহালক্ষ্মীমন্ত্রগ্রহণে কুলাকুলচক্র বিচার করতে হবে।

তবে এই-সব বিচার সব মন্ত্রের পক্ষে অবশ্য করণীয় নয়। ধেমন গণেশবিমর্ধিণীতত্ত্বে বলা হরেছে—একাক্ষর কূট মালামন্ত্র ত্রিবীজমন্ত্র স্বপ্ললকমন্ত্র এবং স্ত্রীগুরুদন্ত মন্ত্র এ-সবের সিদ্ধাদি বিচার অনাবশ্যক।

শুপ্তসাধনতত্ত্বের মতে সিদ্ধ সাধ্য স্থাসিদ্ধ এবং অরি মত্ত্বের নক্ষত্রাদি বিচার করতে নেই। আমার শাস্ত্রে এ সম্পর্কে একটি সহজ নির্দেশিও দেওয়া হয়েছে। যে-দেবতার প্রতি সাধনেচ্ছু ব্যক্তির আন্তরিক শ্রাদ্ধা প্রবল তার পক্ষে সেই দেবতারই ষত্র সহকারে উপাসনা করা কর্তব্য, এ ক্ষেত্রে মন্ত্রগ্রহণে বিচার নির্বেক। ত

মন্ত্রের দশ সংস্কার—দীক্ষাগ্রহণের পূর্বে মন্ত্র সম্পর্কিত আরও কতকগুলি ক্বত্য আছে। বেমন মন্ত্রের দশবিধ সংস্কার করতে হ্য়। গৌতমীয়তত্ত্বে বলা হয়েছে—জনন জীব্ন তাড়ন্ বোধন অভিষেক বিমলীকরণ আপ্যায়ন তর্পণ দীপন এবং গুপ্তি এই দশটি মন্ত্রসংস্কার।

- ১ জঃ বৃহত সা, ১০ ম সং, পৃঃ ৯-১৯
- ২ ভারাচক্র শিবচক্র ব্রহ্মচক্র ইত্যাদির বিবরণ ক্রঃ রু যা, উ ত, পঃ ৩-৪
- ৩ তারাগুদ্ধিবিশ্বানাং কোঠগুদ্ধিঃ শিবস্ত চ। রাশিগুদ্ধিত্রপুরে চ গোপালেংক্ডমঃ শৃতঃ।

  অক্ডমো রামচন্দ্রে গণেশে হরচক্রকম্। কোঠচক্রং বরাহস্ত মহালক্ষ্যাঃ কুলাকুলম্।
  - —বারাহীতন্ত্রবচন, জঃ বৃহ ত সা, ১০ ম সং, পৃঃ ১৯
- সিদ্ধসাধ্যস্থিদিদারপরিবজিত:। নান্তি সত্যং মহেশানি নক্ষত্রাদিবিচারণা।
  রাখ্যাদিগণনং নান্তি শক্ষরেপেতি ভাষিত্য।—ক্রঃ শা ত, উঃ ২
- শাস্তঃৰূরণ বৃত্তৈর্ধা বত্ত অদ্ধা পরীয়সী। সৈবোপাস্তা প্রবত্নের বিচারস্তত্ত নিক্ষলঃ।
   —অয়দাকয়বচন, দ্রঃ প্রা তো, কাও ২, পরিঃ ৩, ব সং, পুঃ ১০৪
- अनमः জীবনং পশ্চান্তাভূনং বোধনস্তথা। অথাতিবেকো বিমলীকরণাপ্যায়নে পূনঃ।
   তর্পণং দীপনং গুপ্তি দিশৈতাঃ মন্ত্রসংস্ক্রিয়াঃ।—গৌতমীয়তত্ত্রবচন, বৃহ ত সা, ১০ য় সং, পৃঃ ৫২

**জনন**—মাতৃকাষন্ত্ৰ থেকে প্ৰায়ক্ৰমে মন্ত্ৰের উদ্ধানের নাম জনন।

জীবন উদ্ধৃত বর্ণসমূহের অর্থাৎ মন্ত্রের পঙজ্জিক্রমে প্রত্যেক বর্ণ প্রণবন্ধারা পুটিত করে শতবার জপ করার নাম জীবন। দশবার করেও এই জপ বিহিত।\*

ভাড়ন—স্থী ব্যক্তি মন্ত্রের প্রত্যেকটি বর্ণ পৃথক্ করে শতবার বা দশবার জ্বপ করবেন।
আর মন্ত্রবর্ণসমূহ পৃথক্ পৃথক্ করে দিখে প্রত্যেকটি বর্ণকে বায়ুবীজ অর্থাৎ যং এই বীজযুক্ত
করে চন্দনের জল দিয়ে তাড়না করবেন। এরই নাম তাড়ন। তাড়ন শতবার বা দশবার
বিহিত। প

বোধন—মন্ত্রবর্ণসমূহ লিথে দশবার তাড়না করে মন্ত্রবর্ণের সংখ্যা যত তত সংখ্যক করবীর ফুল দিয়ে 'রং' এই বীজ উচ্চারণপূর্বক হনন করতে হবে। একেই বলে বোধন।⁵

অভিষেক—মন্ত্রের বর্ণগুলি লিখে যত বর্ণ ততটি রক্ত হয়ারিকুস্থম অর্থাৎ করবীর সুল দিরে প্রত্যেকটি বর্ণকে রং এই বীজমন্ত্রে একবার করে অভিমন্ত্রিত করতে হবে এবং তারপরে মন্ত্রের বর্ণসংখ্যা যত ততটি অশ্বর্থপল্লবের ছারা মন্ত্রবর্ণগুলিকে সেই সেই মন্ত্রোক্ত বিধান অকুসারে সিঞ্চন করতে হবে। এরই নাম অভিষেক।

বিমলীকরণ—স্থমুমা নাড়ীর মূল ও মধ্যভাগে মন্ত্রের চিস্তা করে জ্যোতির্মন্ত্রে যতী মলত্রম দগ্ধ করবেন। একেই বলে বিমলীকরণ। ভ জ্যোতির্মন্ত্র—ও ক্রোং।

আপ্যায়ন--স্বর্গ কুশোদক বা পুষ্পোদকের ধারা জ্যোতির্মন্তে মন্ত্রের বর্ণগুলিকে যথাবিধি আপ্যায়ন করতে হয়। এরই নাম আপ্যায়ন।

১ মন্ত্রাণাং মাতৃকাবপ্রাতুদ্ধারো জননং শুতম্।—দ্রঃ বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ৫৪

পঙ্ক্তিক্রমেণ বিধিনা মুনিভিন্ত্রত্র নিশ্চিতম্। প্রণবান্তরিতান্ কৃত্বা মন্ত্রবর্ণান্ জপেৎ সুধীঃ।
 প্রত্যেকং শতবারক্ত জীবনং ততুদাহৃতন্। দশসংখ্যো বা জপঃ।—ঐ

পৃথক্ শতং বা দশধা মন্ত্ৰৰ্ণান্ জপেং স্থীঃ। মন্ত্ৰৰ্ণান্ সমালিথ্য তাড়য়েচলনাভসা।
 প্ৰভ্যেকং বায়ুৰীজেন পূৰ্বভাড়নং মতম্। তাড়নং শতধা দশধা বা।—কঃ ঐ

বিলিখ্য মন্ত্রবর্ণাংস্ত প্রস্থানঃ করবীরক্তৈঃ। তদান্তবর্ণসংখ্যাকৈইক্তান্তেকেশ বোধনম্।

— সঃ ঐ

বিলিথাকরসংখ্যকৈ: পূশ্পে রম্ভহয়ারিভি:। মন্ত্রবর্ণান্ বহ্নিকমভিমন্ত্রা সকুৎ সকুৎ।
 তন্তর্নান্ত্রাক্তবিধিনা অভিবেক: প্রকীর্ভিত:। অব্যথপন্নবৈ: সিঞ্চেল্মন্ত্রী মন্ত্রার্ণসংখ্যয়া।

<sup>🛮</sup> সঞ্চিত্তা মনসা মত্রং সূর্মামূলমধ্যতঃ। জ্যোতির্মত্রেণ বিধিবন্দহেম্মলত্ররং ষতিঃ।—ঐ

१ सः व

<sup>🔛</sup> স্বর্ণেন কুশতোমেন পুস্পতোমেন বা তথা। তেন মন্ত্রেণ বিধিবদাপ্যায়নবিধিঃ স্বতঃ।—ঐ

ভর্পণ—জ্যোতির্মন্তে জল দিয়ে মন্ত্রের তর্পণকে তর্পণ বলা হয়। তর্পণ ও অভিষেক সম্বন্ধে আবার বিশেষ বিধিও আছে। শক্তিমন্ত্রের তর্পণ মধু দিয়ে বিষ্ণুমন্ত্রের তর্পণ ক পূর-মিশ্রিত জল দিয়ে এবং শিবমন্ত্রের তর্পণ স্বত ও ত্থা দিয়ে করা বিধি। অভিষেক সম্বন্ধেও এই একই ব্যবস্থা। ব

দীপন—ওঁ হ্রী এবং শ্রী এই বীজত্রমযোগে মন্ত্রের দীপন হয়।°

গুপ্তি-জপ্যমান মন্ত্রকে অপ্রকাশ রাখার নাম গুপ্তি।

মন্ত্রের এই দশবিধ সংস্কার সর্বতন্ত্রেই গোপিত। সম্প্রদায় অন্তুসারে এই দশ সংস্কার সাধনের পর মন্ত্র দিলে মন্ত্রগ্রহীতা বাঞ্চিত ফল লাভ করেন।

মন্ত্র জীব—তন্ত্রশান্ত্রমতে মৃদ্<u>ধু সচেতন পদার্থ, মৃদ্ধু জীব।</u> ম<u>দ্ধে যে-শক্তি নিহিত আছে</u> তাকেই মন্ত্রাধিষ্ঠিত জীব বলা হয়।

ভাস্কররায় সেতৃবন্ধে লিথেছেন — অসমাপ্তকল্ব অর্থাৎ অপক্ষমল শুদ্ধ সাধকেরা শপ্তকোটি মহামন্ত্রপ্র জন্তাহণ করেন। মন্ত্রসমূহের জড়ত্ব শক্ষা করা উচিত নয়। শরীরী আমাদের শরীর জড় হলেও আমরা যেমন জড় নয় তেমনি মন্ত্রের শব্দারীর জড় হলেও মুদ্র জড় নয়। অর্থাৎ মাহ্যের জড়দেহে চেতন আত্মার অধিষ্ঠানের জন্ত দেহের যেমন চেতনত্ব প্রতিভাত হয় তেমনি মন্ত্রের শব্দারীর জড় হলেও তাতে চেতন জীবের অধিষ্ঠান-হত্ব তার চেতনত্ব নিরূপিত হয়। অতএব মন্ত্র অপক-আণবমলযুক্ত জীব আর সেই জন্ত মন্ত্রের একটি নাম অণ্। বিভেখরজন্মনিরূপণ প্রসঙ্গে ম্গেক্ত্রমাহিত সর্বকর্তা সর্বস্রহী শিব যে-জীব আধিকারিক জন্ম ত্যাগ করে মন্ত্রজন্ম লাভ করেছে তার পাশজাল ছেদন করেন।

১ মন্ত্রেণ বারিণা মন্ত্রে তর্পণং তর্পণং মতম্।—বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ৫৪

২ মধুনা শক্তিমল্লে তু বৈফবে চেন্দুমজ্জলৈঃ। শৈবে গ্তেন ছুয়েন তপ্ণং সম্যগীরিতম্। অভিবেকে ছুপি তথা।—এ

তারসায়ারসাবোগে মনোদীপনমুচ্যতে।—ড়: ঐ

৪ জপ্যমানত মন্ত্ৰত গোপনং তপ্ৰকাশনম্।—এ

৫ সংস্থারা দশসংপ্রোক্তাঃ সর্বতন্ত্রেরু গোপিতাঃ। যান্ কৃতা সম্প্রদারেন মন্ত্রী বাঞ্ছিতমাপ্র রাং।—এ

৬ যন্তারেরু মন্ত্রজীব ইত্যাচ্যতে।—ল স, ২৩১-এর সৌ ভা

৭ তন্মস্থবীর্যমুদ্দিষ্টং মন্ত্রাণাং জীব ঈরিতঃ।—ত রা ত ৩৫।৬৯

৮ অসমাপ্তকল্বাং শুক্কান্ত সপ্তকোটিনহামস্রাং। ন চ তেবাং জড়ছমিতি শক্ষান্। শব্দশরীরস্ত জড়ছেহপি শরীরিণামস্মাক্ষিব চেতনছোপপত্তে:। অত এবাপকাণব্যস্তবজ্জীবভাতিপ্রারেণ মন্ত্রাপামণ্সংজ্ঞা। উক্তং চুম্পেক্রসংহিতারাং বিভেশকজ্জনিরপণাব্যরে—

অধানাদিমলাপেতঃ সর্বকৃৎ সর্বদৃক্শিবঃ। পূর্বং ব্যত্যাদিতস্থাণোঃ পাশজালমপোহতি।

<sup>—</sup>বা নি ৭।৪৩-এর সে ব

অণুমাত্রেণ বছঃ শুদ্ধ: ।—ঐ। (বার মায়ীয় মল এবং কার্মমল নই হয়ে গেছে, শুধু আণব্মল আছে, তিনি
শুদ্ধ সাধক।)

জাতসূত্রক ও মৃতসূত্রক নাম যথন জীব তথন তার জন্ম মৃত্যু হয়। আর তা হলে তার জাতস্থতক অর্থাৎ জাতকাশোচ এবং মৃতস্থতক অর্থাৎ মৃতাশোচ হয়। মন্ত্রোচ্চারণের আদিতে হয় জাতকাশোচ আর অন্তে মৃতাশোচ। এই স্থতক্ষমৃক্ত মন্ত্রের সিদ্ধি হয় না।

কাজেই দীক্ষাদানের পূর্বে মন্ত্রকে স্তক্মৃক্ত করতে হয়। এ সম্বন্ধে বিধান দেওয়া হয়েছে—মূল্মন্ত্র প্রণবের দারা পূটিত করে প্রকৃত জপের আদিতে সাতবার এবং অন্তে সাতবার জপ করলে স্তক্ষয়মোচন হবে।

শাপ্রোচন—কৃতকগুলি মন্ত্র শাপগ্রস্ত।° সেই-সব মন্ত্রের কোনো মন্ত্রে দীক্ষা নিতে হলে দীক্ষার পূর্বে শাপ্রোচন করতে হয়। কেন না মন্ত্রের শাপ্রোচন না হলে সেই মন্ত্রের স্বারা কোনো লোক সিদ্ধিলাভ করতে পারে না।°

ছিল্পাদিদোধ — শাপুগ্রস্ত হওয়ার জন্ত মন্ত্র ছিল্লাদি বিবিধ দোষগ্রস্ত হয়। তত্ত্বে এই-সব দোষগ্রস্ত মন্ত্রের নাম করা হয়েছে। যথা—ছিল্ল কল্প শক্তিহীন পরাজ্যুথ বধির নেত্রহীন কীলিত স্তম্ভিত দক্ষ ত্রস্ত অলিন তিরস্কৃত তেদিত স্বয়প্ত মদোন্তর মূর্চ্ছিত স্বত্রীর্থ হীন প্রথম্ভ বালক কুমার যুবা প্রোচ বৃদ্ধ নিস্তিংশক নির্বাজ সিদ্ধিহীন মন্দ কুট নিরংশ সন্ত্রীন কেকর বীজহীন ধুমিত আলিঙ্গিত মোহিত কুধাতুর অতিদৃপ্ত অঙ্গহীন অতিকুদ্ধ অতিকুর সত্রীড় শাস্তমানস স্থানত্ত্ব বিকল নিংমেহ অতিবৃদ্ধ এবং পীড়িত।

'ছিন্ন' থেকে 'পীড়িত' পর্যস্ত প্রত্যেকটি দোষগ্রস্ত মন্ত্রের লক্ষণও বর্ণিত হয়েছে। । । বেমন ছিন্ন মন্ত্র সম্বন্ধে বলা হয়েছে—ধে-মন্ত্রের আদি মধ্য ও অস্তে অক্স অক্ষরের সঙ্গে যুক্ত

১ জাতস্ত্তক্মাদৌ ভারেদন্তে মৃতস্ত্তকম্। স্তক্বরসংযুক্তা স মন্ত্রো নৈব সিধ্যতি।—শ স ত, তা খ, ৪৫।৭

২ ৰুক্ষৰীজং মনোৰ্দতা চাগুন্তে প্রমেখরি। সপ্তবারং জপেন্মন্তং স্তক্ষরমৃক্তরে।

<sup>—</sup>কুলার্ণবতন্ত্রবচন, জঃ বৃহ ত সা, ১০ম সং পৃঃ ৪৩

७ सः भू ह, जः २, गृः ४६-३.

৪ বিনা তু শাপমোক্ষেণ কঃ সিদ্ধিং প্রাপ্ত রাজনঃ।—মেক্সতন্তর্বচন, ত্তঃ ঐ পৃঃ ৮৪

ছিয়ো য়য়: শভিতীন: পরায়ুখ উদীরিত: । বিধরো নেএইনক কীলিত: তাভিততথা ।
দক্ষরতক ভীতক মলিনক তিরস্কত: । ভেদিতক স্বৃত্তক মদোয়ন্তক মৃদ্ভিত: ।
ছাত্রীব্যক হীনক প্রধারো বালক: পুন: । কুমারস্ত যুবা প্রোটো বৃদ্ধো নিব্রিশেকতথা ।
নিবীল: সিদ্ধিহীনক মন্দঃ কৃটতথা পুন: । নিরংশ: সম্বহীনক কেকরো বীজহীনক: ।
ধূমিতালিলিতো ত্যাতাং মোহিতক ক্ষাত্রঃ । অভিদৃত্যোহলহীনক অতিকৃদ্ধ: সমীরিত: ।
অতিকৃরক স্বীড়: শাস্তমানস এব চ । স্থানপ্রষ্টক বিকল: সোহতিবৃদ্ধ: প্রকীর্তিত: ।
নিরেহ: পীড়িতকাপি বক্ষ্যান্যেরাক কক্ষণ ।—শা তি ২।৬৪-৭•

<sup>•</sup> सः से, २११५-५०४

হয়ে বা না হয়ে 'খং' বীজ আছে অথবা যে-মন্ত্রে দীর্ঘস্তরযুক্ত শক্তিবীজ (হাং হ্রীং হুং হৈং হ্রোং) ত্রিধা চতুর্ধা বা পঞ্চধা আছে তাকে বলা হয় ছিন্ন মন্ত্র।'

রুদ্ধ মন্ত্রের লক্ষণ নির্দেশ করা হয়েছে এইভাবে—যে-মন্ত্রের আদি মধ্য ও অস্তে 'লং' বীজ ফুটি থাকে তাকে বলা হয় রুদ্ধ মন্ত্র। ক্রন্ধ মন্ত্রের দারা ভূক্তিমৃক্তি কোনোটিই লাভ হয় না।

শক্তিহীন মন্ত্র সম্বন্ধে বলা হয়েছে — যে-মন্ত্রে হ্রীং হুং ওঁ শ্রীং ফ্রং—এই বীজগুলির একটিও নাই সেই মন্ত্রকে শক্তিহীন বলা হয়।

এই-সব দোষ মন্ত্রের যেমন আছে বিভারও তেমনি আছে। তথাৎ পুংমন্ত্র এবং স্ত্রীমন্ত্র উভয়েই এই-সব দোষ থাকে।

মস্ত্রের পূর্বোক্ত দোষগুলি ছাড়া আরও কয়েকটি দোষযুক্ত মস্ত্রের উল্লেখ পাওয়া যায়।
যথা—মীলিত বিপক্ষস্থ দারিত মৃক নগ্ন ভূজকম শৃত্য এবং হত।

তত্ত্বে এই-সব দোষযুক্ত মন্ত্রেরও লক্ষণ নির্দেশ করা হয়েছে। ষেমন পথে-মন্ত্রের আদি মধ্য ও অবসানে ধ্ব অর্থাৎ ও (ক্লীং) নেই তাকে বলে দারিত। তাস ব্যতিরেকে মন্ত্র মৃক হয়। ঋষি ছল্প ও দেবতাহীন মন্ত্র ভূজক্ষ। শ

দোষযুক্ত মন্ত্রের দ্বারা সিদ্ধিলাভ হয় না। তন্ত্রের নির্দেশ—বে-মৃচ এই-সব দোষ না জেনে এবং দোষশোধন না করে মন্ত্রের সাধনে প্রবৃত্ত হয় তার শতকোটিকল্পেও সিদ্ধিলাভ হয় না।

তবে তন্ত্রবিদের। বলেন এই সিদ্ধি অর্থ কাম্যকর্মে সিদ্ধি। মৃষ্ট্রের জন্ত মন্ত্রজ্ঞাপ মন্ত্রের এই-সব দোষ থাকে না। কাজেই সে-ক্ষেত্রে মন্ত্রের দশসংস্কারও করার প্রয়োজন নাই। > •

মনোর্বজ্ঞাদিমধ্যান্তেখানিলং বীজম্চাতে। সংযুক্তং বা বিযুক্তং বা বরাক্রান্তং ত্রিধা পুন:।
 চতুর্ধা পর্কধা বা স্থাঃ সমন্ত্রশিহয়সংজ্ঞক:।—শা তি ২।৭১

२ जानिमधाविमात्नम् ज्वीमचन्ताञ्चिः। ङ्गक्तमञ्चः म विद्याद्या ज्विम्किविविधिः।— व २।१२

৩ মারাত্রিতত্ত্বীৰীজরাবহীনস্ত যো মতু:। শক্তিহীন: স কথিতো যদ্য মধ্যে ন বিভাতে।—ঐ ২।৭০

৪ এথানে দৃষ্টান্তবন্ধপ কয়েকটি দোবের উল্লেখ করা গেল। অত্যাত্ত দোব সম্বন্ধে ত্রঃ শা তি ২।৭১-১০৮

<sup>ে</sup> বধা মন্ত্ৰা এতে স্থিতাঃ সদোবাঃ তথা মন্ত্ৰিভিৰ্বিভা অপি ৰোদ্ধবাাঃ।—শা তি ২।১১০-এর রাখবভট্টকৃত টীকা

७ মীলিতবিপক্ষদারিতমুকনগ্রভুজকমশৃগ্রহতাদরোদোবা জ্ঞেয়া:।--এ ২।১১১-এর ঐ

 <sup>(</sup>i) আদিমধ্যাবসানের ধ্রুবো বস্য ন বিভাতে। স দারিত ইতি খ্যাতঃ তাত্ত্বংক্মিন্ কুতিবাসসা।

<sup>(</sup>ii) স্থাসং বিনা ভবেম ক:।

<sup>(</sup>iii) ধবিদৈৰতচ্চন্দোভিঃ পরিভ্যন্তো ভূজকম: ।—দ্র: ঐ

৮ অক্ত দোববুক্ত মন্ত্রের লক্ষণ—ক্র: ঐ

দোবানিমানবিজ্ঞার বো মহাং ভলতে জড়া। সিদ্ধিনি লায়তে তস্য কলকোটশতৈরপি।—শা তি ২।১১•

কাম্যকর্মবিত্যনেন মুক্তার্থং মন্ত্রজপে এতকোবাভাবাদ্দশসংখ্যার অপি ন কর্তব্যাঃ ।—এ, রাঘবভট্টকৃত টাকা

মন্ত্রের দেখিবশোধন—শাস্ত্রে দোষযুক্ত মন্ত্রের শোধনব্যবস্থাও দেওয়া হয়েছে। মন্ত্রের 'আত্মায় যোজনা' বারা শোধন হয়। কার্য কারণ থেকে অভিন্ন এই ভাবনার নাম 'আত্মায় যোজনা। ব

আবার যোনিমূলাবন্ধের শাহায়ে প্রাণায়াম করে এক হাজার আট জপ করলে মন্ত্রের দোষ শোধন হয়। প্রক্রিয়াটি এই—গুরু সিদ্ধাসনে বসে যোনিমূলাবন্ধ করবেন। তার পর একমনা একদৃষ্টি হয়ে প্রাণায়ামের দ্বারা অপান ও প্রাণবায়র সংযোগ সাধন করে মূলাধারন্থিতা চিৎস্বরূপিণী পরমাত্মরূপিণী কুগুলিনীতে জাতদোষ স্বীয় মন্ত্রের অবস্থান চিস্তা করবেন। তার পর মন্ত্রের অক্ষরগুলিকে একটি একটি করে ক্রমাহ্মসারে স্বস্থাপথে মূলাধার থেকে স্বাধিষ্ঠান মণিপূর অনাহত বিশুদ্ধ ও আজ্ঞাচক্র ভেদ করিয়ে ব্রহ্মরন্ত্রে উপনীত করবেন এবং সেথানকার চন্দ্রমণ্ডল থেকে ক্ষরিত অমৃতধারায় অক্ষরগুলিকে সিক্ত করে আবার অবরোহক্রমে আজ্ঞাচক্রাদির মধ্য দিয়ে মূলাধারে নিয়ে আসবেন আর মন্ত্রের শ্বয়াদি ন্যাস করে এক হাজার আট জপ করবেন। এ রকম করলে মন্ত্র শোধন হবে। ধ

মন্ত্রশোধনের বিকল্প ব্যবস্থা—এই প্রক্রিয়া অত্যন্ত কঠিন। সকলের তা সাধ্যায়ন্ত নয়। সেইজন্য শাস্ত্রে মন্ত্রশোধনের বিকল্প ব্যবস্থা দেওয়া হয়েছে। হ্রী শ্রী ক্রী ওঁ—এর বে-কোনো একটি বীজের বারা পুটিত করে মূলমন্ত্র আট হাজার বার জপ করলেই মন্ত্রের দোষশান্তি হবে।

<sup>&</sup>gt; ইত্যাদিদোষত্বপ্রীংস্তান্ মন্ত্রানাক্সনি যোজয়ে । শোধয়েদুর্দ্ধপবনো বদ্ধয়া যোনিমূলয়া।—শা তি ২।১১১

২ কার্যং কারণাদনভাদেবেতি যা ভাবনা সা আত্মনি যোজনা ।—এ, রাঘবভটুকৃত টীকা

ছিল্লাক্ষনাঃ কীলিতাঃ শুন্তিতা বে হুপ্তা মন্তা মূর্চ্ছিতা হীনবীর্ধাঃ।
দক্ষান্তপ্তাঃ শক্রপক্ষে স্থিতা বে বালা বৃদ্ধা গর্বিতা বৌবনেন।
বে নির্বালা বে চ সংব্দে হীনা থণ্ডীভূতাশ্চাক্সমন্ত্রৈর্বিহীনাঃ।
এতে মুন্তাবন্ধনেননৈব বোলা মন্ত্রাঃ সর্বে বীর্বন্তো ভবস্তি।—দ্রঃ ঐ

<sup>8</sup> अ: भू ह, उ: २, भुः ३०

অপানপ্রাণরোঃ কুর্যাৎ সংঘট্টং চৈকদৃত্ত মনাঃ। মুলাধারে চিংবরূপকুগুল্যাং প্রমান্ধনি।
ক্রান্দাবং বস্তু মন্ত্রং তিত্তরেৎ তত্র সন্প্রক্রং। তস্য মন্ত্রসাক্ষরাণি ক্রমান্দেককশন্ততঃ।
ক্রের্ন্নান্ত মার্গেণ মূলাধারে প্রবেশরেৎ। বাধিষ্ঠানে তত্তনক্রে মণিপুরে হুনাহতে।
বিশুদ্ধে আজ্ঞাচক্রে চ জিবা জিবা প্রবেশরেৎ।
ক্রির্তান্তর্সান্তর্সান্তর্সান্তর্সান্তর্সার্গনি ক্রবিভাবরেৎ।
পূলং ক্র্ন্নামার্গেণ আজ্ঞাচক্রেহ্বতাররেং।
বিশুদ্ধেহনাহতে বাহপি মণিপুরে চ চক্রকে। বাধিষ্ঠানে ততো ভেলান্মূলাধারে প্রবেশরেং।
তত্তন্তর্মান্ত্রমূলাদিক্তাসপূর্বং জপেৎ পূলঃ।
ক্রেটান্তর্সহত্রং তু তেন শুদ্ধো ভবেরুক্রঃ।
ক্রেটান্তর্সহত্রং কু তেন শুদ্ধা ভবেরুক্রঃ।
ক্রেটান্তর্সবচন, ক্রঃ পু চ, তঃ ২, পঃ ১০-১১

মন্ত্রেক্ত করতে হয় অর্থাৎ মন্ত্রের দশসংস্থারাদি করতে হয় তেমনি তার তৈতন্ত্রসম্পাদনও করতে হয় অর্থাৎ মন্ত্রেচতন্ত প্রবৃদ্ধ করতে হয়। মন্ত্র দেবতা গুরু ও সাধনেচছু
ব্যক্তির মধ্যে একই চৈতন্ত বিরাজমান। মন্ত্রে এ চৈতন্ত অপ্রবৃদ্ধ অবস্থায় থাকে; সাধনেচছু
ব্যক্তির মধ্যেও তাই। প্রবৃদ্ধতৈতন্ত গুরু আপন চৈতন্তের দ্বারা মন্ত্রচৈতন্ত প্রবৃদ্ধ করেন
এবং দীক্ষাদানের সময় তা শিব্যচিতন্তে সঞ্চারিত করে দেন। মন্ত্রচতন্ত প্রবৃদ্ধ করার
এই তাৎপর্ব।

তাই তদ্রান্তরে বলা হয়েছে—মন্ত্রন্ধী দেবতা দেবতারূপী গুরু গুরুর্নী আত্মা এবং আত্মরূপী মন্ত্র। একেই বলে উত্তম মন্ত্রহৈততা।

মন্ত্রটেততা প্রবৃদ্ধ না হলে দে মন্ত্রে কোনো ফল হয় না। গন্ধবঁতত্ত্বে আছে—মন্ত্র চৈতত্ত্ব-সংযুক্ত হলে অর্থাৎ মন্ত্রের চৈততা প্রবৃদ্ধ হলে দেই মন্ত্র সর্বসিদ্ধিকর হয়। চৈততারহিত অর্থাৎ অপ্রবৃদ্ধচৈততা মন্ত্র কেবল বর্ণমাত্র। এরূপ মন্ত্রের লক্ষকোটি জপেও কোনো ফল হয় না।

মন্ত্রকৈত প্রবৃদ্ধ করার উপায়—তঙ্গণান্তে মন্ত্রকৈত প্রবৃদ্ধ করার বিভিন্ন উপায় নির্দিষ্ট হয়েছে। থেমন, একটি উপায় দ্বাত্রকে সূর্যমণ্ডলমধ্যন্থ চিন্তা করে একশ্ আটবার জপ করতে হবে। এ সূর্যমণ্ডলে দনাতন শিবদ্ধপী গুরু এবং ব্রহ্মদ্রপা দনাতনী শক্তির চিন্তা করতে হবে। এরপ করলে মন্ত্রকৈত প্রবৃদ্ধ হয়।

আরেকটি উপায়—ঈং বীজের দারা পুটিত করে মূলমন্ত্র জপ করলে নিশ্চয়ই মন্ত্রচৈতন্ত প্রবৃদ্ধ হবে।

এথানে বলা আবশ্যক এ-সব উপায়ের তাৎপর্য সদ্গুরুম্থে জানতে হয়। শান্তগ্রন্থ দেখে ভিতরের কথা জানা যায় না।

<sup>&</sup>gt; P. T. Part II, 2nd Ed, Intro., P. 622

মন্ত্ররূপী ভবেদেবো দেবরূপী গুরুর্ভবেং। গুরুরূপী ভবেদায়া আয়রূপী মনুর্ভবেং।
 ইতি তে কথিতং দেবি মন্ত্রটেতক্সমূত্রম্।—তত্তান্তর্বচন, দ্রঃ পু চ, তঃ ৬, পুঃ ৫২৮

মন্ত্রাল্টেডভাসংযুক্তাঃ দর্বসিদ্ধিকরাঃ শৃতাঃ। চৈতভারহিতা মন্ত্রাঃ প্রোক্তা বর্ণান্ত কেবলম্।
 ফলং নৈব প্রবচ্ছতি লক্ষকোটজপাদপি।—গ ত ২৯।২৪-২৫

৪ জঃ প্রা তো, কাও ৪, পরিঃ ১, ব সং, পৃঃ ২২২

পূর্বমণ্ডলমধ্যন্থা চন্তরেক্তর ক্রির ক্রিল কর্।
 ক্রমণ্ডলমধ্যন্তর ক্রির কর্।
 কর্মণার্কর কর্মণার কর্মনার কর্মনার

<sup>—</sup>কুজিকাতন্ত্ৰবচন, স্তঃ ঐ

<sup>💩</sup> ঈং ৰীজেনৈৰ পুটিতং ৰূলমন্ত্ৰং জপেদ্ বদি। তদৈৰ মন্ত্ৰচৈতন্ত্যং ভৰত্যেৰ স্ননিশ্চিতম্।

<sup>--</sup>বরদাতস্তবচন, দ্র: এ, পু: ২২৩

দীক্ষার কালাদি নির্বয়— মন্ত্রনিরপণ এবং মদ্রের সংস্থারাদি ছাড়াও দীক্ষার আরও নানা বিধিব্যবস্থা আছে। যেমন দীক্ষা দেবার পূর্বে শাস্ত্রাম্পারে দীক্ষার কাল বার তিথি নক্ষত্র লগ্ন প্রভৃতি নির্ধারণ করতে হয়। ভিন্ন ভিন্ন মাস তিথি ইত্যাদিতে দীক্ষার ভিন্ন ভিন্ন ফল তন্ত্রে নির্দিষ্ট হয়েছে। কালাদি সম্পর্কে বিধির মতো নানা নিষেধও আছে।

তবে এ সম্পর্কে যামলে বড় উদার বিধান দেওয়া হয়েছে। বলা হয়েছে—লগ্নে হোক আর অলগ্নে হোক যে-কোনো তিথিতেই হোক গুরুর আজ্ঞান্ত্রসারে দীক্ষাগ্রহণ কর্তব্য। সব বার সব গ্রাহ নক্ষত্র সব রাশি যেদিন গুরু প্রসন্ন হবেন সেদিন গুরুবিহ হবে। যথনই দীক্ষা নেবার ইচ্ছা হবে যদি গুরু অনুমতি করেন তা হলে তথনই নেওয়া চলবে।

দীক্ষার স্থান—দীক্ষার পক্ষে প্রশন্ত স্থানের নির্দেশও তত্ত্বে আছে। যেমন তন্ত্রসারে আছে—তন্ত্রাহ্নসারে দীক্ষার স্থান বলছি। গোশালা গুরুগৃহ দেবালয় কানন পুণ্যক্ষেত্র উদ্যান নদীতীর আমলকীতলা বেলতলা পর্বতশিথর গুহা এবং গঙ্গাতীর এই-সব স্থানে দীক্ষা কোটি-কোটিগুণ ফল প্রদান করে। •

দীক্ষাপ্রারোগ—তন্ত্রে ক্রিয়াবতী প্রভৃতি দুশিকার ব্যাপক প্রয়োগবিধি নির্দিষ্ট হয়েছে। বনে-সবের বিস্তৃত ভাবে উল্লেখ করতে গেলে গ্রন্থ বেড়ে যায়। তবে দীক্ষা অফুষ্ঠানটি বড় গঞ্জীর ও মনোজ্ঞ। এইটি দেখাবার জন্ম ক্রিয়াবতী দীক্ষার আরম্ভ অংশের কিঞ্চিৎ বিবরণ দেওয়া গেল।

পুরশ্চর্যার্ণবে আছে দীক্ষাত্মন্তানের প্রারম্ভে ভক্তিযুক্ত শিষ্য প্রথম দিনে ক্ষোরকর্মাদি করে

১ জঃ বৃহ ত সা ১০ ম সং, পরিঃ ১, পৃঃ ২০-২৫

লগ্নে বাপ্যথবালগ্নে যত্র তত্র তিথাবপি। গুরোরাক্তামুর্রপেণ দীক্ষা কার্যা বিশেষতঃ।

সর্বে বারা গ্রহাঃ সর্বে দক্ষত্রাণি চ রাশয়ঃ। বিশ্লিয়হনি সম্ভটো গুলঃ সর্বে ( এব ? ) শুভাবহাঃ।

যদৈবেচ্ছা তদা দীক্ষা গুরোরাজ্ঞানুরপতঃ।—এঃ শা ত, উঃ ২

অথ বক্ষ্যামি দীক্ষায়াঃ স্থানং তন্ত্ৰামুসারতঃ। গোণালায়াঃ গুরোর্গেহে দেবাগারে চ কাননে।
প্ণাক্ষেত্রে তথোভানে নদীতীরে চ মন্ত্রবিং। ধাত্রী-বিব সমীপে চ পর্বতাত্রে গুছাস্থ চ।
পঙ্গায়ান্ত তটে বাহপি কোটিকোটিক্রণং ভবেং।—ক্রঃ বৃহ ত সা, ১০ ম সং, পৃঃ ২৬

<sup>8</sup> सः भू ह, उः ६

তেত্রাদৌ ভক্তিযুক্তঃ শিশুঃ প্রথমদিনে কোরাদিকং বিধায় শরীরগুদ্ধার্থং তীর্থাদৌ সাথা গায়ত্রীসহস্রং প্রজপ্য হবিশ্বং সকৃত্তুকু। বিতীয়দিনে কতোপবাসকৃতীয়দিবনে কৃতনিতাক্রিয়ে। বরালকারাদিভির্দেহমলক্কৃত্য বিশ্বনিবারণার্থং বগৃহে গণেশমভার্চা পূণাহং বাচয়িছা নান্দীশ্রাদ্ধং চ বিধার যথোক্তবরণসভারানাদার পঞ্চবাভপুরঃসরং গুরুগ্ইং গল্পে । তত্র চ হক্তো পাদো প্রকাল্য কৃতাঞ্জলিভিক্তিনত্রং ভগবন্ পরমান্তর্মাপিন্ পরমকার্কণিক শ্রীগুরো সকলপুরুষার্থসাধনমহামন্ত্রপানেন মানসুগৃহীয় ইত্যুক্ত্ব। গুরুং সাষ্টাক্ষং প্রণম্য তদাক্তরা প্রাপ্তম্বতিল্পলাভাদার যথিবাচনপূর্বকং সকলং কুর্যাং।—পু চ, তঃ ৫, পুঃ ৬১৯

শরীরগুদ্ধির জন্ম তীর্থাদিতে স্নান করবেন, সহস্র গায়ত্রীজপ করবেন এবং একবারমাত্র হবিশ্ব আহার করবেন। দ্বিতীয় দিন উপবাস করে থাকবেন। তৃতীয় দিন নিত্য ক্রিয়া সমাপন করে বস্ত্রালন্ধারাদির দ্বারা স্বদেহ ভূষিত করবেন, বিদ্ন নিবারণের জন্ম স্বগৃহে গণেশের পূজা করবেন, পূণ্যাহ্বাচন করাবেন এবং নান্দীপ্রাদ্ধ করবেন। তার পর ষথাবিহিত সম্ভার নিয়ে পঞ্চবাখ্যমহ গুরুগৃহে যাবেন। দেখানে হস্তপদ প্রক্ষালন করে ভক্তিনম্রভাবে কৃতাঞ্চলি হয়ে গুরুদেবকে বলবেন— ভগবন্। পর্মাত্মরূপী পর্মকার্ফণিক শ্রীগুরু! সকল পুরুষার্থের সাধন মহামন্ত্র প্রদানের দ্বারা আমাকে অন্নগৃহীত করুন। এই বলে সাষ্টাঙ্গে গুরুকে প্রণাম করবেন এবং গুরুর আজ্ঞা অনুসারে পূর্বমূখী বা পশ্চিমমূখী হয়ে আসনে বসে কুশত্রয় তিল জল নিয়ে স্বস্তিবাচন করে সঙ্কর্ম করবেন। তারপরে ষ্থাবিধি গুরু বরণ করবেন।

এরপর দীক্ষার বিস্তৃত অফুষ্ঠান আছে। এই অফুষ্ঠানের একটি প্রধান অঙ্গ দেবতার পূজা। এই পূজারও বিশেষত্ব আছে। গুরু স্বীয় দেবতাকে শিগুদেহে সংক্রান্ত করেন এবং শিগু ও দেবতার ঐক্যভাবনা করে গন্ধপুষ্পাদির দ্বারা পূজা করেন।

সমগ্র অন্তর্গানটির বিষয় চিস্তা করলে স্পষ্টই বোঝা যায় শিয়ের স্থপ্ত দেবস্থকে জাগিয়ে ত্যোলা, শিয়ের আধ্যাত্মিক চেতনাকে উদবুদ্ধ করা, এর অন্তর্গ প্রধান লক্ষ্য। শিষ্য ইষ্টমন্ত্রন্থপ যে-পর্ম সম্পদ লাভ করেন সমগ্র অন্তর্গানটি তাঁর মনকে তার উপযোগী করে তোলে।

পূজান্তে শুরু দেবীর কাছে শিষ্যের জন্ম বড় স্থলর একটি প্রার্থনা করেন। বলেন— মাগো করুণানিলয়া সর্বসন্নিধিসংশ্রয়া শরণ্যা বৎসলা, এই শিশুটির প্রতি কুপা কর। আাণবপ্রমুথ পাশের দ্বারা শিশুটি বদ্ধ, ওগো দয়াময়ী, এ দীনের প্রতি করুণা কর। একে

স্পাহ্বাচন—সাধক বলেন ওঁ কর্তব্যেহশ্মিন্ অমুক কর্মণি (বে কর্মে প্রবৃত্ত তার নাম করতে হয়)—ওঁ
প্ণাহ্য ভবস্তোহধিক্রবন্ত। এটি তিনবার পাঠ করতে হয়। য়পাবিধি নিমুক্ত রাহ্মণরা তিনবার বলেন
ওঁ প্ণাহ্য ওঁ প্ণাহ্য ওঁ প্ণাহ্ম। ঠিক তেমনিভাবে সাধক বলেন ওঁ কর্তব্যেহশ্মিন্ অমুককর্মণি—
ওঁ স্বন্তি ভবস্তোহধিক্রবন্ত। আর রাহ্মণরা বলেন—ওঁ স্বন্তি ওঁ স্বন্তি। তারপর সাধক বলেন—ওঁ
কর্তব্যেহশ্মিন্ অমুককর্মণি—ওঁ অজিং ভবস্তোহধিক্রবন্ত। রাহ্মণরা বলেন—ওঁ অধ্যতাং ওঁ ক্র্যাতার্য।—জঃ পুল, সং ৩১, পুঃ ২২-২৩। এই তিনে মিলে পুণাহ্বাচন।

২ সম্বলমন্ত্র—ওঁ বিক্রিক্:। ওঁ অভেত্যাদি অমুকগোত্রোৎপল্লোংমুকদেবশর্মা ধর্মার্থকামমোক্ষপ্রাপ্তিকামঃ
শ্রীমদমুকদেবতারা অমুকমন্ত্রদীকামহং করিছে।—পু চ, তঃ ৎ, পৃঃ ৩১»

<sup>😕</sup> দেবতামান্ত্রনঃ শিক্তে সংক্রান্তাং দেশিকোন্তমঃ। পূজ্ঞেদে গদ্ধপূস্পাচ্ছেবৈক্যং সম্ভাবয়ংগুরোঃ।

ঐহিক ও পারত্রিক ভোগযুক্ত কর। সর্বাশ্রম্বরূপিণী মাগো, তুমি নিঙ্কলা কিন্তু একে সকলা ভক্তি দাও।

অষ্ঠানের শেষাংশে আছে মন্ত্রলাভের পর শিশ্ব গুরুর চরণে দণ্ডবৎ পতিত হবেন এবং এই বলে স্তব্ করবেন—হে নাথ, হে ভগবান, গুরুরপী শিব, হে সর্বদেবময়, সর্বমন্ত্রময়, তোমাকে প্রণাম। হে নাথ, তোমার রূপায় আমি ঘোর মৃত্যুপাশম্ক হয়েছি তোমার প্রসাদে আমি সর্বরকমে রুতক্বতা হয়েছি।

গুরু তথন এই বলে শিশ্তকে উঠাবেন—বংস, উঠ, তুমি মুক্ত। সমাক্ আচারবান্ হও। সর্বদা কীর্তি শ্রী কান্তি মেধা আয়ু বল ও আরোগ্য তোমার অধিগত হোক।

পুরশ্চরণ দীক্ষার পর মন্ত্রের প্রশ্চরণ অবশ্য কর্তব্য। তন্ত্রের অভিমত ষে-মঞ্জের পুরশ্চরণ হুয় নি তাকে বলা হয় মৃত। প্রাণহীন দেহ যেমন কোনো কর্মই ক্রতে পারে না পুরশ্চরণহীন মন্ত্রও তেমনি কোনো ফল দিতে পারে না।

শাস্ত্রমতে পুরু<u>শ্চরণসম্পন্ন মন্ত্রই দ্বার্থদায়ক হয়</u>। নৃপাদির বেমন দ্রব্য আবশুক তেমনি সাধকের পুরশ্চরণ আবশুক। মন্ত্র পুরশ্চরণসম্পন্ন হলেই প্রয়োগার্হ হয়, অক্সণা হয় না।

তা ছাড়া মন্ত্রনিদ্ধির প্রতিবন্ধক দূর করার জন্মও পুরশ্চরণ আবশ্রক। গন্ধর্বতন্ত্রে বলা হয়েছে—অশ্রন্ধা নাস্তিক্য এবং পূর্বজন্মকৃত অশুভ এই তিনটি মন্ত্রনিদ্ধির প্রতিবন্ধক। এই-সব প্রতিবন্ধক বিনাশ করার জন্ম সাধককে যত্নপূর্বক পুরশ্চরণ করতে হবে।

কারশ্যনিলয়ে দেবি সর্বসন্নিধিসংশ্রয়ে । শর্রো বংসলে মাতঃ কৃপামশ্রিন্ শিশৌ কুরু ।
 আগবপ্রমুখৈঃ পালৈঃ পালিতক্ত হরেখনি । দীনকাক্ত দ্বাধারে কুরু কারণ্যমীখনি ।
 ঐতিকাম্শ্রিকৈর্জোগৈরপি সংবধ্যতামদৌ । স্বভক্তিঃ সকলা চাল্রৈ দীয়তাং নিক্লাশ্রয়ে ।
 —পু চ, তঃ ৫, পুঃ ৩৮১-৩৮২

৩ উদ্ভিষ্ঠ বংস মৃস্তেশংসি সমাগাচারবান ভব। কীর্তিশ্রীকান্তিমেধায় বলারোগ্যং সদান্ত তে।—এ

৪ বিনা পুরক্ষিরাং দেবি ময়ো য়ৃত ইতীরিত:। জীবহীনো বধা দেহং দর্বকর্মস্থ ন ক্ষম:।
পুরক্তরণহীনো হি তথা ময়ঃ প্রকীর্তিত:।—শ স ত, স্থ থ, ৩।১৫৫-১৫৬

পুরল্রণসম্পল্লে মন্ত্রঃ দর্বার্থসাথকঃ। বথা দ্রব্যাং নৃপাদীনাং পুরশ্চধা তু মন্ত্রিণান্।
 পুরশ্চরণসম্পল্লঃ প্রবোগার্হো ন চাক্রখা।—ঐ ১৬।৪৫-৪৬

ভ অশ্রদ্ধা চৈৰ নাল্ডিকাং পূর্বজন্মকৃতাশুভন্। প্রতিবন্ধত্রাং দেবি মন্ত্রসিদ্ধো নিগলতে।
যত্নাৎ পুরশ্চরেমন্ত্রী প্রতিবন্ধবিদাশনে।—গ ত ২৮।৭-৮

পুরশ্চরণের ব্যাখ্যা—প্রশ্চরণের ব্যাখ্যা করতে গিয়ে মেকতন্ত্র বলেছেন — ধর্ম অর্থ কাম এবং মোক্ষের লাখন মন্ত্র। সেই মন্ত্রসিদ্ধির জন্ম পুর: অর্থাৎ প্রথমে যে চর্যা বা অনুষ্ঠান করতে হয় তাই পুরশ্চরণ বা পুরশ্চরণকর্ম। বেদ থেকে আরম্ভ করে শাবর শাস্ত্র অর্থাৎ শাবরতন্ত্র পর্যস্তরণ কর্মের ব্যবস্থা আছে।

পৃঞ্চান্ধ পুরশ্চরণ কিন্তু ক্রিয়াসারের মতে জ<u>প হোম তর্পণ অভিযে</u>ক এ<u>বং</u> বিপ্রভোজন এই পঞ্চান্ধ উপাসনাকে পুরশ্চরণ বলা হয়।

অবস্থা উক্ত পঞ্চাঙ্গ সম্বন্ধে সবতন্ত্র একমত নয়। তত্ত্বে তত্ত্বে এ সম্বন্ধে কিছু কিছু মতভেদ আছে। যেমন কুলার্ণবৃতন্ত্রের মতে ত্রৈকালিকী পূজা নিত্য জপ এবং তর্পণ হোম আর ব্রাহ্মণভোজনকে পুরশ্চরণ বলা হয়।

আবার নেকতন্ত্রে বলা হয়েছে <u>জপ হোম তর্পণ মার্জন এবং বিপ্রভোজন এই পঞ্চাক-</u>কর্মরূপ উপাসনাকে কেউ কেউ পুরশ্চরণ বলেন।

তবে পঞ্চাঙ্গ-উপাসনা পুরশ্চরণ এটি পুরশ্চরণের সাধারণ স্থুক্তা নয়। কেন না সব মস্ত্রের পঞ্চাঙ্গ পুরশ্চরণ হয় না। ষে সব মৃদ্রের পঞ্চাঙ্গ পুরশ্চরণ বিহিত, পুরশ্চরণের এই সংজ্ঞা তাদের সম্পর্কেই প্রযোজ্য।

দুর্শাক্ত পুরশ্চরণ—শান্তে দশাঙ্গ পুরশ্চরণেরও উল্লেখ আছে। কোলাবলীনির্ণয়ে বলা হয়েছে—জপ হোম তর্পণ অভিষেক অঘমর্থণ ক্র্যার্থ্য জলপান প্রণাম পূজা এবং ব্রাহ্মণভোজন পুরক্তিয়া বা পুরশ্চরণের এই দশাঙ্গ।

প্রকারভেদ—পুরশ্চরণের বিভিন্ন প্রকারভেদ আছে। বাড়বানলীয়তন্ত্র মৃগুমালাতৃত্র বিশ্বসারতন্ত্র প্রভৃতিতে বিভিন্ন প্রকার পুরশ্চরণের বিবরণ দেওয়া হয়েছে।

ধর্মার্থকামমোক্ষাণাং সাধনং মন্ত্র উচ্যতে। তৎসিদ্ধয়ে পুরো যক্ত চর্যাতে তৎ প্রকীতিতম্।
 পুরশ্চরণকর্মাথ্যং বেদাদৌ শাবরাস্তকে।—মেরত্রবচন, এঃ পু চ, তঃ ৬, পুঃ ৪১৩

২ জপহোমো তর্পণঞ্চাভিষেকো বিপ্রভোজনন্। পঞ্চাঙ্গোপাসনং লোকে পুরল্কাণ্মচ্যতে।
—ক্রিয়াসায়বচন, ডঃ বৃহ ত সা, ১০ ম সং, পৃঃ ৪৮

৩ পূজা ক্রেকালিকী নিতাং জপন্তর্পামেব চ। হোমো ব্রাহ্মণভূক্তিক পুরক্তরণমূচ্যতে।—কু ত, উ: ১৫

জপো হোমন্তর্পণং চ মার্জনং বিপ্রভোজনন্। পঞ্চাঙ্গক ময়লগং তবাহুঃ কে চন তত্ত্ব তু।
 —মেরুতন্তরবচন, ফ্রঃ প্, চ. তঃ ৬, পুঃ ৪১৪

 <sup>&#</sup>x27;পঞ্চালোপাসনং লোকে পুরশ্চরণামিছতে' ইত্যাদি বচনং চ ঘেষাং মন্ত্রাণাং পঞ্চাল্পদেব পুরশ্চরণং
তন্মন্ত্রপুরশ্চরণপরং ন তু মন্ত্রসামান্তপুরশ্চরণপরম্।—পু চ, তঃ ৭, পুঃ ৬৮২

অধবা লপহোমন্তর্পণঞ্চাভিবেকোংপা্যমর্বণম্। স্থার্থাং ললপানক প্রণামক্তিব পুলনম্।
 ব্যক্ষণানাং ভোলনঞ্চ দশালেয়ং পুরক্রিয়া।—কৌনি, উঃ ১০ ৭ জঃ পুচ, তঃ ৭

পুখাদিভাৰভেদে পুরশ্চরণ ভিন্ন হয়ে যায়। পশুভাবের সাধকের পুরশ্চরণ আর বীরভাবের সাধকের পুরশ্চরণ এক নয়।

পশুভাবের সাধকের পকে সাধারণ বিধি সাধক হবিষ্যাশী হয়ে দিনের বেলা পুরশ্চরণ করবেন।

কিছু বীর সাধকের পক্ষে রাত্রে পুরশ্চরণ বিধি। মৃগুমালাতত্ত্বের মতে বীর সাধক রাত্রির প্রথম যাম অতীত হলে জপ আরম্ভ করে তৃতীয় প্রহর অবধি জপ করবেন; রাত্রিশেষে জপ করবেন না। তিনি সংযতজীবন যাপন করবেন এবং একভক্ত হবিব্য ভক্ষণ করবেন।

পুরক্তরণকারী সাধকমাত্রেরই রাত্রে হবিষ্য ভক্ষণ সাধারণ বিধি। প্রসঙ্গক্ষমে বলা বার হবিষ্য সম্পর্কে তন্ত্র ও স্বৃতির ব্যবস্থা এক। তন্ত্রনিবন্ধে হবিষ্যবিষয়ক স্বৃতিবচনও উদ্ধার করা হয়েছে। পুরক্ষর্যাণিবে উদ্ধৃত স্বৃতিবচনে আছে—সিদ্ধ-না-করা সাদা হৈমন্ত্রিক ধানের চাল মৃগ তিল যব কলাই কাঙ্গনী ধানের চাল উদ্ধি ধানের চাল বান্ত্রশাক হেলেঞ্চাশাক বৃষ্টিক ধানের চাল কালশাক কেমুক ছাড়া অন্য মূল কর্মক লবণ সৈদ্ধব লবণ গরুর হুধের দই সাওয়া বি মাথন-না-তোলা হুধ কাঁঠাল আম হরিত্রকী পিপুল জিরে নাগ্রক্ষ অর্থাৎ কমলালের তেঁতুল কলা লবলী গুড় ভিন্ন অন্য ইক্ষ্লাত দ্রব্য এবং অতৈলপক দ্রব্য জ্ঞানী ব্যক্তিরা এইগুলিকে হবিস্থার বলে থাকেন।

তত্ত্বেও অবশ্য হবিষ্যের তালিকা পাওয়া যায়। কিন্তু তাতে শ্বতিবর্ণিত জালিকার শতিরিক্ত বিশেষ কিছু নাই। বেমন যামলে খ্রাছে প্রশ্চরণে শাক ফুল মৃল কিংবা ছাতৃ অথবা শুধু দুধু হবিষ্য।

১ जः भाषात्रह्मा, नित ६; बीदन्त्रक्त्रनं-जः नू ह छः १; बृह छ मा, ३०व मा, भृः ७०७

২ লক্ষমেকং জপেদ্বিতাং হবিয়াশী দিবা শুচিঃ।—কালী ত ২।৩

৩ অথ বীরপুরক্তর্ণম্। অতা রাত্তিরেব কালো ন দিবসং ।—পু চ, তঃ ৭, পৃঃ ১৮৪

গতে তু প্রথমে বামে তৃতীয়প্রহরাবধি। প্রকারবাং নিশায়াং তু রাত্রিশেবে জপের চ।
 হবিয়ং ভক্ষয়েরিত্যমেকভভং ক্সংবতঃ।—য়ঃ য়

<sup>ে</sup> নক্তং হবিজং ভূঞ্জীভূ পুরশ্চরণকৃষর: ।--- বা ঐ, তঃ ॥, পুঃ ১৪৪

হৈমন্তিকং সিতাবিদ্ধং থাকাং মূদ্গান্তিলা ববাঃ। কলায়কলুনীবারা বাল্ককং হিলমোচিকা।

বৃষ্টিকা কালশাকং চ মূলকং কেব্লেকতরৎ। লবণে সজৈবসামৃত্যে গবাং চ দখি সর্পিবাম।

পারোহমুক্ তুসারং চ প্রসাত্তকী। পিপ্রলী জীলকং চৈব নাগবল্পকভিজ্ঞি।

কদলীলবলীখাত্রীকলাগুগুড়িসক্ষম্। অভৈলপ্তং মূনলো হবিছালং প্রচক্ষতে।—পুচ, তঃ ৬, পৃঃ ৪২০-৪২৪

৭ শাকং মূলং কলং ভক্ষাং হৰিছং শভৰেহিৰ বা। অথ বা কীন্তমাত্ৰং তাৎ পুৰক্ষানৃত্তনে।

<sup>---</sup>वामनवहम, कः बे, शृः ६२७

বীর সাধকের পুরশ্চরণের কথা হচ্ছিল। পূর্বোক্ত প্রকারের পুরশ্চরণ ভিন্ন অধিকারী বীর সাধকের পক্ষে পঞ্চমক্রার সহুযোগে পুরশ্চরণের বিধানও তন্ত্রশাম্বে আছে।

যথুঁ<u>শাস্ত্র পুরশ্চরণ কঠিন ব্যাপার</u>। এইজন্ম কোনো কোনো তন্ত্রে বিধান দেওয়া হয়েছে ক<u>লিয়ুগে পুরশ্চরণের প্রয়োজন নাই</u>। কালীবিলাসতত্ত্বে বলা হয়েছে— কলির মাহ্র্য ক্থা-তৃষ্ণায় কাতর, তাদের পক্ষে পুরশ্চরণ সম্ভবপর নয়। তার পরিবর্তে শিবপ্রদা করলেই সাধক সিদ্ধীশ্বর হতে পারবেন।

পুরশ্চরণে জপপ্রাধান্য— লক্ষ্য করা গেছে পুরশ্চরণের সব কটি ব্যাথ্যাতেই প্রথমে জপের উল্লেখ করা হয়েছে। পুর<u>শ্চরণের প্রধান অন্নষ্ঠানই জ</u>প। <u>হোমাদি জপের অক্ষ</u>। এইজন্ম কো<u>নো তেম্বে জপকেই পুরশ্চরণ বলা হয়েছে।</u> যেমন যামলে বলা হয়েছে সাক্ষ্য জপত পুরশ্চরণ।

ক্রিয়াসারে আছে—স্থােদিয় থেকে আবার স্থােদিয় পর্যন্ত জপ করলে সেই জপ পুরশ্চরণ হবে।

ম্ওমালাতশ্বের মতে রুঞ্চাষ্টমী থেকে আর্ছ করে আবার রুফুাষ্টমী পর্যন্ত প্রতিদিন সহ্স্র জপ কুরলে পুরশ্চরণ হয়।

জ্পেই পুরশ্চরণ হয় এই ধরণের বচন তন্ত্রান্তর কালীতন্ত্রণ প্রভৃতি অন্তান্ত তন্ত্রেও পাওয়া যায়।

**জপসংখ্যা**—বিভিন্ন মন্ত্রের পুরশ্চরণে বিভিন্ন সংখ্যা বিহিত। ম্গুমালাতন্ত্রে বিধান

১ उतः भू ह, जः १, भृः ६४३

কলো পুরশ্চরো নান্তি কুধানিজাতুরো যতঃ। শৃণু তত্ত প্রবক্ষ্যামি রহস্তং শিবপুজনম্।
 কুছা সিদ্ধীররো ভূছা বিহরেৎ ক্ষিতিমগুলে।—কালীবিলাসতত্ত্ব ৪।৬-৭

ও সাক্ষো জ্বপো মহাদেবি পুরশ্চর্যেতি গীয়তে। তক্তামাচরিতায়াং চ মন্ত্র সিদ্ধাতি নাজ্ঞা।
——বামলবচন, স্তঃ পুচ, তঃ ৬, পুঃ ৪১৫

কৃষ্ণিষ্টমীং সমারভা বাবং কৃষ্ণাষ্টমী ভবেং। সহত্রসংখ্যে জপ্তে তু পুরশ্চরণিমিয়তে।

— জঃ পু চ, তঃ ৭, পুঃ ৫৬৩

অথবাহল্যপ্রকারেণ পুরশ্চরণমূচ্যতে। দিবা জপেৎ বট্সহল্রং রাত্রাবিপি তথৈব চ।
 এবং ক্রমেণ দেবেশি সর্বসিদ্ধীখরো ভবেৎ।—ক্রঃ ঐ. পৃঃ ৫৬৭-৬৮

অথবান্যপ্রকারেণ প্রশ্চরণম্চাতে। অষ্টম্যাঞ্চ চতুর্দিগ্রাং পক্ষয়োরভয়োরপি।
 পুর্বোদয়াৎ সমারভা বাবৎ প্রোদয়াভয়য়। তাবজ্ঞপ্তা নিরাতকঃ সর্বসিদ্ধীয়রো ভবেৎ।—কালী ত ৭।৭-৯

দেওয়া হয়েছে—বে-মন্ত্রের পুরশ্চরণে যত সংখ্যক জপ বিহিত হয়েছে তত সংখ্যক জপ করতে হবে । ১

সাধারণত: দেখা যায় পুরুশ্চরণে জপের বিহিত সংখ্যা এক লক্ষ্। তবে আরও অধিকসংখ্যক জপের বিধানও আছে। বামকেশ্বরতন্ত্রে এক লক্ষ্ জপাত্মক পুরশ্চরণ থেকে আরম্ভ
করে ক্রমে নয় লক্ষ্ জপাত্মক পুরশ্চরণের বিধান দেওয়া হয়েছে এবং বিভিন্ন লক্ষ্যংখ্যক
জপের বিভিন্ন ফল বর্ণিত হয়েছে। বলা হয়েছে এক লক্ষ্ জপ করলে সাধক মহাপাপুমুক্ত
হন। ত্ই লক্ষ্ জপ করলে দেবী ত্রিপুরা সাধকের সাত জন্মের পাপ নাশ করেন। তিনি
লক্ষ্ণ জপের হারা সাধক যন্ত্রাত্মক ও মন্ত্রাত্মক হয়ে যান এবং তাঁর সহস্র জন্মের পাপ নন্ত হয়।
চার লক্ষ্ণ জপ করলে সাধক মহাবাগীশ্বর হন। পাঁচ লক্ষ্ণ জপের হারা দরিস্তও সাক্ষাৎ কুবের
হয়ে যান। ছয় লক্ষ্ণ জপ করলে মহাবিভাধরেশ্বর হন। সাত লক্ষ্ণ জপ করলে যোগিনীদের
একীকরণে সমর্থ হন। আট লক্ষ্ণ জপের হারা অণিমাদি অইসিদ্ধি লাভ করেন এবং
দেবতাদের হারাও প্জিত হন আর ত্রিপুরস্কারীর মন্ত্রের নয় লক্ষ্ণ জপ করলে সাধক সাক্ষাৎ
কক্ষ হয়ে যান। বামকেশ্বরতন্ত্রে ত্রিপুরস্কারীর মন্ত্র জপের কথাই বলা হয়েছে। অক্ত
মন্ত্রেরও লক্ষাধিক জপের বিধান আছে। ত

এই-সব শাস্ত্রোক্তির তাৎপর্য যথাবিহিত জ<u>পের সংখ্যা যতই বাদ্যবে ততই সাধকের মন্ত্রে</u> তন্মতা <u>হবে</u> এবং তাঁর অন্তর্<u>জনিহিত দেবত্বের বিকাশ হ</u>বে এবং এইভাবে অগ্রসর হতে থাকলে এমন এক সময় আসবে যথন তিনি আপন শিবস্বরূপে প্রতিষ্ঠিত হতে পারবেন।

জপের হোমাদি—ক্রিয়াসংগ্রহে বিধান দেওয়া হয়েছে জপসংখ্যা পূর্ণ হলে যথাশাস্ত্র সংস্কৃত অগ্নিতে শাস্ত্রোক্ত দ্রব্যের দ্বারা জপসংখ্যার দৃশাংশ হোম করতে হবে।

১ যাবদ যশ্মিন্ জপঃ প্রোক্তো মন্ত্রং তাবজ্ঞপেং পুরং ৷—স্তঃ পু চ, তঃ ৬, পৃঃ ৪১৪

লক্ষমেকং জপেন্দেবি মহাপাপৈঃ প্রমৃচ্যতে। লক্ষ্বেয়ন পাপানি সপ্তজয়তৃতাশ্বলি।
নাশয়েং ত্রিপুরাদেবী সাধকতা ন সংলয়ঃ। জপ্তা লক্ষ্তয়য় মন্ত্রী যন্ত্রিতো মন্ত্রিবিহাঃ।
পাতকং নাশয়েদাশু যদি জয়য়হশ্রগম্। জপ্তা বিভাগে চতুর্লক্ষং মহাবাগীয়য়ো ভবেং।
পঞ্চলক্ষাদরিলোহপি সাক্ষাবৈশ্রবণো ভবেং। জপ্তা বড়লক্ষ্মেনততা মহাবিভাগয়েয়য়য়ঃ।
জপ্তা ব সপ্তলক্ষাণি থেচরীমেলকো ভবেং। জপ্তালক্ষ্মমাণং চ জপ্তা বিভাগ মহেয়য়ি।
অণিমাভাইসিদ্ধীশো জায়তে দেবপুলিতঃ। নবলক্ষ্প্রমাণং তু জপ্তা ত্রিপুরস্করীম্।
বিধিবজ্জায়তে মন্ত্রী ক্ষ্মমুতিরিবাপয়ঃ।—বা নি ৫০০০০৬

ত আঃশা তি ৭৯০; ১৫৪২; ১৫৪৬; ১০।৭২; ১০।৯৩; ১০।১১৬; ১১।৬; ১১।৪৭; ১২।৩২; ১১।৪৭;

পূর্ণায়াং জপসংখ্যায়াং বিধিবৎ সংস্কৃতানলে। তৈতিতঃ কল্লোদিতৈ
ক্রিরাদশাংশং হবনং চরেৎ।

 কিয়াসংগ্রহবচন, এঃ পু চ, তঃ ৬, পৃঃ ৫৪৫

ভার পরের বিধান— হোমসংখ্যার দশাংশের ত্বারা তর্পণ করতে হবে, তর্পণসংখ্যার দশাংশের ত্বারা অভিষেক এবং অভিষেকসংখ্যার দশাংশ ব্রাহ্মণভোজন করাতে হবে।

আলহীন হলে ব্যবস্থা—পঞ্চাল পুরশ্বরণ কঠিন ব্যাপার। আরম্ভ করে যদি কেউ কোনো অনিবার্য কারণবশতঃ কোনো বিশেষ অন্তের অমুষ্ঠান করতে না পারেন তা হলে সেই অলহানির প্রতিকারও শাল্পে নির্দিষ্ট হয়েছে। বলা হয়েছে যে-অলের হানি হয় সেই অলহা জন্ত নির্দিষ্ট জ্পসংখ্যার বিশুণ সংখ্যক জপ অশক্ত ব্যক্তি ভক্তি সহকারে করবেন, তা হলেই সেই অল সিদ্ধ হবে।

অবশ্য এ সম্বন্ধে মতভেদ আছে। যেমন সনৎকুমার তন্ত্রে বলা হয়েছে—যে যে অক্সের হানি হবে সেই সেই অক্সের নির্দিষ্ট সংখ্যার বিগুণ জপ করতে হবে। কিন্তু হোমের অভাবে হোমসংখ্যার চতু গুণ জপ করতে হবে।

পুরশ্চরণের <u>বারা মন্ত্রচিতন্ত প্রবুদ্ধ হয়।</u> পুরশ্চরণে <u>এই জপপ্রাধান্ত</u> থেকে এই ব্যাপারের রহস্ত বোঝা যায়। পুরশ্চরণ-জপের সময় সাধককে গুরু দেবতা মন্ত্র ও নিজের আত্মা এক এই ভাবনা করতে হয়। ওমনি ভাবনাসহ জপ করতে করতে সাধকের চিত্ত সম্পূর্ণরূপে মন্ত্রে তল্পীন হয়ে যায়। তথন তাঁর চৈতন্ত মন্ত্রে সংক্রমিত হয়ে মন্ত্রচিতন্যকে প্রবুদ্ধ করে।

পুরশ্চরণের নিয়মাদি —পুরশ্চরণের বিস্তৃত নিয়ম আছে। যথাবিহিত সেই-সব নিয়ম আফ্সারে অফুঠান না করলে পুরশ্চরণ ব্যর্থ হয়। তা<u>দ্ধিক ক্রিয়ামাকই যথাশাদ্ধ নিয়ম অফুসারে করতে হয়, নৈলে সে-ক্রিয়া সফল হয় না।</u> কুলার্গবতপ্ত বলেন যে-ব্যক্তি নিয়ম ব্যতিরেকে যে যে কর্ম করবে তার সেই সেই কর্ম অক্রমদোষের জন্য সফল হবে না।

পুরশ্চরণের একটি সাধারণ বি<u>ধি, নাাসধাানাদিসহ পূজা অবখাই করতে হবে</u>। পূজা ছাড়া জপ করতে নেই। १:

হোমস্ত তদ্দশাংশেন তপঁণং তদনস্তরম্। তপ্ণস্ত দশাংশেন অভিবেকং ততঃ প্রম্।
 অভিবেকদশাংশৈকং কুর্বাদ্ ব্রাক্ষণভোজনম্।—নি ত, পঃ ৩।

यत् यत्रकः विशोदाण जरमधाविश्वापा अर्थः। ক তিবাশাসমিদ্ধার্থং তদশক্তেন ভক্তিতঃ।
 —বশিষ্ঠমংহিতাবচন, মাঃ বৃহ ত সা, ১০ ম সং, পৃঃ ৪৫

যদ যদক্ষং ভবেদ ব্যক্ষং তৎসংখ্যাবিশুণো লগঃ। হোমাভাবে লগঃ কাৰ্যো হোমসংখ্যাচতু প্ৰণঃ।
— জঃ বৃহ ত সা, ১•ম সং,, পৃঃ ৪৫

श्वक्रत्वराष्ट्रमञ्चानारिमकछारतन िखनम् ।—पू ठ, ठः ७, शः ४७६

e P. T., Part II, 2nd Ed., p. 649

भाश्रीकांदर अर्थ क्रीज मजर दंकरंगर अंदर्गर ।—श्रुवन्त्रविकांदिन, यः अ

অবশ্য ক্ষেত্রবিশেষে এই নিয়মের ব্যতিক্রমও হয়। যেমন মৃগুমালাতত্ত্বে বিধান দেওয়া হয়েছে—সাধক যদি দ্রব্যাভাবে পূজাদি করতে না পারেন তা হলে কেবলমাত্র জ্পের বারাই পুরশ্চরণ করবেন।

বীরতন্ত্র সাধিকার সম্বন্ধে বিশেষ বিধান দিয়েছেন। বথা—জীলোকের নাস ধ্যান ও পূজার প্রয়োজন নাই। <u>তথ্ জপের ছারাই তাদের মন্ত্রসিদ্ধি হরে</u>।

সাধারণ বিধিনিষেধ—পুরশ্চরণকারী সাধকের কতকগুলি সাধারণ বিধিনিষেধ মেনে চলতে হয়। এই-সব বিধিনিষেধের সারতত্ত্ব সংষম। সব সাধনারই গোড়ার কথা সংষম।

বিধি—পুরশ্চরণকারীকে ভক্ষ্যাভক্ষ্য বিচার করতে হবে। নৈলে ভোজনের দোষে সিদ্ধিহানি ঘটতে পারে। তথারসংযম না হলে চিন্তসংযম হর্ষট। আর চিন্তসংযম পুরশ্চরণে অত্যাবশুক। তদ্ধান্তরে জপসিদ্ধির সহায়করপে সর্বাত্তে নাম করা হয়েছে মনঃসংহরণের বা চিন্তসংযমের। উক্ত ভঞ্জের মতে মনঃসংহরণ শৌচ মৌন মন্ত্রার্থিকন অব্যয়ত্ব এবং সন্তোধ জুপসম্পত্তিকারক।

গোতমীয়তট্রৈ পুরশ্চরণকারী সাধকের ঘাদশ ধর্মের কথা বলা হয়েছে। এগুলিকে ঘাদশ বিধি বলা যায়। উক্ত তত্ত্বে আছে—ভূশয়া ব্রদ্ধার্য মৌন অনস্থাতা নিত্য ত্রিসন্ধা— স্থান ক্ষুত্রকর্মবর্জন নিত্য পূজা নিত্য দান দেবতার স্থাতি-কীর্তন নৈমিত্তিক পূজা গুরু ও দেবতার প্রতি বিশাস এবং জপনিষ্ঠা এই ঘাদশ ধর্ম মন্ত্রসিদ্ধিদায়ক।

সিদ্ধান্তসারে আরও সংক্ষেপে বলা হয়েছে জিতেন্দ্রিয় ভক্তিযুক্ত প্রসমধী ভূমিশায়ী ব্রহ্মচারী রাত্রিতে ভোজনকারী সাধক মন্ত্র জপ করবেন। এই ধরণের বিধি অক্তান্ত তন্ত্রেও আছে।

- न স্তাদো বোধিতাং চাত্র ন ধ্যানং ন চ প্রনন্।
   কেবলং জপমাত্রেণ মন্ত্রাঃ দিদ্ধান্তি বোধিতান্।—বীরতন্ত্রবচন, ক্রঃ ঐ
- ০ পুরল্টরণকৃষ্মী ভক্ষ্যাভক্ষ্য বিচারয়েব। অভ্যথা ভোজনাক্ষোবাব দিছিহানিঃ প্রজারতে।—পৌ ত, আঃ ১৪
- ভূপব্যাং বুল্লচারিছং মৌনশাপানহরতান। নিতাং ত্রিসবদং স্নানং কুত্রকর্মবিবর্জিতন।
  নিতাপুলা নিতালানং দেবতাস্তৃতিকী তিমন। নৈমিত্তিকাটেশব বিশানো গুলুদেবয়োঃ।
  লপনিষ্ঠা বাদলৈতে ধর্মাঃ ব্যর্গালসিছিলাঃ।—সৌ ত, আঃ ১৪
- 💩 । বশীকৃতে ক্রিয়ঝামো ভক্তিযুক্তঃ প্রসর্ধীঃ। 🛚 অবংশায়ী বুক্ষচারী নিশাশী প্রজপেরতুন্।

যদি পূজাল্পক্তঃ স্যাদ্ দ্রব্যাভাবেন স্থলরি। কেবলং জপনাত্রেণ পুরশ্চর্যা বিধীয়তে।
 —য়ৢগুলাল্যভন্তর্বচন, য়ঃ য়ৢ, পুঃ ৽৽৪

<sup>—</sup> मिकाकमात्रकम, जः भू ह, छः ७, भुः ८७७

নিবেধ—বিধির মতো এ সম্পর্কে নিষেধও তক্ষে নির্দিষ্ট হয়েছে। মেরুতজ্ঞের মতে লোভ কোধ মাৎসর্থ কাম ধ্বেষ তাড়ন দস্ত উচাটন অভ্যঙ্গ অপ্রিয় কথা মিধ্যা কথা গীত বাছ্য মধু বহেড়া ও করঞ্জা গাছের ছায়া মাংস প্রতিগ্রহ মাল্য তাম্বূল এবং পাপীর সঙ্গে বাক্যালাপ এইগুলি পুরশ্চরণকারী সাধক বর্জন করবেন।

দিদ্ধান্তসারে আছে—সাধক জপকালে আলভা জ্ন্তন নিদ্রা ক্থ নিষ্ঠারন ভয় নীচের সংশব্ধ এবং ক্রোধ বর্জন করবেন। ব

এই ধরণের নিষেধের উল্লেখ কুলার্গবতন্ত্র, গৃন্ধবতন্ত্র প্রভৃতি অন্যান্ত তল্পেও আছে।
পুরশ্চরণ যে বাহ্য অন্নষ্ঠানমাত্র নয় এবং যান্ত্রিকভাবে জপমাত্র নয়, তা এই-সব বিধিনিষেধের পর্যালোচনা করলেই স্পষ্ট বোঝা যায়।

গ্রহণ-পুরশ্চরণ— পুরশ্চরণের বিস্তৃত আহুষ্ঠানিক বিধানও আছে। তবে গ্রহণের সমুরে পুরশ্চরণ-অহুষ্ঠান অপেক্ষাকৃত সংক্ষিপ্ত। তত্ত্বে বিধান দেওয়া হয়েছে— সূর্যগ্রহণ বা চন্দ্রগ্রহণের সময়ু সাধক উপবাসী থেকে ভচিগুদ্ধ হয়ে সম্ভ্রগামী নদীতে নাভী পর্যস্ত জলে ভ্রিয়ে স্পর্শ থেকে বিমুক্তি পর্যস্ত অন্ত্রমনা হয়ে জপ করবেন। তার পর হোমাদির অহুষ্ঠান করবেন এবং তার পর ব্রাহ্মণভোজন করাবেন। সচরাচর যে-বিস্তৃত পুরশ্চরণ অহুষ্ঠান হয় এটি তার তুল্য। ত্

যেথানে নদীতে কুমীর প্রভৃতি আছে সেথানকার বিধি—সাধক শুদ্ধ জলে স্নান করে পবিত্ত স্থানে সমাহিত হয়ে বসে একমনে গ্রামু থেকে মুক্তি পর্যস্ত জপ করবেন।

যেথানে নদী নাই দেথানকার জন্মও এই ব্যবস্থা। সাধক পবিত্র জলে স্থান করে শুচি হয়ে অভুক্ত অবস্থায় গ্রহণের আদি থেকে মুক্তি পর্যন্ত সমাহিতচিত্তে মন্ত্র জপ করবেন।

তলাভং ক্রোখং চ মাৎসর্থং কামং দেবং চ তাড়নন। দন্তমুক্তাটনাভ্যকাপ্রিয়মিধ্যাবচন্তথা।
সীতং বাজং মধু ছায়াং বিভীতককরঞ্লয়ো:। মাংসং প্রতিগ্রহং মাল্যং তান্ব লং পাপিভাবণন্।
এতানি বর্জ্জয়েদ বিধান্····
।—মেক্সতন্তর্বচন, দ্রঃ পু চ, তঃ ৬, পুঃ ৪৬৬

গ্রহণেহর্কস্ত চেন্দোর্বা শুচিঃ পূর্বমূপোষিতঃ। নছাং সমূদগামিছাং নাভিমাত্রে জলে স্থিতঃ।
 লপাছিম্ভিপর্যন্তং জপেয়ত্রং সমাহিতঃ। তাবংকালং জপিছেখং ততো হোমাদিকং চরেং।
 ব্যাক্রণান্ ভোজয়েং পশ্চাং পুরশ্চর্বাসমং ছিদ্য।—মেক্রতয়বচন, জঃ ঐ, তঃ ৭, পৃঃ ১৭৮

প্রসাদকে সাদা শুচে দেশে সমাহিতঃ। প্রাসাদিম্ভিপর্যন্তং জপেরায়মনয়্তবীঃ।
 ক্রমধামলবচন, দ্রঃ বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ৪৬

<sup>•</sup> বদা পুণ্যোদকে স্নাদ্বা শুচিঃ পুর্বমূপোষিতঃ। এহণাদিবিমোক্ষান্তঃ জপেয়ন্তং সমাহিতঃ।—এ, পৃঃ ва

শাস্ত্র সব রকমের সাধককে সহায়তা করবার জন্ম সর্বদা উন্মুথ। যারা উপবাস করতে পারেন না তাঁদের জন্মও ব্যবস্থা আছে। তাঁরা পূর্বোক্ত আকারে স্থানাদি করে জ্প করবেন এবং গ্রহণ-কালের মধ্যেই জ্পের দশাংশ হোম, তার দশাংশ তর্পণ, তার দশাংশ অভিষেক ও তার দশাংশ বান্ধণভোজন করাবেন।

শান্ত্রে এ সম্পর্কে আরও নানাবিধ ব্যবস্থা নির্দিষ্ট হয়েছে। তবে সার কথা, গ্র<u>হণের</u> সময়ের পুরশ্চরণ অন্ত সময়ের পুরশ্চরণের তুলনায় সংক্<u>ষিপ্ত।</u>

মাতৃকাভেদতত্ত্বে বলা হয়েছে—গু<u>হৰু শিবশক্তির সমাযোগ</u>। শি<u>বশক্তির সমাযোগ বলে</u> এ<u>ইকাল বন্ধময়।</u> এই <u>জন্মই এই সময়ে বিশেষ করে পুরশ্চরণাদির ব্যবস্থা হয়েছে।</u>

বলা বাহুল্য এ-সব বিখাসের কথা। কেন না জ্<u>গানের বিচারে সব কালই বন্ধুময়,</u> শি<u>বশক্তি নিতায় জ্ব</u>।

তবে দাধনার ক্ষেত্রে বিশ্বাদের গুরুত্ব খুব বেশী। এ বিষয়ে আমরা পূর্বেও আলোচনা করেছি। স্থানকালাদি সম্পর্কে অন্তর্কুল সংস্কার ও বিশ্বাস যে চিত্তবৈর্ধার বিশেষ সহায়ুক হয় এ-বিষয়ে কোনো সন্দেহ নাই।

পুরশ্চরণের কাল—গ্র<u>হণের সময় প্রশ্চরণের পক্ষে প্রশস্ত্র।</u> কিন্তু পূর্ণাঙ্গ পুরশ্চরণঅফ্রানের অক্ত সময়ও শাস্ত্রে নির্দিষ্ট হয়েছে। কোনো কোনো তন্ত্রের মতে দীক্ষার সময়ই
পুরশ্চরণ বিহিত। আবার কোনো কোনো তন্ত্রের অভিমত—গুরুর আজ্ঞান্ত্রসারে বিশেষ
ভভ দিনে পুরশ্চরণ আরম্ভ করে যথাবিধি সমাপ্ত করতে হবে।

কোথাও কোথাও শক্তিমপ্রের প্রশ্চরণে শিশির বদস্ত ও শরৎ এই তিন ঋতুকে উত্তম বলা হয়েছে। কার্তিক মাদ দম্মন্ধে বলা হয়েছে এই মাদ দমস্ত মন্ত্রের প্রশ্চরণের পক্ষে প্রশস্ত্রা

অথবান্তপ্রকারেণ পৌরশ্চারণিকো বিধিং। চক্রত্র্যোপরাগে চ রাত্বা প্রযতমানসং।

 লপানাদি বিমোক্ষান্তং লপেয়য়ং সমাহিতঃ। লপাদ্দশাংশতো হোমং তথা হোমান্ত্ তর্পাম্।

 তর্পাক্ত দশাংশেন চাভিবেকং সমাচরেং। অভিবেকদশাংশেন কুর্যাদ্ ব্রাহ্মণভোজনম্।

 —বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ৪৭

২ পুচ, ডঃ ৭

<sup>💩</sup> বিবশুক্তো: সমাবোগো গ্রহণং পরমেখ্রি। বিবশক্তিসমাবোগঃ কালং বুক্ষময়ং প্রিয়ে।—মাভূ ত ৬।১৩-১৪

विज्ञन् काल ভবেদ্দীকা তিশ্মন্ কালে ভবেদিদম্।—
সঃ পু চ, তঃ ৬, পৃঃ ৪১৭

শ্বরোরমূজ্ঞাং সংপ্রাপ্য বিশেষেণ শুভে দিনে। সমারভ্য প্রশ্চর্বাং বিধিপূর্বং সমাপয়েং।
 —মুগুমালাতয়বচন, য়ঃ পু চ, তঃ ৬, পৃঃ ৪১৭

<sup>💩</sup> শিশিরক্ত বসস্তুক্ত শরৎকাল ইতি এর:। উত্তমা ঋতবো দেব্যা: পুরুত্রণকর্মণি।—পু চ, তঃ ७, পৃঃ ৪১৮

সর্বেবামপি মন্ত্রাণাং কুর্বাদুর্জে পুরস্থিয়ান্ ।—য়: য়, পৃ: ৪১৯

আবার মহাচীনাচারাদি ক্রম অন্ত্সারে প্রশ্চরণের পক্ষে সব সময়ই গুভ, অগুড় কিছু নাই। পুরশ্চরণের কাল সম্বন্ধে এই ধরণের আরও সব বিধিনিবেধ আছে। গুরুক এই-সব বিচার করে পুরশ্চরণের কাল নির্দারণ করে দেন।

পুরশ্চরণ স্থান—প্রশ্বরণের কালের মতো স্থানও বিভিন্ন তারে নির্দিষ্ট হয়েছে। বেমন শারদাতিলকে বলা হয়েছে—পুণ্যক্ষেত্র পুণ্য নদীর তীর গুহু পর্বতশিথর তীর্থস্থান সাগরসঙ্গম পাবন বন পূত উন্থান বিশ্বমূল গিরিতট দেবালয় সম্প্রকূল এবং সাধকের নিজ পৃহ এই-সব স্থান সাধনের পক্ষে অর্থাৎ পুরশ্বরণজপের পক্ষে প্রশস্ত । ৪

আবার দেবতাভেদেও প্রশ্বরণের বিভিন্ন স্থান নির্দিষ্ট হয়েছে। শক্তিয়ুদ্রের পুরশ্বরণের পক্ষে শাক্ত পীঠাদি বিশেষ উপযোগী।

শাস্ত্রে পুরশ্চরণস্থান সম্বন্ধে বেমন বিধি আছে তেমনি নিবেধও আছে। মেরুতন্ত্রে বৃত্যা হরেছে — জীর্ণ দেবালয় জীর্ণ উজান জীর্ণ গৃহ জীর্ণ বৃক্ষতল যে নুদী সম্প্রগামিনী নয় তার তীর্ অন্তিক্ট গর্তবহুল স্থান এই-সব পুরশ্চরণের পক্ষে নিষিদ্ধ।

যামলের অভিমত রাজা মুদ্রী রাজপুকুর প্রভাবশালী ব্যক্তি এঁরা বে-পথে যাতারাত কুরেন তছবিদ্ <u>লাধক তার কাচে কোথাও প্রক্রবাদির জন্ম ছান নির্বাচন করবেন না।</u> মোটকথা বেখানে সহজে চিত্তবিক্ষেপের সম্ভাবনা এমন কোনো স্থানে প্রক্রবণ করা নিষিক।

দ্রবাঞ্চন বেমন আছে তেমনি স্থানগুণও আছে। স্থানুমাহাত্মা প্রত্যক্ষ করা যায়।

এমন স্থান আছে বেখানে জপে বদলে মন সহছে দ্বির হয়ে আসে, পারুমার্থিক চিস্তান্দোত
বইতে থাকে, সাধক অল্লায়াসে তন্ময় হয়ে যেতে পারেন। শাস্ত্রে প্রশ্বন্ধর জন্ত বিশেষ
বিশেষ স্থান নির্দেশের এই তাৎপর্য। কতকাল ধরে কত সাধক শাস্ত্রনির্দিষ্ট স্থানে সাধনা

১ সর্ব এব শুভঃ কালো নাশুভো বিছতে কচিৎ।—সারদংগ্রহ্বচন, দ্রঃ পু চ, তঃ ৬, পৃঃ ৪১৯

२ उत्तः ये, शृः ४३७-४२०

७ सः जे, शुः ४२०-४२७

পুণাক্ষেত্রং নদীতীরং গুহা পর্বতমন্তকম্। তীর্থপ্রদেশাঃ সিল্লাং সক্ষয়ঃ পাবনং বনম্।
উদ্যানানি বিবিক্তানি বিবমুলং তটং গিরেঃ। দেবতায়তনং কুলং সমুদ্রস্থ নিজং গৃহম্।
সাধনের প্রশন্তক্তে স্থানাক্তেতানি মন্ত্রিণাম্।—শা তি ২০১৬৮-১৩৯

खः भू ठ, छः ७, भृः ७२३-७२२

<sup>🤊</sup> রাজানঃ সচিবা রাজপুরুষাঃ প্রভবো জনাঃ। চরস্কি বেন মার্গেণ ন বদেং তত্র তত্ত্বিং।—বামলবচন, স্রঃ ঐ

করে সিদ্ধিলাভ করেছেন। শাল্পবিশাসী সাধকের মনে এমনি সংস্কার থাকে। আর এই সংস্কার সাধনার কেত্রে তাঁকে বিশেষভাবে সহায়তা করে।

প্রতিনিধির ছার। পুরশ্চরণ নাধুকের স্বয়ং পুরশ্চরণ করাই বিধি। তবে অপারগ হলে তিনি প্রতিনিধির ছারা পুরশ্চরণ করাতে পারেন। যোগিনীহাদয়ে নির্দেশ দেওয়া হয়েছে নাধকের পক্ষে প্রথম ব্যবস্থা তিনি স্বয়ং পুরশ্চরণ করবেন, অক্ষুম্বলে গুরুকের দিয়ে পুরশ্চরণ করাবেন। গুরুর অভাবে সর্বপ্রাণীর হিতে রত স্বিধ্ব বন্ধ্বাবাপর শাল্পবিদ্নান্তিণসম্পর বান্ধাবের ছারা প্রশ্চরণ করাবেন। অথবা সদ্গুণসম্পরা পুরবতী স্বীলোককে পুরশ্চরণকর্মে নিয়েজিত করবেন।

একাধিক পুরশ্চরণ— পুরশ্চরণের চরম লক্ষ মন্ত্রসিদ্ধি। যদ্রি একবার পুরশ্চরণে মন্ত্রসিদ্ধি না হয় তা হলে ত্বার বা তিনবার পুরশ্চরণ করা বিধি। বিদ্যালয় বিদ্যালয় মন্ত্রসিদ্ধি না হয় তা হলে বিধান—অফলোম-বিলোম-ক্রমে মাতৃকাবর্ণের দ্বারা মন্ত্রকে পুটিত করে প্রত্যাহ এক শত ভাপ করতে হবে। এক মাস এই রকম ভাপ করে হোমাদি করলে এবং পুরশ্চরণ সম্পর্কিত দৈনিক ক্ষতাগুলি করে গেলে মন্ত্রসিদ্ধি হবে।

মন্ত্রসিদ্ধির লক্ষণ —কোনো সাধকের মন্ত্রসিদ্ধি হয়েছে কিনা তা লক্ষণ দেখে বুঝা যায়। বিভিন্ন তত্ত্বে লে-সব লক্ষণ বর্ণিত হয়েছে। যেমন ভৈরবীতক্ত্রে আছে— যে-সাধকের মন্ত্রসিদ্ধি হয়েছে তিনি সর্বত্ত জ্যোতি দেখেন অথবা জ্যোতির্মন্ন শরীর দেখেন। তিনি নিজের শরীরকে জ্যোতির্মন্ন বা দেবতামন্ন দেখেন। ৪

মেরুতন্তে বলা হয়েছে—অল্লুভোজন অল্পনিদ্রা সর্বদা চিত্তের প্রসন্নতা প্রকাশযুক্ত শরীর এবং সত্য বাক্য এই সব মন্ত্রসিদ্ধের লক্ষণ।

আরও বলা হয়েছে মন্ত্রসিদ্ধ ব্যক্তি সিদ্ধবাক্ সিদ্ধমনোরথ দাতা ভোক্তা এবং অ্যাচক হন।

- ২ কর্মণা প্রবলেনৈব প্রতিবন্ধাবিরোধিনা। বদি সিদ্ধিং ন লন্ততে দ্বিস্ত্রিবা পুনরাচরেও।
  —কেংকারিণীতন্ত্রবচন, দ্রঃ ঐ, তঃ ৭, পুঃ ৫৫৮
- ৪ জ্যোতি: পশুতি সর্বত্র শরীরং বা প্রকাশবুক্। নিজং শরীরমধ বা দেবতাময়মেব হি।

   —ভৈরবীতপ্রবচন, লঃ ঐ, পু: ৫৫৭
- অল্লাশনং বল্পনিক্রা সদা চিত্তপ্রসম্প্রতা। প্রকাশযুক্ শরীরং চ বাক্যং সত্যং প্রজায়তে। তথা—
  বাব্যনোর্থসংসিদ্ধো দাতা ভোক্তা অ্যাচকঃ।—মেক্তয়্রবচন, ত্রঃ ঐ, পৃঃ ১০৮

অভিষেক প্রশ্বনার মতো অভিষেক পাক্ত সাধকের অবশ্ব করণীয়। এই অভিষেক মন্ত্রের দশ সংস্কারের অক্ততম সংস্কার অভিষেক বা পুরশ্বরণের অক্ব অভিষেক থেকে পৃথক্। দীক্ষার সঙ্গে সঙ্গেই অভিষেক বিধি। দীক্ষার পরেই অভিষেক হয়। তবে পূর্বেও হতে পারে। দীক্ষার সঙ্গে বন্ধে বহু তাকে বলে শাক্তাভিষেক।

ত<u>র্মতে অভিষেক দ্বিবিধ—শাক্তাভিষেক</u> আর পূর্ণাভিষেক। ভ

অভিবেক-অফুষ্ঠানের নানা রকম বিধিব্যবস্থা আছে। গু<u>কু মন্ত্রপুত জল শিশ্রের মন্তকে</u> যথাশাস্ত্র সিঞ্চন করেন। এইটি অভিবেকের প্রধান বাহ্য অফুষ্ঠান। গ

নির্ভন্তরতন্ত্রে বিধান দেওয়া হয়েছে—বৈষ্ণব গাণপত্য সৌর শৈব এবং কুলভূষণ শাক্ত এঁদের অভিযেক করতে হবে।

কৌলমার্গের সাধক সম্বন্ধ বলা হয়েছে অভিষেক ব্যতীত তিনি যদি কুলকর্ম করেন তা হলে তাঁর পূজাদি ক<u>র্ম অভিচার হয়ে যাবে</u>। গ

অভিবেকমন্ত্র— অভিবেকমন্ত্রটি প্রকাণ্ড। শাসেই মন্ত্রে রাজরাজেশ্বরী প্রম্থ দেবীদের, ইন্দ্র প্রম্থ দিক্পালদের, বংসর মাস পক্ষ তিথি বার রাহু কেতু এই-সবের, গ্রহনক্ত্রের, অসিতাক্ষপ্রম্থ ভৈরবদের, জাবিনীপুত্রিকাপ্রম্থদের, ব্রহ্মা বিষ্ণু রুল্র ঈশ্বর সদাশিব এঁদের, পুরুষ এবং প্রকৃতি ও তার যোড়শ বিকাবের, আত্মা-পরাত্মা-জ্ঞানাত্মা-ধ্যানাত্মা-পরমাত্মার, ওঁছঁ প্রভৃতি বীজের নাম করে বলা হয়েছে মন্ত্রপৃত বারিছারা এঁরা তোমাকে (শিশ্রকে) অভিবিঞ্চিত করুন।

মন্ত্রের শেষাংশে আছে প্রে<u>তকুমাও রাক্ষ্</u>দ দান্ব পিশাচ গু<u>ছ্ক ভূত এরা সব অভিষেক্রের</u> ছারা তাড়িত হয়ে বিনাশপ্রাপ্ত হোক । অলুক্ত্রী কালকণী মহাপাপসমূহ ওঁ-বীজের ছারা

প্রবিশ্ব বিধিবদ্দীক্ষামভিবেকাবসানিকান্। শ্রুত্বা তন্ত্রং গুরো লিকং সাধয়েদীপিতং মমুন্।
 — নারায়ণীয়তয়বচন, য়ঃ শা তি ৪।১-এর রাঘবভট্টকৃত টীকা

২ দক্ষিণৈৰা তু মন্ত্ৰগ্ৰহণানস্তৱং বদি অভিবেকঃ ক্ৰিয়তে তদা কৰ্তব্যা। অভিবেকানস্তৱং চেৎ মন্ত্ৰগ্ৰহণং তদা তদ্দক্ষিণহৈবাদীভূতাভিবেকাদিদক্ষিণা সিদ্ধা ইতি।—প্ৰা তো, কাণ্ড ২, পরিঃ ৫, ব সং, পৃঃ ১০২

৩ অভিবেকস্ত বিবিধঃ শাস্তশ্চ পূর্ণ এব চ ।—বামকেশ্বরতন্ত্রবচন, দ্রঃ ঐ, পৃঃ ১৩৯

s ন্ত্র: প্রা তো, ঐ, পৃঃ ১৪• ; পু চ, তঃ ¢, পৃঃ ৩৯৭-৪১১

এবং সংসিচ্য শিক্তং তু পুনঃ পূজাং সমাচরেৎ।—নিরুত্তরতন্তর্বচন, ক্রঃ পু চ, তঃ ৎ, পুঃ ৪০৮

৬ বৈক্ষবো গাণপত্যক সৌন্নঃ শৈব কুলেবরি। অভিবেক্য প্রকৃবীত শাক্তক কুলভূবণঃ।—নিক্ল ত, পঃ ৭

৭ অভিবেকং বিনা দেবি কুলকর্ম করোতি বঃ। তক্ত পূজাদিকং ক্র্ম চাভিচারার ক্রতে।—এ

৮ জঃ পু চ, ত e, পুঃ ৪০৪-৪০৮, প্রা তো, কাও ২, পরিঃ e, ব সং, পুঃ ১৪০-১৪২

অভিবিঞ্জ সভতং মন্ত্রপুতেন বারিণা।—পু চ, তঃ e, পু: ३०६

তাড়িত হয়ে অভিষেকের বারা বিনাশ প্রাপ্ত হোক। বোগ শোক দারিদ্রা দৌর্বলা ও চিত্তবিকার ঐ -বীজের বারা তাড়িত হয়ে অভিষেকের বারা বিনাশ প্রাপ্ত হোক। লোকাম্বরাগহানি হর্তাগা এবং হর্ষশ ক্লী -বীজের বারা তাড়িত হয়ে অভিষেকের বারা বিনাশ প্রাপ্ত হয়ে অভিষেকের বারা বিনাশ প্রাপ্ত হয়ে অভিষেকের বারা বিনাশ প্রাপ্ত হয়ে অভিষেকের বারা বিনাই হোক। বিষসমূহ ডাকিনীগণ ভয়সমূহ ঘোর অভিচারসমূহ ক্রুর এইসমূহ ও সর্পসমূহ ক্রী -বীজের বারা তাড়িত হয়ে অভিষেকের বারা বিনাই হোক, অভিষেকের বারা বাজদের সমস্ত বিপদ্ বিনাই হোক, সম্পদ্ স্বন্থির হোক এবং মনোরথ পূর্ণ হোক।

তন্ত্রশাস্তের মতে অভিষেক করা হলেই সকলের মন্ত্র-সিদ্ধি হয়। কেমন করে হয়, তা বৃদ্ধিগ্রাহ্থ নয়। তবে অভিষেকমন্ত্রটির চিন্তা করলে মনে হয় অ<u>ফুকুল ও প্রতিকূল বহু অদুর্ভা শক্তির সহায়তা সাধনায় সিদ্ধিলাভের পক্ষে আবর্ত্তক। অভিষেকমন্ত্রের অচিন্ত্রা-শক্তির দ্বারা এই সহায়তা লাভ হয়।</u>

পূর্বাভিষেক কৃতশাক্তাভিষেক সাধক সাধনায় অগ্রসর হলে তাঁর পূর্ণাভিষেক হয়।
পূর্বাভিষিক্ত হলেই সাধকের ক্রমদীকা প্রভৃতি আত্মোৎকর্ষকারী সমস্ত কর্মে অধিকার
হয়।

আবশ্যকতা—তল্পে পূর্ণাভিষেকের আবশ্যকতা বিশেষভাবে নির্দিষ্ট হয়েছে। যেমন সারসংগ্রহে আছে—পূর্ণাভিষেক না হলে সাধক পূর্ণবোধতা প্রাপ্ত হন না, আচার্য হতে পারেন না এবং সদুগতি লাভ করেন না। অতএব গুরু তাঁর প্রিয় শিষ্যকে প্রবৃদ্ধ করে পূর্ণাভিষিক্ত করবেন।

- নশুন্ত প্রেতকুমান্তা রাক্ষসা দানবাশ্চ বে। পিশাচা শুহুকা ভূতা অভিবেকেণ তাড়িতাঃ। অলক্ষীঃ কালকণী চ পাপানি স্থমহান্তি চ। নশুন্ত চাভিবেকেণ তারবীজেন তাড়িতাঃ। রোগাঃ শোকাশ্চ দারিদ্রাং দৌ বলাঃ চিন্তবিক্রিয়া। নশুন্ত চাভিবেকেণ বাগ্ বীজেনৈব তাড়িতাঃ। লোকামুরাগত্যাগাশ্চ দৌর্ভাগ্যমপি হুর্বশঃ। নশুন্ত চাভিবেকেণ মন্মথেনৈব তাড়িতাঃ। তেজোহাসঃ শক্তিহাসো বৃদ্ধিহাসন্তবৈব চ। নশুন্ত চাভিবেকেণ শক্তিবীজেন তাড়িতাঃ। বিবাণি চ মহারোগা ডাকিস্থো ভীতয়ন্তবা। ঘোরাভিচারাঃ কুরাশ্চ গ্রহা নাগান্তবৈব চ। নশুন্ত চাভিবেকেণ কালীবীজেন তাড়িতাঃ। নশুন্ত বিপদঃ সর্বাঃ সম্পদঃ সন্ত স্থিরাঃ। অভিবেকেণ শাক্তানাং পূর্ণাঃ সন্ত মনোরবাঃ।—নিক্লন্তরতম্বচন, দ্রঃ, পু চ, তঃ ৫, পুঃ ৪০৭-৪০৮
- মন্ত্ৰন্ত্ৰঞ্চ সৰ্বেধামভিবেকাদ্ধি সিধাতি।—নিক্ল ত, পঃ ।
- পূর্ণাভিবেকানস্তরমেব তে সর্বেবেবাক্সোংকর্যসাধকের ক্রমদীক্ষাদির কর্মস্থ সমর্থা ভবস্তীতি।
   —মাতৃ ত, ভূমিকা, পৃঃ ৪
- বিনা বেনাভিবেকেণ সাধকঃ পূর্ণবোধতাম। আচার্যত্বং ন চাপ্লোতি সন্গতিং চ সমীহিতাম।
   তত্মান গুলুঃ প্রিয়ং নিজং বোধয়িছাভিবেচয়েং।—সায়সংগ্রহ্বচন, য়ঃ তা ভ য়, তঃ ৩, পৄঃ ১০৭

শক্তিসুদ্মতত্ত্বে বলা হয়েছে—পূর্ণাভিষেক না হলে শিব পর্যন্ত পশু হয়ে যান, পূর্ণাভিষেক না হলে দেবতা প্রসন্ন হন না। পূর্ণাভিষেক ছাড়া যে কালীমন্ত্র তারামন্ত্র জপ করে তার সমুক্ত ক্রিয়া নষ্ট হয়, সে পাগল হয়ে যায়।

শুধু কালী তারা নয় দশুমহাবিভারই মন্ত্রসাধনে পূর্ণাভিষেক আবশুক। কারণ বাদের পূর্ণাভিষেক হয় নি তাঁদের দীক্ষাপূজাদি সব নিক্ষল হয়ে যায়। কিন্তু পূর্ণাভিষিক্ত সাধকের সব কিছু অমৃত হয়, তাঁর ক্রিয়া সফল হয়, দেবতা তাঁর প্রতি প্রসন্ন হন। গ

পূর্ণাভিষিক্তের লক্ষণ—তত্ত্বে পূর্ণাভিষিক্ত সাধকের লক্ষণ বর্ণিত হয়েছে। ব্রেমন শক্তিসঙ্গমতত্ত্বে আছে—পূর্ণাভিষিক্ত সর্বদা ধ্যানসম্পন্ন পূজাতংপর এবং তত্ত্বচিন্তাপরায়ণ হবেন, দেবতুলা মাহ্ব হবেন। তাঁর আন্তিক্য মনের হৈর্য দাত্ত্ব ও দয়াল্তা থাকবে। তিনি গুরুভক্ত দেবভক্ত এবং ভক্তভক্তিপরায়ণ হবেন। পরাপবাদ পরত্রোহ এবং পরনিন্দা বর্জন করবেন। স্বীলোকের কথনও নিন্দা করবেন না এবং তাদের প্রহার করবেন না। পরক্রব্য পরস্থী পরান্ন পরশক্তি ও পরহস্ত সর্বদা বর্জন করবেন। সর্বদা একান্তে বিশেষতঃ পর্বতে বাস করবেন। চরাচর জগৎকে ঘাষিদ্রপ ভাবনা করবেন। সর্বদা আনন্দে থাকবেন এবং দেব্যানন্দপরায়ণ হবেন। তিনি সিন্দ্রের তিলক ধারণ করবেন, স্বচ্ছ স্বেচ্ছাচারী এবং জিতেন্দ্রিয় হবেন। ক্রোধ্ লোভ মদ দস্ত মাংসর্য চঞ্চলতা বার্তালাপ বিশেষ করে বছবার্তালাপ বর্জন করবেন। আসনজয় নিদ্রাজয় ইন্দ্রিয়জয় এবং আহারজয় করবেন এবং থেচরীমূদ্রার অভ্যাস করবেন।

বিনা পূর্ণাভিবেকেণ পশুরূপো শিবোংপি চ। বিনা পূর্ণাভিবেকেণ দেবতা ন প্রসীদতি।
 বিনা পূর্ণাভিবেকেণ কালীং তারাং চ য জপেং। তক্ত ক্রিয়াং ছরিয়ামি বাতুলো জায়তে নয়ঃ।
 —শ স ত, তা ধ, ২।৬-৫

२ পूर्वाखिरबरका म्हरविन मनविद्याविर्धा ग्रुवः।—मः भू ह, वः ६, भृः ७०४

৩ পূর্ণাভিষেকহীনানাং দীক্ষা পূজা চ নিক্ষলা।—শ স ত, কা খ, ১১।৪৭

৪ পূর্ণাভিষেকযুক্তস্ত যৎকিঞ্চিদমূতং ভবেং। তস্ত ক্রিয়া চ সফলা দেবতা হুপ্রসীদতি।—এ. তা ধ, ২।৫-৬

সর্বদা ধ্যানসম্পন্ন: সদা পূজনতংপরঃ । তত্বচিন্তাপরো ভূষা দেবরপো নরো ভবেং।
আতিক্যং মনসং হৈবং দাভূত্বং চ দরালৃতা। শুরুভন্তির্দেবভক্তিরভক্তন্তিপরো ভবেং।
পরাপবাদং তদ্দ্রোহং পরনিন্দাং বিবর্জয়েং। স্ত্রীব্ নিন্দাং প্রহারং চ সর্বধা পরিবর্জয়েং।
পরক্তরাং পরস্ত্রীং চ পরান্ধং সর্বধা ত্যকেং। পরশক্তিং বর্জয়েচ পরহত্তং বিবর্জয়েং।
একান্তে নিবসেল্লিত্যং পর্বতে চ বিশেষতঃ। বোষিজ্ঞপং শ্বরেং সর্বং জগদেতচ্চরাচরম্।
সদানন্দপরো ভূত্বা দেব্যানন্দপরারণঃ। সিন্দুরতিলকী স্বভঃ বেজ্চাচারী জিতেন্সিয়ঃ।
ক্রোধং লোভং মদং দস্কং মাৎসর্বং চঞ্চলত্বতাম্। বাত্রালাপং বর্জয়েচ্চ বহবা তাং বিশেষতঃ।
আসনস্ত জয়ং দেবি তথা নিজাজয়ং শিবে। ইন্সিয়াণাং জয়ং দেবি সর্বধা কারয়েদ্ ব ধঃ।
আহারস্ত জয়ং দেবি থেচনীমুদ্রিকাং ভক্তেং।—শ স ত, কা থ, ১১।২৯-৩৭

পূর্ণাভিষিক্ত সাধকের স্থাতঃথে লাভক্ষতিতে জন্মপরাজন্মে সমান মনোভাব। শীতোক্ষের সমতা করে তিনি সর্বদা তদ্গতমনা হয়ে থাকেন এবং দেবতায় মনোলয় করে দেবস্বরূপ হয়ে যান।

পূর্ণাভিষিক্ত সাধাকের হাতে সর্ব্যম্ভের অধিকার রয়েছে। তাঁকে সর্ববিদ্যাম্বরূপ বলা হয়।

পূর্ণান্ডিযিক্ত সাধক পূর্ণব্ধপ হবেন। কে বা দেহী, কার দেহ, স্থথত্থ কার, জন্মান কে, মৃত্যু হল কার এ-সব প্রশ্নের চরম সমাধান তিনি অবগত। তাঁর কাছে সবই ব্রহ্মস্বব্ধপ। পূর্ণব্ধপ বলতে বুঝায় স্বয়ং শিব। পূর্ণাভিষিক্ত সাধক শিবস্বব্ধপ সন্দেহ নাই।

তত্ত্বের বিধান এমনি সাধকের কাছ থেকে আশীর্বাদ গ্রহণ করতে হয়; তাঁর প্রণাম গ্রহণ করতে নাই। সর্বদা তাঁর সম্ভোষবিধান করা উচিত। কেন না তিনি সম্ভষ্ট হলে সব দেবতা সম্ভষ্ট হন।

পূর্ণাভিষিক্ত সাধকের এই সব লক্ষণ পর্যালোচনা করলে স্পষ্টই বোঝা **যায় সাধনার** উদ্<u>তর্গের আরোহণ না করলে শাস্ত্রোক্ত পূর্ণাভিষিক্ত হতে পারা যায় না</u>।

উক্ত তক্তে আরও বলা হয়েছে —দীক্ষা ছাড়া মোর্ক হয় না আর আচার্য অর্থাৎ গুরু ছাড়া দীক্ষা হয় না।

দীক্ষা ছাড়া শুধু যে মোক্ষ হয় না তা নয়, কোনো তান্ত্ৰিক কৰ্মে অধিকারই হয় না।

সংগেদ্ধথে সমে কৃত্বা লাভালাভৌ জয়াজয়ৌ। শীভোঞ্সমতাং কৃত্বা সদা তদ্গতমানসঃ।
দেবতায়াং লয়ং কৃত্বা দেবরূপো নরো ভবেং।—শ স ত, কা থ, ১১।৪৬-৪৭

২ সর্বমন্ত্রাধিকারো হি তহা হত্তে ব্যবস্থিতঃ। মহাবিছাধরণো হি স এব পরিকীর্তিতঃ।—এ, ১১।১৯-৫০

ও পূর্ণাভিষেকসংযুক্তঃ পূর্ণক্লপঃ স বৈ ভবেং। কোবা দেহী কস্তা দেহঃ তথং ছুঃখং চ কস্তা বৈ। কোজাতঃ কো মৃতো দেবি সর্বং ৰুক্ষাব্যৱপক্ষ ।—শ স ত, তা থ, ৪৬।৮-৯

৪ পূর্ণরূপঃ শিবঃ প্রোক্তঃ শিব এব ন সংশয়ঃ ।—-এ, ৪৬।২১

আশী গ্রাহা মহেশানি পূর্ণদীক্ষাযুত্ত চ। তন্নতিনৈব সংগ্রাহা তত্তোবং চ সমাচরেং।
 তন্ত তোষণমাত্রেণ সম্ভটাঃ সর্বদেবতাঃ।—ঐ, কা থ, >>।৪৮-৪৯

৬ তন্মাৎ সর্বপ্রয়ম্পেন গুরুণা দীক্ষিতো ভবেৎ।—কু ত, উঃ ১৪

৭ বিনা দীক্ষাং ন মোক্ষঃ স্থাতত্ত্তং শিবশাসনে। সা চ ন স্থাদ্ বিনাচার্যমিত্যাচার্যপরস্পরা।—এ

৮ তথাহত্রাহদীক্ষিতানাঞ্চ মন্ত্রদেবার্চনাদিয়ু। নাধিকারোহস্তাতঃ কুর্য্যাদাম্বানং শিবসংস্কৃতম্।

<sup>—</sup>ক্র: শা তি ৪١১-এর রাঘবভট্টকৃত টীকা

তত্ত্বের অভিমত যে-সব তান্ত্রিক কর্মের কথা গুরুমুখে প্রকাশিত হয় নি সে-সব ব্যর্থ হয়। এর অর্থ তান্ত্রিক সাধনার অন্তর্ভুক্ত ক্রিয়াকর্ম গুরুর কাছে জেনে গুরুর নির্দেশে নিষ্পন্ন করলেই সফল হয়।

তাই বলা হয় তন্ত্রশাস্ত্র গুরুষনুক। ওকু ছাড়া তন্ত্রে কোনোরূপ অধিকারই হয় না। অতএব সাধনেচছু ব্যক্তির যত্ন সহকারে উত্তম গুরুকরণ কর্ত্ব্য। ও

শাস্ত্রের এক্কপ নির্দেশের বিশেষ তাৎপর্য আছে। তাদ্রিক সাধনা ক্রিয়ামূলক গৃঢ় সাধনা। এই সাধনায় আসন মূলা ন্তাস প্রভৃতি এমন সব ক্রিয়া আছে ষেগুলি এই-সব ব্যাপারে অভিজ্ঞ ব্যক্তির কাছেই শিথতে হয়; বই পড়ে বা মুখের কথা শুনে এ-সব করতে পারা যায় না। তা ছাড়া তন্ত্রপ্রছে সাধনার নির্দেশ অনেক ক্ষেত্রে সাংকেতিক ভাষায় দেওয়া থাকে। একমাত্র সম্প্রদায়বিদ্ শুরুই এ-সব সঙ্কেতের নিগৃঢ় অর্থ বলতে পারেন। আবার অনেক ক্ষেত্রে গৃঢ় সাধনার বিষয় সাংকেতিক ভাষায়ও পুরোপুরি বলা হয় না; কিছুটা বলে বাকীটা শুরুমুখে জানার নির্দেশ দেওয়া হয়। এইজন্তই শুরু ছাড়া তান্ত্রিক সাধনা হয় না। তন্ত্রাচারে গুরুই সর্বস্থা

তা ছাড়া তান্ত্রিক সাধনায় গুরুর অপরিহার্যতা সম্বন্ধে আরেকটি যুক্তিও আছে।
'তাঁন্ত্রিক সাধনাকে বিজ্ঞান বলা যায়। বিজ্ঞানের সত্যের মতো এ সাধনার সিদ্ধিও পরীক্ষানিরীক্ষার দ্বারা প্রমাণিত সত্য বলে গণ্য করা যেতে পারে। এই জন্মই যিনি স্বয়ং সেই
পরীক্ষানিরীক্ষা করেছেন এবং সত্যকে প্রত্যক্ষ করেছেন এমন একজনের নির্দেশ অনুসারে
এ সাধনা করা প্রয়োজন।'

শুরুবাদের প্রাচীনতা—এখানে উল্লেখ করা যায় শুধু তান্ত্রিকদের মধ্যেই নয় ভারতের সব প্রধান প্রধান ধর্মসম্প্রদায়ের মধ্যেই অধ্যাত্মসাধনার ক্ষেত্রে গুরুর অপরিহার্যতা স্বীকৃত। এটিকে ভারতীয় অধ্যাত্মসাধনার একটি বিশেষত্ব বলা যায়। উপনিষদের যুগ থেকে গুরুর মাহাত্ম্য এবং গৌরব শস্ট ভাষায় স্বীকৃত হয়ে এসেছে।

মৃগুকোপনিষদে আছে — কর্মফলসমূহ পরীক্ষা করে ব্রাহ্মণ দেখবেন অক্তত অর্থাৎ নিত্যবস্তু ক্তবের দারা অর্থাৎ কর্মের দারা উৎপন্ন হয় না এবং তথন তিনি বৈরাগ্যপ্রাপ্ত

<sup>&</sup>gt; শুর্ববস্থলাঃ ক্রিয়াঃ সর্বা নিক্ষলাঃ স্মর্যতো ধ্রুবম্।—ঐ

২ গুরুষ্লমিদং শাস্ত্রং নাস্তঃ শিবতমঃ প্রভূ:। অতএব মহেশানি বহুতো গুরুষাগ্রহেং।

<sup>—</sup>পিচ্ছিলাতম্বচন, দ্রঃ প্রা তো, কাণ্ড ২, পরিঃ ২, ব সং, পৃঃ ১০

৩ গুরুং বিনা বতন্তব্রে নাধিকার: কর্থখন। অতএব প্রবত্নেন গুরু: ক'তব্য: উত্তম:।—ক্রন্তবামলবন দ্র: ঐ

৪ তান্ত্রিকাচারের শুরুরের সর্বথন্—মাতৃ ত, ভূমিকা, পৃঃ ৫

<sup>\*</sup> Tantra as a Way of Realisation; C. Her. I., Vol, IV. p. 289

হবেন ও সেই নিত্যবস্তকে জানার জন্ম সমিৎপাণি হয়ে বেদজ্ঞ ব্রহ্মনিষ্ঠ গুরুর কাছে। যাবেন। ১

তথন ব্রহ্মজ্ঞ গুরু দেই সংযতেন্দ্রিয় প্রশাস্তচিত্ত উপসন্ন শিশুকে যথাতত্ত্ব সেই-ব্রহ্মবিতা বলবেন যে-বিতার ত্বারা অক্ষরপুরুষকে তাঁর ত্বরূপে জানা যায়।

সত্যকাম জাবালের উপাখ্যানেও দেখা যায় তিনি ব্রন্ধবিত্যালাভের জন্ম আচার্য হারিক্রমত গৌতমের কাছে গিয়েছিলেন।\*

সত্যকাম গুরু গৌতমকে বললেন—ভবৎসদৃশ আচার্যদের কাছেই শুনেছি যে-বিছা গুরুমুখে জ্ঞাত হয় তাই কল্যাণতম হয়।

তদ্ধেও এই কথারই প্রতিধ্বনি শুনতে পাওয়া যায়—মৃ<u>দ্ধ শুরুম্থেই লভ্য। পুস্তক</u>থেকে মন্ত্র লিখে নিয়ে অর্থাৎ তন্ত্রগ্রন্থ থেকে মন্ত্র জ্বেনে নিয়ে যে জপ করে তার সিদ্ধিলাভ ত হয়ই না, উন্টে পদে পদে ক্ষতি হয়। ত

তত্ত্বে বলা হয়েছে মন্ত্রদীক্ষাদি গুরুপরম্পরায় আগত। উপনিষদেও দেখা যায় "গুরুপরম্পরায়ই ব্রহ্মজ্ঞান আদিয়াছে, গুরুপদেশ্শ্ল মেধা বা পাণ্ডিতা প্রভৃতির দ্বারা নহে।" উপনিষদে আছে ব্রহ্মবিদ্ গুরুর কাছেই ব্রহ্মবিদ্যা লাভ করতে হয়। যে-গুরু স্বয়ং ব্রহ্মবিদ্নন তাঁর উপদেশে ব্রহ্মজান হয় না।

তন্ত্রশান্ত্রেও গুরু সম্বন্ধে এই ধরণের বিচার আছে। গুরুর প্রতি ভক্তি উপনিষদে স্পষ্টভাষাতেই নির্দিষ্ট হয়েছে। শ্বেতাশ্বতর উপনিষদ

পরীক্ষ্য লোকান্ কর্মচিতান্ ব্যাহ্মণো নির্বেদমায়ায়ায়্যকৃতঃ কৃতেন।
তিবিজ্ঞানার্থ্য স্তক্ষ্মবেশভিগক্তেৎ সমিৎপাণিঃ ভ্রোতিয়ং ব্রুননিষ্ঠ্য।
—মুউপ ১।২।১২

তব্মৈ স বিদ্যামপ্রসন্নার সমাক্ প্রশাস্তিচিত্তার শমাধিতার।
 বেনাক্ষরং পুরুষং বেদ সত্যাং প্রোবাচ তাং তত্ততো বু ক্ষবিদ্যাম্।—ঐ ১।২।১৩

৩ স্ত্ৰ: ছাউপ ৪।৪।৩

<sup>8</sup> শ্রুতং হেব মে ভগবন্দুশেভা আচার্যান্ধৈব বিছা বিদিতা সাধিষ্ঠং প্রাপতীতি ৷—ছা উপ si>i৩

গুরুবক্তু বিশ্বহামন্ত্রো লভ্যতে সাধকোন্তনৈঃ।—মাতৃ ত, পঃ ১০

৭ ন্তঃ ক উপ ১।২।৭-> ; কে উপ ১।৪

কে উপ ১١৪-এর স্বামী গম্ভীরানন্দকৃত টীকা

বলেন—বাঁর পরমেশরের প্রতি পরা ভক্তি আছে এবং পরমেশরের প্রতি বেমনি গুরুর প্রতিও তেমনি ভক্তি আছে সেই মহাত্মার কাছে উপনিষদের বিষয় সমূহ প্রকাশিত হয়।

বৌদ্ধ জৈন নাকুলীশ পাশুপত প্রভৃতি প্রাচীন ধর্মসম্প্রদায়ের মধ্যেও সেই সেই সম্প্রদায়ের প্রবর্তনের সময় থেকেই গুরুর গৌরব ও প্রাধান্ত স্বীকৃত হয়েছে।

উপনিষদে গুরু ও পরমেশ্বরের প্রতি সমান ভক্তির কথা বলা হয়েছে। এই ভাবটির অফুসরণে পরবর্তীকালে গুরু ও পরমেশ্বরকে এক মনে করা হয়। লোকে যে অতি প্রাচীন কালেই দেবতার সঙ্গে গুরুকে যুক্ত করে দেয় এ কথার ঐতিহাসিক প্রমাণও আছে।

ষিতীয় চক্সগুপ্তের মথ্রা স্তম্ভলিপিতে গুরুর মূর্তিযুক্ত শিবলিঙ্গ-প্রতিষ্ঠার বিবরণ পাওয়া যায়। তাতে আছে ৩৮০ খুটানে উদিতাচার্য গুর্বায়তনে তাঁর গুরু কপিল এবং পরমগুরু উপমিতের মূর্তিযুক্ত কপিলেশ্বর এবং উপমিতেশ্বর নামে ঘটি শিবলিঙ্গের প্রতিষ্ঠা করেন। উদিতাচার্যকে লকুলীশের সাক্ষাৎ শিশু কুশিক থেকে পরম্পারাক্রমে দশম গুরু মনে করা হয়। এই পাথ্রে প্রমাণ থেকে সহজেই অন্তমান করা যায় গুরু ও শিবের তথা দেবতার এক হয়ে যাওয়াটা কঠিন হয় নি।

শুরুপরম্পরা— এই প্রত্বলিপিতে গুরুপরম্পরার যে-ঐতিছের কথা আছে সেটিও ভারতীয় অধ্যাত্ম সাধনার ক্ষেত্রের একটি সাধারণ বৈশিষ্ট্য। কেন না গুরুপরম্পরার ঐতিহাটি ভারতের বিভিন্ন উপাসকসম্প্রদায়ের মধ্যে অহুস্ত হয়। তান্ত্রিক সাধনার ক্ষেত্রে ত গুরুপরম্পরা বিশেষভাবে স্বীকৃত হয়েছে। যেমন শক্তিসঙ্গমতন্ত্রে নির্দেশ দেওয়া হয়েছে— আদিনাথ থেকে আরম্ভ করে নিজের গুরু পর্যন্ত যে-গুরুপরম্পরা তার অন্তর্পত্রক্ত সবাইকে গুরুজ্ঞান করতে হবে। মন্ত্রদাতা গুরু প্রথম গুরু। স্বগুরু পর্যন্ত যে-গুরুপরম্পরা তার অন্তর্পরস্পরা তার অন্তর্পত্র সবাই মহেশ্বর ভিন্ন আন্তর্কত নন।

কাজেই দেখা যাচ্ছে ভারতীয় অধ্যাত্ম দাধনার ক্ষেত্রে গুরুর গৌরব উপনিষদের যুগ থেকেই স্বীকৃত হয়ে এসেছে। তদ্ধে ঔপনিষদ ভাবটিই দাধনার প্রয়োজনে বিস্তৃতি ও অধিকতর গুরুত্ব লাভ করেছে।

**গুরুণব্দের অর্থ**— তত্তে গুরুণব্দের <u>একাধিক ব্যাখ্যা লক্ষ্য</u> করা বায়। বেমন

বস্ত দেবে পরা ভজির্বথা দেবে তথা গুরৌ।
 তইততে ক্ষিতা হুর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ ।—বে উপ ৬।২৩

a R. E. I., XXI, pp. 1-9

o A Historical Sketch of Saivism, S. R. C. M, Vol II. pp. 26-27

<sup>8</sup> व्यापिनाथान् शुक्रकानः यश्चर्यसः मर्ट्यति । व्याप्तो मर्येत प्राप्ति मञ्जाः व्यथस्य शुक्रः । भन्नम्भन्नापिका प्राप्ति मर्ट्या अव नाम्नथा ।—मं म छ, सू थ, ১।১৬৮-১৬৯

কুলার্গবতম্রে আছে—'গু' শুনের অর্থ অন্ধকার 'কু' অর্থ তার নিরোধক। কা<u>লেই গুক-</u> শনের অর্থ অন্ধকারনাশক। অর্থা<u>ৎ যিনি অজ্ঞানান্ধ</u>কার নাশ করেন তিনি গুকু।

তন্ত্রার্ণবের মতে—গকার সিদ্ধিদায়ক, রেফ্ অর্থাৎ র পাপের দাহক এবং উকার শিব। এই ত্রিতয়াত্মক আচার্য গুরু। ব্যথিৎ যে শিবস্বরূপ আচার্য শিশ্যের পাপ দশ্ধ করেন এবং তাকে সিদ্ধি প্রদান করেন তিনি গুরু।

শুরুর লক্ষণ—বিভিন্ন তত্ত্ব গুরুর লক্ষণ বর্ণিত হয়েছে। যেমন রুদ্রবামলের মতে গুরু হবেন শান্ত দান্ত কুলীন অর্থাৎ কৌল বিনীত শুদ্ধবেশধারী শুদ্ধাচারসম্পন্ন স্প্রতিষ্ঠিত শুচি দক্ষ স্বৃদ্ধি আশ্রমী অর্থাৎ গৃহস্থ ধ্যাননিষ্ঠ মন্ত্রন্ত্রনিশারদ নিগ্রহান্ত্রাহ্সমর্থ মন্ত্রার্থিদাক রোগহীন নিরহংকার নির্বিকার মহাপণ্ডিত বাক্পতি শ্রীসম্পন্ন, সর্বদা যজ্ঞবিধানকারী প্রশ্বরণকারী সিদ্ধ হিতাহিতবিবর্জিত সর্বস্থলক্ষণযুক্ত মহৎ ব্যক্তিদের দ্বারা আদৃত প্রাণান্ত্রমানিদিসিদ্ধ জ্ঞানী মৌনী বৈরাগ্যযুক্ত তপস্বী সত্যবাদী সর্বদা ধ্যানপ্রায়ণ আগ্রমার্থিবিশেষজ্ঞ নিজধর্মপরায়ণ অব্যক্তলিঙ্গচিহ্নস্থ ভাবুক কল্যাণকর-দানপরায়ণ লক্ষ্মবান্ ধৃতিমান্ এবং নাথ। ত

সম্মোহনতন্ত্রে বলা হয়েছে শ্রু নাট্চক্র বাড় শাধার জিলক ব্যামপঞ্চক এই স্বকে বিনি স্বদেহে অবস্থিত বলে জানেন তাঁকে গুরু বলে।

কুলার্ণবিতন্ত্রে? সদ্গুরুর লক্ষণ বিস্তৃতভাবে বর্ণিত হয়েছে। তার সার কথা সদ্গুরু ব্রহ্মজ্ঞ

১ গুশৰ দক্তকার: স্তাদ্রশৰ দন্তমিরোধকঃ। অককারনিরোধ্বাদ্গুরুরিত্যভিধীরতে।—কু ত, উ: ১৭

২ গৰ্কারঃ সিদ্ধিদঃ প্রোক্তো রেফঃ পাপশু দাহকঃ।

উকার: শভুরিত্যুজন্ত্রিতরান্ধা গুরু: শৃতঃ ।—তব্রার্ণবিচন, দ্রঃ বৃহ ত সা, ১০ম সং, পুঃ ৪

শাস্তোদান্তঃ কুলীলন্ট বিনীতঃ শুক্ষবেশবান্। শুক্ষাচারঃ স্প্রতিষ্ঠঃ শুটিপক্ষঃ স্থব্ ক্ষিমান্।
আশ্রমী ধাননিষ্ঠল্ট মন্ত্রতন্ত্রবিশারদঃ। নিগ্রহাম্প্রাহে শক্তো বলী মন্ত্রার্থকাপকঃ।
নিরোগী নিরহকারো বিকাররহিতো মহান্। পণ্ডিতো বাক্পতি শ্রীমান্ সদা বজ্ঞবিধানকং।
পুরুল্বপকুং সিন্ধো হিতাহিতবিবজিতঃ। সর্বলক্ষপসংবৃক্তো মহাজনগণাদৃতঃ।
প্রাণামাদিসিক্বান্তো জ্ঞানী মৌনী বিরাগবান্। তপ্রী সত্যবাদী চ সদা ধ্যানপরারণঃ।
আগমার্থবিশিইজ্ঞো নির্ধ্বপ্রায়ণঃ। শ্বব্যক্তনিক্ষচিক্তন্ত্রো ভাবকো ভ্রুদানবান্।
লক্ষীবান্ ধৃতিমান্নাথো গুরুরিত্যভিধীয়তে। —ক্র বা, উ ত, পঃ ২

ষ্ট্চক্রং বোড়ণাধারং ত্রিলক্ষং ব্যোমপঞ্চকম্। স্বদেহে বো বিজ্ঞানাতি স শুরুঃ ক্থিতো বু ধৈঃ।
 —সন্মোহনতন্ত্রবচন, ক্রঃ প্রা তো, কাণ্ড ২, পরিঃ ২, ব সং পৃঃ ১৩

বট্চক্র—মূলাধার সাধিষ্ঠান মণিপুর অনাহত বিশুদ্ধ এবং আজ্ঞা।

<sup>—</sup>দ্র: প্রা তো, কাণ্ড ৬, পরি: ৪, ব সং, পৃ: ৪৪১-৪৪৪

৬ বোড়শাধার—উপরে বর্ণিত বট্চক্র বিন্দু কলা পদ নিবোধিকা অর্দ্ধেন্দু নাদ নাদাস্ত উন্মনী বিক্রবন্ধু ও ধ্রুবমগুলিকা এই বোল।—ক্র: ঐ, কাণ্ড ২, পরিঃ ২, ব সং পৃঃ ১৩

৭ ত্রিলক্ষ—স্বরম্পুলিক ( মূলাধারে ), বাণলিক ( অনাহতে ) ইতরলিক ( আজাচক্রে )—ঐ

সিদ্ধ মহাধোগী। তিনি তদ্ধশান্তোক্ত সিদ্ধান্ত এবং সাধনা উভয়ই সম্যক্ অবগত আছেনু এবং স্বয়ং তদ্ধোক্ত বিধান অস্পারে সাধনা করে পর্মসিদ্ধি লাভ করেছেন।

এ ছাড়া তন্ত্রবাজতম (প: ১), গন্ধর্বতন্ত্র (প: ২৬), শারদাতিলক (প: ২), প্রাণতোষিণী (২য় কাণ্ড, ২য় পরিচ্ছেদ) প্রভৃতি বিবিধ আকর-ও নিবন্ধ-গ্রন্থে গুরুর লক্ষণ বর্ণিত হয়েছে। তবে দাধারণভাবে বলা যায় এই-সব বিভিন্ন তন্ত্রে বর্ণিত লক্ষণগুলি মোটামৃটি একই রকম।

জ্ঞীশুরুরলক্ষণ—কোনো কোনো তন্ত্রে স্থ্রীগুরুর লক্ষণ পৃথগভাবে বর্ণিত হয়েছে।
বেমন ক্রমামলে বলা হয়েছে—স্থ্রীগুরু হবেন সাধনী সদাচারপরায়ণা গুরুভক্তা জ্বিতেজ্রিয়া
সূর্যান্ত্রিজ্ঞা স্থূলীলা দেবপূজারতা সর্ব্যুলকণসম্পন্না জ্পুকারিণী (ক্রপবতী) পদ্মলোচনা
রক্ষালকারসংযুক্তা বর্ণোদ্ভবা ভূবনভূষিতা ( স্বর্ণাভরণভূষিতা ) শাস্তা কুলীনা (কোলমার্গস্থা )
সদ্বংশজাতা চন্দ্রম্থী সর্বপ্রকারউন্নতি-বিধায়িনী অনস্তপ্তণসম্পন্না ক্রম্বজানির জনপ্রিয়া
মৃক্ষিদাত্রী শিবজ্ঞাননিরূপণকারিণী ও গুরুষরূপিণী।

এই প্রকার লক্ষণযুক্তা নারী গুরুষোগ্যা। তুরে বিধবা গুরুষোগ্যা নন। ১

শান্ত্রোক্ত গুরু তুর্ল ভ—শান্ত্রোক্ত এই-সব-লক্ষণযুক্ত গুরু একান্ত হুর্লভ। শান্ত্রেও এ বিষয়ের উল্লেখ আছে। কুলার্গবতদ্রে বলা হয়েছে—মন্ত্রসহ ঔষধি জানেন এ রকম গুরু অনেক অছেন কিন্তু আগম- ও নিগম-শান্ত্রোক্ত মন্ত্রক্ত গুরু জগতে হুর্লভ।\*

শুক্রতন্ত্রে কিঞ্চিৎ কঠোর ভাষায় বলা হয়েছে— শিশ্যের বিত্তাপহারক গুরু অনেক আছেন কিন্তু শিশ্যের হৃদয়ের সস্তাপ দূর করতে পারেন এ রকম গুরু চুর্লভ। এ রকম গুরুদের মধ্যেও যিনি শিশুকে ভৃক্তিমৃক্তি প্রদান করতে পারেন তিনি শ্রেষ্ঠ।

বর্জনীয় গুরু—বিভিন্ন তত্ত্বে যেমন সদগুকর লক্ষণ বর্ণিত হয়েছে তেমনি বর্জনীয় গুকুর লক্ষণও বর্ণিত হয়েছে। যথা—ক্ষরেন্সী হৃচ্মা কুনুখী ভাবদন্তক বৃধির কুন্থমাক্ষ খ্রাট খন্ত অকহীন অতিরিক্তাক্স পিকাক্ষ হুর্গন্ধিনাসিক বৃদ্ধাণ্ড বামন কুল্ল খিত্রী নপুংসক এই প্রকার

সাধনী হৈব সদাচারা গুরুভন্তা লিতে ক্রিয়া। সর্বময়ার্থত বজা হশীলা পুলনে রতা।
সর্বলক্ষণ সম্প্রা জাপিকা (রাপিকা) পদ্মলোচনা। রত্বালকার সংযুক্তা বর্ণা ভূবনভূষিত। (বর্ণাভরণভূষিতা)।
শাস্তা কুলীনা কুলজা চক্রাস্তা সর্ববৃদ্ধিগা। অনস্তঞ্জাসম্পরা কুল্ডদায়িনী প্রিয়া।
গুরুলপা মৃক্তিদাজী শিবজ্ঞাননিরাপিনী।—ক্র বা, উ ত, পঃ ২

২ শুরুষোগ্যা ভবেৎ সা হি বিধবা পরিবর্জিতা।—ঐ

৩ গুরবো ৰহবঃ সন্তি সমন্ত্রৌধধিবেদিনঃ। নিগমাগমশান্ত্রোক্তমন্ত্রজ্ঞা তুলিভো ভূবি।—কু ড, উঃ ১৩

গুরবো বহবঃ সন্তি শিয়বিত্তাপহারকাঃ। তমেকং দুর্লাভং মল্রে শিয়য়ত্তাপনাশকম্।
 একঃ শ্রেটো ভুভবেত্তেরাং জিম্ভিপ্রদায়কঃ।—গুলতম্বচন, ফঃ প্রা তো, কাও ২, পরিঃ ২, ব সং, পৃঃ ১৫

দেহজদোবযুক্ত গুরু নিশিত অর্থাৎ বর্জনীয়। সংস্কাররহিত মূর্থ বেদশাস্ত্রবির্জিত শ্রোতমার্ত-ক্রিয়াহীন গুন্ধভাষী অতি-কুৎসিত পুর্যাজনজীবী বৈত্ত কামুক ক্রুর দন্তী মৎসরী ব্যসনী
কপন থল কুসঙ্গী নান্তিক ভীত মহাপাতকচিহ্নিত দেবতা-অগ্নি-গুরু-বিতাদির পূজাবিধিপরাধ্য সন্ধ্যা-তর্পন-পূজাদির মন্ত্রজানহীন আলস্তগ্রস্ত ভোগী ধর্মহীন উপশ্রুত অর্থাৎ
প্রতিজ্ঞাকারী এই-সব আগমোক্ত দোবযুক্ত গুরুকে প্রাক্ত ব্যক্তিরা দীক্ষাদি ব্যাপারে বর্জন
করবেন।

জামলে বলা হয়েছে—অভিশপ্ত অপুত্রক কদ্য্ কিত্ব ক্রিয়া্হীন শঠ বামন গুরুনিশক জলরক্তবিকারগ্রস্ত এবং মৎসরযুক্ত গুরু বর্জনীয়।

এই ধরণের বচন অনেক পাওয়া যায়। তাছ ও ত্যাজ্য গুরুর লক্ষ্ণাদি বিচার করে গুরু নির্বাচন করতে হয়। এ কঠিন কাজ। অবশ্ব গ্রাহ্ ও ত্যাজ্য গুরু নির্বারণের একটি সহজ স্ব্রেও কুলার্গবতন্ত্রে নির্দিষ্ট হয়েছে। যথা—বে-সব গুরু সহজানন্দ দান করে শিস্তানের ইন্দ্রিজ স্থ হরণ করেন শিস্তোর। তাঁদের সেবা করবে, অন্তোরা প্রতারক, তাদের ত্যাগ করবে।

সদ্গুরুর সহজ নিদর্শন—সদ্গুরু নির্ধারণের এই ধরণের সহজ উপায়ের নির্দেশ আরও স্পষ্ট ভাষায় দেওয়া হয়েছে। য়থা—য়ে-গুরুর স্পর্দে পরানন্দের উদ্ভব হয় বৃদ্ধিমান্ ব্যক্তি তাঁকেই গুরুবরণ করবেন, অহাকে নয়।

ক্ষররোগী চ তুশ্চর্মা কুনথী ভাবদন্তকঃ। কর্ণান্ধ: কুস্থমান্ধশ্চ থবাট: থপ্পরীটকঃ।
অঙ্গইনোহতিরিক্তান্ধ: পিলাকঃ পৃতিনাদিকঃ। বৃদ্ধাণ্ডো বামনঃ কুল্কঃ বিত্রী চৈব নপুংসকঃ।
ইত্যালৈ দেহকৈ দোবৈঃ সংযুক্তো নিশিতো গুলঃ। সংবাররহিতো মুর্থো বেদশান্ত্রবির্দ্ধিতঃ।
আতিমার্ভির্মাশৃত্য: শুক্তাবঃ স্থক্পিতঃ। পুর্যাজনজীবী চ নরো বৈজ্ঞশ্চ কাম্কঃ।
কুরো দঙ্কী মৎসরী চ ব্যসনী কুপণঃ থকঃ। কুসঙ্কী নান্তিকো জীতো মহাপাতকচিহ্নিতঃ।
দেবাগ্রিগুল্পবিভাদিপুলাবিধিপরাল্পঃ। সন্ধ্যাতর্পণপুলাদিমমন্ত্রানবির্দ্ধিতঃ।
আনস্তোপহতো জোগী ধর্মহীন উপক্রতঃ। ইত্যালৈর্বহন্তিদোবৈরাগমোক্তিশ্চ বৃদ্ধতঃ।
বর্জনীয়ো গুলঃ প্রাজ্রে দীক্ষাম্থ স্থাপনাদির্।—বীরমিল্রোদমন্থতকল্লচিস্তামণিবচন,
জঃ প্রা তো, কাণ্ড ২, পরিঃ ২, পুঃ ৯৭

অভিশপ্তমপুত্রক কদর্থ কিতবং তথা। ক্রিয়াহীনং শঠকাপি বামনং গুরুনিন্দকম্।
 জলরক্তবিকারক বর্জয়েরঅতিমান্ সদা। সদা মৎসরসংযুক্তং গুরুং তদ্ধেণ বর্জয়েং।
 জামলবচন, দ্রঃ বৃহ ত সা, ১০ ম সং, পৃঃ ২

৩ দ্রঃ রু যা, উ ত, পঃ ২ ; বৃহ ত সা, ১০ম সং পুঃ ২ ; প্রা তো, কাণ্ড ২, পরি ঃ ২, পুঃ ৯৭-৯৮

৪ বে দ্বা সহজানন্দং হরস্তীব্রিয়জং হুপম্। সেব্যান্তে শুরবং শিক্তৈরন্তে ত্যাজ্যাঃ প্রতারকাঃ।—কু ত, উঃ ১৩

গুরোর্যস্তব সংস্পর্ণাৎ পরানন্দোহভিজায়তে। গুরুং তমের বুণুয়ায়াপরং মতিমায়রঃ।—ঐ

প্রদীপের দর্শনমাত্র বেমন অন্ধকার নষ্ট হয়, আলো প্রকাশিত হয়, তেমনি সদ্গুরুর দর্শনমাত্র জ্ঞান প্রকাশিত হয়।

অগ্নির সমীপস্থ হলে নবনীত বেমন বিগলিত হয় তেমনি সদ্গুরুর সমীপর্তী হলে পাপ বিলীন হয়।

সদ্গুক তবজ্ঞানী হবেন। মহানির্বাণতত্ত্বে তবজ্ঞানীর লক্ষণ নির্দেশ করা হয়েছে এই ভাবে—চিদ্রূপ আত্মাই জ্ঞান, চিন্ময় আত্মাই জ্ঞেয়, আত্মা স্বয়ং বিজ্ঞাতা, যিনি এই তব্দ দানেন তিনিই আত্মবিদ অর্থাৎ তববিদ।

শাস্ত্রের নির্দেশ যিনি তত্ত্বজ্ঞানী তিনি যদি গুরুর অক্তসব-সক্ষণহীন হন তবুও তিনিই যথার্থ গুরু। যিনি তত্ত্বিদ তিনি স্বয়ং মৃক্ত এবং অক্তেরও মৃক্তিদাতা। কেন না যিনি স্বয়ং মৃক্ত তিনিই অক্তকে মৃক্ত করতে পারেন, যিনি স্বয়ং মৃক্ত নন, তিনি কেমন করে অক্তের মোচক হবেন ?

অভাত বলা হয়েছে—সর্বলক্ষণহীন হলেও জ্ঞানবান্কে গুরু বলা হয়। জ্ঞান বলতে বড়ধক্ষানসংশ্রিতপরতত্ত্তান বুঝায়। ্

এরপ তত্ত্জানী গুরু অবশ্য অতিশয় হুর্দভ। কুলার্গবতন্ত্র বলেন—বেদশাস্তাদিপারগ গুরু অনেক আছেন কিন্তু পরতত্ত্বার্থপারগ গুরু হুর্লভ।\*

উক্ত তন্ত্রের মতে এমনি গুরু ক্ষণমধ্যে আত্মসামর্থ্য অনায়াসে আপন প্রিয়শিষ্যকে দিতে পারেন। কিন্তু এ রকম গুরুদেব তুর্লভ।

ধারা গুরুর আসনে বসে বহুলোককে দীক্ষা দেন তাঁরা শাস্ত্রোক্ত সদগুরু বলে গণ্য হতে পারেন কি না উপরে বর্ণিত সদ্গুরুর লক্ষণ মিলিয়ে পরীক্ষা করে দেখলেই বোঝা যেতে পারে।

১ দীপদর্শনমাত্রেণ প্রণগুতি তমো ধর্বা। সদ্ধরোদর্শনাদেবি তথা জ্ঞানং প্রকাশতে।—কু ত, উ: ১৩

२ वर्षा वक्तिमत्रोशकः नवनीठः विनीयरः । তথা পাशः विनीयः महाठार्यमभीशः । — अ

৩ জানমান্ত্রৈব চিক্রপো জেরমান্ত্রেব চিন্মর:। বিজ্ঞাতা স্বয়মেবাস্থা যো জানাতি স আস্থাবিং।
—মহা ত ১৫।১৩৯

সর্বলক্ষণহীনোহপি তল্বজ্ঞানী গুলুঃ শুভঃ। তত্মান্তর্বিদৈবেই মুজো মোচক এব চ।
 অমুক্তন্ত মোচরেদুর্দ্ধং ন মুজো মোচকঃ কথম।—কু ত, উঃ ১৩

সর্বলক্ষণহীলোহপি জ্ঞানবান্ গুরুক্চাতে। জ্ঞানক তত্ববিজ্ঞানং বড়ধ্বজ্ঞানসংশ্রমন্।
 —পৌকরাগমবচন, ঞঃ শা তি ২।১৪৬-১৪৪-এর রাঘবভট্টকৃত টীকা

৬ শ্বরবো বছবঃ সন্তি বেদশাল্রাদিপারগা:। তুলিভোহম: শ্বরুদেবি পরতত্বার্থপারগ:।—কু ত, উ : ১৩

৭ যা ক্ষণেনাক্সসামর্থাং স্থাপিকার দদাতি হি। প্রিরারায়াসাদিরহিতঃ স গুরুর্দ্দেবতু লভঃ।—ঐ

**গুরু ও শিস্ত্রের পরস্পর পরীক্ষা**—তদ্মতে দীকার্থীর পক্ষে এরপ পরীক্ষা অবখ্ কর্তব্য। কুলার্থবতদ্পের বিধান—শিষ্যও এই-সব লক্ষণের ঘারা গুরুর পরীক্ষা করবেন। ই শিষ্য অর্থ দীকার্থী শিষ্য। গুরুর লক্ষণ উপরে বর্ণিত হয়েছে।

শিশু থেমন গুরুকে পরীক্ষা করবেন গুরুও তেমনি দীকার্থীকে পরীক্ষা করে নেবেন। অবোগ্য ব্যক্তির মন্ত্রজান হয় না। সেইজন্ম পরীক্ষা করে মন্ত্র দিতে হয়, নৈলে মন্ত্র নিক্ষল হয়ে যায়।

শুধু যে মন্ত্র নিফল হয় তা নয়, অযোগ্য শিল্পকে মন্ত্র দিলে দেবতার অভিশাপ লাগে।
শাল্রে আছে—রাজা যেমন মন্ত্রীকৃত পাপের ভাগী হন, স্বামী স্ত্রীকৃত পাপের ভাগী হন,
তেমনি শিল্তকৃত পাপের ভাগী হন গুরু এ বিষয়ে কোনো সন্দেহ নাই। শ্বাফ গুরু স্বেহবশে
বা লোভবশে অযোগ্য শিল্তকে দীক্ষা দেন তা হলে গুরু এবং শিল্প উভয়কেই দেবতার
অভিশাপ লাগবে। শুরুজন্ত গুরু সর্বদাই শিল্পকে পরীক্ষা করে তবে গ্রহণ করবেন।
গুরু যদি যথাবিধি বিচার না করে শিল্পগ্রহণ করেন তা হলে শিল্পের পাপে গুরু নরকে
যাবেন। শ্বা

কাজেই দেখা যাচ্ছে নির্বিচারে গুরুকরণ বা শিশুকরণ তন্ত্রশাস্ত্রমতে নিষিদ্ধ। যে-গুরু ও যে-শিশু মোহবশে পরস্পরকে পরীক্ষা না করে মন্ত্রোপদেশ দেন বা গ্রহণ করেন তত্ত্বে তাঁদের কঠোরভাষায় নিন্দা করা হয়েছে। কুলার্ণবৃতন্ত্রের মতে তাঁরা উভয়েই পিশাচত্ব প্রাপ্ত হবেন।

পূর্বেই বলা হয়েছে সদ<u>গুরু শিশ্বকে প্রবৃদ্ধ বা চৈতত্যসম্পন্ন মন্ত্রে দীক্ষা দেন।</u> যোগ্য আধার হলে এরকম মন্ত্র বিশেষ হিতসাধন করে কিন্তু "গ্রহণের উপযুক্ত আধার না পাইলে এগুলি হিতসাধন না করিয়া বরং ক্ষতিরই কারণ হইয়া থাকে।" °

পরীক্ষাকাল—উক্ত পরীক্ষার একটা সময়ও নির্দেশ করা হয়েছে। সারসংগ্রহে বলা হয়েছে সদ্গুরু <u>আশ্রিত শিয়কে এক বৎসর কাল পরীক্ষা করবেন।</u> দ

১ শিক্ষোহপি লক্ষণৈরেতৈঃ কুর্যাদ গুরুপরীক্ষণম। -- কু ত, উঃ ১৪

২ অনর্হে মন্ত্রবিজ্ঞানং ন তিষ্ঠতি কদাচন। তম্মাৎ পরীক্ষ্য ক'তব্যমগ্রথা নিফলং ভবেৎ।—ঐ

ত মদ্রিদোবন্দ রাজানং জারাদোবঃ পতিং যথা। তথা প্রাপ্নোত্যসন্দেহং শিশুপাপং শুরুং প্রিয়ে।

<sup>—</sup>কু ভ, উ: ১১

ক্ষেহাছা লোভতো বাপি বোহমুগৃহাতি দীক্ষা। তিমিন্ গুরের সশিয়ে তু দেবতাশাপ আপতেং।

<sup>—</sup>প্ৰসাত ৩৬৷ ে

विচার্য যত্নাছিধিবৎ শিশুসংগ্রহমাচরেৎ। অক্তপা শিশুদোবেণ নরকছে। ভবেদ গুরু: ।—রু যা, উ ত, পঃ ২

৬ গুরুশিকাবুভৌ মোহাদপরীক্ষা পরশ্পরম্। উপদেশং দদন্ গৃহুন্ আপু য়াতাং পিশাচতাম্।—কু ত, উ: ১৪

৭ 'শ্রীশ্রীসিদ্ধিমাতা প্রসঙ্গ'-এর মহামহোপাধ্যার গোপীনাথ কবিরাজলিখিত ভূমিকা, পৃঃ ১।/•

<sup>😕</sup> সদ্ওক্ষঃ স্বাঞ্জিতং শিক্ষং বর্ষমেকং পরীক্ষরেৎ।—সালসংগ্রহ্বচন, ত্রঃ বুহ ত সা, ১০ম সং, পৃঃ ৩

কোনো কোনো তত্ত্বে আবার বর্ণভেদ অন্তুসারে পরীক্ষাকালের তারতম্য করা হয়েছে। বেমন শারদাতিলকে বলা হয়েছে—ব্রাহ্মণের পরীক্ষাকাল এক বংসর, নূপ অর্থাৎ ক্ষত্তিয়ের ছই বংসর, বৈশ্যের তিন বংসর আর শৃদ্রের পরীক্ষাকাল চার বংসর। যথানির্দিষ্ট সময়ের মধ্যে এাহ্মণাদির দীক্ষাগ্রহণযোগ্যতা নির্ধারিত হয়।

এ সম্বন্ধে অবশু মতভেদ আছে। ধেমন প্রয়োগসারের মতে ব্রাহ্মণের পরীক্ষাকাল তিন বৎসর, ক্ষত্রিয়ের ছয় বৎসর, বৈশ্লের নয় বৎসর এবং শুদ্রের বার বৎসর।

শিল্যের পরীক্ষা করতে হলে সংশিক্ষ ও ত্যাজ্য শিল্যের লক্ষণ জানা আবশ্রক। শাস্ত্রে সে-সব লক্ষণ বর্ণিত হয়েছে।

সং শিষ্টের লক্ষণ—শারদাতিলকের মতে শিশু হবে কুলীন অর্থাৎ শুদ্ধমাতাপিতৃদ্ধাত শুদ্ধাত্মা অর্থাৎ অকুরচিত্ত পুরুষার্থপরায়ণ অধীতবেদ কুশল কামমুক্ত সর্বদা প্রাণীসমূহের হিতকারী আন্তিক নান্তিকের সংসর্গত্যাগী স্বধর্মনিরত ভক্তিসহকারে পিতামাতার হিতকারী কায়মনোবাক্য ও ধনের দ্বারা গুরুগুদ্ধবায় রত, গুরুর সম্পর্কে জাতি-বিভা-ধনের অভিমানহীন গুরুর আজ্ঞাপালনে প্রাণবিদর্জনেও প্রস্তুত। নিজের কার্য ত্যাগ করেও শিশু গুরুর কার্য করবে। গুরুর প্রতি ভক্তিপরায়ণ শিশু দিনরাত ভ্তোর মতো গুরুর কাছে থেকে গুরুর আজ্ঞাপালন করবে। এমনি যে-শিশু কায়মনোবাক্যের দ্বারা ও কর্মের দ্বারা গুরুর আজ্ঞাকারী হয় গুভাকাক্ষী গুরু তাঁকেই শিশুত্বে গ্রহণ করবেন।

তম্বরাজতম্মে বলা হয়েছে—শিশ্য হবে স্থন্দর স্থম্থ স্বচ্ছ স্থলত শ্রদ্ধাবান্ স্থান্থিরাশয় অলুব্ধ স্থিরগাত্ত প্রেক্ষাকারী জিতেন্দ্রিয় আন্তিক গুরু-মন্ত্র-দেবতার প্রতি দৃঢ়ভক্তিপরায়ণ। অন্তরকম শিশ্য গুরুর হুংথের কারণ হয়।

একাৰে দন ভবেদ যোগ্যো ৰ্াক্ষণোহৰ দ্বয়ায়্পঃ। বৈখ্যো বর্ষৈ ব্রিভিঃ শুক্রশচতুর্ভিবংসরৈ প্ররোঃ।
—শা তি ২।১৫৩

২ বর্ষের্ ত্রির্ বিপ্রস্ত বর্টের্ ভূভূতঃ। বিশো নবস্থ বর্ষের্ পরীক্ষা তত্র শস্ততে। সমাস্বপি দাদশস্থ তেষাং যে বৃষলাদয়ঃ।—প্রয়োগসারবচন, দ্রঃ শা তি ২।১৫৩-এর রাঘবভট্ট কৃত টীকা

শিক্ষা কুলীন: শুদ্ধামা পুরুষার্থপরায়ণ:। অধীতবেদঃ কুশলো দুরমুক্তমনোভব:।
 হিতৈষী প্রাণিনাং নিত্যমান্তিকন্তাক্তনান্তিক:। বর্ধ মনিরতো তক্ত্যা পিতৃমাতৃহিতোভত:।
 বাধান:কায়বহৃতি গুরুগুক্রবণে রত:। তাক্তাভিমানো গুরুষু আতিবিভাগনাদিভি:।
 গুর্বাজ্ঞাপালনার্থং হি প্রাণবায়য়তোভত:। বিহত্য চ ক্কার্যাণি গুরুকার্বরত: সদা।
 দাসবিয়বসেদ্ বন্ত গুরৌ ভক্ত্যা সদা শিশু:। কুর্বরাজ্ঞাং দিবারাত্রৌ গুরুক্তকিপরায়ণ:।
 সাজ্ঞাকারী গুরো: শিক্ষো মনোবাক্কায়ক মভি:। বো ভবেং স তদা গ্রাহো নেতর: শুক্তকাজ্মা।
 সাজ্ঞাকারী গুরো: শিক্ষো মনোবাক্কায়ক মভি:। বো ভবেং স তদা গ্রাহো নেতর: শুক্তকাজ্মা।
 সাজি হা১৪৫-১৫০

চতুর্ভিরাজ্যৈ সংযুক্তঃ এদ্ধাবান্ হৃত্তিরাশয়ঃ। অনুব্ধঃ ত্বিরগাত্রশ্চ প্রেক্ষাকারী জিতেক্রিয়ঃ।
আদ্বিকো দৃঢ়ভক্তিশ্চ গুরৌ ময়ে সদৈবতে। এবংবিধো ভবেদ্ভিয়বিতরো দুঃথকৃদ গুরোঃ।
—ত রা ত ১/২০-২৪

ভ্যাজ্য শিষ্মের লক্ষণ—গুরুর তৃঃথের কারণ, অতএব পরিত্যাজ্য শিশ্মের লক্ষণও শাল্পে নির্দিষ্ট হয়েছে। রুদ্রযামলের মতে কাম্ক কৃটিল লোকনিন্দিত সত্যবর্জিত অবিনীত অসমর্থ প্রজ্ঞাহীন রিপুপ্রিয় সর্বদা পাপক্রিয়াযুক্ত বিভাহীন জড় কলিকালের দোষযুক্ত বেদক্রিয়াবিবর্জিত আশ্রমাচারহীন অশুদ্ধাস্তঃকরণ সর্বদা শ্রদ্ধাহীন অধীর ক্রোধী লাস্ত অসচ্চরিত্র গুণহীন সদা পরদারাতুর অসদ্বৃদ্ধি ভক্তিহীন দৈতমনা এবং নানাপ্রকারনিন্দাভাজন এমনি শিশ্বকে গুরু বর্জন করবেন স্বর্থাৎ এ রকম লোককে দীক্ষা দেবেন না।

কুলার্ণবাদি আরও সব তল্পে বর্জনীয় শিষ্মের লক্ষণ বর্ণিত হয়েছে।

অতি প্রাচীন কাল থেকে দনাতন ধর্মীয় সাধনার ক্ষেত্রে নির্বিচারে শিশুকরণ নিষিদ্ধ হয়েছে। আমরা পূর্বেই যাস্ক-উদ্ধৃত 'বিতা হ বৈ ব্রাহ্মণমাজগাম' ইত্যাদি শ্রুতির উল্লেখ করেছি। তাতে দেখা গেছে অস্থয়ক কৃটিল অসংযত ব্যক্তির কাছে ব্রহ্মবিতা তাঁকে প্রকাশ করতে নিষেধ করছেন। এরপ দোষযুক্ত ব্যক্তির কাছ থেকে গোপন রাখলেই বিতা বীর্যবতী থাকেন।

আত্মপুরাণে উক্ত শ্রুতিটিকে বিস্তৃত করে বলা হয়েছে। তাতে দেখা যায় ব্রশ্নবিতা ব্রাহ্মণকে বলছেন—গুণবানের নিন্দাকারিতা আর্জবশূন্ততা ইন্দ্রিয়াধীনতা স্ত্রীসঙ্গ অবিনয় কর্মনোবাক্যে গুরুর প্রতি ভক্তিবর্জন ইত্যাদি দোষ যাদের আছে তাদের কাছে আমাকে প্রকাশ করা বর্জন করো। যদি এরক্স কর তা হলে আমি সর্বদা তোমার কাছে কামধেম হয়ে থাকব কিন্তু অন্তথা করলে ফলবর্জিতা লতার মতো বন্ধ্যা হয়ে থাকব।

এর তাৎপর্য অপাত্তে ব্রন্ধবিতা দান করলে গুরুর ব্রন্ধবিতা পর্যন্ত নিম্ফল হয়ে যায়।

শ্রুত্যাদিতে ব্রহ্মবিত্যা সম্পর্কে যা বলা হয়েছে তন্ত্রশান্ত্রে মন্ত্র সম্বন্ধে সেই একই কথা বলা হয়েছে। অযোগ্য ব্যক্তিকে গুরু কোনো কারণেই মন্ত্র দেবেন না। যদি শিয়ের ধনদানাদির জন্ম গুরু তাকে বর্জন না করে দীক্ষা দেন তা হলে শিয়ের মতো তিনিও পাপী ও নারকী

১ কামুকং কুটলং লোকনিলিতং সত্যবর্জিতম্। অবিনীতমসমর্থং প্রজাহীনং বিভূপ্রিয়ং (রিপ্পিরম্?) সদাপাপক্রিয়াযুক্তং বিভাশৃত্যং জড়াস্থকম্। কলিদোবসমূহাঙ্গং বেদক্রিয়াবিবজিতম্। আশ্রমাচারহীনঞ্চাগুলাজ্বলভাতম্। সদা শ্রজাবিরহিতমধৈর্থং ক্রোধিনং ভ্রমম্। অসচরিক্রং বিশুণং পরদারাতুরং সদা। অসদব্দ্ধিসমূহোপমভক্তং দৌত্যচেতসং (বৈতচেতসম্?)। নানানিলাবতাঙ্গণ্ঠ তং শিত্যং বর্জয়েদ গুরুঃ।—ক বা, উ ত, পঃ ২

নিন্দা গুণবতাং তদ্বংসর্বদার্জবশৃষ্ঠতা। ইব্রিয়াধীনতা নিতাং খ্রীসঙ্গণচাবিনীততা।
 ক মনা মনসা বাচা গুরো ভক্তিবিবর্জনম। এবমাছা ঘেবু দোবান্তেভ্যো বর্জয় মাং সদা।
 এবং হি কুর্বতো নিতাং কামধেমুরিবান্মি তে। বন্ধাহন্তথা ভবিয়ামি লতেব ফলবর্জিতা।
 —আত্মপুরাণবচন, ন্তঃ বা নি ৬।৪-এর সে ব, পুঃ ১৮১

হবেন, শিশুের বিশিষ্টতা প্রাপ্ত হবেন এবং শিশ্বের পাপে ক্ষণমধ্যে তাঁর সিদ্ধত্ব পর্যস্ত নষ্ট হয়ে যাবে।

মন্ত্র আর ব্রহ্মবিতা স্বরূপতঃ অভিন্ন। গুপ্তসাধনতত্ত্বে বলা হয়েছে—গুরুম্থে যিনি বে-মন্ত্র লাভ করেন তাঁর সেই মন্ত্র ব্রহ্ম।\*

গুরুগীতাতেও বলা হয়েছে—গুরুমুখে ব্রন্ধ অবস্থিত, গুরুর প্রসাদেই লভ্য।•

কাজেই দেখা যাচ্ছে শিশ্রের যোগ্যতা বিচার সম্পর্কে একই ভাবধারা শ্রুতি ও তন্ত্রে অমুস্তত হয়েছে। উভয়ক্ষেত্রেই নির্বিচারে শিশ্রকরণ নিষেধ করা হয়েছে।

শুরুর দায়িত্ব শুরুর শিশুকে পরীক্ষা করে দীক্ষা দিলেন। কিন্তু এখানেই গুরুর দায়িত্ব শেষ হয়ে গেল না। বরং তখন থেকেই দায়িত্বের স্ত্রপাত হল বলা ষায়। কেন না শিশ্রের পাপ যখন গুরুতে বর্তায় তখন শিশু যাতে বিপথগামী না হয় সেদিকে গুরুর স্দা স্তর্ক দৃষ্টি রাখতে হয়।

সদুগুরু তা করেন। অনেক সময় সাধারণের অলক্ষ্য এবং অচিস্তা উপায়ে করেন।
সদুগুরুর নিকট দীক্ষা নিলে গুরুদ্রুশক্তি শিশ্রের স্বপ্ত কুগুলিনীকে জাগিয়ে দেয়।
কুগুলিনী সর্বশক্তিময়ী। গুরুশক্তিও কুগুলিনীরই রূপবিশেষ। এই গুরুশক্তিই শিশ্রের
উপর সদা সতর্ক দৃষ্টি রাখেন, তাকে রক্ষা করেন। সাধুনার পথে চলতে চলতে কখনো
কখনো সাধকের সামনে কঠিন সম্বট দেখা দেয়। এই রক্ম দারুণ সম্বটে সাধক গুরুশক্তির
সহায়তা বিশেষভাবে পেয়ে থাকেন। তবে সম্বট মথার্থ হলেই এই গুরুশক্তির সহায়তা
মিলে।

তা ছাড়া তান্ত্ৰিক সাধনার ক্রিয়াকুর্মে এমন সব প্রক্রিয়া আছে বেগুলি গুরু শিশ্বকে হাতে কল্মে শিথিয়ে দেন। শিশ্বের এ-সব যতদিন আয়ত্ত না হয় ততদিন গুরু তাকে অভ্যাস করান।

তদ্রের গৃঢ়তত্ত্ব প্রথমেই শিশ্তের বোধগম্য হয় না। গুরু অরুদ্ধতীদর্শনন্তায় অন্থসারে শিশুকে তত্ত্ব শিক্ষা দেন। প্রাচীন কালে সভোবিবাহিত স্বামী তাঁর স্ত্রীকে আদর্শসতী

যদি ন ত্যক্তাতে বীর ধনাদিদানহেতুনা। নারকী শিয়বং পাপী তদিশিষ্টমবাপ্লুরাং।
 ক্ষণাদিনিক্ষ: ন ভবেং শিয়াসাধিতপাতকৈ:।—ক্ল বা, উ ত, পঃ ২

২ গুরুণা যশু যৎ প্রোক্তং তত্তশু বু ক্ষমংক্তিতম্।—গুপ্তসাধনতম্বচন, স্তঃ প্রা তো,

কাণ্ড ১, পরিঃ ২, ব সং, পৃঃ ১১

<sup>🗢</sup> শুক্লবক্ষ্টে বিভং ৰুন্ধ লভাতে তৎপ্ৰসাদতঃ।—গুক্লীভাবচন, ঐ

৪ 'শ্ৰীশ্ৰীসিদ্ধিনাতা প্ৰসঙ্গ-এর মহামহোপাধ্যার গোপীনাধ কবিরাজকৃত ভূমিকা, পৃ: ১৮/০

e Tantra as a Way of Realisation, S. B. C. M., Vol. II, p. 181. ७ दे

অকলতী দর্শন করাতেন। অকলতী একটি ছোট নক্ষত্র, চট্ করে চোথে পড়েনা। এই জন্ম প্রথমে অকলতীর আশপাশের হুয়েকটি বড় নক্ষত্র দেখিয়ে তার পর অকলতীকে দেখান হত। এরই নাম অকলতীদর্শনিয়ায়। এই য়ায় অহসারে তত্ত্বের ব্যাপারে গুরু শিয়েয় যোগাতা অহসারে তার বোধগমা বিষয়ের মধ্য দিয়ে তাকে ক্রেম ক্রেম গৃঢ় পর্ম তত্ত্ব অবগত করান।

শিষ্যের কর্তব্য—গুরুর বেমন শিয় সম্পর্কে দায়িত্ব আছে তেমনি শিয়েরও গুরুর প্রতি কর্তব্য আছে। শিয়ের সর্বপ্রধান কর্তব্য গুরুর প্রতি অব্যভিচারিণী ভক্তি অস্তরে পোষণ্র করা। এই ভক্তি সং শিয়ের অগ্যতম প্রধান লক্ষণ। কুলার্গবতন্ত্রের মতে যিনি ভক্তিমান্ তিনি গুণহীন বা ক্লেছ হলেও তিনিই শিয়। কৈন্ত যিনি গুরুভক্তিহীন তাঁর তপস্থা বিছা কুল লোকরঞ্জক ভূষণ সবই ব্যর্থ। এ-সব থাকা সত্ত্বেও তিনি প্রক্লত শিয় নন। গুরুভক্তিহীন ব্যক্তির সাধনা বিফল হয়।

অপর পক্ষে গুরুর প্রতি যাঁর ভক্তি সর্বদা দৃঢ় তাঁর অপ্রাপ্য কিছুই নাই। ধর্ম অর্থ কামের ত কথাই নাই, মোক্ষও তাঁর করস্থ।

স্বয়ং শিব গুরুদ্ধপে আমার ভৃক্তিমৃক্তিপ্রদ এই-ভাবে শ্বিনি ভক্তিসহকারে গুরুর স্মরণ করেন তাঁর সিদ্ধি অদূরবর্তী।

লক্ষ্য করা গেছে পুরশ্চরণ ছাড়া মন্ত্রসিদ্ধি হয় না। কিন্তু কোনো কোনো তন্ত্রে এমন কথাও বলা হয়েছে যে শিষ্ত্র যি ভিক্তির দারা গুরুকে তৃষ্ট করতে পারেন, তা হলে পুরশ্চরণ ছাড়াই মন্ত্রসিদ্ধি হয়। যেমন গন্ধর্বতন্ত্রে আছে দেবতারূপী গুরুকে ভক্তিদারা তৃষ্ট করতে হবে। তা হলে পুরশ্চরণহীন হলেও মন্ত্রের সিদ্ধি হবে সন্দেহ নাই।

গুরুর প্রতি এ রকম ভক্তি জন্মাতে পারে যথন গুরুর মহিমা সম্বন্ধে শিয়ের মনে প্রত্যয় জন্মে। এইজন্য শাস্ত্রের বিধান গুরুকরণের পূর্বে শিয়া গুরুকে পরীক্ষা করবেন। ভাবী গুরুর সঙ্গে কিছুকাল বাস করে নানাভাবে তাঁকে পরীক্ষা করে দেখলে গুরুর মহিমা সম্বন্ধে

<sup>5</sup> G, L., 3rd Ed., P 32

২ শ্লেচ্ছোহপি শ্রণহীনোহপি ভক্তিমান্ শিশ্ব উচ্যতে !—কু ত, উ: ১২

৩ শুক্লভক্তিবিহীনক্ত তপোবিগা কুলং ব্রতম্। সর্বং নগুতি তত্ত্বৈৰ ভূষণং লোকরঞ্জনম্।—ই

৪ শুকুভজিবিহীনস্ত বিফলং সাধনং প্রিরে।—গ ত ৩০।৫

<sup>ে</sup> ধর্মার্থকামে: কিন্তুস্ত মোক্ষ এব করে স্থিতঃ। সর্বার্থে: প্রীঞ্চরো দেবি যক্ত ভক্তিঃ সদা স্থিরা।--কু ক, উঃ ১২

<sup>💩</sup> স শিবো গুরুরপেণ ভুক্তিম্ক্তিপ্রদো মম। ইতি ভক্তা। স্মরেদ্ বস্তু তগু সিদ্ধিরদূরত:।—এ

শিক্সের মনে প্রত্যন্ত জন্মাতে পারে। আর সে প্রত্যন্ত স্বৃঢ় হয় যথন দীকার সময় শিক্স শুরুশক্তির প্রত্যক্ষ উপলব্ধি করেন।

সিদ্ধ গুরু শক্তিপাত করে শিশ্রের আজ্ঞাচক্র ও বিশ্বদাধ্যচক্র স্পর্শ করে তাঁকে প্রকাশের অক্ষত্র করান। পরমহংস রামকৃষ্ণ ভাবী বিবেকানন্দ নরেক্রনাথের মাথায় হাত দিয়ে তাঁকে বে-প্রকাশের অক্ষত্র করিয়েছিলেন দৃষ্টাস্কর্মন্ধ সেই ঘটনার উল্লেখ করা যায়।

এমনিভাবে খে-শিশ্রের গুরুমহিমা সম্বন্ধে প্রত্যয় দৃঢ় হয় তাঁর গুরুভক্তি স্বতঃস্ফূর্ত।
স্থার ষথার্থ সদ্গুরুর কাছে দীক্ষালাভ করলে শিশ্রের শাস্ত্রবাক্যেও প্রত্যয় জন্মে। শাস্ত্রে
গুরুর যেরূপ মহিমা কীর্ভন করা হয়েছে শিশ্র তা যথার্থ বলে বিশ্বাস করেন এবং গুরু সম্পর্কে
শাস্ত্রনির্দেশ নিষ্ঠাসহকারে মেনে চলেন।

· **গুরুমহিমা**— তন্ত্রশাস্ত্র-মতে গুরু স্বয়ং শিব বা আ<u>ত্থাশক্তি ভগবতী</u> বা শ্রীকৃষ্ণ।

ম্ওমালাতন্ত্রে আছে— গুরু দাক্ষাৎ শিব। তিনি দর্বার্থদাধক। গুরুই পরমতত্ত। সমস্ত জগৎ গুরুময়।

ভাবনোণনিষদে বলা হয়েছে শ্রীগুরু সর্বকারণভূতা শক্তি। তদ্ধরাজতদ্ধের মতেও । গুরু বিমর্শময়ী আভাশক্তি। তাঁর দেহের নবন্ধ নবন্ধাররূপে অবভাসিত।

জমদীপিকায় গুরুকে পর<u>ম পুরুষ শীক্ষণ বলা হয়েছে। শীমদ্</u>ভাগবতেও ভগবান্

শীকুণ্ডলিনী-শক্তিবোগ, কল্যাণ, যোগাত্ব, পৃঃ ৩৯৫

২ গুরুরেকঃ শিবঃ সাক্ষাং গুরুঃ সর্বার্থসাধকঃ। গুরুরের পরং তত্ত্বং সর্বং গুরুমরং জগং।
—মুগুমালাতন্ত্রবচন, ক্রঃ প্রা তো, কাণ্ড ২, পরিঃ ২, ব সং, পৃঃ ৯৩

৩ খ্রীঞ্জ: সর্বকারণভূতা শক্তি:।—ভাবনোপনিবং ১

প্রক্রাছা ভবেচ্ছক্তি: সা বিদর্শয়য়ী মতা।
 নবন্ধং তন্ত দেহক্ত রন্ধু ছেনাবভাসতে।—ত রা ত ৩০।

ভাবনোপনিষদের প্রথম ও দিতীর মত্রের ভারে ভাক্ষররায় লিথেছেন প্রীপ্তক্রর তিন রূপ—দিবা বা দিব্যোঘ, সিদ্ধ বা সিদ্ধোঘ আর নানব বা নানবোঘ। গুরুদেহে এই তিনি রূপই অবস্থিত। কর্ণদ্বর এবং বাক্ দিব্যোঘ, চকুছর আর উপস্থ সিদ্ধোঘ, নাসাদ্বর আর পায়ু মানবোঘ। উক্ত মন্ত্রদ্বের তিনি যে প্ররোগবিধি বর্ণনা করেছেন তার থেকে জানা বায় দক্ষিণকর্ণ প্রকাশানন্দনাধ, বামকর্ণ বিমর্শানন্দনাধ, বাক্ বা জিহ্বা আনন্দনাধ, দক্ষিণচকু জ্ঞানানন্দনাধ, বামনেত্র সত্যানন্দনাধ, উপস্থ পূর্ণানন্দনাধ, দক্ষিণনাসিকা অভাবানন্দ-নাধ, বামনাসিকা প্রতিভাবন্দনাধ এবং পায়ু স্ক্রগানন্দনাধ।

ভূরা প্রতর্গ্য প্রণিপত্য দেশিকং তল্ম পরলৈ পুরুষার দেছিলে।
 তাং বিস্তশাঠ্যং পরিক্রত্য কব্দিশাং দক্ষা তক্ষ্ণ বাং চ সমর্পরেং ক্ষণী।—ক্রমদীপিকা ৪। १২

বলছেন 'আচার্যকে আমি বলে জানবে। কথনো তাঁর অবমাননা করবে না। মন্থ্য মনে করে তাঁকে অসমা করবে না। গুরু সর্বদেবময়।''

মোটকথা গুরুর গৌরুর তন্ত্রপুরাণাদিতে একই ভাবে স্বীকৃত। বহু তন্ত্রে উচ্চকুঠে গুরুর মাহাত্ম্য ঘোষণা করা হয়েছে। যেমন কোলাবলীনির্ণয়ে বলা হয়েছে—গুরু বন্ধা গুরু বিষ্ণু গুরু দেব মহেশ্বর গুরু মন্ত্র গুরু জ্বপ গুরুই পরম তপ।

যোগিনীতন্ত্র বলা হয়েছে—আদিনাথ মহাকালই সর্বমন্ত্রের গুরু, অন্ত কেউ নয়। শৈব শাক্ত বৈষ্ণব গাণপত্য ঐন্দব মহাশৈব সোর সব ক্ষেত্রেই তিনি গুরু এ বিষয়ে কোনো সন্দেহ নাই। তিনিই মন্ত্রবক্তা, অপর কেউ নয়। মন্ত্রপদানকালে মন্ত্রদাতা মাস্থবে সেই মহাকালেরই অধিষ্ঠান হয়। অতএব গুরুতা মাস্থবের মধ্যে নিঃসন্দেহ নাই।

কুলার্গবিতয়ে বিষয়টি আরেকটু বিশদ করে বলা হয়েছে। ষে-শিব সর্বগ স্ক্র উয়না
নিঙ্গল অব্যয় ব্যোমাকার অজ অনস্ত তাঁর পূজা কি করে হবে? এইজন্ত সাক্ষাৎ শিব
গুরুরূপ ধারণ করেন এবং ভাঁক্তভরে পূজিত হয়ে ভূক্তি ও মুক্তি প্রদান করেন। শিব
নিরাকার, মাহ্রের দৃষ্টিগোচর নন। তাই শ্রীগুরুরূপে তিনি ধার্মিক শিল্পদের রক্ষা করেন।
মহন্তমার্ত অর্থাৎ মহন্তরূপী সাক্ষাৎ পরশিব স্বয়ং সং শিল্পদের অহ্প্রহ করার জন্ত জপতে
অপ্রকটভাবে বিচরণ করেন। কুপানিধি শিব নিরাকার হয়েও সদ্ভক্তের রক্ষার জন্ত
আক্ষার গ্রহণ করে সংসারীর মতো চেষ্টা করেন।

গুরুতে মানুষবৃদ্ধি নিষিদ্ধ—তাই তল্পের অভিমত মানুষকে গুরু মনে করা কল্পনা-

<sup>&</sup>gt; আচাৰ্যং মাং বিজ্ঞানীয়াৎ নাৰ্মভেত কৰ্ছিচিৎ। ন মৰ্ভৰ্জ্যাস্থয়েত সৰ্বদেবময়োঃ গুলঃ।
—-জীমনভাগৰত ১১।১৭।২৭

২ জঃ প্রা তো, কাও ২, পরিঃ ২, ব সং, পৃঃ ৯৩-৯৫

७ अर्ज व का अक्रविक अर्ज्ञर्तरवा भरत्वतः। अर्ज्जर्य अर्ज्ञाला अरुराव शतस्यः।—स्को नि, शः >•

<sup>8</sup> আদিনাপো মহাদেবি মহাকালো হি যা স্মৃতঃ। গুরুং স এব দেবেশি সর্বমন্ত্রের নাপরঃ।
 শৈবে শাল্কে বৈক্ষবে চ গাণপত্যে তবৈন্দবে। মহাশৈবে চ সৌরে চ স গুরু নাত্র সংশয়ঃ।
 মন্ত্রবক্তা স এব স্যালাপরঃ পরমেখরি। মন্ত্রপানকালে হি মানুবে গিরিনন্দিনি।
 অধিষ্ঠানং ভবেওত মহাকালত শক্রি। অতোন গুরুতা দেবি মানুবে নাত্র সংশয়ঃ।

<sup>—</sup>বোগিনীতম্ববচন, স্তঃ প্রা তো, কাণ্ড ২, পরিঃ ২, ব সং, পৃঃ ১৫

<sup>থ: শিব: সর্বগঃ স্ক্রশোঝনা নিজলোহবায়ঃ। বাোমাকারো ছজোহনস্তঃ স কথা পূজাতে প্রিরে।
অতএব শিব: সাক্ষাদ গুরুরূপং সমাজ্রিতঃ। ভজ্ঞা সম্পুজিতো দেবি ভুক্তিং মুক্তিং প্রকৃতি।
শিবোহহং নাকৃতির্দেবি নরদৃগ্গোচরো নহি। তমাৎ জ্রীগুরুরূপেণ শিক্সান রক্ষতি ধানিকান।
মন্ত্রস্কর্ত্রপাবর কর: সাক্ষাৎ পরশিবঃ বরম। সভ্জ্যানুগ্রহার্থায় গৃচং পর্বটিতি ক্রিতৌ।
সদ্ভক্তর্ক্রণারৈর নিরাকারোহপি সাকৃতিঃ। শিবঃ কুপানিধিলোকে সংসারীব হি চেইতে।

—কু ত, উঃ ১৩</sup> 

মাত্র। বৃক্ষাদিতে যেমন পূজা করা হয় তেমনি সাধকদের দীক্ষার জন্ম মাত্রুষকে গুরু কল্পনা করা হয়। মন্ত্রদাতা স্বীয় শিরংপদ্মে গুরুর যে-ধ্যান করেন শিয়ের শিরংপদ্মেও সেই ধ্যানই উপদিষ্ট হয়েছে। কাজেই মাত্রুয়ের মধ্যে গুরুতা কোথায় ?

দেইজন্ম তত্ত্বের স্থাপট নির্দেশ শি<u>ষ্য কথনো গুরুকে সাধারণ মান্থ মনে করবে না।</u> কর<u>লে তার মন্ত্রজপ দেবপূজা প্রভৃতি সব ব্যর্থ হবে</u>; ° কো<u>নোকলে সিদ্ধিলাভ হবে না।</u> °

তদ্বের অভিমত যে গুরুকে নরবৎ দেখে সে পাপকর্মা আর যিনি গুরুকে শিববৎ দেখেন তিনি পুণাকর্মা। পাপকর্মার গতি নরকে। ত<u>ত্ত্ব বলেন গুরুকে যে মাছ্য মনে করে,</u> মন্ত্র<u>ক অক্ষর মনে করে,</u> দেবপ্রতিমাকে শিলা মনে করে সে নুরকে যায়। আমরা পূর্বেও এ কথার উল্লেখ করেছি।

লক্ষ্য করা গেছে তন্ত্রমতে গুরু মন্ত্র এবং দেবতা অভিন্ন। কুলার্গবতন্ত্রে আছে—ষেমন ঘট কলস আর কুম্ভ একার্থবাচক তেমনি দেবতা মন্ত্র এবং গুরুর অর্থও এক।

শাস্ত্র বলেন—যে-সাধক গুরু মন্ত্র ও দেবতার মধ্যে কোনো ভেদ কল্পনা করেন না জগন্ধাত্রী তাঁর প্রতি প্রসন্ন হয়ে তাঁকে দিনে দিনে কি না দেন ?

আবার গুরু মন্ত্র ও দেবতার সঙ্গে সাধকের ঐক্য ভাবনার বিধানও আছে। শক্তিসঙ্গমতত্ত্বে বলা হয়েছে— সাধক গুরু দেবতা ও মন্ত্রের ঐক্য ভাবনা করে এই তিনের একত্রীভূত তেজামূর্তি কল্পনা করবেন এবং সাবয়ব সাবরণ সেই মূর্তির সঙ্গে স্থাং ভাবনার দারা একরপ হবেন। ৮

গুরুর সঙ্গে শিষ্যের অধৈতভাবনার নির্দেশ কুলার্ণবতন্ত্রেও দেওয়া হয়েছে। P

- ১ অতএব গুরু নিব মুক্তর কিন্তু কলনা। দীক্ষারৈ সাধকানাক বৃক্ষাদো পূজনং বধা।
  মন্ত্রদাতা শিরঃপল্পে বদ্ধানং কুরুতে গুরোঃ। তদ্ধানং শিয়শিরসি চোপদিষ্টং ন চাম্রখা।
  অতএব মহেশানি কুতো হি মানুবো গুরুঃ।—কামা ত, পঃ ৪
- ২ গুরুং ন মত্যাং ৰুধ্যেত যদি ৰুধ্যেত তক্ত হি। ন কদাচিদ্ভবেৎ সিদ্ধি মল্লৈধা দেবভাৰ্চনৈঃ।—কু ত, উঃ ১২
- গুরো মনুয়তাব দিঃ শিয়াণাং যদি জায়তে। ন হি তক্ত তবেং সিদ্ধিঃ কয়কোটিশতৈরপি।
   —গুরুতজ্বচন, দ্রঃ প্রা তো, কাণ্ড ২, পরিঃ ২, ব সং, পুঃ ৯৯-১০০
- ৪ নরবৎ দৃহ্যতে লোকে এঞ্জর: পাপক মণা। শিববদ্ দৃহ্যতে লোকে ভবানি পুণাক মণা।—কু ত, উ: ১৩
- গুরৌ সম্প্রবৃদ্ধিং চ সত্তে চাক্ষরবৃদ্ধিকম্। প্রতিমাধু শিলাবৃদ্ধিং কুর্বাণো নরকং ব্রজেং।—এ উঃ ১২
- ৬ বৰা ঘটশ কলসঃ কুন্তলৈকাৰ্থবাচকঃ। তথা দেবল মন্ত্ৰল গুক্ললৈকাৰ্থ উচ্যতে।—এ, পঃ ১৩
- ৭ মন্ত্রে বা গুরুদেবে বা ন ভেদং যন্ত কলতে। তক্ত তুষ্টা জগদাত্রী কিল দভাদিনে দিনে।
  - —মুগুমালাডন্ত্রবচন, ড্রঃ প্রা তো, কাণ্ড ২, পরিঃ ২, ব সং, পৃঃ ১৪
- ৮ গুরুদৈবভমন্ত্রাণামৈক্যং সংভাবন্ন থিয়া। ত্রিভেজন্ত্রেকীকুভাগ তর মূর্তিং প্রবল্পনে । সালাং সাবরণাং ধ্যাত্বা ভরেপন্ত ব্যাং ভবেং।—শ স ত, তা ব, ২৬।৬-৭
- » অবৈতং ভাবমেলিত্যং অবৈতং গুরুণা সহ।—কু ত, টঃ ১২

গুরু সর্বোত্তম—তত্বত: গুরুশিয়ে ভেদ না থাকলেও ব্যবহারিক ক্ষেত্রে ভেদ আছে। শিয়ের কাছে গুরুর বাড়া কেউ নেই। গুরুতন্ত্রে বলা হয়েছে গুরুর অধিক শাস্ত্র নাই, গুরুর অধিক তপ নাই, গুরুর অধিক মন্ত্র নাই, গুরুর অধিক ফল নাই। গুরুর অধিক দেবী নাই, গুরুর অধিক শিব নাই, গুরুর অধিক মৃতি নাই, গুরুর অধিক জপ নাই।

**শুরুর প্রসন্ধতা**—জগতে গুরুই হর্তা কর্তা পালনকর্তা। গু<u>রু তুই হওয়ামাত্র সমস্ত</u> দেবতা তু<u>ই হন। ১</u>

কর্ত্রমানের মতে গুরু প্রদান হওয়ামাত্র শক্তির পরম সম্ভোষ হয়। আর শক্তির সম্ভোষ হওয়ামাত্র সাধক মোক্ষলাভ করেন। সমস্ভূজাৎ গুরুম্লক, পরম তপস্থা গুরুম্লক। গুরু প্রদান হওয়ামাত্র সৎ শিশু মোক্ষলাভ করেন।

গুরু যাঁর অন্তুক্ল তাঁর আর কোনো ভয় নাই। মুনি বা পন্নগ বা দেবতার অভিশাপ থেকে গুরু তাঁকে রক্ষা করেন, তাঁকে মৃত্যুভয় থেকেও রক্ষা করেন।

শুক্রর অপ্রসন্মতা—গুরু প্রসন্ন হলে ধেমন শিশ্মের অপ্রাণ্য কিছুই থাকে না তেমনি গুরু কৃষ্ট হলে তাঁকে রক্ষা করারও আর কেউ থাকে না। কুলার্ণবিতন্তের মতে গুরু পিতা গুরু মাতা গুরু দেব মহেশ্বর। শিবু রুষ্ট হলে গুরু ত্রাণ করেন কিছু গুরু কৃষ্ট হলে কেউ ত্রাণ করেন না।

গুরুর এমনি মাহাত্ম্য যে গুরু শব্দ উচ্চারণমাত্র শিশ্তের সর্বপাপ, সর্বমোহ দ্র হয়ে যায়। গুরুতদ্বে বলা হয়েছে গুরু এই অক্ষর ছটি যার জিহ্বাগ্রে বর্তমান তার আর কি করে মোহ থাকবে ? বেদপাঠ তার পক্ষে নিরর্থক। গকার উচ্চারণমাত্র ত্রন্ধহত্যাপাপ বিনম্ভ হয়, উকার উচ্চারণমাত্র জন্মপাতক নাশ হয়, রকার উকার এবং গকার উচ্চারণমাত্র কোটিজন্মের পাতক নম্ভ হয়।

ন গুরোরধিকং শাস্ত্রং ন গুরোরধিকং তপঃ। ন গুরোরধিকো মন্ত্রো ন গুরোরধিকং ফলম্।
 ন গুরোরধিকা দেবী ন গুরোরধিকঃ শিবং। ন গুরোরধিকা মুর্তি ন গুরোরধিকো জপঃ।
 —গুরুতয়বচন, দ্রঃ প্রা ডো, কাও ২, পরিং ২, ব সং, পৃঃ ৯৪-৯৫

২ গুলং ক তা গুলুহ তা গুলুং পাতা মহীতলে। গুলুসম্ভোষমাত্রেণ তৃষ্টা হ্যাঃ সর্বদেবতাঃ।—এ, পুঃ ১৪

৩ গুরোঃ প্রসাদমাত্রেণ শক্তিতোবো মহান্ ভবেং। শক্তিসজোবমাত্রেণ মোক্ষমাগোতি স্বশী।

<sup>—</sup>কু যা, উ ত, **গঃ** ১

ম্নিভি: পল্লগৈর্বাপি সুরৈর্বা শাপিতো যদি। কালমৃত্যুভয়াদ্ বাপি গুরু রক্ষতি পার্বতি।
 —বিশ্বসারতন্ত্রীয় গুরুগীতাবচন, অ: প্রা তো, কাণ্ড ২, পরি: ২, ব সং, পৃ: ১৫

e শুরু: পিতা গুরুর্দ্বাতা গুরুর্দেবো মহেখর:। শ<u>িবে রুটে গুরুস্তাতা গুরৌ রুটে ন কশ্চন</u>।—কু ত, উ: ১২

৬ গুরুরিতাক্ষরং যস্ত জিহ্নাগ্রে দেবি ব'ততে। তস্ত কিং বিছাতে মোহং পাঠে বেদস্ত কিং বৃথা।
গকারোচ্যারণমাত্রেণ বুক্ষহত্যা ব্যপোহতি। উকারোচ্যারমাত্রেণ মৃচ্যতে জন্মপাতকাৎ।
রেকোচ্যারণমাত্রেণ উকারোচ্যারণাৎ পুনঃ। বিসর্গোচ্যারণাৎ কোটিজনাজং পাতকং হরেৎ।
— গুরুতন্ত্রবচন, ড্রং প্রা তো, কাণ্ড ২, পরিঃ ২, ব সং, পুঃ ই

শুরুদর্শনমাহাত্ম্য তত্ত্বে গুরুদর্শনেরও বিশেষ মহাত্মা বর্ণিত হয়েছে। কুলার্শবতত্ত্বে আছে যেদিন শিশু গুরুর দর্শন পান দেদিন তাঁর কাছে কোটি স্থ্<u>গগ্রহণের দিনের মতো বা চন্দ্রগ্রহণের দিনের মতো পুণ্য দিন।</u> গুরুর দর্শনমাত্র শিশু সর্বপাপমুক্ত হন। গ্রহণের দিন যেমন দান করতে হয় তেমনি গুরুদর্শনের দিনও বিচক্ষণ শিশু দান করতে ন।

শুরুর পদধ্লি-পাদেক-মাহান্ম্য—শিশ্য গুরুকে প্রণাম করে তাঁর পদধ্লি গ্রহণ করেন। গুরুতন্ত্রের মতে যে-স্থী শিশ্য গুরুপাদরজ নিজ মস্তকে ধারণ করেন তিনি কোটিতীর্থজাত ফলের দশগুণ ফললাভ করেন।

যে-শিশ্ব গুরুর পাদোদক মন্তকে ধারণ করেন তাঁর সমস্ত তীর্থকরার পুণ্যলাভ হয়। 

থিনি নিত্য গুরুর পাদোদক পান করেন তিনি ধর্ম অর্থ কাম এবং মোক্ষলাভ করেন।

শুকুর প্রসাদমাহান্ত্য — শিশু গুরুর অন্নপ্রসাদ গ্রহণ করেন। তন্ত্রের অভিমত গুরুর অন্নপ্রসাদ ভক্ষণ করেল শিশ্রের কোটিজন্মার্জিত পাপ তৎক্ষণাৎ নই হয়ে যায়। এই অন্নপ্রসাদ ভক্ষণে স্থান পাদপ্রক্ষালন ও আচমনের প্রয়োজন নাই, স্থান বিচার অনাবশ্রুক, এই প্রসাদ প্রাপ্তিমাত্র ভক্ষণ করতে হয়। এতে ব্রাহ্মণ্য নাই, কোলীল্য নাই, জাতিবিচার নাই। গুরুর অন্প্রসাদ যে-বৃদ্ধিমান্ ব্যক্তি স্থাবৃদ্ধিতে ভক্ষণ করেন তাঁর প্রতি শিবও নিশ্চয়ই প্রসন্ম হন।

গুরুর উচ্ছিষ্ট ভূক্তিমুক্তিপ্রদ। মহাদেবীর উচ্ছিষ্ট যেমন ব্রহ্মাদি দেবতার পক্ষেত্র স্বত্র্গভ গুরুর উচ্ছিষ্টও তেমনি। এই বস্তু মহাপবিত্র পরাৎপর।

- ২ গুরোঃ পাদরজো যন্ত স্থী মূর্দ্ধনি ধারয়েং। স তীর্থকোটিজফলাৎ ফলং দশগুণং লভেং।
  —গুরুতন্ত্রবচন, দ্রঃ প্রা তো, কাণ্ড ২, পরিঃ ২, ব সং, পুঃ ১০১
- ৩ গুরো: পাদোদকং যস্ত শির্দা ধারয়েল্লর:। স সর্বতীর্থজং পুণাং লভতে নাত্র সংশন্ম:।—গুণ্ডদাধ্নতম্বর্বচন, ঐ
- ৪ গুরো: পাদোদকং যস্ত নিত্যং পিবতি মানুষ:। ধ মার্থকামমোক্ষাণামধিপো জারতে চ স:।---ই
- শুরোরয়ং মহাদেবি যস্ত ভক্ষণমাচরেই। কোটিজয়ার্জিতং পাপং তৎক্ষণান্তস্ত নশুতি।
  ন স্নানং পাদশৌচঞ্চ ন চৈবাচমনঞ্জেই। প্রাপ্তিমাত্ত্বেণ ভোক্তব্যং নৈব স্থানং বিচারয়েই।
  ন ব্রাহ্মণাং ন কৌলীক্তং ন জাতীনাং বিচারগম্।····
  শুরোরয়ং স্থাব্দ্যা যম্বভাষতিমায়রঃ। শিবোহপি ভস্ত দেবেশি তুটো ভবতি নাস্তপা।—গুরুতম্বব্দন, দ্রঃ ঐ
- ৬ গুরোরুচ্ছিষ্টকং দেবি ভুক্তিমুক্তিপ্রদং ভবেং।—ঐ
- ৭ তবোচ্ছিষ্টা মহাদেবি বুক্ষাদীনাং ফুড়াভিষ্। গুরুচ্ছিষ্টা তথা প্রোক্তং মহাপুতং পরাংপরম্।

**গুরুপুক্তা**— তদ্ধের অভিমত শাল্পনিটিট গুরুর পাদপদ্ম পূজা করনেই সকল দেবতা স্থী হন। কারণ গুরু সর্বদেবময়।

গুণ্ডসাধনতন্ত্রে বলা হয়েছে গু<u>ৰুর পাদপদ্মের অর্চনা করলেই সমস্ত জগৎ অর্চিত হয়।</u> যিনি গুরুপাদার্চনা করেন তাঁর আর দান তপস্তা তীর্থসেবাদির কোনো প্রয়োজন নাই।

গুরুতদ্বের মতে ধিনি ত্রিসন্ধ্যা গন্ধপুষ্পের দ্বারা জগদগুরুর পূজা করেন তাঁর মন্ত্রপূজাদি-বিধান ত্থাস জপ এ-সব দিয়ে কি হবে ? একমাত্র গুরুপূজার দ্বারাই তিনি এ-সবের যা ফল তা লাভ করেন। কাজেই তাঁর আর এ-সবের প্রয়োজন নাই।

গুরুর উপস্থিতিতে গুরুপ্জা না করে কোনো দেবতার পূজা পর্যন্ত তদ্ধান্ত্র্যার নিষিদ্ধ। কৌলাবলীনির্ণয়ে বলা হয়েছে—গুরু সন্নিহিত থাকা অবস্থায় যে অন্ত দেবতার পূজা করে সে ঘোর নরকে যায় এবং তার পূজা ব্যর্থ হয়।

গুরুপুজা না করে ইষ্টদেবতার পূজা পর্যন্ত করা যায় না। মৃগুমালাতত্ত্বে আছে—এরপ করলে মন্ত্রের তেজ স্বয়ং ভৈরব হরণ করে নেন।

শুক্র শুক্রাবা— গুরুর সেবাশুক্রাবারও বিশেষ মাহাত্মা তন্ত্রে বর্ণিত হয়েছে। কৌলাবলীনির্ণয়ে বলা হয়েছে—ব্রহ্মা পরাশর ব্যাস বিশামিত্র প্রভৃতি গুরুগুক্রাবার জন্মই ত্রিজগতে
সিদ্ধিলাভ করেন। শিব গুরুর প্রসাদেই সর্বজ্ঞ সর্বগামী ও প্রভৃ। একবার গুরু তুই হলে
সাধক শিব হয়ে যান। গুরুসেবক সাধকদের অলভ্য কিছুই নাই। অতএব যত্নসহকারে
শুক্রর সেবা করা উচিত।

কুলার্ণবিতন্তের মতে গুরুগুশ্রধার দারা শিয়োর সব পাপ ক্ষয় হয় এবং পুণ্যরাশি বর্দ্ধিত হয়।

১ পুজিতে গুরুপাদে বৈ সর্বদেবঃ হুখী ভবেং।—কৌ নি, উঃ ১٠

২ কিং দানেন কিং তপদা কিমন্ততীর্থদেবয়। এঞ্জারচিতো যেন পাদৌ তেনাচিতং জগণ।
—গুপ্তমাধনতন্ত্রবচন, দ্রঃ প্রা তো, কাণ্ড ২, পরিঃ ২, ব সং, পুঃ ১৫

ত্রিসন্ধাং পুরুরেদ্ যস্ত গন্ধপুশৈর্গজগদগুরুষ্। তহ্য কিং মন্ত্রপুজাদিবিধানৈ ন্যাসজাপকৈঃ।
 — শুরুতন্ত্রবচন, ক্রং প্রা তো, কাণ্ড ২, পরিঃ ২, ব সং, পৃঃ ১০১

৪ গুরৌ সন্নিহিতে যস্ত পূজরেদভাদেবতান্। সং বাতি নরকং ঘোরং সা পূজা বিফলা ভবেৎ।—কৌ নি, উঃ ১০

গুরুপুঞ্জাং বিনা দেবি ইউপুঞ্জাং করোতি যঃ। মন্ত্রন্থ তন্ত্র তেজাংদি হরতে ভৈরবঃ স্বয়ম্।
 —মুগুমালাতন্ত্রবচন, দ্রঃ প্রা তো, কাপ্ত ২, পরিঃ ২, ব সং ১, পুঃ ১০১

৬ ৰুক্ষাপরাণরবাদিবিধানিতাদয়ঃ পুনঃ। শুরুশুশ্রবণাং দিদ্ধিং প্রাপ্তান্তে ভূবনত্তরে।

শিবো শুরুপ্রদাদেন সর্ববিৎ সর্বগঃ প্রভূঃ। সাধকঃ শিব এব স্তাদ্ গুরৌ তুটে সকৃদ্ যদি।
তদা কিং বা ন সভতে সাধকাঃ গুরুদেবকাঃ। তত্মাদেব প্রয়ন্তেন গুরুদেববাং সমাচরেং।—কৌ নি, উঃ ১০

৭ কীয়ন্তে দর্বপাপানি বর্দ্ধন্তে পুণারাশয়ঃ। সিদ্ধান্তি দর্বকার্যানি গুরুগুঞাবয়া প্রিয়ে।—কু ত, উঃ ১২

তা ছাড়া কায়ক্লেশযুক্ত মহৎ তপস্থার দারা যে-ফুল লাভ হয় গুরুদেবাদারা স্থথে সেই ফল লাভ করা যায়।

তম্বশাস্ত্রে এইভাবে গুরুর মহিমা কীর্তন করা হয়েছে। আর শাস্ত্রবাক্যে বিশ্বাসী শিক্ত গুরুকে এমনি মহিমান্বিতই মনে করেন।

বলা আবশ্যক সং শিয়ের পক্ষে গুরুবাক্যে ও শান্ত্রবাক্যে বিশ্বাস অবশ্য কর্তব্য। 'নিত্যোৎসব'-এই নির্দেশ দেওয়া হয়েছে গুরুবাক্যেও শান্ত্রাদিতে কথনও অবিশ্বাস করবে না।

গুরুবাক্যে ও শাস্ত্রে কোনো ভেদও নাই। কারণ সদগুরু সাধনবিষয়ে কথনও অশাস্ত্রীয় কথা বলেন না। এইজগুই কুলার্ণবিতন্ত্রে বলা হয়ে—যা গুরুম্থ থেকে নির্গত হয় তা সবই শাস্ত্র।\*

এখানে উল্লেখ করা প্রয়োজন বিভিন্ন তন্ত্রে গুরুর যে-মহিমা প্রচার করা হয়েছে এবং গুরু সম্পর্কে যে-সব নির্দেশ দেওয়া হয়েছে তা শাস্ত্রনিদিষ্ট সদ্গুরু সম্বন্ধেই করা হয়েছে।

সদ্গুরু সম্বন্ধে যে-সব কথা শাস্ত্রে বলা হয়েছে তা বিচারের বিষয় নয়, বিশাসের বিষয়।
শাস্ত্রবাক্যে থাদের বিশাস আছে এ-সব তাঁদের জন্ম অর্থাৎ এ-সব সাধকদের জন্ম। থাদের
শাস্ত্রবাক্যে আস্থা নাই শাস্ত্রনির্দিষ্ট সাধনা তাদের জন্ম নয়। কাজেই এ-সব শাস্ত্রবচনও
তাঁদের জন্ম নয়।

শুরুর কাছে আত্মনিবেদন— প্রকৃত সদ্গুরুর কাছে শিগ্রের সম্পূর্ণরূপে আত্মনিবেদনের নির্দেশ তন্ত্রশান্ত্রে দেওয়া হয়েছে। কুলার্ণবিতন্ত্র বিধান দিয়েছেন—যিনি শরীর অর্থ এবং প্রাণ সদ্গুরুকে নিবেদন করে তাঁর কাছে যোগশিক্ষা করেন তিনিই শিশ্ ।8

উক্ত তন্ত্রের নির্দেশ—শিশ্র গুরুর জন্ম দেহ ধারণ করবেন, গুরুর জন্ম ধন অর্জন করবেন, প্রাণ দিয়েও গুরুর কাজ করবেন।

পরশুরামকল্পত্ত্রেও অফুরপ বিধান দেওয়া হয়েছে। বলা হয়েছে শিশু গুরুর জন্মই অধিজিগমিষা অর্থাৎ কোনো কাজের উদ্দেশ্যে কোনো স্থানে যাওয়ার ইচ্ছা পোষণ করবেন, শরীর অর্থ ও প্রাণ রক্ষা করবেন।

১ কারক্রেশেন মহতা তপদা বাপি বংকলম্। তৎকলং লভতে দেবি স্থাপন গুরুদেবয়া।—কু ত, উঃ ১২,

২ গুরুবাকাশান্তাদো সর্বত্রাসংশয়ঃ।—নিত্যোৎসব, আরম্ভোলাস, উপাসকর্ধ মাঃ

৪ শরীরমর্থং প্রাণাংশ্চ সদ্গুরুভ্যো নিবেছ ব:। গুরুভাঃ শিক্ষতে বোগং স শিক্স ইত্যভিধীয়তে।—এ, উ: ১৭

শুর্বর্থং ধারয়েদেহং শুর্বর্থং ধনমর্জয়েং। নিজপ্রাণান্ পরিত্যজ্য শুরুকার্থং সমাচরেং।—এ, উ: ১২

৬ অধিজিগমিবা শরীরার্থাস্থলাং গুরুবে ধারণম।-প ক সু ১০।৭৪

ধাঁর দেহপ্রাণ গুরুপদে অর্পিত তাঁর আর নিজস্ব কিছুই থাকে না। গুরু বেমন আজ্ঞা করেন তিনি সেই ভাবেই চলেন। এ বিষয়ে শাস্ত্রের নির্দেশ—গুরু সমস্ত দেবতার অধিপতি, ক্বতাক্বত সকল কর্মের সাক্ষী। গুরুর পূজা করে তাঁর আজ্ঞাহসারে শিষ্যকে সর্বদা সকল কর্ম করতে হবে।

কৌলাবলীনির্ণয়ে বলা হয়েছে— যে-শিষ্য গমন পূজন স্বপ্পদর্শন ভোজন এবং রমণ শুরুর আজ্ঞা অনুসারে করেন জপ ছাড়াই তাঁর সিদ্ধিলাভ হয়।

শুরুর আজ্ঞা—গুরুর আজ্ঞাপালন শিশ্তের ধর্ম। পরশুরামকল্পত্তের নির্দেশ শুরু যা বলবেন শিশ্তকে তাই করতে হবে। প্রশুষদি কোনো নীচ কাজ করতে বলেন শিশ্ত অভিমান ত্যাগ করে তাও করবে। ই

রুক্রমানল আরেকটু অগ্রসর হয়ে বললেন শিশু দিনরাত দাসের মতো গুরুর আজ্ঞা পালন করবে।

গুরু যদি পরুষ বাক্য বলেন শিশু তা আশীর্বাদ বলে মনে করবে। তিনি যদি তাড়না করেন তা হলে তা প্রসাদ বলে মনে করবে। কোনো অবস্থাতেই গুরুর আজ্ঞালজ্ঞন করবে না। গুরুর আজ্ঞালজ্ঞন শিশ্রের পক্ষে নিদারুণ অপরাধ। রুদ্রমানেলর মতে ধে গুরুর আজ্ঞালজ্ঞন করে সে মৃঢ়ধী। সে ঘোর নরকে যায় ও শৃকরত্ব প্রাপ্ত হয়।

কিন্ত গুরু যদি অস্তায় আদেশ করেন তা হলে ? পরশুরামকল্পত্ত বলেন গুরুর <u>আদেশ</u> প্রীক্ষা না করে অর্থাৎ নির্বিচারে পালন করতে <u>হবে,</u> গুরুর <u>আদেশকে শাস্ত্র ব্যবস্থা মনে</u> করতে হবে।

এই স্তেরে বৃত্তিতে রামেশ্বর লিখেছেন—গুরুলক্ষণবিশিষ্ট গুরুর বাক্য শিষ্য নিজের বৃদ্ধির দ্বারা পরীক্ষা করবে না; তাঁর কথা সং কি অসং বিচার করবে না। সর্বতন্ত্রার্থবিদ্ আমার গুরু কথনো অশাস্ত্রীয় কথা বলবেন না, তিনি শাস্ত্রসমত আদেশই করবেন—শিষ্য মনে এই প্রকার নিশ্চিত ধারণা পোষ্ণ করবে।

- ১ গুরু সর্বসুরাধীশো গুরু সাক্ষী কৃতাকৃতে। সংপুজ্য সকলং কর্ম কুর্যান্তস্তাজ্ঞরা সদা।—জঃ শা ত, উঃ ২
- २ शमनः পूजनः यक्षः छाजनः त्रमण्डथा। शृहीषाखाः छः दाः क्यां र छछ मिक्रियिना जभार।— त्को नि, छः ১०
- ৩ এতহুক্তকরণম্।-প ক স ১০।৭৫
- ৪ গুরুজ্ব নীচকার্যমপি অভিমানমুংসজ্য কার্যন্।—এ, রামেশ্বরফুত বুভি
- e मिनात्राद्वो शुरतात्राखाः मानवर পतिभानरम् ।-- क्र गा. ७ छ, भः >
- ৬ শুক্রন্তং পদ্ধবং বাক্যং আশিবং পরিচিন্তয়েৎ। তেন সংতাড়িতো বাপি প্রসাদমিতি সংশ্বরেৎ।—কু ত, উঃ ১২
- श्रमामृठा श्रदास्ताकाः मृत्याम् यः भताध्यः। श्रहितः ता हितः ताभि दोत्रतः नतकः ब्रद्धः।—ेव
- ৮ অপরীক্ষণং তম্বচনে ব্যবস্থা।—প ক মু ১০।৭৬
- শুক্লক্ষণবিশিষ্টগুক্লবচনং স্বৰ্দ্ধান প্রীক্ষয়েৎ, সদসবেতি ন বিচারয়েও। ব্যবস্থা অয়ং স্বতয়্রার্থবিৎ অন্তথা
  ন বিদিয়্তি, কিং তু শাল্রয়ুক্তমেব বিদিয়্তি ইতি নিশ্চয়ং কুর্যাও।—য়, রামেশরকৃত বৃত্তি

দানেশ্বের উক্তিতে শাল্লের অভিপ্রার ব্যক্ত হয়েছে। সদ্প্রকর শাল্লনির্দিষ্টলক্ষণযুক্ত শ্বন্দই শাল্লের অভিপ্রেত গুরু। এই গ্রন্থ সম্পর্কেই শিব্যের কর্তব্যাকর্তব্য বিহিত হয়েছে, বেন্কোনো গ্রন্থ কর নশার্কে নর।

শিশুদেহে গুরুত্বান— সাধকের দিনের কাজ হার গুরুর ধ্যান করে। শালের বিধান—মাধক রাজ্মমূহুর্তে শারা ত্যাপ করে পদ্মাদনে বসে শিরত্ব অধাম্থ গুরুবর্ণ সহস্রদেশপান-কর্ণিকার অন্তর্গত শশকলাঞ্চনহীন শর্জিন্তুর মতো হালার চক্রমগুলান্তর্গত হংলপীঠে নিজগুরুর ধ্যান করবেন।

শিশ্বদ্বে গুৰুর ধ্যানস্থান শুধু শিরস্থ অর্থাৎ ব্রহ্মরন্ত্রন্থ নয়, ক্রংপদ্ম এবং আজ্ঞাচক্রণ্ড বটে। জামলে আছে গুরু কথনো সহস্রারে ধ্যেয়, কথনো হৃৎপদ্মে, কথনো বা দৃষ্টিপোচরে অর্থাৎ আজ্ঞাচক্রে ধ্যেয়।

এই প্রসঙ্গে উল্লেখ করা যায় তন্ত্রশান্তবিদ্ সাধকেরা মনে করেন গুরুতত্ত্বের সর্বোত্তম হান আজাচকে। শুদ্ধ চিৎসম্জের শেষ 'স্ট্স গেট' এই আজ্ঞাচক আর গুরুতত্ত্ব এই গেক্টের চাবি। আজ্ঞাচকের পরে 'অহং' নাই, এখানেই বৈতবীজ দম্ম হয়ে যায়। গুরু এই যার খুনে দিলে জীবরূপ ক্ষু আধারে অসীম চিৎসম্জ এনে প্রবেশ করে একে পূর্ব করে এর কুল ভাসিয়ে দেয়, তথন আর আধার ক্ষুপ্ত থাকে না, সম্জের সঙ্গে একাকার হয়ে যায়।

**শুক্রর ধ্যান**—গুরুধ্যানের কথা হচ্ছিল। শাল্পে গুরুধ্যানের বে-নির্দেশ দেওয়া ছয়েছে সাধক সেই ধ্যান করেন স্বগুরুর নির্দেশ অনুসারে। কারণ শাল্পে গুরুর একাধিক ধ্যান নির্দিষ্ট ছয়েছে। ক্থা—

শুকুর পুরুষমূর্ভির ধ্যান—মহাগুরু প্রভাতত্থের মতো রক্তবর্ণ তেজোবিদ। অনস্থ
মহিমার দাগর তিনি শনিশেথর। মহাত্ম জ্যোতিময় তাঁর অঙ্গ। তিনি মহাগুরুাদরপদ্মে
অবস্থিত বিনেত্র বিভূজ আত্মোপলন্ধির বিষয়, তেজের হারা গুরুবাস। আজ্ঞাচকের
উর্ধন্য নিধি তিনি, তিনি কারণস্বরূপ, তিনি সাধুদের স্থথ। তাঁর অঙ্গে ধর্ম অর্থ কাম এবং
মোক্ষ। তাঁর হাতে বর এবং অভয়। তিনি বিভূ প্রকৃটিতকমলারাচ সর্বক্ত এবং জগদীখর।

<sup>&</sup>gt; বাজ্যে মূহতে উপায় বন্ধপাথাসকঃ শিশ্বংছাধোম্থ-শুক্লবর্ণ-মন্ত্রদলক্ষলকর্ণিকাছ-শশহীন শ্বদিনুহ্ন্দর-চল্লমন্তলান্তর্গতহ্বস্পীঠে নিজগুলং গ্যায়েব।--জাবার্হত্ত, পঃ ১

২ কদাটিৎ স সহস্রারে পল্পে ধ্যেলো গুরুঃ সদা ৷ কদাটিৎ হারমান্তোকে কদাটিদ্দৃষ্টিগোচরে।
—ক্ষামলবচন, স্তঃ প্রা তৌ, কাণ্ড ২, পরিঃ ২, ব সং, পৃঃ ১৬

Tantra as a Way of Resilization, C. Her. I., Vol. IV, p. 287

স্মারে তিনি প্রকাশচকর। ভার কঠে বনমাকা, মঙ্গে রত্মাক্ষার। এই দেবদেককে স্থা ভজনা করবে।

আক্ত ধ্যান—কংপদের কর্ণিকামধ্যন্থ সিংহাসনে দিব্যমূর্তি গুরু অবস্থিত। চন্দ্রকলার মতো তাঁর দীপ্তি। তিনি সচিৎস্থাভীষ্টবরপ্রদ, মৃক্তাফলভূষিত তাঁর দিব্যমূর্তি। তাঁর বামাক-পীঠে দিব্য শক্তি। তিনি খেতাম্বর, খেতবিলেপমূক্ত। তাঁর অধ্বের মৃত্যুক্ত হাসি। তিনি পূর্ণ কলানিধান। এইরূপে গুরুর ধ্যান করতে হবে।

আরেকটি ধ্যান—অণর একটি ধ্যানে আছে—এক্ষানন্দ পরস ক্রখন কেবল জ্ঞানমূর্তি বন্দাতীত গগনসদৃশ তত্ত্বমদি-আদি বাক্যের লক্ষ্য এক নিত্য বিমল এব সর্বদাদাকীভূত ভারাতীত ত্রিগুণরহিত সদ্গুরুকে প্রণাম করি।

শুক্রর স্ত্রীমূর্তির ধ্যান —এ ছাড়া শাস্ত্রে গুরুর স্থামূর্তির অর্থাৎ স্ত্রীগুরুর পৃথক ধ্যান নির্দিষ্ট হয়েছে। বথা— কেশরশোভিত সহস্রারমহাপদ্ধে বিরাজমানা প্রফুরপদ্ধপত্রাক্ষী ঘনপীনপয়োধরা প্রসন্নবদনা ক্ষীণমধ্যা শিবাস্বরূপিণী গুরু। পদ্মরাগমণির মতো তাঁর দীপ্তি। তাঁর পরিধানে রক্তবন্ধ, হাতে রক্ত কৃষণ, পায়ে রক্ত নৃপুর। তাঁর শরদিন্দুর মতো উজ্জ্ব কৃশুল রক্তোভালিত। তিনি স্বীয় স্বামীর বামভাগে অবস্থিতা। তাঁর ক্রপদ্মে বর এবং অভয় মৃশ্রা। এইরূপে গুরুর ধ্যান ক্রতে হবে।

১ তরুণাদিত্যসঙ্কাশং তেজানিম্বং মহাগুরুন্। অনস্তানস্তমহিমসাগরং শশিশেধরম্।
মহাসুল্লভাষরাঙ্কং তেজোনিম্বং মহাগুরুন্। মহাগুরুনাম্বরাজ্বং দিনেতং দিভুজং গুরুন্।
আন্ত্রোপলবি ধবিষয়ং তেজসা গুরুবাসসম্। আজাচক্রোধ্বনিকয়ং কায়ণঞ্চ সতাং স্থম্।
ধর্মার্থকামমোক্ষাঙ্কং বরাভয়কয়ং বিভুম্। প্রফুলকমলায়চং সর্বজ্ঞং জগদীবরম্।
আন্তঃপ্রকাশচপলং বনমালাবিভুষিতম্। রত্বালকারভুষাচাং দেবদেবং সদা ভজেং।
—রুক্রযামলবচন, য়ঃ প্রা তেট, কাপ্ত ৩, পরিঃ ১, ব সং, পৃঃ ১৪৯

হানন্ব জে কর্ণিকমধ্যসংস্থা সিংহাসনে সংস্থিতদিব্যম্তিম ।

থ্যায়েদগুরুং চক্রকলাপ্রকাশং সচ্চিৎস্থাতীইবরপ্রদানন্ ।

মৃক্তাফলাভূনিতদিব্যম্তিং বামান্বপীঠিছিতদিবাশজ্জিন্ ।

ব্যেতাম্বরং খেতবিলেপযুক্তং ফল্পিডং পূর্ণকলানিধানন্ ।—গুরুগীতোক্ত ধ্যান, জঃ ঐ পুঃ ১৫০

বুল্গানন্দং পরমন্থদং কেবলং জ্ঞানমূর্তিন। বন্দাতীতং গগনসদৃশং তত্ত্বমস্তাদিলক্ষান।
 একং নিত্যং বিমলমচলং সর্বদা সাক্ষিতৃত্ব। ভাবাতীতং ত্রিগুণরহিতং সদৃগুলং তং নমামি।—দ্রঃ ঐ

সহস্রারে মহাপয়ে কিঞ্জকগণশোভিতে । প্রকুলপয়পত্রাকী ঘনশীলপরে।ধরা।
 প্রসন্নদনা ক্রীণমধ্যা ধ্যারেছিবাং গুরুষ্। পদ্মরাসসমাভাসাং রক্তবন্তরহশোভনান্।
রক্তকত্বণগাণিক রক্তন্প্রশোভিতান্। শরদিকুপ্রতীকাশরক্তোন্তাদিতকুওকান্।
বনাধৰামভাগস্থাং বরাভরকরাম্ব্রাষ্।—গুপ্রসাধনতন্ত্রোক্ত ধ্যান, এঃ ঐ, পৃঃ ১৫৫

শুক বে সাধারণ মাহ্মব নন, তিনি বে ব্রহ্ম, পরমেশ্বর বা পরমেশ্বরী, গুরুর এই-সব ধ্যান থেকেই তা পাষ্ট বোঝা যায়। এ ছাড়া তন্ত্রে গুরুর স্তব কবচ এবং প্রণাম বর্ণিত হয়েছে। তার থেকেও গুরুর দেবত্ব সমর্থিত হয়। দৃষ্টাস্তস্বরূপ একটি করে স্তব কবচ এবং প্রণাম উদ্ধৃত হল।

শুরুর পুরুষমূর্তির শুব—মহামন্ত্রদাতা শিবরূপী ব্রন্ধজ্ঞানপ্রকাশক সংসারত্ঃথত্রাতা অতিসৌম্য দিবা বীর অজ্ঞানহরণকারী তোমাকে প্রণাম। কুলনাথ কুলকোলিগুদাতা শিবতত্বপ্রবাধক ব্রন্ধতত্বপ্রকাশক, তোমাকে প্রণাম। সাধককে অভ্যাদাতা অনাচার-আচার-ভাববোধক ভাবহেতু ভাবাভাববিনি মৃক্তমৃক্তিদাতা গুরু, তোমাকে বার বার প্রণাম। দিবাভাবপ্রকাশক শভ্ জ্ঞানানন্দস্বরূপ হে বিভব, তোমাকে প্রণাম। শিব শক্তিনাথ সচিদানন্দরূপী কামরূপী কাম কামকেলিকলাত্মক, কুলপ্জোপদেষ্টা কুলাচারস্বরূপ আরক্তনিজ্বতচ্চিত্তিসমভাগবিভৃতি হে মহেশ, তোমাকে প্রণাম, বার বার তোমাকে প্রণাম।

শুরুর স্ত্রীমূর্তির শুব—স্ত্রীগুরুর শুব স্বত্ত্ব। যথা— দেবদেবেশী হরপূজিতা তোমাকে প্রণাম। ব্রহ্মবিভাস্থরপণীকে নিত্য বার বার প্রণাম। যিনি জ্ঞানাঞ্জনশলাকার দ্বারা অজ্ঞানতিমিরান্ধের চক্ষ্ উন্মীলিত করেছেন তাঁকে নিত্য বার বার প্রণাম। ভববন্ধনত্রাণকারিণী পরা জননী, জ্ঞানদা মোক্ষদা নিত্যা যিনি, তাঁকে নিত্য বার বার প্রণাম।
শ্রীনাথের বামভাগে অধিষ্ঠিতা সর্বদা যিনি দেবগণপূজিতা সদা বিজ্ঞানদাত্রী তাঁকে নিত্য
বার বার প্রণাম। সহস্রারমহাপদ্মে যিনি সদানন্দস্বরূপিণী মহামোক্ষপ্রদায়িনী সেই দেবীকে
নিত্য বার বার প্রণাম। যিনি ব্রহ্মা-বিষ্ণু-স্বরূপা মহাক্রন্সস্বরূপণী, ত্রিগুণাত্মস্বরূপা তাঁকে
নিত্য বার বার প্রণাম। যিনি চক্রম্থাগ্রিস্বরূপা সর্বদা ঘূর্ণাতলোচনা এবং স্বীয় পতিকে
স্থালিক্ষন করে অবস্থান করছেন, তাঁকে নিত্য বার বার প্রণাম। যিনি ব্রহ্মত্ব, বিষ্ণুত্ব প্র

ওঁ নমস্তভ্যং মহামন্ত্ৰদায়িলে শিবরূপিণে । বুক্ষজ্ঞানপ্রকাশার সংসারত্বংখতারিণে ।

অতিসৌম্যার দিবার বীরারাজ্ঞানহারিণে । নমন্তে কুলনাথার কুলকৌলিজ্ঞদায়িলে ।

শিবতত্বপ্রবোধার বুক্ষতত্বপ্রকাশিলে । নমন্তে গুরবে তুভ্যং সাধকাভ্যুদায়িলে ।

অনাচারাচারভাববোধার ভাবহেতবে । ভাবাভাববিনি মৃত্তমুক্তিদাত্রে নমো নমঃ ।

নমন্তে শস্তবে তুভ্যং দিবাভাবপ্রকাশিলে । জ্ঞানানন্দ্ররূপার বিভবার নমো নমঃ ।

শিবার শক্তিনাথার সচিদানন্দ্রপ্রিণে । কামরূপার কামার কামকেলিকলাগ্রনে ।

কুলপুজোপদেশার কুলাচারস্বরূপিণে । আরক্তনিজ্ঞভ্তিসমভাগবিভূতরে ।

নমোন্তেংস্ত মহেশার নমন্তেংস্ত নমো নমঃ ।—কুজিকাতত্বোক্ত গুক্তব, দ্রঃ প্রা তো,

শিবত্ব প্রদান করেন, জীবন্মক্তি প্রদান করেন, যিনি জ্ঞানবিজ্ঞানদাত্রী তাঁকে নিত্য বার বার প্রণাম।

শুরুকবচ কর্মানালিনীতন্ত্রে নিম্নোক্ত গুরুকবচটি বর্ণিত হয়েছে সহস্রারমহাপদ্মে কর্প্রধবল যে-গুরু অবস্থিত, যার বাম উরুর উপর শক্তি অধিষ্ঠিতা, তিনি আমাকে পর্বত্র রক্ষা করুন। পরমগুরু আমার নাক রক্ষা করুন। পরমগুরু আমার নাক রক্ষা করুন। পরমেষ্ঠী-গুরু সর্বদা আমার মৃথ রক্ষা করুন। প্রস্লোদানন্দনাথ সর্বদা আমার কর্ম করুন। বিশিষ্ঠানন্দনাথ সর্বদা আমার হাই বাছ রক্ষা করুন। বিশিষ্ঠানন্দনাথ সর্বদা আমার হাদয় রক্ষা করুন। ক্রেগানন্দ আমার কটিদেশ রক্ষা করুন। বশিষ্ঠানন্দ রক্ষা করুন। আমার হাদয় রক্ষা করুন। গ্রেগানন্দ আমার সর্বাঙ্গ রক্ষা করুন, বোধানন্দ আমাকে কাননে রক্ষা করুন। স্বাচারকে এটি যিনি দেবেন তাঁর মৃত্যু হবে। এই কবচের ধারণে ও শ্রবণে মন্ত্রদিদ্ধি হয়।

গুরুপ্রণাম বিভিন্ন তারে গুরুপ্রণাম বর্ণিত হয়েছে। গন্ধর্বতারে এই প্রণামটি আছে —হে নাথ হে ভগবান গুরুরুপী শিব, তোমাকে প্রণাম। বিভাবতারসংসিদ্ধির জন্ত

নমন্তে দেবদেবেশি নমন্তে হরপ্জিতে । ৰুক্ষৰিভাৰেরপাহৈ ততৈ নিত্যং নমো নমঃ ।
 অজ্ঞানতিমিরাক্ষপ্ত জ্ঞানাঞ্জনশলাকরা । যা চকুকল্মীলিতং ততৈ নিত্যং নমো নমঃ ।
 ভবৰক্ষনপারপ্ত তারিণী জননী পরা । জ্ঞানদা মোক্ষদা নিত্যা তত্তৈ নিত্যং নমো নমঃ ।
জপ সম্বন্ধে বিভিন্ন নিয়ম—পূৰ্বেই বলা হয়েছে জপের নানা নিয়ম আছে। সে-সব

- ১ এতেরু সপ্তচক্রেরু স্থিতেভ্যঃ পরমেখরি। জপং নিবেদরেদেনমহোরাত্রভবং প্রিয়ে।
  - —স্তঃ শা তি ১৪।৯১-এর রাঘবভট্টকৃত টীকা
- ২ মূলাধারমণ্ডপে বর্ণবিত্দুর্লপায়ে বাদিদাস্তচ্ত্বণিষিতে গায়ত্রীসহিতায় গণনাধায় বট্শতসংখ্যজপমহর্নিশং সমর্পরামি নম:। বাধিষ্ঠানমণ্ডপে অনেকবিদ্যায়িতে বাদিলাস্তবত্বণীষিতে বত্দলপায়ে সাবিত্রীসহিতার বুজাণে অজপামস্ববৃট্সহত্রং নিবেদরামি নম:। মণিপুরমণ্ডপে নীলোৎপলমেঘনিতে তাদি-কান্তদশবর্ণানিতে দশদলপায়ে লক্ষ্মীসহিতার বিকবে বট্সহত্রজপং সমর্পরামি নম:। অনাহতমণ্ডপে তর্লারবিনিতে কাদি-ঠান্তবাদশবর্ণবৃত্তে বাদশদলপায়ে গৌরীসহিতার শিবার অজপাবট্সহত্রজপং সমর্পরামি নম:। বিভক্ষমণ্ডপে বোড্শদলকর্ণিকামধ্যে জীবান্ধনে অকারাদি-অংকারান্তে অজপাসহত্রসংখ্যজপং নিবেদরামি নম:। আজ্ঞামণ্ডপে জীচক্রপ্রতে বিদলপায়ে হক্ষবর্ণান্বিতে মারাসহিত্তরস্ত্রর একসহত্রজপং নিবেদরামি নম:। বুজারজু মণ্ডপে নানাবর্ণোজ্বলে সহত্রপন্মন্থিতায় পরমান্ধনে অকারাদি-ক্ষবাস্ত্রসহিতার একসহত্রজপং নিবেদরামি নম:।
  - ---কুলম্লাবভারকল্পত্রতীকাবচন, দ্রঃ প্রা ডো, কাগু ৩, পরিঃ ১, পৃঃ ১৬৩-১৬৪
  - ইতি জ্বপং সমর্প্য অক্টোত্তরশতসংখ্যমজপাজপং কুর্যাৎ।—ঐ
  - ৪ জঃ পূ ত, পরিশিষ্ট, পৃঃ 108
  - অক্তাঃ সংৰোধমাত্ৰেণ জীবশুক্তো ভবেয়য়ঃ ।—হয়েয়সংহিতাবচন, য়ঃ পু চ, তঃ ৬, পুঃ ৪৮৮

নিয়ম না মানলে জপ ব্যর্থ হয়। কেন না শাস্ত্রের নির্দেশ নিয়ম ব্যতিরেকে যে যা কর্ম করবে তার সে-কর্ম অক্রমদোধের জন্ম একটুও সফল হবে না।

নিয়মাবলী বিভৃত। সমস্ত নিয়মের বিবরণ দেওয়ার স্থান নাই। সেইজন্ম দৃষ্টান্তস্করণ কয়েুকটি সাধারণ নিয়মের উল্লেখ করা গেল।

তন্নিষ্ঠ তদ্যতপ্রাণ তৎচিত্ত তৎপরায়ণ হয়ে এবং তৎপদার্থান্থসন্ধান করে অর্থাৎ অন্তরে অন্তরে মন্ত্রোন্দিষ্ট দেবতার চিস্তা করে জপ করতে হবে।

দেবতা সম্বন্ধে আরও পরিষ্কার করে বলা হয়েছে বে<u>ষ্-মন্ত্রের উদ্দিষ্ট যে-দেবতা মনে মনে</u> তাঁ<u>র রূপ চিস্তা করে জপ করতে হবে।</u>

**দেবতা হয়ে মন্ত্রজপ**— শুধু তাই নয়, শাল্পের নির্দেশ দেবতা হয়ে মন্ত্রজপ করতে হবে।
শক্তিসঙ্গমতন্ত্রে নির্দেশ দেওয়া হয়েছে দেবতা হয়ে দেবতার অর্চনা করবে, দেব<u>তা না</u>
হয়ে দেবতার অর্চনা করবে না। অতএব নিজেকে বিফুস্বরূপ ভাবনা করবে। তার পর
জপ করবে। যে এরকম করে তার মন্ত্রসিদ্ধি হয়। শৈবাদি মন্ত্রজপেরও এই ক্রম।

**স্থাস ও জপ**—সাধক <u>স্থাসাদির দারা দেবতা হতে পারেন</u>। গন্ধর্বতন্ত্রে বলা হয়েছে— প্রাণায়াম ধ্যান ও স্থা<u>সের দারা দাধকের দেবশরীর হয়।</u>

এইজন্ম জুপের আদিতে ন্থাস বিহিত হয়েছে। মামুষ স্থরপতঃ দেবতা। ন্থাসাদির দ্বারা তার মনে সেই ভাবটি প্রবল এবং দৃঢ় করে দেওয়া হয়। জপের অন্যতম উদ্দেশ্য মন্ত্র তথা মেল্লেন্টির দেবতার সঙ্গে তন্ময়তাসাধন। মন দেবভাবে ভাবিত হলেই এ উদ্দেশ্য সিদ্ধ হতে পারে, নৈলে হয় না। এইজন্মই তন্ত্রের নির্দেশ—ন্যাস ছাড়া জপ করেলে জপ ব্যর্থ হয়।

- নিয়মব্যতিরেকেণ যদ্যৎ কর্ম করোতি यः। কিঞ্চিদপাস্থ ন ফলং সিদ্ধাত্যক্রমদোষতঃ।
   —কুলার্ণবিতন্তর্বচন, য়ঃ পু চ, তঃ ৬, পুঃ ৪৬৩
- ২ তন্নিষ্ঠন্তদ্গতপ্ৰাণস্তচিত্ত্তংপরায়ণঃ। তৎপদার্থামুসন্ধানং কুর্বন্ মন্তঃ শনৈর্জপেং।
  —মেরুতন্ত্রবচন, স্তঃ ঐ, পৃঃ ৫৪১
- ও যস্ত যস্ত চ মন্ত্রস্ত উদ্দিষ্টা যা চ দেবতা। চিন্তয়িত্বা তদাকারং মনসা জ্বপমাচরেং। —ভূতশুদ্ধিতন্ত্রবচন, ডঃ শা ত, উঃ ৯
- थाना प्रारेमखना भारिन नारिमर्टनवनतीत्रका ।—१ क ।।
- ৬ (i) জ্বপার্থং সর্বমন্ত্রাণাং বিভাসঞ্চ লিপিং বিনা। কৃতং তন্নিফলং বিভাজমাদাদৌ ভ্যাসং প্রিয়ে। —শা ড, উঃ ১
  - (ii) স্থাসং বিনা জপং প্রান্থরং বিকলং শিবে।—গ ত ১।১

ধ্যান ও জপ জপের আদিতে তাসের মতো ধ্যানেরও বিধান দেওয়া হয়েছে। উদ্দেশ্য একই—সাধকের দেবভাবে ভাবিত হওয়া, দেবতা হওয়া। দেবভাবে ভাবিত সাধকের জপ সার্থক হয়। তয়ের বিধান ধ্যানমুক্ত মন্ত্র জপে সাধকের শীত্র সিদ্ধিলাভ হয়। তবে বলা হয়েছে গুরুক্তক্রম অনুসারে ধ্যান করে জপ করলেই মন্ত্র সিদ্ধিপ্রদ হয়। ব

প্রাণায়াম ও জপ — গ্রাস ও ধ্যানের মতো জপুর আদিতে প্রণায়াম করাও বিধি।
ভধু আদিতে নয় অস্তেও প্রাণায়াম করতে হয়। প্রেই লক্ষ্য করা গ্রেছে প্রাণায়ামের দ্বারা
সাধক দেবশরীর লাভ করেন। প্রাণায়ামের দ্বারা চিত্তের একাগ্রতা বাড়ে ও চিত্তহৈর্ঘ
সাধিত হয়। যুক্তির বিচারে জপের আদিতে ও অস্তে প্রাণায়ামের এইটি প্রধান সার্থকতা।
অবশ্য প্রাণায়ামের যুক্তির অতীত অন্য সার্থকতাও আছে।

প্রণায়ামসহ জপকে মৃথ্য জপ বলা হয়। এরপ জপ করলে সাধক সিদ্ধযোগীশ্বর হন। কিন্তু প্রাণায়াম না করলে জপহোমার্চনাদি সব ব্যর্থ হয়।

জপ ও পূজা—জপের দঙ্গে পূজার বিধানও শাস্ত্রে দেওয়া হয়েছে। শক্তিদঙ্গমতস্ত্রে বলা হয়েছে —মন্ত্র পূজাযুক্ত করে জপ করতে হবে, শুধু মন্ত্রজ্প কর্তব্য নয়।

ড উক্ত তন্ত্ৰমতে পূজাহীন মন্ত্ৰজপকে নাম বলা হয়। প্ৰথণ একপ মন্ত্ৰজপ নামজপ, মন্ত্ৰজপ নয়।

কৌলাবলীনির্ণয়ে বলা হয়েছে পূজা ছাড়া যে-মূচ নিত্য মন্ত্রজপ করে তার সেই জপ নিফল হয় এবং সে পাপগ্রস্ত হয়।\*

মন্ত্রার্থ ও মন্ত্রহৈতক্ত্য জপ সম্বন্ধে শাস্ত্রের আরেকটি নির্দেশ মন্ত্রার্থ ও মন্ত্রহৈতক্ত অবগত হয়ে তবে মন্ত্রজপ করতে হবে। যে-সাধক তা জানেন না শতলক্ষ জপেও তাঁর মন্ত্রসিদ্ধি হয় না। > • অক্তরে বলা হয়েছে মুদ্ধার্থ মন্ত্রহৈতক্ত ও যো<u>নিমুদ্</u>ধা যিনি অবগত নন শতকোটি জপেও তাঁর সিদ্ধি হয় না। > >

- ১ আদৌ ধ্যানং ততো মন্ত্রং ধ্যানস্তান্তে মন্ত্রং রূপেং। ধ্যানমন্ত্রসমাযুক্তঃ শীঘ্রং দিধাতি সাধকঃ।—শা ত, উঃ ১
- > शानः কৃতা জপেরপ্রং গুরুক্তক্রমতো বৃধঃ। সর্বে মন্ত্রাঃ সিদ্ধিদাঃ স্থাঃ সত্যমেব ন সংশয়ঃ।—কৌ নি, উঃ ৭
- क्यांको ह क्यांत्स ह व्यागामाभः ममोहत्तर।—मा छ, छः »
- ৪ প্রাণায়ামজপো দেবি মুখাছেন প্রকীতিত:।—শ স ত, হু খ, ০।৩২৫
- প্রাণায়ায়জপাসক্তঃ সিদ্ধবোগীখরো ভবেং।—শ স ত, হু খ, ৩।২২৩
- ৬ জপস্ত পুরতঃ কার্যং প্রাণারামং সমাহিতৈঃ। অগুণা নিফলাঃ সর্বা জপহোমার্চনাদিকাঃ।—কে নি, উঃ ২
- ৭ পূজাযুক্তং জপেরান্তং ন মন্ত্রং কেবলং জপেৎ।—শ স ত, হু থ, ১১।১৭৩
- ৮ কেবলং মন্ত্রজাপস্ত নাম ইত্যাভিধীয়তে।—ঐ, তা থ, s ৬।se
- ১০ মন্ত্রার্থং মন্ত্রটেতন্ত্রং যো ন জানাতি সাধক:। শতলক্ষপ্রজপ্তোংপি তক্ত মন্ত্রো ন সিধ্যতি।—মহা ত, ৩।৩১
- ১১ মন্ত্রার্থং মন্ত্রহৈতক্তঃ যোনিমূলাং ন বেন্তি য:। শতকোটজপেনাপি তক্ত সিদ্ধি ন জায়তে। কু ত, উ: ১৫

অর্থ না জেনে মন্ত্রজপ সম্বন্ধে বলা হয়েছে অগ্নিহীন ভাগে যি চাললে অগ্নি বেমন জ্বলে না তেমনি অর্থজ্ঞানহীন মন্ত্রোচ্চারণও সফল হয় না।

যারা অর্থ না জেনে শুধু নানাবিধ শব্দোচ্চারণ করে তাদের মলয়চন্দনের ভারবাহী গর্জভের সঙ্গে উপমা দেওয়া হয়েছে।

মন্ত্রার্থ্যা—মন্ত্রার্থ্যর ব্যাখ্যার বলা হয়েছে মৃদ্ধু ও দেবতার অভেদজ্ঞান মন্ত্রার্থ।\*
যামলে বিষয়টিকে বিশদ করে বলা হয়েছে—বাচ্যুবাচকভাবে মন্ত্র ও দেবতা অভিন্ন। দেবতার
এই অভিন্ন রূপচিন্তা মন্ত্রার্থ।\*

জিবিধ মন্ত্রার্থ—তবে তন্ত্রবিশারদের। বলেন মন্ত্রার্থ গুরুমুথে বোধ্য। কারণ শান্ত্রে জিবিধ মন্ত্রার্থের উল্লেখ আছে। তন্ত্ররাজতন্ত্রের মতে সিদ্ধ সাধ্য এবং সাধক এই জিবিধ উপাসকের জ্ঞাতব্য মন্ত্রার্থ জিবিধ। সিদ্ধদের জ্ঞাতব্য মন্ত্রার্থ এই— সমস্ত মন্ত্রের উদ্য ও বিশ্রান্তিস্থল যে-পরাস্বরূপ। তাঁতে বৃদ্ধিনিবিষ্ট করতে হবে। অক্ষরাত্মক মন্ত্রের প্রত্যেকটি অক্ষরের স্বরূপ পরাস্বরূপ। কাজেই সমগ্র মন্ত্রের স্বরূপ পরাস্বরূপ। সিদ্ধরা মন্ত্রের এই অর্থের অফুসদ্ধান করবেন।

দিতীয় প্রকারের মন্ত্রার্থ— ব্যাকরণপ্রোক্ত প্রকৃতিপ্রত্যয়াদির দারা সিদ্ধ ব্যুৎপত্তি অস্থসারে যে-অর্থ পাওয়া যায়। সাধ্যেরা এই অর্থের অন্থসন্ধান করেন।

তৃতীয় প্রকারের মন্ত্রার্থ—বাচ্যবাচকসংভেদভাবনা। অর্থাৎ মন্ত্রে বাচ্যরূপ অব্যক্তাত্মক পঞ্চত্ত এবং অব্যক্তনাদ পরমার্থশক্তি বাচকরূপ অক্ষরসমূহের তাদাত্ম্যভাবনা। সাধকেরা এই মন্ত্রার্থের অফুসন্ধান করেন।

ভাস্কররায় আবার মন্ত্রের কৌলিকার্থের কথা বলেছেন। গুরু দেবতা এবং চক্রের অভিন্নতা প্রদর্শন করে তিনি লিথেছেন—এইরূপে জগন্মাতা বিছা চক্র গুরু এবং সাধক এই পাঁচের যে-ভেদাভাব তাই মন্ত্রের কৌলিকার্থ।

১ নার্থজ্ঞানবিহীনং শব্দস্যোচ্চারণং কলতি জমনি বহিংবিহীনে ন প্রক্রিপ্তং হবি জ্ঞলতি ।—ব র ২।১৪

२ व्यर्थमकानानानाः(?) नानाविश्यव एमाजभाठेवजाम् । উপय्वयम्कानेवान् मनवक्कावस्य तारेहव ।-- व २।६६

৩ মন্ত্রার্থং মন্ত্রদেবতরোরভেদজ্ঞানম্।—শা ত, উ: 🔊

৪ মন্ত্রার্থং দেবতারূপং চিন্তনং পরমেশবি । বাচ্যবাচকভাবেন অভেদো মন্ত্রদেবলোঃ।—যামলবচন, স্তঃ ঐ

মন্ত্রার্থা গুরুমুখাদ্বোধ্যঃ।—পু চ, তঃ ৬, পুঃ ६२७

৬ মন্ত্রার্থান্তিবিধা জ্ঞেরা জ্ঞাতব্যাঃ নিষ্কিকাজ্জিভিঃ। পূজাপটলসংপ্রোক্তান্ত্রিবিধাঃ স্থাক্রপাসকাঃ।
বর্ণস্তোদয়বিত্রান্তিপদে বৃষ্কিনিবেশনন্। একোন্তঃ সর্বতঃ নিষ্কবৃৎপত্তার্থাভিবীক্ষণন্।
বাচাবাচকসংভেদভাবনাদিভিরীরিতাঃ।—তঃ ত রা ত ৩৭।১৪-১৬ এবং মনোরমা

৭ ইখং মাতা বিভা চক্রং বশুরুঃ বরং চেতি। পঞ্চানামপি ভেদাভাবো সম্ভস্ত কৌলিকার্থোহরন্।—ব র ২।১০২ ১৮

কাজেই দেখা খাচ্ছে মন্ত্রের <u>অর্থ অবগত হওয়া সহজ ব্যাপার নয়</u>। এই<u>জন্মই তন্ত্রবিদেরা</u> গুরুমুথে মন্ত্রার্থ জানার কথা বলেছেন।

পুরশ্চরণ প্রদক্ষে মন্ত্রচৈতত্তের আলোচনা করা হয়েছে।

**//বোর্নিমুক্ত।**—যোনিমুক্তা কথাটি এথানে পারিভাষিক অর্থে ব্যবহৃত হয়েছে। ভূতগুদ্ধি-তক্ষে বলা হয়েছে—মূলাধারে আছে এক অতি হৃদ্দর ত্রিকোণ। তার মধ্যে আছে হৃলক্ষণ কামবীজ আর দেই <u>কামবীজোম্ভব স্বয়ম্ভলি</u>ক। সেই লিকের উপরে হংসাঞ্রিতা চিৎকলার ধ্যান করতে হবে আর ধ্যান করতে হবে সেই স্বয়ম্ভূলিঙ্গকে বেষ্টন করে অবস্থান করছেন কুণ্ডলিনী। চিৎকলায় জগন্ময়ী তেজোরূপা কুণ্ডলিনীর ধ্যান করতে হবে। তেজস্বরূপিণী কুণ্ডলিনীকে মূলাধারাদি চক্র ভেদ করিয়ে 'হংস'-মন্ত্রসহ স্বয়ুমাপথে সহস্রারে নিয়ে কেতে হবে। সেখানে দেবী সদাশিবের সঙ্গে ক্ষণমাত্র রমণ করবেন। সেই মিলন থেকে তৎক্ষণাৎ অমৃতের উদ্ভব হবে। লাক্ষারসসমন্বিত সেই অমৃত। তার দারা পরদেবতার তর্পণ করতে হবে ৷ তার পর ষট্চক্রন্থ দেবতাদের তর্পণ করে যে-পথে কুগুলিনীকে সহস্রারে নিয়ে যাওয়া হয়েছিল সেই পথে আবার মূলাধারে নিয়ে আসতে হবে। তার পর অকারাদিক্ষকারাম্ভ বর্ণমালা চিস্তা করতে হবে। মূণালতন্তুর মতো চিত্রিণী নাড়ী মতাস্তরে ব্রহ্মনাড়ী। চিস্তা করতে হবে এই নাড়ীর দ্বারা সাক্ষাৎ জাগ্রৎস্বরূপিণী মালা গ্রথিত। মন্ত্রের দ্বারা ব্যবহিত বর্ণ এবং বর্ণের দ্বারা ব্যবহিত মন্ত্র এইভাবে অন্তলোম-ও বিলোম-ক্রমে এই দর্বমন্ত্রপ্রকাশিনী বর্ণময়ী মালা গ্রন্থন করতে হবে। বর্ণমালার শেষ বর্ণ ক্ষ মেরুম্বরূপ। এটি লুজ্যন করতে নেই। বর্ণকে বিন্দুযুক্ত করে মন্ত্রের পূর্বে স্থাপন করে জপ করতে হয়। সজ্ঞানে মূলমন্ত্রের এক শ আট জপ কর্তব্য। বর্ণসমূহকে আটটি বর্গে ভাগ করে আটবার জপ করতে হবে। আটটি বর্গের আদি বর্ণ যথাক্রমে অকচটত প্য এবং শ। এই যোনিমূদ্রা। দেবীর প্রতি শিবের প্রীতিবশতঃ তিনি এই যোনিমুদ্রা প্রকাশ করলেন।<sup>১</sup>

<sup>&</sup>gt; আধারে কলমধ্যন্থ ত্রিকোণমতিজ্লরং। ত্রিকোণমধ্যে দেবেশি কামৰীজং জ্লক্ষণং।
কামৰীজোন্তবং তত্র স্বয়ন্ত্র্লিক্স্ত্রাং। তভোপরি পূর্ন ধ্যারেচিৎকলাং হংসমাঞ্রিতাং।
ধ্যামেৎ কুণ্ডলিনীং দেবীং স্বয়ন্ত্র্লিক্সবেষ্টিতাং। চিৎকলারাং কুণ্ডলিনীং তেজােরূপাং জগল্মরীং।
আধারাদীনি পল্লানি ভিত্বা তেজস্ক্রপিনীং। হংসেন মনুনা দেবীং বুজারন্তুং নয়েং স্থাঃ।
সদাশিবেন দেবেশি ক্রণমাত্রং রমেৎ প্রিয়ে। অমূতং জায়তে দেবি তৎক্ষণাৎ পরমেশ্রি।
তদ্ভবামৃতং দেবি লাক্ষারসসমন্বিতং। তেনামূতেন দেবেশি তর্পয়েং পরদেবতাং।
বট্চক্রদেবতান্তত্র সন্তর্প্যামৃতধাররা। আনয়েত্রেন মার্গেণ মূলাধারং পুনঃ স্থাঃ।
ততন্ত্র পরমেশানি অক্ষমালাং বিচিন্তরেং। চিত্রিণী বিবতস্থান্তা বুজনাত্রী মতান্তরা।
তর্মা সংগ্রনিতা ধ্যেরা সাক্ষাজ্ঞাগ্রৎবর্মপিণী। অমুলোমবিলোমেন মন্ত্রবর্ণবিভেদতঃ।

কুজিকাতত্ত্ব ষোনিমূজার গৃঢ় বিষয়টি কিঞিং বিশদ করে বলা হয়েছে। বলা হয়েছে সাধক গুজুদেশে বামপদের গুলুফসংযুক্ত করবেন, শরীর স্থির করবেন, জিহ্বার সঙ্গে তালু যুক্ত করবেন, নাসাগ্রে দৃষ্টি স্থির করবেন এবং কণ্ঠাসন করে মূলাধারনিবাসিনী ভূজকর্মপিণী কুগুলিনীকে উর্ধবাহিনী চিস্তা করবেন।

মৃলাধার থেকে আজ্ঞাচক্র পর্যস্ত প্রত্যেকটি চক্রে দেবীর পৃথক্ ধ্যান নির্দিষ্ট হয়েছে। সাধক চিস্তা করবেন সর্পর্নপিশী পরমেশ্বরী স্বয়ুমাপথে ষট্চক্রভেদ করছেন। পদেবী আজ্ঞাচক্র ভেদ করে সহস্রারে যথন পৌছান তখন সেখানে তাঁর অন্ত ধ্যান বিহিত হয়েছে।

সাধক চিদ্রূপিণী কুগুলিনীর সঙ্গে আপনাকেও চিদ্রূপ অতএব অভিন্ন মনে করবেন। অর্থাৎ কুগুলিনীর সঙ্গে স্থায় জীবাত্মাকে যুক্ত মনে করবেন, তাকে স্বয়স্ত্-আদি লিঙ্গ ভৈদ করে উদ্বর্গামী চিস্তা করবেন এবং দেবীসহ সহস্রারে গিয়ে পরশিবের সঙ্গে মিলিত ভাববেন ও সেই মিলনের ফলে কোটিস্থর্যের প্রভাযুক্ত ও কোটিচন্দ্রের শীতলতাযুক্ত পরমানন্দলক্ষণ অমৃতরূপের ভাবনা করবেন।

এই তন্ত্রের মতে সাধক চিৎশক্তিতে মন্ত্রাক্ষরগুলিকে গ্রাথিত ভাববেন এবং চিৎশক্তিকে পরমামৃতবৃংহিত পরমব্যোমে অবস্থিতা ভাববেন।

এ ছাড়া ভূতগুদ্ধিতন্ত্রে এ সম্পর্কে যা বলা হয়েছে উক্ত তন্ত্রেরও সেই একই বক্তব্য।

বোনিমুজার ব্যাখ্যা—মহাশক্তি কুগুলিনীই যোনি। আলোচ্য কুজিকাতন্ত্রের মতে
চতুর্বিধা স্বাষ্টি সেই যোনিতেই প্রবর্তিত হয়। এঁকেই সর্বসিদ্ধিপ্রদায়িনী যোনিমুলা বলা হয়।

মত্ত্বেণাস্তরিতান্ বর্ণান্ বর্ণোনাস্তরিতং মকুং। কুর্যান্ বর্ণমন্ত্রীমালাং সর্বমন্ত্রপ্রকাশিনীং।
চরমার্ণং মেকুরূপং লজ্বনং নৈব কার্যেং। স্বিন্ধু: বর্ণমূচার্য পশ্চানান্ত্রং জপেৎ সুধীঃ।
আন্ত্রোভরশতং মূল্মন্ত্রং জ্ঞানেন সংজপেং। বর্ণানামন্ত্রবর্গেণ অন্তবারং জ্ঞপেং সুধীঃ।
আনক-চ-ট-ত-প-য-শা ইত্যেবকান্তবর্গকাঃ। যোনিমূদ্রা মহেশানি তব স্নেহাং প্রকাশিতা।

<sup>—</sup>ভূতগুদ্ধিতম্বৰচন, দ্ৰঃ শা ত, উঃ ১

১ গুছদেশে বামপাদগুল্ফং সংযোজয়েৎ হৃথীঃ। শরীরঞ্চ দ্বিরীকৃত্য জিহ্বায়াং তালুকং শ্বনেৎ। নাসাগ্রং নেত্রবৃক্তঞ্চ ক'তব্যঞ্চ মহেখরি। কণ্ঠাসনং তথা কৃষা চিন্তয়েদুর্দ্ধবাহিনীন্। ভুজদ্দর্মপিণীং দেবীং মূলাধারনিবাসিনীন্।—য়: প্রা তো, কাও ১, পরিঃ ১০, ব সং, পৃঃ ৭০

সূর্মার জ্বা দেবীং চিন্তরেদ ব্যালরপিণীম। বট চক্রন্ডেদবোগেন চিন্তরেদ প্রমেশরীম।
 কুজিকাতস্তর্বচন, দ্রঃ প্রা তো, কাও ১, পরিঃ ১০, ব সং, পৃঃ ৭১

ও তরা সহিতমান্তানমেবভূত বিচিন্তয়েও। পদ্দন্তং বুজ্মার্গেণ লিক্সভেদক্রমেণ তু।
পূর্যকোটিপ্রভাকারং চক্রকোটিস্পীতলম্। অমৃতং তদ্ধি সংজ্ঞাহং পরমানন্দলকণম্।—এ পৃঃ ৭২

মন্ত্রাক্ষরাণি চিচ্ছক্তৌ প্রোতানি পরিভাবরেং। তামের পরমে ব্যোদ্ধি পরমামৃতবৃংহিতে।—ঐ

চতুর্বিধা তু সা স্টেভক্তাং বোনো প্রবর্ততে। বোনিমুদ্রেয়মাধ্যাতা সর্বসিদ্ধিপ্রদায়িকা।—ঐ

আবার যোনিমূলা এক প্রকার যোগসাধনা। শাক্তানন্দতরঙ্গিণীতে বলা হয়েছে সাধক কুলকুগুলিনীকে স্বীয় জীবাত্মাসহ যথাবিধি সহস্রারে নিয়ে গিয়ে পরমশিবের সঙ্গে মিলিত করেন, শিবশক্তির মিলনজনিত অমৃতের ছারা পরদেবতা ও বট্চক্রস্থদেবতাদের তর্পণ করে আবার তাঁকে যথাবিধি মূলাধারে নিয়ে আসেন। বার বার এরপ করতে হয়। কুগুলিনীর এই যাতায়াতের সঙ্গে সাধকের মনোলয় করতে হয়। প্রতিদিন এমনি অভ্যাস করতে করতে সাধক জরামরণজুঃখাদিমুক্ত এবং ভববন্ধনমুক্ত হয়ে যাবেন। এই পরম যোগকে যোনিমুল্রাপ্রবন্ধ বলা হয়।

তবে কোনো কোনো সাধনমর্মক্তের মতে "সোহহংভাবই সর্বোত্তম ধোনিমুন্তা। তাহাই ধোগীদের গ্রাহ্ম ধোনিমুন্তা।"

মেরের স্থপ্ত ও প্রবৃদ্ধ কাল—জপের আগে মদ্রার্থাদির মতো মদ্রের প্রবৃদ্ধকাল্ও অবগত হতে হয়। কেন না মদ্রের স্থিকালে জপ করলে সে-জপ সফল হয় না। প্রবৃদ্ধকালে জপু করলেই জপু সফল হয়।

প্রবৃদ্ধকালনির্দারণের উপায়ও শাস্ত্রে নির্দিষ্ট হয়েছে। যথন সাধকের দক্ষিণ নাসিকায় প্রাণবায়ু প্রবাহিত হয় তথন প্রবৃদ্ধ হয় আগ্নেয় মন্ত্র, যথন বাম নাসিকায় প্রবাহিত হয় তথন প্রবৃদ্ধ হয় সৌম্য মন্ত্র আর যথন প্রাণবায়ু ইড়া পিঙ্গলা এই উভয় নাড়ী দিয়ে উভয় নাসিকায় প্রবাহিত হয় তথন সব মন্ত্রই প্রবৃদ্ধ হয়।

অক্তভাবেও মন্ত্রের স্থপ্ত ও প্রবৃদ্ধ কাল নির্ণয় করা হয়। প্রাণায়ামের ছারা প্রাণবায়ু এবং অপানবায়ুর সংযোগ সাধিত হলে শিবশক্তির মিলন হয়। এই সময় সব মন্ত্রের প্রবোধকাল, অক্তসময় নিপ্রাকাল।

আবার জপের দ্বারাও মন্ত্র প্রবৃদ্ধ করার বিধান দেখা যায়। যথা—অকারাদিল.কারান্ত

বাতাদ্বাতক্রনেশৈর তত্ত্ব কুর্যায়নোলয়য় । এবমভাশুমানস্ত অহন্তহনি পার্বতি।
 জরামরণছ:থাজৈ মূচ্যতে ভববন্ধনাং। ইত্যুক্তং পরমং বোগং যোনিমুদ্রাপ্রবন্ধনম্।—শা ত, উ: ৪

২ জঃ কপিলাশ্রমীয় পাডঞ্জল বোগদর্শনের ১৷২৮ স্তত্তের ভাষাটীকা

৩ স্বাপকালে তু মন্ত্রস্ত জপো ন চ ফলপ্রক: ।—পঞ্চরাত্রবচন, দ্রঃ পু চ, তঃ ৬, পৃঃ ৫২৭

জাগ্নেয়া: সংপ্রব ধ্যন্তে প্রাণে চরতি দক্ষিণে। ভাগেহয়ুয়িন্ ছিতে প্রাণে সৌম্যা বোধং প্রবান্তি চ।
 —শা তি হাঙহ

প্রাণাপানসমাযোগাচ্ছিবশক্তোল্ভ দেলনম্। প্রবোধকালো বিজ্ঞেয় বাপকালন্ততঃ পরম্।
 —য়: শা তি ২।৬২-৬৩-এর রাঘবভট্টকৃত টীকা

৬ অ থেকে: পর্যন্ত ১৬টি অরবর্ণ, ক খেমে ম পর্যন্ত ২৭টি স্পর্ণবর্ণ এবং য র ল ব শ ব স হ ল. এবং ক এই ১১টি বর্ণের মধ্যে ল. পর্যন্ত বর্ণের জপ বিহিত। ক্ষ মেঞ্চবর্ণ বলে তার জপ হর না।

পঞ্চাশৎ বর্ণের প্রত্যেকটি বর্ণকে একবার বিন্দৃযুক্ত করে এবং মূলমন্ত্রের ঘারা পুটিত করে জপ করতে হবে। ক্ষকার শুরু পাঠ করতে হবে। শুরুপদেশ অন্থ্যারে এইরূপে জ্বপ করলে মন্ত্র প্রবৃদ্ধ হয় এবং শীঘ্র প্রিদান করে।

কুরুকা দেতু ইত্যাদি—জপেচ্ছু সাধকের কুরুকা সেতু মহাসেতু নির্বাণ প্রভৃতিরও জ্ঞান থাকা আবশ্রক। কেন না এ-সবের রহস্ত জানা না থাকলে জপ সফল হয় না।

ক্লুকা) যামলে বলা হয়েছে বিভার কুলপূজ্যত্ব হেতু তাকে কুলুকা বলা হয়। আবার বিভাসত্বদ্ধী দোষনাশনের জন্মও কুলুকা বলা হয়। এটি সর্বতন্ত্রে গোপিতা।

তত্ত্বের অভিমত—সাধক কুলুকাজপমাত্র সর্বদিদ্ধির অধীশ্বর হন। শ আর যে কুলুকা না জেনে মহামন্ত্র জপ করে তার আয়ু বিছা। যশ এবং বল নষ্ট হয়। শ

সেতু— মৃলমন্ত্র জপের সঙ্গে কুল্লুকার মতো সেতু এবং মহাসেতুও জপ করতে হয়।
মঙ্গলতত্ত্বে বলা হয়েছে সেতু ছাড়া যে মন্ত্র জপ করে তার সর্বার্থ নিট হয় এবং মৃত্যুর পর সে

সম্পূটীকৃত্য ষড়েন ল.াস্তানাছান্ সৰিন্দুকান্। পুনশ্চ সবিদর্গাস্তান্ ক্ষকারং কেবলং পঠেং।
 এবং জ্বপ্রোপদিষ্টন্টেং প্রবৃদ্ধঃ শীঘ্রদিদ্ধিদঃ।—দ্রঃ শা তি ২।৬২-৬৬-এর রাঘবভট্টকৃত টীকা

২ সঃ পুচ, তঃ ৬, পৃঃ ৫৩২-৫৩৪; প্রাতো, কাণ্ড ৪, পরিঃ ১, ৰ সং, পৃঃ ২২৪

বিভানাং কুলপুঞ্জাত্বাৎ কুলুকা তেন কীর্তিতা। বিভাসন্বজিদোবাণাং ভক্ষরতী যতঃ শিবে।
 তেনেয়ং কুলুকানামী সর্বতন্ত্রের্ গোপিতা।—বামলবচন, য়ঃ পু চ, তঃ ৬, পুঃ ৩২>

৪ দ্র: প্রা তো, কাণ্ড ৪, পরি: ১, ব সং, পৃ: ২২৩-২২৪ এবং পাদটীকা 🔹 দ্র: শা ত, উ: ১০

৬ কুলুকাজপমাত্রেণ সর্বসিদ্ধীখরো ভবেং।—দ্রঃ শা ত, উঃ ১০

৭ অজ্ঞাত্ম কুলুকাং দেবি মহামন্ত্ৰং জপেজু য:। তহ্ম নখাস্তি চত্মারি আয়ুর্বিভা যশোবলম্।

<sup>—</sup>ক্লণ্ডযামলবচন, জঃ ঐ

যামলের মতে যার হারা বিভাসিদ্ধিরূপ অর্ণব পার হওয়া যায় সেই বিভামার্গই সেতু। ৬

কোন মন্ত্রের সেতু কি হবে এ সম্বন্ধে বিভিন্ন মত আছে। সাধারণতঃ সাধকের বর্ণ অফুসারে সেতুনির্ণিয় করা হয়। যেমন নীলতঞ্জের মতে বিপ্র এবং ক্ষত্তিয়ের প্রণব সেতু, বৈশ্রের সেতু ফট আর শৃদ্রের সেতু হ্রী। চিস্ক মেরুতজ্ঞের মতে বিজ্ঞানের মন্ত্রের সেতু ওঁ আর অক্তাদের ওঁ। ওঁকে দীর্য প্রণব বলা হয়।

আবার দেবতাভেদেও সেতু ভিন্ন হয়। যেমন যামলে আছে—স্থন্দরী বা ত্রিপুরস্থন্দরীর সেতু হীঁ সৌঁ হীঁ। ভৈরবীর সেতু হীঁ ভোঁ (সাং হেং) তারার সেতু ওঁ <u>হী</u>ঁ। ভামার সেতু এঁ হুঁ এঁ। ভ্রনেশ্রীর সেতু ওঁ হ্রীঁ হীঁ ওঁ ওঁ। অন্ত দেবদেবীর সেতু ওঁ। শৃদ্রের পক্ষে সমস্ত মন্ত্রের সেতু ওঁ। শ

সাধারণতঃ শৃত্তের পক্ষে প্রণব ও স্বাহা উচ্চারণ নিষিদ্ধ। এইজন্ম এই ব্যবস্থা। কিন্তু কোনো কোনো তম্মতে তান্ত্রিক প্রণব ও স্বাহা শৃত্তের পক্ষেও বিহিত।

- যোজপেৎ পরমেশানি বিনা সেতুং মহামমুন্। তক্ত সর্বার্থহানিঃ স্থান্তে চ নরকং ব্রজেও।
   —মক্লতজ্ঞবচন, জঃ শা ত, উঃ ১০
- তল্মাৎ সর্বত্ত মন্তের চতুর্বর্ণা দিলাদয়ঃ। পার্শবেরঃ সেতুমাদায় জপকর্ম সমাচরেং।
   —মেক্লতন্ত্রবচন, ত্তঃ পু চ, তঃ ৬, পৃঃ ৫৩৩
- 🝳 বিছাসিদ্ধার্ণবে দেবি যেন পারং প্রগচ্ছতি। তেন সেতুর্মহেশানি বিছামার্গঃ প্রকীর্তিতঃ।
- ৪ বিপ্রাণাং প্রণবঃ সেতৃঃ ক্ষত্রিয়াণাং তথৈবচ। বৈশ্বানাঞ্চ কড়র্ণোহয়ং মায়া শুদ্রস্ত কথ্যতে।—নীলতত্ব, পঃ ६
- মন্ত্রাণাং প্রণবঃ সেতুর্বিজ্ঞানাং পরিকীর্তিতঃ। চতুর্দশব্বরোহন্তেবাং চক্রামুম্বারসংযুতঃ।
   —মেরুতন্তর্বচন, দ্রঃ পু চ, তঃ ৬, পুঃ ৫৩২
- भाषाबीकः সমৃদ্ভ্তা সৌভাগ্যঞ্ ততঃ পরম্। পুনর্মায়াং সমৃদ্ভ্তা বিভেয়ং এক্ষরী পরা।
   হলবীবিবয়ে সেতুং কথিতং পরমেশবি। অথ বক্ষো মহেশানি ভৈরবাাঃ সেতুম্ভমম্।
   হরপ্রিয়াং সমৃদ্ভ্তা হরসায়ং ততঃ পরম্। উদার্থসম্ভ্তা কৃষা বিল্পদ্মগ্তং কৃয়।
   ইয়ং বিভা বরারোহে ভৈরবাাঃ সেতুক্রপিণী। প্রণবং পূর্বমৃদ্ভ্তা হরেখা তদনন্তরম্।
   এবা চ ছাক্ষরী বিভা তারায়াঃ সেতুক্রচাতে। প্রথববীজমৃদ্ভ্তা বিল্পদ্মগ্রহং কৃয়।
   ক্রিলিজং ততো দেবি পুনরেশ্রম্করেং। সেতুরবা মহেশানি ভামায়াঃ পরিকীতিতঃ।
   প্রথমং দেবি হরেখা বিভয়ং ততঃ। ততক পরমেশানি প্রণব্বয়মৃচ্যতে।
   এবা বিভা মহেশানি ভ্রনেশ্বা সেতুক্রচাতে।…
  - অভ্যেষ্ দেবীদেবেষ্ প্রণবং সেতুরাপিণম্। সর্বেষাং শৃক্ষজাতীনাং উকারং সেতুরাপিণম্।
    —-বামলবচন, শা ত, উঃ ১০
- তল্পোন্তং প্রণবং দেবি বহ্নিকায়াং হয়েয়রি। প্রজপেৎ সততং শুলো নাত্র কার্যা বিচারণা।
   —ভূতগুদ্ধিতন্ত্রবচন, য়ঃ শা ত, উঃ »

মহাসেতু—দেতৃর মতো মহাসেতৃর জপও অবশ্য কর্তব্য। কেন না মহাসেতৃ ছাড়া জপ করতে নেই। যে করে শতকোটি জপেও তার সিদ্ধিলাভ হয় না।

মহাদেতুর ব্যাখ্যায় বলা হয়েছে মহাদেতু মহাবিভালাভের সন্দর্শ, মহাবিভার্ণবের তথা চৈতত্তের প্রদর্শক। মহাদেতু মহাবিভাস্বরূপ। ব

ষামলে বলা হয়েছে ত্রিপুরস্থলরীর মহাদেত হীঁ, কা<u>লীর ক্রীঁ, তারার হুঁ</u> আর<u> অক্তদের</u>

নির্বাণ—সেতু মহাসেতু প্রভৃতির মতো নির্বাণজপও জ্বপের অঙ্গ। নির্বাণশন্ধটি এখানে পারিভাষিক অর্থে ব্যবহৃত হয়েছে। রুদ্রযামলে আছে—প্রথমে প্রণব, তার পরে অ, তার পর মূলমন্ত্র, তার পর এই, তার পরে সমস্ত মাতৃকাবর্ণ, তার পরে আবার প্রণব এইভাবে মূলমন্ত্রকে পুটিত করে মণিপূরে জপ করতে হবে। এরই নাম নির্বাণ। নির্বাণ না জানলে শতকোটি বৎসর জপ করলেও সিদ্ধিলাভ হয় না।

কুল্লুকাদির জপস্থান—সাধকদেহে কুল্লুকাদির জপস্থানও নির্দিষ্ট হয়েছে। নীলতম্বে বলা হয়েছে—মৃধায় কুল্লুকা জপ করতে হবে, হৃদ্যে সেতু, বিশুদ্ধাখ্যচক্রে অর্থাৎ কৃঠে মহাসেতু এবং মণিপুরে অর্থাৎ নাভিদেশে নির্বাণজপ বিধি।

মন্ত্রশিখা—জপেচ্ছু সাধকের মন্ত্রশিখাজ্ঞান থাকাও আবশুক। মন্ত্রশিখা সম্বন্ধে তন্ত্রাস্তরে বলা হয়েছে — মূলাধারে আছেন ভুজঙ্গাকৃতি কুণ্ডলিনী শক্তি আর সেধানে আবর্তাকারে

<sup>&</sup>gt; মহাসেত্থ বিনা দেবি ন জপ্তব্যং কদাচন। শতকোটজপেনাপি ভক্তসিদ্ধি ন জায়তে।
—ক্ষুত্রধামলবচন, ঞঃ ঐ উঃ ১০

মহাবিভাপ্তিসন্দর্শো মহাসেতু মহেখরি। মহাবিদ্যার্থবস্থাথ চৈততাত প্রদর্শকঃ।
 মহাসেতুর্মহাদেবি মহাবিদ্যায়রপধৃক্।—বামলবচন, দ্রঃ পু চ, তঃ ৬, পৃঃ ৫২৯

মহাসেতৃশ্চ বেবেশি ফুল্পগা ভ্বনেখরী। কালিকায়াঃ স্বৰীজশ্চ তারায়া কুর্চ উচ্যতে।
 অল্ফোষা য় বধুৰীজং মহাসেতুর্বরাননে।—বামলবচন, য়ঃ শা ত, উঃ ১০

প্রশাসন পর্বমুক্তার মাতৃকালং সম্করেৎ। অথ মূলং মহেশানি ততো বাগ্ ভবমুক্তরেৎ।
মাতৃকাং চ সমস্তাং চ পুনঃ প্রণবম্করেং। এবং পুটিতমূলং তু প্রজপেরাণিপুরকে।
এবং নির্বাণমীশানি যো ন জানাতি পামরঃ। বর্ষকোটশতেনাপি সিদ্ধিস্তস্থ ন জারতে।

<sup>--</sup> क्रम सामनवहन, सः भू ह, जः ७, भृः ६००

৫ কুলুকাং মুদ্ধি সংজপ্য হৃদি সেতুং বিচিন্তরেও। মহাসেতুং বিশুদ্ধাথ্যে নির্বাণং মণিপুরকে।—নীলতন্ত্র, পঃ।

মূলকুণ্ডে তু যা শক্তি ভুজঙ্বা কাররূপিনী। তদ্প্রমার্থ তবাতোহয়ং প্রাণ ইত্যভিধীয়তে।
তং ত্যক্তব্যক্তমধুরং কুজন্তী সহসোথিতা। গচ্ছন্তী বুলারজ্বেণ প্রবিশন্তী পুনতকুষ্।

যাতায়াতক্রমেণৈব তত্ত্ব কুর্গায়নোলয়ন্। তেন মন্ত্রশিথা জাতা সর্বমন্ত্রপদীপিনী।

<sup>—</sup>ত জ্রাস্তরবচন, ক্রঃ পু চ, ডঃ ৬, পৃঃ ৫২৭-৫২৮

যে-বায় ঘ্রছে তাকে বলে প্রাণ। কুগুলিনী সহসা জাগ্রত হয়ে মধুর স্বরে কৃজন করেন এবং প্রাণবায়কে তাগে করে স্বয়ুমানাড়ী পথে ষট্চক্র ভেদ করে সহস্রারে গিয়ে আবার ম্লাধারে ফিরে আদেন। এই রূপে যাতায়াতক্রমে সাধকের মনোলয় করেন। এর মারা সর্বমন্ত্রপ্রীপিকা মন্ত্রশিথা জাত হয়। গুরুমুথে এই মন্ত্রশিথা অবগত হতে হয়।

দীপনী—এ ছাড়া মন্ত্রজপের পূর্বে মন্ত্রকে দীপনীযুক্ত করতে হয়। সরস্বতীতন্ত্রে আছে অন্ধকার গৃহের বে-অবস্থা, কিছুই দেখা যায় না, তেমনি অবস্থা দীপনীরহিত মন্ত্রের। মূল-মন্ত্রকে ওঁকারের দারা পুটিত করে সাতবার জপকে বলে মন্ত্রের দীপনী।

কিন্তু শাক্তানন্দতরঙ্গিণীর মতে মৃল মন্ত্রের আদিতে ও অস্তে ঐ যোগ করে অর্থাৎ মূলমন্ত্রকে ঐ ছারা পুটিত করে সাতবার জপ দীপনী।\*

মুখলোধন— মন্ত্রজপ করতে হয় মুথে জিহ্বার সাহায্যে। তন্ত্রমূতে জিহ্বা ভক্ষণের ছারা মিথ্যা বাক্যের ছারা কলহের ছারা দৃষিত। এরকুম জিহ্বা ছারা জপ কেমন করে হবে ? অন্তর্জ জিহ্বা ছারা যে-জপ করে দে পাপী। কাজেই সর্বপ্রয়ুত্বে জিহ্বাশোধন করতে হবে। মুখণোধন করলেই জিহ্বাশোধন হয়। এই জুলু জ্বপের পূর্বে মুখণোধন বিহিত। মুখণোধন না করলে জপপূজা সব ব্যর্থ হয়। মন্ত্রজপের ছারা মুখণোধন করতে হয়। নীলতন্ত্রে বলা হয়েছে খ্রীং হুং খ্রীং এই মন্ত্রের ছারা সিদ্ধিকামী ব্যক্তি মুখণোধন করবেন।

আবার দেবতাভেদেও ভিন্ন ভিন্ন মৃথশোধনমন্ত্রের বিধান দেওয়া হয়েছে। সরস্বতীতন্ত্রে বলা হয়েছে — মহাত্রিপুরস্থলরীবিছার মৃথশোধনমন্ত্র শ্রী ওঁ শ্রী ওঁ । এই বড়ক্ষর

<sup>&</sup>gt; প্রবৃদ্ধারাং মহাশক্তো প্রাণঃ শৃষ্ঠে প্রলীয়তে। (হ প্র ৪।১০)।—কুণ্ডলিনী জেগে উঠলে প্রাণবায় স্বৃদ্ধানাড়ীতে প্রলীন হয়।

অন্ধকারে গৃহে যদ্বয় কিঞ্চিৎ প্রতিভাসতে। দীপনীরহিতো মন্তর্থেব পরিকীর্ভিতঃ।
কোদিপুটিতং মন্ত্রং সপ্তবারং জপেৎ পুনঃ। দীপনীয়ং সমাধ্যাতা সর্বত্র পরমেবরি।

—সরবতীতন্ত্রবচন, ত্রঃ প্রা তো, কাণ্ড ৪ পরিঃ ১, ব সং, পৃঃ ২২৫

৩ বোনিমন্ত্রং মনোর্দ্ধত্বা চাছজ্ঞে পরমেশ্বরি। সপ্তবারং জপিত্বা তু দীপনীয়ং প্রকীতিতম্।—শা ত উঃ ১১

ভক্পৈ দ্বিতা জিহ্বা মিধ্যাবাক্যেন দ্বিতা। কলহৈ দ্বিতা জিহ্বা তৎকথং প্রজপেয়মুয়।
অগুজজিহ্বয়া দেবি যো জপেৎ স তু পাপকৃৎ। তক্মাৎ সর্বপ্রয়য়েন জিহ্বাশোধনমাচরেং।

<sup>—</sup>সর্বতীতন্ত্রবচন, দ্রঃ প্রা তো, কাণ্ড ৪, পরিঃ ১, ব সং পৃঃ ২২¢, ২২৪

<sup>ে</sup> অন্তথা প্রজপেরান্ত্রং মোহেন যদি ভাবিনি। সর্বং তক্ত বুধা দেবি মন্ত্রসিদ্ধিন জারতে।—ঐ পুঃ ২১৫

৬ আদে মারাং ততঃ কুটং পুর মারাঞ্চ ফুলরি। মুখং সংশোধয়েদেবি বদীচ্ছেৎ সিভিমৃত্যান্।

<sup>—</sup>मोनठइ, भः ध

৭ স্তঃ শা ত, উঃ ১১; প্রা তো, কাণ্ড ৩, পরিঃ ১, পৃঃ ২২৪-২২৫

ষামলের মতে স্ত্রী এবং শৃদ্রের মৃধশোধন মন্ত্র ঔ । ইতবে শূল্রাদির প্রণবঙ্গপ সম্বন্ধে তন্ত্রে নিষেধ ও বিধি উভয়ই আছে। এ বিষয়ে পূর্বেই আলোচনা করা হয়েছে।

জপক্রম—একটি ক্রম অন্থনারে জপের পূর্বোক্ত বিভিন্ন অঙ্কের অন্থর্চান বিহিত হয়েছে।
সরস্বতীতদ্বের মতে প্রথমে গুরু-আদির নাম করে প্রণাম ও পূজা করতে হবে। তার পরে
যথাক্রমে মন্ত্রশিথা মন্ত্রহৈততা মন্ত্রার্থতাবনা শিরংপদ্ম গুরুধ্যান হাদয়ে ইন্তদেবতার ধ্যান কুলুকা
শ্রেত্র মহা<u>নেত্র নির্বাণ যোনিম্ব্রাভাবনা</u> অন্তর্তান প্রাণায়াম জিহ্বাশোধন প্রাণয়ােগ দীপনী
অশৌচভঙ্ক জ্রমধ্যে বা নাসাত্রা দৃষ্টি সেতুজ্বপ আবার সেতুজ্বপ অশৌচভঙ্ক এবং প্রাণায়াম
এই-সবের যথাবিধি অন্তর্চান করতে হবে।

জপের প্রারম্ভে গুরুপ্জাদি বিষয়-সম্পর্কে মেরুতদ্বে নির্দেশ দেওয়া হয়েছে—গুরু গণপতি তুর্গা ও মাতৃকাগণকে প্রণাম করে ও তাঁদের পূজা করে স্বীয় মূলমন্ত্রজ্প সহ তিনবার প্রাণায়াম করতে হবে। তার পর ঋষাদিন্যাস ও মন্ত্রন্তাস করে ষ্ণাবিহিত পাত্রে জপমালা রেথে হৃদয়ে ইষ্টদেবতার ধ্যান করতে হবে।

১ खोनुमांनाः मरहनानि छेकात्त्रन जू स्नाधनम् ।-- यामनवहन, सः श्रू ह, जः ७, शृः ८०६

নতি গুর্বাদিনায়াদো ততো মন্ত্রশিথাং ভজেং। ততোহপি মন্ত্রহৈত জং মন্ত্রার্থভাবনা ততঃ।
 গুরুধানং শিরঃপলে ফ্রনীইধানমাহরন্। কুলুকাঞ্চ ততঃ সেতৃং মহাসেতৃমনন্তরম্।
 নির্বাণক্ষ ততো দেবি যোনিম্পাদিভাবনা। অক্সাসং প্রাণায়ামং জিহ্বাশোধনমেব চ।
 প্রাণযোগং দীপনীঞ্চ অশীচভক্রমেব চ। ক্রমধ্যে বা নসোরত্রে দৃষ্টিঃ সেতৃজ্ঞপং পুনঃ।
 সেতৃমশৌচভক্রক প্রাণায়ামমিতি ক্রমাঃ।—সরস্বতীতন্ত্রবচন, ক্রঃ প্রাত্যে, কাণ্ড ৪, পরিঃ ১, ব সং, পৃঃ ২২৫
 গুরুং গণপতিং দুর্গাং মাতৃ নিছা চ পুজনন্। কুছা অনুলমন্ত্রেণ প্রাণায়ামক্রেয়ং চরেং।
 কৃছা অস্বাদিবিস্তাসং মন্তর্জাসং তথৈব চ। ধ্যায়েচ ক্রম্বরে দেবং পাত্রে সংস্থাপ্য মালিকাম্।

—মেক্রতন্ত্রবচন, ক্রঃ পুচ, ডঃ ৬, পৃঃ ৫০৮-৫৩৯

বলা আবশ্যক এই-সব ব্যাপারে সাধককে স্বীয়ু গুরুর নির্দেশমতো সম্প্রদায়ের অনুসরণ করতে হয়। কেন না অনেক সময় একই বিষয়-সম্পর্কে তন্ত্রে মতানৈক্য লক্ষ্য করা যায়। সে-ক্ষেত্রে গুরুর নির্দেশ ভিন্ন সাধকের গত্যস্তর নাই। আমরা পূর্বেও বলেছি এই ধরণের মতানৈক্যের কারণ সম্প্রদায়ভেদ। তান্ত্রিক সাধককে সাধনার ক্ষেত্রে কোনো একটি সম্প্রদায়ের অনুসরণ করতে হয়। কাজেই তিনি সম্প্রদায়সমত শাস্ত্রবিধিরই অনুসরণ করেন। এইজন্ত শাস্ত্রের মতভেদের জন্ত তাঁর কোনো অস্ক্রিধা হয় না।

জপ-সম্পর্কে বিধিনিষেধ—জপেচ্ছু সাধককে নানা বিধিনিষেধ মেনে চলতে হয়।
প্রশ্বরণপ্রসঙ্গে দে-সম্বন্ধে প্রেই আলোচনা করা হয়েছে। এই-সব বিধিনিষেধের পর্যালোচনা
করলে এই কথাটাই স্পষ্ট হয়ে উঠে যে জপু একটি উচ্চাঙ্গের ধর্মসাধনা। কাজেই সাধককে
সেইভাবে সতর্ক সাবহিত হয়ে শ্রন্ধাসহকারে জপসাধনা করতে হয়। জুপ হেলাফেলার
ব্যাপার ন্য়, সহজ ব্যাপার নয়। হেলাফেলা করে জপ করলে সে-জপের ফলও সেইরকমই
হয়। জপসাধনার গুরুত্ব বিবেচনা করেই শাস্ত্রে এ সম্পর্কে খুঁটিনাটি বিষয়েও যথোচিত
নির্দেশ দেওয়া হয়েছে।

যেমন যামলে অস্থান্য নির্দেশ দিয়ে বলা হয়েছে—আসন না করে গুয়ে ভারে চলতে চলতে খেতে খেতে জপ করতে নেই। পথে অশিবস্থানে তিমিরালয়ে জপ নিষিদ্ধ। জুতো পরে গাড়ীতে চড়ে জপ করতে নেই, গাড়ীতে শযাশ্রমী হয়ে জপ করতে নেই, পা ছড়িয়ে জপ করতে নেই, কোনো উৎকট আসনেও জপ করতে নেই। জপকালে সাধককে মনের ব্যগ্রতা বর্জন করতে হবে।

তা ছাড়া জপেচ্ছু সাধককে বিশ্বাস আস্তিক্য করুণা শ্রন্ধা স্থনিশ্চিত-নিয়মজ্ঞান সস্তোষ এবং শুদ্ধকর্ম এ-সবের অধিকারী হতে হবে।

অত্যাহার অতিপ্রয়াস অতিভাষণ নিয়মের প্রতি অতিশয় আগ্রহ অর্থাৎ নিয়মপালনের বাড়াবাড়ি জনসঙ্গ লালসা এই-সব জপেচ্ছ, সাধকের পক্ষে বর্জনীয়।\*

জপস্থান—তন্ত্রণান্তে জপের পক্ষে প্রশন্ত স্থানাদিরও উল্লেখ আছে। যেমন বায়বীয়-

ত্রনাসনঃ শয়ানো বা গচ্ছন্ ভূঞান এব বা। র্থ্যায়ামশিবস্থানে ন জপেৎ তিমিরালয়ে।
উপানন্গ্লমনো বা যানশ্ব্যাগতন্তথা। প্রনার্য ন জপেৎ পাদাব্ৎকটাসন এব চ।
বাগ্রতাং মনসন্তৈব সাধকঃ পরিবর্জয়েং।—যামলবচন, য়ঃ পু চ, ডঃ ৬, পুঃ ৪৬৮

বিখাসান্তিক্যকরশাশ্রদানিয়মনিশ্চয়ৈ:। সন্তোবিঃ শুদ্ধকর্মাদিগুণৈ বৃক্তো জপেৎ প্রিয়ে।
 ক্রমামলবচন, য়ঃ তা ভ মু, তঃ ৮, পৃঃ ৩২৪

<sup>🎐</sup> অত্যাহাত্ত প্রয়াসন্ত প্রজল্পে নিয়মাগ্রহ:। জনসঙ্গোহণ লৌল্যং চ বড়্ভির্মক্রো ন সিধ্যতি।—ঐ

৪ জ: প্রা তো, কাণ্ড ৪, পরিঃ ২, ব সং, পু: ২৩৩

সংহিতায় বৰা হয়েছে স্থা অগ্নি ইন্দু দীপ জন বিপ্র গো এই-সবের সারিধ্যে জপ প্রশস্ত। অথবা যে-স্থানে চিত্ত প্রসন্ধ হয় সেই-স্থানে জপ প্রশস্ত।

জ্ঞপকাল—জপের কাল-দম্বন্ধে বলা হয়েছে শক্তিমন্ত্র রাত্রে জপ করতে হবে। বিশেষ করে নিশীথে জপ করলে সে-জপ অতিশয় ফলপ্রাদ হয়।

তবে সাধারণভাবে বলা যায় আচারভেদে এবং মন্ত্রভেদে জ্ঞপের কাল ভিন্ন হয়ে যায়। যেমন পশুভাবের সাধকের সম্বন্ধে বলা হয়েছে তিনি ত্রিসন্ধ্যা জপ করবেন। রাত্রে জ্ঞপ ক্রবেন না, জপ্মালা স্পর্শন্ত করবেন না। ত

বীরভাবের সাধকের সম্বন্ধে বলা হয়েছে <u>তাঁর জপের পক্ষে সূব</u> কাল্ই প্রশস্ত। সূর্বদেশে সর্বপীঠে বীরের জপ বিহিত।

কৌলাচারী সাধক-সম্বন্ধে বলা হয়েছে সর্বসিদ্ধিপরায়ণ কৌল সাধক স্ব কালে মন্ত্র জপ করতে পারেন। সর্বদা সর্বদেশে জপ তাঁর পক্ষে দোষের নয়।

মহামন্ত্রের জপ-সম্পর্কেও কোনো কালনিয়ম নাই।

জপের আসন— মাসন করে আসনে বসে জপ করতে হয়। বসবার স্থাসন ত্রকমের—
নিত্য আর কামিক। নিত্য জপের জন্ম যে আসন তাই নিত্য আর কাম্য জপের জন্ম হেস্থাসন তাই কামিক।

কুশাসনের উপর অজিনাসন তার উপরে বস্ত্রাসন এইভাবে চার আঙ্গুল উচু হহাত লম্বা হহাত চওড়া কোমল নির্মল ফুন্দর যে-আসনটি প্রস্তুত হয় তাকে বলে স্থাসন। এইটি জপসিদ্ধিদায়ক নিত্য আসন। ব

- প্রস্তায়ে গ্রেরারিন্দোর্দীপস্ত চ জনস্ত চ। বিপ্রাণাঞ্চ গরাঞ্চৈব সন্নিধৌ শস্ততে জ্বপঃ।
   অধবা নিবদেৎ তত্র যত্র চিত্তং প্রসীদতি।
  - —বায়বীয়সংহিতাবচন, স্তঃ শা তি ২৷১৩৮-১৩৯-এর রাঘবভট্টকৃত টীকা
- শক্তিমন্ত্রং জ্বপেদ্ রাজৌ বিনাপি পূজনং শুচি:। বিশেষতো নিশীথে তু তক্রাতিফলদো জপা:।
   —কুদ্রধানলবচন, দ্রঃ শা ত, উ:
- তিসন্ধাং দেবপুজা তু তিসন্ধাং জপমাচরেং। রাত্রৌ মন্ত্রং চ মালাক স্পৃশেলের ক্লাচন।
   —ভাবচূড়ামণিবচন, দ্রঃ পু চ, তঃ > পৃঃ ৮৬৪
- বীরাণাং জপকালস্ত সর্বকালঃ প্রশক্ততে। সর্বদেশে সর্বপীঠে ক'তব্যং নাত্র সংশয়ঃ।
   —য়, য়ঃ ভামারহস্ত, উঃ ৮
- मनाकानः जलनावः मर्दमिष्किनतावः। न लायः मर्वना काल्य मर्दलल्यः मर्वना।—त्को नि, छः >•
- ७ न अर्भ कालनियस्या मशामवन्त्र माधरन।-- मिक्कास्त्रमः श्रेष्टरहन, सः भू ह, छः ७, भृः ६२०
- আসনং তু দিবা প্রোক্তং নিতাকামিকভেদতঃ। কুশাজিনাম্বরৈ যুক্তং চতুরসুলমুর্নতঃ।
   চতুরস্রং দিহন্তং চ সুন্দরং মৃথ্নির্মলম্। ইদং স্বধাসনং নিতাং জপসিদ্ধিবিধায়কম্।—মেরুতয়বচন, দ্রঃ ঐ

কাম্য বা কামিক আসন-সম্পর্কে বলা হয়েছে জ্ঞানসিদ্ধির জন্ম মুগাজিন, সুর্বসিদ্ধির জন্ম ব্যান্ত্র্য, রোগনাশের জন্ম আবিক অর্থাৎ মেষলোমজাত আসন, পৃষ্টির জন্ম কৌশেয় আসন এবং শ্রীবৃদ্ধির জন্ম বৈতের আসন বিহিত।

আবার বিভিন্ন অভিচারকর্মের জন্ম বিভিন্ন আসনের বিধান দেওয়া হয়েছে। বথা স্তম্ভনে গজ্চর্ম, মারণে মহিব্দর্ম, উচ্চাটনে মেষ্চর্ম, বশীকরণে থজিগ্রাচর্ম, বিদ্বেদণে জম্বুক্চর্ম আসনরূপে নির্দিষ্ট হয়েছে। শাস্তিকর্মে গোচ্মাসন বিহিত্য

স্বৃত্তিকাদি আসন—এ-সব বসবার আসন। এ ছাড়া স্বস্তিকাসন পদ্মাসন প্রভৃতি কোনো একটি যৌগিক আসন অভ্যাস করে সেই আসনে জপাদি করতে হয়। যেমন পুরশ্চরণ-চিক্সিকায় পূর্বাক্ত নিত্য আসনের বর্ণনা করে বলা হয়েছে এই আসনের উপর স্বস্তিকাদি আসন করে বসে নিরাকুল হয়ে জপ করতে হবে। স্বস্তিক ভদ্র বীর ক্র্ম (মতাস্তরে সিদ্ধ) এই আসনচতুইর জপে প্রশস্ত। অভ্যান্ত আসন প্রসঙ্গ অহুসারে প্রশস্ত।

কিন্তাবে জপ কর্তব্য—কেমন করে জপ করতে হবে শাস্ত্রে তারও নির্দেশ আছে। যেমন মেক্তস্ত্রে বলা হয়েছে — স্তিক্ষত বা স্তিবিল্যিত জপ করতে নেই। এই ছটি বর্জন করে ক্রমে ক্রমে জপু করতে হবে।

সনৎকুমারতদ্বেরও বিধান — বিষয়সমূহ থেকে মনকে সংস্কৃত করে এবং মন্ত্রার্থে নিবিষ্ট করে জ্বতও নয় বিলম্বিতও নয় এমনিভাবে মুক্তাপঙ্ক্তির মতো জপ করতে হবে।

নির্দিষ্টসংখ্যায় জপ — যথাবিধি জপের সংখ্যা নির্দিষ্ট করে জপ করতে হয়। প প্রতিদিন সেই নির্দিষ্টসংখ্যায় জপ করা চাই, তার বেশীও নয় কয়ও নয়। প্রমাদবশতঃ কেউ যদি সে-রকম করে তা হলে তার ইষ্টফল লাভ হবে না। গ

অথ কাম্যানি বক্ষান্তে জ্ঞানসিলৈ মৃগাজিনন্। সর্বসিলৈ ব্যান্ত্রম তাবিকং রোগনাশনন্।
 কোশেয়ং পৌষ্টিকং প্রোক্তং বেত্রজং প্রীবিবর্দ্ধনম।—পু চ, তঃ ৬, পঃ ৪২০

তম্বনে গজর্চ ম স্থান্তারণে মাহিবং তথা। মৈবীর্চ ম তথোচ্চাটে খড়িগজং বগুরু মণি।
 বিবেবে জাম্ব কং প্রোক্তং ভবেদ গোর্চ ম শান্তিকে।—পুরশ্তরণচন্দ্রকাব্চন, দ্রঃ ঐ

বন্তিকাদিক্রমেণাথ বিশেৎ তত্র নিরাক্লঃ। বন্তিকং ভদ্লকং বীরং কুর্মং ( সিদ্ধং ) চেতি চতুইয়য়।
 জ্বেণ তু প্রশন্তমন্তেবাং প্রসঙ্গাদের কী তনম। —পুরল্চরণচক্রিকাবচন, পু চ, তঃ ৬, পুঃ ৪২৭

৪ ন ক্রতং বাংপি বিশ্রান্তং ক্রমান্মন্ত্রং জপেৎ হৃণীঃ।—মেরুতন্ত্রবচন, ক্র: এ, পু: 48১

মন: সংশ্ৰত্য বিষয়ায়য়ার্থগতমানস:। ন ক্রতং ন বিলম্বিতং জপেক্সোক্তিকপঙক্তিবং।

<sup>—</sup>সনংক্ষারতন্ত্রবচন ডঃ ঐ

७ अल्पायप्रः विधातन मःशाः कूर्वन् विधानजः।—च्यावज्ञावरनाभनिवः।

न न्। न न्। विकः कालि खलाः क्वीकित्न कित्न। यक्ति क्वी अभावार कु तन्हेर कनमवाध्यार।

সংখ্যা অনুসারে জপের উত্তমাদি বিভাগও লক্ষ্য করা যায়; গন্ধর্বতন্ত্র আছে—দুশ হাজার জপ উত্তম, হাজার জপ মধ্যম আর এক শ আট জপ অধ্য। এক শ আটের ক্র সংখ্যায় জপ বিহিত নয়। যথাশক্তি সংখ্যা স্থির করে যত্নসহকারে জপ করতে হবে। সংখ্যা রেখে জপ না করলে সে-জপ নিজুল হয়।

**জপমালা**—সংখ্যা রেথে জপ করতে হয় বলে জপমালা ব্যবহারের বিধান আছে। জপমালায় সংখ্যা রাখার স্থবিধা যে হয় এ বিষয়ে কোনো সন্দেহ নাই।

মালাভেদ শাল্পে মালার প্রকারভেদ করা হয়েছে। যা<u>মলের মতে মালা ত্রিবিধ</u> বর্ণ<u>মালা</u> চর্<u>মালা</u> এবং করমালা।

বর্ণমালা — যোনিমুদ্রা প্রসঙ্গে বর্ণমালার কথা বলা হয়েছে। অ-কার থেকে ক্ষ-কার পর্যন্ত মাতৃকাবর্ণের দ্বারা এই মালা গ্রথিত। এরু মধ্যে ক্ষ মেরু। মেরু বলতে ব্ঝায় "জপমালার মুখদ্বয়ের সন্ধিন্থ অগ্রবর্তী মধ্যগুলিকা।"

প্রদক্ষক্রমে বলা যায় জ<u>ণের মালায় মেরু অবশুই থাকবে</u>। কেন না মেরুহীন মালা বা মেরুলজ্মন করে রচিত মালা অশুদ্ধ। সে-মালায় জপ নিফল।\*

বর্ণ<u>মালার স্থ্র কুণ্ডলিনী</u>। মৃণ্ডমালাতন্ত্রে বলা হয়েছে পদ্মুণালের স্থ্রোকারা যে-বিচিত্রা স্ব্যুমানাড়ীগতা তাঁর দ্বারা সর্বকামফলপ্রদা এই মালা গ্রাথিত এইরূপ ভাবনা করতে হবে।

এই মালার জপক্রম এইরূপ — অকার থেকে আরম্ভ করে বর্ণমালার প্রত্যেকটি বর্ণের সঙ্গে অফুস্বার যোগ করে তার সঙ্গে মূলমন্ত্র উচ্চারণ করতে হবে, এইভাবে অফুলোমক্রমেল.কার পর্যন্ত জপ করতে হবে। ক্ষু মেকু। মেকুরূপে একবারমাত্র শুধু ক্ষু উচ্চারণ করতে

উত্তমো দশসাহত্রঃ সহত্রো মধ্যমঃ শ্বৃতঃ । অধমস্ত বিজ্ঞানীয়াদষ্টোত্তরশতং শিবে । ইতো ন্যুনং মহেশানি ন শন্তং জপক মণি । যথাশক্তি জপং কুর্ঘাৎ সংখ্যায়ৈব প্রবত্নতঃ । অসংখ্যাতং চ যজ্জপ্তং তৎসর্বং নিম্মলং ভবেৎ ।—গ ত ১৮।৪৪-৪৬

২ মালা তু ত্রিবিধা প্রোক্তা প্রথমা বর্ণমালিকা। বিতীয়া চরমালোক্তা তৃতীয়া করমালিকা। —যামলবচন, ক্রঃ পু চ, তঃ ৬, পুঃ ৪৩•

ক্রমোৎক্রমগতৈর্মালা মাতৃকার্টের ক্রমেরুকৈঃ। স্বিন্দুকৈঃ সাষ্ট্রবর্টারন্তর্যজনক মণি।
 ক্রমারতন্ত্রবচন, লঃ বৃহ ত সা, ১০ ম সং, পৃঃ ২৮

৪ মেরুহীনাচ যা মালা মেরুলজ্যাচ যা ভবেং। অগুদ্ধা তু ভবেদত্র সা মালা নিম্বলা ভবেং।
 —মুগুমালাতম্বন্দন, দ্রঃ পু চ, তঃ ৬, পুঃ ৪৩১

বিচিত্রা বিশতস্থাভা ব ক্ষনাড়ী গতা তু যা। তয়া সংগ্রম্বিতা ধ্যেয়া সর্বকামকলপ্রদা।—ঐ

অকারাদিবর্ণান্ প্রত্যেকং সবিন্দুং কুছা অনুলোমবিলোমক্রমেণ শতং সংজ্ঞপ্য অকারাদীনাং কবর্গাদীনাঞ্চান্ত্যবর্ণং সামুম্বারং কুছা পূর্বমূক্তার্থ পশ্চাৎ মন্ত্রজ্ঞপঃ কর্তব্যঃ। অনেন প্রকারেণাষ্ট্রোন্তর্গতসংখ্যজ্ঞপো ভবতি।

<sup>—</sup>বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ২৮

হবে। ক্ষুজ্পা নয়। জপের গণনায় তাকে ধরা হবে না। এবার প্রেজিরপে বিলোমক্রমে ল. থেকে আরম্ভ করে অ পর্যন্ত প্রত্যেকটি বর্ণের সঙ্গে মৃলমন্ত্র জপ করতে হবে এইভাবে অন্থলোমবিলোমক্রমে এক শ জপ হয়। এ ছাড়া বর্ণমালাকে আটটি বর্গেই ভাগ করে প্রত্যেক বর্গের শুর্ শেষ বর্গ টি অন্থলারযুক্ত করে এবং অন্থ বর্ণগুলি এমনি উচ্চারণ করে তার সঙ্গে মৃলমন্ত্র উচ্চারণ করতে হবে। এইভাবে আট জপ হয়, তা হলে মোট জপসংখ্যা দাঁড়োবে এক শ আট।

দনৎকুমারতন্ত্রের মতে এই জপ অন্তর্যজন কর্মে বিহিত। তন্ত্রদারের মতে এখানে অন্তর্যজন উপলক্ষণ। ৪ এর অর্থ বর্ণমালাজ্ঞপ বহির্যাগেও বিহিত।

**চরমালা**— রুদ্রাক্ষাদির ধে-মালা জপে ব্যবস্থৃত হয় তাকেই চরমালা বা চলা বা চঞ্চলা বলা হয়।

নানাবস্তব চরমালা শান্তবিহিত। এই-সব মালা বহির্যাগে ব্যবহার্য। কর্দুক্ষ শুখ্র পদ্মবীজ জীয়াপুত মুক্তা ফটিক মণি রত্ব স্থপ প্রবাল রোপ্য ও কুশমূল এই-সবের কোনে। একটি বস্তু নিয়ে গৃহস্থসাধকের জপমালা করতে হবে।

দেবতাতেদে মালাতেদ — বিভিন্ন দেবতার মন্ত্রজণে বিভিন্ন মালা বিহিত। মাতৃকা-ভেদতত্ত্বের মতে বিষ্ণুমন্ত্রে তুলসীমালা গণেশমন্ত্রে গজদন্তের মালা কা্লিকামত্ত্রে রুপ্রাক্ষরতার আনামত্ত্বে মহাশুদ্ধমালা জপমালারণে ব্যবহার প্রশস্ত । প্রশ্বরণচন্দ্রিকামতে ত্রিপুরামন্ত্রজণে ইন্দ্রাক্ষ এবং রক্তচন্দ্রের মালা আর নীলসরস্বতীর মৃত্রে মহাশুদ্ধমালা প্রশস্ত্র। প

অবশ্য এ বিধয়ে তত্ত্বে তত্ত্বে মতভেদ আছে। যেমন যামলে আছে ভৈরবী ও কালিকার মন্ত্রজপে স্বয়স্থ্যালা, ছিল্লমস্তার মন্ত্রজপে মহাশন্ধাস্থিমালা, বালা এবং ভ্রনেশ্রীর মন্ত্রজপে

<sup>&</sup>gt; অকারাদিল.কারান্তমমুলোম ইতি শ্বতঃ। পুন'ল.কারমারভ্য শ্রীকণ্ঠান্তং মনুং জপেং। বিলোম ইতি বিখ্যাতঃ ক্ষকারো মেরক্লচাতে।—মহা ত ৫।১৫৩-১৫৪

২ দ্র: শাভাশ, বর্ণপ্রসঙ্গ ও দ্র: পাদটীকা ১

৪ অন্তৰ্গজন ইত্যুপলক্ষণম্।—বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ২৮

<sup>—(</sup>वनान्त्रावनगराश्चावनन् अर्थः वृश्च मा, २०४ मर, मृह

বৈশ্ববে তুলদীমালা গলদকৈর্গণেখরে। কালিকারা মহামন্ত্রং জ্ঞাকেমালয়া।
 তারায়াশ্চ জপেয়ত্রী মহাশঝাধ্যমালয়া।

ত্রিপুরারা জপে শস্তা ইক্রাকৈ রক্তচন্দনৈ: । সহাশশ্বয়য়ী জ্ঞেয়া নীলদারন্বতে মনৌ।

ক্ষতিকমালা, মাতঙ্গীমন্ত্রজপে গুঞা<u>মালা,</u> ধ্মাবতীর মন্ত্রজপে থর্দস্তের মালা, বগ্<u>লার মন্ত্রজপে</u> হরিদ্রামালা ও রমার মন্ত্রজপে পদ্মবীজের মালা প্রশন্ত ।

মৃগুমালাতছে ধুমাবতীমন্ত্রপে শশানধুতুরার মালার ব্যবস্থা দেওয়া হয়েছে।

ত্রিশক্তিরত্বের বিধান—রহস্তমালা ধারা তারিণীমন্ত্র জপ করলে সিদ্ধিলাভ হয়।

বীরতন্ত্রে কালিকামন্ত্র-সমক্ষেও এই বিধান দেওয়া হয়েছে।

8

পঞ্চাশটি মণিগ্রথিত মহাশন্ধমালাকে রহস্তমালা বলা হয়। এ মালা অতিষত্নে গোপন রাথতে হয়।

মহাশশ্ব্যালা বলতে ব্ঝায় মাহ্যের ললাটাস্থি থারা নির্মিত জপমালা। এই মালা তারাবিছার জপে প্রশস্ত কর্ণ ও নেত্রের মধ্যবর্তী অস্থিকে মহাশশ্ব্য বলা হয়।
মহাশশ্ব্যালায় সর্ববিছার জপ বিহিত। যোগিনীতন্ত্রে বলা হয়েছে সর্বমন্ত্রপদীপনী বর্ণমালা ভালা। তার প্রতিনিধি ভালা মহাশশ্ব্যময়ী মালা। যার হাতে মহাশশ্ব্যমালা অর্থাৎ যে-সাধক মহাশশ্ব্যমালায় জপ করেন তাঁর সিদ্ধি অদূরবর্তী। মহাশশ্ব্যমালার অভাবে সর্বসিদ্ধিপ্রদা ক্ষতিক্যালা বিহিত।

বিভিন্ন মালার বিভিন্ন গুণ-বিভিন্ন মালার বিভিন্ন গুণও তল্পে নির্দিষ্ট হয়েছে।
সময়াচারতন্ত্রের মতে মৃক্তামালা রতিমোক্ষফলপ্রদা সর্বদিদ্ধিকরী ও সর্বরাজবশঙ্করী।
প্রবালমালা বৈশুদের পক্ষে সর্বকার্যফলপ্রদা। মাণিক্যমালা সাম্রাজ্যদায়িনী। জীয়াপুতের
মালা লক্ষ্মী ও বিভা প্রদান করে। পদ্মবীজ্ঞের মালা যুশ-ও লক্ষ্মী-প্রদা, স্বর্ণমালা ও

বয়য়ড় মালিকা দেবি ভৈরব্যাং কালিকাবিধা। ছিল্লমন্তাবিধা দেবি মহাশন্থাছিমালিকা।
 ৰালায়াং ভ্বনেখগ্যাং কাটিকী পরিকীতিতা। গুঞ্জামালা তু মাতক্সাং ধুয়ায়াং খরদস্তকা।
 হরিদ্রা বগলায়াং চ কমলাক্ষা রমাবিধা।— যামলবচন, য়ঃ ঐ, পৃঃ ৪৩৩-৪৩৪

২ শাশানধুস্টারশ্বালা জ্ঞেয়া ধুমাবতীবিধো ।—মুগুমালাতন্তবচন, দ্রঃ বৃহ ত সা, ১০ম সং, পুঃ ২৯

৩ রহস্তমালয়া জ্বপ্তা তারিণী সিদ্ধিদা ভবেং।—ত্রিশক্তিরত্নবচন, ড্রঃ পু চ, ডঃ ৬, পুঃ ৪৩৩

৪ রহস্তমালয়া জপ্তা কালিকা সর্বসিদ্ধিদা।—বীরতন্ত্রবচন, ড্র: ঐ

৬ নূললাটাস্থিওেন রচিতা জপমালিকা। মহাশব্দময়ী মালা তারাবিছাজপে প্রিয়ে। ——এ: বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ৩০

৭ মহাশদ্মাখ্যমালায়াং সর্বাং বিচ্চাং জপেৎ স্থনী: ।—মাতৃ ত ১৩।৩

৮ বর্ণমালা শুভা প্রোক্তা সবমন্ত্রপ্রদীপনী। তহ্তাঃ প্রতিনিধির্দেবি মহাশব্দমন্ত্রী শুভা।
মহাশব্দ করে যক্ত তহ্ত সিদ্ধিরদূরতঃ। তদভাবে বীরবন্দ্যে ক্লাটিকী সর্বসিদ্ধিদা।—যো ত, পঃ ২

ক্ষৃতিকমালা সর্বকামদা। রক্তচন্দনের মালা ভোগ ও মোক্ষ প্রদান করে আর রুদ্রাক্ষের মালা সর্বকামফলপ্রদা। কৌলাবলীনির্নয়াদি-তন্ত্রেও এ সম্বন্ধে বিস্তৃত বিবরণ দেওয়া হয়েছে।

অভিচারকর্মে বিভিন্ন <u>মালা ব্যবহৃত</u> হয়। পুরশ্চরণচন্দ্রিকার মতে গ<u>র্দ্ধভদস্তমালা</u> অখদস্তমালা এবং নৃদস্তমালা অভিচারকর্মে প্রশস্ত্য । \*

এই-সব বিষয়ে বিভিন্ন তন্ত্রে আলোচনা করা হয়েছে। তা ছাড়া মালার স্থতো মালার আকার মালার রুজাক্ষাদির সংখ্যা প্রভৃতি সম্বন্ধেও তন্ত্রে নির্দেশ দেওয়া হয়েছে। এই-সব বিধিব্যবস্থার বিষয় পর্যালোচনা করলে লক্ষ্য করা যায় সাধনা সম্পর্কে খুঁটিনাটি বিষয়েও শাস্ত্রের স্কুম্পষ্ট নির্দেশ আছে। সাধনা একটি অথগু বস্তু। এর প্রতিটি অংশের যথাবিহিত অফ্টানের উপর সমগ্রের সাফল্য নির্ভর করে। কারণ সমগ্র সাধনা সেইভাবেই ব্যবস্থাপিত। এইজন্যই শাস্ত্রের এই সতর্কতা।

মালাসংস্কারাদি জপে মালা ব্যবহার করার আগে মালার সংস্কার তার প্রাণপ্রতিষ্ঠা এবং মূলমন্ত্রের দ্বারা তার পূজা করতে হয়। এ-সব অন্ত্র্ষ্ঠানের যথোচিত নির্দেশ তত্ত্বে বিস্তৃতভাবেই দেওয়া হয়েছে। দেবতাভেদে এবং মার্গাদিভেদে এ-সব ভিন্ন হয়ে যায়।

প্রত্যেক মন্ত্রের পৃথক্ জপমালা—এখানে উল্লেখ করা আবশ্যক প্রত্যেক মন্ত্রের জন্ত পৃথক্ জপমালা বিহিত। কেন না যে-মন্ত্র জন্তে যে-মালা সেই মন্ত্রেই সেই মালার গ্রন্থন ও প্রতিষ্ঠা করতে হয়। সেই মালায় সেই মন্ত্রই জপ করতে হয়; অন্ত মন্ত্র জপ করতে হেয়; অন্ত মন্ত্র জপ করতে হেয়; অন্ত মন্ত্র জপ

অথ মৃক্তাময়ী মালা রতিমোক্ষলপ্রদা। সর্বসিদ্ধিকরী মালা সর্বরাজবশঙ্করী।
প্রবালমালা বৈশ্রার্থং সর্বকার্যকলপ্রদা। মাণিক্যরচিতা মালা সাম্রাজ্যকলদায়িনী।
প্রজীবকমালা সা লক্ষ্মীবিত্যাপ্রদায়িনী। পদ্মাক্ষরচিতা মালা যগোলক্ষ্মীপ্রদা সদা।
ফ্রবর্ণরচিতা মালা ক্ষাটিকী সর্বকামদা। রক্তচলন্মালা চ ভোগদা মোক্ষদা ভবেং।
রক্তাক্ষরচিতা মালা সর্বকামকলপ্রদা।—সময়াচারতন্ত্রবচন, জঃ প্রা তো, কাপ্ত ৪, পরিঃ ১, ব সং, পৃঃ ২৩০

२ की नि, छै: १२

৩ পর্মভাষনরাণাং বৈ দক্তৈরপাভিচারকৈ:।— সময়াচারতম্বচন, ক্র: পু চ, তঃ ৬, পৃ: ৪০০

৪ জঃপুচ, ডঃ৬; বৃহ ত সা, পরিঃ ১

সংস্কৃতিয়বং ৰ ধো মালাং তৎপ্রাণাংশুত্র বোজরেও। মূলমন্ত্রেণ তাং মালাং পূজরেদ্বিজ্ञসভ্ষঃ।
 —সনৎকুমারতপ্রবচন, দ্রঃ বৃহ ত সা, পরিঃ ১

৬ দ্রঃপুচ, তঃ ৬; বৃহ ত সা, পরিঃ ১ ৭ ঐ, পৃঃ ৽৽৬; ঐ, ১০ম সং, পৃঃ ৩৩, ৩৪

যেন মন্ত্রেণ যা মালা কৃতা তং তু জপেং তয় ॥ অস্তমন্ত্রজপাচ্ছাপো দেবতায়াঃ প্রজায়তে ।

<sup>—</sup>মেক্তন্ত্রবচন, ক্রঃ পু চ, তঃ ৬, পৃঃ ৪৪৪

মালাজপের প্রশালী—কেমন করে মালা জপ করতে হবে শান্ত্রে তারও নির্দেশ দেওরা হয়েছে। উদ্দেশুভেদে জপপ্রণালী ভিন্ন হয়। যেমন বৈশম্পায়নসংহিতায় বলা হয়েছে অ<u>কুঠ ও মধ্যমা এই ছই আকুল দিয়ে ম্ধ্যমার মধ্যপর্বে জপমালা চালনা করতে হবে।</u> মালাতে তর্জনীম্পর্শ হবে না। এইভাবে জপ ম্কিদায়ক।

গৌতমীয়তন্ত্রের মতে শত্রুর উচ্চাটনকর্মে তর্জনী ও অঙ্গুঠের দ্বারা মালা চ্চপ করতে হয়। অঙ্গুঠ ও মধ্যমার দ্বারা চ্চপ করলে সর্বসিদ্ধি লাভ হয়।

মালাজপে সভর্কতা—বিশেষ সতর্ক হয়ে মালাজপ করতে হয়। জ্পের সময় জপকারীর শরীরকম্পন ও মালাকম্পন নিষিদ্ধ। জপের সময় মালাতে যাতে শব্দ না হয়, মালা হাত থেকে পড়ে না যায়, মালার হতো ছিঁছে না যায়, সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হয়। কেন না তন্ত্রের অভিমত—শরীরকম্পনে নিদ্ধিহানি হয়, মালাকম্পনে বছত্বংখ ঘটে, মালাতে শব্দ হলে রোগ হয়, হাত থেকে মালা পড়ে গেলে জপকারীর বিনাশ হয় আর মালার হতো ছিঁছে গেলে তার মৃত্যু হয়। কাজেই খুব যত্ন করে জপ করতে হবে।

সবতদ্বে অবশ্য এ রকম কঠোর দণ্ডের কথা বলা হয় নি। কোনো কোনো তন্ত্রে পূর্বোক্ত কোনো ক্রটি হয়ে গেলে তার জন্ত অতিরিক্ত জপের নির্দেশ দেওয়া হয়েছে। বেমন ক্রিয়াসংগ্রহে বলা হয়েছে মালার স্তো ছিঁড়ে গেলে আবার ন্তন স্ততো দিয়ে মালা গেঁথে এক হাজার আট কিংবা এক শ আট জপ করতে হবে। তা হলেই স্তো ছেঁড়ার দোষ কেটে যাবে।

মোটকথা শাস্ত্রের অভিপ্রায় খুব সতর্কভাবে একাগ্রচিত্তে দ্বপ করতে হবে। তা সন্ত্রেও ধদি কোনো ত্রুটি ঘটে যায় তা হলে তার জন্ম প্রায়শ্চিত্তথক্কপ অতিরিক্ত জপাদি করে আবার দ্বপ করতে হবে।

করমাল।—করমালা বলতে বুঝায় "মন্ত্রজপের সংখ্যানির্ণয়ার্থ মালারূপে গণনীয় করাঙ্গুলি-পর্বসমূহ।" আঙ্গুলের গাঁটকে বলে পর্ব। সাধারণতঃ দশটি পর্বে জপের সংখ্যা গণা হয়। তবে

১ অकृष्ठेमधामाञ्जाक চालासमधामधाञ्डा। তর्জश्चा न स्पृत्तासनाः मुक्तिस्ता शननक्षमः।

<sup>—</sup>বৈশম্পায়নসংহিতাবচন, ক্রঃ বৃহ তসা, ১০ ম সং, পৃঃ ৩৪

২ তর্জগুঙ্গুযোগেন শক্তচাটনকর্মণি। অঙ্গুষ্ঠমধ্যমাবোগাং সর্বসিদ্ধিঃ স্থনিশিতা।

<sup>—</sup>গোতমীয়তন্ত্রবচন, দ্রঃ ঐ

কম্পনাৎ সিদ্ধিহানিঃ স্তাদ্ধূননং বছহুংখদম। শবেষ জাতে ভবেদ রোগঃ করন্ত্রী বিনাশকৃৎ।
 ছিল্লে সুত্রে ভবেম, ত্যুন্তমাদ্ বত্নপরো ভবেৎ।—বোগিনীয়দয়বচন, জঃ ঐ

কোন দশটি পর্ব নেওয়া হবে সে-সম্বন্ধে মতভেদ আছে। দেবতাভেদে পর্বনির্দেশ ভিন্ন হয়। আবার নয় পর্বেও জপের সংখ্যা গণার নির্দেশ লক্ষ্য করা যায়।

শক্তিমন্ত্রজপে—যামলে বলা হয়েছে—জনামার তিন পর্ব কনিষ্ঠার তিন পর্ব মধ্যমার তিন পর্ব আর তর্জনীর মূল পর্ব—এই দশ পর্বে প্রাদক্ষিণ্যক্রমে জপ করতে হবে। একেই সর্বমন্ত্রপ্রদীপিকা শক্তিমালা বলা হয়।

তন্ত্রাস্তরে বলা হয়েছে—অনামার মধ্য থেকে আরম্ভ করে কনিষ্ঠাহক্রমে তর্জনীর মূলপর্যস্ত করমালা বলে থ্যাত। এথানে কিভাবে এই করমালা জপ করতে হবে তার নির্দেশ পাওয়া যাচ্ছে।

ষ্থোনে এক শ আট জপ বিধি সেখানে পূর্বোক্ত নিয়মে এক শ জপ করার পর অনামার মূল থেকে আরম্ভ করে প্রাদক্ষিণ্যক্রমে মধ্যমার মূলপুর্যন্ত আট পূর্বে আটটি জপ করতে হবে। ও অনামার মধ্যপুর্ব মেক্ত। ।

শব্দ পর্বের করমাল। প্রেই বলা হয়েছে কোনো কোনো তন্তে নয় পর্বের করমালার উল্লেখ আছে। বেমন সিদ্ধান্তপারে বলা হয়েছে — অনামার মূলপর্ব থেকে আরম্ভ করে তর্জনীর মূলপর্বন্ত নয় পর্বে প্রাদক্ষিণ্যক্রমে জপ করতে হবে। অনামার মধ্যপর্ব মেক। বার বারে এক শ আট জপ এই করমালায় করা যায়। এটি শক্তিমন্ত্রবিষয়ক করমালা।.

করমালাজপে বিধিনিষেধ—অঙ্ট দিয়ে করমালা জপ করতে হয়। জপের সময় আঙ্লগুলি বিযুক্ত অর্থাৎ আলগা করতে নেই। আঙ্গুল আলগা করে জপ করলে ফাঁক দিয়ে জপ গলে যায় অর্থাৎ ঐভাবে জপ করলে জপ ব্যর্থ হয়। গ

- আনামারান্তরং পর্ব কনিষ্ঠারান্ত্রিপর্বিকা। মধ্যমারান্তরং পর্ব তর্জনীমূলপর্বণি।
   প্রাদক্ষিণ্যক্রমেণ্যের জপেন্দশস্থ পর্বস্থ। শক্তিমালা সমাধ্যাতা সর্বমন্ত্রপদীপিকা।—দ্রং শা ত, উং ৮
- ২ অনামামধ্যমারভ্য কনিষ্ঠানুক্রমেণ চ। তর্জনীমূলপর্যন্তা করমালা প্রকীতিতা।
  - —তক্রান্তরবচন, দ্রঃ পু চ, তঃ ৬, পৃঃ ৪৪৭
- অনামামূলমারত্য প্রাদক্ষিণ্যক্রমেণ চ। মধ্যমামূলপর্যন্তমন্ত্রপর্বহু সংক্রপেৎ।
   —হংসপারমেশ্বর্বচন, ক্রঃ বৃহ ত সা, ১০ম সং, পুঃ ২৭
- ৪ অনামামধ্যমং পর্ব মেরুং কৃতা ন লজ্বরেৎ।—সিদ্ধান্তসারবচন, ত্তঃ পু চ, তঃ ৬, পুঃ ৪৪৭
- অনামামূলমারভ্য প্রাদক্ষিণ্যক্রমেণ তু। তর্জনীমূলপর্যন্তং জপেল্লবন্থ পর্বন্থ।
   —সিদ্ধান্তিদারবচন, দ্রঃ পু চ, তঃ ৬, পুঃ ৪৪৮
- ৬ তত্রাঙ্গুলিজপং কুর্বন্ সাঙ্গুজাঙ্গুলিভির্জপেং। অঙ্গুটেন বিনা ক'ম কৃতং তল্লিজলং ভবেং।
- অসুলী ন বিষ্প্লীত জপকালে কদাচন। অসুলীনাং বিষোগেন ছিল্লেষ্ শ্ৰহতে জপঃ।
  - —মেরুতন্তরবচন, স্তঃ ঐ, পুং ৪৪৮

কারো চোথের উপর করমালা জপ করতে নেই। এইজয় বিধান দেওয়া হয়েছে হাত ছটি কাপড় দিয়ে ঢেকে এরং বুকের উপর জান হাত রেথে আঙ্গগুলি একটু বাঁকিয়ে জপ করতে হবে।

নিষেধমুখে বলা হয়েছে আঙ্গুলের <u>অগ্রভাগে জপ করতে নেই, পর্বসন্ধিতে জপ করতে</u> নেই। সে-রকম জপ নিক্ষল হয়। ১

লক্ষ্য করা গেছে জপের সংখ্যা গণনার নিয়মও লঙ্ঘন করতে নেই। পুরশ্চরণচন্দ্রিকার মতে সংখ্যাগণনার নিয়ম লঙ্ঘন করে জপ করলে সে-জপের ফল রাক্ষ্সেরা হরণ করে। ত অর্থাৎ এ রকম জপ ব্যর্থ হয়।

উৎপত্তিতন্ত্রের বিধান অন্পারে নি<u>ত্র নৈমিত্রিক এবং কার্ম্য ত্রিবিধ কর্মেই করমালা</u> ব্যবহার প্রশস্ত । করমালা দর্বদোষশৃত্ত । এর ছিন্নভিন্নাদি দোষ পাকে না। কর ষেমন সক্ষয় মালাও তেমনি অক্ষয়। পঞ্চাশদ্বর্ণরূপিণী কুগুলিনীশক্তি করমালার গ্রন্থি। অতএব করমালা মহাফলপ্রদা।

অব<u>শু এ বিষয়ে সবতন্ত্র একমত ন</u>য়। যেমন মৃগুমালাতন্ত্রের মতে করমালায় নিতাজপ কর্তব্য, কাম্যজপ কর্তব্য নয়। তবে <u>যদি চরমালা না থাকে তা</u> হলে কাম্যজপও করমালায় করা যায়।

জপসমর্পণ — জ<u>পের শেষ অহুষ্ঠান জপসমর্পণ।</u> যথাবিধি জপসমাপন করে জপফল দ্বতাকে সমর্পণ করতে হয়। জপসমর্পণের মন্ত্রটি এই—দেবি! তুমি গুহাতিগুহের রক্ষয়িত্রী। আমার জপ গ্রহণ কর। তোমার প্রসাদে আমার সিদ্ধিলাভ হোক।

হৃদয়ে হন্তমারোপ্য তির্থক্ কৃত্বা করাঙ্গুলীঃ। আড্ছাদ্য বাসসা হন্তো দক্ষিণেন জপেৎ সদা।
 — স্তঃ বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ২৭

অঙ্গুল্যগ্রেষ্ যজ্জপ্তং যজ্জপ্তং মেরলজ্বনে। পর্বসন্ধিষ্ যজ্জপ্তং তৎসর্বং নিক্ষলং ভবেৎ।
 —পুরশ্চরণচন্দ্রকাবচন, ক্রঃ পু চ, তঃ ৬, পুঃ ৪৪৮

৩ গণনাবিধিমূলজ্যা যো জপেৎ তু প্রমাদতঃ। গৃহস্তি রাক্ষদা বন্মাল্লিয়তং গণয়েদ্ ৰূখঃ।—ঐ

নিতাং নৈমিত্তিকং কাম্যং করে কুর্থাছিচক্ষণঃ। করমালা মহাদেবি সর্বদোষবিবর্জিতা।
ছিন্নভিন্নাদিলোবোহপি করে নান্তি কদাচন। অক্ষয়ন্ত কর দেবি মালা ভবতি তাদৃশী।
গ্রন্থিঃ সা কুপ্তলীশক্তিঃ পঞ্চাশদ্বর্ণরূপিনী। অতএব মহেশানি করমালা মহাফলা।
——মঃ প্রা তো, কাপ্ত ৪, পরিঃ ১, ব সং, পৃঃ ২৩১

নিতাং ক্রপং করে কুর্যায় তু কায়্যং কলাচন। কায়্যমিপি করে কুর্যায় যদি মালা ন বিভতে।
 — মুগুমালাতন্ত্রবচন, দ্রঃ পু চ, তঃ ৬, পুঃ ৪৪৯

৬ গুহাতিশুহগোপ্ত্রী বং গৃহাণাম্মংক্রতং জ্বপন্। সিদ্ধির্ভবতি মে দেবি বংগ্রসাদাং বৃদ্ধি স্থিতে।
—ক্তঃ ঐ, ভামারহন্ত, পঃ ও

शक भूष्ण এवः कूर्णामक पिरा एम्वीत वागर्रा क्रम्मूमर्भन कतरा रहा ।3

প্রসঙ্গক্রমে বলা যায় পুকুষদেবতার মন্ত্রজণ-সহক্ষেও অন্তর্ন বিধান আছে। তবে সেক্ষেত্রে সমর্পণমন্ত্রের কিঞ্চিৎ বাচিক পরিবর্তন করা হয় আর দেবতার দক্ষিণহস্তে জপসমর্পণ করা হয়।

জপসমর্পণের পরও সাধকের কিছু কৃত্য আছে। তিনি ভক্তিভরে দেবতাকে প্রদক্ষিণ করে প্রণাম করবেন। •

প্রাদক্ষিণ—দেবতাভেদে প্রদক্ষিণের প্রকারভেদ হয়। বেমন ধামলের মতে ব্রিকোণাকারে শক্তির প্রদক্ষিণ করতে হবে। শিবের প্রদক্ষিণ করতে হবে পিঠের দিক্ থেকে অর্ধচন্দ্রাকারে।

সাধারণ বিধি দেবতার প্রদক্ষিণ তিনবার কর্ত্য। তবে দেবতাভেদে আবার বিভিন্ন ব্যবস্থাও লক্ষ্য করা যায়। যেমন ভঙ্কাস্তরে বলা হয়েছে চণ্ডীর প্রদক্ষিণ একবার ফুর্যের সাত্রার গণেশের তিনবার কেশবের চারবার এবং শিবের অর্থবার । ত

প্রাম প্রাম্পর প্রকারভেদ আছে। প্রাদিতে সাষ্টান্ধ এবং প্রাম্ম প্রাম্ম প্রাম্ম বাস্থান বাস্থ্য বাস্থ্য বাস্থ্য বাস্থান বাস্থ্য বাস্থ্য বাস্থ্য বাস্থ্য বাস্থান বাস্থ্য বাস্থ্য

হুই পা হুই হাত হুই জাত্ব বুক মাথা দৃষ্টি বাক্য এবং মনের দারা যে-প্রণাম তাকে বলে অষ্টাঙ্গ প্রণাম।

আর ছুই বাছ তুই জান্তু মাথা বাক্য এবং দৃষ্টির দারা যে-প্রণাম তাকে বলা হয় পঞ্চাঙ্গ প্রণাম।

১ এবং জপং পুরা কৃত্বা গন্ধাক্ষতকুশোদকৈঃ। জপং সমর্পয়েন্দেব্যা বামহন্তে বিচক্ষণঃ।

<sup>—</sup>ऋ: भू ह, जः ७, भृ: €८०

कृषा अंशः পुता टिवः তেজा अंशः ममर्गदाः । प्रवश्च पिकतः कृष्णुणार्थवाति छिः ।

<sup>—</sup>সনংকুমারতন্ত্রবচন, দ্রঃ ঐ

৩ ততশ্চ দেবতাং ভক্তা পরিক্রমা নমেদ্বৃধঃ।—বামলবচন, এ, দ্রঃ ডঃ ৩, পৃঃ ২৫৮

৪ ত্রিকোণাকারকং দেবি শক্তেঃ কুর্যাৎ প্রদক্ষিণম্। অ ধচন্দ্রং মহেশতা পৃষ্টতক্ষ সমীরিতম।—এ

৫ ত্রিধা চ বেষ্টয়েৎ সমাগ্দেবতারাঃ প্রদক্ষিণে।—ঐ, পৃঃ ২৫৯

७ এकः छ्छाः त्रात्रो मश्च जीनि नन्तान् विनायत्क । छ्याति त्कन्त्व न्यान्डिक्का वः धनिकिन्य ।

<sup>—</sup>তন্ত্ৰাস্তরবচন, ড্র: ঐ

৭ সাষ্ট্রাঙ্গশ্বাথ পঞ্চারু: পূজাকর্মস্থ সম্মত: ।—তা ভ স্থ, তঃ ৫, পৃঃ ২৪৯

৮ পদ্ধাং করাভাগ জামুভাামুরসা শিরসা দৃশা। বচসা মনসা চৈব প্রণামোংষ্টাঙ্গ ঈরিত:।

<sup>—</sup>বৃহ ত সা, পরিঃ ২, ১০ ম সং, পৃঃ ৯৮

बाह्छारिक्व स्रान्नेखार नित्रमा वहमा पृगा । পঞ্চাক্রাহরং প্রণাম স্থাৎ পূলাক্র প্রবরাবিমৌ—ঐ

তবে ছই জাত ছুই হাত এবং মাথা বারা প্রণামের বিধানও শাল্পে আছে।

স্থাবার প্রণাম বা নমস্কারের কায়িক বাগ্ভব বা বাচিক এবং মানস এই ত্রিবিধ প্রকারভেদও করা হয়। এর মধ্যে কায়িককে উত্তম বাগ্ভবকে স্থম এবং মানসকে মধ্যম বলা হয়েছে।\*

কায়িক° বাচিক° এবং মানদ° প্রত্যেকের আবার উত্তমাদি ত্রিবিধভেদ করা হয়ে থাকে। দেবতাকে যে নানাভাবে প্রণাম করা যায় এই-সব স্ক্রভেদ তারই নিদর্শন।

শাস্ত্রবি<u>হিত মন্ত্রণাঠ করে দেবতাকে প্রণাম করতে হয়</u>। দেবতাভেদে প্রণামমন্ত্র ভিন্ন হয়ে যায়।

অধম কায়িক—পুটীকৃত্য করে শীর্ষে নমস্বারঃ প্রদীরতে। অম্পৃষ্ট্ ব জাতুশীর্ষাভ্যাং ক্ষিতিং সোহধম উচ্যতে।
—ঐ ১৬।৭৯

মধ্যম কায়িক—ক্সামুভ্যাং ক্ষিভিমস্পৃষ্ট্ । শিরসাম্পৃষ্ঠ মেদিনীম্ । ক্রিয়তে যো নমস্বারো মধ্যমঃ কায়িকস্তু সঃ ।—ঐ ১৬।৮০

- মানস উত্তমাদি—
   ইষ্টমধ্যানিষ্টগতৈ মনোভিস্তিবিধং ভবেং। নমনং মানসং প্রোক্তম্ত্রমাধ্যমধ্যমন্।—-ঐ ১৬।৯৮-৯৯
- ৬ যেমন-
  - (ক) আন্তা কালীর প্রণামমন্ত্র—নমঃ সর্বরূপিণ্যৈ জগন্ধাত্ত্যৈ নমোনমঃ।
    আন্তাহ্যৈ কালিকায়ৈ তে কঠেত্তা হতিত্য নমোনমঃ।—মহা ত ৫।৩৫
  - (থ) শিবের প্রণামমন্ত্র—নমন্ত্রাক্ষায় রুস্তায় পিনাকবরধারিণে।
    বিষ্ণুৰুক্ষেন্দ্রপূর্ণতৈয়র্চিতায় নমো নমঃ।—মহা ত ১৪।»১
  - (গ) তুর্গার প্রণামমন্ত্র—সর্বমঙ্গলার শিবে সর্বার্থসাধিকে।
    শরণ্যে ত্রাস্বকে গৌরি নারায়ণি নমোহস্ত তে।— তু স ১১ ৯

<sup>&</sup>gt; জানুভাং চৈব পাণিভাং শিরদা চ বিচক্ষণঃ। কৃত্বা প্রণামান্দেবতা দর্বান্ কামানবাপ্নু মাৎ।
——জঃ পুচ, তঃ ও, পৃঃ ২৫৯

২ কারিকো বাগ্ ভবশ্চৈব মানসন্তিবিধঃ শ্বতঃ। নমস্বারাশ্চ বিজ্ঞেরা উত্তমাধমমধ্যমাঃ—গ ত ১৬।৭৬

উত্তম কায়িক—জামুভাামবনীং গলা সংস্পৃষ্ঠ শিরদা ক্ষিতিম্। ক্রিয়তে যো নমস্বারঃ দ এব কায়িকঃ স্মৃতঃ।
 —ঐ ১৬।৭৮

তন্ত্রশাস্ত্রসম্মত জপ সম্বন্ধে সাধারণভাবে আলোচ্না করা হল। নানা সাধকসম্প্রদায়ের মধ্যে জপের নানা প্রণালী প্রচলিত আছে। সে-সব আমাদের অধিগত নয় বলে এ আলোচনার অন্তর্ভুক্ত হয় নি

## **ষোড়শোধ্যায়**

## পূজা

পূজা উপাসনা—জপের অলোচনা প্রসঙ্গে লক্ষ্য করা গেছে শাস্ত্রের অভিমত পূজা ছাড়া জপ হয় না। তথু জপ কেন, সাধারণভাবে বলা যায় পূজা ছাড়া কোনো তান্ত্রিক সাধনাই হয় না। পূজাই মুখ্য সাধনোপায়। কেন না তন্ত্রের স্বস্পষ্ট নির্দেশ সাধনায় সিদ্ধিঅভিলাষী ব্যক্তিকে সূর্বদা মানস অথবা বহিঃপূজা করতে হবে।

তম্বশাস্ত্রে পূজা অর্চনা উপাসনা প্রভৃতি পর্যায়বাচক শব্দরূপে ব্যবস্থৃত হয়েছে।

পরশুরামকল্পসত্ত্রের বৃত্তিতে রামেশ্বর লিখেছেন ভগবানের উদ্দেশ্তে নি্ধামভাবে সূর্ববন্ধতাাগ ভগবৎকথাশ্রবন ভগবন্মল্লপ ভগবানের নামস্তোত্তকীর্তন এই-সবের অক্ততম নাম উপাসনা।

উপাসনা শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ নিকটে অবস্থান। যে-ক্রিয়ার দ্বারা ভগবৎ-স্মীপে অবস্থান করা যায় তারই নাম উপাসনা। উপরে বিবৃত ক্রিয়ার দ্বারাই ভগবৎ-স্মীপে অবস্থান করা যায়, এইজন্ম এই-সব ক্রিয়ার নাম উপাসনা।

ভগবানের মন্ত্র জপ ভগবানের নামস্তোত্তকীর্তন ভগবৎপূজার অঙ্গ। কাজেই উপাসনা আর পূজায় বস্তুত: কোনো ভেদ নাই।\*

তারাভন্তিম্থার্ণব পঞ্চম তরঙ্গে 'অথ পূজা' এই শিরোনাম দিরে অগন্তাবচন উদ্ধার করা হয়েছে—ছিবিধং স্তানকমনো বাহান্তরমুপাসনম। স্তাসিনামান্তরং প্রোক্তমস্তেবাম্ভরং বিহুরিতি।—লক্ষমন্তের উপাসনা ছিবিধ বাহ্য এবং আন্তর। সন্মানীদের পক্ষে আন্তর উপাসনা এবং অ্তাদের পক্ষে উভরবিধ উপাসনা বিহিত।

তত্মাৎ পূজাং সদা কুর্যাৎ সিদ্ধার্থী মানসেহধবা ।—কৌ নি, উঃ »

২ শাক্তানন্দতর্বিনী তৃতীয় উলাদের আরম্ভেই আছে—বিনা চোপাদনং দেবি ন দদতি ফলং নৃণাম্—
উপাদনা ছাড়া আরাধ্য দেবতা মামুষকে ফল দেন না। তার পরেই তন্ত্রবচন উদ্ধার করা হয়েছে—ধায়ুত: শৃত্ত:
পূজিতো বা প্রতো বা নমিতোহপি বা। জ্ঞানতোহজ্ঞানতো বাপি পূজকানাং বিমৃত্তিদঃ।—পূজক জ্ঞানে বা
অজ্ঞানে আরাধ্যের ধান শ্বরণ পূজা ও ন্তব ক্রলে এবং তাঁকে প্রণতি জ্ঞানালে তিনি তাকে মৃত্তি প্রদান করেন।
বচনটি উদ্ধার করেই বলা হয়েছে—'ইত্যাদির্ পূজাদিকং বিনা চতুর্বগিকলং ন সম্ভবতি।'—ইত্যাদি বচনে দেখা
বার পূজাদি ছাড়া চতুর্বগিকললাভ হয় না। স্পষ্টই দেখা বাচ্ছে এখানে পূজা ও উপাদনা প্রায়বাচক শব্দরপেই
ব্যবহৃত হয়েছে।

৩ উপান্তি নাম ভগবহুদেশেন নিকামং সর্ববন্ধত্যাগঃ ভগবংকধাশ্রবর্ণ ভগবন্ধন্ধক্রপঃ ভগবন্ধামন্তোত্রকীর্তন-মিত্যেত্রক্ষতমম্।—প ৰু স্ ১০১-এর বৃত্তি

<sup>8</sup> को त्र, शृः ১১৩-১১৪, शांगिका

ব্রহ্মপ্রের (১।২।২৪ প্রের ভারের ভূমিকা) শক্তিভারে বলা হয়েছে—হবনবল্পনাদিকমপ্যপাসনবিশেবঃ।—
 হোমপ্রাদি ও উপাসনাবিশেব।

উপাত্মের সান্নিধ্যে উপাত্মের ভাবে পরিভাবিত হওয়া যথার্থ উপাসনা । পূজা সহজেও বলা হয়েছে শ্রেষ্ঠ ব্যক্তি বা তত্ত্বের সান্নিধ্যে শ্রেষ্ঠতালাভ করা পূজা । এথানেও দেখা যাচ্ছে পূজা ও উপাসনার একই রকম অর্থ।

ভাস্কররায় দেতৃবন্ধে উপাসনাকে বলেছেন মানসিক ক্রিয়াবিশেষ। কথাটার ব্যাখ্যা করে বলেছেন অন্তরাগব্যাবৃত্ত ক্রিয়াই উপাসনা। উপাসনা বিবিধ—(১) উপাস্থা দেবতার মন্ত্রজপ এবং (২) উপাস্থা দেবতার মন্ত্রপুজা। 'জপ মানসে' এই ধাতুপাঠবচন অন্ত্রমারে জপ যে মানসিক ক্রিয়া তা বোঝা যায়। পূজারও ধ্যানাদি মানস ক্রিয়া। উপচারসমর্পণগু মানস ক্রিয়া। কেননা তাতে 'ন মম' ইত্যাদি আকারে যে-মানসকল্প আছে তা আর মানস ক্রিয়া একরূপ।

দর্শনেও দেখা যায় উপাসনা শব্দটি মনোবৃত্তি অর্থে ব্যবহৃত হয়েছে। দর্শনশাস্ত্রাস্থ্যারে উপাসনা মানস ব্যাপার, ধ্যেয় বিষয়ের নিরস্তর চিস্তা। অবশ্য যে-কোনো ধ্যেয় বিষয়ের চিস্তা উপাসনা নয়। ধ্যেয় বিষয় শাস্ত্রসম্মত হওয়া চাই। শক্রাচার্য বলেছেন — যথাশাস্ত্রসমর্থিত একটি আলম্বন গ্রহণ করে তাতে সমানচিত্তবৃত্তির ধারা এমনি করে প্রবাহিত করতে হবে যাতে তার মধ্যে কোনো বিপরীত প্রত্যয় ব্যবধান স্বাষ্ট্র করতে না পারে। এরই নাম উপাসনা।

আচার্যপাদ অন্তত্র বলেছেন — শ্রুতিতে অর্থবাদাংশে দেবতার স্বরূপ যেভাবে বিবৃত্ত হয়েছে মনের ছাত্রা সেই স্বরূপের নিকটবর্তী হয়ে সেখানে মনকে স্থির রাখা ও সেই স্বরূপের চিস্তা করা উপাসনা। এই চিস্তার মধ্যে কোনো লৌকিক ব্যাপারের চিস্তা আসতে পারবে

১ পূত, মুথৰজ, পৃ: ৯ ২ ঐ

ও সা চোপাসনা মানসক্রিয়াবিশেবরূপা। তথ্যদমুরাগব্যাবৃত্তা ক্রিইরবোপাসনা। সা চ বিবিধা—
তক্মস্কর্জপরূপা তদ্যস্থপুজারূপা চেতি। জপ মানসে চেতি ধাতৃপাঠস্মতা। জপস্থ মানসক্রিয়ারূপত্বাবগমাৎ।
পূজারা অপি ধ্যানাদিরূপারাত্তথাত্বাৎ। উপচারসমর্পনর্পায়া অপি ন মমেত্যাকারকমানসসকলৈকরূপত্বাৎ।

<sup>—</sup>বা নি, পৃঃ ৬৮

উপাদনং তু যথাশান্ত্রসম্পিতঃ কিঞ্জিলালম্বনম্পাদায় তন্মিন্ সমানচিত্তবৃত্তিসন্তানকরণং ত্রিলক্ষণপ্রত্যয়ানস্তরিত্মিতি বিশেষঃ ।—ঐ

৬ উপাসনং নামোপান্তার্থবাদে যথা দেবতাদিবরপং শ্রুত্যা জ্ঞাপাতে তথা মনসোপগম্যাসনং চিন্তনং লৌকিকপ্রতায়াব্যবধানেন যাবদেবতাদিবরপাত্মাভিমানাভিব্যক্তিরিতি লৌকিকাল্মাভিমানবং।

<sup>—</sup>বৃহ উপ ১া**া**>-এর ভার

না। লোকিক দেহাদি বস্তুতে মাহুষের যেমন আত্মাভিমান আছে সেইরূপ দেবতাস্বরূপে যুক্তকণ আত্মাভিমান না হয়েছে ততক্ষণ উক্তরূপ চিন্তা করতে হবে।

উপাসনার বিষয়—দেখা বাচ্ছে শক্ষারাচার্য এখানে শ্রুতিনির্দিষ্ট দেবতার উপাসনার বিষয় বলছেন। অবলম্বন ছাড়া চিস্তা হয় না। "সগুণ বিষয় চিস্তার প্রথম অবলম্বন হওয়া উচিত। কেন না সগুণ বিষয়ের চিম্তা অপেকারুত অল্লায়াসে সম্পন্ন হইতে পারে।" ই

বিভিন্ন দেবতা <u>এই সগুণ বিষয়। বিভিন্ন দেবতা বন্ধেরই রূপ</u>। কাজেই <u>সগুণবন্ধ</u> উপাসনার সগুণ <u>বিষয়।</u>

ব্রজ্যের তুইরূপ — আচার্য শঙ্কর লিথেছেন ব্র<u>জ্যের তুইরূপ — এক নামরূপাদিবিভিন্ন</u> বিকার<u>রূপ-উপাধিযুক্ত,</u> অপর তার বিপরীত, সর্বোপাধি-বিবর্জিত ।

তিনি স্বীয় মতের সমর্থনে বিবিধ বেদাস্তবাক্য উদ্ধৃত করে লিখেছেন এমনি বহুসংখ্যক বেদাস্তবাক্যে বিভা ও অবিভা এই বিষয়ভেদে ব্রন্ধের দিরূপত্ব প্রদর্শিত হয়েছে।

আচার্যপাদ বলেছেন অবি<u>তাবেস্থায় বন্ধের উপাশু-উপাসকভেদ ব্যবহারতঃ স্বীকৃত।</u> সেই অবস্থায় কোনো কোনো বন্ধোপাসনা হয় অভ্যদয়ের জ্ঞ্ম, কোনো কোনো ব্রন্ধোপাসনা হয় কর্মসমৃদ্ধির জ্ঞা, বিশেষ গুণোপাধিভেদে উপাসনার ফলভেদ হয়। যদিও একই পরমাত্মা ঈশ্বরই বিশেষ বিশেষ গুণমুক্ত হয়ে উপাশু তথাপি ঐ বিশেষ বিশেষ গুণমুক্ত হয়ে উপাশু তথাপি ঐ বিশেষ বিশেষ গুণমুক্ত হয়ে উপাশু তথাপি ঐ বিশেষ বিশেষ

এমনিভাবে আলোচনা করে তিনি বলেছেন—এইপ্রকারে সোপাধিক ব্রহ্ম ও নিরুপাধিক ব্রহ্ম উপাস্থ ও জ্ঞেয়ব্ধপে বেদাস্তে উপদিষ্ট হয়েছেন।\*

- ১ बीला व तक त्व, हर्ष वर्ष, शृः ১৭৮
- ২ দ্বিরূপং হি ৰুক্ষাবগম্যতে নামরূপবিকারভেদোপাধিবিশিষ্টং তদ্বিপরীতঞ্চ সর্বোপাধিবিবর্জিতম্।

— ব্ৰ হু ১৷১৷১১-এর ভাষ্য

- ৩ 'ষত্র হি ছৈতমিব ভবতি তদিতর ইতরং পশুতি, যত্র ত্বস্ত সর্বমাধৈবাভূত্তং কেন কং পশ্চেৎ—বৃহ উপ ৪।৫।১৫।' 'ষত্র নাশ্চং পশুতি নাশ্বন্ধানিতি নাশ্বন্ধানিতি স ভূমা; অথ যত্রাশ্বং পশুতাশ্রন্ধানিতি তদলম্, যে কৃষা তদমৃত্য, অথ যদলং তন্মর্ত্য,—হা উপ ৭।২৪।১।' 'সর্বাণি রূপাণি বিচিত্য ধীরো নামানি কৃষাভিবদশ্যদান্তে—তৈ আ ৩।১২।৭।' 'নিহুলং নিজ্ঞিয়ং শাস্তং নিরপ্রন্ম। অমৃতক্ত পরং সেতুং দধ্যেশ্বনমিবানলম্— থে উপ ৬।১৯।' ইত্যাদি।—ব্র সু ১।১।১১-এর ভাশ্ব ৪ এং ঐ
- তক্রাবিতাবস্থায়াং বুন্ধণ উপাতেরাপাসকাদিলক্ষণং সর্বে। ব্যবহারঃ। তক্র কানিচিদ্ বুন্ধণ উপাসনাক্ষত্যালয়ার্থানি, কানিচিৎক্রমম্ক্রার্থানি, কানিচিৎকর্মসম্ক্রার্থানি। তেবাং গুণবিশেবোপাধিভেদেন ভেদং। এক এব তু প্রমান্ত্রেশ্বরেস্তর্বের্ড গ্রণবিশেবৈর্ধিনিষ্ট উপাক্ত বছাপি ভবতি তথাপি বথাগুণোপাসনমেব কলানি ভিছান্তে।—ঐ
- ৬ এবমেকমণি ৰুক্ষাপেক্ষিতোপাধিসন্ৰক্ষং নিরস্তোপাধিসন্ৰক্ষং চোপাস্তত্বেন জ্ঞেরত্বেন চ বেদাস্তে-মুপাদিস্থাত।—এ

কাজেই দেখা যাছে শহরাচার্য সোপাধিক বা স্থা<u>ন বছকে উপাত্</u>য এবং নি<u>কৃপাধিক বা</u> নিৰ্ভণ ব্ৰহ্মকে জ্বেয় বলেছেন, উপাত্য বলেন নি।

নি গুণ ব্রহ্ম উপাত্ত নি গুণ ব্রহ্ম উপাসনার বিষয় কি না এ বিষয়ে অবশ্র মততেদ আছে। যেমন প্রকাদীর মতে নি গুণ ব্রহ্মেরও উপাসনা হয়। পর্কাদীরার বলেন উত্তরতাপনীয় প্রশ্ন কঠ মাণ্ডুক্যাদি উপনিষদে নি গুণ ব্রহ্মের উপাসনা বিহিত হয়েছে। এছাড়া গীতা (৫।৫) প্রশ্নোপনিষৎ (৫।৫) ও ব্রহ্মন্থতের (৩।৩১১, ৩।৩০৩) প্রমাণ উদ্ধৃত করে এই মতের সমর্থনে বলা হয় "এইরূপ বলিতে পার না যে যেখানে আনন্দা(খা?)দি গুণের সম্চ্যু কীর্তিত হইয়াছে, সেখানে নি গুণ উপাত্ত নহেন; কারণ 'আনন্দাখাদি ও অন্ধূলখাদি গুণের ঘারা উপলক্ষিত অথতৈকরস ব্রহ্মই আমি'—এবচ্প্রকারে নি গুণজকে ব্যাহত না করিয়াও উপাসনা সম্ভবপর। এইরূপ উপাসনা করিলে ক্রমে উপাত্ত নি গুণব্রন্ধের সাক্ষাৎকার লাভ হয়।"

সাধারণভাবে বলা যায় যাঁরা নিপ্তিণ ব্রন্ধের উপাসনা সম্ভবপর মনে করেন তাঁদের মতে নিপ্তিণব্রন্ধবিষয়ক জ্ঞানের আহৃতি নিপ্তিণব্রন্ধোপাসনা। 
অক্তভাবে বলা যায় নিপ্তিণ ব্রন্ধোপাসনা।

সগুণব্রক্ষোপাসন। স্থসাধ্য—তবে নি গুণ ব্রক্ষোপাসনা সম্ভবপর হলেও এটি যে অত্যন্ত কঠিন ব্যাপার এ বিষয়ে কোনো সন্দেহ নাই। এইজন্ম শাস্ত্রে প্রথমে সগুণ ব্রক্ষোপাসনার বিধান দেওয়া হ্য়েছে। কারণ সগুণ ব্রক্ষ মনের আলম্বনবিষয় হতে পারেন বলে সগুণ ব্রক্ষোপাসনা অপেক্ষাক্রত স্থমাধ্য। এ বিষয়ের উল্লেখ পূর্বেও করা হয়েছে।

আচার্য শহরও বলেছেন এই-সব স্থা ব্রেক্সাপাসনা চিত্তগুদ্ধিকর ও বস্তুতত্ত্বের প্রকাশক হওয়ায় অবৈতজ্ঞানের অর্থাৎ নি গ্রুণ ব্রহ্মজ্ঞানের উপকারক অর্থাৎ সিহায়ক) এবং সগুণ ব্রহ্ম মনের আলম্বনবিষয় বলে সপ্তণ ব্রহ্মোপাসনা স্থসাধ্য।

এ সম্পর্কে আরেকটি বিষয় বিবেচ্য। মন্দবৃদ্ধি লোকের নিপ্তিণব্রহ্ম সম্বন্ধে কোনো ধারণাই হতে পারে না। সেইজন্ম তাদের পক্ষে সগুণ-ব্রহ্মোপাসনাই বিহিত। আচার্যপাদ

নি গ্রণবু ক্ষাতত্বস্ত ন হ্যুপান্তেরসভবঃ। সগুণবু ক্ষাীবাত্র প্রত্যয়ত্তিসভবাং।
 —পঞ্চদী, ধানদীপ প্রকরণ, ১ম ভাগ, শ্লোক ৫৫

২ উত্তরস্মিংস্তাপনীয়ে শৈব্যপ্রশ্নেহণ কাঠকে। মাণ্ডুক্যাদৌ চ সর্বত্র নিশ্ভিণোপান্তিরীরিতা।—এ, লোক ৬৩

৩ দ্রঃ উপনিষৎগ্রন্থাবলী, ২য় ভাগ, ২য় সং, পৃঃ ৩, পাদটীকা

৪ জ্রীগোব ফেলে, ৪র্থ বর্ষ, পৃঃ ১৭৮

তান্তেতানি উপাদনানি সৰ্শুদ্ধিকরছেন বস্তুত্ত্বাবভাদকছাদহৈত্ত্রানোপকারকাণি আলম্বনবিষরত্বাৎ
ক্ষসাধ্যানি।—ছান্দোগ্যভাষ্যভূমিক।

অন্তর বলেছেন — অন্তর ব্রহ্ম পরামার্থসং। তাঁতে দিক দেশ কাল গুণ গতি এবং ফলভেদ নাই। ইনি মন্দবৃদ্ধি ব্যক্তিদের কাছে অনতের মতো প্রতিভাত হন অর্থাৎ মন্দবৃদ্ধি ব্যক্তিরা মনে করে যার মধ্যে দিগুদেশকালগুণাদি নাই তা সং নয়। শ্রুতির অভিপ্রায় এই-সব লোকেরা প্রথমে সমার্গস্থ হোক তার পর ক্রমে ক্রমে এদের পর্মার্থসংও গ্রহণ করান যাবে। অর্থাৎ শ্রুতি এই-সব মন্দবৃদ্ধি ব্যক্তিদের জন্ম দিগুদেশকালগুণাদিযুক্ত ব্রদ্ধোপাদনার ব্যবস্থা দিয়েছেন।

তিনি স্বীকার করেছেন "যে-কোনো প্রকার সগুণ ব্রহ্মোপাসনার ফলেই তাঁহার ( সাধকের ) সাক্ষাৎকার ( উপাশুসাক্ষাৎকার ) লাভ হয়।"

ভন্তমতে ব্রক্ষোপাসনা— তন্ত্রের অভিমতও তাই। তন্ত্রমতে সাধনার চরম লক্ষ্য নি গুণ বন্ধ। তন্ত্রে যাকে মিন্তের বাচাশক্তি বলা হয় তা এই নি গুণ বন্ধ। আরু মিন্তের বাচকশক্তি কি গুণ বন্ধ। বাচকশক্তির উপাসনার দারাই বাচাশক্তির উপাসনা করতে হয়। মাহুষের বিশুণাত্মক চিত্তে নিস্তৈপ্তণা ব্রন্দের প্রত্যক্ষ উপলব্ধি হয় না। ইট্রমন্ত্রের সাধনার দারা সাধক্ষিত্ত মন্ত্রের বাচকশক্তিময় হয়ে যায় এবং তথ্ন সাধনার চরম অবস্থায় বাচাশক্তির উপলব্ধি হয়।

উপাসনার প্রকারভেদ—লক্ষ্য করা গেছে আচার্য শঙ্কর <u>অভ্যাদ্</u>য় ক্র<u>মম্ভি</u> ও ক্রমসমৃদ্ধি এই ত্রিবিধ ফলভেদ অহসারে সগুণবন্ধোপাসনার ত্রিবিধ প্রকারভেদ নির্দেশ করেছেন।

পূর্বে যে সগুণ ও নি গুণ ব্রন্ধের উপাসনার কথা বলা হয়েছে তা ছাড়া সগুণনি গুণ-সমুচ্চয়াত্মক আরেকটি মিশ্র উপাসনার কথাও পাওয়া যায়। মন্দ অধিকারীর পক্ষে সগুণ উপাসনা, মধ্য অধিকারীর পক্ষে সগুণনি গুণসমুচ্চয়াত্মক উপাসনা এবং উত্তম অধিকারীর পক্ষে নি গুণোপাসনা বিহিত।

দেবতার স্থল স্থা ও পর এই ত্রিবিধ মৃতিভেদে আবার উপাদনার বহির্যাগ জপ এবং

<sup>&</sup>gt; দিগ্দেশগুণগতিকলভেদশৃন্তাং হি পরমার্থসদম্বয়ং ৰুক্ষ মন্দৰ্দ্ধীনামসদিব প্রতিভাতি সন্মার্গস্থাবাদ্ ভবস্ত । ততঃ শনৈঃ প্রমার্থসদপি গ্রাহয়িম্বামীতি মন্ততে শ্রুতিঃ ।—দ্রঃ শ্রীগো ব ফে লে, ৫ ম বর্ষ, পৃঃ ১৬৪

তত্মাদবিশিষ্টকলানাং বিভানামগুতমামাদায় তৎপরঃ স্থাভাবহুপাস্থবিষয়সাক্ষাৎকরণেন তৎকলং প্রাপ্তমিতি।
 —ব স্থ ৩।৩।৫৯-এর ভায়

<sup>9</sup> P. T., Part II, and Ed., Intro , p. 651

নিংশেরসাভাদরাথ্যাভয়কলসিদ্ধার্থকসগুণনি গুণসম্চয়োপাসনাবিষয়া হি ইয়ম্পানিষৎ
 (বহ্র্চ) মধ্যমাধিকারিণমপেক্ষ্য প্রযুত্তাহন্তি। মলাধিকারিণঃ সপ্তণমাত্রোপাসকতাছ্ভমাধিকারিণো
 নিওপিমাত্রোপাসকতাচ্চ।
 নাম্পাক্তির বহ্র্চোপনিষদ্ভায়

সম্ভর্ষাগ এই তিনটি প্রকারভেদ করা হয়। এই ত্রিবিধ উপাদনাকে যথাক্রমে কায়িক বাচিক ও মানসও বলা হয়।

সৰ রজ ও তম এই ত্রিগুণভেদেও উপাসনার তিনটি প্রকারভেদ লক্ষ্য করা যায়।
এই তিন প্রকার উপাসনার প্রত্যেকটির আবার অধিকারিভেদে শুদ্ধ মিশ্র ও গলিত এই
তিনটি প্রকারভেদ করা হয়। ও এর অর্থ সান্ধিক উপাসনা ত্রিবিধ—শুদ্ধসান্ধিক মিশ্রসান্ধিক
এবং গলিতসান্ধিক। এইভাবে রাজসিক এবং তামসিক উপাসনারও প্রকারভেদ হয়।

ত্তিবিধ শক্ত্যুপাসনা—অগ্রভাবে বিচার করেও উপাসনার তিনটি প্রকারভেদ করা যায়। যেমন মহাশক্তির উপাসনা সহ্বন্ধে মহামহোপাধ্যায় গোপীনাথ কবিরাজ মহাশয় লিথেছেন — শক্তির সকল নিঙ্কল আর মিশ্র এই তিন অবস্থা। এইজগ্র শক্তির উপাসনাও বভাবতঃ সকল নিঙ্কল আর মিশ্র এই তিন শ্রেণীর অস্ক ভক্ত হয়ে পড়ে। উপাসনার ক্রম অস্কুসারে সকলভাবের উপাসনা নিকৃত্তি, মিশ্রভাবের মধ্যম আর নিঙ্কল উপাসনাই শ্রেষ্ঠ। কিন্তু আমরা সাধারণতঃ যাকে উপাসনা বলি তা এই তিন শ্রেণীর কোনোটিরই অন্তর্গত নয়। কেন না যে পর্যন্ত গুরুর কুপালৃষ্টির দ্বারা কুওলিনীশক্তির উদ্বোধন তথা স্বয়ুমামার্গে প্রবেশ না হয়েছে সেই পর্যন্ত উপাসনার অধিকারই হয় না। মূলাধার থেকে আজ্ঞাচক্র পর্যন্ত চক্রেশ্বরীরূপে শক্তির আরাধনাই নিকৃত্ত উপাসনা। কিন্তু যে-সাধক ইন্দ্রিয় আর প্রাণের গতি অবরোধ করে কুলপথে প্রবিষ্ট হতে পারেন না তাঁর পক্ষে দেবীর অধম বা নিকৃত্ত উপাসনাও সম্ভবপর নয়। সাধক ক্রমশঃ অধমভূমি থেকে যথাবিধি সাধনার দ্বারা নির্মলচিত্ত হয়ে মধ্যমভূমির উপাসনার অধিকারী হন। তার পরে উত্তম অধিকার প্রাপ্ত হয়ে ভগবতীর অবৈত উপাসনায় সিদ্ধিলাভ করেন। মান্ত্র্য যে-পর্যন্ত দ্বন্ধায় ভেদরাজ্যে বর্তমান থাকে সে-পর্যন্ত তার পক্ষে নিয়ভূমির উপাসনাই স্বাভাবিক।"

পরাপরাদিভেদ — আবার উপাসনার পরাপরাতিদও করা হয়। নিম্ভূমির উপাসনা অপরা পূজা, উচ্চভূমির উপাসনা পরা পূজা এবং মধ্যমভূমির উপাসনা এই উভয়ের মাঝামাঝি,

১ দেবতারূপত্রৈবিধ্যান্তরূপান্তিরপি ত্রিবিধা বহির্যাগজপান্তর্যাগভেদাৎ।—ত্রিপুরামহোপনিবদের ভাষররায়কৃত ভায়ভূমিকা

ত ইহ খনু শীস্ত্রিপুরস্কার্যাঃ স্থলস্ক্রপররূপভেদেন ত্রিবিধায়া উপান্তিরূপা ক্রিয়াহপি ত্রিবিধা—কায়িকী বাচিকী মানসী চেতি।—ভাবনোপনিবদের ১ম মস্ত্রের ভাস্কররায়কৃত ভাষ্য

৩ তত্র নিতাং ত্রিধা প্রোক্তং গুণত্ররবিভেদতঃ। অধিকারিবিভেদেন তদপি ত্রিবিধং ছবেং।

<sup>—</sup>মেরুভন্তরবচন, জঃ পু চ, তঃ ১, পৃঃ ৩২

<sup>8</sup> मेर्सिमाधनां, क म ख, शृः ध्र

একে মিশ্র বলা যায়। পূর্বোক্ত সগুণ নির্ত্তণ এবং সগুণনি গুণসম্চ্য়াত্মক এই ত্রিবিধ উপাসনা আর আলোচ্য ত্রিবিধ উপাসনা বস্তুতঃ অভিন্ন।

শীচক্রের পূজাদিকে অপরা পূজা বলা হয়। এ সম্বন্ধে কবিরাজ মহাশয় লিথেছেন—
"চতুরত্র থেকে বৈন্দবচক্র পর্যন্ত অথবা মূলাধার থেকে সহস্রদলপদ্ম পর্যন্ত সদল আবরণদেবতাদিসহ সমগ্র দেবীচক্রের উপাসনাই কর্মাত্মক অপরা পূজা। এই পূজা অর্থাৎ ষ্ট্চক্রের
ক্রিয়ারূপ অফুষ্ঠান অবলম্বন করে অগ্রসর হতে না পারলে চিত্তে কখনো অভেদজ্ঞানের উদয়
হতে পারে না। মহাপুরুষেরা বলেন স্বয়ং শহরও ভগবতীর অপরা পূজা করে থাকেন।" >

মধ্যভূমির উপাদনা মধ্বন্ধ তিনি লিখেছেন—"মধ্যভূমিতে উপনীত দাধকের ভেদাভেদঅবস্থার উপলব্ধি হয়। তথন সম্চিত জ্ঞান ও কর্মের আবির্ভাব হয় এবং আন্তর অবৈতধামে
ক্রমশঃ বাহ্য চক্রাদির লয় হয়ে যায়।" দেখা যাচ্ছে এই ভূমিতে অপরা পূজা থাকে। কারণ
এতেও ভেদজ্ঞান বিভ্যমান।

মধ্যভূমিতে "যথন জ্ঞানে কর্মের পরিদমাপ্তি হয়ে যায় তথন অভেদ অর্থাৎ অবৈতভূমির ক্ষুরণ হয় আর দাধক পরাপূজার নিত্য-অধিকার স্বভাবতই পেয়ে যান। একমাত্র পরম শিবের ক্ষুরণ বা ব্রহ্মজ্ঞানই পরাপূজার নামান্তর। এই জ্ঞান অথবা পরম তত্ত্বের বিকাদ লোকিক জগতে কারো বোধগম্যই হয় না।"

গ্রাহ্মালম্বনাদি উপাসনা— মাতৃভাবের উপাসনা আলমনভেদেও ত্রিবিধ। যথা গ্রাহ্মালম্বনা গ্রহণালম্বনা এবং গ্রহীত্রালম্বনা উপাসনা। তিন থেকে পাঁচ বছরের শিশুর মায়ের প্রতি যে-ভাব সেই-ভাব নিয়ে যে-উপাসনা তাই গ্রাহ্মালম্বনা। এই বয়সের শিশু অস্ততঃ এইটুকু বোঝে যে তার যা কিছু চাই সব মায়ের কাছেই মিলবে। ভক্তও তেমনি কাম্য বস্তুর আশাতেই গ্রাহ্মালম্বনা উপাসনা করেন।

জন্ম থেকে ত্বছর বয়স পর্যস্ত শিশু সাধারণতঃ স্তন্তপায়ী হয়ে থাকে। এই শিশু মাকে ছেড়ে থাকতে পারে না, সব সময় মায়ের কোলে উঠতে চায়, মা ছাড়া কিছুই সে চায় না। এই শিশুর ভাব অবলম্বন করে যে-উপাসনা তার নাম গ্রহণালম্বনা।

মাতৃগর্ভস্থ শিশু যেমন মায়ের থেকে অবিচ্ছিন্ন, মাই যেমন তার একমাত্র আপ্রায়, তেমনি অবস্থা তেমনি ভাব যে-দাধকের, তাঁর উপাদনা গ্রহীত্রালাম্বনা। প্রথম উপাদনার দৃষ্টাস্ক স্থরথ রাজা, দ্বিতীয়ের সমাধি বৈশ্য এবং তৃতীয়ের মহর্ষি বামদেব।

**ত্রক্ষোপাসনা ও প্রতীকোপাসনা**—অন্তবিচারে উপাসনাকে আবার দ্বিবিধ বলা

১ শক্তিসাধনা ক শ অ, পৃঃ ৬২-৬৩ ২ ঐ, পৃঃ ৬৩ ৩ ঐ

৪ বন্ধস্তের (১।৩১) শক্তিভার ।—স্তঃ শক্তিভারন্, পৃঃ ১৫৩-১৫৪

হয়েছে। সায়ণাচার্য ঐতরেয়-আরণ্যকের ভায়ে লিথেছেন উপাসনা দিবিধ—ব্রহ্মোপাসনা এবং প্রতীকোপাসনা। সগুণব্রহ্মের চিস্তা ব্রহ্মোপাসনা। আর লৌকিক পদার্থের প্রবল বাসনাযুক্ত অর্থাৎ সংস্কারযুক্ত চিত্ত সেই বাসনা পরিত্যাগ করে ব্রহ্মে প্রবেশ করতে পারে না বলে ব্রহ্মভাবনায় অর্থাৎ ব্রহ্মদৃষ্টিতে লৌকিক বস্তুর ষে-চিস্তা করা হয় তাকে বলে প্রতীকোপাসনা আবার দিবিধ—ষক্তবহি ভূত এবং ষ্ক্রাঙ্গ।

যঙ্গের অঙ্গ উদ্গীথ দাম প্রভৃতি অবলম্বন করে যে-প্রতীকোপাদনা হয় তাই মজ্ঞাঙ্গ প্রতীকোপাদনা। যজ্ঞাঙ্গ ভিন্ন শাস্ত্রীয় অন্ত প্রতীক অবলম্বন করে যে-উপাদনা বিহিত তাই মজ্ঞবহি ভূত প্রতীকোপাদনা। "ঐ সকল প্রতীক বৈদিক পৌরাণিক এবং তান্ত্রিক হুইতে পারে। যথা বৈদিক ওঁকরে, পৌরাণিক প্রতিমা বা তান্ত্রিক যন্ত্র ইত্যাদি।" ই

সম্পদ্ ও অধ্যাস—অগ্রভাবেও প্রতীকোপাসনার ছটি প্রকারভেদ করা হয়ে থাকে।
একটিকে বলা হয় সম্পদ্ অপরটিকে অধ্যাস। চিৎস্থাচার্যের মতে কানো তুচ্ছ বস্তকে
অবলম্বন করে কোনোরপ সাদৃশ্রহেতু তাতে মহৎ বস্তর দর্শন সম্পদ্। যেমন মনের
অনস্তরপত্বসাদৃশ্রহেতু বিশ্বরপত্বদর্শন সম্পদ্।

অথবা যেমন "অশ্বমেধাদি মহৎ কর্মের সহিত কোনও সাদৃশ্য অবলম্বনে অগ্নিহোত্রাদি অল্লফল কর্মকে অশ্বমেধাদির ক্রায় মহৎফলবান মনে করা" সম্পদ।

সম্পত্পাসনায় আরোণ্যের প্রাধান্ত আর অধ্যাস-উপাসনায় অধিষ্ঠানের প্রাধান্ত। 
সম্পত্পাসনায় অধিষ্ঠান বা আলম্বনকে অবিভ্যমানপ্রায় করে দেওয়া হয়।

অধ্যাদে আলম্বনের স্বরূপকে তিরোহিত না করে আলম্বনেই আরোপ্যের চিন্তা করা হয়। ছাল্ফোগ্য উপনিষদে নামকে ব্রহ্মবৃদ্ধিতে উপাসনার কথা বলা হয়েছে।

একে বলা যায় নামে ব্রহ্মবৃদ্ধির অধ্যাস। শঙ্করাচার্য বলেছেন নামে ব্রহ্মবৃদ্ধির অধ্যাস হলেও নামবৃদ্ধি ব্রহ্মবৃদ্ধির অন্তবর্তন করে, ব্রহ্মবৃদ্ধির ছারা নিবৃত্ত হয় না, অথবা প্রতিমাদিতে

<sup>&</sup>gt; তচ্চোপাদনং দ্বিধং ৰুকোপাদনং প্ৰতীকোপাদনং চেতি। ৰুন্ধণ এব গুণবিশিইছেন চিন্তনং ৰুজোপাদনম্। প্ৰৰললোকিকপদাৰ্থবাদনোপেতস্ত তৎপরিত্যাগেন ৰুন্ধণি চিত্তস্থাপ্ৰবেশাদ্ ৰুন্ধভাবনয়া লোকিক-বস্তুনশিস্তনং প্ৰতীকোপাদনম্। তচ্চ প্ৰতীকং দ্বিবিং যজ্ঞাদ্ ৰহিৰ্ভূতং যক্ষাজ্ঞকেতি।—ঐ আ ২০১২-এর ভায়

২ উপনিষৎগ্রন্থাবলী, ২য় ভাগ, ২য় সং, ভূমিকা, পৃঃ ৭

৩ সম্পন্নাম অল্পে বস্তুনি আলম্বনে কেনচিৎ সামাজেন মহাবস্তুদর্শনম্। যথা মনসোংনস্তুত্সামাজেন বিখনেবত্বদর্শনম্। তথানে তু আলম্বনজৈবেতি।—ভাজভাবপ্রকাশিকাবচন, লঃ ঐ, পুঃ ৮, পাদটীকা ১

৪ স্র: ঐ, ৩য় ভাগ, ১৩৫১, পৃঃ ২১০, পাদটীকা ৩

আরোপ্যপ্রধানা সম্পৎ অধিষ্ঠানপ্রধানোহধ্যাসঃ।—বেদান্তকল্পতরু ১।১।৪

৬ স যো নাম ৰুক্ষেত্যুপাত্তে যাবল্লামো গতং তত্তান্ত ক্ৰাকামচাল্লো ভ্ৰতি।—ছা উপ ৭।১।৫

বিষ্ণাদিবৃদ্ধির অধ্যাস করলেও প্রতিমাবৃদ্ধি বিলুপ্ত হয় না, বিষ্ণাদিবৃদ্ধির অভুবর্তন করে।

কাব্দেই দেখা যাচ্ছে অধ্যাস-উপাসনায় আলম্বনকে বজায় রেখে তাতেই আরোপ্যের চিস্তা করা হয়ে থাকে।

আহংগ্রহোপাসনা—শান্তে অহংগ্রহোপাসনা বলে একপ্রকার উপাসনার উল্লেখ আছে।
অপ্লয়দীক্ষিতক্বত ভাবনোপনিষদের ভায়ে এই শ্রুতিটি উদ্ধৃত হয়েছে—'ছং বাহমস্মি ভগবো
দেবতেহহং বৈ স্বমিন'—ভগবতি দেবতে! তুমি আমি এবং আমি তুমি। এর অর্থ
দেবতাই অর্থাৎ সাধ্যই অহং অর্থাৎ সাধক এবং সাধকই সাধ্য। এমনিভাবে ব্রহ্মকে
অহংরূপে এবং অহংকে ব্রহ্মব্ধপে উপাসনা করার নাম অহংগ্রহোপাসনা।

সাধারণভাবে উপাসনার প্রকারভেদের বিবরণ দেওয়া হল। সাধনার মার্গভেদে ও অধিকারিভেদে উপাসনার প্রকারভেদ হয়। ১ এইজন্ম শাস্ত্রে নানা প্রকারের উপাসনা বিহিত হয়েছে।

পূজা—উপাসনা ও পূজা তন্ত্রশাল্পে পর্যায়বাচক শব্দরূপে ব্যবস্থত হলেও পূজার পৃথক্ ব্যাথ্যাদি দৃষ্ট হয়।

ভাস্কররায় ভাবনোপনিষদের ভায়ে লিথেছেন—লোকব্যবহারে বিশেষার্য্যরূপ জলবিন্দাদি নৈবেছ এবং পূজকের নিজেকে দেবতার কাছে সমর্পণসম্বন্ধই পূজা।

ভগবানের কাছে আত্মসমর্পণই পূজা। পূর্ণ-আত্মসমর্পণে পূজ্যের মধ্যে পূজ্কের আত্মসম্ম ঘটে। শাস্ত্রে এই কথাটাই অন্তভাবে বলা হয়েছে —পূম্পাদি দিয়ে পূজা হয় না, নির্বিকল্প মহাব্যোমে অর্থাৎ পরম শিবে বা ব্রহ্মে যা বুদ্ধিকে দৃঢ় করে তাই পূজা। সে-পূজা প্জ্যের মধ্যে পূজ্কের আত্মলয় ছাড়া আর কিছুই নয়।

মহানির্বাণতদ্বেও দেবক এবং ঈশবের ঐক্যকে পূজা বলা হয়েছে। দেবক ও ঈশব যে স্বরূপতঃ এক এ বিষয়ে শাল্পের নির্দেশ স্থাপটি। যোগবাসিঠে বলা

- যথা নায়ি বুক্ষব্ কাবধাক্তমানায়ামপায়ুব তিত এব নামবৃ িয় ন বুক্ষবৃ ক্যা নিব তিতে। যথা বা প্রতিমাদিয়ু
   বিফাদিব ক্যাধাসঃ।—র স্তাথাক-এয় ভায়
- ২ অধিকারিভেদাচ্চোপাসনাভেদঃ বজ্ঞেবশ্বমেধাদিবং।—ত্র সু ৩।এ৯-এর শক্তিভার

-ভাবনোপনিবং ১০-এর ভার

- পূজা নাম ন পূ্পাতি বা মতিঃ ক্রিয়তে দৃঢ়া। নির্বিকলে মহাবোমি সা পূজা ছালরালয়ঃ।
   তয়ালোকের (৪।২২১) জয়রপ্তৃত দিকায় উজ্ত
- ে বোন্ধো জীবান্ধনোরৈকাং পূজনং দেবকেশয়ো:।—মহা ত ১৪।১২৩

হয়েছে—ঈশ্বর দূরেও নন, স্তর্গভও নন। মহাবোধময় পরমেশ্বর একমাত্র আত্মা। সাধকের আত্মাই পরমেশ্বর।

পূজার মূলগত ভাব যে ঐক্য আচার্য অভিনবগুপ্তও পূজার দার্শনিক ব্যাখ্যায় এ কথা বলেছেন। তিনি লিথেছেন—রূপরশাদি বিভিন্নভাবসমূহের সঙ্গে দেশকালের দ্বারা অনবচ্ছিন্ন নিরুপাধিক পূর্ণ প্রসন্ধিদ্রূপী আত্মার সংগতি অর্থাৎ একীকরণ পূজা।

পূজার লক্ষ্য —পূজার লক্ষ্য এই ঐক্য। এই ঐক্যবোধেরই চরম পরিণতি ব্রহ্মোপলন্ধি বা বন্ধজান। পূজাদি সব সাধনার এইটিই চরম লক্ষ্য।

এই লক্ষ্যে পৌছে গেলে অর্থাৎ প্রত্যক্ষ ব্রহ্মজ্ঞান লাভ হলে আর পূঞ্জাদির কোনো প্রয়োজন নাই। মহানির্বাণতন্ত্রে বলা হয়েছে—সমস্তই ব্রহ্ম এই জ্ঞান বাঁর হয়েছে তাঁর ধোগও নাই, পূজাও নাই। বাঁর অন্তরে ব্রহ্মজ্ঞান বিরাজমান তাঁর জপ বজ্ঞ তপ নিয়ম ব্রত এ-সব দিয়ে কি হবে ?\*

দ্রব্যষ্ক্রাদি অর্থাৎ পূজাদি দকল কর্মই যে জ্ঞানে পরিসমাপ্ত হয় এ বিষয়ে শান্ত্রের স্থাপন্ত নির্দেশ আছে। শ্রীমদ্ভগবদ্গীতার নির্দেশ দ্রব্যময় যজ্ঞ থেকে জ্ঞান্যজ্ঞ শ্রেয়স্কর। দ্রব কর্মই ব্রশ্বজ্ঞানে পরিসমাপ্ত হয়।

এই কথাটাই ব্যাখ্যা করে যোগিনীতক্ষে বলা হয়েছে—পূজাদি কর্মের দ্বারা ভক্তিলাভ হয়। ভক্তির দ্বারা জ্ঞান অর্থাৎ ব্রন্ধজ্ঞান লাভ হয় আর ব্রন্ধজ্ঞানেই মৃক্তি হয়।

যাদের ব্রহ্মজ্ঞান লাভ হয় নি শাস্ত্রে তাদের জন্মই পূজাদি কর্মের বিধান দেওয়া হয়েছে।
মহানির্বাণতজ্ঞে শিব বলছেন—ধে-সব মাফ্ষের যোগ লাভ হয় নি অর্থাৎ ব্রহ্ম বা ব্রহ্মজ্ঞান
লাভ হয় নি এবং যারা দর্বদা ভোগকামী তাদের স্বভাবতঃই কর্মসঙ্কুল বিষয়ে প্রবৃত্তি হয়।
তারা ধ্যান পূজা এবং জপে অন্তর্মজ্ঞ হয়। এ-সবের মধ্যে যেটিতে তাদের বিশ্বাস দৃঢ় সেইটি
তাদের পক্ষে শ্রেয়। এই-সব লোকদের চিত্তগুদ্ধির জন্মই আমি বিবিধ ক্রিয়াকর্মের কথা

১ ঈশবোন মহাৰুদ্ধে দূরে ন চ হৃত্র্ভ:। মহাৰোধমলৈকালা স্বাক্তিব পরমেখর:।

<sup>—</sup>যো বা, নির্বাণপ্রকরণ, উত্তরার্দ্ধ ৪৮৷২২

২ পুজা নাম বিভিন্নস্ত ভাবেবিদ্যাপি সংগতিঃ। স্বতম্রবিমলানস্তভৈরবীয়চিদাক্সনা।—ত আ ৪।১২১

সর্বং বুক্ষেতি বিহুবো ন যোগো ন চ পূজনম্। বুক্ষজানং পরং জ্ঞানং বস্ত চিত্তে বিরাজতে।
 কিং তক্ত জপ্যজ্ঞালৈন্তপোভিনিয়মবতৈঃ।—মহা ত ১৪।১২৩-১২৪

শ্রেরান্ স্রব্যময়াদ্ বজ্ঞাজ্ জ্ঞানবজ্ঞ পরস্তপ। সর্বং ক'মাথিলং পার্থ জ্ঞানে পরিসমাপাতে।

<sup>—</sup>শ্ৰীমদ্ভগবদ্গীতা ৪।৩৩

क भेगी मछाउ छक्किः छक्का खानम्शामाछ। खानाः मृक्ति महाति मछाः मछाः मात्राहाछ।

<sup>--</sup>বো ভ, পূর্বথঞ্জ, পঃ ১৩

বলেছি এবং তাদের জন্মই বছবিধ নামন্ধণের স্বষ্টি করেছি। তবে দেবি ! ব্রহ্মজ্ঞান ব্যতীত এবং কর্মত্যাগ ব্যতীত এরণ শত শত পূজাদি কর্ম করলেও কেউ মৃক্তিলাভ করতে পারে না।

পূজার যা লক্ষ্য পূজককে পূজার আরম্ভ থেকেই সেইভাবে ভাবিত হতে হয়। লক্ষ্য করা গেছে তন্ত্রের স্থপপ্ত নির্দেশ দেবতা হয়ে তবে দেবপূজা করতে হবে। এর অর্থ পূজ্যের সঙ্গে পূজককে স্বীয় অভিন্নতা ভাবনা করে তবে পূজা করতে হবে।

পূজার বিভিন্ন অঙ্গ এবং অন্তর্গানের মর্মগত লক্ষ্যও সাধকের ব্রন্ধোপলন্ধি। সাধক যদি পূজার যথার্থ মর্ম অবগত হয়ে পূজায় প্রবৃত্ত হন তা হলে মন্ত্র মন্ত্র প্রভিত্তি পূজাপকরণ এবং ন্যাস ভৃতশুদ্ধি প্রাণায়াম ধ্যান প্রভৃতি পূজার্ম্ভান তাঁর কাছে চিৎশক্তির রূপে এবং চিদ্বিলাসে পরিণত হয়। তিনি দেখতে পান এই-সবের চরম লক্ষ্য সাধকের অবয় ব্রন্ধোপলন্ধি।

তন্ত্রের অভিমত কুণ্ডলিনী না জাগলে ব্রক্ষজান বা ব্রক্ষোপলব্ধি হয় না। কাজেই পূজাদির প্রাথমিক লক্ষ্য কুণ্ডলিনীজাগরণ।

পূজার প্রায়েজনীয়তা— কর্ম না করে কেউ এক মৃহুর্তও থাকতে পারে না। সকলেই প্রকৃতিজাত দত্ত রজ তম এই ত্রিগুণের বশে কর্ম করতে বাধ্য হয়। লাকে হয় ভাল কর্ম করে, না হয় মন্দ কর্ম করে। আধ্যাত্মিক সাধনার দিকে যাদের মনের স্বাভাবিক প্রবণতা আছে, যারা দেবতায় বিশ্বান করে তাদের পক্ষে পূজার্চাদি অবশুই ভাল কাজ। কেন না এ-সব কাজের ঘারা ধর্মপ্রস্তি প্রবল হয় ও চ্প্রস্তুত্তি নিবারিত হয়। মহানির্বাণতয়ে আছে জীবসমূহ কর্মের ঘারাই স্থে এবং হৃঃথ ভোগ করে, কর্মবশেই

অপ্রাপ্তবোগমত্যানাং সদা কামান্তিলাবিণান্। স্বভাবাজ্ঞায়তে দেবি প্রবৃত্তিঃ কমস্কুলে।
তত্রাপি তে সামুরক্তা ধ্যানার্চাজপদাধনে। শ্রেয়ন্তদেব জানয় ঘত্রৈব দৃচনিন্চয়াঃ।
অতঃ কমবিধানানি প্রোক্তানি চিত্তগুজয়ে। নাময়পং বহবিধং তদর্থং কল্লিতং ময়া।
বুল্লজ্ঞানাদৃতে দেবি কর্মসংখ্যদনং বিনা। কুর্বন্ কল্লশতং কর্ম ন্তুভবেয়্লুক্তিভাগ্ জনঃ।

Rantra As a way of Realization, C. Her. I., Vol. IV, P. 238.

f. e

শান্তজ্ঞরা বলেন জন্মান্তরের কর্মবশে লোকের দেবতার অন্তিত্বে অবিখাদ বা বিখাদ জন্ম । 
ক্রঃ 'বেবাং তু
দেবতাদন্তাবে জন্মান্তরকর্মবশাদনাখাদ আন্তিক্যতা চ।—ি ত্রিপুরামহোপনিবদের ভাকররায়কৃত্
ভাজভূমিক।

জন্মায় বেঁচে থাকে এবং লোপ পায়। এই কারণে অল্পবৃদ্ধি লোকের নির্বাণধর্মে প্রবৃত্তির জন্ম এবং চুক্ষেষ্টিতনিবৃত্তির জন্ম সাধনান্বিত বহুবিধ কর্মের কথা বলা হয়েছে।

যাঁরা অল্পবৃদ্ধি নন তাঁদের পক্ষেও ব্রেমাপলন্ধি না হওয়া পর্যন্ত পূজাদি বিহিত এ কথা পূর্বেই বলা হয়েছে।

কুলার্ণবতত্ত্বে পূজাশব্দের যে-ব্যাখ্যা দেওয়া হয়েছে তাতে পূজার প্রয়োজনীয়তা স্চিত হয়েছে। উক্ত তত্ত্বে আছে— যা পূর্বজন্মের অহশমন করে অর্থাৎ পূর্বজন্মকৃত কর্মপ্রবাহ শাস্ত করে, জনমৃত্যু-নিবারণ করে এবং সম্পূর্ণফলদান করে তাকে বলে পূজা।

কাজেই দেখা যাচ্ছে এই তন্ত্রমতে পূর্বজন্মকৃত কর্মের ফলভোগের তীব্রতা নাশের জন্ম, মোক্ষলাভের জন্ম এবং বাঞ্চিত অন্ম ফললাভের জন্ম পূজা প্রয়োজন। বাঞ্চিত ফললাভের জন্ম পূজার প্রয়োজনীয়তার বিষয়টি কুলার্গবিতত্ত্বে বড় চমৎকার একটি দৃষ্টাস্ত দিয়ে বুঝান হয়েছে। বলা হয়েছে—ঘি যতক্ষণ ত্থের আকারে গাভীর শরীরে থাকে ততক্ষণ তা গাভীর শরীর পোষণ করে না কিন্তু যথানিয়মে তৃধ তৃইয়ে নিয়ে তার থেকে যথন ঘি করা হয় তথন দে-ঘি গাভীকে থেতে দিলে তা তাকে পূষ্ট করে। এক্ষেত্রে ঘিকে শরীরপোষণের উপযোগী করার জন্ম মান্ত্রের চেষ্টার প্রয়োজন হয়। তেমনি সর্পিবৎ সর্বশরীরস্থা পরমেশ্বরী উপাসনা অর্থাৎ পূজাদি সাধনা ছাড়া সাধককে অভীষ্ট ফল দেন না। ত্বতএব বাঞ্চিত ফললাভের জন্ম পূজা প্রয়োজন।

তা ছাড়া লক্ষ্য করা গেছে সগুণত্রক্ষোপাসনা চিত্তগুদ্ধিকর। চিত্তগুদ্ধি না হলে ব্রক্ষোপল্কি হয় না। কাজেই চিত্তগুদ্ধির জন্ম পূজার্চাদি সপ্তণত্রক্ষোপাসনা আবশ্মক।

পূজার প্রকারভেদ—অধিকারিভেদে ও উদ্দেশ্যভেদে উপাদনা বা পূজা যে ভিন্ন হয়ে যায় উপাদনা প্রসাদে তা লক্ষ্য করা গেছে। অন্য বিচারেও উপাদনা তথা পূজার প্রকারভেদ করা হয়। দেবীভাগবতে বলা হয়েছে পূজা দ্বিবিধ—বাহ্য এবং আভ্যন্তর। বাহ্য পূজা আবার দ্বিবিধ—বৈদিক এবং তান্ত্রিক। বৈদিকদীক্ষাবিশিষ্ট ব্যক্তিদের পক্ষে বৈদিক পূজা এবং তান্ত্রিকদীক্ষাবিশিষ্ট ব্যক্তিদের পক্ষে তান্ত্রিক পূজা বিহিত।

কর্মণা সূথমশ্বন্তি তুঃখমশ্বন্তি কমণা। জারন্তে চ প্রলীরন্তে বতন্তে কর্মণো বশাং।
 অতো বছবিধং কর্ম কথিতং সাধনান্বিত্র। প্রবৃত্তয়েহলবোধানাং তুশ্চেষ্টিতনিবৃত্তয়ে।—মহা ত ১৪।১০৫-১০৬

২ পূর্বজন্মানুশমনাজ্জন্মস্ত্যুনিবারণাৎ। সম্পূর্ণফলদানাচ্চ পূজেতি কথিতা প্রিয়ে।—কু ত ১৭।৭০

গ্ৰাং স্থিঃ শরীরছং ন করোতাঙ্গণোষণম্। স্বকর্মরচিতং দত্তং পুনন্তামেব পোষয়েং।
 এবং সর্বশরীরছা স্পিবং পরমেয়রী। বিনা চোপাসনং দেবি ন দদাতি ফলং নৃণাম্।—কুত ৬।। ৭-৭৮

<sup>8</sup> विविधा মম পূজা ভাদ্ৰাহ্যা চাভ্যন্তরাপি চ। ৰাফাপি বিবিধা প্রোক্তা বৈদিকী তান্ত্রিকী তথা। বৈদিকী বৈদিকৈঃ কার্যা বেদদীক্ষাসমন্বিতঃ। তল্লোক্তনীক্ষাবন্তিন্ত তান্ত্রিকী সংশ্রিতা ভবেং।

তন্ত্ৰবিহিত পূজা তান্ত্ৰিক পূজা এবং বেদবিহিত পূজা বৈদিক পূজা। বেদবিহিত অৰ্থ বেদ এবং বেদমূলক শ্বৃতি পুৱাণ প্ৰভৃতিতে বিহিত।

সাধারা পূজা ও নিরাধার। পূজা— বাহ্ পূজার মতো আভ্যন্তর পূজারও ছটি প্রকারভেদ স্তসংহিতায় নির্দিষ্ট হয়েছে — এক 'সাধারা' অপর 'নিরাধারা'। এর মধ্যে নিরাধারা পূজা মহন্তর। "হংপুগুরীকগত দহরাকাশে মাতৃকাবর্ণকৃ-প্র আধারে গুরূপদিষ্ট প্রণালীতে পরমেশ্বরীর আরাধনা করিবে; ইহাই সাধারা পূজা। নির্বিকল্পক জ্ঞানধারার নাম সংবিৎ, এই সংবিদ্রূপিণী পরমেশ্বরীতে মনোলয়ের নাম নিরাধারা পূজা।" ১

নিরাধারা পূজায় বৈদিকে তান্ত্রিকে কোনো ভেদ নাই। সাধারা পূজায় প্রণালীভেদ আছে।

বৈদিক-তান্ত্রিক-মিশ্র—পূর্বোক্ত বৈদিক ও তান্ত্রিক পূজার সংমিশ্রিত একটি মিশ্র পূজার উল্লেখও শাল্রে আছে। শ্রীমন্ভাগবতের অভিমত—ভগবানের পূজা তিন প্রকার, বৈদিক তান্ত্রিক এবং মিশ্র। এই তিন প্রকার পূজার মধ্যে যার যেটিতে অভিকৃচি বা অধিকার সে সেই পূজার বিধান অনুসারে ভগবানের অর্চনা করবে।

় নিত্য নৈমিত্তিক কাম্য — তান্ত্ৰিক পূজার নিত্য নৈমিত্তিক এবং কাম্য এই তিনটি প্রকারভেদও করা হয়।\*

যে-পূজা প্রতিদিন করতে হয় এবং যা না করলে পাপ হয় তাকে বলে নিত্যপূজা। 

মাসক্তত্য তিথিক্বত্য বা বর্যক্ষত্য বিশেষ পূজাকে বলা হয় নৈমিত্তিকপূজা। শ্রদ্ধাসহকারে

এই পূজার অন্তর্চান করতে হয়। অবশ্য পূজামাত্রই শ্রদ্ধাসহকারে করতে হয়। তন্ত্রের
অভিমত নৈমিত্তিক পূজার বিধি লজ্মন করলে নরকে যেতে হবে। 

\*\*

পূজা বাহভ্যন্তরা সাহপি দ্বিবিধা পরিকীর্তিতা। সাধারা চ নিবাধারা নিরাধারা মহত্তরা। সাধারা বা তু সাধারে নিরাধারা তু সংবিদি। আধারে বর্ণসংক্লপ্তবিগ্রহে পরমেখরীয়। আরাধ্যেদতিপ্রীত্যা গুরুণোজেন বর্ণানা। বা পূজা সংবিদি প্রোক্তা সা তু তত্তাং মনোলয়।

<sup>—</sup>স্বন্দপুরাণাস্তর্গত স্থতসংহিতার শিবমাহাত্মাথণ্ড ৫ম অধ্যায়ের বচন, দ্রঃ কৌর, পৃঃ ২৫

२ तको त्र, शृः २६ ७ ঐ शृः २७

৪ বৈদিকস্তান্ত্রিকো মিশ্র ইতি মে ত্রিবিধো মথঃ। ত্রয়াণামীব্দিতেনৈর বিধিনা মাং সম্প্রত্যেৎ।
 শ্রীমন্তাগরত ১১।২৭।৭

<sup>ে</sup> নিতাং নৈমিত্তিকং কামাং ত্রিবিধং পূজনং স্মৃত্য ।—ক্লদ্রধামলবচন, দ্রঃ শা ত, উঃ ৫

৬ দৈনন্দিনমতো নিতাং পাতকমবিধানতঃ।—গ ত ২২।১০

মাসিকং তিথিকৃত্যং চ বার্ষিকং কলদায়কম্। লজ্বনাল্লিরয়ো যন্ত নিত্যশ্রদ্ধাবিধানতঃ।
 নৈমিত্তিকং বিজ্ঞানীয়াচ্ছ দ্বয়া তৎসমাচরেৎ।—ঐ ২২।১০-১১

#তিম্বতিবিহিত বিশেষ বিশেষ ফলপ্রাপ্তির জন্ম যে-পূজা করা হয় তাকে বলে কাম্যপূজা।

তন্ত্রশান্ত্রে এই ত্রিবিধ পূজার ক্রমও নির্দিষ্ট হয়েছে। নিত্যপূজারত সাধক নৈমিত্তিক-পূজা করবেন এবং নিত্য- ও নৈমিত্তিক-পূজারত সাধক কাম্য পূজার অধিকারী।

কথাটা অক্তভাবেও বলা হয়। নিত্য-নৈমিত্তিক-কাম্যপূজা পূর্ব-পূর্বের উপর নির্ভরশীল। অর্ধাৎ কাম্যপূজা নিত্য- ও নৈমিত্তিক-পূজার উপর নির্ভরশীল আর নৈমিত্তিকপূজা নির্ভরশীল নিত্যপূজার উপর। এই পূজাক্রমের অক্যথা করলে বিপদ-পরম্পরার স্বষ্ট হয়।\*

সাজিক রাজসিক ভামসিক—গন্ধর্বতন্ত্রে নিত্যপূজাকে সাজিক, নৈমিত্তিক পূজাকে রাজসিক আর কাম্যপূজাকে তামসিক বলা হয়েছে।

সাধিকাদি পূজার বিভিন্ন ব্যাখ্যা আছে। ষেমন মেকতন্ত্রে বলা হয়েছে — 'শ্রুতিবিহিত এবং অপাপবিদ্ধ ব্রন্ধবিদের দ্বারা কৃত পূজা সাদ্বিক। এ পূজা মৃক্তি প্রদান করে। ভগবত্তবেত্তা তপোনিষ্ঠ রাজর্ষিদের কৃত পূজা রাজসিক। এ পূজা স্থ প্রদান করে। আর স্ত্রী বালক বৃদ্ধ মূর্থাদি অক্ষ্রমনা ভক্তদের দ্বারা কৃত পূজা তামসিক।' এ পূজার ফল বর্ণিত হন্ধ নি।

মানসাদিভেদ—রুদ্রধামলে আবার পূজার মানস সাক্ষাৎ এবং বচোময় এই তিনটি ভেদ করা হয়েছে। মানস পূজা যোগীদের পক্ষে বিহিত, সাক্ষাৎ পূজা গৃহস্থদের পক্ষে বিহিত এবং তামসপ্রকৃতির লোকেদের, রাজাদের ও কামনাকারীদের পক্ষে বচোময় পূজা বিহিত।

আবার বলা হয়েছে পূজা ত্রিবিধা—মানসী অন্তর্গাগান্মিকা এবং বাহা<sup>9</sup> এই ত্রিবিধ

১ ফলমাত্রশ্রতির্যন্ত শ্রুতিপ্রচোদিতম্। কাম্যাং তণ্ড বিজানীয়াং পুজিতং তত্র গোচরে।—গ ত ২২।১২

নিত্যাচারপরো মন্ত্রী নৈমিত্তিকবিধিং চরেৎ। নিত্যনৈমিত্তিকপরঃ সাধুঃ কাম্যাং বিচিন্তরেৎ।
 কাম্যানৈমিত্তিকং নিত্যং নিত্যং নৈমিত্তিকাৎ পরম।—এ ২৪।২২-২৩

নিতাং নৈমিত্তিকং কাম্যং সাপেকং পূর্বপূর্বতঃ । অক্তথা ভজনং চেচ্ছন্ করোত্যাপংপরম্পরায়।
 ত রা ত খাহ

৪ নিত্যং সাত্ত্বিক্ষেবাত্র নৈমিভিকত্ত রাজসম্। তামসং কাম্যমেবাত্র কুর্যাৎ ফলবিতৃঞ্যা।—গ ত ২২।১৪

বিহিতাংখিলবেলাকৈ বুজাবিভিরকলাকৈ।
ক্রিয়মাণা তু যা প্রা সাবিকী না বিমুক্তিলা। রাজবিভিন্তপোনিঠেভগ্রত্তর্বেদিভিঃ।
যা পূজা ক্রিয়তে সম্যাঞ্জনী না হুখপ্রদা। জীবালবৃদ্ধ্যতিভিত্তিরকুৰ্ধ্মাননৈঃ
যা পূজা ক্রিয়তে নিত্যে তামনী না প্রকীতিতা।—ক্রঃ পু চ, তঃ ১, পুঃ ৩৭

৬ পূজনং ত্রিবিধং প্রোক্তং মনঃ সাক্ষাৰ্চো মম। মানসং যোগিনাং প্রোক্তং তদা সাক্ষাৎ গৃহে প্রভো। বচোময়ং তামসানাং নৃপাণাং কামিনাং প্রভো।—ক্ষ যা, উ ত, পঃ ৬৪

৭ অথ পূজা সা তু ত্ৰিবিধা মানসান্তৰ্যাগান্ত্ৰিকা ৰাফা চ ৷—প্ৰা তো, কাণ্ড ৫, পব্লি: ৬, ব সং, পৃ: ৩৮৫

পূজার ত্রিবিধ ফলও বর্ণিত হয়েছে। মানসী পূজা মহাসিদ্ধিকরী মৃক্তিদায়িনী।
অন্তর্গাগাত্মিকা পূজা সর্বজীবন্ধনাশিনী। আর বাহা পূজা সর্বসোভাগ্যদায়িনী। এই পূজা
ভূক্তিমৃক্তি প্রদান করে ও সব বিপদ নাশ করে, সমস্ত দোষ বা পাপ ক্ষয় করে, সব শক্ত বিনাশ করে, সব রোগ নই করে, সব বন্ধন মোচন করে। বীর এবং পশুদের পক্ষে বাহ্যপূজা অধম নয়। কেবলমাত্র দিব্যদের পক্ষে বাহ্যপূজা অধম।

ভবে বাহ্যপূজাকে কোথাও কোথাও সকলের পক্ষেই অধম বলা হয়েছে। ষেমন শ্রীচক্রপূজা সম্পর্কে সনৎকুমার সংহিতার বলা হয়েছে—বাহ্যপূজা করা উচিত নয়। সে-পূজা বাহ্যজাতিরা করবে। কেন না বাহ্যপূজা ক্ষুদ্র ফল প্রদান করে। এই পূজায় শুধু ঐহিক ফললাভ হায়।

উত্তমাদিভেদ—মহানির্বাণতদ্বের মতে বাহ্যপূজা অধ্যেরও অধ্য। উক্ত তদ্ধে আছে বিশ্বনাধন উত্তম। ধ্যানভাব মধ্যম, জপস্থতি অধ্য এবং বহিঃপূজা অধ্যের অধ্য। ব্রহ্মনদ্ভাব অর্থ ব্রহ্মই দৎ আর দব অদৎ এইভাব। এই ভাবের দাধনা জীব ও ব্রহ্মের ঐক্যোপলন্ধির দাধনা। আর ধ্যানভাব বলতে বুঝায় যোগদমত প্রক্রিয়া অমুদারে অবিরত ইউদ্বেতার ধ্যান।

কুলার্ণবতন্ত্রেও অহুরূপ অভিমত প্রকাশ করা হয়েছে।

পূজা সম্পর্কে এই ধরণের উত্তমাদিবিষয়ক শাস্ত্রবচনের মর্ম বুঝতে না পারলে বিল্রাপ্ত হওয়ার সম্ভাবনা আছে। নিয়াধিকারী ব্যক্তিও বাহ্পপূজা জপস্তুতি এ-সব নিরুপ্ত মনে করে এ-সবের প্রতি বীতরাগ হতে পারে। অথচ তাদের পক্ষে বাহ্পপূজাদিই বিহিত। সংসারের অধিকাংশ মাহ্ন্মই নিয়াধিকারী। নিয়াধিকারী কথাটার মধ্যে কোনো নিন্দা নাই। বিভারত্তের সময় বিভার্থী যেমন নিয়াধিকারী সেই রকম এরাও নিয়াধিকারী। সাধনার প্রথম সোপান বাহ্পুজাদি থেকেই এদের আরম্ভ করতে হয়। সাধনার উচ্চতম স্তরে

<sup>—</sup>মুগুমালাতস্ত্রবচন, স্ত্রঃ প্রা তো, কাঞ্চ ৎ, পরিঃ ৬, ব সং, পৃঃ ৩৮৫

২ ৰাহপ্জা ন কৰ্ত্ব্যা কৰ্ত্ব্যা ৰাহজাতিভিঃ। সা কুদ্ৰকলদা নণাং ঐহিকাথৈকিসাধনাং।

<sup>—</sup>সনংকুমারসংহিতাবচন, দ্রঃ সৌ ল, লোক ৩২-এর লক্ষীধরকৃত টীকা

৩ উত্তমো ৰুক্ষসভাবো ধ্যানভাবন্ত মধ্যম:। স্ততির্জপোহধমো ভাবো ৰহিঃপূজাধমাধমা।—মহা ত ১৯।১২২

৪ উত্তমা সহজাবস্থা মধ্যমা ধ্যানধারণা। জপস্তুতিঃ স্থানধমা হোমপূজাধমাধমা। —কু তু, উঃ >

পৌছালে পরে দহজাবস্থা বা ব্রহ্মদন্তাব প্রাপ্তি হয়। কিন্তু তার পূর্ব পর্যন্ত বাহ্মপূজাদিই করতে হয়।

স্বান্তাবিকপূজা—উচ্চকোটির সাধকের চিত্ত যথন অন্তর্ম্থী হরে আত্মস্বরূপ তথা ব্রহ্মস্বরূপে নিবিষ্ট হয়ে যায় তথনই তাঁর সহজাবস্থা বা ব্রহ্মসন্তর্গন-প্রাপ্তি হয়। এই অবস্থায় সাধকের দেহাভিমান থাকে না। তথন তাঁর কাছে দেহ দেবালয়। এই দেবালয়ের দেবতা আত্মা আরু আত্মা বহ্ন। কাজেই তথন সাধক যা কিছু করেন সবই ব্রহ্মবৃদ্ধিতে করেন বলে সবই তাঁর কাছে পূজা হয়ে দাঁড়ায়। এরই নাম স্বাভাবিকপূজা। এই পূজাই উত্তমপূজা। মহামহোপাধ্যায় গোপীনাথ কবিরাজ মহাশয় এ সম্পর্কে লিথেছেন—"ইন্দ্রিয়তৃপ্তিকারী শব্দ ম্পর্ক প্রভৃতির হারা আত্মদেবতার যে-পূজা হয় শাস্ত্রে তাকে স্বাভাবিক পূজা বা সহজ উপাসনা বলা হয়েছে এবং মহাযজ্ঞ বলে এর প্রশংসা করা হয়েছে। বিষয়ায়ভবজনিত আননদ মহানন্দের সঙ্গে মিশে গেলে যে-বৈষমাহীন অবস্থার উদয় হয় তাই ভগবতীর উত্তম উপাসনার প্রকৃত তত্ব।" ব

স্বাভাবিকপূজা দম্বন্ধে কুলার্ণবতন্ত্রের অভিমত এই—আবৈত্মকভাবনিষ্ঠ সাধকের চেষ্টামাত্র অর্চনা, কথামাত্র মন্ত্র, নিরীক্ষণমাত্র ধ্যান। যাঁর দেহাভিমান নষ্ট হয়ে গেছে এবং প্রমাত্মাকে যিনি জেনেছেন তাঁর মন যেথানে যায় সেথানেই সমাধি হয়।

এই ভাবটির চমৎকার প্রকাশ লক্ষ্য করা যায় সৌন্দর্যলহরীতে। সাধক প্রার্থনা করছেন — দেবি! আমার যদৃচ্ছা সংলাপ তোমার জপ হোক, হস্তবিক্যাসাদি-ক্রিয়া তোমার উদ্দেশ্যে হোক মুদ্রাবিরচণ, আমার যদৃচ্ছা-গমন তোমার প্রদক্ষিণ হোক, ভোজনাদি হোক তোমার উদ্দেশ্যে আছতি, যদৃচ্ছা-শয়ন হোক তোমাকে সাষ্টাঙ্গ প্রণাম, আত্মার্পণ-বৃদ্ধিতে অর্থাৎ আত্মস্কর্মপিণী তোমাতে সমর্পণবৃদ্ধিতে রূপরসগদ্ধশর্শকাদি সমস্ত হুথকর বস্তুগ্রহণ এবং আমার সমস্ত চেষ্টা তোমার পূজা হোক।

ঈষৎ পরিবর্তিত আকারে এই ভাবটি প্রপঞ্চনারতন্ত্রের একটি প্রার্থনায়ও প্রকাশিত

<sup>&</sup>gt; ইন্সিয়ে নৈদা তৃপ্ত করনেবালে শব্দ, স্পর্ণ প্রভৃতিকে বারা আত্মদেবতাকী জোজো পূজা হোতী হৈ, উদে স্বাভাবিক পূজা বা সহজ উপাসনা কহকর মহাযক্তরূপদে শাস্ত্রমে উদকী প্রশংসা কী গয়ী হৈ। বিষয়ামূভবজ্ঞ আনন্দ মহানন্দকে সাথ মিলনেপর জিস বৈষমাহীন অবস্থাকা উদয় হোতা হৈ বহী ভগৰতীকী উত্তম উপাসনাকা প্রকৃত তত্ত্ব হৈ।—শক্তিসাধনা, ক শ অ, পুঃ ৬৩

আবৈকভাবনিষ্ঠন্ত বা বা চেষ্টা তদর্চনন্। বাে বাে জলঃ অমন্ত্রত তদ্যানং যদিরীক্ষণন্।
 দেহাভিমানে গলিতে বিদিতে পরমান্ত্রনি। বত্র বত্র মনাে বাতি তত্র তত্র সমাধ্যঃ।—কুত, উঃ ৯

জ্বেশ জ্বল শিল্প সকলমপি মুদ্রাবিরচনা গতিঃ প্রাদক্ষিণ্যক্রমণমণনাভাছতিবিধিঃ।
 প্রণামস্সংবেশস্ত্থমথিলমায়ার্গণদৃশা সপ্র্যাপ্রায়ন্তব ভবতু যন্মে বিলসিত্ম।—সৌল, লোক ২৭

হয়েছে—মহেশি! আমার দমস্ত মনোবৃত্তি হোক তোমার শ্বরণ, দমস্ত বাক্প্রবৃত্তি তোমার স্থতি, আমার শরীরপ্রবৃত্তি অর্থাৎ আহারনিস্তাদি যাবতীয় শারীরক্রিয়া হোক তোমার প্রণাম। দতত আমার প্রতি প্রদন্ম হও, আমাকে ক্ষমা কর।

কিন্তু উক্ত ভাবের সবচেয়ে সংক্ষিপ্ত প্রকাশ হয়েছে নিম্নোক্ত বচনে—জগজ্জননি! সকাল থেকে সাম্নাহ্ছ অবধি এবং সাম্নাহ্ছ থেকে সকাল পর্যন্ত আমি যা কিছু করি সবই তোমার পূজা।

জীব স্বরূপতঃ ব্রহ্ম এই শান্দ জ্ঞান যার আছে এবং ব্রহ্মবৃদ্ধিতে যিনি যাবতীয় কর্ম করেন তাঁরও স্বরূপসত্তা ও কার্মিকসত্তার পৃথক্ অস্তিত্ববোধ যতদিন আছে ততদিনই পূর্বোক্ত পূজা প্রার্থনাদির প্রয়োজন।

পূর্বেই বলা হয়েছে স্বাভাবিকপূজা অতি উচ্চকোটির সাধকের পক্ষেই সম্ভবপর।

আন্তরপূজাসহ বাহাপূজা—উপরের আলোচনা থেকে একথা অবশ্রই স্পষ্ট হয়েছে যে প্রথমাধিকারী সাধকের পক্ষে বাহাপূজা বিহিত। তবে তাদেরও বাহাপূজার সঙ্গেই আন্তর-পূজাও করতে হয়। তপ্রসংহিতায় বলা হয়েছে—দীক্ষিত সাধকদের উপাসনা দ্বিবিধ, বাহা এবং আন্তর। তার মধ্যে সন্মাদীদের জন্ম আন্তর-উপাসনা, অন্তদের জন্ম বাহা এবং আন্তর উভয়ই। গ

আন্তরপূজা অত্যন্ত কঠিন। সেইজন্ম বলা হয়েছে যে পর্যন্ত না আন্তরপূজায় অধিকার হয় সেই পর্যন্ত বাহপূজা করতে হবে। সে-অধিকার হলে তবে বাহপূজা ত্যাগ করা যায়। এথানে আন্তরপূজায় অধিকার বলতে কেবলমাত্র আন্তরপূজায় অধিকার বৃঝতে হবে। কেন না বাহপূজার সঙ্গেও আন্তরপূজার বিধান আছে।

অন্তত্ত্ত নির্দেশ দেওয়া হয়েছে যে পর্যন্ত না জ্ঞানের উদ্ভব হয় সেই পর্যন্ত আন্তরপূজা করতে হবে।\*

- (7 5) 910x180

মনোবৃত্তিরন্ত শৃতিত্তে সমন্তা তথা বাক্প্রবৃত্তিঃ স্তাতিঃ স্থানহেশি ।
 শরীরপ্রবৃত্তিঃ প্রণামক্রিয়া স্থাৎ প্রদীদ ক্ষমন্ত প্রভো সন্ততং মে ।—প্র সা ত ১১।৬৮

২ প্রাতরুখায় সায়াহুং সায়াহুাৎ প্রাতরেবতু। যৎ করোমি জগন্মাতস্তদেব তব পূজনম্।

<sup>-</sup>Ж: Р. Т., Part II, 2nd Ed., p. 706

৩ সর্বাস্থ্ ৰাহ্নপূজান্ত অন্তঃপূজা বিধীয়তে।—ভূতগুদ্ধিতন্ত্রবচন, দ্রঃ শা ত, উঃ ৬

৪ দিবিধং স্থালৰ ধ মনোৰ হিগন্তরমুণাসনন্। স্থাসিনাঞ্চান্তরং প্রোক্তমন্তেবামূভয়ং তথা।
 —তক্সমংহিত্বিচন, দ্রঃ P. T., Part II, 2nd E., p. 658

যাবদান্তরপ্জায়ামধিকারো ভবেয়হি। তাবদ্বাফামিনাং পূজাং শ্রয়েজ্ঞাতে তু তাং ত্যজেং।

<sup>🔖</sup> ৰহিঃপূজা বিধাতব্যা ধাবজ্ঞানং ন জায়তে।

<sup>—</sup>বামকেশ্বরতম্ববচন, স্ত্রঃ প্রা তো, কাও ৭, পরিঃ ৪, ব সং, পৃঃ ১৩৩

এই নির্দেশের তাৎপর্য বাহ্নপূজার ফলে সাধকের চিত্তগুদ্ধি হয় এবং সেই শুদ্ধচিত্তে তথন তত্ত্বজ্ঞানের উদ্ভব হয়। পঞ্চদশী বলেন উপাসনাশক্তিহেতু বিভা অর্থাৎ তত্ত্বজ্ঞানের উদ্ভব হয়।

পূর্বেই বলা হয়েছে বাহুপূজার সঙ্গেও আন্তরপূজা বা মানসপূজা করতে হয়। সনৎকুমার-সংহিতায় নির্দেশ দেওয়া হয়েছে — মানস্যাগ না করে বাহ্যার্চনা করবে না।

কৌলাবলীনির্ণয়ে অন্তর্ধাগ বা আন্তরপূজাকে বলা হয়েছে আত্মন্তব্দি এবং বিধান দেওরা হয়েছে অন্তর্ধাগ করে তার পরে বহির্ধাগ করতে হবে। যে-অন্তর্ধাগবর্জিত তার বহির্ধাগে কোনো ফল হয় না।

এই ধরণের বচন অন্তান্ত তল্পেও পাওয়া যায়। এই রকমের নির্দেশ দেওয়ার ছটি উদ্দেশ্ত অন্থমান করা যায়। এক—অন্তঃপৃজাই সাধকের লক্ষ্য। কেন না তন্ত্রমতে এই পৃজাই সমস্ত পৃজার মধ্যে উত্তম। বলা হয়েছে এতে বাহ্পপৃজার কোটিগুণ ফললাভ হয়। বিধান দেওয়া হয়েছে। এর ফলে সাধকের দৃষ্টি প্রথম থেকেই অন্তঃপৃজার লক্ষ্যের দিকে আরুষ্ট থাকবে। ত্ই—প্রথম থেকেই যথাশাস্ত্র যথাশক্তি অভ্যাস করলে ক্রমে সেই কঠিন পৃজার মর্ম সাধকের অধিগত হবে, তাঁর চিত্তর্তি আন্তরপৃজাহ্বসারী হয়ে উঠবে এবং তল্পীন হবে। এইভাবে পৃজার উচ্চতম লক্ষ্যসাধনের দিকে তাঁর অগ্রগতি যে-অবস্থায় বাহ্পপৃজা বিহিত সেই অবস্থায়ও ত্বান্থিত হবে।

আত্তরপূজা— আন্তরপূজা অন্তর্ধাগ অন্তর্ধজন অন্তঃপূজা প্রভৃতি পর্যায়বাচক শব্দ। বিভিন্ন তন্ত্রে এই পূজার বিবরণ দেওয়া হয়েছে।

দেবীভাগবতে বলা হয়েছে—সংবিৎ ভগবতীর নিরুপাধিক পররূপ। সেই সংবিদে সাধকের চিত্তলয়ের নাম আন্তরপূজা।

- ১ উপাসনস্ত সামর্থ্যাদ্ বিছোৎপত্তির্ভবেৎ ততঃ ৷—পঞ্চদী, ধ্যানদীপপ্রকরণ, ২র ভাগ, শ্লোক ৪২
- ২ অকুতা মানসং যাগং ন কুর্যাদ্ বহিরচন্য ৷—সনংকুমারসংহিতাবচন, দ্রঃ পু চ, তঃ ৩, পুঃ ১৮৯
- আল্লগুদ্ধিঃ সমাধ্যাতো অন্তর্গাগশ্চ কণ্যতে। অন্তর্গাগবিধিং কৃষা ৰহির্গাগং সমাচরেং।
   ৰহির্গাপে নাধিকারী অন্তর্গাগবিবর্জিতঃ। ৰহির্গাগফলং নান্তি বিনান্তর্গজনং কদা।—কৌনি ৩।১-২
- ৪ বেমন—(i) যদি ৰাহাচনাত্ৰব্যসম্পত্তিরপি বততে। অন্তর্যার্গং বিধারেখং ৰহির্যাগবিধিঞ্চরেং।
  —তত্রাস্করবচন, ক্রং, শা ত, টঃ ৬
  - (ii) ইত্যন্তর্যজনং কৃতা বহিঃপূজাং সমারতেং।—মহা ত ৫।১৫৭
- e অন্তর্গাগান্মিকা পূজা সর্বপ্জোন্তমোন্তমা।—নামকেশ্বরতন্তবচন, দ্র: প্রা তো, কাঞ্চ ৭, পরি: ৪, ব সং, পুঃ ১৩৩
- ৬ অন্তঃপূজা মহেশানি ৰাহকোটিফলং লভেং।—ভূতশুদ্ধিতন্ত্ৰবচন, দ্ৰঃ শা ত, উঃ ৬
- আ্ছান্তরা তু যা প্লা সা তু সংবিলয়ঃ শ্বতঃ । সংবিশেব পরং রূপমূশাধিরহিতং মম ।—দে ভা ৭।৩৯।৪৪

আতা কালীর আন্তরপ্জা দম্পর্কে মহানির্বাণতক্ষে যে-বিধান দেওয়া হয়েছে তার থেকে আন্তরপ্জার সাধারণ পরিচয় পাওয়া যায়। উক্ত তন্ত্রে বলা হয়েছে — দেবীকে আসন দেবে হংপদ্ম, চরণপ্রকালনের জয় পায় দেবে সহস্রারচ্যুত অয়ৢত, অর্ঘ্য দেবে মন। সেই সহস্রারচ্যুত অয়ৢতকেই করবে দেবীর স্নানীয় ও পানীয়। আকাশতত্ব হবে দেবীর বস্ত্র (সর্বব্যাপিনী যিনি তাঁর বস্ত্র অসীম আকাশ ছাড়া আর কি হতে পারে ?), গন্ধতত্ব হবে গন্ধ। চিক্তকে পূম্প কল্পনা করবে, প্রাণকে ধৃপ, তেজতত্বকে দীপ এবং অয়ৢতসমূত্রকে নৈবেন্ত কল্পনা করবে। অনাহত ধ্বনি হবে ঘণ্টা এবং বায়ুতত্ব চামর। যাবতীয় ইক্রিয়কর্ম এবং মনের চাঞ্চল্য হবে নৃত্য। নিজের অভিপ্রেত ভাবসিদ্ধির জয় দেবীকে নানাবিধ পূম্প দিতে হয়। অমায়া অনহংকার অরাগ অর্থাৎ অনাসক্তি অমদ অমোহ আদক্ষ অক্ষেব অক্ষান্ত অমাংসর্য অলোভ এই দশটি পুস্পের কথা বলা হয়েছে। এ ছাড়া আছে অহিংসা ইক্রিয়নিগ্রহ দয়া ক্ষমা এবং জ্ঞান এই পাঁচটি পুম্প। এই পঞ্চদশ ভাবপুম্পের ঘারা দেবীর পূজ। করতে হবে।

তন্মধ্যেহষ্টদলং রক্তং তত্ত্র কল্পতক্ষং তথা। ইষ্টদেবাসনং চাক্ষচক্রাতপবিরাজিতম্।

১ হৃৎপদ্মনাদনং দ্বাৎ সহস্রারচ্তানৃতৈঃ। পাতাং চরণরাদ্বাৎ ননস্বর্গং নিবেদয়ে ।
তেনানৃতেনাচমনং স্নানীয়মপি কল্পয়ে । আকাশতত্বং বদনং গল্পং তু গল্পতত্বকন্।
চিত্তং প্রকল্পে পূপাং ধূপাং প্রাণান্ প্রকল্পয়ে । তেজন্তব্বং তু দীপার্থে নৈবেল্লঞ্চ স্থান্ব দিন্ ।
অনাহতথ্বনিং ঘণ্টাং বায়ৃতব্বক চাময়ন্। নৃত্যমিল্লিয়কর্মাণি চাঞ্চল্যং মনসন্তথা।
পূপাং নানাবিধাং দ্বাদায়নো ভাবসিদ্ধয়ে । অমায়মনহংকায়ময়াগমমদাং তথা।
অমোহকমদস্তক অব্বোক্ষোভকে তথা। অমাৎসর্গমলোভক দশপুসাং প্রকীতিত্ব।
অহিংসা গয়য়ং পূপাং পুসামিল্লিয়নিগ্রহঃ। দয়া ক্রমা জ্ঞানপুসাং পঞ্চপুসাং ততঃ গয়ন্।
ইতি পঞ্চদশেঃ প্লৈভাবল্পগৈঃ প্রপুলয়ে ।—মহা ত ১৯৬-১৯৯

২ জদরে যে-পদ্মের খান করা হয় তাই জংপদ্ম। অনাহত পদ্মকেই সাধারণতঃ জংপদ্ম বলা হয়। এই 
জংপদ্মের কর্ণিকার অধোদেশে উধ্বম্থ রক্তবর্ণ অষ্টদল পদ্ম আছে। এইটিই ইষ্টদেবতার আসন।
এই পদ্মের উপরে মানসপূজা করতে হয়। বট্চক্রনিরপণের (শ্লোক ২৫) টাকার কালীচরণ লিথেছেন—
জংপদ্মশু কর্ণিকাধোদেশে উধ্বম্থরক্তবর্ণাষ্টদলপদ্মম্···। এতংপদ্মোপরি মানসপূজা কার্যা।
তত্তকং যথা—

শব্দব্দ্দায়য় শবেদাহনাহতত্ত দৃখাতে। আনাহতাখাং প্লং তং ম্নিভিঃ পরিকীর্ভিতন্। (— ব নি, লোক ২২, টিকা।)—বে-পলে শব্দব্দ্দায় অনাহত শব্দ বোগীদের গোচর হর তাকে ম্নিরা বলেন অনাহতপলা। অনাহত শব্দ অর্থ বে-শব্দ অহা কিছুর আঘাত ছাড়াই উথিত হয়। অনাহতপল্লে শ্রুত অনাহত শব্দ বা ধ্বনিই হবে দেবীর আন্তরপূজার ঘণ্টাধ্বনি।
লক্ষ্ণীয় বাহ্যপূজায় যা বা লাগে আন্তরপূজায় সে-সবই লাগে।

জপ — বহিঃপূজায় যেমন জপ হোম আছে আন্তরপূজায়ও তেমনি জপ হোমের বিধান আছে। জপের প্রসঙ্গে বর্ণমালা জপের আলোচনা করা হয়েছে। এই বর্ণমালা জপই আন্তরপূজায় বিহিত।

কোম—আন্তরপূজার হোমকে বলা হয় জ্ঞানহোম। নিত্যাতক্ষে এই হোমের সম্বন্ধে বলা হয়েছে— আত্মাকে চতুরস্র কুণ্ড ভাববে। আত্মা অন্তরাত্মা পরমাত্মা ও জ্ঞানাত্মাকে দিয়ে চতুরস্র রচনা করবে। অর্জমাত্রা অর্থাৎ কুণ্ডলিনীকে হোমকুণ্ডের যোনি ভাববে। আনন্দকে হোমবেদীর মেখলা ভাববে আর ত্রিবলীকে বেদীর উপরকার ত্রিরেখা ভাববে। কুলভৈরব অর্থাৎ সাধক যোগীকে সেই হোমকুণ্ডে জ্ঞানাগ্নি প্রজ্ঞলিত করতে হবে। তার পর সেই সম্বিদাগ্নিতে শব্দনামক মাতৃকাবর্ণসমূহ আহুতি দিতে হবে। মাতৃকাবর্ণসমূহ আহুতি দিলে নিঃশব্দ বন্ধ অভিব্যক্ত হন। পুণ্য-পাপ সম্বন্ধ-বিকল্প কুত্য-অকুত্য এই-সব হবি। মূলমন্ত্র চিন্তা করে মনোরূপ স্রুক্ত্ দিয়ে এই হবি আহুতি দিতে হবে। তা হলে সাধকের সংবিন্ম সাক্ষাৎ পরব্রহ্মপদ প্রাপ্তি হবে।

তন্ত্রদারে বলা হয়েছে নাভিতে উক্ত হোমকুণ্ডের চিন্তা করতে হয়। আছতি দিতে হয় চারবার। মূল মন্ত্র উচ্চারণ করে 'জ্ঞানপ্রদীপিত নাভিস্থ চৈতন্তরূপ অয়িতে মনোরূপ ক্রকের দ্বারা হবিসহ সর্বদা ইন্দ্রিয়বৃত্তির আছতি দেই, স্বাহা' এই মন্ত্র পড়ে প্রথম আছতি দিতে হবে। তার পর মূলমন্ত্র উচ্চারণ করে 'ধর্মাধর্মরূপ হবির দ্বারা দীপ্ত আত্মান্ত্রিতে মনোরূপ ক্রকের দ্বারা স্থ্যাপথে নিরন্তর ইন্দ্রিয়বৃত্তির হোম করি, স্বাহা' এই মন্ত্র পড়ে দিতীয় আছতি দিতে হবে। আবার মূলমন্ত্র উচ্চারণ করে 'প্রকাশ ও অপ্রকাশরূপ দুইহস্তধৃত উন্মনীরূপ ক্রকের দ্বারা ধর্মাধর্মকলারূপ হবি আত্মান্ত্রিতে আছতি দেই, স্বাহা'

সাংশ্বতি চতুরস্ত্র বিচিন্তা বীরবন্দিতে। আত্মান্তরায়া পরমজ্ঞানায়া পরমেশরি।
চতুভিরেতৈর্দেবেশি ক্থান্ত চতুরস্তকম্। অধ্মান্তাং যোনিরূপাং কুণ্ডমধ্যে বিচিন্তরেং।
আনন্দং মেথলাং কুথাৎ ত্রিরেথা বলয়ন্তথা। জ্ঞানায়িং তত্র দেবেশি যোজয়েং কুলভিরবঃ।
শব্দাখ্যং মাতৃকারূপং সম্বদম্মে ততো হুনেং। অক্ষরাগীই মে দেবি নিঃশব্দং বুক্ষ জায়তে।
পুণাং পাপং বিকল্পঞ্চ সংকল্পং বীরবন্দিতে। কৃত্যঞাকৃত্যমাশানি হবীংয়েতানি পার্বতি।
চিন্তরেমুলবিভাঞ্চ জুহুয়ায়নসা ক্রচা। তদ্য সংবিষয়ঃ সাক্ষাং পরব ক্ষপদং ব্রজেং।
—নিত্যাতয়বচন, দ্রঃ প্রা তো, কাণ্ড ৭, পরিঃ ৪, ব সং, পুঃ ১৩০

২ জঃ বৃহ ত সা, ১০ ম সং, পৃঃ ৬৪১

৩ মূলান্তে নাভিচৈতগুরূপাগ্রে হবিষা মনসা শ্রুচা। জ্ঞানপ্রদীপিতে নিতামকবৃত্তী জুহোমাহং স্বাহা।—এ

৪ মূলান্তে ধর্মাধর্ম হবিদীপ্তে আন্ধাগ্নো মনসা স্রুচা। সুধুয়ার্ম ক্রনা নিত্যমক্ষর্তী জুহোম্যহং স্বাহা

এই মন্ত্র পড়ে তৃতীয় আছতি দিতে হবে। এর পর আবার মূলমন্ত্র উচ্চারণ করে 'অস্তরে সর্বদা মায়ান্ধকারবিনাশা বে-সহিদগ্নি ইন্ধন ছাড়াই জ্বলছে, যে-অগ্নিতে এক অন্তুত মরীচির বিকাশ হয়, সেই অগ্নিতে ক্ষিত্যাদিশিবাস্ত ঘট্ত্রিংশত্তত্বাত্মক বিশ্ব আছতি প্রদান করি, স্বাহা' এই মন্ত্র পড়ে চতুর্থ আছতি দিতে হবে। ই

বিকল্প অন্তর্যাগ—গৌতমীয়তন্ত্রের অভিমত অন্তর্যাগ জীবমুক্তি প্রদান করে। তবে কেবলমাত্র ম্নিদের এবং মৃমৃক্ষ্দের অন্তর্যাগে অধিকার আছে। অন্তদের জন্ত ব্যবস্থা দেওয়া হয়েছে যে তারা মানস দ্রব্যের দ্বারা বহির্যাগের মতো অন্তর্যাগ করতে পারে।

গৌতমীয়তন্ত্রের উক্ত বিধানের তাৎপর্য বহিঃপূজায় যে-সব প্রকট দ্রব্য ব্যবহৃত হয় মনে মনে সেই-সব দ্রব্য ব্যবহার করে যেমনিভাবে বহিঃপূজা করা হয় তেমনিভাবেই আন্তরপূজা ক্ষেত্র বিশেষে করা চলে। এরূপ আন্তরপূজাকে বহিঃপূজারই মানস অন্তর্হান বলা যায়।

গন্ধবিতন্তে এই ধরণের পূজার বিবরণ দিয়ে শেষে ফল বর্ণনা করা হয়েছে এইভাবে<sup>8</sup> যে-ভক্তিমান মারুষ মনে মনেও মহাদেবীকে নৈবেগ্য প্রদান করে দে দীর্ঘায়ুও স্থুখী হয়। মনে মনেও সহস্রপদ্মের মালা দেবীকে অর্পণ করলে সাধক শতসহস্রকোটি কল্প দেবীপুরে বাস করে পৃথিবীতে সার্বভৌম নূপতি হয়ে জন্মায়। যে মনে মনেও মহাদেবীর প্রদক্ষিণ করে সে দক্ষিণদেশে যমপুরীতে গিয়ে নরক ভোগ করে না। ইত্যাদি ইত্যাদি।

বহিঃপূজার মানসামূর্গানরূপ এই আন্তরপূজা যে শাস্ত্রের বিচারে একটি সার্থক সাধনোপায় গন্ধবিতন্ত্রের উক্ত বর্ণনা থেকে তা বোঝা যায়। তা ছাড়া মনঃস্থৈর্ঘ্যের দিক্ দিয়েও এটি বিশেষ কার্যকরী।

মূলান্তে প্রকাশাকাশহন্তাভ্যামবলনে্ব্যায়নী স্রুচা। ধর্মাধর্মকলায়েহপূর্ণময়ে জুহোমাহং স্বাহা
ইতি তৃতীয়ালতিম দ্ভাৎ—ঐ

অন্তর্নিরস্তরনিরিন্ধনমেধনানে মোহান্ধকারপরিপদ্বিনি সংবিদগ্রে।
 কিম্মিন্টেদভ্তমরীচিবিকাশভূমৌ বিখং জুহোমি বহুধাদিশিবাবসান্ম স্বাহা।
 —মেরুতন্তর্বচন, দ্রঃ পু চ, তঃ ৩, পৃঃ ১৯১

অন্তর্গাগ ইতি প্রোক্তো জীবতো মৃক্তিদায়কঃ। মুনীনাং চ মুমুক্ত্ণামধিকারোহত্ত কেবলম্।
 অথবা মানসৈ দ্বৈবাঃ প্রকটেনাপি পূজ্রয়েং।—গো ত, আঃ >

৪ মনদাপি মহাদেবৈ নৈবেলং দীয়তে যদি। যো নরো ভক্তিসংযুক্তঃ স দীর্ঘায়ুঃ হৃথী ভবেং।
মালাং পল্লসহস্রস্তা মনদা যঃ প্রয়ন্ছতি। কলকোটিসহস্রাণি কলকোটশতানি চ।
স্থিতা তব পুরে গ্রীমান্ সার্বভৌমো ভবেং ক্ষিতৌ। মনদা তু মহাদেবৈর যঃ কুর্যাচ্চ প্রদক্ষিণম্।
স দক্ষিণং যমগৃহং নরকালৈর পশ্যতি।—গ ত ১২।২৪-২৭

এ রকম পূজার আরেকটি দার্থকতাও আছে। বহিঃপূজা দর্বত্ত দব অবস্থায় সম্ভবপর নয় কিন্তু পূর্বোক্ত মানদ পূজা সম্ভবপর। এই সম্পর্কে কালিকাপুরাণে বিধান দেওয়া হয়েছে?—প্রবাদে বা তুর্গম পথে কিংবা পূজার স্থান না পেলে অথবা জলে থাকা অবস্থায় কিংবা কারাগারে বন্ধ থাকা অবস্থায় অথবা প্রায়োপবেশনের অবস্থায় জ্ঞানী ব্যক্তি মহামায়ার মানদ পূজা করবেন।

বহিঃপূজা— পূর্বেই উল্লেখ করা হয়েছে তত্ত্বের বিধান প্রথমে অন্তর্যাগ বা আন্তরপূজা করে তবে বহির্যাগ বা বহিঃপূজা করতে হবে।

পুজক ও পুজোপকরণের দেবত্ব— জপ প্রসঙ্গে লক্ষ্য করা গেছে তদ্ধের নির্দেশ সাধককে দেবতা হয়ে দেবপূজা করতে হবে। এর সহজ অর্থ পূজককে দেবভাবে ভাবিত হয়ে, দেবস্থভাব হয়ে পূজা করতে হবে।

বস্তুমাত্রই স্বরূপতঃ মহাশক্তি স্বয়ং। কিন্তু ব্যবহারিক জগতের নানা সংস্কারের আবরণে বস্তুর দে-স্বরূপ আবৃত হয়ে ধায়। সাধনার চরম লক্ষ্য জীবের আত্মস্বরূপের উপলব্ধি, ব্রেক্ষাপলবিধি। বস্তুর স্বরূপচিন্তা বস্তুর আবরণ ভেদ করে মনকে বস্তুস্বরূপে নিবিষ্ট করে দিতে পারে। দেইজন্য পূজার সময়ে সাধকের দেবতা হওয়া অর্থাৎ আপনার চিন্ময়্বরূপের ভাবনায় মন নিবিষ্ট করা বিহিত। শুধু পূজকের নয়, পূজোপকরণেরও দেবস্থ তস্ত্রে বিহিত হয়েছে। এর অর্থ পূজায় বস্তুর দিব্যরূপটিকেই গ্রহণ করতে হবে। পূজা একটি দিব্য ব্যাপার। দেইজন্যই তন্তের বিধান পূজ্য পূজক এবং পূজাজব্য সবই দেবতা হবে। গন্ধর্বতন্ত্রে বলা হয়েছে সর্বভূতের চৈতন্তন্তর্বরূপ যে-ব্রন্ধ আমি দেই ব্রন্ধ, আমি ঈশ্বর। 'আমি ব্রন্ধ' সতত এইরূপ ভাবনাহেতু জীব দেবরূপ প্রাপ্ত হয় এ বিষয়ে কোনো সন্দেহ নাই। দেবতাদৃষ্টিতে পূজোপকরণকে দেখলে সব পূজোপকরণ শুদ্ধ হয় যায় ও দেবত্ব প্রাপ্ত হয়।

এই ভাবনাচিস্তা যাতে দৃঢ় হয় তার জন্ত ততুপযোগী বিবিধ ক্রিয়ান্নষ্ঠানের ব্যবস্থা তত্ত্বে আছে। ভাব বা আইডিয়া সার্থক হয় কর্মান্নষ্ঠানের মধ্য দিয়ে। কর্মান্নষ্ঠান ছাড়া ভুধু ভাব বা আইডিয়া কথার কথামাত্র। তান্ত্রিক সাধনায় নানা রকম ক্রিয়াকর্ম আছে।

প্রধানে পথি বা তুর্গে স্থানাপ্রাথেষ্টা জলেহপি বা। কারাগারে নিবজো বা প্রায়োপবেশগভোহপি বা। কুর্যান্তত্র মহামায়াপুলাং বৈ মানদীং ৰূধঃ।—কা পু ৫৮/২৪-২৫

২ পঞ্চতুতময়ং বিষং তন্ময়ী জং সদান্যে।—বা নি ১২০-এর সে ব, পৃঃ ৩১৭

চৈতন্তং সর্বভূতানাং যদ্ বুদ্ধ সোহহমীখরঃ। সোহহমিতাক্ত সভতং চিন্তনাদ্ দেবরূপতা।
 আক্রনো জারতে সমাগ্ ভাবনানাত্র সংশয়ঃ। পুজোপকরণস্তাপি দেবছমিছ জারতে।
 সর্বেষাং দেবতাদৃট্যা জারতে গুল্বতাপি চ।—গ ত ১৩।৩-৫

আপাতদৃষ্টিতে এ-সব অনেকগুলি নিরর্থক মনে হতে পারে। কিন্তু অভিজ্ঞ ব্যক্তিরা জানেন উচ্চ স্তরের তান্ত্রিক সাধনা স্থপরিকল্পিত। এর প্রতিটি অন্থগ্ঠান সাধককে চরম লক্ষ্যের অভিমুখে অগ্রসর করে দেয়।

পৃষ্কান্মন্থানের বিভিন্ন অঙ্কের আলোচনা আরম্ভ করার আগে এই সম্পর্কে ত্রেকটি সাধারণ বিষয় জেনে নেওয়া আবশ্যক।

পূজক—তদ্রোক্ত স্বকল্পবিহিত পূজাদি কর্ম স্বয়ং সাধককে করতে হয়। গন্ধর্বতন্তে বিধান দেওয়া হয়েছে সাধক মৃঢ় হলে পূজাদি-কর্মে গুরুকে নিয়োগ করবেন। তবে এ বিষয়ে মতভেদ আছে। ষেমন গুপ্তসাধনতন্ত্রে বলা হয়েছে—আগমোক্ত বিধানাত্র্সাবে পূজায় স্বয়ং গুরু অধিকারী। গুরুর অভাবে সাধক স্বয়ং পূজাদি করবেন। ত

ৰলা হয়েছে সাক্ষাৎ ব্ৰহ্মব্ৰপী গুৰু যদি পূজাদি করেন তা হলে সে-সবের শতকোটিগুণ ফল হয়। সাধক স্বয়ং পূজাদি করলেও পূজাদ্রব্যাদি-সব গুৰুকে দান করবেন। গুৰুকে দান করলে সব কিছুর কোটিগুণ ফল হয়।

শ্পষ্টই বোঝা যাচ্ছে নৈমিত্তিকাদি পূজা সম্পর্কেই গুপুসাধনতন্ত্রের বিধান। নিত্যপূজা স্বয়ং সাধককেই করতে হয়। উক্ত গুপুসাধনতন্ত্রেই বিধান দেওয়া হয়েছে —সাধক পূজার অর্থাৎ নৈমিত্তিক বা কাম্য পূজার আগের দিন ক্ষোরকর্মাদি করবেন, হবিষ্যান্ন বা নিরামিষ ভোজন করবেন। তার পরদিন অর্থাৎ পূজার দিন প্রাতঃকালে স্বান করে প্রথমে নিত্যপূজা সমাপন করতঃ দেবতার মতো শুদ্ধমনা হবেন।

এর পরেই বিধান দেওয়া হয়েছে গুরু তদভাবে গুরুপুত্র তদভাবে গুরুপত্তী পূজা করবেন। কেন না আগমোক্ত বিধানাহ্নসারে পূজায় স্বয়ং গুরু অধিকারী। গুরু বা তাঁর পুত্র বা পত্নী কেউ উপস্থিত না থাকলে সাধক স্বয়ং পূজা করবেন।

১ তত্ত্বাক্তানি স্বকল্লোক্তকর্মাণি স্বয়মাচরেৎ।—বরদাতপ্রবচন, দ্রঃ প্রা তো, কাও ৎ, পরিঃ ৬, ব সং, পুঃ ১৮৪

२ श्रशः यनि ভবেনা ঢ়ো গুরুং তত্র নিয়োজয়েং।—গ ত ২৪।১৮

আগমোক্ত বিধানেন অধিকারী গুরুঃ বয়ম্। গুরোরভাবে দেবেশি বয়ং প্জাদিকং চরেং।
 —গুপ্তসাধনতয় পঃ ৬

৪ ৰুদ্ধরপোঃ গুরুং সাক্ষাৎ যদি পূজা দিকং চরেং। তত্তৎ সর্বং মহেশানি শতকোটিগুণং ভবেং।
অথবা প্রমেণানি বয়ং পূজাদিকং চরেং। বয়ং পূজাদিকং কৃতা পূজাজব্যাদিকক য়ং।
তৎ সর্বং প্রমেণানি গুরোরত্রো নিবেদয়েং। গুরৌ দত্তং মহেশানি সর্বং কোটিগুণং ভবেং।—ঐ

৬ গুরুষা গুরুপুত্রো বা গুরুপায়ী চ হারতে। আগমোক্তবিধানের অধিকারী গুরু বয়ন্। গুরোরভাবে দেবেশি বয়ং পূজাদিকং চরেং।—এ

পুরোহিতের দ্বারা পূজা নিষিদ্ধ —পুরোহিতের দ্বারা তান্ত্রিক পূজা করান তন্ত্রশাস্ত্রাম্থ-সারে নিষিদ্ধ। শাস্ত্রের অভিমত কেউ যদি পুরোহিতকে এনে পূজাদি করায় তা হলে তার প্রতি কালিকা ক্রুদ্ধ হন এবং তার সর্বার্থ নষ্ট নয়।

লোকসমক্ষে পূজা নিষিদ্ধ—সাধনা করতে হয় গোপনে। লোক দেখিয়ে সাধনা হয় না। পূজা সাধনা। কাজেই তন্ত্রে বিধান দেওয়া হয়েছে —সাধক পূজাকালে অন্তের মৃথ দেখবেন না। যিনি জনসন্নিধানে ইষ্ট পূজাদি করেন তাঁর উপর কালিকা ক্রেদ্ধ হন এবং তাঁর স্বার্থহানি হয়। বরং পূজা না করা ভাল তবু জনসন্নিধানে পূজা কর্তব্য নয়।

পূজার ছান—এই প্রদক্ষে পূজার স্থানের কথাটা এদে পড়ে। যে-সব স্থান পবিত্র বলে গণ্য সেই-সব স্থানই পূজা তথা সাধনার পক্ষে প্রশস্ত। গন্ধর্বতন্ত্রে বলা হয়েছে — পুণ্যদলিলা নদীর তীর গুহা পর্বতশিথর তীর্থস্থান সাগরসঙ্গম পবিত্র বন বিজন উত্থান বিজ্ঞ্ব গিরিতট তুলদী-কানন বৃষশূলগোষ্ঠ শিবালয় অখথমূল আমলকীবৃক্ষমূল গোশালা জলমধ্যবর্তী দেবালয় সম্ক্রকল নিজগৃহ গুরুর সন্নিহিত স্থান এবং যে-স্থলে মন একাগ্র হয় সেইস্থল — এই-সব স্থান সাধনা তথা পূজার পক্ষে প্রশস্ত। কিন্তু সব চেয়ে উত্তম পশুহীন নির্জন স্থান।

কালীকুলসম্ভাবের মতে স্বল্লাভিলাষী ব্যক্তির সিদ্ধির পক্ষে অরণ্যে পূজা হিতকর আর নিষ্কাম মৃমুক্ষ্ ব্যক্তিদের পক্ষে সর্বদা গৃহে অর্চনাই প্রশস্ত ।

<sup>&</sup>gt; পুরোহিতং সমানীয় যদি পূজাদি কারয়েং। তক্ত সর্বার্থহানিঃ স্তাৎ কুদ্ধা ভবতি কালিকা।
—শুপুসাধনতন্ত্রবচন, দ্রঃ প্রা তো, কাও ৫, পরিঃ ৬, পৃঃ ৩৮৪

পুজাকালে মহেশানি নাশ্যবন্ত্রং বিলোকয়ে९। ইউপুজাদিকং সর্বং যঃ কুর্গাজ্জনসয়িধৌ।
 তস্ত্র সর্বার্থহানিঃ স্থাৎ কুদ্ধা ভবতি কালিকা। বরং পুজা ন কর্তব্যা ন কুর্গাজ্জনসয়িধৌ।—ঐ

পুণ্যক্ষেত্রং নদীতীরং গুহাপর্বতমন্তকন্। তীর্থপ্রদেশাঃ দিজ্নাং সংগমঃ পাবনং বনন্।
উদ্যানানি বিবিক্তানি বিজ্ঞান্ত তটং গিরেঃ। তুলসীকাননং গোঠং বুষণ্ডাং শিবালয়ন্।
অথথামলকীমূলং গোশালা জল মধ্যতঃ। দেবতায়তনং কুলং সমুদ্রস্থ নিজং গৃহন্।
ভর্মণাং সন্নিধানং চ চিতৈকাগ্রন্থলং তথা। সর্বেষামৃত্রমং প্রোক্তং নির্জনং পশুবর্জিতন্।—গ ত ২৫।>-৫

৪ যত্রৈকাগ্রতা তত্রাবিশেষাৎ (ব্র স্থ ৪।১।১১) এই স্করেও বলা হয়েছে যেখানে সাধকের চিত্ত একাগ্র হয় সেইস্থানই পূজার স্থান, এক্ষেত্রে বিশেষ কোনো দেশের নিরম নাই। উক্ত স্বত্রের শক্তিভাল্পে বলা হয়েছে যাঁর যেখানে চিত্তপ্রসাদ হবে তিনি সেথানে অবস্থান করবেন, যেস্থানে অবাধে চিত্ত একাগ্র হয় সেইস্থানে বসে উপাসনা করবেন। (যোহি যক্ষিণেচিত্তপ্রসাদমন্ভবেৎ স তং দেশমধিতিঠেও। যক্রাবাধিতচিত্তকাগ্রাঃ স্থাৎ তত্রাসীন উপাসীত।)

অরণ্যং বল্পকামানাং সিদ্ধার্থং পূজনে হিতম্। নিদ্ধামানাং মুমুকুণাং গৃহে শন্তং সদার্চনন্।
 —কালীকুলসভাববচন, স্তঃ বৃহ ত সা, ১০ম সং, পরিঃ ২, ব সং, পৃঃ ২৬৭

এ ছাড়া অবশ্য কাশী প্রভৃতি তীর্থস্থানে পূজার বিশেষ মাহাত্ম্যের কথা বলা হয়েছে। কামরূপ প্রভৃতি পীঠস্থানে শক্তিপূজা বিশেষভাবে ফলপ্রদ।

তবে ষথার্থ পূজার স্থান সাধকের হাদয়। বাইরের পূজার স্থান গৌণ, বাহ্যপূজার ক্ষেত্রেই তার প্রয়োজন। এ সম্পর্কে কৌলাবলীনির্ণয়তন্ত্রে বড় চমৎকার কথা বলা হয়েছে—দেবতা পর্বতশিথরে নাই, কোনো বিশেষ স্থানে নাই, বিষ্ণুমন্দিরে নাই। চিদানন্দময় তিনি আছেন সাধকের হাদয়ে। ভাবের দৃষ্টিতেই তাঁর দর্শন মিলে। যে-মহাত্মার যেথানে যেথানে দৃঢ়ভক্তি জয়ে সেই সেই স্থলে মহাদেবী প্রকাশিতা হন।

পূজার কাল—তত্ত্বে আচারভেদ পূজার প্রকারভেদ ইত্যাদি অন্নসারে পূজার কাল নির্দিষ্ট হয়। যেমন কুলার্গবতন্ত্বে শক্তিপূজা সম্পর্কে বিধান দেওয়া হয়েছে—দিনের বেলা নিত্যপূজা করতে হবে, রাত্রে করতে হবে নৈমিত্তিকপূজা। কাম্যপূজা দিনরাত্রি উভয় কালেই বিহিত এই শাস্ত্রের নির্ণয়।

গন্ধর্বতন্ত্রের মতে সম্ভ্রিক গৃহস্থের প্রাতঃকালে বাহ্নপূজা করা কর্তব্য।

আবার পূজার উদ্দেশ্য অনুসারেও পূজার কালভেদ হয়ে যায়। মহানীলতত্ত্বে বলা হয়েছে—উত্তম দাধক সত্ত্ব্দ্বিতে প্রভাতে দেবীর পূজা করবেন, রাজদিক কর্ম দিদ্ধির উদ্দেশ্যে মধ্যাহে রাজদিক পূজা করবেন আর শক্রনাশিনী দেবীর তামসপূজা করবেন সায়াহে।

বীরাচারের পূজায় কালের কোনো নিয়ম নাই। মহাচীনাচারক্রমে বলা হয়েছে পূজার পক্ষে সমস্ত কালই শুভ কাল, অশুভকাল কিছুই নাই। এ ব্যাপারে দিন রাত্রি সন্ধ্যা ও মহানিশার মধ্যে কোনো ইতরবিশেষ নাই।

পঞ্জ জ-বহি:পূজার কথা হচ্ছিল। বহি:পূজার প্রারম্ভেই আছে পঞ্জ দ্বির বিধান।

<sup>&</sup>gt; जः को नि, छैः >

ন দেবঃ পর্বতাগ্রেষু ন দেশে বিষ্ণুসন্ধনি। দেবশ্চিদানন্দময়ো হৃদি ভাবেন দৃশুতে।
 যত্র থত্র দৃঢ়া ভক্তিশ্দা যক্ত মহাত্মনঃ। তত্র তত্র মহাদেবী প্রকাশমন্পুলছতি।—দঃ ঐ

ও নিজার্চনং দিনে কুর্যাৎ রাজ্রো নৈমিত্তিকার্চনম্। উভয়োঃ কাম্যকর্মাণি চেতি শাস্ত্রস্থ নির্ণয়ঃ।

<sup>—</sup>কু ত, উঃ ১১

৪ তন্মাৎ সর্বপ্রয়নে ৰাহ্ণপূজাং মহেশবি। প্রাতরেব সদা কুর্যাদ গৃহস্থা গৃহিণীযুত: ।—গ ত ৩৫।৬২

প্ৰভাতে পূজয়েদ্দেবীং সন্তব্দ্ধা হসাধকৈ: । মধ্যাকে পূজয়েদ্দেবীং রাজসঃ কার্যসিদ্ধয়ে।
সায়াকে পূজয়েদ্দেবীং তামসঃ শক্রনাশিনীয় ।—মহানীলতয়বচন, ড়ঃ সাধনয়হতয়য়, ১য় থণ্ড, পৄঃ ১৩০

<sup>💩</sup> সূৰ্ব: এব শুভঃ কালো নাশুভ বিভতে কচিং। ন বিশেষো দিবারাত্রো ন সন্ধ্যায়াং মহানিশি।

<sup>—</sup>মহাচীনাচারক্রম, পঃ ২

আত্মা অর্থাৎ সাধক স্থান মন্ত্র দ্রব্য ও দেবতা এই পঞ্চ পদার্থের শুদ্ধিকে বলৈ পঞ্জদ্ধি। সাধক পঞ্জদ্ধি না করে দেবার্চনাই করতে পারেন না।

আৰু জ্বি—শান্তবিহিত স্থান ভূতভ্দ্ধি প্ৰাণায়াম বড়ঙ্গক্তাস ইত্যাদির দারা আত্মভদ্ধি হয়।

স্থানশুদ্ধি—স্থান অর্থাৎ পূজাস্থানের শুদ্ধিসম্পর্কে বিধান দেওয়া হয়েছে পূজার স্থান মার্জন করে লেপে পূছে আয়নার মতো ঝক্ঝকে করতে হবে। তারপরে চাঁদোয়া থাটিয়ে ফুলের মালা প্রভৃতি দিয়ে সাজাতে হবে। ধূপ দীপ জেলে দিতে হবে আর পঞ্চবর্ণ রজ্ব অর্থাৎ চুর্ণ দিয়ে চিত্রিত করতে হবে। তা হলেই স্থানশুদ্ধি হবে।

মন্ত্রশুদ্ধি—মূলমন্ত্রবর্ণ মাতৃকাবর্ণের দ্বারা পুটিত করে অস্থলোম-বিলোমক্রমে ত্বার স্মারুত্তি করলে মন্ত্রশুদ্ধি হবে।

**দ্রব্যশুদ্ধি**—যথাবিধি মূলমন্ত্র ও ফট্ এই অস্ত্রমন্ত্রের দারা পূজাদ্রব্যাদি প্রোক্ষণ করে ধেমুমুলা প্রদর্শন করলেই দ্রবাশুদ্ধি হয়।

**দেবভাশুদ্ধি** পূজাপীঠের উপর দেবীর প্রতিষ্ঠা করে সকলীকরণমূদ্রায় সকলীকরণ করে মন্ত্রবিদ্দীপ্তাত্মা সাধক মূলমন্ত্র ও জলের ত্বারা অভিভাবনা করে তিনবার প্রোক্ষণ করবেন। তাহলেই দেবতাশুদ্ধি হবে। ৺

তন্ত্রের নির্দেশ এমনি পঞ্জন্ধি করে তবে দেবপূজা করতে হবে। পঞ্জন্ধি না করে পূজা করলে সে-পূজা ব্যর্থ হবে।

মণ্ডল—কুলার্গবতন্ত্রের মতে পঞ্জদ্ধির পর মণ্ডল অন্ধন করতে হবে। বলা হয়েছে মণ্ডল ব্যতীত পূজা নিক্ষল হয়। সেইজন্ম মণ্ডল এঁকে যথাবিধি সেখানে পূজা করতে হবে।

১ আক্সন্থানমমুদ্রব্যদেবগুদ্ধিস্ত পঞ্মী। যাবন্ন কুরুতে মন্ত্রী তাবদেবার্চনং কৃত:।—কৃ ত, উ: ৬

২ সুস্থানভূতদংশুদ্ধিপ্রাণারামাদিভিঃ প্রিয়ে। বড়ঙ্গাছখিলছাদৈরাম্বশুদ্ধিঃ সমীরিতা।—এ

সংমার্কনামুলেপাল্য়ৈর্দর্পণাদরবং কৃত্য। বিতানধুপদীপাদিপুষ্পমাল্যাদিশোভিত্য।
 পঞ্চবরজ্ঞালিক্রং স্থানশুদ্ধিরিতীরিতা।—ঐ

৪ এথিতা মাতৃকাবণৈ মূলমন্ত্রাক্ষরাণি চ। ক্রমাৎক্রমান্দি,রাবৃত্তির্মন্তওদ্ধিরিতীরিতা।—এ

পুজান্তব্যাদি সংপ্রোক্ষ্য মূলাক্রাভ্যাং বিধানতঃ। দর্শয়েদ ধেত্বমুদ্রাং চ প্রবাশুদ্ধিরিয়ং মতা।
 —মেরুভন্তরবচন, ত্রঃ পু চ, তঃ ৩, পুঃ ১৫৩

পীঠে দেবীং প্রতিষ্ঠাপ্য সকলীকৃত্য মন্ত্রবিং। মূলমন্ত্রেণ দীপ্তাক্মা অভিভাব্যোদকেন চ।

ক্রিবারং প্রোক্ষয়েধিয়ান্ দেবগুজিরিতীরিতা।—ঐ

পঞ্জদিং বিধায়েখং পশ্চাদ বজনমাচয়েং। পঞ্জদিবিহীনেন বংকৃতং ন চ তংকৃতয়ৄ।
 —মেরতয়বচন, য়ঃ পু চ, তঃ ৩, পুঃ ১৫৩

৮ মণ্ডলেৰ বিদা পূজা নিফলা কখিতা প্ৰিয়ে। তন্মান্মগুলমালিখ্য বিধিবভত্ত পূজানেং।—কু ত, উ: •

পূজার অঙ্গ পৃজাহঠানের আছে বিভিন্ন অঙ্গ। পঞ্জন্ধি-প্রসঙ্গে ভৃতত্তন্ধি ভাস প্রাণায়ামাদি অঙ্গের উল্লেখ করা হয়েছে। গন্ধবিতয়ে ধ্যান পূজা জপ হোম ভাস ও তর্পন পূজাহঠানের এই ষড়ঙ্গের কথা বলে বলা হয়েছে। এই ষড়ঙ্গ-অহঠানসহ পূজা করলে দেবী মনোরথ পূর্ণ করেন।

উক্ত তন্ত্রে যজ্ঞ বা পূজাত্বস্টানকে মাহুষের মতো দেহধারী জীব কল্পনা করে বলা হয়েছে—ধ্যান পূজা জপ হোম তার চার হাত, গ্রাসসমূহ শরীর, পূজাতত্বজ্ঞান আত্মা, ভক্তি মন্তক, শ্রন্ধা হৃদয় এবং পূজাক্রিয়াকৌশল তার নেত্র। উত্তম সাধক এমনি যজ্ঞশরীরের বিষয় জেনে সর্বাঙ্গসম্পূর্ণ যজ্ঞ সম্পন্ন করবেন। অঙ্গহানি হলে অত্যন্ত দোষ হয়। সেইজন্ত কোনো অঙ্গহানি করবেন না।

পূজাবিধি—নিত্যাদি পূজাভেদে পূজাবিধি ভিন্ন হয়, দেবতাভেদেও ভিন্ন হয়। আবার সম্প্রাদায়ভেদেও পূজাবিধি ভিন্ন হয়। এই-দব বিধি বেশীর ভাগ ক্রিয়ামূলক। ক্রিয়ার অমুষ্ঠান গুরুর কাছে হাতেকলমে শিথতে হয়। পূঁথি দেখে দে-দব অনেক অমুষ্ঠানই করা যায় না।

তবে তান্ত্রিক পূজার কতকগুলি সাধারণ বিধি আছে। সেই-সব সাধারণ বিধির একটা মোটাম্টি পরিচয় এখানে দেবার প্রশ্নাস করা যাচ্ছে।

নিত্যপূজাবিধি—ক্রিয়াসংগ্রহে নিত্যপূজার বিধি নির্দেশ করা হয়েছে—সাধক পূজাস্থানে এসে তিনবার আচমন করবেন এবং আসনে বঙ্গে ষত্বপূর্বক সম্বন্ধ করবেন।

কিন্ত আসনে বসবার আগে কিংবা আসনে বসে তাঁকে বিদ্বাপসারণ বা ভূতাপসারণ করতে হবে। যথাবিধি মন্ত্র পড়ে এই অফুষ্ঠান করতে হয়। মন্ত্রটির অর্থ এই—শিবের আজ্ঞায় পৃথিবীস্থ সব ভূত দূর হোক, বিদ্বকারী সব ভূত বিনাশপ্রাপ্ত হোক; ভূত এবং পিশাচেরা সব দিকে সরে যাক। সকলের অবিরোধে ব্রহ্মকর্ম আরম্ভ করব। গ

১ ধ্যানং পূজা জপশ্চৈব হোমো স্থাসশ্চ তর্পণম। অতা বৈ পুজিতা দেবী পুরয়েন্তন্মনোরধান্।—গ ত ২২।৮৪

২ ধ্যানং পূজা জপো হোম ইতি হস্তচতুষ্টয়ন। শরীরং স্থাসজালং তু আত্মা তজ্জানমেব চ। ভক্তিং শিরোহত্র হৃদ্ভূদ্ধা কৌশলং নেত্রমীরিতন্। এবং বজ্ঞারীরং তু মন্ধা সাধকসন্তমঃ। বৃজ্ঞং সমাপরেন্নিত্যং সাঙ্গমেব থলু প্রিয়ে। অঙ্গহীনে মহান্ দোবন্ততোহঙ্গং নাবধীরয়েং।—গ ত ২৪।২৭-২৯

৩ পুজান্থানং সমাগমা কুর্যালাচমনত্রয়म्। উপবিখ্যাসনে মন্ত্রী কুর্যাৎ সংকল্পমালরাৎ।

<sup>—</sup>ক্রিয়াসংগ্রহবচন, দ্রঃ পু চ, তঃ ৬, পৃঃ ৫১২

জাদৌ বিল্পং সমূৎসার্য পশ্চাদাসনকলনম্। অথ বা চাসনে স্থিছা বিল্লামুৎসারয়েৎ স্থাঃ।

 —তক্সান্তরবচন, জঃ ঐ, তঃ ৩, পৃঃ ১৫৪

ও অপসর্পত্ত তে ভূতা বে ভূতা ভূমিসংশ্বিতাঃ। বে ভূতা বিশ্বক তারতে নশুভ শিবাজয়।

অপক্রমন্ত ভূতানি পিশাচাঃ সর্বতো দিশম্। সর্বেবামবিরোধেন বুক্সকর্ম সমারতে।

—জঃ শা তি ৪।১০-এর রাঘবভট্টকৃত টীকা

এই মধ্রের সাধারণ অর্থ অনিষ্টকারী সব অতিপ্রাক্তত সন্তা শিবাজ্ঞায় অপস্তত হোক।
ক্বিন্ত মন্ত্রটির গৃঢ় অর্থও আছে। পঞ্চভূত এবং পাঞ্চতোতিক জীবজগৎ অনেক সময় সাধনায়
বিশ্ব ঘটায়। সেই সব বিশ্ব ঘাতে না ঘটে তার জন্ম পূজার প্রারম্ভেই সমস্ত ভূত এবং
সর্বোপরি ভূতনাথের ক্বপাপ্রার্থনাই মন্ত্রটির গৃঢ় অর্থ।

আচিমান—আচমনের উদ্দেশ্য সাধকের দেহগুদ্ধি। এইজন্য পূজার প্রারম্ভেই আচমনের ব্যবস্থা। আচমনের বৈদিক এবং তান্ত্রিক উভরবিধ মন্ত্র আছে। শাস্ত্রমতে জীবের শুল স্ক্র্ম এবং কারণ এই ত্রিবিধ দেহ। তন্ত্রের অভিমত তান্ত্রিক আচমনমন্ত্রের বারা এই ত্রিবিধ দেহে। তন্ত্রের অভিমত তান্ত্রিক আচমনমন্ত্রের বারা এই ত্রিবিধ দেহের শোধন হয়।

শোধন—যে-বন্ধ স্থরপতঃ যা, আগন্তক দ্রব্য বা ভাব থেকে মৃক্ত করে, তাকে তার সেই স্বশ্ধপে প্রতিষ্ঠিত করার নামই শোধন বা শুদ্ধি। এর সহজ অর্থ বস্তমাত্রই স্বশ্ধপতঃ ব্রহ্ম। বস্তুর অন্ত যে-রূপ তা আগন্তক বা আরোপিত। সেই আরোপিত রূপ অপসারণ করে বস্তুকে তার ব্রহ্মপ্রণ প্রতিষ্ঠিত করাই বস্তুর শোধন।

স্বস্থিবাচন—আচমনের পরই আরেকটি অর্ম্নান আছে। এটি স্বস্থিবাচন। স্বস্থিবাচনের মর্মকথা সর্বভূতের কল্যাণপ্রার্থনা, অভীষ্ট কর্মের সফলতার জন্ম প্রার্থনা। 
জীবমাত্রই অন্য সব জীবের সঙ্গে সম্বন্ধযুক্ত, স্বরূপতঃ অন্যের সঙ্গে একাত্ম। সকলের কল্যাণ প্রত্যেকের কল্যাণ এই বিশ্বাত্মীয়তার ভাবটি আলোচ্য স্বস্থিবাচনের মধ্যে অহুস্যাত হয়ে আছে। সনাতন ধর্মীয় সাধনা ব্যষ্টিগত হলেও ব্যষ্টির সাধনা সমষ্টিকে উপেক্ষা করে না।
পূজার প্রারম্ভে স্বস্থিবাচনের এই তাৎপর্য।

বৈদিক ও তান্ত্রিক স্বন্ধিবাচন ভিন্ন। আবার স্বস্তিবাচন ঋক্সামযজুর্বেদ অনুসারে ভিন্ন।

১ জ: পুত, p. 79

২ আল্পবিভাশিবৈত্তবৈ বাহাতৈঃ সাধকাগ্ৰণীঃ। ত্ৰিস্পাভাহণো বিক্ষমূত্য ছাচমেৎ কুলসাধকঃ।
—মহা ত ৫।৩১
মন্ত্ৰটি—ও আল্পতবাৰ বাহা, ও বিভাতবাৰ বাহা, ও শিবতবাৰ বাহা।

ও আন্মতত্ত্বন স্থুলদেহং শোধরামি বাহা। বিভাতত্ত্বন স্ক্রদেহং শোধরামি বাহা, শিবতত্ত্বন প্রদেহং শোধরামি বাহা।—তা ভ মু, পৃঃ ১২৯

<sup>—</sup>আত্মতন্ত্রার বাহা মত্রে ত্বলদেহের, বিভাজনার বাহা মত্রে ক্লদেহের এবং শিবতন্তার বাহা মত্রে কারণদেহের শোধন করতে হয়। ৪ পৃত, পৃঃ ১৭ ৫ ঐ, p. 79

তায়িক বিভিনান—য়ীঁ য়ুঁ বভি নঃ কাত্যায়নী য়ুঁ অপর্ণাশ্রবা হঁ, বভি নঃ কালী য়োঁ মেধায়তয়য়ী য়াঁ
বভি নঃ প্রত্যক্রিরা দেবতা দথাতু য়ীঁ বভি য়ীঁ বভি য়ীঁ বভি য়ি লভঃ পুদ, সং ৩১, পৃঃ ২৪

१ जः अ गृः २७

স্বস্তিবাচনের পর স্বস্তিস্ক্ত পাঠ করা হয়। বৈদিক স্বস্তিস্ক্ত ও তান্ত্রিক স্বস্তিস্ক্ত পৃথক্।

আসনশুদ্ধি পূর্বোক্ত ক্রিয়াসংগ্রহের বচনে পূজামুষ্ঠানের সব প্রাথমিক ক্বভ্যের উল্লেখ নাই। বেমন তাতে আসনশুদ্ধির কথা নাই। অথচ আসনশুদ্ধি তান্ত্রিক পূজার একটি আবশ্রিক প্রাথমিক ক্বত্য। শুধু আসন নয়, তান্ত্রিকপূজায় ব্যবহার্য দ্রব্যমাত্রই মন্ত্রের দারা শোধন করতে হয়। অভাভ দ্রব্যশোধনের মন্ত্রের মতো আসনশোধনেরও মন্ত্র শিহে। সাধককে ম্থাবিধি মন্ত্র পড়ে আসনশোধন করতে হবে।

এই শোধনব্যাপারের তাৎপর্য সাধারণ বস্তুকে মন্ত্রশক্তি বলে আধ্যাত্মিক সাধনার উপযোগী করে তোলা। সাধকের চিস্তায় শোধিত দ্রব্যের দিব্যরূপই প্রাধান্ত পায়।

শাস্ত্রের বিধান সাধক যথাবিধি আসনশোধন করে আসনের পূজা<sup>®</sup> করবেন এবং মন্ত্র<sup>®</sup> পড়ে আসনে উপবেশন করবেন। পদ্মাসন স্বস্তিকাসন প্রভৃতি<sup>©</sup> যৌগিক আসনের কোনো একটি আসন করে বঙ্গে পূজা করা বিধি।

এই প্রসঙ্গে উল্লেথ করা যায় শাস্ত্রে কুশাসন মৃগচর্মাসন প্রভৃতি বিভিন্ন আসনের বিধান আছে। সাধারণতঃ এই-সব পদার্থের মধ্য দিয়ে বিত্যুৎপ্রবাহ চলতে পারে না। পদ্মাসনাদিতে মেরুদণ্ড সোজা করে এবং ঘাড় ও মাথা উচু করে মেরুদণ্ডের সঙ্গে সমরেথায় রেথে বসতে

- ওঁ সর্বন্চ দেবল্চ বিভীতকঞ্চ প্রভপ্পতাং মেরু স্থবর্ণদায়ী।
   কালোদ্ধ মা মা সচেল্রিয়ং শ্রিয়ো বিবিস্তরাগাশ্চ পুর্বান্তবায় বৈ।

  পু দ, সং ৩১, পৃঃ ২৩
- २ थें পृथ् छत्रा वृं हा ताका ति पर विक्ना वृं हा। पर ह वात्रत्र मार निष्ठार शिवजर होगनर क्र ।

—सः भू ह, जः ७, भः ১६४

- ৩ আসনপূজার মন্ত্র—(i) মারাবীজং সম্চার্য আধারণক্তরে ততঃ। কমলাসনমাভাক ঙেনমোহতঃ প্রপূজ্রেৎ।—দ্রঃ ঐ
  - —<u>হী</u> আধারণক্তয়ে কমলাসনার নমঃ এই মত্তে আসনপূজা করতে হবে।
- (ii) তত্রাসনং সমান্তীর্থ কামমাধারশক্তিতঃ। কমলাসনায় নমো মপ্তেণৈবাসনং বজেং।—মহা ত ৫।৮১
  —ক্লী আধারশক্তিকমলাসনায় নমঃ এই মন্ত্রে আসনপূজা করতে হবে।
- ৪ আত্মমন্ত্রেণোপবিশেদাসনে দেশিকোত্তম। –পু চ, তঃ ৩, পৃঃ ১৫৮
- —দেশিকোত্তম আত্মমন্ত্র উচ্চারণ করে আসনে উপবেশন করবেন। সাধকের নামের আত্মকরকে চন্দ্রবিন্দৃর্ক্ত করনেই আত্মমন্ত্র হয়। তঃ বনামাত্মকরং পুংসঃ সোমসামিসমন্তিম্। আত্মমন্ত্র বিজ্ঞানীয়াৎ…।

— सः वे, शः ১६३

- পদ্ম-স্বন্তিক-বীরাদিবেকাসনসমান্থিতঃ । জপার্চনাদিকং কুর্যাদক্তথা নিক্ষলং ভবেং ।
  - —ক্র: শা তি ৪।১৯-এর রাঘবভট্টকৃত টীকা
- ৬ ধর্মার্থকামমোক্ষান্তিশৈকাজিনকুশোন্তরে ৷—এ ৪।১৭-১৮-এর ঐ

হয়। সাধনমর্মজ্ঞরা বলেন সাধনভজনের সময় সাধকদেহে অনেক প্রকার বিত্যুৎক্রিয়া পরিলক্ষিত হয়। মেরুদণ্ড সোজা করে বসলে দেহস্থ বিত্যুতের যাতায়াত সহজ হয়। পূর্বোক্ত আসনাদিতে বসার জন্ম দেহস্থ বিত্যুৎপ্রবাহ ভূমির সঙ্গে যুক্ত হতে পারে না; তা না হলে হত এবং তার ফলে সাধকদেহের ক্ষতি হত। এই মতামতের সত্যাসত্য বৈজ্ঞানিক পরীক্ষার ঘারা নির্ণয় করা যেতে পারে।

সন্ধন্ধ পূজায় বদে যথাশান্ত সন্ধন্ন করতে হয়। সন্ধন্নের তাৎপর্য যে-উদ্দেশ্যে পূজা করা হচ্ছে সেটি সাধকের মনে দৃঢ়মূল করে দেওয়া। পূজার অন্ততম উদ্দেশ্য দেবতাকে প্রসন্ন করা। সেইজন্য পূজার সন্ধন্নমন্ত্রেও তার উল্লেখ লক্ষ্য করা যায়।

শুধু পূজায় নয় তপ্তমতে অন্তপ্তিত দৈব এবং পৈত্র সর্ব কর্মেই সন্ধন্ন করা বিধি। মংশ্র-স্বন্ধেশ বলা হয়েছে নিত্য নৈমিত্তিক এবং কাম্য সব-রক্ম পিতৃ-দৈবত-কর্মে সন্ধন্ন আবশ্যক। সন্ধন্ন করে না করলে সে-কর্ম সফল হয় না।

অপরাপর বিধি—ক্রিয়াসংগ্রহের মতে সঙ্কল্লের পর সর্বকর্মের সাক্ষী স্থাদেবকে আর্ঘা দিতে হবে। তার পর সাধক গুরু ও গণপতিকে প্রণাম করে স্বীয় ইষ্টদেবতাকে প্রণাম করবেন, তিন তালি দিয়ে দশদিক্ বন্ধন করবেন, ভৃতশুদ্ধি প্রভৃতি করে প্রাণায়াম করবেন, মাতৃকাল্যাস ও মূলমন্ত্রের ল্যাস করবেন এবং হৃদয়ে দেবতার ধ্যান করে মানস উপচারে পূজা করবেন। তাঁকে নৈবেল্ল ভিন্ন বাহ্য উপচারের দ্বারা দেবতারূপী স্বীয় আত্মার পূজা করতে হবে। তার পর তিনি স্বীয় কল্লোক্ত মূলাপ্রদর্শন করে অর্ঘ্যাদি স্থাপন ও পূজান্তব্যশোধন করবেন এবং মন্ত্রোক্ত দেবতার ধ্যান করে মূলমন্ত্রের দ্বারা আবাহন করবেন।

- ১ স্ত্রপ্ঃ ১৬
- ২ পূজার সকলমন্ত এই রকম—ও অভ অমৃকে মাসি অমৃকরাশিত্বে ভাগরে অমৃক পক্ষে অমৃকতিখোঁ অমৃকগোত্রোংমৃকদেবশর্মা অমৃকদেবতাপ্রীতিকামঃ যথাসপ্তবোপচারৈরমৃকদেবতায়াঃ পূজামহং করিছে।—
  জঃপুচ, তঃ ৫, পৃঃ ৩২৫; পুদ, সং ৩১, পৃঃ ৩৮০

অশ্ব সঙ্কলমন্ত্রেরও মোটামোটি এই আকার।

- নিত্যে নৈমিত্তিকে কাম্যে পিতৃদৈবতকর্মণি। সঙ্কলপূর্বকং কর্ম অন্তথা ন ফলং শ্বতন্।
   —মংস্তত্ত্বচন, ত্রঃ প্রা তো, কাণ্ড ৩, পরিঃ ৩, ব সং, পৃঃ ১৭০
- দভাদর্থং দিনেশার সাক্ষিণে সর্বক মণঃ। গুরুং গণপতিং নছা প্রণমেদিষ্টদেবতান্। তালত্রয়ং পুরস্কৃত্য বর্ধীয়াচ্চ দিশো দশ। ভৃতগুদ্ধাদিকং কৃষা প্রাণায়ামং সমাচরেং। ক্র্যাচ্চ মাতৃকাছাসং মূলছাসং তথৈব চ। হৃদয়ে দেবতাং থাছা মানসৈকপচারকৈঃ। প্রয়েদ্বতারূপমাস্থানং মন্তবিভ্রমঃ। বাহুছৈরপচারৈক্ বক্রেরৈত্বর্জিতিঃ। ততঃ কর্মোদিতা মূদা দশয়িছা বিধানবিং। অর্ঘাদিকং চ সংস্থাপ্য পূজাক্র্যাণি শোধয়েং। ব্রেধান্তাং দেবতাং থাছাবাহরেক্স্ল্লমন্তঃ।—ক্রিমাসংগ্রহ্বচন, দ্রঃ পু চ, তঃ ৬, পুঃ ১২

আবাহন ও তার তাৎপর্য— আবাহন অর্থ ডেকে আনা। আরাধ্য বন্ধ বা তাঁরই রূপভেদ। যিনি দর্বব্যাপী তাঁকে আবাহন করার তাৎপর্য কি? সাধনমর্মজ্ঞরা বলেন এখানে আবাহন অর্থ দেবতার সামীপ্য অন্থভব করা। সর্বব্যাপী ভগবান্কে মূর্তিমান্রপে আপন ইপ্রদেবতার মধ্যে প্রত্যক্ষ করাই আবাহনের তাৎপর্য।

সাধককে যথাশাস্ত্র আরাধ্য দেবতার মূর্তি ধ্যান করে তাঁকে আবাহন করে এনে সেই মূর্তিতে স্থাপন করতে হবে। যেথানে শাস্ত্রনির্দিষ্ট ধ্যানাহ্যায়ী ধাতুপ্রস্তরাদি দিয়ে মূর্তি প্রস্তুত করা হয় সেথানে সেই মূর্তিতেই দেবতাকে স্থাপন করা বিধি। আর যেথানে শুধু ঘটে বা যক্ষে পূজা হয় সেথানে কল্লিভ মূ্তিতেই দেবতাকে স্থাপন করতে হয়।

এ বিষয়ে শান্ত্রের বিধান—ভগবতী অমুকদেবতা! এথানে এস এস এই বলে দেবতাকে স্বয়ুমাপথে হৃদয়পদ্ম থেকে সাধকের হস্তন্থিত পুষ্পাঞ্জলিতে এনে মূলমন্ত্র উচ্চারণ করে আবাহনমুদ্রা দ্বারা মূর্তিতে স্থাপন করতে হবে।

বিষয়টিকে আরেকটু বিশদ করে বলা হয়েছে—সাধক সমাহিত হয়ে স্বকল্লোক্ত বিধান অন্থসারে হৎপদ্মে দেবীর ধ্যান করবেন এবং একটি প্রদীপ থেকে আরেকটি প্রদীপ যেমন জ্ঞালান হয় তেমনিভাবে হৎপদ্ম থেকে নাসাপুটপথে তেজাময়ী মহাদেবীকে পুশ্পাঞ্জলিতে আনবেন, তার পরে মন্ত্রমধ্যে আনবেন। তার পরে মন্ত্রমধ্য আনবেন।

সংস্থাপন—এর পর সাধক মূলমন্ত্র উচ্চারণ করে এবং সংস্থাপনমূলা প্রদর্শন করে 'অমুকদেবতা, এখানে থাক, এখানে থাক' এই বলে তাঁকে সংস্থাপিত করবেন আর প্রার্থনা করবেন—দেবেশ! (দেবেশি!) তুমি ভক্তিলভা, সর্বাবরণযুক্ত তোমাকে যতক্ষণ পূজা করব ততক্ষণ তুমি এখানে স্থির হয়ে থাক।

স্ত্রিধাপন-এবার সাধক মূলমন্ত্র উচ্চারণ করে এবং স্ত্রিধাপনীমূলা প্রদর্শন করে

১ পুড, p 82

অমুকদেবতারা মূর্তিং কল্লয়ামি নমঃ। – ইতি গলপুশ্পাদিভি মূর্তিং পরিকল্যাবাহনং
ক্রাং। —পু চ, তঃ ৫, পুঃ ৩৪৫

৩ ভগবত্যমূকদেবতে ইহাগচ্ছাগচ্ছ—ইত্যুক্তা হুবুম্ণামার্গেণ হৃদয়াম্বোজাং পূস্পাঞ্ললো দেবতামানীয় মূলমন্ত্রমূচ্চার্গ আবাহনমূদ্রয় মূর্তেট স্থাপয়েং।—এ, পৃঃ ৩৪৬

শক্রোক্তবিধানেন ধ্যাতা দেবীং সমাহিতঃ। কংসরোজাৎ সমানীয় নাসাপুটপথা হথীঃ।
তেজোময়ীং মহাদেবীং দীপাদ্দীপান্তরং বথা। পুল্পাঞ্জলো ততঃ পশ্চাৎ মন্ত্রমধ্যে সমানয়েং।

<sup>-</sup>को नि, ११७-8

৫ ততঃ সংস্থাপনমুদ্রদা মূলান্তে অমুকদেবতে ইহ তিষ্ঠ তিষ্ঠ ইত্যুজ্ব।
দেবেশ ভক্তিমূলভ সর্বাবরণসংযুত্ম। বাবং ছাং পুজরিয়ামি তাবং ছাং মৃছিরো ভব।—পু চ, ভঃ ৫ পৃঃ ৩৪৬

'অমুকদেবতা, এখানে সন্নিহিত হও, এখানে সন্নিহিত হও' এই বলে দেবতাকে সন্নিহিত করবেন।

সদ্ধিরোধ—তার পর আগের মতো মূলমন্ত্র উচ্চারণ করে এবং সন্ধিরোধনমূদ্রা প্রদর্শন করে 'অমুকদেবতা, এখানে সন্ধিক্ষ হও, সন্ধিক্ষ হও, এই বলে দেবতাকে সন্ধিক্ষ করবেন।

সমুখীকরণ—আবার মৃলমন্ত্র উচ্চারণ করে এবং সমুখীকরণমূলা প্রদর্শন করে 'অমুক-দেবতা, সমুখীকৃত হও, সমুখীকৃত হও ওই বলে তাঁকে সমুখীকৃত করবেন।

অবগুঠন—এর পর আবার মূলমন্ত্র উচ্চারণের সঙ্গে অবগুঠনমূদ্রা প্রদর্শন করে 'অমুকদেবতা, অবগুঠিত হও, অবগুঠিত হও' এই বলে দেবতাকে অবগুঠিত করবেন।

সকলীকরণ—অবগুঠনের পর সাধক দেবতার হাদরাদি অঙ্গে বড়ঙ্গমন্ত্রগ্রাস করে এবং মূলমন্ত্র উচ্চারণ করে 'অমূকদেবতা, সকলীকৃত হও, সকলীকৃত হও' বলে দেবতার সকলীকরণ করবেন। তার পর অমৃতীকরণ করবেন।

ভাষ্যতীকরণ— অমৃতীকরণই দেবতাশুদ্ধি। দেবতাশুদ্ধির বিষয় পূর্বেও আলোচনা করা হয়েছে। অমৃতীকরণের বিধান — সাধক তিনবার করে মূলমন্ত্র, দীপনীমন্ত্র এবং অ-কারাদিক্ষ-কারান্ত মাতৃকাবর্ণ উচ্চারণ করতঃ ধেমুমূদ্রা প্রদর্শন করে অর্ধ্যোদকের দারা অমৃতবর্ষণবৃদ্ধিতে দেবতার মন্তক সিঞ্চিত করবেন। এরই নাম অমৃতীকরণ।

সাধক ম্লমন্ত্র উচ্চারণ করে এবং ধেছম্দ্রা প্রদর্শন করে 'অম্কদেবতা, অমৃতীকৃতা হও, অমৃতীকৃতা হও' এই বলে দেবতার অমৃতীকরণ করবেন।

পরমীকরণ- অমৃতীকরণের পর সাধক মহামুদ্রা প্রদর্শন করে দেবতার মন্তকে

- পুন মূলমূচ্চার্ব সরিধাপনমূলয়া অমুকদেবতে ইহ সরিধেহী হ সরিধেহি ইতি সরিধাপনং কুডা—।
   —পুচ, তঃ ৫, পুঃ ৩৪৬
- ২ পূর্ববন্ধুলমন্ত্রমূচ্চার্য অমুকদেবতে ইহ সন্নিক্ষনা ভব সন্নিক্ষনা ভব ইতি সন্নিরোধনমূদাং প্রদর্শা—।—ঐ
- ৩ সম্মুখাকরণমূদ্রা মূলান্তে অম্কদেবতে সম্মুখীকৃতা ভব সম্মুখীকৃতা ভব ইতি সম্মুখীকৃত্য—।—এ
- ৪ পুন মূলমুচ্চাৰ্য অমুকদেৰতে অবগুঠিতা ভব অবগুঠিতা ভব ইতি অবগুঠনমূলয়াবগুঠ্য— ।—ঐ
- দেবতায়া হালয়াভাকের্ য়ড়য়য়য়ৗন্ বিশুস্ত মুলমুচ্চার্য অমুকদেবতে সকলীকৃতা ভব সকলীকৃতা ভব ইতি
  সকলীকৃত্য অমৃতীকরণং কুর্যাং।—ঐ
- মূলমন্ত্রেণ দীপনীমন্ত্রেণ অকারাদিক্ষকারান্তির্মাতৃকাবনৈশ্চ ত্রিধা ত্রিধা ধেমুমুদ্রার্থ্যাদকেনামৃতবর্ষণৰ দ্বাা
  দেবতামুর্দ্ধি দিক্ষেৎ । ইয়মেব দেবতাগুদ্ধিরিত্যাচাতে ।
  দীপনীমন্ত্রশক্র কর বদ বাগ্রাদিনী ঐ ক্লী ক্লিলে ক্লেদিনি ক্লেদয় মহাক্ষোভং কুরু কুরু ক্লী সৌ মোক্ষং
  কুরু কুরু হোঁ স্থাঁইতি ।—
  ঐ
- মূলমূচার্য ধেমুমূদ্রের অমুকদেবতে অমৃতীকৃতা ভব অমৃতীকৃতা ভব। ইতি অমৃতীকৃত্য—ঐ

পরমামৃত্বর্ণবৃদ্ধিতে মৃলমন্ত্র উচ্চারণ করে 'অম্কদেবতা, পরমীক্কতা হও পরমীক্ষতা হও' এই বলে দেবতার পরমীকরণ করবেন।

অপরাপর ক্রিয়া— এইভাবে সাধক দেবতাকে আবাহন করে তাঁর সংস্থাপনাদি করে প্রাণপ্রতিষ্ঠা করবেন। তার পর ষথাসম্ভব যত্ত্বসহকারে উপচার যোজনা করবেন এবং মূলমন্ত্র উচ্চারণ করে তিনবার পূশাঞ্চলি দিয়ে পূজা করবেন। তার পর তাঁকে ষথাবিধি যথোক্ত আবরণদেবতার পূজাও করতে হবে। এবার সাধক সাবয়ব সবাহন সালম্বার সমৃত্রিক অর্থাৎ স্বীয় লাহ্ণনযুক্ত সায়ুধ এবং সপরিবার দেবতার অর্চনা করবেন। তার পর মূলমন্ত্র এক শ আট বার জপ করে ভক্তিভরে সেই জপ দেবতাকে সমর্পণ করবেন। এবার নানাবিধ স্ববস্থতি করে সাষ্টাঙ্গ প্রণাম করবেন এবং দেবতার কাছে বর প্রার্থনা করে তাঁকে স্বীয় হৃদয়ে বিসর্জন দেবেন। এর পর দেবতার নির্মাল্য মস্তকে ধারণ করবেন এবং প্রসাদার্থীদের নৈবেছ বিতরণ করে স্বয়ং ভক্ষণ করবেন। এই নিত্যপূজা।

পূজাকুষ্ঠানের বিস্তৃত বিবরণ দেওয়া সম্ভবপর নয়। পূজা সাধনার অক্ষ। নিত্য অফুর্চেয় এই সাধনাকটি কিরূপ একাগ্রতা নিষ্ঠা-যত্ব- ও আয়াস-সাধ্য তাই দেখাবার জন্ম এখানে শুধু পূজাকুষ্ঠানের কয়েকটি প্রধান প্রধান বিষয়ের সংক্ষিপ্ত আলোচনা করা গেল।

প্রাতঃকৃত্যাদি — পঞ্জির প্রসঙ্গে স্নানাদির তথ্ উল্লেখ করা হয়েছে। এবার সেসম্পর্কে কিঞ্চিৎ আলোচনা আবশ্রক।

স্নানাদির পূর্বে শক্তিসাধককে শাস্ত্রোক্ত বিধানে প্রাতঃকৃত্যাদি করতে হয়। এরও উদ্দেশ্ত সাধকের আত্মশুদ্ধি।

তদ্বের অভিমত সাধক যদি প্রাতঃক্বত্য না করে ভক্তিভরেও দেবীপূজা করেন তা হলে তাঁর সে-পূজা শৌচহীনক্রিয়া যেমন ব্যর্থ হয় তেমনি ব্যর্থ হয়ে যায়।

- মহামূজাং বধবা দেবতামন্তকে পরমামৃতবর্ষণিধিয়া মূলমন্ত্রমৃত্যার্থ অমুকদেবতে পরমীকৃতা ভব পরমীকৃতা
  ভব ইতি ক্রয়াং। —পু চ, তঃ ৫, পৃঃ ৩৪৬
- আবাহনাদিকা মুদ্রাঃ প্রদর্শ্য স্থাপরেদস্ন্। কর্ময়েরপাচারাংশ্য যথাসন্তবমাদরাং।
  সংপ্রা মূলমন্ত্রেণ প্রস্নাঞ্জলিভিন্তিভিঃ। প্রয়েরিধিবল্পরী যথোক্তার্তিদেবতাঃ।
  সালাং সবাহনাং সালন্ধরণাং চ সম্জিকান্। সায়ুধাং সপরীবারাং দেবতামর্চয়েৎ ততঃ।
  ততো রপেয়ূলমন্ত্রমন্তর্গতং স্থাঃ। তং রূপং ভক্তিতো মন্ত্রী দেবতারৈ নিবেদয়েং।
  ভক্তা চ বিবিধৈঃ ভোত্রৈঃ সাষ্টালং প্রপমেভ্বি। ততো বরান্ প্রার্থয়িছা দেবম্বাসয়েদ্ হাদি।
  নির্মাল্যং শিরসি ধার্যং দেবতোভিষ্টভোজিনে। দ্বা ভ্রাত নৈবেছমেতরিতার্চনং শ্বতম্।
  ——এ, তঃ ৬, পৃঃ ১৩
- প্রাত্তকৃত্যক কথিতং সাধকানাং বিশুদ্ধয়ে।—কৌ নি, উঃ >
- в প্রাতঃকৃত্যমকৃত্বা তু যো দেবীং ভজিতোহর্চরেং। তক্ত পূজা তু বিফলা শৌচহীনা বধা ক্রিরা।—ঐ

শাস্ত্রের বিধান — সাধক ব্রাহ্ম্য্রুতে উঠে ঘুম দ্র করে রাত্রের কাপড় বদলাবেন।
তার পর শিরোদেশে সূত্র্রদলপদার কর্ণিকার মধ্যে অবস্থিত গুরুর ধ্যান করবেন। গুরু
খেতবর্ণ বিভূজ, তাঁর হাতে বর- ও অভয়-মূলা, গলায় খেতমাল্য এবং অঙ্গে খেত অহলেপন।
তিনি স্থপ্রকাশ। তাঁর বামে স্থপ্রকাশরূপা রক্তবর্ণা স্বীয় শক্তি। এইরূপে গুরুর ধ্যান করে
মানস উপচারে তাঁর পূজা করবেন এবং পূজান্তে প্রণাম করবেন। প্রণামমন্ত্রি এই—
অথগুমগুলাকার বাঁর বারা এই চরাচর ব্যাপ্ত, বিনি তাঁর পদ দর্শন করান সেই প্রীপ্তরুকে
নমস্কার। অজ্ঞানতিমিরান্ধ ব্যক্তির চক্ষ্ বিনি জ্ঞানাঞ্জনশলাকার বারা উন্মীলিত করেন সেই
শীগুরুকে নমস্কার।

কৌলাবলীনির্ণয়ের নির্দেশ—সাধক গুরুর ধ্যান ও পূজাদি করে ম্লাধারনিবাসিনী স্বীয় ইষ্টদেবতারূপিণী মৃণালস্থ্রাকারা কুলকুগুলিনীর ধ্যান করবেন। তিনি কুগুলিনীর প্রভাসমূহের দ্বারা স্বীয় দেহ পরিব্যাপ্ত ভাববেন। তার চিস্তা করবেন আমি দেবী, অন্ত কেউ নয়, আমি ব্রন্ধই, কোনো শোকভাজন নয়। আমি সচ্চিদানন্দস্বরূপ নিতাম্ক্তস্বভাব।

এইভাবে গুরু-দেবতা-আত্ম-ধ্যান করে সাধক চিস্তা ও প্রার্থনা করবেন—হদিস্থিতা পরাশক্তি আমাকে যা করান তাই করি। ত্রিজগতে আমার কোথাও কোনো ক্বত্য নাই। ধর্ম কি
আমি তা জানি কিন্তু তাতে আমার প্রবৃত্তি হয় না। অধর্ম কি তা আমি জানি কিন্তু তার
থেকে আমি নিবৃত্ত হতে পারি না। হদিস্থিত দেবতা আমাকে যেমন কর্মে নিযুক্ত করছেন
আমি তেমনি কর্মই করছি। ত্রৈলোক্যাটেততাময়ী ঈশ্বরেশ্বরী শ্রীপার্বতী, তোমার চরণাজ্ঞায়-

১ তত্র ব্রাক্ষ্যে মূহতে উত্থায় মূক্তবাগঃ রাত্রিবাসন্তাক্ত্র। শিরীসি সহস্রদলক্ষলকর্ণিকাবস্থিতং বেতবর্ণং গুরুং বিভাব্য বরাভয়করং বেতমাল্যানুলেগনং বপ্রকাশরূপং ব্বামন্থিতস্থরক্তশক্ত্যা বপ্রকাশরূপয়া সহিতং বিভাব্য মানসোপচারৈরারাধ্য নমকুর্বাৎ।

যধা—অথগুমগুলাকারং ব্যাপ্তং যেন চরাচরং। তৎপদং দশিতং যেন তল্মৈ শ্রীগুরবে নমঃ।
অজ্ঞানতিমিরাশ্বস্ত জ্ঞানাঞ্জনশলাকয়া। চক্মুন্দ্রীলিতং যেন তল্মৈ শ্রীগুরবে নমঃ।
বুহ ত সা, পরিঃ ২, ১০ম সং, পৃঃ ৭৮

২ ছৌ দণ্ডো রাত্রিশেবে তু ৰাক্ষ্যং মূহ তকং বিহঃ।

<sup>(</sup> यामनवहन, खः भा ७, ७: ४) -- ब्रात्वित भाष प्रदे मध्यक बाक्रामूहर्ण वरन।

৩ ধাায়েৎ কুগুলিনীং শক্তিং মূলাধারনিবাসিনীম্ । নিজেষ্টদেবতারপাং বিষতস্কতনীয়সীম্ ।—কো নি, উ: ১

в তন্তাঃ প্রভাসমূহৈন্চ ব্যাপ্তং দেহং বিভাবয়েং।—এ

व्यहर (परी न ठाएछाश्चि नु टेक्करांशः न लाक्छाक्। मिक्कपानमञ्ज्ञाल्याश्चर निज्ञमुख्यकारवान्।

সারেই স্বামি প্রাতঃকালে শেষ্যাত্যাগ করে তোমার প্রীতির জন্ত সংসার্যাত্রার স্কুর্তন করি।

স্থান—প্রাভ্যশৌচাদিরতার পর স্থানাদি বিহিত হয়েছে। পৃজাদি যে-কোনো মাধ্যাত্মিক ক্রিয়ার প্রারম্ভেই আত্মগুদ্ধির প্রয়োজন। আত্মগুদ্ধি বলতে দেহগুদ্ধি বা কায়গুদ্ধি এবং চিত্তগুদ্ধি বা ভাবগুদ্ধি উভয়ই বুঝায়। কেউ কেউ আত্মার শুদ্ধির কথাও বলেন। আত্মা ত নিত্যগুদ্ধ। তাঁর স্থাবার শুদ্ধি কি? উত্তরে এঁরা বলেন সাধারণ লোক আত্মার শুদ্ধপ বিশ্বত হয়ে যায়। আত্মার শ্বরূপ চিস্তাই আত্মার শুদ্ধি।

স্থানে কায়শুদ্ধি এবং চিত্তশুদ্ধি উভয়ই হয়। এইজগুই সাধন-ক্রিয়াদির প্রারম্ভে স্থান বিহিত। যামলে বলা হয়েছে মাহুষের শুতিশ্বতিবিহিত সমস্ত ক্রিয়া স্থান দিয়ে স্থাক করতে হয়। সেইজগু স্থান অবশুই কর্তব্য। স্থানে শ্রী পুষ্টি এবং আরোগ্য বর্দ্ধিত হয়।

মহাকপিলপঞ্চরাত্তে স্থানকে সর্বপাপহর এবং কল্যাণকর বলে বলা হয়েছে সাধক স্থান করে সর্বকর্মার্হ হন। •

**সানের প্রকারভেদ**—বিভিন্ন ভাবের বিচারে শাস্ত্রোক্ত লানের বিভিন্ন প্রকারভেদ করা হয়েছে। যেমন বৈদিক এবং তান্ত্রিক। শাস্ত্রের বিধান প্রথমে বৈদিক স্নান করে পরে তান্ত্রিক স্নান করতে হবে।

কত্রযামলের মতে স্নান দ্বিবিধ মজ্জন এবং গাত্র-মার্জন।

- সরদেব্যা ছাদিছেন প্রেরিতেন করোমাহং। ন মে কিঞ্চিং ক্ষচিয়াপি কৃত্যমন্তি জ্পংত্রয়ে।
  জানামি ধর্মং ন চ মে প্রবৃত্তিজ্ঞানামাধর্মং ন চ মে নিবৃত্তিঃ।
  কেনাপি দেবেন ছাদিছিতেন বথা নিবৃত্ত্যাহিন্ম তথা করোমি।
  ত্রৈলোক্যটৈতভাময়ীয়রেশি প্রীপার্বতি ছচ্চরণাজ্ঞয়ৈব।
  প্রাতঃ সম্পায় তব প্রিয়ার্থং সংসারবাত্রামন্ত্রক্তিয়ে।—শা ত, উঃ ৪
- বিহিতাবশুকং শৌচমাচামং দন্তধাবনন্। মুখপ্রকালনাদীনি কৃত্বা স্থানং সমাচরেও।
   प्रः শা তি ৪।২-৫-এর রাঘবভট্টকৃত টীকা
- ৩ ক্রঃপুত, পৃঃ ১৬
- ৪ স্থানং মনোমলত্যাগঃ।—মৈ উপ ২।২
- ় ৫ স্নানমূলাঃ ক্রিয়াঃ সর্বাঃ শ্রুতিস্মৃত্যুদিতা নূণাম্। তম্মাৎ স্লানং নিষেবেত শ্রীপুষ্ট্যারোগ্যবদ্ধনম্। — বামলবচন, দ্রঃ শা ত, উঃ ৪
  - অপ স্নানং প্রবক্ষ্যামি সর্বপাপহরং শুভষ্। যৎ কৃত্বা সাধকঃ সম্যক্ সর্বকর্মাইকো ভবেৎ।
     মহাকপিলপঞ্চরাত্রবচন, দ্রঃ শা তি ৪।২-৫-এর রাঘ্রভট্টকৃত ট্রকা
  - ৭ বিধার বৈদিকং স্নানং ততন্তান্ত্রিকমাচরেৎ।—ত্ত্রিপুরার্ণববচন, দ্রঃ তা ভ ন্থ, তঃ ৫, পঃ ১২৯
  - দ্যানন্ত ছিবিধং প্রোক্তং সজ্জনং গাঁএমার্জনম্।—রুদ্রধামলবচন, দ্রঃ প্রা তো, কাণ্ড ৩, পরিঃ ৩, ব সং, পৃঃ ১৭২ ১০৫

সপ্তবিধ স্পান—কিন্ত বিশ্বসারতত্ত্বে বলা হয়েছে গ্রান্তিক স্পান সপ্তবিধ। যথা—মান্ত্র ভৌম আগ্নেয় বায়ব্য দিব্য বাঞ্চল এবং মানস।

'আপো হি ঠা' ইত্যাদি মন্ত্র পড়ে বে-স্নান করা হয় তাকে বলে মান্ত্র স্পান। মৃত্তিকার দ্বারা দেহপ্রমার্জন ভৌম স্পান। ভস্মের দ্বারা স্পান আগ্রেয় স্পান। গোধ্লিবাহী বাতাসে স্পান বায়ব্য। একসঙ্গে রৌদ্র ও বৃষ্টি হলে সেই বৃষ্টির জলে স্পান দিব্য স্পান। অবগাহনম্পান বারুণ স্পান এবং বিষ্ণুচিস্তা মানস স্পান।

মন্ত্রমান আবার বাহ্- ও আভ্যন্তর-ভেদে দ্বিবিধ।

আবার বাহ্য মানস ও আন্তর<sup>8</sup> এবং ঔদক মান্ত্র ও মানস<sup>4</sup> এইভাবেও স্নানের প্রকারভেদ করা হয়।

বাহ্যসান—বাহ্যসান সম্পর্কে রুদ্রধামলে বিধান দেওরা হয়েছে নদী সরোবর তড়াগ কৃপ বা বাপীতে মাহুষ প্রাতঃকালে মধ্যাহে ও সায়াহে ষ্ণাবিধি স্নান করবে।

বলা আবশ্যক শাস্ত্রবিহিত স্থান সাধারণ স্থানের থেকে ভিন্ন। স্থান ব্যাপারটিও যে আধ্যাত্মিক সাধনার অঙ্গ, এই স্থানের ধারা শুধু শরীর পবিত্র হয় না, মনও পবিত্র হয়, সাধকের মনে এই ভাবটি মুদ্রিত করে দেওয়া শাস্ত্রবিহিত স্থানের মর্মগত অভিপ্রায়।

- বৃহন্নীলতক্ষে বিধান দেওয়া হয়েছে গাধক মৃত্তিকা এবং কুশ নিয়ে জলাশয়ে গিয়ে প্রথমে

সাত্র ভৌমং ভথাগেয়ং বারবাং দিব্যমেব চ। বারশং মানসঞ্জৈব সপ্তম্পানং প্রকীর্তিতন।
আপোহি ঠাদিভির্মায়ং ভৌমং দেহপ্রমার্জনন্। আগ্রেয়ং ভল্মনা স্পানং বারবাং গোরজঃ মৃত্রন্।
যন্তদাতপ্রর্পে স্পানং দিব্যমিহোচ্যতে। বারুণঞ্চাবগাহঃ স্থান্মানসং বিষ্কৃচিন্তনন্।—বিষসারতন্ত্রবচন, দ্রঃ
প্রা তো, কাণ্ড ৩, পরিঃ ৩, পুঃ ১৭২

২ আপোঁ হি ঠা ময়োভুবন্তা ন উর্জে দধাতন। মহে রণায় চক্ষদে।—খ বে ১০। ৷৷ ১

৩ তত্ত্ব মন্ত্রন্থানং দ্বিবিধমান্তরং ৰাহ্যঞ্চ।—বিশ্বসারতন্ত্রবচন, দ্রঃ প্রা ডো, কাণ্ড ৩, পরিঃ ৩. ব সং, পৃঃ ১৭২

৪ স্মানং চ ত্ৰিবিধং প্ৰোক্তং সন্ধ্যা চ ত্ৰিবিধা স্মৃতা। আছেৱং চ ভবেন্দেবি ৰাহ্যং মানসমেব চ।—গত ৭।১৫-১৬

অথ স্নানস্। তচ্চ ত্রিবিধন্। উদকমান্ত্রমানসভেদাৎ।—তা ভ হু, তঃ ৫, পুঃ ১২৭

নদীসরন্তড়াগেষু কুপবাপীয় বা পুনঃ। প্রাতর্ম্মগাহ্ন-সায়াক্তে নরঃ স্লায়াদ য়থাবিধিঃ।
 ক্রমধামলবচন, ক্রঃ প্রা তো, কাপ্ত ৩, পরিঃ ৩, ব সং, পৃঃ ১৭২

মৃৎকুশানপি সংগৃহ গছা জলান্তিকং ততঃ। মলাপকর্ষণং কৃছা মন্ত্রমানং সমাচরেৎ।
 পুনর্নিমজ্য পরসি সকলং স সমাচরেৎ। ইউদেব্যাঃ প্রপূজার্থং কৃষ্ণিৎ স্থানং জলাশরে।—বৃহন্নীলতন্ত্র, পঃ ১²

এই কুশ শান্ত সাধক-পক্ষে বনজাত দর্ভ নয়। তন্ত্রান্তরে বলা হয়েছে—
 তর্জ্ঞা রজতং ধার্যং বর্ণং ধার্যমনাময়া। এব এব কুশঃ প্রোক্তোন দর্ভা বনসম্ভবাঃ।

<sup>্ (—</sup>তক্সান্তরবচন, দ্রঃ পুচ, তঃ ৬, পুঃ ৪৯৬)—তর্জনীখারা রক্সত ধারণ করতে হবে আর জানানিকাবারা স্বর্ণ। একেই বলা হর কুশ। বনজাত দর্ভ কুশ নয়। এর অর্থ তর্জনী ও অনামিকার রূপা ও সোনার আটি পরতে হয় আর তাই শান্তদের কুশ।

মলাপকর্ষণস্থান করে তার পরে মন্ত্রস্থান করবেন। তার পর জলে নিমগ্ন হয়ে সম্বন্ধ করবেন। এইভাবে সাধক ইষ্টদেবীর পূজার উদ্দেশ্যে জলাশয়ে স্থান করবেন।

মৃত্তিকাসংগ্রহ শরীরে মৃত্তিকালেপ প্রভৃতি যথাশান্ত করতে হয়, তার বিহিত অষ্ঠান । আছে।

মলাপকর্ষণস্থান — পূর্বোক্ত মলাপকর্ষণস্থানের অহুষ্ঠান আছে। এ যুগে লোকে শরীর পরিষ্কার করার জন্ত সাবান মেথে স্থান করে; সে-যুগে বিশেষ রকমের মাটি মেথে স্থান করত। এথনও গঙ্গার পলিমাটি মেথে লোকে স্থান করে। এরই নাম মলাপকর্ষণস্থান। কিন্তু এই স্থানই সাধনার অঙ্গ হিসাবে করতে গেলে যথাশাস্ত্র করতে হয়।

ত্বিবাহন সান — বৃহন্নীলতন্ত্রে জলাশয়ে যে-সানের কথা বলা হয়েছে তা অবগাহনসান বা মজনসান। এরও শাস্ত্রীয় বিধি আছে। অবগাহনসানে তীর্থসমূহকে আবাহন করতে হয়। তার মন্ত্রটি বড় স্থলর। মন্ত্রেক ভাবার্থ এই—হে স্থ্, ব্রহ্মাণ্ডের তীর্থসমূহ তোমার কিরণ স্পর্শ করে। হে দেব দিবাকর, সেই সত্যহেতু আমাকে তীর্থ দাও।

গঙ্গা যম্না গোলাবরী সরস্বতী নর্মদা সিন্ধু কাবেরী এই জলে সন্নিহিত হও। হে দেবী, হে স্থলরী, স্নানার্থে তোমাকে এখানে আবাহন করছি। সর্বতীর্থসমন্বিতা গঙ্গা, এস, তোমাকে নমস্বার।

স্থ আর গন্ধ। সনাতনধর্মী শাস্ত্রে এই উভরের অসীম মাহাত্ম্য বর্ণিত হয়েছে। দেব দিবাকর পরম পাবন, সর্বপাপত্ম। স্থিকিরণ সমস্ত তীর্থের জল আকর্ষণ করে এটি ব্যাবহারিক সত্য। তাই সাধকের কল্পনায় সবিত্মগুল সমস্ত তীর্থের উৎস। শাস্ত্রে সবিত্মগুল থেকে সমস্ত তীর্থেসমূহকে আবাহন করার নির্দেশ দেওয়া হয়েছে। এর তাৎপর্য সবিত্মগুল থেকে তীর্থশক্তিকে আবাহন করে এনে স্নানজলে সংযুক্ত করতে হবে, সাধ্য

গঙ্গার মহিমাও পুরাণাদির মতো তস্ত্রশাস্ত্রেও অকুষ্ঠিতভাব স্বীকার করা হয়েছে। পুরশ্চরণরসোল্লাসে বলা হয়েছে—যে গঙ্গাস্থান না করে ভক্তভরেও কালিকাদি দশ মহাবিভার পূজা করে গঙ্গাস্থান না করার জন্ত তার সে-সমস্তই মূর্থ হয়ে যায়।

১ জঃ শা ত, উঃ ৪ ; প্রা তো, কাণ্ড ৩, পরিঃ ৩, ব সং, পৃঃ ১৭৪

২ দ্রঃ প্রা তো, কাও ০, পরিঃ ৩, ব সং, পৃঃ ১৭৩

ত ব্রহ্মাণ্ডে বানি তীর্থানি করৈঃ স্পৃষ্টানি তে রবে। তেন সত্যেন মেদিব তীর্থং দেহি দিবাকর।
ওঁ গঙ্গে চ বমুনে চৈব গোদাবরি সরস্বতি। নর্মদে সিন্ধু কাবেরি লৈ অস্মিন্ সন্নিধিং কুক।
ওঁ আবাহয়ামি তাং দেবি স্নানার্থমিহ ফুলরি। এহি গঙ্গে নমস্ত ওঁ স্ববিতীর্থসমন্বিতে।—শা ত, উঃ ৪

গলামানং বিনা দেবি প্রয়েদ্ যন্ত কালিকান্। দশবিতা মহেশনি প্রয়য়েদ্ বন্ত ভক্তিত:।
সর্বং তক্ত বৃথা দেবি গলামানং বিনা প্রিয়ে।—প্রশুরব্যরসোলাস্চন, দ্রঃ প্রা তো,
্ ৩, পরিঃ ৩, ব সং, পুঃ ১৭৫

কিন্ত গঙ্গা ত সর্বত্র নাই। যেখানে গঙ্গা নাই সেখানকার জন্ম বিধান<sup>3</sup>—অন্ত স্থানে বা অস্ত নদীতে গঙ্গামন্ত্র<sup>২</sup> জপ করে স্নান করলেও পাপাত্মা ব্যক্তি সর্বপাপম<del>ৃক্ত</del> হবে।

আলোচ্য অবগাহন স্নানেরই নাম বারুণস্থান বা ঔদক স্নান।

মন্ত্রসান— পূর্বেই উল্লেখ করা হয়েছে কোনো কোনো তত্ত্বে বাহ্য এবং আন্তর এই ছুরুকমের স্বানের কথা বলা হয়েছে। দেবতাভেদে ও সম্প্রদায়ভেদে এই উভয় প্রকার পানের ক্রিয়াহ্নষ্ঠানে পার্থক্য দেখা ধায়। তবে মূল ভাব একই।

**আন্তর মন্ত্রদান**— গন্ধর্বতন্ত্রে বলা হয়েছে°—জ্ঞানী সাধক প্রাণায়ামের মূলাধারস্থিতা কুলকুগুলিনীকে জাগ্রত করে সহস্রারে নিয়ে গিয়ে পরমশিবের ষ্ণাবিধি সংগত করাবেন এবং সেই সঙ্গমের ফলে ষে-অমৃত উদ্ভূত হবে তাতে স্নান कद्रद्वन ।

অক্সভাবেও আন্তরস্নানের বিধান দেখা যায়। যথা—চরণত্রয়মধ্যে সংবিৎত্রয়ের চিস্তা করতে হবে। তার থেকে ক্ষরিত ভাবগোচর সচ্চিদানন্দপ্রবাহের চিন্তা করতে হবে। তার স্মরণেই যোগীদের মৃক্তিলাভ হয়। সংসারনিবৃত্তির জন্ম সেই প্রবাহের খারা আপনাকে প্লাবিত চিন্তা করতে হবে। এরই নাম আন্তর স্নান।

বাহ্মন্ত্রসান—বাহ্মন্ত্রসান সম্পর্কে মতভেদ আছে। তারাভক্তিত্বধার্ণবে নারদপঞ্চরাত্র থেকে-বাহ্মমন্ত্রমান-বিষয়ক বচন উদ্ধার করা হয়েছে। তার ভাবার্থ এই--- ঔদক স্নান করার মতো জলের অভাব হলে বা গুরুৱ কাজে তাড়াতাড়ি কোথাও ষেতে হবে বলে বা কোনো ' আপেৎকালে উদক স্নানের সময় না থাকলে সাধক মন্ত্রসান করবেন। পা ধুয়ে আচমন করে স্থান এবং দশদিক্ শোধন করে নেবেন। তার পর স্বীয় মন্ত্রের অস্তমন্ত্র করতলে ক্যাস করে শালোক্ত অকাতা তাস করবেন।°

- গঙ্গামন্ত্রং সম্চার্য ক্ষেত্রে নম্ভান্ত পার্বতি। স্নাপয়েদ যন্ত পাপাক্সা সর্বপাপেঃ প্রম্চাতে। —দ্রঃ প্রা তো, কাণ্ড ৩, পগ্নিঃ ৩, ব সং, পৃঃ ১৭৫
- २ विভिন্ন शकामञ्ज— ७ दो शकारित ७ दो वाहा। हो ७ शकारेत हो ७। हो शकारत हो ।— सः अ
- ত প্রান্তক্তক্রমযোগেন প্রাণারমপরো ৰ ধঃ। শক্তিং পরশিবেনৈর সংগমার্থং বিধানতঃ। তত্ত্তবামৃতে শব্দিমজ্য পুৰুত্তব হি ৷—গ ত ৭৷১৮-১৯
- ৪ সংবিৎত্রেরমসুস্মৃত্য চরণত্রেরমণ্ডঃ। অবস্তং সচিচদানন্দপ্রবাহং ভাবগোচরম্। विमुक्तिमाधनः भूरमार ऋत्नीरव राजिनाम्। उनान्नाविकमाञ्चानः छारदाहरुनाञ्चरत्र। এবমাভ্যস্তরং স্নানষ্ ৷—শ্রীপামাহবচন, দ্রঃ শা তি ৪।২-এর রাঘবভট্টকৃত টাকা
- ব্রহ্মরক্ষের উধ্বভাগন্থিত শ্রারপদের কণিকার মধ্যে আছে চক্রমণ্ডল। সেই চক্রমণ্ডলে আছেন ত্রিরেধাল্পক বিন্দুগভিত ত্রিকোণ কামলা। সচ্চিদাননপ্রবাহরূপে ইনিই করিত হন।
  - তোয়াভাবে তু ষৎ কার্য তুর্গেঃলে বনী ততঃ। গমনে ক্ষিপ্রসিদ্ধার্য: শুরুকার্যেষতক্রিতঃ। প্রাপ্তাপত্তর বিপ্রেক্ত নিশাভার তথা মুনে। প্রকাল্য পাদবাচম্য প্রোদ্ধ, তেন তু বারিশা। স্থানং দশ দিশঃ প্রাপ্ত্রং সংশৌদ্যাপবিশেৎ ততঃ। অল্লং হন্ততলে ছাস্ত ক্রমান্ স্থাসান্ তভল্তরেং।

—नात्रमभक्षत्राज्यवहन, सः ठा छ स्, ठः e, शुः ১७১

তারাভক্তিস্থার্থবের মতে এই গ্রাসই মন্ত্রসান।

মেরুতদ্বেও অনুরূপ বিধান লক্ষ্য করা যায়। তবে এই তদ্বে মঞ্জানের ক্ষেত্র কিঞ্চিৎ বিস্তৃত করা হয়েছে। বলা হয়েছে—শীতের দেশে এবং শীতকালে, অবগাহন স্নানের জলাভাবে, দুর্গম স্থানে, অস্ত্রু অবস্থায় এবং বার্দ্ধকো মন্ত্রসান কর্তব্য।

নারদপঞ্চরাত্রের মতো ত্যাসাদির বিধান দিয়ে নির্দেশ দেওয়া হয়েছে সাধক ত্যাসাস্তে জল স্পর্শ করবেন। এরই নাম শ্রেষ্ঠ মন্ত্রমান। ত

শান্তের বিধান যেথানে অবগাহন স্থান বা মলপ্রক্ষালনস্থান সম্ভব সেথানে তা করে মন্ত্র-স্থান করতে হবে।

আবার বাহ্মমন্ত্রমানের অন্তরকম বিধানও আছে। কুলচ্ড়ামণিতত্ত্বে বলা হয়েছে শাধক তামপাত্রে ত্র্বা তিল ও জল নিয়ে অম্কদেবতার প্রীতিকামনায় স্থানাহান করবেন অর্থাৎ স্থানাহান্ত্রমান করবেন। তার পর বড়ঙ্গন্তাদ করবেন এবং 'গঙ্গে চ যম্নে চৈব' ইত্যাদি তীর্থাবাহনমন্ত্র পড়ে অঙ্কুশম্দ্রার দ্বারা স্থ্মওল থেকে তীর্থসমূহকে আবাহন করবেন, বং এই বীজমন্ত্র জপ করে ধেহুম্দ্রা দ্বারা অমৃতীকরণ করবেন, ছঁ এই কবচমন্ত্রের দ্বারা অবগুর্তিত করবেন এবং ফট্ এই অন্তমন্ত্রের দ্বারা সংরক্ষণ করবেন। তার পর ম্লমন্ত্র একাদশ বার জপ করে জল অভিমন্ত্রিত করে স্থাভিম্থে জলধারা নিক্ষেপ করবেন এবং ঐ জল ইউদ্বেতার চরণারবিন্দনিংস্ত চিন্তা করে দেই জলে তিনবার স্থান করে দেবতার ধ্যান করবেন ও ম্ল্মন্ত্র দ্বাণান্তি জপ করবেন। তার পর তিনবার মূলমন্ত্র জপ করে কলসম্দ্রা দ্বারা তিনবার

ভতঃ বড়ক্ষ্যাদ-প্রাণায়মৌ কৃষা ওঁ গকে চ বমুনে চৈব গোদাবরি সরস্বতি। নর্মদে সিন্ধু কাবেরি জলেহ্মিন্
সিন্নিধিং কুরু। ইত্যানেনার্কুশমুদ্ররা হর্ষমণ্ডলান্তীর্থমাবাহ্য বমিতি ধেহুমুদ্ররা অমৃতীকৃত্য কবচেনাবগুঠ্য অস্ত্রেণ
সংরক্ষ্য মূলেনৈকাদশধাভিমন্ত্র হর্ষাভিম্থং ভাদশবারিধারাং নিক্ষিপ্য তম্মিন্নিইদেবতাচরণারবিন্দনিঃস্তে জলে
ত্রিনির্ম্মজাদেবতাং ধ্যায়ন্ মূলমন্ত্রং বর্ধাশক্তি জপন, উদকেন ত্রিবারজপ্তেন কলসমুদ্রয়া ত্রিবারমান্তানমভিবিচ্য বৈদিকসন্ধ্যাতর্পণং কৃষ্য হর্ষায়ার্যাং দন্ধা তান্ত্রিকাঘমর্থণাদিবারিধারান্তং কর্ম কুর্যাৎ।—কুলচ্ডামণিতন্ত্রবচন, জঃ বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ৮১

১ স্নানমিহ স্থাসরূপমেব।—তা ভ স্থ, তঃ ৫, পৃঃ ১৩১

২ মন্ত্রসানং প্রক'তব্যং শীতয়োর্দেশকালয়োঃ। তোয়াভাবেংগমে ছুর্গে কার্ফেথবাস্থ্যে চ বার্দ্ধকে।
—মেরুতম্ববচন, সঃ পু চ, তঃ ৬, পুঃ ৪৯৯

স্থাদান্তে সংস্পৃশেৎ তোহং মন্ত্রশানমিদং বরম্।—ঐ

মলপ্রকালনং স্নানং ফ্রনাথোক্তং সমাচরন্। ময়য়ানং ততঃ কুর্যাৎ কর্মণাং সিদ্ধিহেতবে।—ক্ষো ত, ছাঃ ।

<sup>ে</sup> তামপাত্রং সদূর্বঞ্চ সভিলং সজলং তথা। গৃহীত্বামুকদেবক্ত প্রীভ্যে সানমাচরেৎ।

সত্তরমন্ত্র—ওঁতং সং অয় অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিবৌ অমুক গোতঃ শ্রীঅমুকঃ অমুকদেবতা প্রীতরে অনিন্ ললে লানমহং করিছে।——য়ঃ প্রা তো, কাও ৩, পরিঃ ৩, ব সং, পৃঃ ১৭৬

স্বীয় মন্তকে জল অভিসিঞ্চন করবেন, বৈদিক সন্ধ্যাতর্পণ করে স্থার্ঘ্য দেবেন এবং তান্ত্রিক অঘমর্থণাদি-জলধারা দানান্তে সব কর্ম করবেন।

মেরুতন্ত্রমতে পূর্বোক্ত অভিসিঞ্চনের সময় ওঁ এবং মূলমন্ত্রসহ নিম্নোক্ত তিনটি মন্ত্র পাঠ করা কর্তব্য—

এক—সিস্কু পরমেশ্বরের থেকে নিরস্তর জ্যোতির্ময় নিখিল বিশ্ব জাত হচ্ছে। জলরূপিণী দেবী আমাকে পরিত্র করুন।

ত্বই — সর্বভূতে মলরূপা ষে-অলক্ষী অবস্থিতা জলরূপিণী দেবী আপন স্পর্শে তাকে প্রকালন করেন। তিনি আমাকে পবিত্র করুন।

তিন—আমার কেশে দীমন্তে মন্তকে ললাটে কর্ণদ্বয়ে ও চক্ষ্বয়ে যে-দৌর্ভাগ্য, জলরূপিণী দেবী, তাকে তুমি বিনাশ কর। তোমাকে নমস্কার।

মানস স্থান—এর আগে মানস স্থানের উল্লেখ করা হয়েছে। শাস্তের অভিমত প্রাণায়াম করে যথাবিহিত মূলমন্ত্র জপ করে মনে মনে মানস স্থান করতে হবে।

তারাভক্তিম্থার্ণবের মতে আন্তর মন্ত্রমানই মানস স্থান। মানস স্থানকে ধ্যানস্থানও বলা হয়েছে। এর অর্থ যথাবিহিত ধ্যান করে মূলমন্ত্র জপ করলে মানস স্থান হবে।

স্পানাদিতে মনের প্রাধান্য— শাস্ত্রবিহিত স্থানের গৌণ লক্ষ্য দেহগুদ্ধি, মৃথ্য লক্ষ্য মনংগুদ্ধি। আধ্যাত্মিক সাধনা মৃথ্যতঃ মনেরই ব্যাপার। বাহ্ অন্প্রচানাদি মানস ব্যাপারেরই পরিপোষক। মনের এই প্রাধান্তের কারণও শাস্ত্রে নির্দেশ করা হয়েছে। এ যুগের মনোবিজ্ঞানের তত্ত্ব সে-যুগের শাস্ত্রকারদেরও একরকম করে জানা ছিল। যোগিনীতম্বে বলা হয়েছে —মন নিত্য, কার্থের কারণ, মান্তবের বন্ধন ও মাক্ষের কারণ।

তিভি: লোকৈ মূলমন্ত্রং তারকং বীজপুর্বকৈ:। সিহক্ষোর্নিখিলং বিখং মূহঃ শুক্রং প্রজায়তে।
মাতরঃ সর্বভূতানামাপো দেবাঃ পুনন্ত মাম্।
অলক্ষীমলরূপা বাঃ সর্বভূতের সংস্থিতাঃ। ক্ষালয়ন্তি নিজং শর্ণাদাপো দেবাঃ পুনন্ত মাম্।
যন্ত্রে কেশের দেবিগাং সীমন্তে বচন মূর্ধনি। ললাটে কর্ণয়োরক্ষোন্তমাপো স্কর বো নমঃ।
— মেরুতন্তর্বচন, দ্রঃ পুচ, তঃ ৬, পুঃ ৪৯৮

২ মনসা মূলমত্ত্বেণ প্রাণায়ামপুরঃসরম্। কুবীত মানসং স্নানং সর্বত্ত বিহিতং চ যং।
— শ্বোগমবচন, দ্রঃ তা ভ সূ, তঃ ৫, পুঃ ১৩১

৩ ফ: ভাভ হ, ডঃ ১, পৃ: ১৩২

মন এব তু বৈ নিত্যং মন এব তু কারণম্। মন এব মমুয়াণাং কারণং বন্ধমোক্ষরোঃ।

 —ধোগিনীতন্ত্রবচন, দ্রঃ প্রা তো, কাও ৩, পরিঃ ৩, ব সং, পৃঃ ১৭৭

<sup>•</sup> মন বে নিত্য অর্থাৎ আদি অন্তহীন এ কথা উপনিষদাদিতেও বলা হরেছে। বৃহদারণ্যক-উপনিবদে (০০১০) আছে 'অনস্তঃ বৈ মনঃ ।'—মন অনস্ত। মন অনাদিও বটে। "বস্তুতঃ মন কোন কাল হইতে হইয়াছে ভাহা যুক্তিপূর্বক বিচার করিলে তাহার আদি পাওরা বার না। বেমন অসতের উদ্ভবদোব হর বলিরা লোকে 'মাটারকে' অনাদি বলে, মন ও ঠিক সেই কারণে অনাদি।"—কপিলাশ্রমীর পাতঞ্জল বোগদর্শন ১৯০৮, পৃঃ ১১৩

এইজন্ত শাস্ত্রীয় স্নানাদির মুখ্য লক্ষ্য মনের শুদ্ধি। যার মনে ছুইকর্মের চিন্তা তার তীর্থস্নানেও কিছু হয় না। স্থরাভাও যেমন শতবার জলে ধ্লেও অগুচি থাকে তেমনি মন যার ছুই তার শতস্থানেও কিছু হয় না।

শুধু তীর্থাদিতে স্থান কেন, দান ব্রত আশ্রমধর্মপালন কিছুই তৃষ্টাশয় তৃষ্টমতি ব্যক্তিকে পবিত্র করতে পারে না।

লক্ষ্য করা গেছে মনের নির্মলতা-বিধানে আন্তর মান্ত্র স্থান বা মানস স্থান অধিকতর ফলপ্রাদ।

মানস তীর্থ—বাহু তীর্থাদিতে স্নান ষেমন বাহু স্নানের অন্তর্ভুক্ত এবং অতিশয়-পুণ্যপ্রদ তেমনি আন্তর-তীর্থস্নানও মানস স্নানের অন্তর্ভুক্ত এবং অতিশয়-পুণ্যপ্রদ।

মূলাধার থেকে আজ্ঞাচক্র পর্যস্ত ষট্চক্রে আছে আন্তর তীর্থ। যোগী সাধক এই-সব তীর্থে মানস স্থান করেন। তন্ত্রশাস্ত্রে এই-সব তীর্থের বিবরণ দেওয়া হয়েছে। মূলাধারস্থ ইড়া পিঙ্গলা এবং স্বয়্মা এই তিনটি নাড়ী যথাক্রমে গঙ্গা যমুনা এবং সরস্বতী নদী। এই ত্রিবেণীসঙ্গম হয়েছে বলে মূলাধারে তীর্থরাজ ত্রিবেণী অবস্থিত। এথানে স্থান করলে সাধক সর্বপাপমূক্ত হন। এটি যুক্তত্রিবেণী। আবার আজ্ঞাচক্রেও এই তিন নাড়ীর ত্রিবেণী আছে, তাকে মুক্তত্রিবেণী বলে।

রুত্রযামলে বলা হয়েছে মন্ত্রক্রিয়াযোগতত্ত্ববিদ্ মনোগত-স্নানপরায়ণ যে-সাধক ম্লাধারস্থ তীর্থের বিমল জলে স্নান করেন তিনি মুক্তিলাভ করেন।

স্বৰ্গস্থ তীৰ্থ স্বাধিষ্ঠানপদ্মে বিরাজমান। যিনি স্বাধিষ্ঠানে মন নিবিষ্ট করতে পারেন তিনি যেন গঙ্গাস্থান করেন। ই

মণিপূরে আছে দেবতীর্থ পঞ্চকুণ্ড সরোবর। সেথানকার কামনাতীর্থে মৃক্তিকামী ব্যক্তিস্থান করবেন।

চিন্তয়েদ यः কৃতং ছৃষ্টং তীর্থন্নানেন তন্ত কিম্। শতশোহপি জলৈর্থোতং স্থরাভাগুমিবাগুচিঃ।
 —মংক্তস্কুবচন, দ্রঃ প্রা তো, কাগু ও, পরিঃ ও, ব সং, পুঃ ১৭৭

২ ন তীর্থানি ন দানানি ন ব্রতানি ন চাত্রমাঃ। তুটাশ্যং তুট্রমতিং পাবয়ন্তি কদাচন।
--বেংগিনীতম্বচন, সং ঐ

ইড়া ভাগীরণী গলা পিললা যম্না নদী। তয়োর্থগ্যতা নাড়ী হয়্ন্ণাথ্যা সরবতী।
 ত্রিবেণীসল্পাে যত্র তীর্থরাজঃ স উচ্যতে।
 তর স্নানং প্রক্রীত সর্বপাপেঃ প্রম্চ্যতে।
 —ক্রঃ প্রা তো, কাণ্ড ৩, পরিঃ ৩, ব সং, পৃঃ ১৭৮

মনোগভন্নানপরে। মন্থা মন্ত্রিয়াবোগবিশিষ্টতত্ত্বিৎ।
 মন্ত্রীয়ভীর্থে বিমলে জলে মৃদা মূলাম্ব জে লাভি স্মৃত্তিভাগ্ ভবেৎ।

ক্রেম্বামলবচন, সঃ ঐ

৫ স্বৰ্গন্থং যাৰতা তীৰ্থং স্বাধিষ্ঠানে মুপকজে। মনো নিধায় যোগীল্ৰঃ স্নাতি গঙ্গাজলে বধা।—এ

৬ মণিপুরে দেবতীর্থং পঞ্চকুগুং সরোবরন্। তত্ত্র শ্রীকামনাতীর্থং স্নাতি যো মুক্তিমিচ্ছতি।—ঐ

অনাহতপদ্মে স্থ্যত্তসমধ্যগত স্বতীর্থ বিরাজমান এরপ চিন্তা করে মৃক্তিকামী সাধক তাতে মানস স্থান করবেন। স্বান্ধ্যতন্ত্রমতে পুক্রতীর্থ অনাহতপদ্মে বিভয়ান। ই

বিশুদ্ধাখ্যপদ্মে আছে অইতীর্থ। মৃক্তিকামী বীর সাধক কৈবল্যমৃক্তিপ্রদ এই তীর্থের ধ্যান করে মানস স্থান করবেন।\*

আজ্ঞাচক্র বিন্দুতীর্থ ও কালীকুণ্ডের স্থান। এই তীর্থের ধ্যান করে নির্বাণসিদ্ধিকামী সাধক মানসন্মান করবেন।

ক্ষুদ্রামলে মানবদেহকেই শিবতীর্থ বলা হয়েছে। এই তীর্থে ইড়া এবং এবং স্থন্ধা নামে জ্ঞানসলিলা ছটি নদী বয়ে চলেছে। এই নদী ছটির ব্রহ্মসলিলে অর্থাৎ জ্ঞানজলে যিনি স্নান করেন তাঁর আর গঙ্গাজলে বা পুষরতীর্থের জলে কি হবে ?\*

স**ন্ধ্যা**—স্নানের পর সন্ধ্যা। মন্ত্রতন্ত্রপ্রকাশে বিধান দেওয়া হয়েছে—সাধক যথাবিহিত তান্ত্রিক স্নান করে বৈদিক ও তান্ত্রিক সন্ধ্যা ও তর্পণ করবেন।\*

সন্ধ্যা অবশ্রকরণীয় নিত্যকর্ম। তন্ত্রশান্ত্রের অভিমত যে-ব্যক্তি সন্ধ্যা করে না তার দীক্ষা নিফল হয়।

সন্ধ্যা বিবিধ—বৈদিক ও তান্ত্রিক। প্রথমে বৈদিক সন্ধ্যা করে তার পরে তাব্রিক সন্ধ্যা করা বিধি।

প্রাতঃকালে মধ্যাহে এবং সায়ংকালে সন্ধ্যা করতে হয়। ব্রাহ্মণের পক্ষে বৈদিক এবং তান্ত্রিক উভয় সন্ধ্যাই বিহিত, শুদ্রের পক্ষে শুধু তান্ত্রিক।

<sup>&</sup>gt; অনাহতে সর্বতীর্থং সূর্যমণ্ডলমধ্যগম্। বিভাব্য সর্বতীর্থানি স্নাতি বো মুক্তিমিচ্ছতি।
—দ্রঃ প্রা তো, কাণ্ড ৩, পরিঃ ৩, পঃ ১৭৮

২ স্বায়াচ্চ বিমলে তীর্থে পুঞ্চরে হালয়াশ্রিতে।—গ ত ৭।১≥

ও বিশুদ্ধাথ্যে মহাপল্লে অন্ততীর্থসমূদ্ভব:। কৈবলামুক্তিদং ধ্যাত্বা লাতি বীরো বিমুক্তন্নে।
—ক্র: প্রা তো, কাণ্ড ৩, পরি: ৬, ব সং, পু: ১৭৮

в মানসং বিন্দুতীর্থক কালীকুণ্ডং কলাধরম্। জ্ঞানচক্রে সদা ধ্যাত্বা স্লাতি নির্বাণসিদ্ধয়ে।—ঐ

ইড়াস্ব্নেণ শিবতীর্থকেহামন্ জ্ঞানাম্ব পূর্ণে বহতঃ শরীরে ।
 ৰুদ্ধাম্ব ভিঃ স্নাতি তয়োঃ সদা বঃ কিন্তুন্ত গাকৈরপি পুছরৈর্বা।

<sup>—</sup>ক্ষুত্রবামলবচন, ড্রঃ প্রা তো, কাণ্ড ৩, পরিঃ ৩, ব সং, পৃঃ ১৭৭

উল্কেনৈব বিধানেন কৃত্বা স্থানং তু তাল্লিকম্। বৈদিকীং তাল্লিকীং সন্ধ্যাং কৃত্বা তর্পদমেব চ।
 লপন্ স্তোত্রাণি নামানি বায়াদেবনিকেতনম্।—নম্বতন্ত্রপ্রকাশবচন, সঃ শাতি ৪।৫-এর রাঘবভট্টকৃত টীকা

৭ সন্ধায়া তু বিহীনো যো ন দীক্ষাফলমাপ্নুয়াং।—লক্ষীকুলার্ণবিবচন, জ্রঃ বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ৭৮

৮ বৈদিকস্ক্যানস্তরং ভাষ্ট্রিকস্ক্যা কর্তব্যা।—বুহ ত সা, ১০ ম সং, পুঃ ৭৮

সন্ধ্যাত্রয়ং তথা কুর্যাদ্ বাহ্মণো বিধিপূর্বকম্। তত্ত্বাক্তবিধিপূর্বং তু শুদ্রঃ সন্ধ্যাং সমাচরেং।
 —বিশুদ্ধেরওছরচন, ত্রঃ শা ত, উ: ।

পুরশ্চরণরদোল্লাদে বলা হয়েছে সাধক প্রাতঃস্থান করে পরম ত্র্লভ সন্ধ্যা-উপাসনা করবেন। তার পর গায়ত্রী জ্বপ করবেন। তার পর তান্ত্রিক সন্ধ্যা করবেন ও তান্ত্রিক গায়ত্রী জ্বপ করবেন। এর পর স্থ্যার্ঘ্য দিয়ে পূজাগৃহে প্রবেশ করবেন।

আমরা এখানে শুধু তান্ত্রিক সন্ধ্যা ও তর্পণের বিষয়ই আলোচনা করব।

ভাদ্রিক সন্ধ্যা—দেবতাদিভেদে তান্ত্রিক সন্ধ্যার ক্রিয়াকর্মের কিছু কিছু বিভিন্নতা লক্ষ্য করা যায়। তবে তার সাধারণ রূপটি সব ক্ষেত্রেই একরকম।

মালিনীতন্ত্রে শক্তিবিষয়ক তান্ত্রিক সন্ধ্যা সম্বন্ধে বলা হয়েছে—'ওঁ আত্মতন্ত্রায় স্থাহা, ওঁ বিভাতন্ত্রায় স্থাহা, ওঁ শিবতন্ত্রায় স্থাহা' এই মন্ত্রে আচমন করতে হবে। তার পর 'গঙ্গে চ ষম্নে চৈব' ইত্যাদি মন্ত্র পড়ে জলে তীর্থাবাহন করতে হবে, মূলমন্ত্র পড়ে কুলের বারা জল তিনবার ভূমিতে নিক্ষেপ করতে হবে এবং সাতবার মন্তকে সিঞ্চন করতে হবে। তার পর প্রাণায়াম ও বড়ঙ্গন্যাস করে বামকরতলে জল নিয়ে দক্ষিণকরে আচ্ছাদন করে 'হং যং বং লং বং'-মন্ত্রের দ্বারা তিনবার অভিমন্ত্রিত করতে হবে। তার পর সাতবার মূল মন্ত্র পড়ে বামহস্তের অঙ্গুলির ছিন্ত্রপথে গলিত জলবিন্দু তন্ত্বমূলা হ্বারা সাতবার মন্তকে সিঞ্চন করে অবশিষ্ট জল দক্ষিণহন্তে গ্রহণ করে তাকে তেজােরপ ভাবতে হবে এবং ইড়ানাড়ী হারা অর্থাৎ দক্ষিণনাসাপথে আকর্ষণ করে দেহমধ্যগত পাপ প্রকালন করতে হবে এবং পাপপ্রকালণের জন্য সেই জলকে ক্রম্ভবর্ণ পাপরূপে চিন্তা করতে হবে এবং পিঙ্গলানাড়ী হারা অর্থাৎ বামনাসাপথে বিরেচন করে ও সম্মুথে বন্ত্রশিলা কল্পনা করে তাতে পাপপ্রক্রম্বরূপ সেই জল ফট্ এই অস্ত্রমন্ত্র উচ্চারণ করে নিক্ষেপ করতে হবে। এই ক্রিয়ার নাম অহমর্ষণ। ব্রু

মেকতত্তে বলা হয়েছে এর পর মন্ত্রবিৎ সাধক হুহাত ধুয়ে মূলমঞ্জের স্বারা আচমন

আচামেদাক্মতত্বাহৈতঃ প্রণবাদ্যৈ বিঠান্তকৈরিতি। ততো জলে গঙ্গে চেত্যাদিনা তীর্থমাবাহ মূলেন কুশেন ত্রিবারং ভূমৌ জলং ক্ষিপেং। তজ্জলেন সপ্তথা মূর্জানমভিষিঞ্চেং। ততঃ প্রাণায়াম-য়ভঙ্গ-ছ্যাসৌ কৃত্বা বামহন্ততলে জলং নিধায় দক্ষিণহন্তেন জলমাজ্যত হং বং বং লং রং ইতি ত্রিবারমভিমন্ত্রা মূলমূচরন্ গলিতোদকবিন্দুভিতত্বমূলয়া মূ্ধনি সপ্তথাভূাক্ষণং কৃত্বা শেষজলং দক্ষিণহত্তে সমাধায় তেজোক্লপং ধ্যাত্বা পিললয়া বিরেচ্য পুরঃকলিতবক্তশিলায়াং ফড়িতি মন্ত্রেণ পাপপুরুষস্বরূপং তজ্জলং ক্ষিপেদিতি অঘমর্যণম্।—মালিনীতন্ত্রবচন, ক্রঃ বৃহ ত সা, > ম সং, পৃঃ ৭>

প্রকাল্য হন্তাবাচম্য মূলমন্ত্রেণ মন্ত্রবিং। গায়ত্র্যা বাহধ মূলেন দ্লাদর্যক্রয়ং ততঃ।
 রবিমগুলসংস্থায় বেষ্টদেবায় তর্পয়েং। জলেন মূলমন্ত্রান্তে হ্যমূকং তর্পয়িনি চ।

করবেন এবং গায়ত্রী বা মূলমন্ত্র জপ করে তিনটি অর্ধ্য দেবেন। তার পর স্থ্যগুলন্থিত স্থীয় ইষ্টদেবতার তর্পন করবেন। তর্পণের বিধি—মূলমন্ত্র উচ্চারণ করে অমূকদেবতাকে তর্পণ করি এই বলে জল দিয়ে তিনবার তর্পন করতে হবে, বামমার্গীদের কারণ দিয়ে তর্পণ করতে হবে। তার পর সাধক স্থীয় ইষ্টদেবতার গায়ত্রী আটাশবার জপ করবেন; তদভাবে বেদপন্থী সাধক বান্ধী গায়ত্রী আর তান্ত্রিক সাধক শিবগায়ত্রী জপ করবেন।

সূর্যার্য্য—হস্তপ্রকালন ও আচমন করে 'হ্রী হংসং' অথবা 'ওঁ ঘৃণি সূর্য আদিত্য' এই মদ্রে জল দিয়ে সূর্যার্য্য দিতে হয়। তারাদিশক্তিবিষরক সূর্যার্য্য সম্বন্ধে বিধান দেওয়া হয়েছে— 'হ্রী হংসং মার্তগুভৈরবায় প্রকাশশক্তিসহিতায় ইদমর্য্যং স্বাহা' এই মদ্রে অর্ব্য দিতে হবে। তিক্ত শ্রীবিভাবিষয়ক সূর্যার্য্য পূথক। তি

ইপ্তদেবভার্য্য—সম্মেহনতন্তে বলা হয়েছে স্থার্ঘ্য দেবার পর সাধক 'ওঁ স্থ্যওলস্থারৈ অমৃকদেবতারৈ নমঃ' এই মন্ত্র পড়ে অথবা সেই দেবতার গায়ত্রীমন্ত্র পড়ে সেই দেবতাকে জল দিয়ে তিনবার অর্ঘ্য দেবেন এবং সেই দেবতার গায়ত্রী জপ করবেন। এথানে অমৃকদেবতার স্থলে সাধকের ইপ্তদেবতার নাম করতে হবে। কাজেই ইপ্তদেবতাকেই অর্ঘ্য দিতে হবে এবং তাঁর গায়ত্রী জপ করতে হবে।

গায়ত্রী—গায়ত্রী ত্রকমের—বৈদিক আর তান্ত্রিক। বৈদিক গায়ত্রী বলতে প্রধানতঃ সাবিত্রীমন্ত্রটিকেই বাঝায়। তবে এটির তান্ত্রিক প্রয়োগণ তন্ত্রশাস্ত্রে নির্দিষ্ট হয়েছে। তন্ত্রমতে সাবিত্রী অন্ততমা বিচা। প

উদ্ধা ত্রিধা তর্পনীরং বামকৈঃ কারণেন তু। ইষ্টদেবস্ত গায়ত্রীমষ্টাবিংশতিসংধ্যকান্। জপেদভাবে ৰুান্ধীং তু বৈদিকং মতমাশ্রিতঃ। তান্ত্রিকঃ শিবপারত্রীং জপেৎ সাংধ নিরূপ্যতে। —মেকৃতত্ত্রবচন, ত্রঃ পু চ, তঃ ৬, পুঃ ৫০৩

- ১ (i) ওঁ তন্মহেশায় বিদ্মহে বাগ ্বিশুদ্ধার ধীমহি তন্নঃ শিবঃ প্রচোদয়াৎ।—ঐ
  - (ii) ওঁ তৎপুরুষার বিষ্মহে মহাদেবার ধীমহি তল্পো রুজঃ প্রচোদরাং।—তন্ত্রান্তরবচন, জঃ ঐ
- ২ ততো হত্তং প্রকাল্যাচমা ব্রী হংসঃ ও ঘূণি সুর্ব আদিতা ইতি মন্ত্রেণ বা সুর্বায় অর্থাং দভাং।— বৃহ ত সা, ১০ম সং, পুঃ ৮০
  - ত পূর্বমন্ত্রং সম্ক্রার্থ মার্তপ্ততৈরবার চ। প্রকাশশক্তিসহিতার ইদমর্ঘ্য ততঃ পঠেং।
    শাহান্তং মন্ত্রমূচার্য অর্য্য দ্বা জপেরত্ম ।—তথ্রাস্তরবচন, জঃ ঐ, পৃঃ ৮২
- 8 মন্ত্রটি এই—এ ই ব্লী জ্লী হ্লী ব্লী ক্লী কলা দাতিওভৈরবার প্রকাশশক্তিসহিতার গ্রহরাশিনক্ষত্রতিথিবোগকরণ-পরিবারসহিতার ইদমর্ঘ্য বাহা।—এ
- তেতঃ ওঁ সূর্বমণ্ডলন্থারৈ অমুক্দেবতারৈ নমঃ ইত্যানের তদ্গায়ত্রা বা ত্রিবারং জলং নিক্ষিপ্য তণ্ডদ্দেবতারা গায়ত্রীং জপেং।—সম্মেহনতন্ত্রবচন, জঃ ঐ, পৃঃ ৮০
  - ৬ ওঁ ভূভিব: অ: তৎসবিভূবরেণ্যং ভর্গো দেবক্স ধীমহি ধিয়ো যো ন: প্রচোদন্নাৎ ।—জ: তৈ আ ১০।২৭।১
  - ৭ জ: প্রা তো, কাও ৩, পরি: ৪; নি ত, প: ৩
  - ৮ সাবিত্রী পরমা বিভা তৈলোকোর চ ছ লভা।—নি ত, পঃ ৩

তৈত্তিরীয়-আরণাকে রুদ্র গণেশ নন্দি কার্তিক গরুড় ব্রহ্মা বিষ্ণু নরসিংহ স্থা অগ্নি এবং ত্র্গার > গায়ত্রী দেওয়া হয়েছে। কাজেই এই-সব গায়ত্রী বৈদিক।

বিভিন্ন দেবতার বিভিন্ন গায়ত্রী তদ্ধশাস্ত্রামুসারেও বিহিত। > ২ লক্ষ্য করার বিষয়

```
১ (i) পুরুষস্ত বিদ্ম সহস্রাক্ষন্ত মহাদেবক্ত ধীমহি। তল্লো রুদ্র: প্রচোদয়াৎ।—তৈ আ ১০।১।২৩
     (ii) তৎপুরুষায় বিদ্মাহে মহাদেবায় ধীমহি। তল্লো রুদ্রঃ প্রচোদয়াং।—ঐ ১০।১।২৪
 ২ তৎপুরুষায় বিদ্মহে বক্রতৃণ্ডায় ধীমহি তমো দক্তিঃ প্রচোদয়াৎ।—ঐ ১০1১।২¢
 ৩ তৎপুরুষায় বিষাহে চক্রতুগুায় ধীমহি তল্লো নন্দি: প্রচোদয়াৎ।—ঐ ১০।১।२৬

    তৎপুরুষায় বিল্পত্থে মহাদেনায় ধীমহি তয়ঃ বণ্ মুখঃ প্রচোদয়াৎ।—ঐ >৽।>।২।

    তৎপুরুষায় বিয়হে ফুবর্ণপক্ষায় ধীমহি। তরো গরুড়: প্রচোদয়াৎ।—ঐ ১০।১।২৮

 ৬ বেদাক্সনায় বিষ্মতে হিরণাগর্ভায় ধীমহি। তল্পো ৰ হ্ম প্রচোদয়াৎ।—এ ১০।১।২৯
 ৭ নারায়ণায় বিদ্মহে বাস্থদেবায় ধীমহি। তল্লো বিষ্ণুঃ প্রচোদয়াৎ। —ঐ ১০।১।৩০
     বজনখার বিশ্বহে তীক্ষদংষ্টার ধীমহি। তলো নারসিংহ: প্রচোদয়াৎ।—এ ১০।১।৩১

    ভাস্করায় বিলয়ে মহায়াতিকরায় ধীমহি। তয়ো আদিতাঃ প্রচোদয়াং।—ঐ ১০।১।৩২

১০ বৈশানরায় বিদ্মহে লালীলায় ধীমহি। তল্লো অগ্নিঃ প্রচোদয়াৎ।—ঐ ১০।১।৩৩
১১ কাত্যায়নায় বিশ্বহে কন্তাকুমারী ধীমহি। তল্পে দুর্গিঃ প্রচোদয়াং।—ঐ ১০।১।৩৪
                           ওঁ প্রমেশ্বরায় বিশ্বহে প্রতন্ত্রায় ধীমহি তল্পো ৰ হ্ন প্রচোদয়াং।
১২ ব্ৰহ্মগায়ত্ৰী-
                           ওঁ তৎপুরুষায় বিল্মহে বক্রতুণ্ডায় ধীমহি তল্লো দন্তী প্রচোদয়াং।
     গণেশগায়ত্তী-
                                                           — योमलवहन, जः भू ह, ७: ७, भुः ६०४
                           ওঁ সপ্ততুরগার বিদ্মহে সহস্রকিরণার ধীমহি তল্পো রবিঃ প্রচোদরাৎ।
     সূর্যগায়ত্রী—
                                                                              —মেক্তন্তবচন, দ্র: ঐ
                           ওঁ নারায়ণায় বিল্পহে বাহুদেবায় ধীমহি তল্পো বিষ্ণুঃ প্রচোদয়াৎ।—এ
     বিষ্ণুগায়ত্রী-
                           कालिकारेंग्र श्रमः होक्षां विचार छन्नस्तरम् ।
     খ্যামাগায়ত্রী---
                           শ্মশানবাসিনী ঙেন্তা ধীমহীতি ততো বদেং।
                           তল্লো ঘোরে পদং প্রোচ্য প্রবদেচ্চ প্রচোদয়াং।

    কালিকায়ে বিশ্বহে শশানবাসিয়ৈ ধীমহি তল্পে ঘোরে প্রচোদয়াৎ।

                                                                           -কুমারীতন্ত্রবচন, দ্রঃ ঐ
                           আতারৈ বিশ্বহে পরমেশ্বর্ব্য ধীমহি তন্ত্রঃ কালী প্রচোদয়াৎ ৷--মহা ত ১।৬২-৬৩
     অথবা
                            ঐ ভগবতোকজটে বিশ্বহে চ পদং ততঃ।
     তারাগায়ত্রী-
```

বিকটদংট্রে ধীমহি তন্নন্তারে প্রচোদয়াৎ।

-कालिकार्ववरुम, सः भू ह, छः ७, खे भुः ६०६

ঐ ভগৰত্যেকজটে বিশ্বহে বিকটদংট্থে ধীমহি তব্নস্তাবে প্রচোদরাং।

বৈদিক এবং তান্ত্রিক গায়ত্রী অনেক ক্ষেত্রেই অভিন্ন। তবে তান্ত্রিক গায়ত্রীর বিশেষত্ব এই যে এতে শূন্তাদি দকলের অধিকার আছে।' কিন্তু বৈদিক গায়ত্রীতে বিজ ভিন্ন অন্তের অধিকার নাই।

গায়ত্রীধ্যান— দাধক স্বীয় ইষ্টদেবতার গায়ত্রী জপ করবেন। কিন্ত জপের পূর্বে গায়ত্রীর ধ্যান করবেন। দে-ধ্যান আবার প্রাত:-মধ্যাহ্ন-ও দায়ংকাল-ভেদে ভিন্ন হয়। মহানির্বাণতন্ত্রে বলা হয়েছে দাধক প্রাত: মধ্যাহ্ন ও দায়াহ্নে পরদেবতা গায়ত্রীর দত্ত রজঃ তম: এই তিন গুণভেদে তিন-ক্রপের ধ্যান করবেন।

প্রাতঃকালে প্রাতঃকালে দেবী ব্রান্ধী রক্তবর্ণা দ্বিভূজা কুমারী। তাঁর হাতে তীর্থবারি-পূর্ণ কমণ্ডলু এবং স্বচ্ছমালা। শুচিম্মিতা দেবীর পরিধানে কুফাজিন। তিনি হংসবাহনা। শু ইনি রজ্যগুণপ্রধানা। এইরূপে প্রাতঃকালে দেবীর ধ্যান করতে হবে।

মধ্যাক্তে—মধ্যাহে দেবী বৈষ্ণবী শ্রামবর্ণা চতু ভূজা শঙ্খচক্রগদাপদ্মধারিণী গরুড়বাহনা। তাঁর কুচ্যুগল পীন ও উত্ত্ ক্ল, তিনি যুবতী, বনমালাভূষিতা ও স্থ্যগণ্ডলে অবস্থিতা। ইনি সম্ব্রণপ্রধানা। মধ্যাহে দেবীর এইরূপ ধ্যান করতে হবে।

অপবা	মহোগ্রারৈ বিশ্বহে তারারৈ ধীমহি তলো দেবী ধিয়ো যো নঃ
	প্রচোদয়াৎ।—মালিনীতম্বর্ণিত, স্তঃ ঐ
ত্রিপুরস্পরীগায়ত্রী—	- ঐ ত্রিপুরাদেবৈয় বিশ্বহে ক্লীং কামেখথৈ ধীমহি তন্নঃ ক্লিন্সে প্রচোদয়াৎ।
	—জানাৰ্বভন্তৰ্বাণ্ড, ডা: ঐ
ভৈরবীগায়ত্রী—	ঐ ত্রিপুরায়ৈ বিশ্বহে ভৈরবৈয় ধীমহি তল্লো দেবী প্রচোদয়াৎ।
	—ই, দ্র: ই, পৃ: ১৬
ভূবনেশ্বরীগারত্রী—	হ্রী ভুবনেশ্বর্য বিশ্বহে আভায়ে ধীমহি তল্পো দেবী প্রচোদয়াণ।
	—তন্মান্তরবর্ণিত, স্রঃ ঐ
ছিন্নমন্তাগায়ত্রী—	বৈরোচক্তৈ বিল্লহে ছিল্লমন্তারৈ ধীমহি তল্পো দেবী প্রচোদরাও।—এ
ধুমাবতীগায়ত্রী—	ধুঁ ধুমাবতী বিল্লহে বিবৰ্ণা দেবী ধীমহি তল্লো ঘোরে প্রচোদয়াং।—ঐ
মাতঙ্গীগায়ত্রী—	ওঁ শুকপ্রিয়ারৈ বিদ্মহে শ্রীকামেশ্বর্ধে ধীমহি তন্ত্র: শ্রামা প্রচোদয়াৎ।—ঐ
বগলামুখীগায়ত্রী—	क्षी वंशनाम्थी विचार इष्ठेख्छनी शैमहि छत्त्रा प्रवी व्यक्तानग्रार ।— व
লক্ষীগায়ত্রী—	মহালন্দ্রীঃ বিদ্মহে মহাত্রিরৈ ধীমহি তল্পে 🕮: প্রচোদয়াৎ।—ঐ পৃ: ৫০৭
তুৰ্গাগায়ত্ৰী—	ওঁ কাত্যায়লৈ বিশ্বহে কন্তাকুমারী ধীমহি তন্নো দুর্গা প্রচোদয়াৎ।
<b>~</b>	—তন্ত্রান্তরবর্ণিত, ত্রঃ ঐ পৃঃ ৫০৮

১ তন্ত্রজেনৈব গায়ত্র্যা শৃল্যোহপি প্রজপেমতুম।—গা ত, পঃ ১

২ ততো ধ্যায়েমহাদেবীং গারত্রীং পরদেবতাম্। প্রাতর্সধাাহ্ননায়াহে ত্রিরূপাং গুণভেদতঃ।—মহা ত elee

প্রাত ৰ ক্ষো রক্তবর্ণাং বিভুজাঞ্চ কুমারিকান। কমগুলুং তীর্থপূর্ণমন্থমালাঞ্চ বিপ্রতীন।
 কৃষ্ণাজিনান্বরথরাং হংসারালাং শুচি বিতাম।
 — ঐ ৫।৫৬

মধ্যাক্তে তাং ভামবর্ণাং বৈক্ষবীঞ্ চতু ভূজান্। শৃত্যক্রগদাপল্লধারিণীং গরুড়াসনাম্।
 শীনোভ্রক্চছলাং বনমালাবিভূবিতান্। যুবতীং সততং ধ্যায়েলধ্যে মাত্ত্রমন্তনে।—ঐ ৫।৫৭-৫৮

সায়াকে নায়াকে দেবী গায়ত্রী বরদা শুক্লবর্ণা শুক্লবন্ধারিণী ত্রিনেত্রা বৃষভবাহনা। তাঁর করপদ্মে বরমূন্রা পাশ শূল এবং নরকপাল। তিনি গলিতযৌবনা বৃদ্ধা। দেবীর এই রূপ তমোগুণপ্রধান। জিতেন্দ্রিয় সাধক সায়াকে এইরূপে দেবীর ধ্যান করবেন।

মহানির্বাণতত্ত্বের বিধান —পূর্বোক্ত প্রকারে ধ্যান করে মহাদেরীকে তিন অঞ্জলি জল দিয়ে দশবার বা এক শ বার ( মতান্তরে এক শ আটবার শ ) গায়ত্রী জপ করতে হবে।

তান্ত্রিক সন্ধ্যা নিজ্য কর্তব্য—যেথানে দাদশী প্রভৃতিতে বৈদিক সায়ংসন্ধ্যা নিষিদ্ধ সেথানেও তান্ত্রিক সন্ধ্যা বিহিত। বৃহন্দীলতন্ত্রে বলা হয়েছে — দাদশী আদিতে সায়স্তনী সন্ধ্যা কর্তব্য। যে করবে না দে নরকে যাবে। কেন না আগমক্রিয়া নিত্য করতে হয়।

সংক্ষেপ-সন্ধ্যা — শাত্মে অক্ষম ব্যক্তির জন্ত সংক্ষিপ্ত সন্ধ্যার ব্যবস্থা আছে। গৌতমীয়-তন্ত্রে বলা হয়েছে শেলাধক অশক্ত হলে সংক্ষেপ-সন্ধ্যা করবেন। প্রাতঃ মধ্যাহ্ন এবং সায়ংকালে দেবতার ধ্যান করে শুধু মূলমন্ত্র জপ করলেই সন্ধ্যা করা হবে।

ভর্পণ—গায়ত্রীজপের পর ইষ্টদেবতাকে জপসমর্পণ করে তর্পণ করতে হয়। তর্পণও বৈদিক-তান্ত্রিক-ভেদে দ্বিবিধ। মেরুতন্ত্রে বলা হয়েছে— বৈদিক তর্পণ করে তার পরে তান্ত্রিক তর্পণ করতে হবে। ব

মহানির্বাণতত্ত্বেদ তান্ত্রিক তর্পণ সম্বন্ধে বিধান দেওরা হয়েছে পূর্বোক্ত গায়ত্রীজপের পরে দেবগণ ঋষিগণ পিতৃগণ ও ইষ্টদেবতার তর্পণ করতে হবে। 'ওঁ দেবাংস্তর্পরামি নমং ওঁ ঋষীংস্তর্পরামি নমং এই বলে দেবগণাদির তর্পণ করতে হবে। ইষ্টদেবতা কালিকার তর্পণমন্ত্র— হ্রী আভাং কালীং তর্পরামি স্বাহা। এই প্রসঙ্গে উল্লেখ করা যায় তান্ত্রিক প্রণব-ও স্বাহা-যুক্ত মন্ত্রে শৃদ্রেরও অধিকার আছে।

সায়ায়্য়ে বরদাং দেবীং গায়ত্রীং সংস্পরেদ যতিঃ। শুক্রাং শুক্রাম্বরধরাং ব্যাসনকৃতাশ্রয়াম্।
 ত্রিনেত্রাং বরদাং পাশং শুলঞ্চ নৃকরোটিকাম্। বিত্রতীং করপল্লৈন্চ বৃদ্ধাং গলিত্যোবনাম্।—ঐ ৫।৫৯-৬০

২ এবং ধ্যাত্ম মহাদেব্যৈ জলানামঞ্জলিত্রয়ন্। দত্তা জপেত্র, গায়ত্রীং দশধা শতধাপি বা।—এ ৫।৬১

৩ তন্ত্রান্তরে বলা হয়েছে—অস্টোভরশতাবৃত্ত্যা গায়ত্রীং প্রজপেৎ স্থা:।—দ্র: বৃহ ত দা, ১০ম দং, পৃ: ৮২

৪ সন্ধ্যাং সায়স্তনীং কুর্যাদ খাদখাদিষপি প্রিয়ে। অকুর্বন্লিরয়ং যাতি যতো নিত্যাগমক্রিয়া।—বৃহন্নীলতন্ত্র, পঃ ১

<sup>ে</sup> সংক্ষেপসন্ধ্যামথবা কুর্যাযান্ত্রী হুশক্ততঃ। সায়ং প্রতিশ্চ মধ্যাহ্রে দেবং ধ্যাতা মনুং জপেৎ।

<sup>—</sup> গৌতমীয়তন্ত্ৰবচন দ্ৰঃ বৃহ ত সা, ১০ম সং, পু ৮০

७ सः भू म, मः ७३, शृः ३३७

৭ বৈদিকং তর্পণং কৃতা ততন্তান্ত্রিকমাচরেৎ।—মেরুতন্তরবচন, দ্রঃ পু চ, তঃ ৬, পৃঃ ৫০৯

৮ ততন্ত্র তর্পয়েদ্ভত্তে দেবর্বিপিত্দেবতাঃ। প্রণবং স্বিতীয়াখ্যাং তর্পয়িমি নমঃ পদম্।—মহা ত ে।৬৪-৬৫

ভ্তেছিতয়ের বিধান —
 ভয়েছিপ্রণবং দেবি বহ্নিজায়াঞ্ হন্দরি। প্রজপেৎ সততং শুলো নাত্র কার্যা বিচারণা।

<sup>—</sup>ভূতগুদ্ধিতন্ত্ৰবচন, দ্ৰঃ শা ত, উঃ ২

শুধু কালিকা নয় শক্তিদেবতা সম্বন্ধে সাধারণবিধি—তর্পণমন্ত্রের প্রণবস্থলে ক্রী এবং নমঃ স্থলে স্বাহা উচ্চারণ করে তর্পণ করতে হবে। ১ তর্পণ করতে হবে তিনবার। ৭

**গুরুপঙ্ ক্তির ভর্মণ**— ইষ্টদেবতার তর্পণের আগে দেবগণাদি সহ গুরুপঙ্ তির তর্পণ করা বিধি। ও এই তর্পণের মন্ত্রও পূর্বোক্ত দেবতাদির তর্পণমন্ত্রের মতো।

আবরণদেবতার তর্পণ — ইষ্টদেবতার সঙ্গে তাঁর আবরণদেবতারও তর্পণ করতে হয়। কুলার্পবতম্বে আছে — আবরণদেবতার প্রত্যেককে এক এক অঞ্চলি জল দিয়ে তর্পণ করতে হবে অর্থাৎ প্রত্যেক আবরণদেবতার তর্পণ একবার করতে হবে। অশক্তের পক্ষে মূলমন্ত্র উচ্চারণ করে কেবল ইষ্টদেবতার তর্পণ বিহিত।

বোগীদের সন্ধ্যাদি— এই প্রসঙ্গে বোগীদের সন্ধ্যাদির উল্লেখ করা আবশুক। কেন না সাধারণসন্ধ্যাদি থেকে এগুলি পৃথক্। যোগীর সন্ধ্যা অন্তর্ধাগান্তর্গত সন্ধ্যা, এটি বস্তুত: ধ্যান। সন্ধ্যাকথাটার ব্যুৎপত্তিগত অর্থপ্ত সম্যক্ ধ্যান। যোগীর সন্ধ্যা—সম্পর্কে কর্মস্থ্রুটীকায় বলা হয়েছে — যিনি গুরুত্রপণী মুণালস্থ্রান্তরগামিনী স্বপ্রকাশ কুগুলিনীশক্তি তিনি শিবের সঙ্গে সামরস্থাবস্থায় সাধনার অন্তর্গত হয়ে আছেন এই ভাবে ধ্যান করতে হবে। মধ্যাহ্নকালে ভাবতে হবে তিনি তরুণাবয়ববিশিষ্টা অতিশয় উচ্চলে কামরাজক্টরপণী। মূলাধার থেকে বন্ধরন্ধ্র অর্থাৎ সহস্রার পর্যন্ত এবং বন্ধরন্ধ্র থেকে মূলাধার পর্যন্ত বিলোম- ও অন্তর্লোম-ক্রমে তাঁর ধ্যান করতে হবে।

সায়ংকালে ভাবতে হবে তিনি খেতবর্ণা শক্তিকৃটরাপিণী মুণালতন্ত্রসদৃশা। শিবের সঙ্গে সামরস্থাবস্থায় তাঁর ধ্যান বিহিত।

শক্তো তু প্রণবে মায়াং নমঃস্থানে বিঠং বলেং।—মহা ত ১।৬০

২ শক্তি বিষয়ে ত্রিধা তর্পণম্।—বুহ ত সা, ১০ম সং, পৃঃ ৮২

৩ দেবান্ ধবীন্ পিডাকৈব তৎকল্পোক্তবিধানতঃ। শুক্লপঙক্তিং পুরা তর্প্য তর্পদেষ্টদেবতান্। —বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ৮১

৪ ওঁ শুরুং তর্পরামি নম:। ওঁ পরমশুরুং তর্পরামি নম:। ওঁ পরাপরশুরুং তর্পরামি নম:।
 ওঁ পরমেন্তিগুরুং তর্পরামি নম:।—দ্র: ঐ

<sup>ে</sup> একৈকমঞ্জলিং ভোমং পরিবারান্ প্রতর্পরেং। তত্তাশক্তশ্চেমূলমন্ত্রমূচার্য ইষ্টদেবতামাত্রং তর্পরেং।

<sup>—</sup>सः ঐ, शृः ४२

৬ যা গুরুত্বপিনী মূণালস্থ্রান্তরগা বপ্রকাশা ক্ওলিনীশক্তিং কুলাকুলসমরসভাবেন সাধনান্তর্ধেরা। তথা মধ্যাহ্সময়ে তরুণাব্যবামতিভাষরাং কামরাজরপিনীং মূলাদিবুল্মরজান্তিং বুল্মরজাদিমূলান্তং ধ্যায়েং। তথা সারংসময়ে বেতবর্ণাং শক্তিবী জম্মলাং মূণালতন্ত্বনিভাং কুলাকুলবোগেনানুসন্দধ্যাং। অর্করাত্রে পরাপরকুপ্রনিনীরপাং প্রারাগবর্ণাং মূলাদিহাদরপর্যন্তং বাগ্ভববীজরাপিনীং হদরাদ্জ্রমধ্যপর্যন্তং কামবীজরাপাং জ্রমধ্যাদ্বুল্মরজান্তং শক্তিবীজরাপাং ধ্যায়েং।—ত্রং প্রা তো, কাও ৩, পরিঃ ৪, ব সং, পৃঃ ১৮৮

আছিরাত্রে ধ্যান করতে হবে তিনি পরাপরকুওলিনীরূপা পদারাগবর্ণা মূলাধার থেকে ব্রুময় অর্থাৎ অনাহত পর্যস্ত বাগ্ভবক্টরূপে এবং হৃদয় থেকে জ্রমধ্য অর্থাৎ আজ্ঞাচক্র পর্যস্ত কামরাজকুটরূপে আর জ্রমধ্য থেকে ব্রহ্মরন্ত্রাস্ত পর্যস্ত শক্তিক্টরূপে বিরাজমানা।

বোগীদের তর্পণ — যোগীদের তর্পণ সম্বন্ধে বলা হয়েছে চন্দ্রস্থায়িরূপিণী কুগুলিনীকে সাধক মৃলাধার থেকে উত্থিত করে তাঁকে পরশিবের সঙ্গে মিলিত করবেন এবং তার ফলে বে-অমৃতের উদ্ভব হবে সেই অমৃতের ছারা স্বীয় ইষ্ট্রদেবতার তর্পণ করবেন।

কৌলসাধকের সন্ধ্যা— তত্ত্বে কৌলসাধকের সন্ধ্যার পৃথক্ বিবরণ দেওয়া হয়েছে।
ভূতগুদ্ধিতত্ত্বে বলা হয়েছে বে-কালে শিবশক্তির সমাধোগ অর্থাৎ মিলন হয় সেইকালই
কৌলসাধকদের সন্ধ্যা। কেবল সমাধি-অবস্থায় তাঁদের এ সন্ধ্যার প্রত্যয় হয়। অর্থাৎ
কৌলসাধক সমাধি-অবস্থায়ই এমনি সন্ধ্যা করতে পারেন।

এর পর কৌলসাধকও তর্পণ করবেন। তিনি শ্রেষ্ঠ ষোগী। ঘোগীদের তর্পণের যে-বিবরণ দেওয়া হয়েছে কৌলসাধকের পক্ষে দেই একই তর্পণ বিহিত।

সন্ধ্যাদির তাৎপর্য— এই সন্ধ্যাতর্পণাদির তাৎপর্য কি? আমরা লক্ষ্য করেছি তান্ত্রিক সাধনার চরম লক্ষ্য ব্রক্ষোপলন্ধি। সন্ধ্যাদি সেই চরম লক্ষ্যে পৌছাবার অক্ততম সোপানস্বন্ধপ। সন্ধ্যাদির মধ্য দিয়ে প্রতিদিন নির্দিষ্ট সময়ে নিষ্ঠাসহকারে মনকে দেবভাবে ভাবিত করার ফলে ক্রমে মন সেইভাবে অভ্যন্ত হয় এবং তাতে সাধকের আধ্যাত্মিক সাধনার পথ স্থগম হয়। বিষয়স্রোত থেকে মনকে মৃক্ত করে ক্রমশঃ আধ্যাত্মিক স্রোতাপর করা সন্ধ্যাদির অক্ততম তাৎপর্য।

ভূত শুদ্ধি— আমরা আত্মশুদ্ধির বিষয় আলোচনা করছিলাম। আত্মশুদ্ধির জক্ত স্নানের মতো ভূতশুদ্ধিও আবশ্রক।

মানবদেহ ক্ষিত্যাদিপঞ্জ্তগঠিত। এই পঞ্জুতের শোধনকেই বলা হয় ভূতশুদ্ধি। বিশুদ্ধেশবতদ্বে বলা হয়েছে শরীরাকারে পরিণত পঞ্জুতের যে-শোধন তার দ্বারা পঞ্জুত অব্যয় ব্রন্ধের সঙ্গে সংযুক্ত হয়। এই শোধনকেই বলে ভূতশুদ্ধি।

তর্পনন্ত মূলাধারাৎ সোমস্থাগিরাপিণীং কুগুলিনীং সম্থাপ্য পরবিন্দুং নিচ্ছিত্ব তত্ত্বভ্বায়তেন স্বেইদেবডাং তর্পয়েৎ।—প্রা তো, কাও ৩, পরিঃ ৪, ব সং, পৃঃ ১৮৯

শিবশক্তিসমাবোগো বিমিন্ কালে প্রজায়তে।
 সা সন্ধ্যা কুলসাধূনাং সমাধিছৈঃ প্রতীয়তে।

— ভূতভদ্বিতয়বচন য়ঃ ঐ

৩ জঃ বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ৬৪০

৪ শরীরাকারভূতানাং ভূতানাং বল বিশোধনম্। অব্যরবুক্ষসংযোগাভূতশুদিরিরং মতা।

<sup>—</sup> বিশুদ্ধেশরতন্ত্রবচন, জঃ ঐ, পৃঃ ৮৭

বিশুদ্ধেশরতদ্রের উক্ত বচনের সহজ তাৎপর্য পঞ্চতকে জড় পদার্থ মনে না করে ব্রহ্মবস্থ মনে করা। কেন না 'এই সমস্তই ব্রহ্ম' এই শ্রুতি অন্তুসারে পঞ্চত্তও ব্রহ্ম। কাজেই পঞ্চতকে ব্রহ্মের সঙ্গে যুক্ত করার অর্থ স্বর্মপতঃ ব্রহ্ম বলে জানা।

ভূতশুদ্ধি-অনুষ্ঠান—ভূতশুদ্ধি প্রধানত: মানস ব্যাপার। ভূতশুদ্ধি-অষ্ঠানের শাস্ত্রবিহিত বিভিন্ন প্রকারভেদ লক্ষ্য করা যায়। বহৎতদ্রসারে আছে —ক্ তাঞ্চলিপুট সাধক বাঁ ধারে গুরু পরমগুরু ও পরাপরগুরুর ভাবনা করবেন, জান ধারে গণেশের ভাবনা করবেন আর মস্তকে স্বীয় ইউদেবতার ভাবনা করবেন। তার পর 'ফট' এই অস্ত্রমঞ্জের হারা করশোধন করবেন, ক্রমোচ্চ তালত্রয়ধ্বনি করে অর্থাৎ হাততালি দিয়ে ছোটিকার হারা অর্থাৎ তুড়ি দিয়ে দশদিক্ বন্ধন করবেন, রং মন্ত্রে অভিমন্ত্রিত জলধারা দিয়ে স্থদেহ বেষ্টন করবেন এবং সেই বেষ্টনীকে বহুপ্রাকার চিন্তা করে ভূতশুদ্ধি করবেন।

ভৃতশুদ্ধির ক্রম এই—সাধক স্বীয় অঙ্কে হাতত্থানি উত্তানভাবে অর্থাৎ চিৎ করে রেখে সোহংং মন্ত্রে হাদয়স্থ প্রদীপকলিকাকার অর্থাৎ প্রদীপশিখার আকৃতিবিশিষ্ট জীবাদ্মাকে মূলাধারস্থিত। কুলকুগুলিনীর সঙ্গে যুক্ত করে মূলাধার-স্বাধিষ্ঠান-মণিপূর-অনাহত-বিশুদ্ধ-আক্রা-ক্রমে ষট্চক্র ভেদ করে শিরোদেশে অবস্থিত অধোন্থ সহস্রদলপদ্মের কর্ণিকান্তর্গত পরমান্থার সঙ্গে যুক্ত করবেন এবং পৃথিবী জল তেজ বায়ু আকাশ এই পঞ্চভূত, গদ্ধ রস রূপ স্পর্শ শন্ধ এই পঞ্চ তন্মাত্র, নাসিকা জিহবা চক্ষ্ ত্বক্ কর্ণ এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, বাক্ পাণি পাদ পায়ু উপস্থ এই পঞ্চ কর্মেন্তিয় এবং মন বৃদ্ধি অহংকার ও প্রকৃতি মোট এই চতুর্বিংশতি তত্ত্ব সেথানে অর্থাৎ শক্তিলীনপরমশিবের মধ্যে বিলীন হয়েছে এই চিন্তা করবেন। তার পর যং এই ধূত্রবর্ণ বায়্বীজ বামনামাপুটে চিন্তা করবেন, বোলবার এই বীজজপের সহিত বামনাসিকায় শাস টেনে পূরক করবেন, তার পর উভয় নাসাপুট রুদ্ধ করে উক্ত বীজ চৌষ্টিবার জ্বপ করে কুন্তক করবেন এবং বামকুক্ষিস্থ কুষ্ণবর্ণ পাপপুক্ষের সঙ্গে দেহশোষণ করে এ বীজ বিত্রিশার জপের সঙ্গে দক্ষিণনাসিকায় বায়ু রেচন করবেন। তার পর আবার রং এই রক্তবর্ণ বিহ্নবীজ চিন্তা করে বোলবার সেই বীজজপের সহিত দক্ষিণনাসিকায় পূরক করবেন, উভয়

১ मर्दर दश्छम् बुक्त। -- मा छेश २

২ জঃ প্রা তো, কাণ্ড ৩, পরিঃ ৫, পৃঃ ২০২; পু চ, ৩ঃ ৬, পৃঃ ১৬৪-১৬৮; তা ভ হং, তঃ ৫, পৃঃ ১৫৩-১৫৭; বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ৮৫-৮৭

ত কৃতাঞ্জলিপুটো ভূষা বামে গুৰুত্ৰয়ং যজেং। গুৰুঞ্চ প্ৰমাদিক প্ৰাপ্ৰগুৰুং তথা।
দক্ষপাৰ্থে দলোক মূৰ্দ্ধি দেবং বিভাৰৱেং। ততঃ কড়িতি মত্ৰেণ গৰুপুস্পাভাগং করে। সংশোধ্য
উৰ্দ্ধেৰ্দি তালত্ৰয়ং দন্ধা ছোটিকাভিৰ্দশদিগ্ৰন্ধনং কৃষা ব্ৰমিতি জলধাব্ৰয়া বহ্নিপ্ৰাকাৰং
বিচিন্তা ভূতগুদ্ধিং কুৰ্যাং।—গোতমীয়তন্ত্ৰবচন, ত্ৰঃ বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ৮৫

নাসাপ্ট রুদ্ধ করে চৌষট্টবার উক্ত বীজজপের সঙ্গে কুম্বক করে বামকৃক্ষিস্থ কুম্বর্বণ পাপ-পুরুষের সহিত দেহকে মূলাধারস্থিত অগ্নির ধারা দগ্ধ করবেন এবং বত্রিশবার পূর্বোক্ত বীজ জপ করে বামনাসিকায় পাপপুরুষের ভস্মের সহিত বায়ু রেচন করবেন।

এর পর আবার বামনাসিকায় ঠং এই শুক্লবর্ণ চন্দ্রবীজ ধ্যান করে বোলবার এই বীজজপের সহিত পূরক করে লগাটে চন্দ্র আনয়ন করবেন, উভয় নাসিকা ক্লব্ধ করে চৌষট্টবার বং এই বক্ল-বীজজপের সহিত কুম্ভক করে ললাটস্থ চন্দ্র থেকে মাতৃকাবর্ণাত্মক যে-অমৃত ক্ষরিত হবে তা দিয়ে সমস্ত দেহ নৃতন করে রচনা করবেন এবং শেষে লং এই পৃথিবীবীজ বিত্রশবার জপের দারা দেহকে স্থাঢ় চিস্তা করে দক্ষিণনাসিকায় বায়ু রেচন করবেন।

ভব্বলয়ের ক্রম—পৃথিব্যাদি ষে-তর্বলয়ের কথা বলা হল মহানির্বাণতন্ত্র তার একটি ক্রম নির্দেশ করা হয়েছে। যথা শাধক ম্লাধারচক্রে মন নির্দিষ্ট করে হং মন্ত্রে কুণ্ডলিনীকে জাগ্রত করবেন। তার পর তাঁকে হংসমন্ত্রের দ্বারা পৃথীতন্ত্রসহ স্বাধিষ্ঠানচক্রে নিয়ে যাবেন এবং পৃথীতন্ত্রকে অপ্-তত্ত্বের সঙ্গে যুক্ত করবেন। তার পরে গদ্ধ ও দ্রাণেন্দ্রিয়সহ পৃথীতন্ত্রকে

<sup>&</sup>gt; স্বাক্ষে উন্তানো করো কৃতা সোহহমিতি হাদরস্থা জীবান্থানাং দীপ্রকালকারং মূলাধারস্থিতকুলকুওলিন্তা সহ স্বৃত্বাব্জনা মূলাধার-স্বাধিষ্ঠান-মণিপুরকালাহত-বিশুদ্ধাজ্ঞাথ্যইচ্ট্রলাণি ভিতা শিরোহবিস্থিতাবোম্থ-সহস্রদলক্ষলকর্শিকান্তগ্রহ্বাত্মান্থনি সংবোজ্য তত্রৈব পুথিবাপ্তেজাবার বাকাশ-গন্ধ-রস-রপ-শর্প-শন্ধনাসিকা-জিহ্বা-চক্ষ্ত্বক্-শ্রোত্র-বাক্-পাণি-পাদ-পায়্গন্থ-প্রকৃতিমনোৰ দ্বাহাংকাররপ-চত্বিংশতি-ভন্ধানি বিলীনানি বিভাব্য যমিতি বার্বীজং ধ্রবর্ণং বামনাসাপ্টে বিচিন্তা তন্ত বোড়শবারজপেন বার্না দেহমাপুর্যা নাসাপুটো ধূলা তন্ত চতুঃবর্তিবারজপেন কৃষ্তকং কৃতা বামকৃত্নিস্থ-কৃষ্ণবর্ণ-পাপপুরুষেণ সহ দেহং সংশোগ্র তন্ত বার্জিশনাসার্জপেন বার্না দেহমাপুর্যা নাসাপুটো ধূলা তন্ত বোড়শবারজপেন বার্না দেহমাপুর্যা নাসাপুটো ধূলা তন্ত চতুঃবর্তিবারজপেন কৃষ্ণকং কৃতা বামকৃত্বিস্থাত তন্ত বোড়শবারজপেন কৃষ্ণকং কৃতা বামকৃত্বিস্থাত তন্ত বোড়শবারজপেন বার্না দেহমাপুর্যা নাসাপুটো ধূলা তন্ত চতুঃবর্তিবারজপেন কৃষ্ণকং কৃতা বামকৃত্বিস্থান্ত ক্ষাব্রাক্ষর্য বামকৃত্বিস্থাত ক্ষাত্রিয়ালসেন কৃষ্ণকং ব্যামানাসা ভন্মনা সহ বার্ং রেচরেং। —বৃহ ত সা. ১০ম সং, পৃঃ ৮৫

২ ঠমিতি চক্রবাজং শুরুবর্ণ বামনাসিকায়াং থাছো তক্ত বোড়শবারজ্ঞপেন ললাটে চক্রং নীছা নাসাপুটো খুছা বমিতি বরুপরীজক্ত চতুঃরঞ্জিবারজ্ঞপেন তন্মাললাটচক্রাদ্গলিতস্থারা মাতৃকাব পাল্পিকয়া সমন্তদেহং
বিরচ্গ্য লমিতি পৃথীবীজক্ত ছাত্রিংশদ্বারজ্ঞপেন দেহং স্থান্দ্য বিচিন্তা দক্ষিণেন বায়ুং রেচয়েং। —ই, পৃঃ ৮৬

মনো নিবেশ্য মৃলে চ হকারেশৈব কুগুলীম। উথাপ্য হংসমন্ত্রেণ পৃথিবা সহিতাং তু তাম।
 यাধিষ্ঠানং সমানীয় তত্ত্বং তত্ত্বে নিবোজরেং।
 রসাদিজিহ্বয়া সার্কিং জলমগ্রো বিলাপরেং।
 রপাদিচকুবা সার্কিমিয়ং বায়ো বিলাপ্য ।
 ন্রপাদিজ্বয়ুতং বায়ুমাকাশে প্রবিলাপরেং।
 মহতত্ত্বক প্রকৃতো তাং বুল্লি বিলাপয়েং।
 সহা ত ৩।৯৩-৯৭

অশ্-তাৰে লর করবেন, রসাদিজিহ্বার সহিত অপ্-তন্তকে অগ্নিতন্তে অর্থাৎ তেজোতাৰে লয় করবেন, রূপাদিচকুর সহিত অগ্নিতন্তকে বায়্তন্তে অর্থাৎ মহদ্তন্তে লয় করবেন, স্পাদিক্ত্-সহ বায়্তন্তকে আকাশতন্তে অর্থাৎ ব্যোমতন্তে লয় করবেন, শব্দসহ আকাশতন্তকে অহ্বার-তন্তে লয় করবেন, অহংকারতন্তকে মহন্তন্ত, মহন্তন্তক প্রকৃতিতন্তে এবং প্রকৃতিতন্তকে ব্যক্ষে লয় করবেন।

পাসপুরুষ—উদ্ধিতি পাপপুরুষ সহকে মেকতন্তে বলা হয়েছে — বীয় দেহের বামকুন্দিতে সাধক পাপপুরুষের চিন্তা করবেন। পাপপুরুষের বর্ণ কান্ধলের মতো, ত্রন্ধহত্যা
তার মন্তক, অর্থন্তেয় তার তুই ভূল, স্বরাপান তার হৃদয়, শুরুপত্নীগমন তার তুই কটি, পাপসংসর্গ তার তুটি পা আর সব পাপ তার অকপ্রতাঙ্গ। সব উপপাতক তার লোম; সে রক্তশাশ্রশ
এবং রক্তচকু। চিন্তা করতে হবে এই পাপপুরুষ খড়গচর্মধারী অক্টপরিমাণ ক্রুর অধাম্ধ
মহাভয়ংকর এবং রক।

পাপপ্রবৃত্তি স্ক্র আকারে মাহুষের অন্তরে লুকিয়ে থাকে। সেইজন্ত তপ্তে পাপপুরুষের লিঙ্গদেহ বা স্ক্রদেহের কল্পনা করা হয়েছে। ভূতশুদ্ধির ঘারা এই লিঙ্গদেহপাপপুরুষ বা পাপদেহ দগ্ধ হয় অর্থাৎ স্ক্র পাপপ্রবৃত্তি বিনষ্ট হয়। সাধকদেহ তাতে নষ্ট হয় না।

এ গেল ভৃতিশুদ্ধির একদিক্। তার অন্ত দিক্ শুদ্ধ নবীনদেহরচনা। এটিই মুখ্য কাছা। এই দেহও স্কাদেহ, এটি সাধনদেহ।

সাধনদেক তম্মতে এই দেহের কিভাবে উদ্ভব হয় তা পূর্বেই লক্ষ্য করা গেছে। এই নবীন দেহের রচনা এবং দৃঢ়ীকরণের পর সাধক আবার হংসমত্ত্বে জীবাত্মা ও তত্ত্বসমূহকে

২ মহানির্বাণভত্ত্বে ল্পন্ট করে বলা হয়নি বটে তবে স্বাধিষ্ঠানচক্র থেকে কুগুলিনীকে জলতত্ত্বসহ মণিপুরচক্রে
নিয়ে গিয়ে সেথানে জলতত্ত্বকে অয়িতত্ত্বে লয় কয়তে হয়। তেমনিভাবে কুগুলিনীকে অয়িতত্বসহ অনাহতচক্রে
নিয়ে গিয়ে তত্ত্বস্থ বায়ুতত্ত্বে অয়িতত্ত্বকে লয় কয়তে হয় এবং বায়ুতত্ত্ব ও জীবায়াসহ কুগুলিনীকে বিশুদ্ধাখাচক্রে নিয়ে
কিয়ে আকাশতত্ত্বে বায়ুতত্ত্বকে লয় কয়তে হয়।—য়: খামায়হস্ত, পয়ি: ১

শ্রামারহন্তে আকাশতত্ত্ব থেকে তত্ত্বলরের বে-বিবরণ দেওয়া হয়েছে তা মহানির্বাণতত্ত্বের বিবরণ থেকে ভিন্ন।

শরীরে বামকুক্ষো তু চিন্তরেৎ পাপপুরুষন্। বামকৃক্ষিত্বিতং পাপপুরুষং কজ্জলপ্রভন্।
 ৰ ক্ষহত্যাশিরক্ষং চ স্বর্ণস্থেরভুক্ষমন্। হ্বরাপানজ্ঞা মৃত্যং গুরুতরকটিয়য়ন্।
 তৎসংসর্গপদ্দুক্ষপ্রভালপাতকন্। উপপাতকরোমাণং রক্তপ্রশানিকান্।
 প্রসাদ্ধুর্গরিমাণকন্। অধামুখ্য মহাভীমং রক্ত্য পাপং বিচিন্তরেং।

<sup>—</sup>মেরতন্তরবচন, ত্রঃ পু চ, তঃ ৩, পুঃ ১৯৬

विकल्लाका मरक्नानि उन्न लिरका न मरनवः। शांशलकर स्वतं प्रकार परवक् तेन नामातः।

<sup>—</sup>গুণ্ডসাধনতন্ত্ৰ, গঃ ৬

পূর্বে প্রতিলোমক্রমে ষেভাবে লয় করেছিলেন ঠিক সেইভাবে অন্থলোমক্রমে স্বস্থানে স্থাপন করবেন।

মহানির্বাণতত্ত্বে বলা হয়েছে — বং-মন্ত্রের দ্বারা দগ্ধ শরীরকে বং-মন্ত্রের দ্বারা আপাদমন্তক অমৃতবারিপ্লাবিত করে সাধক নবীন দেবতাময়দেহের উত্তবচিন্তা করবেন। তার পর মৃলাধারে শীতবর্ণ লং এই বীজমন্ত্রের চিন্তা করে সেই বীজের দ্বারা এবং দিব্যাবলোকন অর্থাৎ পলকহীন স্থিরদৃষ্টির দ্বারা আপনার এই নবীন দেহকে দৃঢ় করবেন। তার পরে হৃদয়ে হন্তস্থাপন করে 'আঁ। ব্লী' ক্রো হংস সোহহুম্' এই মন্ত্রে সেই নবীন দেহে দেবীর প্রাণপ্রতিষ্ঠা করবেন।

জ্ঞানার্ণবতন্ত্রাদিতে একটু অন্তরকমভাবে প্রাণপ্রতিষ্ঠার ব্যবস্থা দেওয়া হয়েছে।

মহানির্বাণতন্ত্রমতে এই প্রকারে ভূতশুদ্ধি করে সাধক দেবীভাবপরায়ণ হবেন অর্থাৎ 'আমি দেবীস্বরূপ' এমনি চিস্তাপরায়ণ হবেন। তার পর মন সমাহিত করে মাভৃকাগ্রাস করবেন।

আধবশু জি—এই প্রদক্ষে ষড়ধ্বশোধনের উল্লেখ করা যায়। শরীর ষড়ধ্বময়।
অধবশোধনের স্বারা শরীরশুদ্ধি হয়। বর্ণ পদ মন্ত্র কলা তত্ত্ব এবং ভূবন এই ষড়ধ্বা।
বড়ম্বয়মহারত্বে বলা হয়েছে শ—বর্ণাদির এবং কলাসমূহের বিন্দুর সঙ্গে ঐক্যচিন্তা স্বারা শোধন

১ বস্থানে হংসমন্ত্রেণ পুনস্তেনৈর ব'ন্ধনা। জীবং তত্তানি চানীয় বস্থানে স্থাপয়েন্ডতঃ।—গৌ ড, অ: ১

ললাটে বারণং ৰীলং শুক্লবর্ণং বিচিন্তা চ। ছাত্রিংশতা রেচকেন প্লাবরেদমূতান্তনা।
আপাদশীর্ষপর্যন্তমাপ্লারা তদনন্তরম্। উৎপরং ভাবরেদ্দেহং নবীনং দেবতাময়য়।
পৃথীবীলং শীতবর্ণং মূলাধারে বিচিন্তয়ন্। তেন দিব্যাবলোকেন দৃঢ়ীকুর্যায়িল্লাং তন্ম।
য়দয়ে হন্তমাদার আঁ। ব্লী ক্রেণা হংস উচ্চয়ন্। সোহহং-মজেশ তদ্দেহে দেব্যাঃ প্রাণান্ নিশাপরেং।

ও এই প্রাণপ্রতিষ্ঠা আর দেবপ্রতিমার প্রাণপ্রতিষ্ঠা এক নর। এই প্রাণপ্রতিষ্ঠার তাৎপর্ব—"সর্বত্র প্রাণশক্তির সীলাদর্শন করে প্রাণণজ্জির অনুভূতিতে প্রতিষ্ঠিত হওরা। প্রাণ পরবন্ধ। প্রাণ ভগবানের সেই শক্তি বার

দারা অথবা বার মধ্যে জীবজ্ঞগৎ স্টাই, পরিণত অথবা বিবর্তিত হয়। জীব আর জ্ঞাগৎ এই মহাপ্রাণের ঘনীভূত

মৃতি। সাধকের দেহের পরিণতি, মনের বৃত্তি সবই ঐ প্রাণের থেলা। এই অনুভূতিতে প্রতিষ্ঠিত হওরা প্রাণপ্রতিষ্ঠার তাৎপর্ব।"—পৃ ডঃ পৃঃ ৭৫ ৪ জঃ পু চ, তঃ ৩, পৃঃ ১৬৮

ভূতগুদ্ধিং বিধায়েথং দেবীভাবপরায়ণ:। সমাহিতমনা: কুর্বাৎ মাতৃকাছাসমিন্বকে।—মহা ত ।১০৬

৬ পুরক্ষাণ্বে নবীনদেহরচনাদির কিঞ্চিৎ ভিন্ন ব্যবস্থা লক্ষ্য করা যায়।—ক্রঃ পু চ, তঃ ৫, পুঃ ৩২৭

অনেন অধ্ববিশোধনেন শরীরশুদ্ধিঃ কৃতা ভবতি। যতঃ বড়ধ্বময়মেব শরীরম্।
 —শা তি ৫।৯৫-এর রাঘবভট্টকৃত টীকা

৮ শোধনং নাম তত্ত্বানাং কারণৈকছচিভানন্। বর্ণাদীনাং কলানাঞ্চ তত্তাং বিলৈক্যচিভানন্।
—বড়ব্যমহারত্বতন, ত্রঃ শা তি ও।৭৭-এর স্নাঘরভট্টকৃত টীকা

হয় আর তত্ত্বসমূহের এককারণছচিস্তা হারা শোধন হয়। এর বিহিত অফুষ্ঠান আছে।

স্থাস-

স্থানের ব্যাখ্যা—ভান্কররায় ন্যাসশব্দের অর্থ করেছেন সেই সেই দেবতার সেই সেই অবয়বে অবস্থাপন। অবস্থাপন অর্থ অবস্থিতিভাবনা। কাজেই ন্যাস অর্থ সাধকের বিভিন্ন অঙ্কে তাঁর ইষ্টদেবতার সেই সেই অঙ্কের অবস্থিতিভাবনা।

অস্থাতু থেকে ভাসশন্ধ নিশায়। অস্থাতুর অর্থ ক্ষেপন্ এবং স্থাপন্। কাজেই ভাসশন্ধের বৃৎপত্তিগত অর্থ নিক্ষেপ এবং স্থাপন। দেহসম্পর্কে কতৃত্বাভিমান বা মমত্বৃদ্ধি দূরে নিক্ষেপ করে সেই স্থলে দেবত্বভাবনা বা ভগবদ্বৃদ্ধি স্থাপন করাই ভাসের তাৎপর্য। ৪

প্রসঙ্গক্রমে বলা যায় স্থাসের স্থচনা হয়েছে অথর্ববেদে। আথর্বান ঋষিরা মনে করতেন জীবের বিভিন্ন ইন্দ্রিয়াদির বিভিন্ন অধিষ্ঠাত্রী দেবতা আছেন। চক্ষুর অধিষ্ঠাত্রী দেবতা স্থ্র, কর্নের অন্তরীক্ষ, দেহের পৃথিবী, বাগিন্দ্রিয়ের সরস্বতী, প্রাণ এবং অপাণের অধিষ্ঠাত্রী দেবতা বায়ু এবং মনের ব্রন্ধ। ধ

উদ্দেশ্য—পূর্বেই লক্ষ্য করা গেছে তন্ত্রের বিধান দেবতা হয়ে দেবতার যজনা করতে হবে। স্থাস দেবতা হবার অস্থতম সাধন। স্থাসের অপর উদ্দেশ্য বিদ্নের কবল থেকে আত্মরক্ষা করা। কুলার্থবিতক্ষে আছে যে-ব্যক্তি আগমোক্ত বিধান অন্থ্যারে নিত্য স্থাস করেন তিনি দেবভাবাপন্ন হন এবং মঞ্জসিদ্ধিলাভ করেন। স্থাসরূপ কবচের দ্বারা আবৃত

তল্লায় শোধনপ্রকারঃ। পাদে কলাধনানং স্থাবা পদগুহুহন্বস্ত্রশারহ স্বনীজাদিকাঃ কলা বিজ্ঞ পশ্চাৎ কলাধাবিশোধনম্। এবং তবাধবানম্ অন্ধো(ভ্রো?) স্থাবিলোমের্ পূর্বস্থানের তান্ বিজ্ঞ পশ্চাৎ তত্তাধবশোধনম্। এবং ত্বনাধবানং নাভৌ স্থা অনস্তরস্থানের স্বনীজালান্ বিজ্ঞ পশ্চাৎ তচ্ছোধনম্। এবং ছাদি বর্ণাধবানং সংস্থৃত্য প্রকান্ বর্ণান্ তদ্ধেহে বিজ্ঞ পশ্চাদ্ বর্ণাধবশোধনম্। এবং ভালে পদাধবানং সংস্থৃত্য সবিস্কৃবর্ণান্ বিজ্ঞ তচ্ছোধনম্। এবং মুর্জনি মন্ত্রাধবানং সংস্থৃত্য সপ্ত মন্ত্রান্ তত্তংস্থানের ব্যাপ্য পশ্চাভদধবশোধনমিতি। —শাতি ১০২০এর রাঘবভট্টকত টাকা

২ জ্ঞাসো নাম তত্তদ্দেবতানাং তত্তদবয়বেষবস্থাপনম্। অবস্থিতত্বেন ভাবনেতি বাবং।

<sup>-</sup> न म >18- এর সৌ ভা, भुः e

ভ অফ্জেপণে।—দ্রঃ মাধবীয়া ধাতুবৃত্তি, দিবাদি ১০১। (বি+অতি – অস্ = বৈপরীতোন স্থাপনে।—দ্রঃ
বাচন্দতাভিধান)। ৪ পুত, পুঃ ৬৯-৭১

বৃহতা মন উপ হলয়ে মাতরিখনা প্রাণাপানে। স্থাচচকুরস্তরিক্ষাচ্ছোত্রং পৃথিবাাঃ শরীরম্।
 সরস্বত্যা বাচমুপ হলয়মহে মনোযুক্তা ।—অ বে ৫।১০।৮

স্থাসান্তদাত্মকো ভূষা দেবো ভূষা ভূ তং যজেং ৷

 ন্য ত ১৷২

হয়ে যিনি মন্ত্রজপ করেন সিংহকে দেখে হাতীরা বেমন পলায়ন করে তেমনি তাঁকে দেখে সব বিল্প পলায়ন করে।

সেইজন্ম তন্ত্রের অভিমত ন্থাস না করলে পূজাদিতে অধিকারই হয় না।<sup>২</sup>

বিবিধ স্থাস—শাস্ত্রে বিবিধ স্থাসের বিধান আছে। যথা মাতৃকান্থাস বোড়ান্থাস তারকান্থাস ঋষ্যাদিন্থাস বড়ঙ্গন্থাস করাঙ্গন্থাস বিদ্যান্থাস তত্ত্বন্থাস ইত্যাদি। ন্থাস বেমন বহু তেমনি ন্থাসের ফলও বহু। ও

তন্ত্রের নির্দেশ স্থ্র্ভাবে ন্যাস করার পদ্ধতি গুরুম্থে জানতে হবে এবং তাঁর কাছে হাতেকলমে প্রয়োগ শিথতে হবে। ৪ এই-সব ক্রিয়া বই পড়ে করা যায় না।

মাতৃকাস্তাস—ফেৎকারিণীতন্ত্র বলা হয়েছে লিপিন্তাস অর্থাৎ মাতৃকান্তাস ব্যতীত সব মন্ত্র মৃকত্পপ্রাপ্ত হয়। সেইজন্ত সব মন্ত্রেই সিদ্ধির জন্ত লিপিন্তাস করতে হবে।

তান্ত্রিক মন্ত্রের ঋষি ছন্দ দেবতা বীজ শক্তি ও কীলক এই কটি অঙ্গের ত্থাস করতে হয়। বলা হয়েছে—মস্তকে ঋষিত্যাস মুখপদ্মে ছন্দোত্যাস গুহুপ্রদেশে বীজ্ঞাস পদ্ধয়ে শক্তিত্যাস এবং সর্বাঙ্গে কীলকত্যাস করতে হবে।

মাতৃকাও মন্ত্র। একে বলা হয় শ্রীমাতৃকাদরস্বতীমন্ত্র। মন্ত্র বলেই তার ঋষাদি থবং তাদের স্থাদক্রমশ শাল্পে নির্দিষ্ট হয়েছে।

২ অকৃতে স্থাসজালে হি অধিকারো ন বিছতে।—তা ত ২।৩

৩ স্থাসানাং প্রচুরত্বেন ফলানামপি ভূরিতা।—অগ্নিপুরাণবচন, ত্রঃ শা ত, উঃ ৭

৪ পরিপাটী গুরোর্জেয়া স্থাসানাং রচনং প্রিয়ে।—তা ত ২।১৬

মন্ত্রা মৃকত্বমায়ান্তি বিভাবেন বিনা লিপেঃ। সর্বমন্ত্রপ্রসিদ্ধার্থং তত্মাদারে লিপিং ভ্রমেং।
 —কেংকারিণীতন্ত্রবচন, ফ্রঃ তা ভ ন্ন, তঃ ৩, পুঃ ১৫৯

৬ ঝবিল্যাসো মূর্দ্ধি দেশে ছন্দন্ত মুথপকজে। দেবতা হৃদরে চৈব বীজং শুহাপ্রদেশকে।
শক্তিং চ পাদরোশ্চিব সর্বাক্তে কীলকং শুদেং।—দ্রঃ তা ভ মূ, তঃ ৫, পৃঃ ১৬৯

৭ অস্ত শ্ৰীমাতৃকাসরথরথতীমন্ত্রত বুদ্ধা ধবিগারত্রী ছলো মাতৃকাসরথতী দেবতা হলো বীজানি বরাঃ শস্তুরো ব্যক্তরঃ কীলকানি শরীরগুদ্ধিপুরঃসরমভীষ্টসিদ্ধার্থে লিপিয়াদে বিনিয়োগঃ।—পু চ, তঃ ৫, পুঃ ৩২৭

৮ যথা—শিরসি ও বুজাণে থবরে নমঃ, মূথে ও গায়ত্রীছন্দাসে নমঃ, হাদি ও মাতৃকাসরস্বতৈয় দেবতারৈ নমঃ, গুছে ও হলেভাো (বাঞ্জনেভাো) বীজেভাো নমঃ। পাদরো বরেভাঃ শক্তিভাো নমঃ, সর্বাজেষু ও ব্যক্তিভাঃ কীলকেভাো নমঃ।—বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ৮৮; পু চ, তঃ ৫, পৃঃ ৩২৭

কর্ম্যাল — শ্বাদিসাদের পর মাতৃকার কর্মাদ ও অঙ্গাদ বিধি। ই অনুষ্ঠা তর্জনী মধ্যমা অনামিকা কনিষ্ঠা ও কর্তনপৃষ্ঠ এই ক্রমে মাতৃকার কর্মাদ বিহিত। ই

সব মন্ত্রের কর্ত্যাস একরকম নয়। যেমন শ্রীবিভার কর্ত্যাস মধ্যমা থেকে আরম্ভ করতে হয় আর প্রচণ্ডচণ্ডিকা-ধিভার করতে হয় কনিষ্ঠা থেকে।

আবার করন্যাদের স্থাননির্দেশ অক্তভাবেও করা হরেছে। দক্ষিণাকুষ্ঠ থেকে বামাকুষ্ঠ পর্যস্ত করন্যাদের কথা বলা হয়েছে ফেৎকারিণীতন্ত্রে। উক্ত তন্ত্রমতে করন্যাদের স্থাষ্ট সংহার এবং স্থিতি এই ত্রিবিধ ভেদও আছে। দেবতাভেদে করন্যাদ ও অক্ষ্যাদের মই ভিন্ন হয়। ত্

**অক্স্তাস**—মাতৃকার অঙ্গতাস করতে হয় হাদয় শির শিথা কবচ নেত্র ও অস্ত্রে। গ এরই নাম বড়ঙ্গ্রাস। যেথানে পঞ্চাঙ্গতাসের বিধান সেথানে নেত্র বাদ দিতে হয়। গ

অক্সান্ত মন্ত্রের অক্সান্ত ঐ একই রকম। ন্যানস্থান একই, মন্ত্র পৃথক্। করাক্সানের পর অন্তর্মাতৃকাতান করতে হয়।

অস্তমাভূকান্তাস—মাতৃকার ঋত্তাদিতাদ করার পর অস্তর্মাতৃকাত্তাদ করা বিধি। • জানার্থবিতয়ে এ দম্পর্কে বিধান দেওয়া হয়েছে—কণ্ঠদেশে বিশুদ্ধাথ্য য়ে-য়োড়শদল পদ্ম আছে তার একেকটি দলে অকারদি ষোড়শ স্থরবর্ণের এক একটি বর্ণ অসুস্থারযুক্ত করে ক্তাদ করতে হবে। হাদয়ে অনাহত নামে ষে ঘাদশদল পদ্ম আছে তার একেকটি দলে ক থেকে ঠ পর্যন্ত বারটি বর্ণ অসুস্থারযুক্ত করে একেকটি করে ত্তাদ করতে হবে। এইভাবে নাভিস্থ মণিপূর নামক দশদল পদ্মের দলে ভ থেকে ফ পর্যন্ত দশটি বর্ণের, লিক্সমূলস্থ স্থাধিষ্ঠান নামক ষড়দল-পদ্মের দলে ব থেকে ল পর্যন্ত ছয়টে বর্ণের এবং মূলাধার নামক চতুর্দল পদ্মের দলে ব থেকে

১ ত্রঃ বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ৮৮

७ उत्तः वे, शृः २७३ । इ. वे, शृः २३३

कः वृह छ भी, > भ भः, गृः ७ ० ४, ७७६ १ कः भो छ ७৪-०७

প্ৰকাশি পদোক্তানি তলা নেত্ৰং পরিত্যক্তেং।—কেংকারিণীতক্ত, পঃ ৩

ক্রং বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ৮৮
 কর বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ৮৮

স পর্বস্ক চারটি বর্ণের প্রত্যেকটি বর্ণকে অফুস্থারমূক্ত করে ফাস করতে হবে। তার পর জনমধ্যে যে আজ্ঞা নামক বিদল পদ্ম আছে তার দলে হ ও ক এই তুই বর্ণ তেমনিভাবে ফাস করতে হবে।

অন্তর্মাতৃকান্তালের প্রয়োগ প্রশ্চর্যার্থরে এইভাবে বর্ণিত হয়েছে — মৃলাধারধ্বনিশ্রবণপ্রবৃদ্ধ কুণ্ডলিনীর বারা সংস্পৃষ্ট সহস্রদলপদ্ম থেকে স্ব্র্মাপথে নির্গত অমৃতময় মাতৃকাবর্ণ
লাধকের দেহ অভিব্যাপ্ত করে অবস্থিত চিন্তা করে লাধক কণ্ঠস্থ বিশুদ্ধাপ্য বোড়শদলপদ্ময় দলে পূর্বদলাদিক্রমে আদিতে ওঁ এবং অন্তে নমঃ দিয়ে অকারাদি বোড়শ বর্ণ মনে মনে ক্রাস
করবেন অর্থাৎ 'ওঁ অং নমঃ, ওঁ আং নমঃ' এইভাবে ক্রাস করবেন।

ष्यग्रम्य वर्ग मश्राक्ष छ এই विधि।

বহি মাতৃকাক্তাস— অন্তর্মাতৃকাতাদের পর বহির্মাতৃকাতাস করতে হয়। সাধক সীয় কল্লোক্ত নিয়মে সৃষ্টি স্থিতি ও সংহার এই তিন ক্রমে বহির্মাতৃকতাস করবেন। ই

এই প্রদক্ষে উল্লেখ করা যায় স্ট্যাদিক্রমে তাদবিধি শুধু মাতৃকা-সম্পর্কেই প্রযোজ্য নয়, অক্ত মন্ত্র-সম্পর্কেও প্রযোজ্য।

পুরশ্বর্ষার্পনে বলা হয়েছে—যতি বানপ্রস্থাশ্রমী প্রভৃতি সাধকেরা প্রথমে স্বষ্টিক্রমে তার পরে স্থিতিক্রমে এবং তার পরে সংহারক্রমে স্থাস করবেন।\*

ব্রহ্মচারীরা প্রথমে স্থিতিক্রমে তার পরে সংহারক্রমে এবং তার পরে স্থ**ষ্টিক্র**মে স্থাস করবেন।

ছাইপআম্বৃদ্ধে কঠে অরান্ বোড়শ বিশুদেং। বাদশন্তদহংপল্পে কাদীন্ বাদশ বিশুদেং।
দশপ্রান্বৃদ্ধে নাভৌ ডকারাদীন্ শুদেদ্দশ। বট্পঅমধ্যে লিক্ছে বকারাদীন্ শুদেদত বট্।
আধারে চতুরো বর্ণান্ শুদেদ্ বাদীন্ চতুদ্বে। হক্ষো ক্রমধ্যেণ পল্পে বিশ্বদেশে প্রিয়ে।

<sup>—</sup>জ্ঞানাৰ্থতন্ত্ৰবচন, ড্ৰঃ বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ৮৮

২ তত্ৰ মূলাধারধ্বনিশ্রবণপ্রৰ জকুণ্ডলিনীসংস্ট্সহস্রদলকমলাৎ হবুন্ণামার্গেণ নির্গতানমূতময়ান্ মাতৃকার্ণান্ নিজ্ঞদেহমভিব্যাপ্য স্থিতান্ ধ্যাতা কণ্ঠস্থবিশুদ্ধাধ্যবোড়শলকমলদলের পূর্বদলাদিক্রমেণ প্রণবাদিনমোহস্তান্ স্বিন্দুন্ অকারাদিবোড়শ্বরান্ মনসা বিশ্তসেং।—পু চ, তঃ ৩, পুঃ ৩৩০

৩ এবমন্তঃ প্ৰবিশ্বস্ত মনসাতো ৰহি ন্যিসেং—অগন্তাসংহিতাবচন, ড্ৰঃ বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ৮৯

৪ মাতৃকাত্রিতরং কুর্যাৎ স্প্রিসংহারকছিতিন্। স্থাসং কুর্যান্মহেশানি কল্লোক্তং চ বিশেষতঃ

<sup>—</sup>বীরচ্ডামণিবচন, ক্রঃ তা ভ হু, তঃ ৫, পৃঃ ১৬২

<sup>ে</sup> স্তঃ বৃহ ত সা, ১০ম সং পুঃ ১৬৯-১৭০, ২৭১-২৭২ ইত্যাদি।

অত্র পূর্বং স্ষ্টিক্রমেণ ততঃ স্থিতিক্রমেণ ততঃ সংহারক্রমেণ জ্ঞাসো বভিবানপ্রস্থাদ্দিভিঃ
 কার্বঃ ।—পু চ, তঃ ৫, পৃঃ ৩৩০

৭ পূর্বং স্থিতিক্রমেণ ততঃ সংহারক্রমেণ ততঃ স্ট্রিক্রমেণ স্থানো বু ক্ষচারিভিঃ কার্যঃ।—এ

এথানে বলা আবশ্রক স্থাসের পূর্বে মাতৃকাদেবীর ধ্যান করতে হয়। স্ট্যাদি প্রত্যেকটি জমের ধ্যান পৃথক্। প

স্থাসন্থান— সাধকদেহে ন্থাসের বিভিন্ন স্থান শান্তে নির্দিষ্ট হয়েছে। স্থানগুলি বথাক্রমে— ললাট মৃথবৃত্ত দক্ষনেত্র বামনেত্র দক্ষকর্ণ বামকর্ণ দক্ষনাসাপুট বামনাসাপুট দক্ষপণ্ড বামগণ্ড ওঠ অধর উধ্বদস্ত অধাদন্ত বক্ষরন্ধ মৃথ দক্ষবাহুমূল দক্ষক্পরি দক্ষমণিবন্ধ দক্ষাক্লিমূল দক্ষাক্লাপ্তা বামবাহুমূল বামকুর্পর বামমণিবন্ধ বামান্ত্লিমূল বামান্ত্লাপ্তা দক্ষপাদামূল দক্ষপাছ্য দক্ষপাদাক্লাপ্তা বামপাদামূল বামাপাদাক্লাপ্তা দক্ষপাশ্ব বামপার্থ পৃষ্ঠ নাভি উদর হৃদয় দক্ষাংশ ককুদ্ বামাংশ হৃদয়াদিদক্ষিণকর হৃদয়াদিবামকর হৃদয়াদিদক্ষিণপাদ হৃদয়াদিবামপাদ হৃদয়াদি-উদর এবং হৃদয়াদিম্খ। ৪

মাতৃকার স্ষ্টিক্রমন্তাস—এর আগে মাতৃকার স্ট্যাদিক্রম-ভাসের উল্লেখ করা হয়েছে। আ থেকে ক্ষ পর্যন্ত বর্গকে বিদর্গযুক্ত করে অথবা বিদর্গযুক্ত না করে ললাট থেকে ব্রুদয়াদিম্থ পর্যন্ত ভাস করাকে বলে স্টিক্রমন্তাস। এর অর্থ আং নমং ললাটে, আং নমং মৃথবৃত্তে এইভাবে এক এক করে পঞ্চাশৎ বর্ণের ত্তাস করে সর্বশেষে ক্ষং নমং হৃদয়াদিম্থে বলে ভাস করতে হবে। অথবা আ নমং ললাটে এইভাবে আরম্ভ কয়ে সর্বশেষে ক্ষং নমং হৃদয়াদিম্থে বলে ভাস সমাপ্ত করতে হবে।

১ গৃহছৈল্প প্রথমং সংহারক্রমেণ ততঃ স্বষ্টিক্রমেণ ততঃ দ্বিতিক্রমেণ স্থাসঃ কার্যঃ ।—পু চ, তঃ ৫, পুঃ ৩৩٠

২ জ: বৃহ ত সা, ১০ম সং, পৃ: ১৭০-১৭১

গ্রিক্তমের সাতৃকাধ্যান—
পঞ্চাললিপিভির্বিভক্তমুথদোম্পারধাবক্ষঃস্থলীং ভাষয়োলিনিবদ্ধচক্রশকলামাপীনতৃদ্ধবনীম্।

মুদ্রামক্ষ্প্রণং স্থাচ্যকলশং বিভাগে চ হস্তাম্ব্ কৈবিজ্ঞাণাং বিশদপ্রভাগ ত্রিনয়নাং বাগ্দেবতামাপ্রয়ে।

—পু চ, ডঃ ৫, পঃ ৩২৮

 <sup>(</sup>ii) স্থিতিক্রমের মাতৃকাধ্যান—
 সিন্দ্রকান্তিমমিতাভরণাং তিনেত্রাং বিভাক্ষত্রমৃগপোতবরান্ দধানাম।
 পার্বে স্থিতাং ভগবতীমপি কাঞ্চনাভাং ধ্যারেৎ করাব ক্রশৃতপুত্তকবর্ণমালাম।—ঐ, পৃঃ ৩২৯

<sup>(</sup>iii) সংহারক্রমের মাতৃকাধ্যান

অক্ষপ্রস্তাং হরিণপোতমূদগ্রটক্ষবিছাং করৈরবিরতং দধতীং ত্রিনেত্রাম্।

অধ্যেন্দ্রালিমরুশামরবিন্দভাদাং বর্ণেষরীং প্রশমত স্তনভারন্ত্রাম্।—এ, পৃঃ ৩৩০

छ: भू ठ, ७: ६, भृः ७२४-७२३

ঐ। এ সম্বন্ধে মতভেদ আছে। এঃ বৃহ ত সা, ১ - ম সং, পৃঃ > •

শাভ্কার ছিভিক্রেম্বাস—ছিভিক্রম্বাদে ও থেকে ক পর্যন্ত বর্ণকে চন্দ্রবিশৃ ও বিসর্গযুক্ত করে যথাক্রমে দক্ষওল্ফ থেকে হৃদয়াদিম্থ পর্যন্ত তাস করে আবার অ কেকে ঠ পর্যন্ত বর্ণকে যথাক্রমে পূর্বৎ ললাট থেকে দক্ষজামু পর্যন্ত তাস করতে হবে।

মাভুকার সংছারক্রমল্যাস— সংহারক্রমল্যাসে ক থেকে অ পর্যন্ত বর্ণকে বিন্দুর্জ করে হালাদিম্থ থেকে আরম্ভ করে বথাক্রমে ললাট পর্যন্ত লাস করতে হয়। এর অর্থ ক্রন্থ ক্রমে হালাদিম্থ এইভাবে হালয়াদিম্থ থেকে ল্যাস আরম্ভ করে স্টেক্রমল্যানের বিপরীত-ক্রমে অন্ত নমং ললাটে বলে শেষ ল্যাস করতে হবে ললাটে।

চকুৰিধ মাতৃকাবৰ্ণস্থাস—দেখা যাচ্ছে শাস্ত্রে চার রক্ষের মাতৃকাবর্ণের স্থাস বিহিত্ত হয়েছে। যথা কেবল, বিন্দুযুক্ত, বিদর্গযুক্ত এবং বিন্দু- ও বিদর্গ-যুক্ত। এই চার রক্ষ মাতৃকাভাসের চার রক্ষ ফলও বিবৃত হয়েছে। কেবল মাতৃকাবর্ণস্থাসে বিন্ধু- ও বিদর্গ-বৃক্তবর্ণসাসে ভোগ, বিদর্গফুবর্ণসাসে বিত্ত পাওরা বায়। ত

এ ছাড়া বিভিন্ন ফললাভের জন্ত মাতৃকাবর্ণের আদিতে বিভিন্ন বীজাদি যোগ করে জাল করারও বিধান দেখা ধায়। বিশুদ্ধেরতদ্ধে বলা হয়েছে বাক্সিদ্ধির জন্ত ঐ, প্রীবৃদ্ধির জন্ত ঐ, স্বাবৃদ্ধির জন্ত ঐন, স্বাবৃদ্ধির জন্ত শ্বন্ধ স্বাবৃদ্ধির স

মাতৃকাস্থানের তাৎপর্য ও লক্ষ্য— তন্ত্রমতে শব্দব্রন্ধ কুলকুওলিনীই মাতৃকা।
মাহবের ব্যক্ত অব্যক্ত যাবতীয় ভাবনাচিন্তা তথা বাক্ ইনিই। এই বোধটিকে দৃঢ় করাই
মাতৃকাত্যাদের তাৎপর্য। সাধকের ভৌতিক এবং ভাবময় দেহ কুলকুওলিনীরই রূপ,
মাতৃকাত্যাদের ঘারা এই ভাবনা দৃঢ় হয়। কাজেই ক্যাদের ঘা সাধারণ লক্ষ্য সাধকের দেবতা
হওরা, মাতৃকান্তাদেরও সেই একই লক্ষ্য।

বোঢ়াতাস—কোনো কোনো তছে মাতৃকাতাসের পর বোঢ়াতাসের ব্যবহা দেওয়া হয়েছে। বোঢ়াতাসের মূল অর্থ ছয় রকমের তাদ। কালী তারা প্রভৃতি বিভার

<sup>&</sup>gt; ড নম: দক্ষগুল্কে ইত্যাদি ক নম: হানরাদিম্থে ইত্যন্তং বিশ্বস্ত পুন: আ নম: লক্ষামূলি ইত্যাদি ঠ নম: দক্ষামূলি ইত্যন্তং বিদর্গানুষ্বারযুক্তান ডাদিঠান্তান বর্ণান স্থানেং।—পুচ, ড: ৫, পু: ৩২>

२ क नमः क्लानिम्(थ हेजानिनिन्युकान् ककात्राध्यकां अव्यक्ति ।--- मे, नुः 🏎

৬ চতু ধা মাতৃকা প্রোক্তা কেবলা বিন্দুসংযুতা। স্বিস্গা সোভয়া চ রহস্তং শৃণু কথ্যতে। বিভাকরী কেবলা চ সোভয়া ভুজিনায়িনী। পুত্রদা সবিস্গা তু সবিন্দুবিজ্ঞায়িনী।—গ্লেড ভ, আ: ২

বাগ্ভবাভা চ বাক্সিকৈ রমাভা এপ্রক্রের। জলেবাভা সর্বসিকৈ কামাভা লোকবভাল।
 একিঠাভানিমাল্লাসেং সর্বমন্তঃ প্রসীদৃতি।—বিশুকেবরতন্ত্রবচন, ক্রঃ বৃহ ত সা, ১০ল সং, পুঃ ৯০

৫ ক্র: তাভ ম, তঃ ৫, পৃঃ ১৬৩

বোঢ়ান্তাস বিহিত। প্রত্যেক বিভার বোঢ়ান্তাস ভিন্ন। শাবার একই মন্ত্র তথা দেবতার বিভিন্ন বোঢ়ান্তাস বিভিন্ন তন্ত্রে নির্দিষ্ট হয়েছে। এইজন্ত শাস্ত্রের বিধান সাধকেরা স্ব স্ব কল্লোক্ত বোঢ়ান্তাস করবেন। শ

এই প্রসঙ্গে উল্লেখ করা যায় যোঢ়ান্তাস কথাটি রুঢ় অর্থেও ব্যবস্থুত হয়েছে। অর্থাৎ কোনো কোনো ক্ষেত্রে ছয়প্রকারের অধিক ত্যাসকেও যোঢ়ান্তাস বলা হয়েছে। যেমন বীরতন্ত্রে শ্রামানন্ত্রের যে-যোঢ়ান্তাস বর্ণিত হয়েছে তাতে ছয়ের অধিক ত্যাস আছে।

ব্যাপক্স্যাস—উক্ত তন্ত্রমতে ব্যাপক্সাস বোঢ়াস্থাসের অন্তর্গত। নিগমকল্পলতায় বলা হয়েছে মাথা থেকে পা পর্যস্ত এবং পা থেকে মাথা পর্যস্ত শরীর উভয় করতলের দ্বারা মূলমন্ত্রজ্প সহ মার্জনা করতে হবে। একেই ব্যাপক স্থাস বলা হয়।

বোঢ়াক্সাকাজ্য—তঞ্জশাল্পে বোঢ়াক্তাসের মাহাত্ম্য বিশেষভাবে ঘোষিত হয়েছে।
কুলচ্ডামণিতে আছে ষে-নাধকের দেহে যোঢ়াক্তাস করা হয়েছে তিনি স্বয়ং গঙ্গাধর হয়ে
যান।

উক্ততন্ত্রে এমন কথাও বলা হয়েছে যে যিনি যোঢ়াগ্রাস করেছেন এমন কোনো ব্যক্তি

## কিন্তু নীলতন্ত্ৰমতে—

বিছারা পুটিতীকৃতা বড় ধা চ মাতৃকাং স্থানেং। ক্রমোৎক্রমান্বরারে তারাবোঢ়া প্রকীর্ভিতা। (নীলতক্র
প: ৫)— মূলমন্ত্রপুটিত অকারাদি ক্রকারান্ত মাতৃকার্বর্ণ ললাটাদি অক্সাসন্থানে অমুলোম- ও বিলোম-ক্রমে
মোট হ বার স্থান করলে বোঢ়াস্থান হবে।

- ও স্বস্কলোক্তবোঢ়াক্তাসং কুর্বাৎ।—শা ত, উ: १
- ৪ জ: বৃহ ত সা, ১০ম সং, পৃ: ৩০৯
- শীর্বাদিপাদপর্বস্তং পাদাদিশীর্বকং তথা। করাজ্যাং মার্জয়েদ্ গাত্রং ব্যাপকজ্ঞাস ঈরিতঃ।
   —হরতত্ত্বদীধিতিখুতনিগমকল্পলতাব্দন, ত্রং কা ত ১)১৭-১৮ এর টাকা
- 🔸 বোঢ়াস্থাসশরীরন্ধ তবেদ্ গল্পাধরঃ স্বরম্।—কুলচূড়ামণিৰচন, ত্রঃ শা ত, উ: ٩

দেৰীভাবসমাযুক্ত যোঢ়াভাসপরো ভবেং। দশবিভাবিধো সা চ দশধা ভিন্নভিন্নত:।
 --তন্ত্রান্তর্বচন, ক্র: পু চ, তঃ ১২, পুঃ ১১৬৫

বেমন তথ্রচ্ডামণিমতে তারাবোঢ়াভাস—
 ক্রেন্ড প্রথমো ভাসো বিতীয়ন্ত গ্রহৈর্মতঃ। লোকপালৈভ্তীয়ঃ ভাল্ছিবশস্তা চতুর্যকঃ।
 তারাদিভিঃ পঞ্চয়ঃ ভাং বঠঃ পীঠের্নিগছতে। (উজ্ত, তা ভ হা, তঃ ৫, পৃঃ ১৬৪)
 —প্রথম ক্রেন্ডাস বিতীয় গ্রহভাস তৃতীয় লোকপালভাস চতুর্থ শিবশক্তিভাস পঞ্চম তারাদিভাস এবং
 বঠ পীঠভাস।

ষদি বিনি বোঢ়ান্তাস করেন নি এমন কোনো ব্যক্তিকে প্রণাম করেন তা হলে বিতীয় ব্যক্তি তৎক্ষণাৎ বুকফেটে মারা ধান।

বোঢ়ান্তাস অবশ্য কর্তব্য—শক্তিদাধককে বোঢ়ান্তাদ অবর্গ্যই করতে হবে। জ্ঞানার্ণব-তত্ত্বে জাছে—বোঢ়ান্তাদবিহীন বে-ব্যক্তি পার্বতীকে প্রণাম করে দে অচিরে মারা ধার এবং তার নরকে গতি হয়।

তবে নিতাপূজায় যোঢ়ান্তাস না করলেও পূজা অঙ্গহীন হয় না।

শ্বাস ও ভাগুত্রহ্মাণ্ড ভত্ব — তন্ত্রমতে ভাগু বা মানবদেহ একটি ক্ষুদ্র ব্রহ্মাণ্ড। এই তত্ত্বের প্রয়োগ আদাদি অফুষ্ঠানে লক্ষ্য করা যায়। বিশেষ করে যোঢ়াআস তত্ত্বাসাদিতে তবটি অত্যন্ত পষ্টভাবেই অভিব্যক্ত হয়েছে। প্রধান প্রধান দেবতা গ্রহ নক্ষত্র তীর্থ প্রভৃতি সমস্তই সাধকদেহে আস করতে হয়।

দৃষ্টাস্কম্বরূপ শিবশক্তিন্সাস ও পীঠন্সাস ( ষোঢ়ান্সাদের অন্তর্গত ) এবং তত্ত্বন্যাসের বিবরণ দেওয়া গেল। এর থেকেই বিষয়টি পরিষ্কার বোঝা যাবে।

শিবশক্তিশ্যাস—ব্রন্ধা বিষ্ণু রুদ্র ঈশ্বর সদাশিব আর পরশিব এঁ দের বলা হয় বট্শিব।
ম্লাধারে ব্রীঁ স্থাঁ হুঁ এই বীজত্রয়সহ অন্থারযুক্ত ব থেকে স পর্যন্ত বর্ণের এবং ডাকিনীসহ
ব্রন্ধার ন্থাস করতে হবে। স্বাধিষ্ঠানে ঠিক তেমনিভাবে ব থেকে ল পর্যন্ত বর্ণ আর রাকিণীসহ
বিষ্ণুর ন্থাস করতে হবে। ঐ একইভাবে মণিপুরে ড থেকে ফ পর্যন্ত বর্ণ আর লাকিনীসহ
ক্রেরের, অনাহতে ক থেকে ঠ পর্যন্ত বর্ণ এবং কাকিনীসহ ঈশ্বরের, বিশুদ্ধাধাচক্তে যোলটি
স্বরবর্ণ এবং শাকিনীসহ সদাশিবের আর আজ্ঞাচক্তে হ ক্ষ এই তুই বর্ণ এবং হাকিনীসহ
ব্রন্ধাপ পরশিবের ন্থাস করতে হবে।

<sup>&</sup>gt; কৃতস্থাসোহকৃতস্থাসং প্রণমেদ্ যদি পার্বতি। তৎক্ষণাৎ অকৃতস্থাসো বিদীর্ণহদয়ো ভবেৎ।—দ্রঃ শা ত, উঃ ৭

২ বোঢ়াভাদবিহীনো যঃ প্রণমেন্দেবি পার্বতীম্। সোহচিরান্মৃত্যুমাপ্নোতি নরকঞ্চ প্রপদ্মতে।

<sup>—</sup>জানাৰ্থতম্বচন, দ্ৰঃ বৃহ ত সা, ১০ ম সং, পৃঃ ২৭২

७ 🔄 , शुः ७১०

<sup>ब कुक्का विकृष्ण क्रजण श्रेयत्रण महानिवः । ততঃ পরশিবো দেবি বট্লিবাঃ পরিকীর্তিতাঃ ।

म्वाधाद তু বুক্কাণং ডাকিনীসহিতং গ্রুদেং । সর্বত্র ত্রাক্ষরীমৃত্যু । বাদিসান্তং সৰিন্দৃক্ম ।

খাধিষ্ঠানাথ্যচক্রেবু স্বিক্রাকিনীং তথা । বাদিলান্তং প্রবিশ্রুন্ত নাতে ।

ডাদিফান্তার্থসহিতং ক্রজ্ঞ লাকিনীন্তথা । অনাহতে কাদিঠান্তম্ ঈবরং কাকিনীং গ্রুদেং ।

বিশুক্কাধ্যমহাচক্রে বোড়ল্বরসংযুত্ম । সদাশিবং শাকিনীন্ত বিশ্বনেং পূর্ববন্ততঃ ।

আল্রোচক্রে তু দেবেশি হক্কবর্ণসম্বিত্ম । পরং শিবং বুক্করপং হাকিনীসহিতং গ্রুদেং ।</sup> 

काकिनी वाकिनी वाँ वा भवानकिवर वित्नव वित्नव क्रम ।

পীঠন্তাস—কল্রমানলমতে ম্লাধারে কামরূপ হাদয়ে জালদ্ধর ললাটে পূর্ণগিরি তদ্ধের উল্ভিরান জ্বমধ্যে বারাণদী, লোচনে জ্বলন্তী, ম্থবৃত্তে মায়াবতী, কঠে মধুপুরী, নাভিদেশে অবোধ্যা এবং কটিতে কাঞ্চী এই দশটি পীঠন্তাদ মধাক্রমে করতে হবে।

কিন্তু এ বিষয়ে মতভেদ আছে। যেমন যোগসারের মতে ম্লাধারচক্র কামরূপ অনাহত-চক্র পূর্ণগিরি বিশুদ্ধাখ্যচক্র জালদ্ধর আজ্ঞাচক্র উত্যানাখ্য অর্থাৎ উদ্ভিয়ান-পীঠ আর সহস্রার কৈলাস।

এ ছাড়া আরও ব্যাপক পীঠন্তাদেরও বিধান লক্ষ্য করা বার। বেমন শ্রীবিভার পীঠন্তান জনেক ব্যাপক। তাতে নিম্নোক্ত পীঠন্যহের ন্থান নির্দিষ্ট হয়েছে—কামরূপ বারাণনী নেপাল পোণ্ড বর্জন কাশ্মীর কান্তক্ত্র পুরস্থিত-পীঠ চরস্থিত-পীঠ পূর্ণ শৈল অবৃদ্ আমতকেশ্বর একাম ত্রিশ্রোত কামকোট্ট কৈলান ভ্গুপীঠ কেদার চন্দ্রপুর শ্রী-পীঠ ওঁকার-পীঠ জালন্ধর মানব-পীঠ কৃপান্তক দেবীকোট্ট গোকর্ণ মারুতেশ্বর অট্টহান বিজয়-পীঠ রাজগৃহ কোন্থানির এলাপুর কামেশ্বর জয়ন্ত্রী উচ্ছায়িনী ক্ষীরিকা হস্তিনাপুর উড্ডীশ প্রয়াগ বিদ্ধ্য মান্নাপুর জলেশ্বর মলম্ব শ্রীগেল মেক্স-পীঠ গিরি-পীঠ মহেন্দ্র-পীঠ বামন-পীঠ হিরণাপুর মহালন্দ্রীপুর উড্ডীয়ান এবং ছায়াছ্ত্রপূর। বামকেশ্বরতন্ত্রমতে মাতৃকান্তাসন্থানে এই-লব পীঠের কান্য করতে হয়।

এই তালিকার অন্তর্ভুক্ত সব পীঠের ভৌগলিক সংস্থান বর্তমানে নির্দ্ধারণ করা সম্ভবপর না হলেও এইগুলি যে-বাফ ভৌগলিক পীঠন্থানব্ধপেই বর্ণিত হয়েছে সে-বিষয়ে সন্দেহ নাই।

२ व्यातान-तः व ।

গুদমেদ্রান্তরালন্থং বৃলাধারং ত্রিকোশকন্। তদেব কামরূপাথাং পীঠং কামফলপ্রদম্।
 ছালশারং মহাচন্দ্রং গুলুয়েনাহতাহরন্।
 তদেতব পুণিবির্যাথাং পীঠং তব বরাননে।

<sup>8</sup> ज: कृष छ मा, ३०म मः, श: २१६-२१७, वां नि ।।०३-८७ वां नि ।।०३

**ষ্পরশু কি কারণে এই বিশেষ পীঠগুলিরই ত্যাদের বিধান দেওয়া হয়েছে তা সাধারণ** বিচারবৃদ্ধি দিয়ে নির্ণয় করা যায় না।

প্রকারান্তর পীঠন্যাস—শারদাতিলক প্রভৃতি তত্ত্বে সম্পূর্ণ ভিন্ন ধরণের পীঠন্তাসের বিধান দেখা যায়। এই বিধান অহুসারে ধর্ম জ্ঞান বৈরাগ্য ঐশ্বর্য প্রভৃতি পীঠের ক্তাস করতে হয়। আত্মযাগার্থ এই পীঠন্তাস বিহিত। এই ন্তাপের বারা সাধকের দেহ ভাগবতদেহ হয় এবং আরাধ্য দেবতার পূজাপীঠে পরিণত হয়। শাজ্বে এমনি শুদ্ধ দেহকেই দেবালয় বলা হয়েছে।

পুরশ্চর্যার্গবে আলোচ্য ন্থাসের বিবরণ দিয়ে বলা হয়েছে সাধক ষথাবিহিত ন্থাস করে জংপদ্মের কেশরে পূর্বাদিক্রমে স্বীয়কল্লোক্তপীঠশক্তির ন্থাস করবেন এবং পীঠমন্ত্র পাঠ করে 'অমুকদেবতাবোগপীঠায় নমঃ' এই বলে পীঠন্থাস সমাপ্ত করবেন।

মন্ত্র- তথা দেবতা-ভেদে পীঠশক্তি ও পীঠমন্ত্র ভিন্ন হরে বায়। বেমন কুমারীতত্ত্বে ভামামন্ত্রের নিম্নলিথিত পীঠশক্তির উল্লেখ আছে —ইচ্ছা জ্ঞানা ক্রিয়া কামদা কামদায়িনী রতি রতিপ্রিয়া নন্দা এবং মনোন্মনী।

উক্ত তল্পতে ৺পীঠমল্ল—ঐ৺পরায়ৈ অপরায়ৈ পরাপরায়ৈ হে্সী: সদাশিবমহাপ্রেতপদ্ধাসনায় নম: ।\*

১ শা তি ৪।৩৮-৪২ ২ আত্মবাগার্থং দেহে পীঠকলনামাহ।—এ ৪।৩৮-এর রাঘবভট্টকুত টীকা

ভাস বধা—হাদি ওঁ আধারশন্তরে নমঃ, ওঁ মূলপ্রকৃতরে নমঃ, ওঁ কুর্মায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ বরাহায় নমঃ, ওঁ পৃথিবৈর নমঃ, ওঁ ক্লীরসমূজায় নমঃ, ওঁ বেত্রীপায় নমঃ, ওঁ মণিমগুপায় নমঃ, ওঁ কলবুক্লায় নমঃ, ওঁ মণিবেদিকারৈ নমঃ, ওঁ রত্নসিংহাসনায় নমঃ। দক্ষিণক্ষে ওঁ ধর্মায় নমঃ। বাসক্ষে ওঁ জানায় নমঃ। বামেরির ওঁ বেরাগ্যায় নমঃ। দক্ষিণোরের ওঁ প্রথায় নমঃ। মূথে ওঁ অধর্মায় নমঃ। বামপার্বে ওঁ অজ্ঞানায় নমঃ। নাভো ওঁ অবৈরাগ্যায় নমঃ। দক্ষিণপার্বে ওঁ অনৈর্বায় নমঃ। হাদি ওঁ অনন্তায় নমঃ, ওঁ পদ্মায় নমঃ, ওঁ আনন্দকলায় নমঃ, ওঁ সংবিল্লায় নমঃ, ওঁ সর্বতন্তায়কপ্রায় নমঃ, ওঁ প্রকৃতিময়-প্রেড্যো নমঃ, ওঁ বিকারময়কেশরেভ্যো নমঃ, ওঁ প্রকৃতিময়-প্রেড্যো নমঃ, ওঁ বিকারময়কেশরেভ্যো নমঃ, ওঁ প্রকৃতিময়ভাদশক্লাজ্বনে নমঃ, ওঁ তি সোমমগুলায় বোড়শকলাজ্বনে নমঃ, ওঁ মঁ বহ্নমগুলায় দশকলাজ্বনে নমঃ,
সঁ সন্তায় নমঃ, রঁ রজ্বনে নমঃ, তঁ ত্মনে নমঃ আঁ আল্পানে নমঃ, আঁ অস্তয়াল্পানে নমঃ, পঁ প্রমাল্পানে নমঃ
ক্রী জ্ঞানাজ্বনে নমঃ।—পু চ, তঃ ও, পৃঃ ৩৩১

खः श्रु ह, जः ६, शृः ७७५-२

ইচ্ছা জ্ঞানা ক্রিয়া হৈব কামদা কামদায়িনী। রতিঃ রতিপ্রিয়া নন্দা তথৈব চ মনোয়নী।
 —কুমারীতয়বচন, স্রঃ শ্রামারহক্ত, পরিঃ ৩

**v** 4

অপুরাভৈরবীময়েরও এই পীঠয়য় ও পূর্বোক্ত পীঠশক্তি বিহিত ।—য়: বৃহ ত সা, ১০ ম সং, পৃ: ২২১
 য়য়য়য় —য়: য়

প্রপঞ্চনারতত্ত্বে লক্ষ্মীমন্ত্রের নব পীঠশক্তি নির্দিষ্ট হয়েছে। ষণা—বিভূতি উন্নতি কান্তি সৃষ্টি কীর্তি সন্নতি ব্যুষ্টি উৎকৃষ্টি এবং ঋদ্ধি।

উক্ত মন্ত্রের পীঠমন্ত্র—শ্রী দর্বশক্তিকমলাদনায় নমঃ।

ভদ্বন্যাস—এবার তত্ত্বাদ। পূর্বেই লক্ষ্য করা গেছে ষট্ ত্রিংশংতত্ত্ব আত্মতত্ত্ব বিচ্ছাতত্ত্ব ও শিবতত্ত্ব এই তিন ভাগে বিভক্ত। তত্ত্বাদ বলতে সাধারণতঃ এই আত্মতত্ত্ব বিচ্ছাতত্ত্ব ও শিবতত্ত্বের স্থাসই বোঝায়। তবে কোনো কোনো ক্ষেত্রে সব তত্ত্বের সমষ্টিকে একটি পূথক্ ভাগ ধরা হয় এবং তাকে সর্বতত্ত্ব বলা হয়। এইজন্য মন্ত্রবিশেষের ক্ষেত্রে চতুর্বিধ তত্ত্বাসও বিহিত হয়েছে।

মন্ত্র- তথা দেবতা-ভেদে তত্ত্ব্যাসের প্রয়োগ ভিন্ন হয়ে যায়।°

প্রাণায়াম—ভৃতশুদ্ধি ভাগ প্রভৃতির মতো প্রাণায়ামও আয়শুদ্ধির বাব অভার উপায়রূপে শাম্বে নির্দিষ্ট হয়েছে।

প্রাণায়ামের অর্থ-গন্ধর্বতন্ত্রে প্রাণায়ামের অর্থ করা হয়েছে প্রাণের নিরোধ। প্রাণ 
কর্ব বায়ু আর আয়াম অর্থ তার নিরোধ। প্রাণায়াম যোগীদের যোগসাধন।

আয়াম শব্দের অর্থ দৈর্ঘ্য বা বিশালতাও হয়। কাজেই প্রাণায়ামশব্দের অর্থ করা যায় প্রাণকে দীর্ঘায়িত করার উপায়।

-প্র সাত ১২।৮

<sup>&</sup>gt; বিভৃতিক্সত্রতিঃ কান্তিঃ স্টিঃ কীর্তিক সম্নতিঃ। ব্রাষ্ট্রকংকৃষ্টি ঋদ্ধিক রমায়া নব শক্তরঃ।

২ শা তি ৮।> এর রাখবভট্টকৃত টীকাধৃত। পল্মপাদাচার্যের মতে পীঠমন্ত—শ্রী শ্রীদেব্যাসনায় নমঃ—স্তঃ ঐ

ও (i) বেমন দাবিংশতাক্ষর কালীমন্ত্রের তত্ত্বাস—ক্রী ক্রী ক্রী হুঁ হুঁ হ্রী হী ওঁ আত্মতবার স্বাহা এই মন্ত্রে পা পেকে নাভিপর্যন্ত আত্মতন্ত্রের ভাস করতে হবে। দক্ষিণে কালিকে ওঁ বিভাতত্ত্বার স্বাহা এই মন্ত্রে নাভি থেকে হালর পর্যন্ত বিভাতত্ত্বের ভাস করতে হবে। আর ক্রী ক্রী ক্রী ক্রী হুঁ হুঁ হ্রী হ্রী ওঁ শিবতত্ত্বার স্বাহা এই মন্ত্রে হালর ধেকে মন্তক পর্যন্ত শিবতত্ত্বের ভাস করতে হবে।—দ্রঃ বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ৩১০

<sup>(</sup>ii) শ্রীবিভার তব্সাস—মূলাধারে ক এ ঈ ল হ্রাঁ আত্মতত্ত্ব্যাপিকারৈ শ্রীমহাত্রিপুরস্পার্ট্য নমঃ। হৃদরে স হ ক হ ল হ্রাঁ বিভাতত্ত্ব্যাপিকারৈ শ্রীমহাত্রিপুরস্পার্ট্য নমঃ। ক্রমধ্যে স ক ল হ্রাঁ শিবতত্ত্ব্যাপিকারৈ শ্রীমহাত্রিপুরস্পার্ট্য নমঃ। ব্রহ্মরজ্বে ক এ ঈ ল হ্রাঁ স হ ক হ ল হ্রাঁ স ক ল হ্রাঁ সর্বতত্ত্ব্যাপিকারৈ শ্রীমহাত্রিপুরফুক্সার্ট্যে নমঃ।— ঐ পৃঃ ২৭১

৪ মনোজীবাস্থানোঃ গুদ্ধিঃ প্রাণায়ামেন জায়তে।—গ ত ১১।৫৮

<sup>🔹</sup> প্রাণো বায়ুরিতি খ্যাত আয়ামন্তরিরোধনম্। প্রাণায়াম ইতি প্রোক্তো বোগিনাং বোগসাধনন্।

<sup>--</sup> D >>160-66

<sup>🔸</sup> দৈর্ঘ্যন্ আয়াম আরোহ: পরিণাছো বিশালতা ইত্যমর:।

<sup>9</sup> S. P., 2nd Ed., p. 215

P60

প্রাণশক্তি—এখানে উল্লেখ করা আবশুক প্রাণায়াম সম্পর্কে যে-প্রাণবায়্র কথা বলা হল এ হক্ষ বায়্, এটি বস্তুতঃ প্রাণশক্তি। জীবের নাকম্থ দিয়ে নিঃখাসপ্রখাসের সঙ্গে থে-বায়্ প্রত্যক্ষ হয় সে উক্ত বায়্র স্থুলরপ।

পূজা

শাস্ক্র সিদ্ধান্ত অনুসারে এই প্রাণশক্তি ব্রহ্মময়ী মহাশক্তির রূপবিশেষ। কেন না সমস্ক্র শক্তিই তাঁর রূপ।

প্রাণ উপনিষদে—প্রাণ যে বন্ধ একথা উপনিষদেও বলা হয়েছে। প্রশোপনিষদে আছে—বন্ধ থেকেই প্রাণ জাত হয়। প্রতিক্ত উপনিষদে প্রাণ অপান সমান ব্যান ও উদান প্রাণের এই পাঁচটি ভাগের কথা আছে। এর মধ্যে প্রাণ ম্থ্য। জীবদেহে প্রাণাদির অবস্থিতিও নির্দিষ্ট হয়েছে। গুহু ও জননিজ্ঞিয়ে অপান, চক্ষ্ ও কর্ণে প্রাণ, নাভিতে সমান এবং নাড়ীসমূহে অর্থাৎ সর্বাদে ব্যান অবস্থিত। উদানবায়ুর অবস্থিতি প্রাই নির্দেশ করা হয় নি। বলা হয়েছে উদান স্বয়্মা নাড়ী অবলম্বন করে উর্প্রগামী হয়ে জীবকে কর্মাহ্সারে পুণাদি-লোক প্রাপ্ত করায়।

তক্সাদিতে প্রাণ—প্রাণ সম্বন্ধে এই ঔপনিষদ ভাবধারাই তন্ত্রাদিতে প্রধানতঃ অমুসত হয়েছে এবং সাধনার ক্ষেত্রে এই ভাবের স্থপরিকল্লিত প্রয়োগ নির্দিষ্ট হয়েছে।

তম্বশান্তাদিতে দশবিধ প্রাণবার্র উল্লেখ পাওয়া ধায়। যথা—প্রাণ অপান সমান উদান ব্যান নাগ ক্র্য ক্লকর দেবদত্ত এবং ধনঞ্জয়। এই দশ বায়্ সব নাড়ীতে বিচরণ করে। এদের মধ্যে প্রাণাদি প্রথম পাঁচটিকে ম্থ্য বলা হয়। এই পাঁচটির মধ্যে আবার প্রাণ এবং অপান ম্থা। আবার এই ত্য়ের মধ্যে প্রাণ ম্থা।

প্রাণাদির অবস্থিতি—শিবসংহিতার মতে প্রাণের অবস্থান হাদয়ে, অপানের গুদে, সমানের নাভিমণ্ডলে, উদানের কণ্ঠদেশে আর ব্যানের অবস্থান সর্বশরীরে ।\*

বেরওসংহিতায় বলা হয়েছে নাগবায়ুর অবস্থান উদ্গারে, কুর্মবায়ুর চক্ষুক্রনীলনে, রুকর-বায়ুর ক্ষায়, দেবদত্তবায়ুর বিজ্জনে আর ধনঞ্জয়বায়ু স্থুল দেহের সর্বত্ত ব্যাপ্তঃ। মৃত্যুর পরও ধনঞ্জয় দেহ পরিত্যাগ করে না।

১ S. P. 2nd Ed., p. 215 ২ তদেতদক্ষর ৰুক্ষ স প্রাণন্তত্ন বাঙ্মনঃ ।—মুউপ ২া২া২

৩ আন্ধন: এব প্রাণো জায়তে।—প্র উপ ৩।৩ ৪ ঐ ৩।৫-১

७ इति थार्या अलश्भानः ममारना नाण्यिअत्य । जेनानः कर्शतमाञ्चा वाानः मर्यमहीत्रभः।—नि मर ०।१

তেবামপি চ পঞ্চানাং ছানানি চ বদামাহন। উন্গারে নাগ আখ্যাতঃ কুর্মজ্মীলনে স্মৃতঃ।
 কুকরঃ কুংকৃতে জেরো দেবদভো বিজ্জণে। ন জহাতি মৃতে কাপি সর্বব্যাপী ধনঞ্জয়ঃ।—দে স ১।৬২-৬৩

কাজেই দেখা যাচ্ছে মৃখ্য প্রাণাদি সম্পর্কে উপনিষৎ ও তদ্ধাদির একই রক্ষ অভিছত।
উপনিষদে প্রাণাদ্ধাম— উপনিষদে প্রণায়ামের কথাও স্পষ্ট করেই বলা হয়েছে।
শেতাখতর উপনিষদে আছে বিদান অর্থাৎ বোগাভিজ্ঞ ব্যক্তি পঞ্চ প্রাণবায়কে প্রপীজিত
করবেন অর্থাৎ পূরক ও কুন্তকের দারা নিয়ন্ত্রিত করবেন এবং প্রাণবায় কীন হলে অর্থাৎ
আয়ন্ত হলে নাসিকা দারা ত্যাগ করবেন অর্থাৎ রেচক করবেন। তারপর চ্টাম্বাহিত
রথের সার্থির মতো মনকে অপ্রমন্তভাবে ধ্যের বস্তুতে একাগ্র করবেন।

পাতঞ্জল দর্শনে প্রাণায়াম— পতঞ্জলির বোগস্তত্তে প্রাণায়ামের পর্ব করা হয়েছে ধাসপ্রধানের গতিছেল। কাজেই উপনিষদোক্ত প্রাণায়াম আর বোগস্ত্ত্তাক্ত প্রাণায়াম বস্তুতঃ এক।

লক্ষ্য করা গেছে তত্ত্বে প্রাণবায়্র নিরোধকে প্রাণায়াম বলা হয়েছে। প্রাণবায়্-নিরোধ করনেই স্বাসপ্রস্বাসের গতিচ্ছেদ হয়। অভএব প্রাণায়াম সম্বন্ধে উপনিবৎ বোগস্ত্র এবং তত্ত্বে কোনো মতভেদ বস্থতঃ নাই।

পূরক-কৃষ্ণক-রেচক—খাস টেনে সঙ্গে সঞ্চে নিংখাস না ফেললেই প্রাণবায়র গতিছেদ হয় আবার নিংখাস ফেলে সঙ্গে খাস না টানলেও তা হয়। হঠযোগের পরিভাষায় এই ব্যাপারটাকেই পূরক কৃষ্ণক এবং রেচক বলা হয়। সাধারণভাবে বলা ষায় খাস টানা পূরক, দম বন্ধ করে রাখা কৃষ্ণক আর নিংখাস ত্যাগ করা রেচক।

গ্রহ্যামলে বলা হয়েছে প্রাণায়াম রেচক-পূর্বক- আর কুম্কক-ভেদে ত্রিবিধ। বেদাস্ক-সারেও রেচকাদি ত্রিবিধ প্রাণনিগ্রহোপায়কে প্রাণায়াম বলা হয়েছে।

প্রাণায়ামের প্রকারভেদ—প্রাণায়ামের প্রকারভেদ আছে। প্রকাদি রেচকান্ত প্রাণায়মকে বলা হয় বৈদিক আর রেচকাদি প্রকান্ত প্রণায়ামকে বলা হয় ডান্ত্রিক।

প্রাণাব্ প্রপীড্যের সংবৃক্তচেটঃ ক্ষীণে প্রাণে নাসিকরোচ্ছ্, সীত ।

ছষ্টাবযুক্তমিব বাহমেনং বিশ্বান্ ধারয়েতাপ্রমন্তঃ ।—বে উপ ২।»

তিন্দিন্ সতি বাসপ্রবাসয়োর্গতিবিচ্ছেদঃ প্রাণায়ায়ঃ।—বো স্ ২।৪>

ত স্বামী ছরিহরানন্দ আরণ্যের মতে "হঠবোগ আদিতে যে রেচক, পুরক ও কুন্তক উক্ত হর বোগের এই প্রাণারাম ঠিক তাহা নহে।"—ক পা বো, ১৯৩৮, পৃঃ ১৮০ স্বামীলীর মতে বোগস্ত্রে (সাধনপাদ, ৫০) বে বাঞ্বুতি, আভান্তরবৃত্তি ও ভত্তবৃত্তির উল্লেখ আছে তা ঠিক রেচক, পূরক ও কুন্তক নয়।—মঃ ঐ, পৃঃ ১৮২। তবে বোগস্ত্রোক্ত বাঞ্বুত্তাদি আর হঠবোগের ব্রেচকাদির বে 'কণঞ্চিং মিল' আছে তা স্বামীলীও শীকার করেছেন।—মঃ ঐ

৪ প্রাণারামন্ত্রিধা প্রোক্তো রেচকুত্তকপূরকৈ:।—এহবামলবচন, জ: প্রা তো, কাণ্ড ৬, পরি: ১, ব সং, পৃ: ৪০৮

<sup>ে</sup> দ্বেচকপুরকক্তকলক্ষণাঃ প্রাণনিগ্রহোপায়াঃ প্রাণায়ামাঃ।—বেদাস্তসার, খণ্ড ৩১

<sup>🐞</sup> পুরণাদি রেচনান্ত: প্রাণারামন্ত বৈদিক:। রেচনাদি পূরণান্ত: প্রাণারামন্ত তালিক:।

ভবে সাধারণতঃ প্রাণায়ামের সগর্ভ এবং নিগর্ভ বা বিগর্ভ এই ছটি প্রকারভেদ করা হয়। জপধ্যানযুক্ত প্রাণায়াম সগর্ভ আর জপধ্যানহীন প্রাণায়াম নিগর্ভ বা বিগর্ভ। মাত্রার বারা নিগর্ভ প্রাণায়াম করতে হয়।

মাত্রা সম্বন্ধে বলা হরেছে বামজাহতে হস্তের শ্রমণ করতে অর্থাৎ একবার হাত ব্লাতে বেটুকু সময় লাগে বেলপারগ মুনিরা সেই সময়টুকু মাত্রা বলে জানেন।\*

তবে মেকুতন্ত্রমতে স্থনি:শাসকালও অর্থাৎ স্কৃত্ব মাসুষ্টের স্থাভাবিক নি:শাসকালও মাত্রা।

শুরূপদেশাসুসারে প্রাণায়াম — প্রাণায়াম অতি কঠিন ব্যাপার। এইজন্ত গুরুর উপদেশ অহুসারে প্রাণায়াম অভ্যাস করতে হয়। হঠযোগপ্রাণীপিকায় নির্দেশ দেওয়া হয়েছে— আসন দৃঢ় হলে অর্থাৎ শাস্ত্রনির্দিষ্ট যৌগিক আসন অভ্যন্ত হলে হিতকর থাতা পরিমিত পরিমাণে আহারকারী যোগী শুরুপদিষ্ট পদ্বায় প্রাণায়াম অভ্যাস করবেন। ধ

কারণ অভিজ্ঞ গুরুর নির্দেশ অহুসারে প্রাণায়াম অভ্যাস না করলে বায়ু প্রকোপিত হয়ে হিক্কা হাঁপানি কাসি মাথার বেদনা কান ও চোথের বেদনা প্রভৃতি নানারকম রোগের স্ষ্টি করতে পারে।

প্রাণায়ামকল
প্রাণায়াম প্রত্যক্ষ ফলপ্রদ। প্রাণায়ামের ফল হাতে হাতে পাওয়া
যায়। ভুল প্রাণায়ামে যেমন কঠিন রোগ হয় তেমনি যথাযত প্রাণায়ামের ছারা সর্বরোগ
বিনষ্ট হয়; শরীর স্কন্থ ও দৃঢ় হয়, "য়ায়ু ও পেশীসমূহের সাত্তিক ফুর্তি হয়।"

প্রাণায়ামের অক্তম শ্রেষ্ঠ ফল চিত্তবৈষ্ঠা। হঠযোগপ্রদীপিকার মতে শ্বানপ্রশাস চঞ্চল হলে চিত্ত চঞ্চল হয়, স্বাশপ্রশাস স্থির হলে চিত্ত স্থির হয়। প্রাণায়ামের দ্বারা বায়্নিরোধ করলে যোগী স্থাণ্ডলাভ করেন অর্থাৎ চিত্তবৈষ্ঠা লাভ করেন।

১ প্রাণারামন্ত ছিবিধং সগর্ভঞ্ নিগর্ভকম্। জপধ্যানং সগর্ভত্ক তদযুক্তং নিগর্ভকম্।—রু বা, উ ত, পঃ ২৬

২ সগর্ভো মন্ত্রজাপেন নিগর্ভো মাত্রয়া ভবেং।—সারসমূচ্চয়বচন, ক্রঃ পু চ, তঃ ৩, পৃঃ ১৬১

বামজাত্মনি হস্তপ্ত ভ্রমণং বাবতা ভবেং। কালেন মাত্রা সা জ্ঞেরা মুনিভিবেদপারগৈঃ।
 —অগন্তাসংহিতাবচন, য়ঃ য়, পৢঃ ১৬২

স্বামুং প্রদক্ষিণীকুর্বাদ্ বাবৎকালেন হন্তকঃ। তাবৎকালমিতা মাত্রা স্বনিঃশাসসমাহণি চ।

—েনেক্ষতন্ত্রবচন, জঃ, ঐ

৫ অধাসনে দুঢ়ে যোগী বশী হিতমিতাশনঃ। গুরুপদিষ্টমার্গেণ প্রাণারামান্ সমজ্যসেৎ।—হ প্র ২।১

৬ হিকা খাসন্ট কাসন্ট শির:কর্ণাক্ষিবেদনা:। ভবন্তি বিবিধা রোগা: প্রনস্ত প্রকোপত:।—এ ২।১৭

৭ প্রাণারামাদিবুক্তেন সর্বরোগকরো ভবেং।—ঐ ২।১৬ ৮ ক পা বো, ১৯৩৮, পুঃ ১৮৩

<sup>»</sup> চলে বাতে চলং চিন্তং নিশ্চলে নিশ্চলং জবেং। বোগীস্থাপুত্বমাগ্নোভি ততো বায়ুং নিরোধয়েং।—হ প্র ২।২
১০৯

**ৈচেওল্যাবরণক্ষয়** —প্রাণায়ামের আরও একটি অতি গৃঢ় ফল শাস্ত্রে নির্দিষ্ট হয়েছে। গন্ধবিতম্বে বলা হয়েছে দর্প বেমন স্বদেহস্থ চর্ম ত্যাগ করে অর্থাৎ থোলদ ছেড়ে নিরাময় হয় তেমনি প্রাণায়ামহেতু সাধক অবিভাজনিত-কাম্যকর্মের আবরণ ত্যাগ করে নির্মল হন। শারও সংক্ষেপে বলা হয়েছে প্রাণায়ামের হারা চৈতন্তের আবরণ ক্ষয়প্রাপ্ত হয়। শ

**ঘেরগুসংহিতায় আছে প্রাণায়ামসাধনার দারা মাহুষ দেবতুলা হয়।** 

এই-সব তপ্তবচনে পাতঞ্চল যোগস্ত্রেরই প্রতিধ্বনি শোনা যায়। যোগস্ত্রে আছে প্রাণায়ামের ছারা প্রকাশাবরণ ক্ষীণ হয়। প্রকাশাবরণ অর্থ বিবেকজ্ঞান-আবরণকারী কর্ম। এই স্থ্রের ব্যাসভায়ে উদ্ধৃত একটি বচনে আছে—প্রাণায়ামের চেয়ে শ্রেষ্ঠ তপস্থানাই। প্রাণায়ামের ছারা মলবিশুদ্ধি হয় এবং জ্ঞানের দীপ্তি হয়।

খেতাখতর-উপনিষদের ভাল্তে শঙ্করাচার্যও লিখেছেন — শ্রুতির নির্দেশ প্রাণান্নামবিশুদ্ধাত্মা ব্যক্তি বন্ধদর্শন করেন, কাজেই প্রাণান্নামের চেয়ে শ্রেষ্ঠ আর কিছু নাই।

আমরা আত্মন্ত দির অন্ততম উপায় হিদাবেই প্রাণায়ামের আলোচনা করছিলাম। প্রাণায়ামের দারা সর্ববিধ মলনাশ হয়, অতএব আত্মন্ত দ্ধি হয়। প্রাণায়াম ক্রিয়া। সেই ক্রিয়ায় জ্ঞানের উদ্ভব হয়। প্রসেই জ্ঞান অজ্ঞান নাশ করে। তথন সাধকের স্বরূপবোধ হয়। এই স্বরূপচিস্তাই আত্মন্ত দ্ধি।

আত্মশুদ্ধির জন্ম তিনটি প্রাণায়াম—তত্তে আত্মশুদ্ধির জন্ম তিনটি প্রাণায়ামের

এই কথাটাই একটু অস্তভাবে গৃত্বতিত্তে বলা হয়েছে। বধা—
অন্তৰ্গতং যক্ত মলং তক্ত শুৰুং প্ৰজায়তে। ---প্ৰাণায়ামাং পরং তবং প্রাণায়ামাং পরং তপঃ।
প্রাণায়ামাং পরং জ্ঞানং প্রাণায়ামাং পরং পদন্। প্রাণায়ামাং পরং বোগং প্রাণায়ামাং পরং বনস্।
নাত্তি নাত্তি পুন নাত্তি কবিতং তব স্বত্তে।—গ ত ১১।৫৯, ৬০, ৬১

<sup>&</sup>gt; चानरहार गया मर्शन्तरमारिकका निजामनः। थानानामाख्या मृत्यमविकाकामकर्मकम् ।--- ७ ১ ১ । ৮৯-৯٠

২ চৈতজাবরাং যথৎ ক্ষীয়তে নাত্র সংশয়:।—ঐ ১১।৬২

<sup>🗢</sup> অধাতঃ সংপ্রবক্ষ্যামি প্রাণায়ামক্ত বদ্বিধিন্। বক্ত সাধনমাত্রেণ দেবতুল্যো ভবেল্লরঃ।—ছে স ।১

৪ ততঃ ক্ষীয়তে প্রকাশাবরণম্।—যো সু ২।৫২

প্রাণায়ামানভান্ততোহস্ত বোগিনঃ ক্ষীয়তে বিবেকজ্ঞানাবরণীয়ং কর্ম।—ঐ, ব্যাসভার

৬ তপো ন পরং প্রাণায়ামাৎ ততো বিশুদ্ধিমলানাং দীপ্তিক জ্ঞানক্তেতি।—ঐ

প্রাণারামবিশুদ্ধান্ধা বন্ধাৎ পশুতি তৎপরন্। তন্মারাতঃপরং কিঞ্চিৎ প্রাণারামাদিতি শ্রুতিঃ।

<sup>—</sup>বে উপ ২া৮-এর **শহরভাত্** 

৮ "প্রাণারামক্রিয়া শরীরেক্রিয় হইতে আমিছকে বিবৃক্ত করিবার ক্রিয়া। অতএর, সেই ক্রিয়ার জ্ঞান (সব ক্রিয়ারই জ্ঞান হয়) 'আমি শরীরেক্রিয় নহি' এইরূপ বিভা।"

<sup>—</sup>বো হ ২০০২-এর বামী হরিহরানন্দ আরণ্যপ্রণীত ভাষাটীকা

বিধান দেওরা হয়েছে। কালীক্রমে আছে —সাধককে মূলমন্ত্র বা প্রাণব অথবা 'ঋক্তাদিক্তা-শোক্ত দেবতার বীজমন্ত্রের' বারা তিনটি প্রাণায়াম করতে হবে।

মহাকালসংহিতামতে শ্লমন্ত বোলমাত্রায় জ্বপদহ বামনাদাপুটে বায়ুপ্রণ করে চৌবটিমাত্রায় জ্বপদহ কুস্তক করতে হবে অর্থাৎ বায়ুধারণ করতে হবে এবং বত্তিশমাত্রায় জ্বপদহ দক্ষিণনাদাপুটে সমস্ত বায়ুরেচন করতে হবে। এইভাবে একটি প্রাণায়াম হয়। এটি প্রথম প্রাণায়াম।

যামলের নির্দেশ শ তার পরে বোলমাত্রায় জপদহ দক্ষিণাদাপুটে বায়ু প্রণ করে চৌষটিমাত্রায় জপদহ কৃষ্ণক করতে হবে এবং বত্রিশমাত্রায় জপদহ বামনাদাপুটে রেচন করতে হবে। এটি খিতীয় প্রাণায়াম।

তৃতীয় প্রাণায়াম প্রথম প্রাণায়ামের পুনরাবৃত্তি। এতটা যে করতে পারে না শাস্ত্রে তার জন্মগুর বাবছা আছে। তদ্ধান্তরে বলা হয়েছে যোলবার জপের দ্বারা পূরক করতে হবে। তার চারগুণ জপের দ্বারা কৃষ্ণক করতে হবে এবং কৃষ্ণকের অর্দ্ধেক জপের দ্বারা বেচক করতে হবে, অশক্ত হলে এই জপ সংখ্যার চার ভাগের এক ভাগ জপের দ্বারা ষ্থাক্রমে পূরকাদি করতে হবে। তাতেও অশক্ত হলে শেষোক্ত জপসংখ্যার চারভাগের

প্রাণারামত্রয়ং কুর্যায়ুলেন প্রণবেন বা। অথ বা মন্ত্রনীজেন যথোক্তবিধিনা স্থনীঃ।
 কালীক্রমবচন, য়ঃ পু চ, তঃ ৩, পু: ১৬২

ম্লমন্ত্রক্ত জাপেন মাত্রাবোড়শকেন হি। বামনাদাপুটেনৈর প্রয়িছা অনিলং বলাং।
 পুনন্তরত চতুংবঁঠা। আবৃত্তা বায়ুং বিকুল্ডা চ। পুন বিত্রিংশদাবৃত্তা মূলমন্ত্রত পার্বিত।
 নাদাপুটেন দক্ষেণ রেচরেং সকলানিলম্। প্রকারেণেদুশেনৈকঃ প্রাণায়ামে। হি জায়তে।
 —মহাকালসংহিতাবচন, দ্রঃ পুচ, তঃ ৬, পুঃ ১৬৬

গান নাকে কিংবা বাঁ নাকে যে-নাকে যথন বায়পুরণ করা হয় তথন অপর নাক আঙ্গুল দিয়ে টিপে ধরতে হয়। তায়ও নিয়ম আছে। জানাববতয়ে বলা হয়েছে— 'কনিষ্ঠানামিকালুটেয়লাসপুটধায়ণম্। প্রাণায়ায়ঃ স বিজ্ঞেয়জ্জনীমধায়ে বিনা।' (জঃ পুচ, তঃ ৩, পৃঃ ১৬২)—প্রাণায়ায়ে কনিষ্ঠা জনামিকা ও বৃদ্ধালুটেয় য়ায়া নাসাপুট ধায়ণ কয়তে হয়ে, তর্জনী ও মধায়া বর্জন কয়তে হয়ে। এয় জয়্প প্রাণায়ায়েয় সয়য় প্রয়োজনয়তো বৃদ্ধালুয়্ঠ দিয়ে দক্ষিণনাসিকা এবং কনিষ্ঠা ও জনামিকা দিয়ে বায়নাসিকা বৃদ্ধারতে হয়।

পুরয়েৎ বেণড়শভিব্নায়ৄং ধারয়েচ্চ চতুগু গৈঃ। রেচয়েৎ ক্সকার্ধেন অলস্ত্যা তভ্রীয়কৈঃ।
 ডদশক্তো তচতুর্থমেবং প্রাণস্ত সংব্যঃ ।—তন্তান্তরবচন এঃ বৃহ ত সা, ১০ ম সং, পৃঃ ১২

একভাগ জপের ঘারা প্রকাদি করতে হবে। এর অর্থ প্রক কৃষ্ণক ও রেচকের জপ-সংখ্যা অশক্তের পক্ষে যথাক্রমে চার, যোল, আট। এই সংখ্যায়ও যে জপ করতে পারে না তার জন্য জপসংখ্যা যথাক্রমে এক চার তুই।

. প্রাণায়াম অবশ্য কর্তব্য — তন্ত্রমতে পূজাদি দাধনক্রিয়ায় প্রাণায়াম অবশ্য কর্তব্য। এসব কর্মে প্রাণায়াম ছাড়া কারো যোগ্যতাই হয় না। পর্বান্তর্গাহিতায় বলা হয়েছে শ—
প্রাণায়াম ছাড়া যে যে তান্ত্রিক কর্ম করা হয় সে-সব ব্যর্থ। অতএব কল্যাণকামী
ব্যক্তিদের যত্ন করে প্রাণায়াম করা কর্তব্য।

## मूजा-

মুদ্রা অপরিছার্য—পূজা প্রদক্ষে স্নানাদির আলোচনার সময় আমরা একটি বিষয়ের ভর্ উল্লেখ করেছি। কিন্তু দে সম্বন্ধে কোনো আলোচনা করা হয় নি। বিষয়টি মুদ্রা। তান্ত্রিক পূজাহন্ঠানাদিতে মূলা অপরিহার্য। যামলে নির্দেশ দেওয়া হয়েছে—অর্চনায় জপকালে ধ্যানে কাম্যকর্মে স্নানে আবাহনে শঙ্খে দেবতাপ্রতিষ্ঠায় রক্ষণে নৈবেল্পপ্রদানে এবং অন্যত্র সেই কেল্লোক্ত মূলা সেই সেই মূল্রার শান্ত্রনিদিষ্ট লক্ষণ অহুসারে রচনা করে প্রদর্শন করতে হবে।

ভিন রকমের মুদ্রা—তত্ত্ব তিন রকমের মুদ্রার কথা পাওয়া যায়। যথা পঞ্চমকারের অন্ততম মকার, হঠযোগের অন্তর্গত মুদ্রা এবং প্জাহুষ্ঠানাদিতে ব্যবহৃত আলোচ্য মুদ্রা। শেষোক্ত মুদ্রা অনেক এবং করাঙ্গুলির সাহায্যে রচিত হয়। যেমন মুই হাত অঞ্চলিবদ্ধ

প্রাণায়ামং বিনা মন্ত্রাপুদ্ধনে ন হি বোগাতা।—তদ্বাস্তরবচন, ক্রঃ বৃহ ত সা ১০ম সং, পৃঃ ১২

প্রাণায়ামৈর্বিনা বদ্ধৎ কৃতং ক'ম নিরর্থকম্। অতো বত্তেন কর্তব্যাঃ প্রাণায়ামাঃ শুভার্ষিভিঃ।
 —অগন্তাসংহিতারচন, দ্রঃ পু চ, তঃ ৩, পঃ ১৬২

অর্চয়েজ্বপকালে (অর্চনে অপকালে ?) চ ধানে কাম্যে চ কম নি।
 লানে আবাহনে শব্দে প্রতিষ্ঠায়াং চ য়ক্ষণে।
 নৈবেল্পে চ তথা অপ্তত্ত তত্ত্বকলপ্রকাশিতে।
 ছানে মুদ্রা দশিতব্যাঃ ব্যবলক্ষণক্ষিতাঃ। —বামলবচন, আঃ পু চ, তঃ ৬, পুঃ ৪৪৯

৪ বেমন জ্ঞানাৰ্থততে নিমোক্ত মুদ্রার বিবরণ দেওয়া হয়েছে—চাপ বাপ কাম বোনি ত্রিপূল অক্ষমালা বর অভয় ধটাল কাপালিকী ভয়র দন্ত পাশ অঙ্কুশ পরত লভ্জু বীলপুর ধড়গ চর্ম মৃলল গুলা কাশা বিশা পুতক বাাধ্যান সপ্তক্রিকা গালিনী কুন্ত প্রার্থনা কালকর্ণিকা বিশ্বয় নাদ বিন্দু সংহার মহত কুর্ম লেলিহা মহাবোনি ত্রিথপ্তা সর্ববিদ্রাবিশী আকর্ষণী সর্ববিশ্বকরী উন্মাদিনী বীল্ল ভৃতিনী সৌভাগ্যদাভিনী রিপ্রক্রিকারহা গোসুধী, স্চী: রক্ষা হোটিকা এবং তল্ব।—ডঃ এ, পুঃ ২০০০ ২০০১

করে ছই অনামিকার মূলপর্বে ছই অনুষ্ঠ যুক্ত করলে আবাহনীমূলা রচিত হয়। কিংবা থেমন বাম হস্ত মৃষ্টিবদ্ধ করে তর্জনীকে প্রসারিত করে দিয়ে অধােমূথে লামিত করলে অবগুঠনমূলা রচিত হয়। অথবা যেমন দক্ষিণহস্ত দৃঢ়রূপে মৃষ্টিবদ্ধ করে ঐ হস্তের তর্জনী নাসিকাগ্রে স্থাপন করলে রচিত হয় বিস্ময়াবেশকারিণী বিস্ময়মূলা।

মুদ্রার ঐতিহাসিক সন্ধান—শুট্ট বোঝা যাচ্ছে এই ধরণের মূলা কোনো বন্ধ বা ভাবের ভোতক ইঙ্গিত বা সংকেতবিশেষ। পূজাদিতে এরূপ সংকেত ব্যবহারের অর্থ কি ? এই প্রন্নের ঐতিহাসিক উত্তর অহুমান করা যেতে পারে। তত্ত্বে মূলার ব্যাখ্যার বলা হয়েছে যা দেবতাদের আমোদিত করে এবং পাপসমূহ ল্রাবিত করে তাই মূলা। এই ব্যাখ্যার প্রথম অংশে পূর্বোক্ত প্রশ্নের উত্তর স্টিত হয়েছে। আদিম মানব নানা রকম অঙ্গভঙ্গী করে নৃত্য করে দেবতাকে প্রসন্ন করার চেষ্টা করত। যাত্ত্রিয়াতে সে সংকেত ব্যবহার করত। আদিম মানবের দেবপূজা আর যাত্ত্রিয়া প্রায়ই পৃথক্ হত না। মনে হয় পূজামুষ্ঠানাদিতে ব্যবহৃত মূলা সেই আদিম যুগেরই শ্বুতি বহন করছে।

মুদ্রার প্রকারভেদ—তন্ত্ররাজতন্ত্রে আলোচ্য মৃদ্রার স্থুল ক্ষম এবং পর এই তিনটি প্রকারভেদ করা হয়েছে। করাঙ্গুলির ছারা যে-মৃদ্রা রচনা করা হয় তা স্থুল। মন্ত্রাত্মক স্থা ক্ষম। মৃদ্রা যথার্থতঃ যা তাই পরমৃদ্রা।

বিভিন্ন দেবতার প্রিয় বিভিন্ন মুক্তা—তঞ্জমতে বিশেষ বিশেষ মুক্রা বিশেষ দেবতার প্রিয়। যেমন লিঙ্গ যোনি ত্রিশূল অক্ষমালা বর অভয় মৃগ খট্বাঙ্গ কপাল এবং ভমক এই মুক্তাগুলি শিবের প্রিয়। কাজেই শিবপূজায় প্রশস্ত।

<sup>&</sup>gt; হস্তাভ্যামঞ্ললিং বন্ধানামিকামূলপর্বণি। অসুঠো নিক্ষিপেং সেয়ং মূলা তাবাহনী স্থতা।
—বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ৫৬৭

২ সবাহত্তকৃতা মৃষ্টি দীর্ঘধাম্থতর্জনী অবওঠনমুদ্রেয়মভিতো ভ্রামিতা মতা।—ঐ

ও দক্ষিণা নিবিড়া মৃষ্টি নাসিকাপিততর্জনী। মুদ্রা বিশ্নয়সংজ্ঞা স্তাদ্ বিশ্নয়াবেশকারিণী। জ্ঞানার্থবতন্ত্রবচন, উদ্ধৃত, পুচ, তঃ ৬, পৃঃ ৪৫৭

৪ মোদনাৎ সর্বদেবানাং দ্রাবণাৎ পাগসন্ততে:। তত্মায়ুদ্রেরমাখ্যাতা সর্বর্ক মার্থসাধিনী।
 বামলবচন, উদ্কৃত, ঐ, পৃঃ ৪৪৯

মুদ্রাঃ স্থান্তিবিধা দেবি রচনামন্ততন্তঃ। ভুলস্কাপরাখ্যাতা তংকৈবিধ্যং শৃণু প্রিয়ে।—ত রা ত ৪।৫৫

বেমন তন্ত্রাজতন্তে জাঁলী কাঁব লুঁস: ক্রী হ স্থ্তে হিসাঁএবং ঐ এই নয়ট মত্তের উলেধ করে বলা
হয়েছে 'এতে একাকরা মত্রারপা মহেখরি!' (ত রা ত ৪।২২-২৫)—মহেখরি! এই সব একাকরমত্র
মুক্রারপী।

লিকবোনিত্রিশ্লাক্ষমালেষ্টাভীমুগাহ্বরাঃ। থট্বালা চ কপালাখ্যা ডমক্লং শিবতোবদাঃ।
 —মুন্তানিবন্ট্, ৮-৯ বাং ত অ, পৃঃ ৬৯

সংস্থ কুর্ম লেলিহা মৃত্ত মহাষোনি এই কটি মৃত্রা সর্বপ্রকার সিদ্ধি ও সমৃদ্ধি প্রদান করে। এদের মধ্যে মহাযোনিমৃত্রা শক্তিপূজায় প্রশস্ত, খ্যামাদির পূজায় মৃত্তমৃত্রা প্রশস্ত আর মংস্থ কুর্ম ও লেলিহা মৃত্রা সাধারণ।

যোনি ভৃতিনী বীজ দৈত্যধূমিনী ও লেলিহা এই পঞ্মুদ্রা তারাবিভার প্রিয় এবং তাঁর অর্চনায় প্রশস্ত ।°

সংক্ষোভিণী দ্রাবিণী আকর্ষিণী বখা উন্মাদিনী মহাঙ্কুশা থেচরী বীজ যোনিও ত্রিখণ্ডা এই দশমুদ্রা ত্রিপুরস্কারীর প্রিয় ও তাঁর পূজায় প্রশস্ত।

বিশেষ ক্রিয়ায় বিশেষ মুদ্রো—আবার বিশেষ বিশেষ তান্ত্রিক ক্রিয়ায় বিশেষ বিশেষ মূলা নির্দিষ্ট হয়েছে। বেমন অভিবেকক্রিয়ায় ক্স্তমূলা, আদনে পদ্মমূলা, বিম্নপ্রশমনক্রিয়ায় কালকর্ণীমূলা এবং জলশোধন ক্রিয়ায় গালিনীমূলা প্রশস্ত।

পান্ত-অর্ঘ্যাদি বিভিন্ন পূজোপচার অর্পণেও বিভিন্ন মূদ্রার বিধান দেওয়া হয়েছে।

মুদ্রার উপথে গিতা প্রাহ্য় গাঁল বিষা গাঁল বিষয়ে শাল্লর বিহিত এ-সব মূলার ব্যবহার সম্প্রদায়ক্রমে চলে আসছে। শাল্লবিষা গাঁ সাধকেরা এ বিষয়ে শাল্লের নির্দেশ চূড়ান্ত বলে মনে করেন। সাধনার বাইরের লোকেদের মনে মূলার উপযোগিতা সম্বন্ধে সংশয় জাগতে পারে, তাদের কাছে মূল্রাদি নিরর্থক মনে হতে পারে কিন্তু সাধকের মনে এ রকম কোনো সংশয় জাগে না, মূলাদির সার্থকতা সম্বন্ধে সাধকের বিশাস অটুট। সাধনার অঙ্গীভূত এই-সব ব্যাপারের উপযোগিতা স্বক্ষেত্রে বৃদ্ধিগ্রাহ্ম নয়। এ-সব ক্ষেত্রে শাল্লের নির্দেশেই চলতে হয়। শাল্লে যাদের আস্থা নেই, শাল্পনির্দিষ্ট সাধনা তাদের জন্ম নয়। আর যারা সাধক নয় সাধনার অনেক ব্যাপারই বিচারবিতর্কের ঘারা বোঝান যায় না এই সহজ্ব সভাটি তাদের পক্ষেত্র স্বীকার করে নেওয়া ছাড়া গত্যস্তর নাই। তবে সাধনার অঙ্গীভূত প্রত্যেকটি ব্যাপারের সার্থকতা যে সমগ্র সাধনার সার্থকতার অন্তর্ভুক্ত বৃদ্ধির বিচারেও এ কথা গ্রাহ্ম।

- মংস্তমুদ্রা চ কুর্মাধ্যা লেলিহা মুগুসংজ্ঞিকা। মহাযোনিরিতি থ্যাতা সর্বসিদ্ধিসমৃদ্ধিদা।

  শক্ত্যর্চনে মহাযোনিঃ শ্রামাদো মুগুমুদ্রিকাঃ। মংস্তকুর্মলেলিহাধ্যা মুদ্রা সাধারণী মতা।
  - মুলানিঘণ্ট ১৪-১৬, ক্লং ত অ ঐ
- দশমূলাঃ সমাধ্যাতাল্রিপুরারাঃ প্রপূজনে। সংক্ষোভয়াবণাকর্ববস্থোয়াদমহাহত্তুশাঃ।
   ধেচরী বীজবোল্ঞাথ্যা ত্রিবঙা দশ কীতিতাঃ।—এ ১৮১৯, এ, পুঃ ৬৯-৭০
- কুছমুদ্রাহভিবেকে স্থাৎ পল্লমুদ্রা তথাসনে। কালকর্ণী প্রবোক্তব্যা বিশ্বপ্রশমকর্মণি।
   গালিনী চ প্রবোক্তব্যা জলশোধনকর্মণি।—ঐ ১৯-২৽, ঐ, পুঃ १॰
- क्षः भू ठ, ७: ७, १: २६२-२६०

## সপ্তদশ অধ্যায়

## প্রতীক ও প্রতিমা

প্রতীকে বা প্রতিমায় পূজা—বহিঃপূজায় প্রতীকে বা প্রতিমায় আরাধ্য দেবতার পূজা করতে হয়।

এই প্রতীকে বা প্রতিমায় পূজা করার তাৎপর্য কি বিচার করে দেখা প্রয়োজন। তত্ত্বদৃষ্টিতে দেখলে সমস্ত পূজা বা আরাধনায় একমাত্র লক্ষ্য ব্রহ্ম, শাক্তমতে পরব্রহ্মস্বরূপিণী মহাশক্তি।

নিরাকার সাকার—ব্রহ্ম নিরাকার। তত্ত্বের বিচারে তিনিই স্টিক্সপে বিবর্তিত বা পরিণত হন। এইজন্য শাস্ত্রে তাঁর নিরাকার সাকার তুই রূপই স্বীকৃত হয়েছে। এ বিষয়ে আমরা পূর্বেও আলোচনা করেছি।

মহানির্বাণতন্ত্রে ব্রহ্মময়ী আত্থা শক্তি দম্বন্ধে বলা হয়েছে তিনি নিরাকারা হয়েও সাকারা, কে তাঁকে জানতে পারে ?

ভারপের রূপধারণ—সাধনার দিক্ দিয়ে বলা হয়েছে ব্রহ্ম সাধকের প্রতি অন্তগ্রহ করার জন্ত রূপধারণ করেন। ব্রহ্মস্তব্রের ভাল্তে আচার্য শব্ধর লিখেছেন সপ্তগব্দ্ধ পরমেশ্বর সাধককে অন্তগ্রহ করার জন্ত ইচ্ছাবশে মায়াময়রূপ ধারণ করেন। এরপ উপাভ্যরূপ। তদ্ধেও অনুরূপ অভিমত ব্যক্ত হয়েছে। আমরা পূর্বেই লক্ষ্য করেছি তদ্ধের মতে সাধকদের হিতের জন্ত অরূপা রূপধারণ করেছেন।

কুলার্ণবিতক্ষে বলা হয়েছে পাধকদের হিতের জন্ম চিন্ময় অপ্রমেয় নির্প্তণ অশরীরী ত্রন্ধের দ্ধপকলনা। এ বিষয়েও পূর্বে আলোচনা করা হয়েছে।

সাধকের হিত হয় ধ্যানপূজাদি-সাধনার ঘারা। স্থপ্রভেদতত্ত্বে কথাটা পরিষ্কার করেই

১ ৰে বাব ৰ ক্লণো রূপে মৃত কৈবামৃত্ঞ মত্যঞ্চামৃতক ছিতক বচ্চ সচ্চ ত্যচ্চ ।—বৃহ উপ ২।৩।১

নিরাকারাংপি সাকারা কল্বাং বেদিতুর্মইতি।—মহা ত ৪।১৫

ত স্থাৎ প্রমেধরস্থাপীচ্ছাবশাঝারামরং রূপং নাধকামুগ্রহার্থম্।— র সু ১।১।২ -- এর শহরভার

সাধকানাং হিতার্থায় অরূপা রূপধারিনী।—নবরত্বেশরবচন, ফ্র: ত ত, পৃ: ৩৫৪

শ্রঃ কৃত ৬।৭২
 এই রূপকল্পনা কার এ বিষয়ে সিকান্ত এক নয়। এক মতে রূপকল্পনার কর্তা ব্রহ্ম, অল্পমতে সাধক
তবে শারের মর্মজ্ঞরা সাধারণতঃ প্রথমোক্ত মত সমর্থন করেন।—য়ঃ ত ত, পৃঃ ১৪০-১৪¢

বলা হয়েছে শ্বতি মন্ত্রনাধক জ্ঞানী বোগী এঁদের ধ্যানপূজার জন্ম বন্ধীয় মায়াকে আবল্যন করে অনেক তন্তু অর্থাৎ ক্লপ গ্রহণ করেন।

দেব্যাগমে আছে শন্তেকদের প্রতি অন্ত্রাহ করার জন্ত চিৎস্বরূপা পরব্রহ্মস্বরূপিণী সেই মহামায়া নানারূপ ধারণ করেছেন।

মহানির্বাণতন্ত্রের মতে অন্ধপার রূপধারণের উদ্দেশ্য আরও ব্যাপক। দেবী উপাসকদের কাজের জন্ত, জগতের শ্রেয়ের জন্ত আর দানবদের বিনাশের জন্ত নানাবিধ তহু অর্থাৎ রূপ ধারণ করেছেন। স্থামরা অন্তন্ত্রেও এ বিষয়ের উল্লেখ করেছি।

দেবী সর্বমঙ্গলা নানারূপে নির্ন্তর জগতের শ্রেয়োবিধান করছেন, মানুষের অস্তরের দানবীবৃত্তিসমূহকে বিনাশ করছেন, জগতের যাবতীয় অশুভ বিনাশ করছেন। সারকথা শ্রেয়ের পথে অসংখ্য বিশ্ব থাকা সত্ত্বেও দেবীর কুপায় জগৎ শ্রেয়ের দিকেই চলেছে এই আশাস আলোচ্য তম্মবচনে পাওয়া যাছে।

সমস্ত বিশ্বই পরব্রহ্মস্বরূপিণী মহাদেবীর রূপ। কিন্তু সাধারণ প্রথমাধিকারী সাধকের পক্ষে বেমন দেবীর অরূপের ধারণা করা সন্তবপর নয় তেমনি এই বিরাট্রূপের ধারণাও তার সাধ্যাতীত। শাস্ত্রেও এবিষয়ের উল্লেখ আছে। ভগবতী-গীতায় মহাদেবী হিমালয়কে বলছেন আমার মায়ায় মৃথ্য জীব আমার সর্বব্যাপী অবৈত পরম অব্যয় রূপ জানতে পারে না। জাসল কথা উচ্চকোটির সাধক ভিন্ন অন্ত কেউ মহাদেবীর বিরাট্রূপের ধারণা করতে পারে না। এইজন্ত নিয়াধিকারী সাধারণ সাধকের ধারণার উপযোগী মহাদেবীর বিভিন্নরূপ শাস্তে নির্দিষ্ট হয়েছে।

**ত্রিবিধ উপাশুরূপ** –সেতুবন্ধে আচার্য ভাষররায় লিথেছেন উপাশু। পরমেশ্রীর

- ২ চিতিরূপা মহামায়া পরং ৰু ক্ষবরূপিণী। সেবকামুগ্রহার্থার নানারূপং দধার সা।
  —দেবাাগমবচন, লঃ ত ত, পৃঃ ৩৫৪
- উপাসকানাং কার্যার্থং শ্রেয়দে জগতামপি। দানবানাং বিনাশায় ধংদে নানাবিধান্তন্ঃ।—মহা ত ৪।১৬
- s (i) নিত্যৈব সা জগন্মতিন্তরা সর্বমিদং ততম্।—ছু স ১।৪৭
  - (ii) व टेक्सरवर विविधानः विविधे ।-- मू छेन शशा ।--
- - —ভগবতীগীতাবচন, স্তঃ ত ত, পুঃ ১৫৮

উপাসনাযোগ্য স্থাপ তিরিধ— স্থাপ স্থাপ এবং পর। স্থাপরপ করচরণাদি অবয়বযুক্ত, মছ-সাধকদের চক্ ও হস্ত এই তুই ইন্দ্রিয়গ্রাহা। স্কারণ মন্ত্রাব্যক, এটি পুণাবান্দের অবণেজ্রিয় ও বাগিজিয় এই উভয় ইন্দ্রিয়যোগ্য। আর পররূপ বাসনাত্মক, এটি পুণাবান্দের মনোগ্রাহ্ছ। এই ত্রিরূপের অতীত, বাক্যমনের অতীত, মৃক্ত অহস্তা দারা অন্তভ্যমান পরমেশরীর একটি অথও রূপও আছে।

ষামলেও এই ত্রিবিধ রূপের কথা বলা হয়েছে। যথা হস্ত-পদ-উদরাদিযুক্ত যে-রূপ তাই স্থলরপ। প্রকৃতির রূপ স্ক্ররূপ এবং জ্ঞানময়রূপ পর্বরূপ।

প্রাকৃতি বলতে এখানে উদ্ভবস্থল অর্থাৎ বীজমদ্র বুঝতে হবে। কেন না শাল্পের অভিমত দেবতার শরীর নিশ্চিতরূপে বীজমদ্রের থেকে উৎপন্ন হয়।

সাধনার স্তর ও সাধকের অধিকার অন্ত্সারে মহাদেবীর এই স্থুলাদিরপের আরাধনা বিহিত হয়েছে।

মন্দব্দিদের জন্য প্রতিমাদি স্থলরপ — দেবতার শাস্ত্রোক্ত ধ্যাননির্দিষ্ট বাষ্ম স্থলরপণ্ড অজ্ঞ লোকের কাছে পরিক্ষ্ট হয় না। এই ধরণের নিমাধিকারী ব্যক্তির জন্মই দেবতার প্রতিমা বা মূর্তির প্রয়োজন। জাবালদর্শনোপনিষদে বলা হয়েছে যোগীরা নিজের মধ্যেই শিবকে দর্শন করেন প্রতিমায় নয়। অজ্ঞদের ভাবনার জন্মই প্রতিমা পরিকল্পিত হয়েছে।

কুলার্ণবতদ্বেরও অভিমত ব্রাহ্মণদের দেবতা আছেন অগ্নিতে, মনীধী মৃনিদের দেবতা হ্রদয়ে, অপ্রবৃদ্ধ ব্যক্তিদের অর্থাৎ অজব্যক্তিদের দেবতা প্রতিমাসমূহে আর আত্মবিদ্দের দেবতা সর্বত্ত। এর অর্থ কর্মকাগুরত বেদপদ্বী ব্রাহ্মণেরা ঘ্রুপ্রাগ্নিতে দেবারাধনা করেন, মনীধী মৃনি ঋষি যোগীরা স্বহৃদয়ন্ত পরমাত্মার আরাধনা করেন, অজ্ঞ ব্যক্তিরা প্রতিমায় দেবতার আরাধনা করেন আর যেহেতু আত্মবিদ্দের কাছে স্বই ব্রহ্ম সেইজ্ল্য তাঁরা সূর্বত্ত আরাধনা করতে পারেন।

মোটকথা অজ্ঞব্যক্তিরা দাক্ষাদ্ ভগবৎপূজা করতে পারেন না বলেই তাঁদের জন্ম প্রতিমায় পূজাব্যবস্থা।

- > করপালোদরজ্ঞাপি রূপং বং ছুলবিগ্রহন্। স্বন্ধং চ প্রকৃতে রূপং পরং জ্ঞানমরং খুতন্।
  —বামলবচন, স্রঃ শা ত, উঃ ৩
- २ (पवलामाः नतीत्रक बीमाञ्चलकार अनम्।—वामगवतन, ना छ, छः ०
- 👁 সিবন্ধান্ত্রনি পশুস্তি প্রতিমাহ ন যোগিন:। অজ্ঞানাং ভাবনার্থার প্রতিমা: পরিকলিতা:।
  - ---জাবালদর্শনোপনিবং ৪IC>
- এ ক্রের তির্ভিতি বিপ্রাণাং ক্লি দেবো মনীবিণান্। প্রতিমাক্তাব্দ্রানাং সর্বত্র বিদিতাক্সনান্—কুত ।।।।।
   ১১০

দেবতার স্থুল বাষায়ক্ধপের ধারণাও যাদের হয় না তারা যে তাঁর স্ক্র্ম বা পরক্ষপের আরাধনা করতে পারে না দে-কথা বলাই বাহুল্য। আর সহজেই বোঝা যায় এ-সব লোকের কাছে 'নিরাকার' কথার কথা মাত্র।

এইজন্তই শান্তের বিধান নিমাধিকারী সাধককে প্রথম দেবতার স্থুলরূপের অর্থাৎ প্রতিমাদির ধ্যানধারণাপূজাদি করতে হবে। ভগবতী-গীতায় ভগবতী হিমালয়কে বলছেন—পর্বতপূঙ্গব আমার যে-স্কল রূপ দর্শন করলে মোক্ষলাভ হয় আমার স্থুলরূপের সম্যক্ ধ্যান যে না করেছে তার কাছে সেটি অগম্য। সেইজন্য মন্দবৃদ্ধি মৃমৃক্ অর্থাৎ নিমাধিকারী মৃদ্ধিকামী ব্যক্তি প্রথমে আমার স্থুলরূপ আশ্রম্ম করবে এবং ক্রিয়াযোগে যথাবিধি সেই-সব রূপের অর্চনা করে আমার পর্ম অব্যয় স্কল্পরূপের অল্প অল্প আলোচনা করবে।

স্থান ক্লার্থিক স্ক্রা—ক্লার্থিত স্থেও দেবতার ধ্যানপ্রসঙ্গে বলা হয়েছে সাধক প্রথমে দেবতার স্থানর স্থান করে মনস্থির করবেন। মন স্থানের ধ্যানে স্থিরতা লাভ করলে সক্রের ধ্যানেও নিবিষ্ট হতে পারে।

বিচার করে দেখলে দেখা যাবে তন্ত্রের এই বিধানই যুক্তিযুক্ত বিধান। আপামর সাধারণের পক্ষে দেবতার স্কন্ধ রূপাদির ধ্যানাদি সম্ভবপর নয়, কাজেই তাদের জক্ত সুলবিগ্রহের ধ্যানপৃজাদির ব্যবস্থা দেওয়া হয়েছে। নিমাধিকারী সাধক ব্রন্ধের স্থুলক্ষপের ধ্যান পূজাদি দিয়ে আরম্ভ করে সোপানারোহনক্রমে সাধনার সর্বোচ্চ স্তরে আরোহণ করে ব্রহ্মস্বরূপের উপলব্ধি করতে পারবেন শাস্ত্রীয় বিধানের এই তাৎপর্য। ত

ক্সপের মধ্যে অক্সপ—মাহ্য নিজে রূপজগতে এক স্বরূপ সতা। সেইজন্ম রূপের প্রতি তার আকর্ষণ স্বাভাবিক। রূপ তাকে তৃপ্তি দেয় আনন্দ দেয় তার মনকে আশ্রয় দেয়। তার সাকার উপাসনার এটি অন্যতম কারণ। রূপের মধ্য দিয়ে সে রূপাতীতের আরাধনা করে, রূপ সাগরে তুব দিয়ে অরূপরতন পেতে চায়।

মূর্তিপূজার তাৎপর্য— প্রতিমায় বা মূর্তিতে দেবপূজার এইটি রহস্য। মূর্তিশব্দের ব্যুৎপত্তিগত (মূর্চ্ছ্, + ক্তি) অর্থ প্রকটিত অথবা ব্যক্ত অবস্থা। পূজাশব্দের অস্ততম অর্থ

তল্পাং ছুলং কিবতপুলব। অগমাং ক্লেরপাং মে বদ দৃষ্ট্ । মৌক্ষভাগ্, ভবেং।
তল্পাং ছুলং হি মে রূপাং মুমুকুঃ পূর্বমাশ্র্রেং। ক্রিরাবোণেন তাল্পের সমভ্যক্ত বিধানতঃ।
অল্পালোচরেং ক্লেং রূপাং মে পরমব্যরম্।—মহাভাগবতান্তর্গত ভগবতী-গীতার বচন, ক্লঃ ত ত, পৃঃ ১৬৫

২ ছিরাক্সমানসঃ কশ্চিং খুলধ্যানং প্রচক্ষতে। খুলেন নিশ্চিতং চেডঃ ভবেং ক্লেছপি সুদ্বিতিঃ।

<sup>—</sup>কু ত, উ: »

ও সনাতন ধর্মের এটি অক্টতম বৈশিষ্ট্য। উপনিবদেও ব্রহ্মজ্ঞানলাভের অনুরূপ ক্রম নির্দিষ্ট হরেছে।

<sup>-</sup> जः हा डेश, वा १

শ্রেষ্ঠকে অবলম্বন করে নিজেকে শ্রেষ্ঠ করার চেষ্টা। কাজেই মূর্তিপূজার অর্থ ভগবানের বিকাশ জীবজগৎতত্ত্বকে অবলম্বন করে শ্রেষ্ঠতা লাভ করার চেষ্টা অথবা ব্যক্ত অবস্থাকে অবলম্বন করে অব্যক্ত পরমতত্ত্বে প্রবেশের চেষ্টা।

সব আরাধনাই ব্রহ্মময়ীর আরাধনা— আমরা লক্ষ্য করেছি পরব্রহ্মস্বরূপিণী মহাশক্তি নিরাকারা হয়েও দাকারা, অরপা হয়েও রূপধারিণী। তিনি দর্বস্বরূপা। কাজেই তিনিই পরমাত্মা, তিনিই জীবাঝা, তিনিই বিশ্বহ্মাগু। যে যেভাবে যেরূপে আরাধনা করুক না কেন মূলতঃ তাঁরই আরাধনা করে।

সাধকের আত্মা আরাধ্য—তপ্তরাজতন্ত্রে বলা হয়েছে সাধকের আত্মাই তার আরাধ্য দেবতা। সে-দেবতা ললিতা এবং বিশ্ববিগ্রহা।

সাধক বে প্রতিমা বা প্রতীকের পূজা করেন তা তাঁর আত্মা বা আত্মন্থ দেবতা। বস্তুত: ব্রহ্মই একমাত্র আরাধ্য। বে-কোনো আরাধ্য ব্রহ্মেরই রূপভেদ। ব্রহ্মই আত্মা। ছালোগ্য উপনিষৎ বলেন সেই আত্মা হৃদয়ে অবস্থিত।

তত্ত্বে এঁকে বলা হয়েছে আত্মন্থদেবতা। তত্ত্বের অভিমত যে আত্মন্থদেবতাকে ত্যাগ করে বাইরে দেবতার অন্থেবন করে দে হস্তগত কৌশ্বভ ত্যাগ করে কাঁচের আশায় ঘুরে বেড়ায়। আগে অস্তরে মহাদেবীকে প্রত্যক্ষ করে তবে তাঁর বাইরের প্রতিমা বা প্রতীকের পূজা করতে হবে।

নিয়াধিকারী ব্যক্তির পক্ষে এ কাজ সম্ভবপর নয়। অথচ প্রতিমায় পূজা বিশেষ করে নিয়াধিকারী ব্যক্তির জন্তই বিহিত। তা হলে এই শাস্ত্রবচনের তাৎপর্য কি? আমাদের মনে হয় বাহ্য প্রতিমা বা প্রতীক বস্তুতঃ সাধকের আত্মন্তদেবতা এই ভাবটি সাধকের মনে মৃদ্রিভ করে দেওয়া উক্ত শাস্ত্রবচনের তাৎপর্য। সাধক বাহ্য প্রতিমা পূজা করার আগে দেবতার বাহ্ময়ীমূর্তি চিস্তা করবেন অথবা শাস্ত্রোক্ত ধ্যান পাঠ করবেন। এইভাবে শাস্ত্রের নির্দেশ পালন করা হবে।

ধ্যানাকুযায়ী স্থূলরপ— সাধক মহাদেবীর যে-মন্ত্রে দীক্ষাগ্রহণ করেন সেই মন্ত্রোদিষ্ট তাঁর ষে-ধ্যান শান্ত্রবিহিত সেই ধ্যানাকুসারে রচিত প্রতিমা বা মূর্তিই তাঁর বাহ্নপূজাযোগ্য স্থলরূপ। ধ্যানকে দেবতার বাদ্ময়ী প্রতিমা বলা যায়।

১ পুড, পৃ: 70

২ স্বাক্সৈব দেবতা প্রোক্তা ললিতা বিশ্ববিগ্রহা —ত রা ত ৩০।১৩

ত স্বাএৰ আত্মা হৃদি।—ছা উপ ৮৷৩৷৩

জাল্লছাং দেবতাং ত্যক্তা বহির্দেবং বিচিছতে। করছং কৌন্তভং ত্যক্ত্বা অমতে কাঁচভূকর।
 প্রত্যক্ষীকৃত্য হাদরে বহিঃছাং পুলরেচ্ছিবান।—শা ত, উঃ ৬

শ্রতিমার আর্থ — প্রতিমাশবের মুখ্য অর্থ সদৃশ বস্ত । তার থেকে গৌণ অর্থ হরেছে প্রতিরূপ বা প্রতিমৃতি। মুদাদিনিমিত দেববিগ্রন্থ দেবতার প্রতিমা। মন্থানিবাশতত্ত্বে প্রতিমাকে বলা হয়েছে দেবতার আবাস এবং আছা প্রমেশী প্রাংপরা স্বয়ং। প্রতিমাদেবতার আবাস এবং নেবতা স্বয়ং।

লানাপ্রকারের মূর্তি—নানাপ্রকারে দেবতার ধ্যাননির্দিষ্ট প্রতিমা বা মৃতিরচনা করা বার। শাল্পে সাধারণতঃ আট রকমের প্রতিমার উল্লেখ পাওয়া বার। বথা—পাবাশমী, কাইময়ী, লোহময়ী, লেপ্যা অর্থাৎ সিন্দুরচন্দনাদিরচিতা, লেখ্যা অর্থাৎ চিত্রিতা, সৈক্তা অর্থাৎ বালুকানির্মিতা অর্থাৎ মুয়য়ী, মনোময়ী এবং মণিনির্মিতা। এর মধ্যে একমাত্র মনোময়ী প্রতিমা ছাড়া আর সবই ভাকররায়কথিত পূর্বোক্ত চকুহন্তগ্রাছ সুলম্তি।

তবে মৃতির প্রকারভেদের অন্তরকম তালিকাও পাওয়া যায়। 

অবার বিভিন্নবন্ধনির্মিত প্রতিমাপুজার বিভিন্ন ফলও শান্তে নির্দিষ্ট হয়েছে।

প্রতিমা বা মূর্তি প্রতীক—ভাবকে রূপ দিতে গেলে প্রতীক বা সংক্ষতের সাহায়্য দিতে হয়। বেমন ভাবপ্রকাশের একটি উপায় ভাষা আর সেই ভাষাকৈ দেখা হয় প্রতীকের বা সংক্ষতের সাহায়ে। সে-প্রতীক বা সংক্ষত বর্ণমালা। এক একটি বর্ণ এক একটি শব্দ বা আওয়াজের প্রতীক।

তেমনি আধ্যাত্মিক সাধনার ক্ষেত্রেও বিশেষ বিশেষ ভাবচিস্তার গোতক শ্রতীক

<sup>&</sup>gt; তস্য ৰূক্ষণঃ প্রতিমা সদৃশং বস্কৃত্তরং নান্তি।—ত্র স্ গ।০।১৪-এর বেদান্তকর্মতরু।

নমন্তে প্রতিমে তুভাং বিষকর্মবিনির্মিতে। নমন্তে দেবতাবাসে ভক্তাভীষ্টপ্রদে নমঃ।
 ছরি সম্প্রকাম্যাভাং পর্মেশীং পরাংপরাম্। শির্দোবাবশিষ্টালং সম্পরং কুরু তে নমঃ।

<sup>-</sup> महां ७ ३७।२४४-२४७

মৃশ্বরী দারুঘটিতা লোহজা রত্মলা তথা। শৈলজা গছজা চৈব কৌহনী সপ্তথা স্থৃতা।
 —হয়শীর্বপঞ্চরাত্রবচন, এঃ শা তি ৪৮৭-এর রাঘবভটকৃত চীকা

শৈলকা লোহজা বাপি রত্নকা বাথ দাককা। মুন্ময়ী চেতি পথৈতাঃ প্রতিমাঃ পরিকীর্তিতাঃ।
সর্বেবামেব দেবানাং মহানীলা বশংপ্রদা। দাককা কামদা প্রোক্তা সৌবর্ণী ভূক্তিমুক্তিদা।
রাজতী অর্গকলদা তাত্রী হারুবিবধিনী। কাংজা ক্রাপদং হন্তি রৈতিকী শক্রনাশিনী।
সর্বভোগপ্রদা শৈলী ফাটিকী দীপ্রিকারিকা। মহাভোগপ্রদা থাতা মুন্ময়ী থলু শোভনা।

<sup>---</sup>মহাকপিলপঞ্চরাত্রবচন, ত্রঃ ঐ

ব্যবহার করা হর। প্রতিমা বা মূর্ভি দেবতার ভাবরূপের প্রতীক। প্রতিমা সম্ব্রাভাবে দেবতার গুণকর্মাদিবিষয়ক ভাবচিস্তার ছোতক। প্রতিমার হাত গুণের প্রতীক। এক এক দেবপ্রতিমার চার ছয় আট ইত্যাদি সংখ্যক হাতের এই তাৎপর্য। প্রক্রিমার হাতের আয়ুষ, প্রতিমার ভঙ্গি এ-সব দেবতার স্বভাবের প্রতীক।

সনাতনধর্মীদের আরাধ্যদেবমূর্তি এই কারণেই সব সময় প্রাকৃত মহস্থাকারও হয় না।
শাস্ত্রজ্ঞ গুরুমূপে মূর্তিরহস্ত অবগত হওয়া প্রয়োজন। কেন না সব রহস্ত প্রয়াদিতে ব্যাখ্যাত
হয় না। সম্প্রদায়ক্রমে যে-সব প্র ব্যাখ্যা চলে আসছে তা সম্প্রদায়বিদ্ ব্যক্তি ভিন্ন অত্যের
পক্ষে জানা সম্ভবপর নয়।

**অক্সান্ত প্রতীক**—দেবতার প্রতীক অবশ্র কেবলমাত্র প্রতিমা বা মূর্তিই নয়। শাল্পে অক্সান্ত প্রতীকেরও উল্লেখ আছে। যেমন উপনিষদে ওঁ° এই অক্ষর, মন ও আকাশ, <sup>8</sup> আদিত্য, <sup>৫</sup> স্বৃতি, <sup>9</sup> আশা<sup>9</sup> ইত্যাদিকে ব্রন্ধের প্রতীক বলা হয়েছে।

তত্ত্বেও দেবতার পূজাধ্যানের বিভিন্ন আধারের কথা বলা হয়েছে। এই-সব আধারকে দেবতার প্রতীক বলা যায়। মাতৃকাভেদতত্ত্বে শালগ্রাম মনি যন্ত্র প্রতিমা ঘট জল পুস্তিকা গলা শিবলিক এবং প্রস্থানক অর্থাৎ পূজায়ত্বকে পূজার আধার বলা হয়েছে। তথ্যিৎ এই-সব দেবতার প্রতীকরূপে বিহিত হয়েছে।

কুলার্থবতত্ত্রে মহাশক্তির ধ্যানপ্জার দশটি আধার নির্দিষ্ট হয়েছে। যথা লিঙ্গ অর্থাৎ শিবলিঙ্গ স্থান্তিল ১০ বহি জল স্থান্দ্র পট মওল ফলক সাধকের মস্তক এবং হানয়। এই-

<sup>&</sup>gt; বাচম্পতি মিশ্র ভাষতীতে লিথেছেন (ব্র স্ ৪।৫।১৫) 'আশ্রয়ান্তরপ্রত্যরস্যাশ্রয়ান্তরে প্রক্ষেপঃ প্রতীক ইতি হি বুদাঃ।'—কোনো একটি আশ্রয়ের প্রত্যেরে জন্ম অন্ধ্র অন্ধ্রয়ের প্রক্ষেপের নাম প্রতীক। বেষন ব্রহ্মাশ্ররপ্রত্যরকে নামাদি আশ্রয়ে প্রক্ষেপ করলে নামাদি ব্রহ্মের প্রতীক হবে। আলোচ্য স্ত্রের বেদান্তকল্পতকল বলা হরেছে 'অর্থান্তর বিষয়স্য বিষয়ান্তরে প্রক্ষেপঃ প্রতীকঃ'—ভিন্নার্থক বিষয়ের অন্ধ্রক্ষপ প্রতীক। অবস্ত্র বৃদ্ধান্ত ভিন্নার্থক ব্রহ্মবিষয় অন্থার্থজ্ঞাপক মামবিবরে প্রক্ষিপ্ত হওরায় নামাদি ব্রহ্মের প্রতীক। অবস্ত্র এরক্স ক্ষেত্রে নামাদিকে ব্রহ্মজ্ঞাপক সংক্ষেত্রও বলা বায়।

<sup>₹</sup> El. H. I., Vol. I, Part I. Intro., pp. 27-28

বেছবেদ ছ । বেলেদ ছ ৬ বেলবেদ ১ বেলবেদ ৪ বেলেদের ছি ৩

৮ শালগ্রামে মণৌ ৰত্রে প্রতিমারাং ঘটে জলে। পুত্তিকারাঞ্চ গলারাং শিবলিকে প্রস্কাক।

<sup>—</sup>নাভূ ভ ১২।১-২

লিলছভিলবহুগ্ৰ্পুৰ্ডাপটেব্চ। মগুলে কলকে মৃদ্ধি হাদি বা দশ কীতিতাঃ।
 এবু ছানেব্ দেবেশি যক্তি পরমাং শিবাম্।—কু ত, উঃ ৬

১০ স্থাপ্তিলে দেবীপুলা সম্বৰ্কে মতভেদ আছে। রাঘবভট্ট শারদাতিলকের (৪।৮৭) টাকার ঈশানশিবের এই উন্তিটি উদ্ধৃত করেছেন—শক্তিং নিকৈকোন তথৈব চক্রে চিত্রে পটে বা যক্ষম ন ভূমো।

মোহাদসে ছণ্ডিলগাং বজেচেদ্ অঞ্চেৎ ত্রিবর্গাদিতি মন্ত্রসিদ্ধাঃ।

সবকে মহাশক্তির প্রতীক বলা যায়। আবার বিন্দৃগর্ভশক্তিত্তিকোণ মহাদেবীর প্রতীক বলে গণ্য হয়, যেমন শিবলিঙ্গ ও শাল্প্রাম যথাক্রমে শিব ও বিষ্ণুর প্রতীক বলে গণ্য হয়।

শাস্ত্রসম্মত প্রতীক—সমন্তই যথন ব্রহ্মমন্ত্রীর ক্লপ তথন সিদ্ধান্তের দিক্ দিয়ে বলা যায় যে-কোনো বস্তুই দেবীর প্রতীক হতে পারে। কিন্তু সাধনার ক্লেত্রে শাস্ত্রসম্মত প্রতীকগ্রহণই বিধি। স্বেচ্ছাচার সাধনার ক্লেত্রে চলে না। শ্রীমদ্ভগবদ্গীতায় বলা হয়েছে শ—যে শাস্ত্রবিধি লক্ষ্মন করে আপন থেয়ালখু শিমত চলে সে সিদ্ধিলাভ করতে পারে না, ইহলোকে স্থপ পায় না এবং পরলোকেও শ্রেষ্ঠ গতিলাভ করে না।

শান্ত্রোক্ত প্রতীকের হেতু শান্তে যে-সব প্রতীক নির্দিষ্ট হয়েছে সেই-সব প্রতীক কেন নির্দিষ্ট হয়েছে তার কারণ সঠিক নির্ধারণ করা সম্ভবপর না হলেও অস্থুমান করা যায়। যে-সব বিশেষ বিশেষ পদার্থ স্থভাবতঃ আন্তিক মাস্থ্যের অন্তরে ভগবদ্ভাব উদ্দীপিত করে মোটের উপর সেই-সব পদার্থকে প্রতীক গণ্য করা হয়েছে বলা যায়। ত্র্য চন্দ্র আগ্রি আকাশ সাগর গলা প্রভৃতি এর দৃষ্টাস্ত। আবার যে-সব পদার্থে শক্তির বিশেষ প্রকাশ উপলব্ধ হয়, যেমন মাস্থ্যের মন্তক, হদ্য ইত্যাদি, দেখা যায় সেই-সব পদার্থকে প্রতীকরূপে নির্দেশ করা হয়েছে। সবক্ষেত্রে অবশ্র শান্তের অভিপ্রায় অস্থুমান করাও যায় না। সে-সব ক্ষেত্রে আপাতদৃষ্টিতে মনে হয় যথাভিক্রিচি প্রতীক নির্দেশ করা হয়েছে। তবে এই-সব ক্ষেত্রেও কোনো গৃঢ় তাৎপর্য থাকতে পারে।

প্রতীকোপাসনা তথা প্রতিমাপূজার মর্মরহস্থ দেখা বাচ্ছে আরাধনার কেত্রে প্রতীক দেবতাপ্রতায়ের আলম্বনমাত্র, দেবপূজার আধারমাত্র। কাজেই প্রতীকোপাসনা বা প্রতিমাপূজার মর্মরহস্থ প্রতীক বা প্রতিমায় সেই প্রতীকোপলক্ষিত দেবতার পূজা, প্রতীক বা প্রতিমার পূজা নয়। সাধারণভাবে বলা বায় প্রতীক তথা প্রতিমা ব্যবহারতঃ জড়পদার্থ। দেবতা চিয়য়ী। সনাতনধর্মীয় সাধনায় চিয়য়ী দেবতাই আরাধ্যা, জড়পদার্থ আরাধ্য নয়।

১ জঃ শক্তিসম্বন্ধী সাহিত্য, ক শ অ, পৃঃ ৬২১-৬২২

২ বঃ শাস্ত্রবিধিমুৎক্ষা বর্ততে কামকারতঃ। ন স সিদ্ধিমবাপ্নোতি ন হুখং ন পরাং গতিষ্।

ত বদ্বদ্বিভূতিমৎ সবং শ্রীমদূর্জিতমেব বা। তৎ তদেববৈগছ তং মম তেজাংশসম্ভবন্।—ঐ ১০।৪১
—— শ্রীভগ্রান বলছেন— যে সব পদার্থ ঐত্ধবৃদ্ধ, শ্রীসম্পন্ন বা বলসম্পন্ন সে-সব আমার শক্তির অংশসমূত বলে
ভাববে।

প্রতীকেন প্রতীকাবছেনেন 'সং' পরমাল্লা উপাক্ততে ন তু প্রতীকঃ প্রতিমা জড়া প্রতিকৃতিক্লপাক্ততে।

<sup>—</sup>ত্র স্থ ৪।১।৪-এর শক্তিভান্ত

বাহুপূঞ্জান্ন বেধানে প্রতীকে বা প্রতিমান্ন দেবপূজা হয় দেখানে দেবতার আবাহন-প্রাণপ্রতিষ্ঠা- ও বিসর্জন-অন্মষ্ঠানে এই সিদ্ধাস্কের নিদর্শন আছে।

প্রাণপ্রতিষ্ঠা—আবাহনের বিষয় পূর্বেই আলোচনা করা হয়েছে। আবাহনের পর প্রাণপ্রতিষ্ঠা। এর ষ্ণাবিহিত অষ্টান আছে। সংক্রেপে বলা যায় প্রথমে প্রাণপ্রতিষ্ঠামন্ত্র-ন্তাসাদি করে প্রাণশক্তির ধ্যান করতে হয়। তার পরে মৃগম্জা বারা পূম্পাদি দিয়ে দেবতার হৃদয় স্পর্শ করে মধ্রের বারা প্রাণপ্রতিষ্ঠা করতে হয়।

সাধনমর্মজ্ঞরা বলেন ইন্তমন্ত্র, মন্ত্রার্থ এবং মন্ত্রহৈতন্তের একীকরণের দারা ইন্তদেবমূর্তিতে প্রাণপ্রতিষ্ঠা করতে হয়। প একীকরণ হয় ভাবনার দারা। গ বাহ্ অফুষ্ঠান এই ভাবনার আদীভূত।

প্রাণপ্রতিষ্ঠার তাৎপর্য—মহাশক্তি বিশ্ববিগ্রহা। বন্ধনাত্রই তাঁরই রূপ। তিনি চৈতল্তমন্ত্রী, প্রাণমন্ত্রী। কাজেই তাঁর মৃৎপাধাণাদিনির্মিত প্রতিমাদিও স্বরূপতঃ চৈতল্তমন্ত্রী, প্রাণমন্ত্রী। যা প্রাণমন্ত্রী তাতে প্রাণপ্রতিষ্ঠার অর্থ কি ?

বস্তুমাত্রই মহাশক্তি এটি চরম জ্ঞানের কথা। উপলব্ধিমূলক এই জ্ঞানইত সাধনার অক্সতম চরম লক্ষ্য। নিয়াধিকারী বে-সব সাধকের জন্ম প্রতিমাদিপূজার ব্যবস্থা তাদের সে-জ্ঞান থাকতে পারে না। কারণ সে-জ্ঞান থাকলে তাদের এ রকম পূজাদির প্রয়োজনই হত না। তাদের কাছে মৃৎপাবাণাদি জড় পদার্থ। শুধু তাদের কাছে কেন তেদজ্ঞান লোপ না পাওয়া পর্যন্ত সবার কাছেই তাই।

দাধক পূজা করেন চিন্ময়ী দেবীর, মৃগায়ী মূর্তির পূজা তিনি করেন না। কাজেই মূর্তিতে শাস্ত্রবিহিত উপায়ে তাঁকে চৈতন্তময়ী দেবীর প্রতিষ্ঠা করতে হয়।

ইপ্তদেবতা—লক্ষ্য করা গেছে শাস্ত্রের বিধান আগে অস্তঃপূজা করে তার পরে বহিঃ-পূজা করতে হবে। অস্তঃপূজায় সাধক স্বীয় ইষ্টদেবতার মনোময়ী মূর্তির আরাধনা করেন। পরমার্থবিচারে ব্রহ্ময়য়ী সাধকের দেহে চৈতক্তরূপে বা আত্মা-রূপে বিরাজমানা। সাধকের ইষ্টদেবতা কার্যতঃ পরিচ্ছিন্ন এই চৈতক্ত বা আত্মা থেকে অভিনা। ইনি তাঁর স্বকীয়া ব্রহ্মমূর্তি। কিন্তু নিয়াধিকারী সাধকের প্রথমেই এ তত্ত্ব অধিগত থাকে না। তত্ত্বির শাক্ষ্যান

১ सः भू ह, एः ६, भृः ७८१-७८४

২ ইতি ধাছা মৃগমুক্তরা পূলাদিনা দেবতায়া হদয়ং স্পৃষ্ট্ । প্রাণপ্রতিষ্ঠাং কুর্বাং ।—ম: এ, পৃ: ৩৪৮

৩ পু ত, পঃ 82

মহাকণিলপঞ্চরাত্রে প্রতিষ্ঠাশব্দের ভাবনা অর্থই করা হয়েছে। বধা—
 বিশেষসন্নিধিবা তু ক্রিয়তে ব্যাপক্স্য হি। সন্মৃতি ভাবনা মহৈঃ প্রতিষ্ঠা সাহভিধীয়তে।

<sup>—</sup>মহাকপিলপঞ্চরাত্রবচন, ক্রঃ শা তি ৪।৭৮-এর রাখবভট্টকৃত টাকা

পাকলেও উপলক্ষান থাকে না। সেইজন্ম বলা হয় সাধক ইইদেবভাতে ব্ৰহম আবোপ করবেন অর্থাৎ ইইদেবভাকে ব্ৰহ্মন্ধণে ধ্যান করবেন। এরপ ধ্যানও আন্তর পূজা বারা সাধকের অন্তরে ইইদেবভা প্রবৃদ্ধ হন। বাহ্ প্রতিমায় এঁরই প্রতিষ্ঠা করে সাধক প্রতিমার প্রাণপ্রতিষ্ঠা করেন। সাধনার পরিভাষায় বলা যায় সাধক অন্তরের ব্রহ্মতেজ বাহ্ প্রতিমায় সংক্রামিত করে দেন।

এ সম্পর্কে সাধনমর্মজ জনৈক মহাত্মা লিখেছেন "প্রাণপ্রতিষ্ঠার সময় আপনার ভিতরের চৈতন্তকে জাগরিত করে, অহভব করে, সেই চৈতন্তকে ইষ্ট্রনেবতায় আরোণ করে, অহভব করে, ইষ্ট্রনেবতাকে ব্রশ্বন্ধণ চিস্তা করতে হবে, অহভব করতে হবে।"

মৃত্যারী চিত্মরী—ব্যবহারতঃ যা জড় পরমার্থতঃ তা সবই চিন্ময় এইটি প্রাণপ্রতিষ্ঠার মৃত্যতত্ত্ব। ব্যবহারিক দৃষ্টিতে যে-প্রতিমা জড় লাধক প্রাণপ্রতিষ্ঠার সময় সেই প্রতিমায় তার পারমার্থিকরূপের অর্থাৎ চিন্ময়ত্ত্বের আরোপ করেন। সোজা কথায় মৃন্মন্নীকে চিন্মরী ভাবেন। সাধকের পারমার্থিক দৃষ্টি উন্মুক্ত হয় নি বলে প্রথমে এই আরোপ আবশ্রক। তার পর গুরুনির্দিষ্ট পথে যথাবিধি সাধনার ফলে ভগবৎরূপায় যদি সাধকের পারমার্থিক দৃষ্টি উন্মুক্ত হয় তা হলে তাঁর কাছে তথন শুধু ঐ মৃন্মন্নী প্রতিমা নয়, সব পদার্থই চিন্ময়রূপে প্রত্যক্ত হয়। সর্বব্যাপিনী সর্বস্থর্কাপিনী মহাদেবী সাধকের আরাধ্যা প্রতিমাতেই কেমন করে প্রত্যক্ত হন তার একটি ব্যাখ্যা পাওয়া যায় কুলার্থবিতছো। তাতে আছে যেমন গাভীর ত্র্যা তার সর্বাঙ্গে উৎপন্ন হয় অর্থাৎ সর্বাঙ্গে প্রকামন্মী মহাদেবী প্রতিমাতে দেনীপামান হন অর্থাৎ প্রতিমাতেই প্রথমে তাঁর স্বন্ধপ প্রতাক্ত হয়। বাহ্যপ্রতিমা দেবতার শাস্ত্রোক্ত মৃদ্ধার জন্ম এবং সাধকের বিশ্বাদের জন্ম প্রতিমাতে দেবতার সার্ব্যাতির অভিরূপ হওয়ার জন্ম বিশেষতঃ পূজার জন্ম এবং সাধকের বিশ্বাদের জন্ম প্রতিমাতে দেবতার সার্বির্ভাব হয়।

প্রতিমায় এই প্রাণপ্রতিষ্টা বান্ধপূজার অক্সতম অঙ্গ। সাধক সত্য সত্য বিশ্বাস করেন প্রাণপ্রতিষ্ঠার ছারা মূল্মী চিল্লমী হয়ে উঠেন। যার বিশ্বাস নাই প্রতিমাদিপূজা তার জন্ম নয়।

ঐতিহাসিক দৃষ্টিতে প্রতীকোপাসনা তথা প্রতিমাপুরা— প্রতীকোপাসনা বা

<sup>&</sup>gt; ድር ଓ ଓ, ማር ২০৮; Ś. Ś., 4th. Ed., P. 542; P. T. Part II, 2nd Ed., Intro., P. 657, The Spirit and Culture of the Tantras, Ś. R. C. M., vol. II. pp. 199-200

২ পুড, p. 82.

ও গৰাং সৰ্বাক্তরং ক্ষীরং প্রবেৎ অনমূথে বথা। তথা সর্বগতো দেবঃ প্রতিমাদিরু রাজতে।
ক্ষাক্তিরণ্যাচচ বিশ্বস্য পূকারাশ্চ বিশেষতঃ। সাধক্য্য চ বিধাসাদ্দেবতাসন্নিধির্ভবেং।—কু ত, উঃ ৬

প্রতিমাপৃদ্ধা আমাদের দেশে কবে থেকে স্থক হয়েছে এই প্রসঙ্গে এই প্রশ্নটি মনে জাগা আভাবিক। অবশ্য দাধনার ক্ষেত্রে ঐতিহাসিক বিচারের কোনো মৃল্য নাই। সাধনার সভ্য চিরস্তন। বর্তমান বা অতীতের চিহ্ন দিয়ে তার গুরুত্বের হ্রাস বা বৃদ্ধি হয় না। তব্ ঐতিহাসিক জ্ঞানের একটা সভস্র মৃল্য আছে। তা ছাড়া সাধনার প্রাচীনতা লোকের শ্রদ্ধা ও সম্বম আকর্ষণ করার অন্যতম হেতু। কালের সাক্ষ্য সাধনার সভ্য সম্বদ্ধে লোকের প্রত্যেয় দৃঢ় করে।

অতএব প্রশ্নটির আলোচনা করা বেতে পারে। বেদের থেকেই স্থক করা যাক। মহেঞােদড়াের বিষয় পূর্বেই আলোচনা করা হয়েছে। এই ছটির চেয়ে প্রাচীন নির্ভর্যােগ্য আকর আর নাই।

ঋগ্বেদে মরক্রপী দেবতার কল্পনা—ঋগ্বেদের ঋষিরা যে দেবতার নরাকার শরীর কল্পনা করতেন তার প্রমান আছে। উক্ত বেদের একটি মন্ত্রে পাইই দেবতাদের নৃপেশসংই অর্থাৎ নরক্রপী বলা হয়েছে। একাধিক মন্ত্রেই দেবথা যায় মকৃদ্গণকে দিবং নরং অর্থাৎ অস্তরিক্ষবাসী নর বলা হয়েছে। একটি মন্ত্রেই আছে কন্দ্র দৃঢ়-অবয়বযুক্ত, তেজস্বী, শুর্তা, হিরগায় অলকারের বারা শোভা পাচ্ছেন। অহ্য মন্ত্রে বক্রনের বর্ণনা করা হয়েছে—বক্ষন হিরগায় কবচ ধারণ করে স্বীয় পৃষ্ট শরীর আচ্ছাদন করেন। হিরণ্যস্পর্শী রশিসমূহ তাঁর সর্বতঃ নিষ্ধ।

একটি মন্ত্রে ইন্দ্র সম্বন্ধে বলা হয়েছে ইন্দ্র অর্ভক নয়, ইন্দ্র কুমার, নব অর্থাৎ স্বত্য (সায়ণ) রখের উপর অধিষ্ঠিত।

এই মন্ত্রের থেকে অফুমান হয় ঋগ্বেদের সময়ে যোদ্ধারা যুদ্ধ করার সময় ইন্দ্রের কোনো প্রতীক বা প্রতিমা রথের উপর চাপিয়ে যুদ্ধক্ষেত্রে নিয়ে যেত। ইন্দ্র রক্ষাকারী দেবতা। ত্বাকের বিশাস ছিল ইন্দ্র রথে থাকলে তাদের নিশ্চিত জয়লান্ত হবে। অফুরূপ প্রথা যে আলেকজেণ্ডারের ভারত আক্রমণের সময়েও ভারতে প্রচলিত ছিল তা আলেকজেণ্ডারের

নৃপেশন: বিদ্পের প্র জাতা অভীমন্ বক্তন্ বি চরন্ত প্রী: ।—বা বে ৩।৪।৫

২ স্তঃ ব বে ২।৩৬।২, ৫।৫৪)১০। সারণ অবশু উভর ক্ষেত্রেই নর অর্থ করেছেন নেতা। ভবে Bollensen প্রমূপ আধুনিক পণ্ডিতেরা কেউ কেউ ( জঃ Muir : Original Sanskrit Texts, Vol. V.. pp. 458-454) নর অর্থ করেছেন মাসুব।

৩ ফু: ব বে ২।৩৩।৯

অভিকো ন কুমারকোহধি তিইয়বং রধম্ ।—ঐ ৮।৬৯।১€

<sup>🔸</sup> ত্বমন প্রথমং জারমানোহমে বিবা অবিধা ইক্স কৃষ্টী: ।—ব বে ৪।১৭।৭

জীবনীকার ক্রেট্স ক্টির্স-এর (Quentus Curtius) গ্রন্থ থেকে জানা বায়। তিনি
লিখেছেন পুরু রাজা বখন আলেকজেগুরের বিশ্বদ্ধে যুদ্ধ বাত্রা করেন তখন তাঁর সেনাদলের
পুরোভাগে হারকিউলিলের এক মূর্তি নিয়ে বাওয়া হয়। ক্ষারস্বামী অস্থ্যান করেন এই
হারকিউলিস শিব বা বক্ষ।

প্রসঙ্গতঃ উল্লেখ করা বার মুদ্ধের সময় আরাধ্য দেবতার কোনো প্রতীক বা প্রতিমা সঙ্গে করে যুদ্ধক্ষেত্রে নিয়ে যাবার প্রথা প্রাচীন মিশরীয়দের ওবং ইছদিদের মধ্যেও ছিল।

সে যা হক, উপরের আলোচনা থেকে স্পষ্ট বোঝা যাচ্ছে ঋগ্বেদের সময়ে বেদপদীদের মধ্যে দেবতার নরস্কপের কল্পনা প্রচলিত ছিল এবং অস্থ্যান করা যায় কোনো কোনো ক্ষেত্রে দেবতার কোনো প্রতীক বা প্রতিক্ষতি ব্যবস্থতও হত।

তবে সব সময়ে দেবতার নররূপের কল্পনা বাস্তবাহৃগ হত না। তার নিদর্শন অস্কতঃ একটি ঋক্-মন্ত্রে লক্ষ্য করা যায়। এই মন্ত্রে অগ্নি সম্বন্ধে বলা হয়েছে তাঁর চারটি শৃঙ্গ তিন পা ছুই মাথা এবং সাত হাত।

ভ্রোক্ত দশম্ও দশহন্ত দশপদ মহাকালীর মৃতির মতো মৃতির কথা এই প্রসঙ্গে মনে পড়বে। বলা বেতে পারে ঋগ বেদীয় উক্ত কল্পনার ধারাই তল্পে প্রবাহিত হয়েছে।

এখানে উল্লেখ করা প্রয়োজন বেদৃদংহিতার সময়ে বেদৃপন্থীদের মধ্যে দেবতার স্কপকল্পনা প্রচলিত থাকলেও দেবতার কোনো প্রতীক বা প্রতিকৃতি বা প্রতিমা প্রচলিত ছিল কি না এ বিষয়ে যথেষ্ট মততেদ আছে।

বেদসংহিতার প্রতিমাশক- অবশ্য ঋগ্বেদের একটি মন্ত্রে প্রতিমাশবের উল্লেখ আছে। তিক্ত উক্ত মন্ত্রের ভারে সায়ণাচার্য প্রতিমাশবের অর্থ করেছেন দেবতা। ব

ষজুর্বেদের একটি মাত্রে আদিত্য সম্বন্ধে বলা হয়েছে বিশ্বরূপ অর্থাৎ সর্বরূপ আদিত্যের প্রতিমান্তত।

ষ্পরশ্র প্রতিমাশব্দের উল্লেখ থাকলেই যে প্রতিমার ষ্মর্থাৎ দেবপ্রতিমার ব্যবহারও প্রচলিত থাকবে এমন কথা নিঃসংশয়ে বলা যায় না।

<sup>&</sup>gt; Vide D. H. I., 2nd Ed., p. 89 2 H. R., p. 147 9 Ibid, p. 180

s চছারি শুঙ্গা ত্রেরা অস্ত পাদা বে শীর্বে সপ্ত হস্তাসো অস্য।—ব বে ৪।৫৮।৩

e W: D. H. I., 2nd Ed., 1956, pp. 42-47

<sup>•</sup> কাসীং প্রমা প্রতিমা কিং নিদানমাল্লাং কিমাসীংপরিধিং ক জাসীং ৷—ঝ বে. ১০।১৩০।৩

৭ ছবিপ্রতিবোগিছেন মীয়তে নির্মীয়ত ইতি প্রতিমা দেবতা।—এ, সায়ণভার

৮ সহত্রক্ত প্রতিমাং বিশ্বরূপন্।—বা সং ১৩।৪১

বৈদিক যুগে প্রভীক বা প্রতিমা—কিন্ত ঋগ্বেদে অন্ততঃপক্ষে ইন্দ্রের প্রতিমা বা প্রতীকের স্থান্ট উল্লেখ লক্ষ্য করা বায়। চতুর্ব মণ্ডলের একটি ঋক্-মন্ত্রেণ বলা হয়েছে দশটি ধেমু দিয়ে কে আমার এই ইক্রকে কিনবে? এই ইক্র ক্রেতার বৃত্তদের অর্থাৎ শক্রদের বিনাশ করলে পর এঁকে আবার আমাকে ফিরিয়ে দিতে পারে।

আবার অষ্টম মণ্ডলের একটি মন্তে বলা হয়েছে হে বজ্বান্ ইন্দ্র, তোমাকে মহামূল্যেও বিক্রের করব না। হে বজ্বহস্ত ইন্দ্র, সহস্রসংখ্যক ধনেও তোমাকে বিক্রের করব না, দশ শহস্ত মূল্যেও বিক্রের করব না। হে বছধনের অধীশ্বর, অপরিমিত ধনের বদলেও তোমাকে বিক্রের করব না।

উক্ত মন্ত্রছটিতে ইন্দ্রের ক্রন্নবিক্রয়বোগ্য প্রতীক বা প্রতিমার কথা স্পষ্টই বলা হন্ধেছে। তবে বস্তুটি ইন্দ্রের কোনো হস্তপদাদি-অবয়ববিশিষ্ট প্রতিমা না তাঁর প্রতীক কোনো ধাতুপ্রস্তরাদির খণ্ডমাত্র তা স্পষ্ট বোঝা বায় না।

তবে অন্ত একটি মন্ত্রে এই সংশয়ের নিরসনের যেন ইঙ্গিত পাওয়া যায়। মন্ত্রটিতে বলা হয়েছে—হে মহয়গণ অর্থাৎ ঋত্মিকগণ, তোমরা শস্ত্রযাগন্তুতির দ্বারা ইন্দ্র এবং অগ্নির স্তব কর এবং নানাবিধ অলংকারের দ্বারা তাঁদের শোভিত কর।

এই মন্ত্রের থেকে অন্থমান করা যায় ইন্দ্রের কোনো সাবয়ব মূর্তির কথাই ঋগ্বেদে বলা হয়েছে। কারণ মূর্তিকেই অলঙারাদির খারা শোভিত করার কথা অধিকতর যুক্তিসঙ্গত মনে হয়। তবে কেউ যদি মনে করেন আলোচ্য মন্ত্রে প্রতীকের কথাই বলা হয়েছে তা হলে তাঁকে নিরস্ত করার মতো কোনো অমোঘ যুক্তিও নেই।

ব্রাহ্মণসাহিত্যেও দেবতার প্রতীকব্যবহারের নিদর্শন আছে। যেমন শতপথব্রাহ্মণে ।
স্বর্শপত্তের উপর খোদিত স্থ্যগুলকে সূর্যের প্রতীকরূপে ব্যবহারের নির্দেশ দেওয়া হয়েছে।

পঞ্জিশ মহাব্রাহ্মণের পরিশিষ্ট ষড়্বিংশ ব্রাহ্মণে দেবপ্রতিমা ও দেবায়তনের উল্লেখ আছে।

১ ক ইমং দশভির্মমেশ্রং ক্রীণাতি ধেছভি:। यहां বুক্রাণি জংঘনদবৈনং মে পুনর্দদৎ।—খ বে ৪।২৪।১০

২ মতে চন স্বামজিবঃ পরা শুকার দেরাম্।

ম সহস্রার মাবুভার বজিবো ন শভার শভারব।—এ ৮।১।৫

৩ তা বজেবু প্র শংসতেন্দ্রাগ্নী শুভাতা নরঃ।—খ বে ১।২১।२

<sup>8</sup> भंडा १।६।३।३०

দেবায়তনং কম্পত্তে দৈবপ্রতিমা হদন্তি ক্লান্তি ক্লান্তি বিদন্তি উন্মীলন্তি।

<sup>—</sup>व्छ् विःम डांक्सन > । €, छ: D, H. I., 2nd Ed, 1956, p. 69

স্ত্রনাহিত্যেও দেবপ্রতিমার উল্লেখ আছে। বেমন পারক্রগৃহস্ত্রেও দেবপ্রতিমার নির্দেশ করা হয়েছে। আপস্তম্ভগৃহস্ত্রেও দশান মীচুবী জয়ন্ত প্রভৃতি দেবতার মূর্তির নির্দেশ আছে।

ঋগ্বেদসংহিতায় যে প্রতীক বা প্রতিমা বিক্রয়ের প্রথার উল্লেখ লক্ষ্য করা ষায় পাণিনির সময় (আছ্মানিক ষষ্ঠ খঃ পূর্বান্ধ) পর্যন্ত সে-প্রথা বরাবর চলে এসেছে। পাণিনি একটি স্ত্রে বিক্রেয় দেবম্তির পরোক্ষ উল্লেখ করেছেন। তিনি বলেছেন যে-সব দেবতার প্রতিক্বতি জীবিকার্থে ব্যবহৃত হয় কিন্তু বিক্রেয় করা হয় না সেই-সব দেবতাবাচক শব্দের উত্তর কন্ প্রত্যয় হয় না। যেমন বাস্থদেবঃ শিবঃ ক্ষন্দ:। পণ্যহিসাবে ব্যবহৃত হলে কন্প্রত্যয় হবে। যথা বাস্থদেবক: ইত্যাদি। বাস্থদেবক বললে বাস্থদেবের বিক্রেয় প্রতিক্বতি বৃশ্বতে হবে।

পাণিনির উক্ত স্ত্রটি থেকে স্পষ্টই বোঝা যায় পাণিনির সময় দেবমূর্তি বিক্রয় করা হত।
আবার একদল লোক দেবমূর্তিকে অবলম্বন করে জীবিকা নির্বাহ করত। মনে করা হয়
এই সব লোক ছিল দেবল ব্রাহ্মণ।

প্রসঙ্গক্রমে উল্লেখ করা যায় এই স্তত্তের ভাষ্য করতে গিয়ে পতঞ্চলি মহাভাষ্যে লিথেছেন মৌর্যরা সোনার আশায় অর্থাৎ অর্থার্জনের জন্য দেবমূর্তি নির্মাণ করত। বাঝা যাছে এই-সব মূর্তি পণামূর্তি। আর মৌর্যরা সেই সময়কার মূর্তিনির্মাতা শ্রেণী বা জাতিবিশেষ। প্র

পাণিনি-পতঞ্চলির সময়ে দেবমূর্তির যে রকম ব্যবহার ছিল আজকের দিনেও তা প্রত্যক্ষ করা যায়। দেবমূর্তির তেমনি ক্রয়বিক্রয় এথনও হয়, মূর্তিনির্মাতা শ্রেণীবিশেষও আছে আর দেবমূর্তিকে অবলম্বন করে একদল লোক এথনও জীবিকা অর্জন করছে।

কাজেই দেখা বাচ্ছে ঋগ্বেদের সময় থেকে সনাতনধর্মীদের মধ্যে দেবপ্রতিমা বা দেবতার অহা প্রতীক ব্যবহার প্রচলিত রয়েছে এরপ মনে করার যথেষ্ট হেতু আছে।

বছ্র—দেবতার পূজা যেমন প্রতিমাতে হয় তেমনি হয় যদ্ধে। যদ্ধ দেবতার প্রতীক। শাস্ত্রে আছে সমস্ত দেবতার যদ্ধে পূজা প্রশস্ত। তথু তাই নয়, বলা হয়েছে যদ্ধ ছাড়া পূজা করলে দেবতা প্রসন্ধ হন না।

১ পাগৃত্থা>৪।৮ ২ আপগৃত্থা২০

৩ জীবিকার্থে চাপণ্যে। (বাহুদেব: শিব: ऋम:। পণ্যে তু হস্তিকান বিক্রীণীতে।)—পাণিবি ।।।৯৯

<sup>।</sup> মৌর্বৈছিরভার্বিভি: অর্চা একরিতা:।

e 32 Iconism in India, I. H. Q., Vol. XII, 1986, pp. 885-841.

৬ সর্বেবামপি দেবামাং বত্তে পূজা প্রশক্ততে।—শা ত উ: ১৩

৭ বিনা ব্যাপে চেৎ পূজা দেবতা ন প্রসীদতি।—গ ত ০।১

তবে বারা সাধনার ক্ষেত্রে অপেকাক্তত অগ্রসর তাঁরাই শুধুমাত্র যন্ত্রে পূজা করতে পারেন। কেন না করচরনাদিযুক্ত স্থুল মৃতির চেয়ে যঞ্জ স্ক্ষতর প্রতীক। কাজেই বারা স্থুল মৃতি ছাড়াই ধ্যানাদি করতে পারেন তাঁদের পক্ষেই য্ত্রে পূজা প্রশস্ত।

মূর্তি ও যন্ত্র— মনে হয় সেইজয়ই বেখানে প্রতিমায় পূজা হয় সেখানে যন্ত্র-অকন সাধারণভাবে নিবেধ করা হয়েছে। বলা হয়েছে সাধক যেখানে জন্মস্থান মহাযন্ত্র অকন করবেন সেখানে কখনও মোহবশে মূর্তি করবেন না আর মূর্তি যদি করেন তা হলে যন্ত্র করবেন না। যদি মোহবশে করে ফেলেন তা হলে তাঁকে ছ বার করে পূজা করতে হবে, বলিদান হোম এ-সবও বিগুণ করতে হবে।

যদ্ধের অর্থ — বন্ধানের সাধারণ অর্থ কোনো কার্যের সাধন অর্থাৎ যার সাহাব্যে কার্য সাধিত হয় সেই বস্তু (instrument)। পূজার কেত্রে যন্ত্রকে ধ্যেয় বস্তুতে মন নিবিষ্ট করার সাধন বলা যায়।\*

ষন্ত্রকে আধুনিক ভাষায় বলা ষেতে পারে শক্তিলেখা (dynamic graph)। কোনো বস্তুর উপাদানশক্তিসমূহের (constituent forces) রেখাচিত্র সেই বস্তুর যন্ত্র। কাজেই প্রত্যেক বস্তুবিশেষের যন্ত্র আছে। আবার সমগ্র বন্ধাণ্ডেরও মহাযন্ত্র আছে। বিশেষ যন্ত্র সহাযন্ত্রেরই রূপভেদ।

এইজন্ম মর্মজ্ঞরা বলেন যন্ত্রকে যে প্রতীক বলা হয় সে অগভীরের কথা। গভীরের কথা যন্ত্র শক্তিলেখা, ধ্যে-দেবতার যন্ত্র সেই দেবতারই রূপ।

তন্ত্রমতে যন্ত্র মন্ত্রমন্ত্রী দেবতার দেহ। বলা হয়েছে যন্ত্র মন্ত্রমন্ত্র, মন্ত্র দেবতার্ত্রক। দেহ ও আত্মার মধ্যে যে-ভেদ যন্ত্র ও দেবতার মধ্যে সেই ভেদ।

১ প্রতিমায়াঞ্চ পুজায়াং ন লিখেদ্ যন্ত্রমৃত্যমৃ।—মাতৃ ত ১২।৬

জন্মস্থানং মহাবন্ধং বলি কুৰ্যাং তু সাধকঃ। তত্ত্ব মূর্তিং ল কুর্যাং তু কলাচিদপি মোহতঃ।
 বলি মূর্তিং প্রকুর্যাং তু তত্ত্ব বন্ধং ল কাররেং। বলি কুর্যাং তু মোহেল বজেদ্ বার্বয়ং প্রিয়ে।
 বিশ্বণং পূজনং তত্ত্ব বিশ্বণং বলিদানকম্। বিশ্বণং প্রজপেদ্ময়ং বিশ্বণং হোময়েং মুধীঃ।—ই ১২।৯-১১

o Ś. Ś., 4th Ed., p. 549

<sup>8</sup> Mahamaya, p. 206. এই মহাবন্ধ শ্রীবন্ধ। শ্রীবন্ধই বন্ধাণ্ডের বন্ধ। পরশুরামকলস্ত্তে (৩)৯) একে, মহাচক্ররাজ বলা হয়েছে।

t The Yentram, Preface, p. ii

বন্ধ মন্ত্ৰমন্ত প্ৰোক্তং মন্ত্ৰীক্ষা দেবতৈব হি। দেহাক্ষনো বধা ভেলো বন্ধদেবতলোঃ ভধা।
 —ক্ৰ: P. T., Part I, 2nd Ed., Intro., p. 85

পৃত্ববিজ্ঞমতে দেবতার শরীর ত্রিবিধ—ভেতিক মনোময় এবং জ্ঞানময়। ঘট্ট মনোময় শরীর।

কথাটার তাৎপর্য এই যে বন্ধ প্রথমে অন্ধিত হয় সাধকের মানসপটে। বাহ্ছ যন্ত্র সেই মানস্যজ্ঞেরই প্রতিক্তি।

আবার ষম্রকে দেবতার গৃহও বলা হয়েছে। শক্তিসঙ্গমতম্রে আছে ষ**ন্তকে** বলা হয় **গৃহ** আর দেবতাকে গৃহস্থ। শক্তিকারীতেও শ্রীষম্ভকে দেবীর গৃহ বলা হয়েছে।ই

যজের ব্যাশ্যা—তদ্মশাস্ত্রে ষদ্রের অর্থ ব্যাখ্যা করা হয়েছে। নিয়ন্ত্রণার্থক ষম্ ধাতু থেকে বন্ধশব্দ বৃংপন্ন হয়েছে। সেইজন্য কুলার্গবতন্ত্রে বলা হয়েছে—কামক্রোধাদি দোব এবং সেই-লব দোবের থেকে উভূত সমস্ত হুঃখ নিয়ন্ত্রণ করে বলে যন্ত্রকে যন্ত্র বলা হয়।

যাঁরা যন্ত্রের যথার্থ মর্ম উপলব্ধি করতে পারেন তাঁদের কামক্রোধাদি বশীভূত হয় এবং তার ফলে এই-সবের জন্ত যে-সমস্ত তঃথ হয় সে-সবও প্রশমিত হয় শাস্ত্রবাক্যের মনে হয় এই তাৎপর্য।

প্রসঙ্গন্ধে উল্লেখ করা যার বহুলোকের বিশ্বাস যন্ত্রের অলৌকিক শক্তি আছে। কুলার্থব-তত্ত্বে বলা হয়েছে যন্ত্র যম ভূত প্রভৃতি সমস্তের ভয় থেকে ত্রাণ করে। এই উল্ভিতে পূর্বোক্ত বিশ্বাসের স্বস্পষ্ট ইন্সিত আছে।

যদ্রের এ রকম অলোকিক শক্তি আছে বলে ভূর্জপত্রাদিতে অন্ধিত কালী তারা শ্রীকৃষ্ণ শিব প্রভৃতি বিভিন্ন দেবতার যন্ত্র মাত্রলি করে শরীরে ধারণ করার বিধি দেখা যায়। এই সব মন্ত্রকে বলে ধারণযন্ত্র। এইগুলি পূজাযন্ত্র থেকে পৃথক্। এই-সব মন্ত্রধারণে শুধু যে অনিষ্ট নিবারণ হয় তা নয়, নানাসিদ্ধিলাভও হয়। শক্তিসঙ্গমতন্ত্রে বলা হয়েছে—পুরুষের

<sup>&</sup>gt; শরীরং ত্রিবিধং প্রাহর্ভোতিকং চ মনোমরম্। পরং জ্ঞানমরং নিতাং বদনাশি নিরস্তরমূ।
মূলাং ভৌতিক্সিতাহর্বস্থং বিদ্ধি মনোমরম্। মস্তং জ্ঞানমরং বিদ্ধি এবং ত্রিধা বপুর্ভবেৎ।

<sup>--</sup> E: 4 & clop-8.

২ বস্ত্রং তু গৃহমিত্যুক্তং গৃহস্থা দেবতা মতাঃ।—শ স ত, তা ধ, ১৩।২ ০৩

৩ ছৰ শরণকোণাঃ পরিণতাঃ ৷—সৌ ল, লোক ১১

в কামক্রোধাদিলোবোপসর্বহঃখনিরস্ত্রণাৎ। বন্ত্রমিত্যাহরেতন্মিন্ দেবঃ শ্রীণাতি পুলিতঃ।—কু ত, উঃ ৬

বমভূতাদিসর্বেভ্যো ভরেভ্যোহণি কুলেবরি। ত্রায়তে সততং চৈব তত্মাদ্ রয়মিতীরিতন্।—ঐ, উ: ১৭

त्रोवर्श त्राक्षः भारत कृद्धं वा समागानित्यः। व्यवता ठाजभटोन क्षरिकीकृष्ठा भारतः।

<sup>—</sup>বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ৫৮৫

ষ্ক্রীলোকের বিশেষ করে বালকদের যন্ত্রধারণ করলে নানারকম শুভ হয়। ধারণযন্ত্র তাদের ভূষণ হয়ে দাঁড়ায়। > বিভিন্ন যন্ত্রধারণের বিভিন্ন ফল শাল্পে বর্ণিত হয়েছে।

ৰজের বিবিধ ব্যবহার—সাধনার ক্ষেত্রেও মন্ত্রের একাধিক ব্যবহার লক্ষ্য করা ধায়।

বন্ধ দেবতার রূপ, পূজার আধার, দার্শনিক তত্ত্ব-নির্দেশক এবং সাধনার ক্রমনির্দেশক সত্তেত্ত্ব চিত্র। তবে প্রধানতঃ পূজার আধাররূপেই মন্ত্রের ব্যবহার হয়।

বিভিন্ন জব্যের যন্ত্র—পূর্বেই বলা হয়েছে যন্ত্র রেখাচিত্র। সরল বা বক্ররেখা অথবা উভয়ের সাহায্যে যন্ত্র লিখিত হয়। ভূর্জপত্র ভূমি অর্প রোপ্য তাম কাংশু সীসক ক্ষৃটিক প্রস্তুর ইত্যাদির উপর যন্ত্র প্রবাভেদে অহিত চিত্রিত বা খোদিত হয়। কাপড় এবং কাগজের উপরও যন্ত্র অহিত বা চিত্রিত হয়।

যত্তে দেবতার চিত্রাদি—কাগজের উপর অন্ধিত যত্তে অনেক ক্ষেত্রেই আরাধ্য দেবতা, তাঁর আবরণশক্তি প্রভৃতির চিত্র এবং দেবতার মন্ত্র দেওয়া থাকে। কিন্তু ধাতৃষ্ট্রে বা প্রস্তর যত্ত্বে এ-সব থাকে না ।\*

বিভিন্ন দেবতার বিভিন্ন যন্ত্র—প্রত্যেক মন্ত্র তথা মন্ত্রোদিষ্ট দেবতার যন্ত্র পৃথক্। আবার একদিবতমন্ত্রেরও একাধিক যন্ত্র কোনো কোনো ক্ষেত্রে লক্ষ্য করা যায়। বিবে-দেবতার যে-পূজাযন্ত্র সেই যন্ত্রেই তাঁর পূজা করতে হয়। গুরু যন্ত্র নির্দেশ করে দেন। কাজেই যেখানে একাধিক যন্ত্রের বিধান আছে সেখানেও কোনো অস্থবিধা হয় না। কেন না যে-যন্ত্রটি শিয়ের পক্ষে বিহিত গুরু সেইটিরই নির্দেশ দেন।

সামাত্ত পূজাযন্ত্র—গুরুও অবত শাস্তাহসারে চলেন। যেখানে শাত্রে বন্ধ সহজে কোনো নির্দেশ থাকে না সেখানে সামাত্ত পূজাযন্ত্র অহন করে পূজা করাই শাত্রবিধি। সামাত্ত পূজাযন্ত্র এইরূপ—একটি ষ্টকোণ আঁকতে হবে। উধ্বম্থ শিবত্রিকোণ ও অধাম্থ শক্তিত্রিকোণ পরস্পর সম্পৃক্ত হয়ে এই ষ্টকোণ রচনা করবে। তার বাইরে থাকবে একটি বৃত্ত, তারও বাইরে অইদলপদ্ম এবং তারও বাইরে থাকবে চতুর্বার একরেথ ভূপুর।

**দেহযন্ত্র**—তবে অধিকারী সাধকের কাছে তাঁর স্বীয় দেহই প্জামন্ত্র। তিনি এই

<sup>&</sup>gt; श्रृक्रवञ्च छवा ज्वीनाः बानकानाः वित्नवछः। बाजनाः मिकिनः त्ववि यज्ञः ह प्रवनः खरवः।

<sup>—</sup>শ স ড. তা ধ, ১১৷২

২ জঃ বুহ ত সা, ১০ম সং, পৃঃ ৫৭৫-৫৮৪

७ जः भू ह, ७: ७, भृः ६७४-६७३, ६२৪-६२६

s 37: Ś. Ś., 4th Ed., p. 549

खः वृह क मा, > म मः, शृः ७>२, ७२ में हेकािन।

बगुळक्टल यञ्ज नित्यर नित्यर निर्मात निर्माणकिक्ष । विद्यानिकिक्ष क्ष्य दमचात्रां निर्माणकिक्ष ।

<sup>—</sup>मश्करक्षराम, जः ঐ शृः ३७

দেহৰজ্ঞেই যথাবিধি উপচারের ছারা পূজা করেন। এই দেহযক্ত সব যজের চেয়ে শ্রেষ্ঠ ও কল্যাণকর।

শ্রীবন্ধ — পূর্বেই লক্ষ্য করা গেছে দেবতাভেদে যত্ত্ব ভিন্ন হয়ে যায়। কাজেই যত্ত্ব আনেক। তবে সব চেয়ে প্রসিদ্ধ যত্ত্ব শীষত্ত্ব। দশমহাবিভার অন্ততমা বোড়শীর মন্ত্রকে বলা হয় শ্রীবিভা। মন্ত্র ও দেবতা অভিন। কাজেই শ্রীবিভা যোড়শী। যোড়শীর অন্ত নাম ললিতাস্থল্বী বা ত্রিপুরস্কারী। শ্রীবিভার যন্ত্রকে শ্রীযন্ত্র বা শ্রীচক্র বা ত্রিপুরস্কার বলা হয়।

**শ্রীযন্তের প্রসিদ্ধির কারণ**—একদা শ্রীবিভার উপাসনার ব্যাপক প্রচলন ছিল।
শ্রীবিভার উপাসকদের মধ্যে বড় বড় মনীধী আচার্যের আবিভাব হয়। তাঁদের কল্যাণে
শ্রীবিভার উপাসনার বছল প্রচার হয়। শ্রীযন্ত্রের প্রসিদ্ধ ও ব্যাপক প্রচলনের এইটি প্রধান কারণ।

ষদ্ধ হিসাবে শ্রীষদ্ধের বিশেষ গৌরবের অক্যতম কারণ এটি শাক্তদর্শনের স্ষ্ট্যাদিতদ্বের ভোতক। অতএব এই ষদ্রটি সম্বন্ধে সাধারণভাবে কিঞ্চিৎ আলোচনা করা যাক। শ্রীষদ্ধের ব্যাপারটি জটিল। তদ্ধবিশারদ সাধনমর্মজ্ঞ ব্যক্তি ছাড়া অন্যের পক্ষে এ ব্যাপারের সম্যক্ আলোচনা সম্ভবপর নয়।

<sup>&</sup>gt; जान्नात्क्वत वरकात्मतीम् प्रादेशविषि । निकामशायाः पु मर्ववाः प्रातः निवम् ।-- न उ २०।२३

২ তত্ত্বে যত্ত্ৰ ও চক্ৰ অনেক ক্ষেত্ৰে পৰ্যায়বাচক শব্দরপে ব্যবহৃত হয়েছে। তবে কেউ কেউ যত্ত্ব এবং চক্ৰে ভেদ ও নিৰ্দেশ করেন। যার মধ্যে গুধু কোণ থাকে তাকে বলে যত্ত্ব। আর যার মধ্যে কোণ এবং প্যানলসদৃশ অংশ থাকে তাকে বলে চক্র। তা: El. H. I., Vol.·I, Part II, pp. 829-880

ত মহামহোপাধ্যার গোপীনাথ কবিরাজ মহালয় লিথেছেন—"অতি প্রাচীন কাল থেকেই ভারতবর্ষে প্রীবিভার উপাসনা প্রচলিত। প্রীমং শঙ্করাচার্যের পরমগুরু গৌড়পাদবামী, ব্যাং শঙ্করাচার্য, তাঁর অমুবর্তী প্রেবর, পত্মপাদ, বিভারণাধামী প্রভৃতি অনেক বেদান্তা আচার্য শ্রীবিভার উপাসক ছিলেন। মীমাংসকদের মধ্যে আচার্যপ্রবর থণ্ডদেবের শিল্প শন্তু ভট্ট, ভাক্ষররার প্রভৃতিও শ্রীবিভার উপাসক ছিলেন। মহাপ্রভূ চৈতক্তদেব প্রবর্তিত সম্প্রদারণত সিদ্ধান্তের মূলেও এই সাধনার প্রভাব স্পষ্টতঃ অথবা কোনো কোনো কোনো ক্রেন্তে অর্ধপ্রছন্তাবে পরিলক্ষিত হয়। মহাপ্রভূ শ্রীচৈতন্তের নিত্যসঙ্গী নিত্যানন্দ মহাপ্রভূ শ্রীবিভার উপাসক ছিলেন, একথা সর্ববাদ্বিসম্মত। লৈবাচার্যদের মধ্যে অভিনবগুপ্ত প্রভৃতি শিবোপাসনার সঙ্গে শঙ্কে শ্রীবিভারও উপাসনা করতের এমনি প্রসিদ্ধি আছে। আন্তও ভারতবর্ষে অনেক ছানে এই সম্প্রদায়ক্রম রানভাবে হলেও অবিভিন্নরূপে চলে আসছে।"—শ্রীবন্ধকা দ্বরূপ শীর্ষক প্রবন্ধের উপাক্রমণিকা, ক শ অ, পৃঃ ১৯২

৪ মধ্যবুগের এবং তৎপরবর্তীকালের দক্ষিণভারতের মন্দিরগুলিতে আছে 'শক্তিশীঠালর'। শক্তিশীঠালরে একটি ছোট বেদী বা পীঠ আছে। লোকে বলে এই পীঠের ভিতরে গাতুর উপর থোদিত শ্রীবন্ধ আছে। শক্তিশীঠে প্রভান্ত দ্ববার করে পূলা হয়। য়ঃ El. H. I., Vol. I, Part II. pp. 881-882

শুক্রেরীর শররমঠেও শ্রীবন্ত প্রতিষ্ঠিত।—ক্র: ঐ, পু: ৩০১, মেট।

**শ্রীযন্ত্র ও দার্শনিক ভন্ধ--ব্র**ম স্কটির কারণ। আবার সেই কারণের কার্য স্কটিও তিনি। শ্রীযন্ত্র ব্রেকের এই উভয়রূপের প্রতীক। স্কটিভরের মধ্যে স্থিতিতত্ত্ব ও পয়ত্ত্ব অমুস্যাত। কাজেই শ্রীযন্ত্র স্কটিস্থিতিশয়াত্মক। ই

**শ্রীধন্তের উদ্ভব** —বামকেশরতত্ত্বে শ্রীচক্রের উদ্ভব সম্বন্ধে বলা হয়েছে—যথন সেই বিশ্ব-ক্রপিণী পরমাশক্তি ত্রিপুরা স্বেচ্ছায় স্বীয় ক্ষ্রতা দর্শন করেন তথন বিশ্ব থেকে অভিন্ন ত্রিকোণাদিচক্রের উৎপত্তি হয়।\*

টীকায় ভাস্কররায় বলেছেন 'আমি সৃষ্টি বিস্তার করব' এইরপ ইচ্ছাজ্ঞানক্রিয়াগ্মিকা শাস্তা নামী প্রাথমিকী বৃত্তি যথন জাত হয় তথনই চক্রের উদ্ভব হয়। শাস্তা পরাশক্তিএই রূপ।

শ্রীষদ্ধ নবচক্রাত্মক — নয়টি চক্রের ত্বারা শ্রীষদ্ধ গঠিত। অন্তভাবে বলা হায় শ্রীষদ্ধ নয়টি চক্রে বা অংশে বিভক্ত। হামলের মতে কিলু ত্রিকোণ বস্থকোণ অর্থাৎ অন্তকোণ বা অন্তার দশারত্বয় অর্থাৎ অন্তর্পণার এবং বহির্দণার মন্বত্র অর্থাৎ চতুর্দশান্ত নাগদলপদ্ম অর্থাৎ অন্তর্দলপদ্ম বোড়শদলপদ্ম বৃত্তয়য় ধরণীসদনত্রয় অর্থাৎ চতুত্ব বি ত্রিরেথ ভূপুর এই-সব বিভিন্ন আংশ নিয়ে পরদেবতার শ্রীচক্ররাজ আবি ভূত।

দেখা যাচ্ছে যামলে শ্রীষদ্ধের দশটি অংশের উ.ল্লখ করা হয়েছে। চক্রগণনার সময় বিন্দুকে বাদ দিয়ে গণনার কথা একদল শাস্ত্রজ্ঞ বলেন। এঁদের মতে বিন্দু শিবচক্রচতুষ্টয়াত্মক। কাজেই বিন্দুকে চক্রের অস্তর্ভুক্ত করা যায় না। কাজেই চক্রগণনায় শ্রীষপ্র নবচক্রাত্মক।

আবার অপর একদল বৃত্তত্তমকে বা মেথলাত্তমকে চক্রগণনার অন্তর্ভুক্ত করেন না। স্কাজেই এঁদের গণনায়ও প্রীযন্ত্র নবচক্রাত্মক।

১ জন্মান্তস্ত বতঃ (ব্র স্থ ১) ১২ ) এই স্তারের শক্তিভাবে বলা হয়েছে—আছস্ত অদনীয়স্ত ভোগাস্ত পিওাওস্ত ৰ্ক্ষাওসাচ যতো জন্ম তদ্ ৰুক্ষেতি শেবঃ। তচ্চ শিবশক্তোঃ সম্মেলনং বড্বিংশতত্তং তদেব শ্রীচক্রমুচাতে।

তত্ত্বে শ্রীচক্রকে ব্রহ্মময়ী দেবীর রূপই বলা হয়েছে। বধা—চক্রং কামকলারূপং প্রসারপ্রমার্থতঃ াবা নি ৬।২৪)। অস্তাত্র বলা হয়েছে—সেয়ং প্রমহেশী চক্রাকারেণ পরিণমতে বলা (কাবি ৩৬) সেই মহেশ্বরী প্রাশক্তিই বধন চক্রাকারে পরিণত হন। ২ জঃ শ্রীষয়কা বরূপ ক শ অ. পুঃ ৫৯৫

- ৩ বদা সা পরমা শক্তি: বেচ্ছরা বিষর্জাপনী। ক্ষুরস্তামায়ন: পঞ্চেন্ডলা চক্রস্য সম্ভব:।—বা নি ৬।৽-১০
- 8 স্টেমহং বিত্রুয়ামিত্যাকারিকী প্রাথমিকী বৃত্তিরিক্ষাজ্ঞানক্রিংক্সিকা শাস্তা ন'মী যদা জাতা তদা তৎকাল এব চক্রুয়া সম্ভবঃ ৷—এ টীকা ৫ নবচক্ররূপং শ্রীচক্রম্ ৷—ভাবোনোপনিবং ৩
- विन्तृत्वित्कानवद्गत्काननावयुग्रभवद्भनागननगरप्यव्याद्भावप्।
   वृक्षकक्षः ६ ध्वतीमनन्वत्रः ६ श्रीहक्षवाक्षम् विरः नवस्ववाद्याः।

-- वामलवहन, प्रः वा नि. (म व, शृः २१

खः সৌ ল, লোক >-এর লন্দ্রীধরকৃত দীকা ৮ জঃ ঐ; বা নি, সে ব, পৃঃ ৪০

শক্তিচক্র ও শিবচক্র—শ্রীবন্ধের নবচক্রের মধ্যে পাঁচটি শক্তিচক্র আর চারটি শিবচক্র। তৈরববামলে বলা হয়েছে — চারটি শিবচক্র আর পাঁচটি শক্তিচক্র দিয়ে গঠিত শ্রীচক্র শিবশক্তির দেহ। ত্রিকোণ অপ্তর্কোণ অপ্তর্কশার, বহির্দশার এবং চতুর্দশার বা চতুর্দশার এই পাঁচটি শক্তিচক্র। আর বিন্দু অপ্তর্দলপদ্ম যোড়শদলপদ্ম এবং চতুর্ব্ব বা ভূপুর এই চারটি শিবচক্র।

বাঁরা বিন্দুচক্রকে বাদ দিয়ে নবচক্র গণনা করেন তাঁরা অষ্ট্রদলপদ্ম, বোড়শদলপদ্ম, বৃত্তত্তম এবং ভূপুরকে শিবচক্র বলেন।

শিবচক্রের শ্রীকণ্ঠ বহিং ইত্যাদি এবং শক্তিচক্রের শিবযুবতী পার্বতী ইত্যাদি নাম দেওয়া হয়েছে।\*

শিবশক্তির অবিনাভাবসহন। সেইজন্ম শিবচক্র ও শক্তিচক্রেরও অবিনাভাবসহন। ভৈরব যামলে বলা হয়েছে — ক্রিকোণচক্রে বিন্দুচক্র শ্লিষ্ট, অষ্টারে অষ্ট্রদলপদ্ম শ্লিষ্ট, দশারদ্বয়ে বোড়শদলপদ্ম শ্লিষ্ট এবং চতুর্দশারে ভূপুর শ্লিষ্ট। শিবচক্র ও শক্তিচক্রের পরম্পর অবিনাভাব-সহন্ধ যিনি জানেন তিনি চক্রবিৎ।

**শ্রীযজ্ঞের গঠন**— সময়াচারীদের মতে অধামূথ পাঁচটি শক্তিত্রিকোণ এবং **উর্প্নমূথ** চারটি শিবত্রিকোণের সংযোগে পূর্বোক্ত নবচক্র গঠিত। কিন্তু কৌলমতে এই শক্তিত্রিকোণ পাঁচটি উর্প্নমূথ এবং শিবত্রিকোণ চারটি অধামূথ।

শ্রীষদ্বের কেন্দ্রন্থলে আছে বিন্দুচক। এর নাম সর্বানন্দময় চক্র। তাকে ঘিরে আছে বিকোণচক্র। একে সর্বসিদ্ধিপ্রদচক বলা হয়। এই বিকোণচক্রের বাইরে অর্থাৎ তাকে

- চতুর্ভিশ্ শিবচক্রৈশ্চ শব্জিচক্রৈশ্চ পঞ্চতিঃ। নবচক্রৈশ্চ সংসিদ্ধিং প্রীচক্রং শিবরোরপুঃ।
   ত্রিকোণমন্ত্রকোণং চ দশকোণবয়ং তথা। চতুর্ব্রাং চ চছারি শিবচক্রাণাপ্রক্রমাং।

   ক্রিক্শচাইদলং পল্পং পল্পং বোড়শপ্রকর্। চতুরব্রাং চ চছারি শিবচক্রাণাপ্রক্রমাং।
   ক্রিক্শচাইদলং পল্পং পল্পং বোড়শপ্রকৃত টাকা
- २ निवहकानि जू बष्टेमनत्वाज्ञनमनत्त्रथनाजिज्यवृत्रज्ञाञ्चकानोजि।—जः अ
- कः (मो ल, ১১, वा नि, त्म व, शृः २१
- ত্রিকোণেট্রন্দবং লিপ্তমন্তারেইইল নাম্ব্রুষ্। দশারয়ো: বোড়শারং ভুগৃহং ভুবনাশ্রকে।
   শৈবানামপি শাক্তানাং চকানাং চ পরশারম্। অবিনাভাবসম্বক্ষা যো জানাতি স চক্রবিং।
  - —ভৈরববামলবচন, ড্রঃ সৌ ল, >-এর লন্মীধরকৃত টাকা
- কৌলমতামুসারেণ অধোমুখানি চন্দারি ত্রিকোণানি শিবায়কানি, উ ধ্বমুখানি পঞ্চ ত্রিকোণানি শক্তায়কানি।—সৌল, রোক ৯-এর লক্ষ্মীধরকৃত টীকা; ক ল অ, পুঃ ১৯৪

খিরে রয়েছে অষ্টার বা অষ্টকোণচক্র। এর নাম সর্বরোগহর চক্র। অষ্টারের বহির্ভাগে অষ্টারের বহির্ভাগে অষ্টারের বহির্ভাগে অষ্টারের বহির্ভাগে অষ্টারের বহির্ভাগে চকুর্বারিক চক্র। এর নাম সর্বার্থনাধক চক্র। বহির্দানরের বহির্ভাগে চতুর্দারিচক্র। একে বলা হয় সর্বসোভাগ্যদায়ক-চক্র। চতুর্দারের বাইরে অষ্ট্রদলপদ্ম-চক্র। এর নাম সর্বসংক্ষোভণ- বা সর্বসংক্ষোভক-চক্র। এই চক্রের বহির্ভাগে বোড়শদলপদ্ম চক্র। একে বলা হয় সর্বাশাপরিপ্রক চক্র। এই চক্রেরও বহির্ভাগে ভূপুরচক্র। একে বলা হয় তিলোক্যমোহন চক্র।

মহাত্রিপুরস্থন্দরীই শ্রীচক্রাকারে পরিণত হন। কাজেই পরিণতির দিক্ দিয়ে বিচারে অর্থাৎ স্বষ্টিক্রমে সর্বানন্দময় চক্র প্রথম আর ত্রৈলোক্যমোহন নবম। আর সংহারক্রমে তার বিপরীত। অর্থাৎ তথন ত্রৈলোক্যমোহনচক্র প্রথম আর সর্বানন্দময় চক্র নবম।

পূজার ক্ষেত্রেও স্প্রিক্তমে বিন্দুচক্র থেকে ভূপুরচক্র পর্যন্ত পূজা করা হয় আর সংহারক্তমে ভূপুরচক্র থেকে বিন্দুচক্র পর্যন্ত। এই উভয় প্রকার পূজাই শাস্ত্রবিহিত।

নবচক্রের বিশ্রাণ—আলোচ্য নবচক্রকে সংহারচক্র হিভিচক্র এবং স্বষ্টিচক্র এই তিনভাগে ভাগ করা হয়। বিন্দু ত্রিকোণ এবং অষ্টার সংহারচক্র; দশারষম্ম এবং চতুর্দশার স্থিতিচক্র আর অষ্টদলপদ্ম ধোড়শদলপদ্ম এবং ভূপুর স্বষ্টিচক্র। তবে কেবলমাত্র বিন্দু বহির্দশার এবং ভূপুর ছাড়া অল্য চক্রগুলিকে অবিমিশ্র সংহারাদি গণ্য করা হয় না। এ সম্পর্কে ভাষররায় লিথেছেন— ভূপুর স্বষ্টিস্বন্ধি, ষোড়শদলপ্দ্ম স্বষ্টিস্থিতি, অষ্টদলপদ্ম স্বষ্টিসংহার, চতুর্দশার স্থিতিস্বন্ধি, বহির্দশার শ্বিতিস্থিতি, অন্তর্দশার স্থিতিসংহার, অষ্টকোণ সংহারস্থিতি, ত্রিকোণ সংহারস্থিতি এবং বিন্দু সংহারসংহার।

তঞ্জান্তরে আবার নবচক্রের সোম সূর্য এবং অনল এই তিন ভাগ করা হয়েছে। পূর্বোক্ত সংহারচক্র সোম স্থিতিচক্র সূর্য এবং স্বষ্টিচক্র অনল।

**আবরণচক্র**—নবচক্রকে আবরণচক্রও বলা হয়। আবরণচক্ররপে ত্রেলোক্যমোহনচক্র

সধ্যং ত্রাপ্রং তথাষ্টারং বে দশারে চতুর্দশ। তদ্বাহৃতোহষ্টপত্রং চ বোড়শারং মহীপুরম্।
সর্বানন্দময়ং চাদৌ সর্বসিদ্ধিপ্রদং পরম্। সর্বরেগহরং চান্তং সর্বরক্ষাকরং তথা।
সর্বার্থসাধকং চক্রং সর্বসৌভাগ্যদায়কম্। সর্বসংক্ষোভণং চান্তং সর্বাশাপরিপুরকম্।
ত্রৈলোক্যমোহনং চেতি নবধা নবভিভ্বেং।—বা নি ১।৪৩-৪৬

২ স্পষ্টঃ স্থান্নববোষ্টাদিপৃথান্তং সংহৃতিঃ পুনঃ। পৃথ্যাদিনববোষ্টভমিতি শান্ত্রস্য নির্ণয়ঃ ।—এ ৬।৭৮

তত্র নববোঞ্চাদিভূগৃহান্তপুজনে স্ষ্টিক্রমঃ। স্টেরনেনৈর ক্রমেণ বর্ণিতছাং। তদ্বিপরীতন্ত সংহারক্রমঃ।
 উভরবিধাহপি পূজা বুজা এব।—বা নি, সে ব, পৃঃ ২২২

<sup>8</sup> वानि >। ८१- এর সে व, शृः ८०

ज्यांखदत जू विन्तां विजयतात्रक (मामर्गाननां सक्षः क्रांस्तां क्रम्।—वे, भृः ।)

প্রথম এবং স্থানন্দ্ময় চক্র নবম। তদ্বরাস্করের বলা হয়েছে বাহ্ম আবরণচক্র তৈলোক্যমোহন, তার পরে ক্রমে ভিতরের দিকে স্থাশাপরিপ্রক, স্থান্দেশভকারক, স্থানীভাগ্যদায়ক, স্থার্থিদাপক, স্থারোগহর, স্থারক্ষাকর, স্থানিজ্ঞাদ এবং স্থানন্দ্ময় চক্র। স্থানন্দ্ময়চক্র শিবাত্মক বিন্দুস্থান।

চক্রেশ্বরী ও আবরণ-দেবতা—এই প্রসঙ্গে উল্লেখ করা যায় তল্পে নব চক্রের নয়জন চক্রেশ্বরী ও নয়জন আবরণদেবতার কথা বলা হয়েছে। যে-চক্রে মহাদেবীর বে-রূপ অভিবাক্ত হয়েছে সেইরূপে তিনি সেই চক্রের ঈশ্বরী অর্থাৎ অধিষ্ঠাত্রী দেবতা। আবরণ-দেবতা দেবীর ক্ষ্ম মন্ত্রূপ আবৃত্ত করে রাখেন। এই জন্মই তাঁকে আবরণদেবতা বলা হয়। কিন্তু কামকলাবিলাদের মতে আবরণদেবতারা দেবীর অক্ষপ্রত্যক্ষ। বলা হয়েছে অপরিচ্ছিল্লা অনস্ততেজারাশিময়ী সেই পরা মহেশ্বরী যথন চক্রাকারে পরিণত হন তথন তাঁর দেহের অব্যবসমূহ আবরণদেবতারূপে পরিণত হয়। আবরণদেবতাকে যোগিনী বলা হয়।

বামকেশ্বরতন্ত্রে ত্রৈলোক্যমোহনাদিচক্রের যথাক্রমে চক্রেশ্বরী ও আবরণদেবতার নিম্নলিখিত বিবরণ দেওয়া হয়েছে—

চক্ৰ		চক্রেশ্বরী	আবর	াণদেবতা বা যোগিনী
হৈলোক্যমোহন	•••	ত্রিপুরা	•••	প্রকটা
সর্বাশাপরিপূরক	•••	ত্রিপুরেশী	•••	গুপ্তা
সর্বসংক্ষোভক	•••	ত্রিপুর <i>স্বন্দ</i> রী	•••	গুপ্তবা
সর্বসৌ ভাগ্যদায়ক	•••	ত্রিপুরবাসিনী	•••	मञ्जामा
স্বার্থসাধক	•••	ত্রিপুরাঞী	•••	কুলকোলা
সর্বরক্ষাকর	•••	তিপুর <b>মালিনী</b>	•••	নিগৰ্ভা
সর্বরোগহর	•••	ত্রিপুর <b>সিদ্ধা</b>	•••	রহস্তা
সর্বসিদ্ধিপ্রদ	•••	ত্রিপুরাম্বা	•••	অতিরহস্তা (পরাপররহস্তা)
<b>স্</b> বানন্দ্ময়	•••	মহাত্রিপুরস্করী	•••	পরাপররহস্তা (পরাপরাতিরহস্তা)
	বৈলোক্যমোহন সর্বাশাপরিপ্রক সর্বসংক্ষোভক সর্বসোভাগ্যদায়ক সর্বার্থসাধক সর্বরক্ষাকর সর্বরোগহর সর্বসিদ্ধিপ্রদ	বৈলাক্যমোহন  সর্বাশাপরিপূরক  সর্বসংক্ষোভক  সর্বসোধায়ক  সর্বার্থসাধক  সর্বরক্ষাকর  সর্বরোগহর  সর্বসিদ্ধিপ্রদ	ত্রৈলোক্যমোহন তিপুরা সর্বাশাপরিপ্রক তিপুরশী সর্বসংক্ষোভক তিপুরস্করী সর্বসোভাগ্যদায়ক তিপুরবাদিনী সর্বার্থসাধক তিপুরমালিনী সর্বরক্ষাকর তিপুরমালিনী সর্বরেগাহর তিপুরস্কা সর্বসিদ্ধিপ্রদ তিপুরাস্থা	বৈলোক্যমোহন ··· তিপুরা ···  সর্বাশাপরিপ্রক ··· তিপুরেশী ···  সর্বসংক্ষোভক ··· তিপুরস্থলরী ···  সর্বসোভাগ্যদায়ক ··· তিপুরবাসিনী ···  সর্বার্থসাধক ··· তিপুরমালিনী ···  সর্বরক্ষাকর ··· তিপুরমালিনী ···  সর্বরেগাহর ··· তিপুরসান্ধা ···  সর্বসিদ্ধিপ্রদ ··· তিপুরাস্থা ···

১ ত্রৈলোক্যমেহনং ৰাজ্ং স্বানাপরিপুরকম্। স্বসংক্ষোভণং স্বানাপরাপরারকম্।
স্বার্থসাধনং স্বরোগতে। হরমেব চ। স্বরক্ষাকরং স্বাসিক্ষিপ্রক্ষতঃ প্রমৃ।
স্বানন্দমরং মধ্যবিন্দুহানং শিবায়কয়্।—ত রা ত ৫।>->>

সেয়ং পরা মহেশী চক্রাকারেশ পরিশ্যেত বলা।
 তল্পেয়াবয়বানাং পরিশতিরাবয়শলেবতাঃ সর্বাঃ।—কা বি ৩৬

७ सः या नि ३१७७६- ध्रतः (म र, शृः ४७

<sup>8</sup> का वा मि २१२७४-२७३ तम द, शृः ४२-४७

দেহ শ্রীযন্ত্র—শ্রীবন্ধ বেমন ব্রন্ধাণ্ডের প্রতিক্বতি তেমনি পিণ্ডাণ্ডেরও প্রতিক্বতি।
কেন না পিণ্ডাণ্ড ক্ষুদ্র ব্রন্ধাণ্ড। জীবদেহ পিণ্ডাণ্ড। অতএব সাধকের দেহই শ্রীবন্ধ।
ভাবনোপনিবদের ভান্থে ভান্ধররায় লিখেছেন শরীয় দেহই ত্রৈলোক্যমোহনাদিনবচক্রের
সমষ্টিরূপ শ্রীচক্র।

দেহ শ্রীষন্ত্র বা শ্রীচক্র। এ কথার সহজ অর্থ দেহকে শ্রীচক্রক্র:প ভাবনা করতে হয়। এই ভাবনার ব্যাপারটি জটিল। এ ব্যাপারে নানা মতভেদও আছে। জীবের লিঙ্কশরীরে স্বয়া নাড়ীকে আশ্রয় করে আছে বত্রিশটি পদ্ম। এদের মধ্যে সর্বোচ্চন্ত্র পদ্ম অধােম্থ সহস্রার আরু সর্বনিয়ন্ত পদ্ম উধ্বর্ম্থ সহস্রার । •

এই-সব পদ্মের কতকগুলিতে শীচক্রের ভাবনা করতে হয়। পূর্বোক্ত উধ্বম্থ সহস্রারকে বলা হয় অকুল। অকুলের উপরে একটি অষ্টদলপদ্ম আছে। শীচক্রের ভাবনার ব্যাপারে এটিকেও অকুলের মধ্যে ধরা হয়। উক্ত অষ্টদলপদ্মের উপরে অবস্থিত বড়দল কুলপদ্ম। এইভাবে ক্রমোর্দ্ধে চতুর্দল-মূলাধারপদ্ম, বড়দল-স্বাধিষ্ঠানপদ্ম, দশদল-মণিপ্রপদ্ম, স্বাদশদলঅনাহতপদ্ম, বোড়শদল-বিশুদ্ধাখ্যপদ্ম, অষ্টদল-লম্বিকাগ্র বা ইক্সবানি এবং দ্বিদল-আক্রাচক্র অবস্থিত।

জীবদেহে আজ্ঞাদিচক্রের অবস্থিতিস্থান, যথা— আজ্ঞা জ্ঞামধ্য, লম্বিকাগ্র তালু, বিশুদ্ধ কণ্ঠ, অনাহত হৃদয়, মণিপুর নান্তি, স্বাধিষ্ঠান উপস্থম্ল, ম্লাধার উপস্থম্ল ও পায়ুর মধ্যবতীস্থান, কুল ম্লাধারস্থানের নীচে, অকুল কুলস্থানের নীচে।

বলা হয়েছে অকুল থেকে আজ্ঞা পর্যন্ত নবস্থানে তৈলোক্যমোহন থেকে আরম্ভ করে বিন্দু পর্যন্ত নবচক্রের ভাবনা করতে হবে। ভাবনাক্রম, যথা অকুল—ত্রৈলোক্যমোহন, কুল—সর্বাশাপরিপূরক, মূলাধার—সর্বসংক্ষোভক, স্বাধিষ্ঠান—সর্বসোভাগ্যদায়ক, মণিপূর—সর্বার্থপাধক, অনাহত—সর্বরক্ষাকর, বিশুদ্ধ—সর্বরোগহর, লম্বিকাগ্র—সর্বসিদ্ধিপ্রদ, আজ্ঞা—সর্বানন্দময়।

ভাস্কররায় লিথেছেন এই ভাবনা 'দকল' নামক অন্তদ্ধ উপাদকদের জন্ম বিহিত। তার

১ বকারদেহ এব ত্রৈলোক্যমোহনাদিনবচক্রসমষ্টিরপঞ্জীচক্রাভিনঃ।—ভাবনোপনিবদের ভূতীর মন্ত্রের ভাব্য

**२** जः वा नि ७।२६-२१-७त ति व, शृः २०२-२०७

ত নিজ্পরীরে হি স্ব্রামাড়ীমাশ্রিতা বাজিশেৎপল্লানি তেয়াম্বনোঃ সহস্রারে পল্লে বে উ ধ্বাধোর্ধে বর্ততে ৷— ঐ পুঃ ২০২

अक्लाशाळाळ्यानम्बद्ध देवालाकारमार्गातिबन्धिककनवकः क्राप्त्र छात्रवः ।

<sup>--</sup>वा नि धार १-२१-अद्ग तम व, शुः २०8

চেম্নে উচ্চস্তরের সাধক 'প্রলয়াকল' এবং সর্ব্বোচ্চস্তরের সাধক 'বিজ্ঞানাকল' বা 'বিজ্ঞান-কেবলদের' জন্ম জন্মশং স্ক্রপ্ত প্রক্রতর ভাবনা বিহিত।

শ্রীযজ্ঞের বাসনাদি—শ্রীষয়ে বারা আরাধনা করেন শ্রীষয়ের অর্থ তাঁদের অবশুই জানতে হয়। যন্ত্রের শাস্ত্রসমত বে-অর্থ সাধক জানেন বা তাঁর জানা কর্তব্য তাকে বলে বাসনা। বিন্দু থেকে আরম্ভ করে নবচক্রের বাসনাদির বিবরণ অতি সাধারণভাবে দেওয়া গেল।

বিন্দু — তন্ত্ররাজতন্ত্রমতে বিন্দু শিবাত্মক। কামকলাবিলাদের মতে বিন্দু পরাশক্তিময়। গীবশক্তি অভিন্ন। কাজেই উভয় মতের মধ্যে কোনো বিরোধ নেই। বিন্দু কামেশ্বর ও কামেশ্বরীর সামরস্ত। উপাধিরহিত সংবিৎ অর্থাৎ শুদ্ধতৈতন্ত্রমাত্র কামেশ্বর আর তাঁর শক্তি কামেশ্বরী। কামেশ্বরী দেবী ত্রিপুরস্থন্দরী বা ললিতা। ভাবনোপনিবদের মতে পরদেবতা ললিতা আত্মা। আত্মা বলতে পরমাত্মা এবং জীবাত্মা উভয়ই বুঝতে হবে।

এই বিন্দুচক্র বা দর্বানন্দময়চক্রকে উভ্যানপীঠ বা উড্ডীয়ানপীঠ বলা হয়। একে ব্রহ্মচক্রও বলে।

বামকেশ্বরতক্ষেও বলা হয়েছে এই চক্র ব্রহ্মস্বরূপ। ৺ এই চক্রের মূলা বোনিমূদা শব্দার সিদ্ধি প্রাপ্তিদিন্ধি। ••

এই চক্রের এবং অক্যান্ত অষ্টচক্রের চক্রেশ্বরী ও যোগিনীর উল্লেখ পূর্বেই করা হয়েছে।
ক্রিকোণচক্র—বিন্দুচক্রকে ঘিরে আছে সর্বসিদ্ধিপ্রদ ক্রিকোণচক্র। অর্থাৎ ব্রিকোণচক্রের মধ্যে আছে বিন্দুচক্র।

भूरविक विनूरे উচ্ছ, न राम जिरकांगाकात श्राक्ष रम। >> भूरवि উদ্লেশ कता रामहा

<sup>&</sup>gt; जः वा नि, त्म व, शुः २०६

Rantraraja Tantra, Part II, 1926, Intro., P. 90.

७ नर्वानन्त्रमञ्जः मधानिन्तृष्टानः निवाच्यकम् ।—ত রা ত ৫।১১

<sup>।</sup> মধ্যং চক্রস্ত স্তাৎ পরাময়ং বিন্দুতত্বমেবেদম্। — को বি ২২

निक्रभाधिक मः विद्यास कार्यस्यः।—छात्राम्भनिवर २०

<sup>🖢</sup> সদানন্দপূর্ণ: স্বাইক্সব পরদেবতা ললিতা।—এ ২৮

৭ উভ্যানপীঠকে দেবি ৰুক্ষচক্ৰে বরাননে।—গ ত গা>২৩

मर्वानसम्बद्ध (पवि शत्रव क्वांबद्ध शद्य ।—वा नि ४।>१>

বানি ৮/১৭৩-এর সে ব

১০ ঐ ৮/১৭৩-এর সে ব, পৃঃ ৩৩৩ ; গন্ধর্বতন্ত্রমতে এই চক্রের সিদ্ধি যোক্ষসিদ্ধি ।—স্তঃ প ভ ১৭/৮৭

डेक्ट्र वर ठळ यहा जित्कानकर्मन পরिनठः म्महेन्।—का वि २२

বিন্দু পরাশক্তি। পরাশক্তিই শব্দফ্টিতে শব্দ্রজন্ধপিণী পরাবাক্। পরাবাক্ পশুন্তী মধ্যমা এবং বৈশ্বনী বাকে পরিণত হয়। এইজন্ম কামকলাবিলাদে তিকোণকে পশুন্তাদির নিদান বলা হয়েছে। বলা হয়েছে এই ত্রিকোণ ত্রিবীজস্ক্রপ। ত্রিবীজ অর্থ ত্রিপুরস্থন্দরীর মন্ত্রের বাগ্ভব, কামরাজ এবং শক্তি এই ত্রিথগুত্মক বীজ বা কুট।

অর্থস্টিবিষয়ে পরাশক্তি বামা-জ্যেষ্ঠা রৌলী তথা ইচ্ছা-জ্ঞান-ক্রিয়া-শক্তিরূপে প্রকাশিত। এঁদেরই রূপ ত্রিকোণ।

এই ত্রিকোণের তিন কোণে আছেন তিন দেবী। কামেশরী অগ্রকোণে, বজ্লেশরী দক্ষিণ-কোণে এবং ভগমালিনী বামকোণে। এই তিনজনই এই চক্রের আবরণদেবতা;—এঁদের বলা হয় অতিরহস্তযোগিনী। তম্বাজতন্ত্রে কামেশরীকে প্রকৃতিতব্ব, বজ্লেশরীকে মহন্তব্ব এবং ভগমালিনীকে অহংকারতব্ব বলা হয়েছে।

কামেশ্বরীর পুরোভাগে চক্রেশ্বরী দেবী ত্রিপুরা বা ত্রিপুরামা অবস্থিতা।°

ত্রিকোণের অগ্রকোণে কামরূপপীঠ, বামকোণে জালন্ধরপীঠ এবং দক্ষিণকোণে পুর্বগিরিপীঠ অবস্থিত।

এই চক্রের মূলা বীজমূল। এবং দিদ্ধি ইচ্ছাদিদ্ধি। ১০ তন্ত্ররাজতন্ত্রের মতে এই বিকোণের বহির্ভাগে আছে শব্দশর্শরূপরসগন্ধ এই পঞ্চন্মাত্ররূপ পঞ্বান ও মনোরূপ ইকুধ্যু, রাগরূপ পাশ এবং ধ্যেরূপ অকুশ। ১১

অষ্টকোণচক্র— ত্রিকোণ বা মধ্যত্রিকোণচক্রেরই বিস্তার অষ্টকোণ বা অষ্টত্রিকোণচক্র। ২৭ এই প্রসঙ্গে উল্লেখ করা যায় মধ্যত্রিকোণ ও অষ্টত্রিকোণমিলে যে-নবত্রিকোণ হয় তাকে বলে নবযোনিচক্র। ১৬

<sup>&</sup>gt; এতংপশ্রস্তাদিত্রিতয়নিদানং ত্রিৰীক্ষরপং চ।—কা বি ২৩

२ जः ज, हिम्बली

৩ জঃ বা নি ৬।৩৬-৪০-এর সে ব ; প ক সু ৫।১১-এর রামেধরকৃত বৃত্তি

কামেশরীমগ্রকোণে বজেশীং দক্ষিণে তথা। তগমালাং তথা বাদে মধ্যে ত্রিপুরহক্ষরীম্।—বা নি ১।১৯৭-৯৮

<sup>€</sup> सः श ७ ६।>>२->:७

৬ অব্যক্তা>ফুতিমহলাকারা: প্রতিলোমত:। কামেবর্গাদি দেবা: স্থা: সম্বিৎ কামেবর: পৃত:।

<sup>--</sup> ज ब्रा क ७६।३२-३७

w 4 @ 61270° 276-224° 27 × 3 2414€

১০ুবানি ৮০১৭০ :> ভরাত ৩০০১১-১২

১২ তছফুকোণ্ং মধ্যকোণবিস্তার: ।—का वि २> ১৩ জ: वा नि, मে व, शु: ১>৩

এই অষ্টকোণচক্রকে সংবিদাত্মা শ্রীচক্রশরীরিণী দেবীর পূর্যষ্টক বলা হয়। পূর্যষ্টক অর্থ অষ্টরচিত শরীর। এই শরীর অর্থাৎ পূর্যষ্টক ছিবিধ—স্কন্ধ এবং স্থুল।

স্ত্র পূর্বস্তক, যথা — চিতি চিত্ত চৈতন্ত চেতনাছয় অর্থাৎ চেতনা ও ই ব্রিয়েকর জীব কলা এবং শরীর। এই আটটি মিলে হয় দেবীর স্তর্ম পূর্বস্তক। স্তর্ম পূর্বস্তক মনোগম্য, ই ব্রিয়েগ্রাহ্য নয়।

স্থূল পৃষ্ঠ ক, ষথা—পঞ্চ কমেন্দ্রিয় বৃদ্ধী ক্রিয় অর্থাৎ পঞ্চজানে ক্রিয় মন-আদি-অন্তঃকরণ চতু ইয় প্রাণাদি পঞ্চপ্রাণ বিয়ৎ-আদি পঞ্চভূত কাম কর্ম এবং তমঃ। এই আটটি মিলে দেবীর স্থূল পুষ্ঠ ক রচনা করে।

অষ্টকোণচক্রের এক একটি কোণে বশিনী কামেশী মোদিনী বা মোহিনী বিমলা অঞ্চণা জিমনী সর্বেশরী বা সর্বেশী এবং কৌলিনী এই অষ্টশক্তি অধিষ্ঠিতা। বিশ্বাদি এই অষ্টশক্তিকে যথাক্রমে শীত উষ্ণ স্থুখ হুঃখ ইচ্ছা সন্থ রজ এবং তম বলা হয়েছে। এই আটজন দেবীই উক্তচক্রের আবরণদেবতা—রহস্তাযোগিনী।

এই চক্রের সিদ্ধি ভুক্তিসিদ্ধি<sup>2</sup> আর মুক্রা খেচরীমুক্রা।<sup>2</sup> •

অন্তর্দশার—কামকলাবিলাদের মতে বিন্দু ত্রিকোণ এবং অষ্টকোণ এই তেজোরাশিময় চক্রত্রিতয়ের ছায়া অর্থাৎ কাস্তিখিতয় অন্তর্দশার এবং বহিদশার চক্রথয়। ১১

বামকেশ্বরতন্ত্রে অন্তর্দশারকে বলা হয়েছে নবত্রিকোণের অর্থাৎ নবযোনিচক্রের ক্রিতা প্রভা। ১৭ অর্থাৎ নবযোনিচক্রের বিস্তারই অন্তর্দশার।

এই চক্রের দশক্তিকোণের দশ জন দেবী—সর্বজ্ঞা সর্বশক্তি সর্বৈশ্বপ্রদা সর্বজ্ঞানমন্ত্রী

-- यष्ट्रमण्डवहन, जः का वि ६०-এর हिन्वलो

<sup>&</sup>gt; शूर्वष्टेकरमत्वमः ठङ्काळत्नाः मःविमास्त्रत्ना (मवााः ।-का वि ४०

২ চিভিশ্চিন্ত চে চৈতভাং চেতনাৰ্যমেৰ চ। জীবঃ কলা শরীরং চ কুলাং পুর্বস্তকং ভবেং।

<sup>•</sup> See Kāmakālāvilas, Erglish Translation, p. 71

৪, ১ জঃ বা নি ৮।১৬১-এর সে ব, পৃঃ ৩৩১

কর্মেল্রিরাণি থলু পঞ্চ তথা পরাণি বুজীল্রিরাণি মন আদি চতুইয়ং চ।
 প্রাণাদিপহকমথো বিয়দাদিকং চ কামশ্চ কর্ম চ তয়ঃ পুনরই মীয়ৄः ।—য়ঃ বা নি, সে ব, পৄঃ ৩৩১

७ सः वा नि आऽन्ऽ-ऽन्र

৭ শীতোকহুৰত্বৰেচ্ছাঃ সৰুং রক্তমো বশিকাদি শক্তরোহটো।—ভাবোনোপনিবং ২১

७ अंड २०११६ 💌 वे २०११६ ४

১১ ভচ্ছায়া বিভয়মিদং দশায়চক্রবয়বাবাবিভভয়্।—কা বি ৩০ এবং চিদ্বয়ী

১২ নবজিকোণকুরিতপ্রভারপদশারকম্ I—বা নি ৬/১¢

मर्ववाधिविनामिनी नर्वाधातचक्रमा गर्वभागहरा मर्वानक्षपदी गर्वतक्षाचक्रभिक्षे अवः मर्विक्षण-क्ष्मश्राहो। १

এই দেবীরা রেচক পাচক শোষক দাহক পাবক কারক উদ্গারক কোভক জ্ ন্তক এবং ষোহক এই দশ বহির অধিদেবতা।

সর্বজ্ঞা-আদি দেবীরাই এই চক্রের আবরণদেবতা নিগর্ভবোগিনী। চক্রের সিদ্ধি প্রকাম্যসিদ্ধি আর মুলা মহাস্কৃশা। গ

বহি দশার —কামকলাবিলাসে বলা হয়েছে বহির্দশার পূর্বোক্ত বিন্দু ত্রিকোণ অষ্টকোণ ও অন্তর্ভাগ এই চক্রচতুষ্টয়ের প্রভাযুক্ত পরিণাম।\*

বামকেশরতদ্রের মতে ব্যোমাদিভ্তপঞ্চক ও শব্দাদিতয়াত্রপঞ্চক এই দশকের প্রকাশের অর্থাৎ অভিব্যক্তির সাধনরূপ ক-আদি দশবর্ণের ধারা উপলক্ষিত বহির্দশারচক্র প্রকৃষ্টিভ হয়েছে।

বহির্দশারের দশত্রিকোণের দশজন দেবী—সর্বসিদ্ধিপ্রদা সর্বসম্পৎপ্রদা সর্বপ্রিয়ংকরী সর্বমঙ্গলকারিণী সর্বকামপ্রদা সর্বস্বোভাগ্যদায়িনী সর্বমৃত্যুপ্রশমনী সর্ববিদ্ধনিবায়িণী সর্বাদ্ধন্দরী এবং সর্বদ্ধংখবিমোচিনী। ৺ এই দশজন দেবী প্রাণ অপান সমান ব্যান উদান নাগ কৃষ্ক ক্রকর দেবদত্ত ও ধনঞ্জয় এই দশ বায়ু অর্থাৎ প্রাণের অধিদেবতা।

দর্বদিশ্বিপ্রদাপ্রমুখা এই দেবীরাই এই চক্রের আবরণদেবতা কুলকোলঘোগিনী। ১০ চক্রের দিশ্বি বশিব্দিশ্বি। ১১ মুদ্রা উরাদিনী বা মহোক্সাদিনী। ১১

চকু দশার —বামকেশরতত্ত্বের মতে চতুর্দশারচক্র চতুশ্চক্রের অর্থাৎ ত্রিকোণ অষ্টার অন্তর্দশার ও বহির্দশার এই চক্রচতৃষ্কের প্রভারপের সংযুক্ত পরিণাম এবং এই চক্র জানেক্সিয়-পঞ্চক কর্মেক্রিয়পঞ্চক ও অন্তঃকরণচতৃক এই চতুর্দশকলাত্মক। ১৩

<sup>&</sup>gt; वानि २१२४१-३३०

২ ৰহুরো দশ সংগ্রোক্তাঃ সর্বজ্ঞান্তান্ত শক্তরঃ।—ত রা ত ৩০।১০; ভবানোপনিবৎ ১৮-২০

৩ পতং৷১.৫ ঃ ৰানি ৮/১৫৯ ৫ পত ১৭/৭২

এতচক্রচতুকপ্রভাসমেতং দশারপরিণাম: ।—কা বি ৩১

१ वानिकारक म वे २१२४४-२४७

<sup>»</sup> श्रानाशानगात्नामा नगमाननाशक्र्यक्कत्रस्वस्वसम्बद्धमा मन वायवः मर्वमिकिश्रमानिवहिर्मनात्रस्वकाः ।

<sup>—</sup>ভাবনোপনিবং ১৭

১. मण els.२ ) वानिणsee se मण salen

১৩ চতুশ্চক্রপ্রভারপসংবৃক্তপরিণামত:। চতুর্দশাররপেণ সংবিত্তিকরণান্থনা।—বা নি ৬)১৭
১১৩

এই চক্রের চতুর্দশ ত্রিকোণের দেবতা—সর্বসংক্ষোভিণী সর্ববিদ্রাবিণী সর্বাকর্ষণী সর্বাহলাদ-কারিণী সর্বসম্মোহিনী সর্বস্তস্তনকারিণী সর্বজ্ দ্ভিণী সর্ববশঙ্করী সর্বরঞ্জনী সর্বোদ্মাদনরূপিণী বা সর্বোদ্মাদিনী সর্বার্থসাধনী সর্বস্পত্তিপুরিণী সর্বমন্ত্রময়ী এবং সর্ববদ্ধদ্বয়ংকরী।

এই চতুর্দশ শক্তিকে অলম্বা কুছু বিখোদরা বারণা হস্তিজিহনা মশোবতী প্রস্থিনী গান্ধারী প্রা শন্ধিনী সরস্বতী ইড়া পিঙ্গলা এবং স্বয়্যা এই চতুর্দশ নাড়ীর অধিদেবতা বলা হয়েছে।

সর্বসংক্ষোভিণীপ্রমূথ দেবীরাই এই চক্রের আবরণদেবতা সম্প্রদায়যোগিনী। সিদ্ধি দিশিদ্বসিদ্ধি আর মূলা সর্ববশ্রকরী বা সর্বাবেশকারিণী। গ

আইদলপদ্ম—কামকলাবিলাসে বলা হয়েছে অষ্টদলপদ্ম ক-আদি অষ্ট বৈধরীবর্গের 
ধারা গ্রাথিত। এর অর্থ ক চ ট ত প য শ ল. এই আটটি বর্গে বিভক্ত বৈধরীশক্তিষক্ষপ
বর্ণসমূহ অষ্টদলপদ্মের আটটি দলে ভাবনা করতে হবে।

এই চক্রের অষ্টদলের আটজন দেবতা—অনঙ্গকুস্থা অনঙ্গমেথলা অনঙ্গমদনা অনঙ্গ-মদনাতুরা অনুঙ্গরেখা অনঙ্গবেগিনী অনঙ্গাঙ্গুশা এবং অনঙ্গমালিনী।

অনক্ষকুস্থমাদিকেই পঞ্চকর্মেক্সিয়বিষয় অর্থাৎ বচন আদান গমন বিদর্গ আনন্দ হান অর্থাৎ ত্যাগ উপাদান অর্থাৎ গ্রহণ এবং উপেক্ষা অর্থাৎ উদাসীত্য নামক বৃদ্ধি বলা হয়েছে।

উক্ত অনঙ্গকুস্মাদি দেবীরাই এই চক্রের আবরণদেবতা গুপ্ততরযোগিনী। সিদ্ধি মহিমাসিদ্ধি ° আর মুদ্রা আকর্ষিণী বা সর্বাকর্ষণী। ° °

বোড়শদলপল্ম—বোড়শদলপদ্ম সম্বন্ধে কামকলাবিলাসে বলা হয়েছে একে যোড়শস্বন্ধবিশ্বক ভাবতে হবে। <sup>১ ২</sup>

ষোড়শদলের দেবতা-কামাকর্ষিণী বৃদ্ধ্যাকর্ষিণী অহংকারাকর্ষিণী শব্দাকর্ষিণী স্পর্শাকর্ষিণী

<sup>&</sup>gt; वानि ३१३१३-३४७

অলম্ব্ৰা কুছ্বিখোদরা বারণা হতিজিহনা বশোবতী পায়বিনী গালারী প্ৰা শহিনী সরবতীড়া পিললা
ক্র্মণা চেতি চতুর্দশ নাডাঃ সর্বসংক্ষোভিশ্যাদি চতুর্দশ শক্তরঃ।—ভাবনোপনিবং, ১৬

৩ প্ত ১৯৯ ৪ বা নি ৮/১৪৯ ৫ প্ত ১৭/৪৯

ভ কাদিভিরইভিক্লপচিতমইদলাব্জং চ বৈধরীবগৈঃ ৷—কা বি ৩৩

१ वानि ३।३११-३१४

वहनामाननप्रनिवनगीनन्गरात्नाभागात्माभाग्न्यभाग्निम्

৯ প্ত লাভ ১০ বালি ৮/১৪৩ ১১ প্ত ১৭/৪২

<sup>&</sup>gt;२ वत्रभगम्यूषिण्यमण् बाडेमनात्काक्रकः ह मिक्छाम्।---को वि ००

ক্লপাকর্ষিণী রদাকর্ষিণী গদ্ধাকর্ষিণী চিত্তাকর্ষিণী বৈর্য্যাকর্ষিণী স্বত্যাকর্ষিণী নামাকর্ষিণী বীজ্ঞাকর্ষিণী আত্মাকর্ষিণী অমৃতাকর্ষিণী এবং শরীরাকর্ষিণী।

ভাবনোপনিষদে কামাকর্ষিণীপ্রম্থ বোড়শশক্তিকে পৃথিব্যাদি পঞ্চমহাভূত শ্রোত্তাদি পঞ্চজানেশ্রিয় বাক্-আদি পঞ্চমেশ্রিয় মন এবং বিকার বলা হয়েছে।

এই শক্তিরাই আলোচ্য চক্রের আবরণদেবতা গুপ্তযোগিনী। • সিদ্ধি লঘিমা এবং মূল্রা সর্ববিজ্ঞাবিণী। 8

ভূপুর—ভূপুরের উপর সমগ্র ষন্ত্রটি স্থাপিত। ভূপুর ত্রিরেখারচিত চতু বারযুক্ত চতুকোণ। ত্রিরেখার বাইরের রেখাকে বলা হয় ব্রহ্মরেখা, এটি প্রথম বেখা। বিতীয় রেখা মধ্যরেখা, এটিকে বলা হয় বিফুরেখা। তৃতীয় রেখাকে বলা হয় শিবরেখা।

ব্রহ্মরেথায় অণিমাদি দশসিদ্ধি অবস্থিতা। দশসিদ্ধি যথা — অণিমা স্থিমা ইন্দি বশিষ্ট প্রকাম্য ভূক্তিসিদ্ধি ইচ্ছাসিদ্ধি প্রাপ্তিসিদ্ধি এবং সর্বকামসিদ্ধি।

व्यविमानि नगनिष्कित्क निम्नजि वर्षाः श्वातक এवः भृत्रातानि नवतम वना श्राह । ३०

বিষ্ণুরেখায় ব্রহ্মাণী <u>মাহেশী বা মহেশরী কোমারী বৈষ্ণবী বারাহী ঐক্রী চাম্ভা এ</u>বং মহালক্ষী এই অষ্টমাতৃকা অবস্থিতা। ১১

ভাবনোপনিষদে এই অষ্টমাতৃকাকে যথাক্রমে কাম ক্রোধ লোভ মোহ মদ মাৎসর্য পাপ এবং পুণ্য বলা হয়েছে। <sup>১২</sup>

<sup>&</sup>gt; वानि )।>१२->१७

২ পৃথিব্যপ্তেজোবাব্বাকাশশোত্রত্বক্স্জিহ্বাভাগবাক্পাণিপাদপায়্পস্থানি মনোবিকারঃ কামকর্ষিণ্যাদিবোড়শ শক্তরঃ।—ভাবনোপনিবং ১৪

৩ প্ত হা৯৩ ৪ ঐ ১৭া২৯

<sup>•</sup> Tantraraja Tantra, T. T., Vol. VIII, Intro., p. 8

৬ ৰুক্ষবিকুশিবাখ্যান্তান্তিত্রো রেথান্চ তন্নিভাঃ।—গ ত ১।৭৬

৭ তত্রাদৌ বুক্সরেখায়ামণিমাছাঃ স্থিতাঃ প্রিয়ে ।—এ

४ वांनि ३१३७७-३७४

<sup>»</sup> প্রাপ্তিসিদ্ধি ও সর্বকামসিদ্ধির হলে রসসিদ্ধি ও মোক্ষসিদ্ধির উল্লেখও পাওয়া বার।·

<sup>—</sup>ক্রঃ গ ড, শ্রীনগর, ১৯৩৪, পৃ ৪৭, পাদটীকা

নিয়তিঃ শৃলারাদরো রসা অণিমাদয়ঃ ।—ভাবনোপনিবৎ ১১
নবরস, বথা—শৃলার ভয়ানক রৌক্ত বীভৎস হাস্ত বীর করুণ অভ্যুত এবং শাস্ত ।

<sup>—</sup>ঐ মত্রের ভাস্কররারকৃত ভাস্ত স্তঃ

<sup>&</sup>gt;> वानि ।। १७०- ११

১২ कामत्काश्रताष्ट्रमारमारमर्भभूगाभाभममा बुक्ताकाष्ट्र मञ्जाः।—ভाবনোপনিবং ১২

ভরনাজতত্ত্বে এঁদের বলা হরেছে উর্মি এবং পাপ ও পুণা। মনোরনার উর্মিশব্দের ব্যাখ্যার বলা হয়েছে — বুভূকা শিপানা শোক মোহ জরা এবং মরণ এই ছয় উর্মি। অবস্থ ভারবরার উর্মিশব্দের কামাদি বড়রিপু অর্থই করেছেন। তা হলে উভয় উন্ভিন্ন মধ্যে আর কোনো ভেদ থাকে না।

জীবদেহে ব্রহ্মাণী-জাদি অন্তমাতৃকা স্বক্ অস্ক্ মাংস মেদ অস্থি মজ্জা শুক্র এবং ওজ এই অন্তথাতৃরূপে অর্থাৎ অন্তথাতুর অভিমানিনীদেবতারূপে অবস্থিতা।

শিবরেশার অবস্থিতা সংক্ষোভণী-আদি দশম্ত্রাশক্তি। বথা—সর্বসংক্ষোভণী বা সর্বসংক্ষোভণী সর্ববিজ্ঞাবিদী সর্বাকর্ষনী সর্বাবেশকরী বা সর্বাবেশকারিণী সর্বোন্সাদিনী সহাস্থ্যা থেচরী বীজমূত্রা বোনিমূত্রা এবং ত্রিখণ্ডা। ব

ভাবনোপনিবদে এই দশশক্তিকে আধারনবক বলা হয়েছে। শক্তিসংখ্যা দশ আর আধারসংখ্যা নয়। আলোচ্য মন্ত্রের ভারে ভারুররায় এই সমস্তার মীমাংসা করেছেন এইভাবে—মূলাধারাদি-আজ্ঞান্ত বট্চক্র, উর্ধ্বন্থ এবং অধন্থ তুই সহস্রার ও লম্বিকাপ্র এই নম্নটি আধার আর তাদের সমষ্টি একটি, মোট এই দশটি সংকোভিণীপ্রমূখ দশমুল্লাশক্তি।

এই দশম্রাশক্তিই এই চক্রের আধারদেবতা প্রকটবোগিনী। দি সিদ্ধি অণিমা আর মূক্রা সর্বসংক্ষোভিনী।

সমষ্টিবাসনা—এই ত গেল নবচক্রের ব্যষ্টিবাসনা। এ ছাড়া নবচক্রের সমষ্টিবাসনাও শাস্ত্রে বর্ণিত হয়েছে। বিন্দু থেকে চতুর্দশার পর্যন্ত চক্রের সমষ্টিবাসনা রোজী। অর্থাৎ এই ছয়টি চক্র সমষ্টিগতভাবে রোজীশক্তির রূপ। > •

অষ্টদলপদ্ম ও যোড়শদলপদ্মের সমষ্টিবাসনা বামা আর ভূপুরের জ্যেষ্ঠা। এর অর্থ অষ্টদলপদ্ম ও যোড়শদলপদ্ম সমষ্টিগতভাবে বামাশক্তির রূপ আর ভূপুর জ্যেষ্ঠাশক্তির রূপ। ১১

এরপ বিস্থৃত বাসনা যাঁরা ভাবতে পারেন না তাঁদের জন্ম সংক্ষিপ্ত বাসনার ব্যবস্থাও শাল্পে করা হয়েছে।<sup>১২</sup>

১ উমর: পুণাপাপে চ ৰ ক্লিয়াছা মাতর: স্বতা:। –ত রা ত ৩০।৭

२ छत्रप्तः बुक्काणिनानात्माकरबारकत्रात्रकः। - व बरनात्रमा

৩ ফ্রা ভাবদোপনিবদের বাদশ করের ভার

<sup>8</sup> वानि ४१३०-धन ति व

निवदत्ववार नमाञ्चिल नस्काल्यादिकाः क्लिकाः ।—म ७ ०।४१

७ वा नि ১।১२३-२०० ; से, व्य विज्ञान

আধারনবকং মুদ্রাশক্তয়ঃ ৷—ভাবনোপনিবৎ ১৩

A 4 2 clad-na # \$ 24176-70

<sup>&</sup>gt;• अ: वा नि ७।১৮-এর সে व >> ঐ ७।১৯-এর সে व >২ अ: ঐ ७।১৯-२७

শ্রীচক্রপূর্ণ।—এবার শ্রীচক্রপূর্ণা। ভাবনোপনিবদে বলা হরেছে?—জ্ঞান অর্ঘ্য, জের ছবি আর জ্ঞাতা হোতা। জ্ঞাতা জ্ঞান এবং জ্ঞের এই তিনের অভেদভাবনা শ্রীচক্রপূর্ণা। শ্রীচক্র বার রূপ নেই চিদ্রেপিনী মহাদেবী পূজ্যা। ভারুররায় লিথেছেন পূজ্যা দেবতা চিদ্রেপা এ কথা স্বারই জানা বলে মজে আর উল্লেশ করা হয় নি।

বলা বাহল্য এ রকম পূজা অতি-উচ্চাধিকারীর জন্ত বিহিত। তাম্বররার এই ভাবনারণ পূজাকে পর-উপান্তি বা পর-উপাসনা বলেছেন।

তবে ৰাহ্ণপূজার মতো এই পূজাতেও উপচার হোম তর্পণাদি আছে। তাবনোপনিবদের মতে বান্ধান্ডেদে ললিভার ধারাবাহিক ভাবনা-ক্রিয়া এই পূজার উপচার।

আর আমি-তৃমি বিধি-নিবেধ কর্তব্য-অকর্তব্য উপাসিতব্য ইত্যাদি সমস্ত বিকল্পের আত্মরপিণী দেবতায় বিলীনতাভাবনা হোম।

ভর্পণ সম্বন্ধে বলা হরেছে ভাবনাবিষয়সমূহের অভেদ-ভাবনা তর্পণ। ভাবনোপনিবদের এই প্রেরে ভারে ভাস্কররার লিপেছেন আলোচা উপনিবদে শ্রীগুরু পেকে হোম পর্যস্ত বে-দব বিষরের উল্লেখ করা হরেছে বিষরতাবৈলক্ষণ্যপ্রযুক্ত তাদের মধ্যে বে-ভেদ আছে তা পরিহার করে তাদের এক নির্বিকল্প-তুরীয়-অথগু-বিষয়তা-ভাবনা হবে; তার পরে ভাও ত্যাগ করার পর স্বাত্মামাত্রভাবনা অবশিষ্ট থাকবে। এরই নাম তর্পণ।

ভাবনোপনিবদের মতে বদি কেউ তিন মূহূর্ত হুই মূহূর্ত বা এক মূহূর্তের জন্মও পূর্বোক্ত স্বাত্মামাত্রভাবনা করতে পারেন তা হলে তিনি জীবমূক্ত হবেন এবং তাঁকেই শিবষোগী বলা হবে। পাসস্কলনসহ এই ভাবনাকেই নির্বিকর্বৃত্তি বলা হয়। এটি অভিশর ত্রহ ব্যাপার। একমাত্র সন্তক্তর কাছেই এর সম্পূর্ণরহস্ত জানা বেতে পারে।

ৰত্তে পূজা—কিন্ত আমরা বাহুপ্জায় দেবতার প্রতীকরূপে ঘত্তের বিষয় আলোচনা কর্মছিলাম। লক্ষ্য করা গেছে অপেকায়ত অগ্রসর সাধকেরাই প্রতিমার স্থলে ঘত্তে পূজা

১ জ্ঞানমৰ্ব্যং জ্ঞেরং হবি জ্ঞাতা হোতা জ্ঞাতুজ্ঞানজেয়ানামভেদভাবনং শ্রীচক্রপুলনম্ ।—ভাবনোপনিবং ১০

২ পূৰ্যা দেবতা তু চিত্ৰপা প্ৰসিদ্ধান্তোক্তা।—ডঃ ঐ, ভান্ত

অধবোপাত্তেরপি ত্রীণি রূপাণি বিগ্রহানিরূপং স্থুলরুপং, মাননো লপঃ কুল্মন্, এবা ভাবনা পরং রূপমিতি।
 —ভাবনোপনিবদের ২৯ সংখ্যক ক্তের ভার

s ভাৰনারা: ক্রিয়া উপচার:।—ভাবনোপনিবৎ ৩১

অহং ত্মন্তি নাত্তি ক তব্যসকৰ্তব্যস্পাদিতব্যমিতি বিকল্পানামান্ত্ৰনি বিভাবনং হোম: 1—ভাবনোপনিবং ৩২

ভাবনা বিষয়াণামভেদভাবনা তর্পন্ ।—ঐ ৩৪

৭ এবং মুহুর্ত্তবিভরং মুহুর্ত্তবিভরং মুহুর্ত্তমাত্রং বা ভাবনাপরো জীবন্মুক্তো ভবতি স এব শিববোগীতি গছতে।

করতে পারেন। প্রতিমায় পূজাতে যে-সব ক্রিয়াকর্ম বিহিত যঞ্জে পূজায়ও সেই-সব ক্রিয়াকর্ম বিহিত। বিশেষ এ ক্রেক্রে প্রতিমায়লে যন্তে দেবীর আবাহন করতে হয় এবং যন্তে দেবীম্র্তির ভাবনা করে তাঁর প্রাণপ্রতিষ্ঠাণিও করতে হয়। তা ছাড়া যন্ত্রপ্রতিষ্ঠাণিও করতে হয় এবং মান্ত্রপ্রতিষ্ঠাণিও করতে হয়। তা ছাড়া যন্ত্রপ্রতিষ্ঠাণিও করতে হয় এবং মান্ত্রপ্রতিষ্ঠাণিও করতে হয় এবং মান্ত্রপ্রতিষ্ঠাণিও করতে হয়। তা ছাড়া যন্ত্রপ্রতিষ্ঠাণিও করতে হয় এবং মান্ত্রপ্রতিষ্ঠাণিও করতে হয়। তা ছাড়া যন্ত্রপ্রতিষ্ঠাণিও করতে হয় এবং মান্ত্রপ্রতিষ্ঠাণিও করতে হয়। তা ছাড়া যন্ত্রপ্রতিষ্ঠাণিও করতে হয়। তা ছাড়া যাল্বপ্রতিষ্ঠাণিও করতে হয়। তা হাড়া যাল্বপ্রতিষ্ঠাণিও করতে হয়। তা ছাড়া যাল্বপ্রতিষ্ঠাণিও করতে হয়। তা হাড়া যাল্বপ্রতিষ্ঠাণিও করতে হাড়া যাল্বপ্রতিষ্ঠাণিক করে হাড়া যাল্বপ্র

ধ্যান —লক্ষ্য করা গেছে প্রতিমায় দেবতার আবাহন করার সময় প্রথমেই দেবতার ধ্যান করতে হয়। যন্ত্রের বেলাতেও তাই করতে হয়। জপের ক্লেত্রেও ধ্যান করে তবে জপ করা বিধি। পূজাহন্ঠানের সময় একাধিক ক্লেত্রে ধ্যানের বিধান আছে। ধ্যান সাধনার একটি অপরিহার্য বিশিষ্ট ক্ষক্ষ। নির্বাণতন্ত্রে বলা হয়েছে—ধ্যানের দ্বারা সমস্ত লাভ হয়, ধ্যানের দ্বারা সাধক বিষ্ণুরূপধারণ করেন। ধ্যানের দ্বারা সিদ্ধিলাভ হয়। ধ্যান ব্যতীত সাধনায় সিদ্ধি নাই।

ধ্যানের ভার্থ— ধ্যানশবের সহজ অর্থ চিন্তা। পাশুপতস্ত্রের ভারে কৌণ্ডিণ্য লিখেছেন ধ্যান অর্থ চিন্তা। কিন্তু ষে-কোনো রকম চিন্তাকে ধ্যান বলে না। শিবপুরাবে আছে — ধৈ-ধাতু চিন্তার্থক। অবিক্ষিপ্তমনে মূর্ছ শিবচিন্তাকে বলে ধ্যান। শিবচিন্তা উপলক্ষণ, শিবচিন্তা অর্থ অভীষ্টদেবতাচিন্তা।

কুলার্ণবতন্ত্রে স্পষ্ট করেই বলা হয়েছে সমস্ত ইন্দ্রিয়সস্তাপ মনের দ্বারা সংযত করে মনের মধ্যে ইষ্ট্রদেবতার চিস্তাকে বলে ধ্যান।

ক্সমানলাদিতেও ধ্যানের অহুরূপ ব্যাখ্যা করা হয়েছে।°

এই প্রসঙ্গে উল্লেখ করা যায় তন্ত্রাদিবর্ণিত ধ্যান আর অন্তাঙ্গবোগের অন্ততম অঙ্গ ধ্যান ঠিক এক বন্ধ নয়। যোগস্তত্তে আছে দ—"তাহাতে প্রত্যায়ের (জ্ঞানবৃত্তির) একতানতা ধ্যান।" এই স্তত্ত্বের ভাল্পে বলা হয়েছে সেইদেশে অর্থাৎ নাভিচক্র হাদয়পুগুরীক-আদি দেশে ধ্যেয়-আলম্বনের প্রত্যায়ের যে-একতানতা অর্থাৎ ধ্যেয়-বিষয়ক প্রত্যায়ের প্রত্যায়াস্তর-

छळातांक महास्मवीर कीवळातर ह कांत्रस्य ।—वांमरक्यत्रछळवहन, सः भू ह, छः ७, शृः ६२ऽ

२ जः व शृः ६२०-२>

৩ খানেন লভতে সর্বং ধ্যানেন বিশ্বরপকং(কঃ ?)। খানেন সিদ্ধিমাপ্নোতি বিনা ধ্যানে ন সিধ্যতি।

<sup>—</sup>নি ত, পঃ ১২

৪ খ্যানং চিন্তনমিতার্থ।—পা সু ।২৪-এর কৌগুণ্যভান্ত

বৈ চিন্তারাং স্মৃতো ধাতৃঃ শিবচিন্তা মূর্ছ মূর । অব্যাক্ষিপ্তেন মনসা খ্যানং নাম ততুচাতে ।

<sup>--</sup> मि शू, वांग्र मः, है छा, २ ।। १२

<sup>•</sup> বাবন্ধিরসম্ভাপং মনসা সংনিরম্য চ। স্বান্থেনাভীষ্টদেবস্ত চিস্তনং ধ্যানমূচ্যতে।—কু ভ, উ: ১৭

৭ সমাহিতেন মনসা চৈতন্তান্তরবর্ত্মিনা। আত্মক্তভীষ্টদেবানাং ধ্যানং ধ্যানমিহোচ্যতে।—ক বা, উ ত, পঃ ২৭

৮ তত্ৰ প্ৰত্যবৈদ্যালতা গালন্ ।—বো স্থ থং

বিনিমৃক্ত বে-একরূপ প্রবাহ তাকে বলা হয় ধ্যান।" এই স্বজোক্ত ধ্যান "চিন্তস্থৈর্ব্বের অবস্থা বিশেষ। যে কোন ধ্যেয়বিষয়ে এই ধ্যান প্রযুক্ত হইতে পারে।"

তল্পেক্ত আলোচ্য ধ্যানের সঙ্গে যোগস্বজ্ঞাক্ত ধ্যানের এথানেই পার্থক্য। অভীষ্ট-দেবতাই তল্পোক্ত আলোচ্য ধ্যানের আলম্বন হতে পারেন, অন্ত কিছু নয়।

ি বিবিধ ধ্যান—তন্ত্রশান্তে বিবিধ ধ্যানের কথা পাওয়া যায়। কুলার্গবতত্ত্বে আছে •—
ধ্যান বিবিধ, স্থুল এবং স্ক্র। সাকারধ্যান স্থুল আর নিরাকারধ্যান স্ক্রন্ত

মহানির্বাণতত্ত্বে স্থুল ও ক্ষ্ম ধ্যানকে সরপ ও অরপধ্যান বলা হয়েছে। সর্ক্রপধ্যান দেবতার সাকার মৃতির ধ্যান। অরপ ধ্যান সহন্ধে বলা হয়েছে দেবীর অরপ ধ্যান অবাঙ্মনসগোচর অব্যক্ত সর্বতোব্যাপ্ত 'ইহা, এই প্রকার' এ রকম সিদ্ধান্তবর্জিত অগম্য এবং শুধু শমাদিবছরুজুসাধনার বারা যোগিদের গম্য।

ধ্যানের এই ভেদকে সগুণ নি গুণও বলা হয়। সগুণ ব্রন্ধের ধ্যান সগুণ ধ্যান। নি গুণ ধ্যান সম্বন্ধে বলা হয়েছে জীবব্রন্ধের ষে-ঐক্য, 'আমি ব্রন্ধ' এই যে অন্তব, একেই ব্রন্ধ-বিদেরা নি গুণ ধ্যান বলেন।

ত্রিবিধ ধ্যান—ধ্যানের আবার স্থল জ্যোতি এবং স্ক্র এই ত্রিবিধ ভেদও করা হয়। স্থলধ্যান মূর্তিময়, জ্যোতি ধ্যান তেজোময়, স্ক্রধ্যান বিন্দুময়।

আবার কোনো কোনো মতে স্থলধ্যানকে ধ্যানই বলা হয় না। বেমন বিজ্ঞানভৈরবের মতে নিক্ষল নিরাকার নিরাশ্রয়ের চিন্তাই ধ্যান। শরীরের মুখহন্তাদির কল্পনা ধ্যান নয়।

**ত্মলধ্যান স্থগম**—বলাই বাহুল্য এ মত সর্বজনস্বীকৃত নয়। কিন্তু নিরাকার **অরূপ** নিশ্তণ বা সক্ষাধ্যান যে অতিশয় ত্রধিগম্য এ বিষয়ে দ্বিমত নাই। যামলে ত সোজা বলে

১ তিমান্ দেশে ধ্যেয়ালম্বনস্ত প্রত্যারস্তৈকতানতা সদৃশঃ প্রবাহঃ প্রত্যায়স্তরেণাপরাম্টো ধ্যানম্।
—বো সং ৩২-এর ভায়

ধানং তু বিবিধং প্রোক্তং স্থলক্ষপ্রভেদতঃ। সাকারং স্থলমিত্যাহনিরাকারং তু ক্ষাক্ষ্।—কু ত, উ: >

ধ্যানং তু দিবিধং প্রোক্তং সরূপারপভেদতঃ। অরূপং তব বদ্ধান্মবাঙ মুনসগোচরম।
 অব্যক্তং সর্বতো ব্যাপ্তমিদমিশং বিবর্জিতম। অগম্যং বোগিভির্গমাং কুল্ছৈ বহুশমাদিভিঃ।

<sup>—</sup>মহা ত ১১৩৭-১৩৮

বজ্জীবৰু ক্ষণোবৈকাং সোহহম্মীতি বেদনং। তদেব নিগুৰ্ণং ধ্যানমিতি ৰু ক্ষবিদো বিদ্ধঃ।
 —শিবার্চনচক্রিকাববচন, কর্পু রাদিন্তোক একবিংশ লোকের টীকার পাদটীকার উদ্ধৃত

ছুলং জ্যোভিত্তপা কৃষ্ণং গানস্ত ত্রিবিংং বিছঃ। ছুলং মূর্তিময়ং প্রোক্তং জ্যোতিত্তেজাময়ং ভগা।
কৃষ্ণং বিন্দুয়য়ং বৃক্ত কৃথলীপরদেবতা।—বে স ৬।>

शानः বা নিকল। চিস্তা নিরাকার। নিরাশ্ররা। ন তু ধাানং শরীরক্ত মুখ্ছকাদিকলন।
 নিক্তানকৈরব্বচন, ক্র: The Yegini Hṛdaya Dipika, Part II, p. 161

বেজরা হরেছে—সুস্থগান কথনো উভুত হয় না। অতএব সুস্থান করেই বোক্লাভ করতে হবে।

স্বহানির্বাণভত্ত্বেও আছে শান্ত শার শারণার জন্ত শীর অভীষ্টসিছির জন্ত এবং স্ক্রেখ্যান-শক্তি প্রবৃদ্ধ করার জন্ত দেবীর বুলধ্যান বর্ণিত হল।

এই ব্যবস্থা মনোবিজ্ঞানসম্মতও বটে। স্থুলের থেকে স্থম্ম এইটি মনের স্বাভাবিক গতি।
মূল ধ্যানে চিত্তের হৈর্ঘ্য সাধিত হলে পরে স্থম্ম ধ্যান সম্ভবপর হতে পারে।

বাহ্নপূজাদিতে দেবতার সুলব্ধপের ধ্যানই বিহিত। অবশ্র এই সুলব্ধণ দেবতার স্করপেরই সুল অভিব্যক্তি। সাধক প্রথমে এই সুলব্ধপের ধ্যান অভ্যাস করেন। বর্ণাবিহিত অভ্যাসের ফলে এমন এক সময় আসে বখন দেবতার স্করপ স্করণ করেভাব দেবতার তব্ব
তাঁর কাছে প্রতিভাত হয়। ধ্যান তেমন দৃঢ় হলে নিবিড় হলে সাধক দেবতার প্রভাক দর্শনলাভও করতে পারেন।

শক্তিশক্ষতমে বলা হয়েছে—দেবতার ধ্যানরূপ ভাবনাগোচর, তা কে দেপতে পেয়েছে। তবে ভাবনা দৃঢ় হলে দে-রূপের প্রত্যক্ষ দর্শন হয়।

বিবিধ উপচারে পূজা— বজে পূজার বিষয় আলোচনা করা হচ্ছিল। বামকেশরতজ্ঞে বলা হয়েছে যজে দেবীর আবাহন প্রাপপ্রতিষ্ঠা ইত্যাদি করার পর যোজশোপচার মহামূজা ফল নৈবেছ ও তামূল হারা দেবীর অর্চনা করতে হবে। ও তুমু যজে নয়, প্রতিমাদিতেও পূজার এই ব্যবস্থা।

মহানির্বাণতস্ক্রমতে বাড়শোপচার— আসন স্বাগত পাছ অর্থ্য আচমনীর মধুপর্ক পুনরাচমনীর স্থানীর ভূষণ গন্ধ পুশা ধূপ দীপ নৈবেছ এবং বন্দনা।

অবশ্ব পূজাভেদে ও কল্লভেদে এই তালিকার কিছু কিছু অদলবদল হয়।

<sup>&</sup>gt; পুলাগানং মহেশানি কথাচিন্নহি জানতে। ছুলবানং মহেশানি কৃষা মোক্ষমবাধ্যাং।
—বাষলভাৱন্তন, সঃ P. T., Part II, 2nd Ed., p. 646.

२ मनत्मा धात्रभावीत केवा वाकोडेमिक्टव । वक्कशानकाताधात क्वाधात कावि क ।-- महा क ६१३००

৩ ফঃ পুড, p. 98

কেন দৃষ্টা খ্যানরণং ভাবনামাত্রগোচরন্। দৃচভাবনয়া বৃজ্জে প্রত্যক্ষা বর্ণনা ভবেং।
—— ব ড, য় ৼ ২০১২৩

ভ্রাবার বহাবেশীং জীবজাসং চ কাররেং। উপচারেঃ বোড়শভির্কামুলাদিভিত্তপা।

কলৈই নিবেভভাব্ব লৈবেশীং ভ্রম সমচরেং।—বামবেশরকারকার, রঃ পু চ, তঃ ৬, পুঃ ৭২১

७ महा ७ ३०।२०७-२०8

बाद के क्षानमन्त्रमः कृत का मा, अन्य मर, पृथ बढ्द

পূজার কিন্তু শুধু বোড়শোপচারই বিহিত হয় নি, পঞ্চ সপ্তং, দৃশা বাদশা আন্তাদশা বিত্তিংশং এবং চতুঃবৃত্তি উপচারেরও বিধান দেওয়া হয়েছে।

এই-সব উপচারের তালিকা পর্য্যালোচনা করলে দেখা যায় উপচারশব্দটি বস্তু এবং ক্রিয়া উভয় অর্থেই ব্যবস্থাত হয়েছে।

উপচারের ব্যাখ্যা—জ্ঞানমালায় উপচারের ব্যাখ্যা করা হয়েছে এইভাবে—ভক্তি-সহকারে এই-সব অর্থাৎ উপচারন্ত্রব্য দেবভাকে সমর্পন করলে এই-সব সাধককে দেবসিরিধানে নিয়ে বায় বলে এই-সবকে উপচার বলা হয়। অথবা এই-সব বাঞ্চিত ফলকে নিকটে এনে দেয় বলে এই-সবকে উপচার বলা হয়।

**উপচারের তাৎপর্য**—এই উপচার-সমর্পণের গৃঢ় তাৎপর্য আছে। ব্রহ্মস্বরূপিণী

গছং পূলাং তথা ধূপং দীপং নৈবেছমেব চ। এতে পঞ্চোপচারাক্ত কৈবল্যকলদায়িনঃ।
 —( নবরত্বেখরবচন, য়ঃ পু চ. তঃ ৩, গৃঃ ২২৪) গদ্ধ পূলা ধূলা দীলা এবং নৈবেছা এই প্রকোপচার কৈবল্যকলদায়ক।

অর্ব্যাং গন্ধং ততঃ পুষ্পামকতং ধৃপমেব চ। দ্বীপো নৈবেছং সপ্তাক্তী সপর্যোত্যপরে লক্তঃ।—
 ( তঃ শা তি ৪।৯২-এর রাঘবভট্টকৃত টীকা)—অর্ব্য গন্ধ পুষ্পা অকত ধৃপ দীপ ও নৈবেছ এই সপ্ত উপচার।

পান্তমর্ব্যঞ্চাচমনং মধুপর্কাচমৌ তথা। গন্ধাদিপঞ্চকং চৈতে উপচারা দশ মৃতা: ।—(মহা ত ১৩।২০০)
 —পান্ত অর্থ্য আচমনীর মধুপর্ক পুনরাচমনীর গন্ধ পুন্দা ধুপ দীপ ও নৈবেল্প এই দুশোপচার।

আসনং বাগতং পাছমর্গ্যমাচমনীয়কয়। স্নানং বাদ্যোপবীতং চ ভ্রণানি চ সর্বলঃ।
 গক্ষং পূত্যং তথা ধৃপং দীগময়ং চ তর্পণয়। মাল্যামূলেপনং চৈব নমফারং বিসর্জনয়।
 অস্টাদশোপচারেস্ত মন্ত্রী পূজাং সমাচরেৎ।—( নবরত্বেশরবচন, দ্রঃ ঐ, পৃঃ ২২৫ )

<sup>—</sup>আসন স্বাগত পাছ অৰ্ঘ্য আচমনীয় সান বস্ত্ৰ উপবীত ভূষণ গদ্ধ পূষ্প দীপ নৈবেক্ত তৰ্পণ মাল্যামূ-লেপন নমস্বায় এবং বিসৰ্জন এই অষ্টাদশোপচায়।

বট্তিশেৎ উপচার, বথা—আসন অভ্যপ্তন উত্তর্গ নিরীক্ষণ সম্মান রপন আবাহন পাছ অর্থ্য আচমনীয়
মানীয় মধ্পর্ক পুনরাচমনীয় বয় বজ্ঞোপবীত অলভার গদ্ধ পুন্দা ধ্প দীপ তায়্ল নৈবেছ পুন্দালা
অন্মলেপন শব্যা চামর ব্যজন আদর্শদর্শন নমসার গীত বাছ ভতি হোম প্রদক্ষিণ দস্তকাঠপ্রদান এবং
দেববিস্ললন ।—ফ্রন্মীরহস্তবৃত্তিবর্ণিত, এঃ ঐ

१ कः वृह छ मां, ১ • म मः, भिन्नः ६, शृः ६६३-६६२

ভজ্ঞা চৈতে কৃতা দেবে সাধকং দেবসন্নিধিব্। চারয়স্ভি বতত্তমানুচ্যস্তে হাপচারকঃ।
 স্মীপে চারণাছাহপি কলানাং তে তথেছিতাঃ।—জ্ঞানমালাবচন, এঃ শা তি ৪।৯২-এর রাঘবভট্টকৃত টীকা

মহাশক্তি স্টিরপে পরিণত হয়েছেন। তিনিই প্রাতিভাসিক ভোক্তা জীব, ভোগাপদার্থও তিনি, আবার ভোগক্রিয়াও তিনি। কিন্তু যতক্ষণ হৈতবৃদ্ধি আছে ততক্ষণ জীব এবং জ্ঞান্ত বন্ধর পৃথক্ সন্তাও আছে। বৈতবৃদ্ধির ক্ষেত্রে এই-সব পৃথক্ সন্তাকে ব্রহ্মময়ীর পরিণতি ভেবে আবার তাঁরই স্বরূপে এদের লয়ভাবনা এই-সমস্কের ব্রহ্মার্পণ। এইভাবে ব্রহ্মার্পণ করলে সমগ্র স্থাইই উপচার হয়ে যায়। কেন না স্পাইর বে-কোনো বন্ধ বে-কোনো ভারচিতা বে-কোনো ক্রিয়া সাধকের ব্রহ্মসিধি-বিধান করে।

স্থাইর বেমন সুলম্মাদি ভেদ আছে উপচারেরও তেমনি ভেদ আছে। স্থাইক্রমে ব্রহ্মবন্তর সুলতম পরিণতি পঞ্চাহাভূত। বাহুপূজায় নিয়াধিকারী ব্যক্তিরা বে গদাদি পঞ্চোপচার দিয়ে পূজা করেন তা এই পঞ্চমহাভূতেরই প্রতীক। গদ্ধ ক্ষিতির, পূজা ব্যোমের, ধূপ মরুতের, দীপ তেজের এবং নৈবেছ অপের প্রতীক।

উচ্চাধিকারী তত্ত্বজানী সাধককে এই স্থুল পঞ্চোপচারের সঙ্গে মানসিক বৃত্তি যোগ করে যোড়শোপচারে পূজা করতে হয়।\*

আরও উচ্চাধিকারী তত্ত্জানী সাধকের পক্ষে ক্ষিত্যাদি প্রকৃত্যস্ত চতুর্বিংশতিতত্ত্ব পূজোপচার।

তার চেয়েও উচ্চকোটির বে-সাধক ভগবানে পূর্ণসমাহিত তাঁর পূজার একমাত্র উপচার তাঁর আত্মা<sup>8</sup> অর্থাৎ তিনি স্বয়ং।

সাধনমর্শ্বজ্ঞ মহাত্মারা বলেন দেহাদির প্রয়োজনীয় যাবতীয় পদার্থই স্থুল উপচার; এইগুলি স্থন্ধ উপভার; এইগুলি স্থন্ধ অধিকারীর জন্ম বিহিত। চিত্তের সমস্ত বৃত্তি স্থন্ধ উপচার; এইগুলি স্থন্ধ অধিকারীর জন্ম বিহিত। সর্বোচ্চকোটির অধিকারীর একমাত্র উপচার তাঁর আত্মা। এক পার উল্লেখ একটু আগেই করা হয়েছে।

এই-সব সিদ্ধান্তের কথা। সাধনার ক্ষেত্রে এই-সব সিদ্ধান্তাহ্যবারী বিবিধ বিধান লক্ষ্য করা যায়। দেখা গেছে শক্তিসাধনা তথা তান্ত্রিক সাধনায় একটি সোপানক্রম আছে। নিম্নাধিকারী সাধারণ মাহ্যবকে সর্বনিম্ন সোপান থেকে আরম্ভ করতে হয়। এদের জন্মই বাহ্ পাছার্য্যাদি উপচারের ব্যবস্থা। এরা গভীর তত্ত্বকথা বোঝে না। কিন্তু বে-দেবতার পূজা করছে তাঁকে ভক্তিশ্রদ্ধা করতে হবে, ভাল ভাল জিনিষ দিয়ে তাঁকে খুশী করতে হবে এইটুকু বোঝে। বোঝে মাহ্যবের দৃষ্টান্ত দেখে। বিশেষ কোনো শ্রদ্ধা-ও সম্মান-ভাজন ব্যক্তি বাড়ীতে এলে সে-যুগের গৃহস্থ তাঁকে পাছ আসন ইত্যাদি দিয়ে যে-রক্রম সাদর অভ্যর্থনা করত পূজার উপচারের ব্যাপারে দেবতা সম্পর্কেও সেই ব্যবস্থা লক্ষ্য করা যায়।

<sup>3</sup> መ S. P., 2nd Ed., 1924, p. 41, f. n. 1 ২ পুড, ማ፡ ৮፥

<sup>🕒 🎍 । 🗟</sup> भूर ४०-४५ । 🗟 भूर ४५

উপচারপূজা—সমস্ত পূজান্তব্যই যথাবিধি শোধন করে তবে পূজায় ব্যবহার করতে হয়। কাজেই উপচারকেও শোধন করতে হয়। উপচারকে যে শুধু শোধন করতে হয়। তা নয় সমর্পণের পূর্বে ফুলচন্দন দিয়ে উপচারন্তব্যের পূজাও করতে হয়। উপচারের পূজা অর্থ উপচারের অধিষ্ঠাত্রী শক্তির পূজা। এই শক্তি স্বরূপত: চিন্ময়ী মহাশক্তি। উপচার যে স্বরূপত: এই মহাশক্তি থেকে অভিন্ন নিমাধিকারী সাধকের চিত্তেও সেই ভাবটি সঞ্চারিত করে দেওয়াই উপচার পূজার অহ্যতম তাৎপর্য।

উপচারসমর্পণমন্ত্র— উপচার সমর্পণের মন্ত্রগুলিও বড় স্থলর। মন্ত্রগুলি পূজকের মনকে অতি উচু স্থরে বেঁধে দেয়। দৃষ্টাস্তব্যরূপ কয়েকটি মন্ত্রের উল্লেখ করা গেল।

আসন সমর্পণ মন্ত্র—হে দেব, তুমি সর্বভূতের অন্তরে অধিষ্ঠিত, সর্বভূতের তুমি অন্তরাত্মা, উপবেশনের জন্ম তোমাকে এই আসন সমর্পণ করি। তোমাকে নমন্বার, নমন্বার।

স্বাগতমন্ত্র — স্বীয় অভীষ্টসিদ্ধির জন্ম দেবতারাও যার দর্শন কামনা করেন দেই তুমি আমার জন্ম স্বাগত হয়েছ। হে পরমাত্মা, স্ক্রাগত, তোমাকে নমস্কার। তোমার শুভ আগমনে আজ আমার জন্ম সফল, জীবন সফল, আমার সমস্ত ক্রিয়া সফল হয়েছে এবং আমার তপস্থার ফল পেয়েছি।

পাত্যসমর্পণমন্ত্র—হে পরমেশ্বর, যার পাদোদকের স্পর্শে জগৎত্রয় শুদ্ধ হয় সেই তোমার পাদপদ্মপ্রক্ষালনের জন্ম আমি এই পাত্য সমর্পণ করছি।

অর্থ্যসমর্পণমন্ত্র—যার প্রদাদে পরমানন্দ জাত হয় সেই স্বাত্মভূত ব্রহ্মকে আনন্দার্থ্য সমর্পন করছি।

আচমনীয়সমর্পণমন্ত্র— যার উচ্ছিষ্টের স্পর্শে নিখিল জগৎ শুদ্ধিপ্রাপ্ত হয় সেই তোমার মুখারবিন্দের জন্ম আচমনীয় সমর্পণ করছি।\*

মধ্পর্কসমর্পণমন্ত্র—তাপত্রন্থনিবারণের জন্ম এবং অথগু-আনন্দলাভের জন্ম তোমাকে মধ্পর্ক দিচিছ। হে পরমেশ্বর, তুমি আমার প্রতি প্রসন্ন হও।

অক্রোর্যান্তসা দ্রব্যং প্রেক্ষ্য প্রদর্শয়ন্। সম্পৃক্ষ্য গন্ধপুষ্পান্ত্যাং দ্রব্যাথ্যানং সমৃদ্ধিথেং।
 —মহা ত ১৩।২০৭

২ সর্বভূতান্তরন্থার সর্বভূতান্তরাক্মনে। কললাম্।পবেশার্থমাসনং তে নমো নম:।— 🔄 ১৩।২১২

দেবাং বাজীইসিদ্ধার্থং বস্ত বাঞ্চি দর্শনম। স্থাগতং বাগতং যে তলৈ তে পরমান্তনে।
 অন্ধা মে সকলং জন্ম জীবনং সকলাং ক্রিয়াঃ। বাগতং যন্ত্রমা তল্পে তপাসাং ক্লমাগতম্।—ঐ ১৬।২১৪-২১৫

৪ বংপাদজলসংস্পাচ্ছুদ্ধিমাপ জগৎতহন্। তৎপাদাৰ জ্বপ্রোক্ষণার্থং পাছাত্ত কলরামাহম্ ।—ঐ ১৩।২১৭

<sup>🏿</sup> ১ পরমানন্দসন্দোহো জায়তে বংগ্রসাদতঃ। তবৈ সর্বাগ্রভূতায় আনন্দার্ঘ্য সমর্পয়ে।—মহা ত ১৩।২১৮

বহুচ্ছিষ্ট্যুপুল্গুইং শুদ্ধিমেতাধিলং জগং। তলৈ মুখারবিলার আচামং কররামি তে।—ই ১৩।২২•

णान्यवित्रानार्थमथ्यानन्तर्रुख्तः । मध्नर्करः ननामाण्यः अमीनः भवत्मवतः ।—के >०।२२२

স্থানীয়দমর্পণমন্ত্র—যার তেন্তের যারা জগৎ পরিব্যাপ্ত, যার থেকে এই জগৎ উদ্ভূত, সেই ভোমাকে, হে জগদাধার, স্থানের জল দিচ্ছি।

বস্ত্রসমর্পণমন্ত্র—তৃমি সর্বাবরণহীন, মায়ার বারা আপন তেজ আচ্ছন্ন করে রেখেছ, পরিধানের জন্ম তোমাকে বস্ত্র সমর্পণ করছি, তোমাকে নমস্কার।

ধুপ দীপ প্রভৃতি অন্ত উপচার সম্পর্কেও অহরণ মন্ত্র আছে।

এই ধরণের মন্ত্রপাঠ করে উপচারের ছারা যথাশাল্প পূজা করতে করতে নিয়াধিকারী নিষ্ঠাবান সাধকের চিন্তও ক্রমে সক্ষ চিন্তার উপযোগী হয়ে উঠে।

এ ব্যাপারেও ক্রম আছে। প্রথম অবস্থায় উপচার সহক্ষে সাধকের কর্তৃত্বাভিমান থাকে। তার পরে ক্রমে তা দূর হয়ে যায়। তথন সাধক ভাবেন মায়ের জিনিবই মাকে দেওয়া হচ্ছে। আরও অগ্রসর হলে সাধকের স্ত্রীপুত্র আত্মীয় স্বজন সহক্ষেও আর কর্তৃত্বা-ভিমান থাকে না।

বলা বাহুল্য সাধক এখন আর নিমাধিকারী নন। তিনি বেখান থেকে যাত্র। স্থক করেছিলেন তার থেকে অনেকথানি এগিয়ে এসেছেন। এই অগ্রগতি অব্যাহত থাকলে ক্রমে সাধক ব্রহ্মদৃষ্টিতে জগৎকে দেখবার শক্তিলাভ করেন এবং তথন উপচারের স্বরূপ তাঁর কাছে উদ্ঘাটিত হয়।

উপচারসমর্পণরহস্ত — তিনি তথন ব্রুতে পারেন জগৎ ব্রহ্ময়ীরই রূপ, জগতের পদার্থমাত্রই উপচার, সাধক নিজেও উপচার। সবই ব্রহ্ময়ী মায়ের থেকে উদ্ভূত আবার সবই তাঁতে সমর্পিত অর্থাৎ বিলীন হয়। সমগ্র স্টেই একটি উপচারসমর্পণব্যাপার।

জীবনযাত্রাই পূজা—এই অবস্থায় সাধকের কাছে তাঁর জীবনযাত্রাই পূজা হয়ে দাঁড়ায়। জীবনের বিভিন্ন বস্তু ও ক্রিয়া হয় পূজার বিভিন্ন অক। সৌন্দর্বলহরীর একটি ল্লোকে ভজের প্রার্থনাকারে এই রহস্তুটি ব্যক্ত হয়েছে। যথা — মা, আমার কথামাত্রই তোমার জপ হোক, শিল্প অর্থাৎ অঙ্গুলিচালনামাত্রই তোমার পূজার মূলা হোক, আমার চলামাত্রই তোমার প্রদক্ষিণ হোক, আমার ভোজনাদিক্রিয়া তোমার আহতি হোক, আমার শন্মন হোক তোমাকে সাষ্টাকে প্রণাম, 'আমার নিথিলশক্তিসংযোজিত ত্বথ আত্মসমর্পণ হউক' আর আমার কার্যমাত্র হোক তোমার পূজা। এই শ্লোকটির বিষয় পূর্বেও আলোচনা করা হয়েছে।

বভেল্পসা লগদ্ব্যাপ্তং বতো লাভ্যিকং লগৎ। তদ্মৈ তে লগদাধার সানার্বং তোরমর্পরে া—ঐ ১০।২২৫

२ अर्वायबनहीनात्र मात्राध्यक्तप्रत्यक्तार । वाजनी अतिवानात्र कत्रप्राप्ति नत्याश्य त्य ।— व २०१२४

७ जः महा ७, ११: ১० ह जः स्त्री न, २१

অচ্যতাৰক্ষত্তীকার অসুসরণে অসুবাদ করা হয়েছে।

বলি—বামকেশরতন্ত্রের বিধান বাড়শোপচারে পূজা করার পর সাধক সর্বাভীইসিদ্ধির উদ্দেশ্যে সহস্র জপ করবেন এবং তার পর বলি-আদি দিয়ে বন্ধকে প্রণাম করবেন।

বলিদান অবশ্য ক ভব্য—গায়ত্রীতত্ত্বে বলা হয়েছে সব পূজাতে বলিদান প্রশস্ত । তথু তাই নয়, বলা হয়েছে বলিদান ব্যতীত ক্লফপূজা করলে ক্লফহত্যার পাপ হয়, শক্তিপূজা করলে শক্তিহত্যার পাপ হয়, ব্রহ্মহত্যার পাপ হয়।

মহাকালসংহিতার বিধান—নৈমিত্তিক পূজায় বলি অবশ্রই দিতে হবে। বিশেষ করে দেবীর সম্ভোষবিধানের জন্ম বলিদান অবশ্র কর্তব্য। বলি না দিলে দেবী পূজাই অঙ্গীকার করেন না।

বলিশব্দের অর্থ — বলিশব্দের অর্থ উপচার, প্জোপহার। এই অর্থে দেবপূজার দেবতাকে বে-দ্রব্য সমর্পন করা যায় তা-ই বলি। এই মাত্র বে বোড়শোপচার প্রভৃতি উপচারের আলোচনা করা হল সে-সবই বলি। সোজা কথায় বলা যায় পূজাবৃদ্ধিতে দেবতাকে যা দেওয়া হয় তাই বলি।

লোকে নিজে বে-জিনিষ ভালবাদে তাই আপনজনকে, প্রিয়জনকে দিতে চায়, দেয়। স্বীয় ইষ্টদেবতা সাধকের বড় আপন, বড় প্রিয়। সেইজন্ত দেবতার বলি কি হবে না হবে এ সম্বন্ধে মহানির্বাণতত্ত্ব একটি সাধারণ ব্যবস্থা দেওয়া হয়েছে। যথা—দেবতাকে দেয় বন্ধর ব্যাপারে সাধকের ইচ্ছাই বলবতী হবে। যে যে ক্রব্য সাধকের নিজের প্রিয় সেই সেই স্বব্য তিনি ইষ্টদেবতাকে সমর্পন করবেন।

প্রকারভেদ — বলির সান্ত্রিক ও রাজসিক এই দ্বিবিধ প্রকারভেদ করা হয়েছে। মাংসরক্তাদিবর্জিত বলি সান্ত্রিক আর মাংসরক্তাদিযুক্ত বলি রাজসিক। প

<sup>&</sup>gt; ততো অপেং সহত্রঞ্চ সকলেন্সিতসিদ্ধরে। বল্যাদিকং প্রদন্ধ চ প্রণমেচক্ররাজকম্।
—বামকেশ্বরতন্ত্রবচন, ত্রঃ পুচ, তঃ ৬, পৃঃ ৫২১

ৰলিদানং মহেশানি সর্বপৃক্তান্ত শক্ততে।—গা ত, পঃ

ত কুকছভ্যামবাগ্নোভি ৰলিদানং বিনা প্রিয়ে।—এ

जनादिमिखिकार्गन्नाः विवादक्यकः थिदि । वित्यदिश श्रामण्डला एवनेम्यस्थार्थ्य ।
 विवादिन देनव एको भूकांभक्तेकद्वांणि हि ।—वहाकांन्यस्थान्यक्त, तः भू ठ, छः ১১, शः ১०६६

৬ স্তঃ মন্ত্র তাদণ

৭ সাধকেন্দ্রা বলবতী দেরে বস্তুনি দৈবতে। বদ্বদান্ধপ্রিয়ং প্রব্যাং তন্তদিষ্টার কররেং।—মহা ত ৬।৬

ৰিনিধা দেবি নাছিকো রাজনন্তথা। সাহিকো বলিরাখ্যাতো নাংসরকাদিবর্জিতঃ।
 রাজনো নাংসরকাদিবৃক্তঃ ন প্রোচ্যতে প্রিরে।—সমরাচারতন্ত্রবচন, প্রঃ প্রা তো, পরিঃ, ৬, ব সং, পৃঃ ২৮৬

পশুৰ্বিল বাংলাদেশে সাধারণ লোক বলি বলতে এই রাজসিক বলিই বোঝে। দেবতার বলি বললে তারা পশুবলির কথা ভাবে। শাস্ত্রেও বলিদান বলতে অনেক ক্লেন্তে পশুবলিরই কথা বলা হয়েছে। যেমন কালিকাপুরাণে বলা হয়েছে—সাধক মোদকের ছারা গণেশকে, ম্বতের ছারা হারকে, তৌর্যত্রিকের ছারা শহরকে, নিয়মের ছারা হারিকে এবং বলিদানের ছারা চণ্ডিকাকে তুই করবেন। শুই বোঝা যাচ্ছে এথানে বলিদান অর্থ পশুবলি।

ু মাতৃকাভেদতমে আছে—পশুবলি না দিয়ে কখনো কালী, তারা প্রভৃতি দেবীর প্রা করা উচিত নয়।

পশুৰলির প্রাশংসা—উক্ত তম্ত্রে পশুবলির মাহাত্ম্য বিশেষভাবে ঘোষণা করা হয়েছে।
বলা হয়েছে যদি কেউ নিতাপূজায় পশুবলি দিতে পারে তবে সে শুধু বলিদানের ছারাই
দিছিলাভ করবে। আর যদি দরিত্র ব্যক্তি নিতাপূজাদি করে তা হলে তাকে অস্ততঃ
বংসরাস্তে একটি বলি দিতে হবে। নৈলে সারাজীবন পূজা করলেও তার সিছিলাভ ছবে
না। কলিকালে অশ্বমেধাদি মহাযক্ত নিষিদ্ধ, বলিদানই কলিকালের মহাযক্ত। কেবলমাত্র বলিদানেই অশ্বমেধের ফললাভ হয়।

অধিকারিভেদে বলিদান—তত্ত্বে পশুবলিদানের প্রশংসা করা হলেও নির্বিচারে স্বার্থ জন্ম পশুবলিদানের বিধান দেওয়া হয় নি। সান্তিকাদি অধিকারিভেদে বলিদানের নির্দেশ দেওয়া হয়েছে। মৎস্থাস্থকে বলা হয়েছে—সান্তিকলক্ষণমৃক্ত সান্তিক সাধকেরা নিত্য বন্ধসহকারে সান্তিক বলিদানাদি করবেন, রজোগুণমুক্ত রাজসিক সাধকেরা রাজস বলিদানাদি করবেন। তমোগুণমুক্ত ও রজোগুণমুক্ত তামসিক সাধকদের সম্বন্ধে বলা হয়েছে এদের বলিদান পূজা স্কোর্ঞাঠ হোম এ-সব বিষয়ে কোনো শ্রন্ধা নাই; এরা নামেমাত্ত সাধক।

বোদকৈর্গলবন্ত্রণ হবিবা তোবরেয়বিষ্। তোর্থলিকৈন্চ নিয়য়য়: শকরং তোবরেজরিষ্।
 চাপ্তকাং বলিদানেন তোবরেৎ সাধক: সদা।—কাপু ৫৫।১-২

২ পশুদানং বিনা দেবি পুজয়ের কদাচন।—মাতৃ ত ১০।১৩

তথা চ নিত্যপূজারাং বদি শক্তো ভবেররঃ। কেবলং বলিদানেন সিছো ভবতি নান্তথা।
 নির্ধনঃ পরমেশানি বদি পূজাদিকং চরেং। বংসরাজে প্রদাতবাং বলিমেকং ক্রেবরি।
 অক্তথা নৈব সিদ্ধিঃ স্তাদাজন্ম পূজনাদপি। বলিদানং মহাবজ্ঞং কলিকালে চ চণ্ডিকে।
 অক্তমেধাদিকং বজ্ঞং কলৌ নান্তি হয়েবরি। কেবলং বলিদানেন চাব্যমেধ্যকাং লভেং।

সাধিকঃ সাধিকৈ বৃজ্ঞা লক্ষণৈত ফুলরি। সাধিকং বলিদানাদি নিত্যং কুর্বাং প্রবন্ধতঃ।
 রাজনো রাজসঞ্জবৈ বৃজ্ঞা সত্যং বরাননে। রাজসং বলিদানাদি ক্বেশৈ রাজসৈ বৃজ্ঞা।
 ভামসন্তামসঞ্জবৈ রাজসাতি বৃজ্ঞা প্রিয়ে। ন একা বলিদানের পুলনাদির ফুলরে।
 ন স্বোজপাঠছোমের নামমাত্রেণ সাধকঃ।—জঃ প্রা তো, গরিঃ ৬, ব সং, পুঃ ২৮৪

এদের বলিদান সম্বন্ধে স্পষ্ট করে কিছু বলা না হলেও প্রসঙ্গ থেকে বোঝা যায় এদের পক্ষেও রাজস বলিদান বিহিত।

রাজস বলি কি নিন্দনীয়—রাজস বলি শাস্ত্রবিহিত হলেও সনাতনধর্মী কোনো কোনো সম্প্রদায় পশুবধ করা হয় বলে এই বলি নিন্দনীয় মনে করেন, এরূপ পশুবলি দিয়ে পূজা করাকে হেয়জ্ঞান করেন। আর প্রধানতঃ তান্ত্রিক পূজায় পশু বলি দেওয়া হয় বলে তান্ত্রিক ধর্মকেও উচু স্তরের ধর্ম মনে করেন না।

বিষয়টি বিচার করে দেখা যাক। তন্ত্রশান্তে তামসিক ও রাজসিক প্রকৃতির লোকেদের পূজার পশুবলির বিধান দেওয়া হয়েছে। এরা সংসারের পনের আনা মাহুষ। আত্মপোবণের জন্ম আত্মরক্ষণের জন্ম এরা প্রাণিহিংসা করে। যারা মাছ মাংস থায় না তারাও প্রাণিহিংসা করে। এই শ্রেণীর কোনো কোনো লোক পিপড়েটি মারে না বটে কিছু ভেজাল খাছ খাইয়ে লক্ষ লক্ষ মাহুযের মৃত্যু স্বরায়িত করে দিতে এদের বিবেকে একট্ও বাধে না। একি প্রাণিহিংসা নয়?

একটু তলিয়ে দেখলে দেখা যাবে প্রাণবলি পেয়েই প্রাণের প্রবাহ চলেছে। প্রাণীমাত্রই শরীরপোষণের জন্য কোনো না কোনো প্রাণবন্ধ গ্রহণ করে। কাজেই প্রাণবলি স্টিপিরিকল্পনার অঙ্গীভূত।

জগতের বেশীর ভাগ মাহ্নই যে মাছমাংসাদি থায় উক্ত কারণে একে স্বাভাবিক ঘটনাই বলতে হয়। আদিম অবস্থা থেকেই মাহ্নর প্রাণধারণের জন্ত প্রাণিবধ করে আসছে আর যথন থেকে কোনো না কোনো অতিপ্রাক্বত শক্তির অর্থাৎ দেবতাদির তৃষ্টি-বিধানের চেষ্টা স্থক্ষ করেছে তথন থেকেই তাদের উদ্দেশ্রেও পশুবলি দিয়ে আসছে। মাহ্ন্য নিজে যাতে তৃপ্ত হয় অতিপ্রাক্বত শক্তিও তাতেই তৃষ্ট হবেন এই ধারনাই তার মনে ছিল।

তার পর মাহ্য যথন সভ্য হয়ে উঠল, তার জীবনে ধর্মের আবির্ভাব ঘটল, তথ্যও সে দেবতার কাছে শশুবলি দিত। প্রাচীন জগতের সর্বত্তই দেবতার কাছে শশুবলি দেবার প্রথা প্রচলিত ছিল। আমাদের দেশে বৈদিক যাগবজ্ঞেও যে পশুবলি হত পঞ্চতত্ত্বের আলোচনা প্রসঙ্গে আমরা তা লক্ষ্য করে এসেছি।

কাজেই দেখা বাচ্ছে তাপ্তিকপূজায় যে পশুবলি দেওয়া হয় তাতে একটি প্রাচীন ধারারই অন্ত্সরণ করা হয়েছে। পশুবলি বেদসম্মত। সনাতনধর্মীয় কোনো কোনো পূরাণে যে পশুবলি নিষেধ করা হয়েছে গায়ত্রীতন্ত্রের মতে তা বৌদ্ধমত, বেদসমত নয়। পূজার্চাদি

<sup>&</sup>gt; H. R., pp. 65, 162, 250, 292; P. C., Vol. II, pp. 886-87

२ वज वज भूत्रात्नवू नित्वशः कूक्टल वानः। छल्डल्योक्सलः बोलन् न ह त्यास्यू नचलम्।--ना छ, नाः ६

শান্তীয় ব্যাপার। বারা শান্ত মানেন পূজার্চাদি তাঁরাই করেন। শান্তের চরম প্রমাণ বেদ। কাজেই বে-পশুবলি বেদসম্মত, বেদাহুসারী শান্তসম্মত, তা শান্তাহুসরণকারীদের কাছে নিন্দনীয় হতে পারে না, হের হতে পারে না।

বলিদানে প্রার্ত্তিসংখন—প্রার্ত্তির পথে নির্ত্তির দিকে এগিয়ে চলার স্থ্রচিন্তিত ব্যবস্থা আছে তান্ত্রিক সাধনার। তত্ত্বে নিছক জৈব ব্যাপারকেও আধ্যাত্মিক সাধনার অঙ্গীভূত করা হয়েছে। মাংসাশীরা মাংস থাবেই এবং তার জন্ত পশুবধ করবেই। যে-ধর্মে এটি নিষেধ করা হয় তা তারা মনেপ্রাণে গ্রহণ করতে পারে না। তান্ত্রিক ধর্মে তাদের এই স্বাভাবিক প্রার্ত্তিকে স্বীকার করে বলা হল মাংসভক্ষণ ধর্মের বিরোধী নয়, তবে দেবভার কাছে পশুবলি না দিয়ে মাংসভক্ষণ নিষিদ্ধ। গায়ত্রীতন্ত্রে বলা হয়েছে, ষে-অক্সানমোহিত ব্যক্তি বলিদান না করে মাংস থায় সে গ্রাসে গ্রাসে শুকরবিষ্ঠা থায়।

শাস্ত্র প্রবৃত্তির মূথে লাগাম দিলেন। মাংস খাওয়া নিষেধ করা হল না, কিন্তু বখন খুশি খাওয়া নিষেধ করা হল।

ভধু তাই নয়, কেবলমাত্র মাংস থাওয়ার জন্ত পশুবধও নিষেধ করা হয়েছে। কুলার্থব-তত্ত্বে নির্দেশ দেওয়া হয়েছে — নিজের জন্ত কখনো প্রাণিহিংসা করতে নেই, নিজের জন্ত একগাছি তৃণও ছিন্ন করা উচিত নয়।

তন্ত্রশান্ত্রে প্রাণিহংসা নিবেধ করা হয়েছে। কেবলমাত্র বলিদানের ক্ষেত্রে প্রাণিহিংসার অন্তমতি দেওয়া হয়েছে। মহানির্বাণতত্ত্বে বলা হয়েছে—দেবোদ্দেশে বলিদান ব্যতীত সর্বত্র হিংসা বর্জন করতে হবে। ত দেবোদ্দেশে বলিদানে যে-হিংসা শাত্রে তাকে বৈধহিংসা বলা হয়েছে। হিংসা পাপ কিন্তু বৈধহিংসায় পাপ হয় না। ত কুলার্গবভদ্রাদিতেও অনুক্রপ অভিমত ব্যক্ত হয়েছে।

ভগু তত্ত্বে নয় ময়াদিশাত্ত্বেও বৈধহিংসা সমর্থিত হয়েছে। মহুর মতে স্বয়ং স্বয়ভূ সজ্ঞের জন্ম পশু স্বাষ্টি করেছেন, জগতের বৃদ্ধির জন্ম যজ্ঞ। সেইজন্ম যজে পশুবধ বধ নয়। ভ ভগবানু মহু বেদ্বিহিত হিংসাকে স্বর্থাৎ বৈধহিংসাকে স্বহিংসাই বলেছেন। ভ

<sup>&</sup>gt; विनाना विना नारमर दो जूड एक्टरकानत्माहिकः। जीत्म बीत्म बनर जूड एक ग्रवक ह नोक्या।

२ जांचार्वर श्रामिनार हिरमा क्वांकित्वांविका श्रित्व । विनिधित क्रुगर वाणि द्वारत्व क्वांक्न ।-- क् छ. छै ध

व्यव्याद्यनाः विना ভक्त हिःगा गर्वज वर्जव्यः ।—महा ७ >>।>॥०

в কুভারা বৈধহিংসারা নর পাপৈ ন নিপাতে।—এ

পিতৃদেবাদি(দৈবত)বজেবু বৈধহিংসা বিধীয়তে ।—কু ত छः €

वळावर नगरः श्टीः वज्ञत्वर वज्ञास्त्रा । वृत्काश्य कृतिस गर्वत्र स्वाप्त्रवरः ।—वस्त्र ।—वस्त्र ।

वा त्क्वविश्चिण हिरमा निक्रणान्त्रिःककाष्ट्रतः । व्यक्तिमार्थ्य छार निक्रांत् त्वनात् वर्ष्या हि विवर्तको ।—वे ६।००

দেখা গেল তন্ত্রে প্রাণিহিংদা নিষেধ করে এবং বলিদান ছাড়া মাংসভক্ষণ নিষেধ করে তান্ত্রিক ধর্মের অফুসরণকারী মাংসভোজীদের মাংসভোজনপ্রবৃত্তিকে সংঘত করার ব্যবস্থা করা হয়েছে।

তা ছাড়া মাংসভোজনের মত স্থুল জৈব ব্যাপারকেও পূজার সঙ্গে যুক্ত করে দিয়ে এই দাধারণ ব্যাপারটিকেও আধ্যাত্মিক দাধনার অহুকূল করে দেওয়া হয়েছে। তত্ত্বে পশুবলির যে-অহুষ্ঠান বিহিত হয়েছে তার পর্বালোচনা করলেই কথাটা পরিষ্কার হয়ে যাবে।

বিল-অমুষ্ঠান—তন্ত্রের বিধান সাধক রোগাদিশ্য স্থলকণ পশু এনে দেবীর সম্ব্রের রাথবেন। তার পর সাদা দর্যে ছড়িয়ে ভূতাপুসারণ করবেন, অর্যাজলের দ্বারা পশুর প্রোক্ষণ করবেন, ফটু এই মন্ত্রে রক্ষণ, হুং মন্ত্রে অবগুঠন এবং ধেরুমুদ্রা দ্বারা অমৃতীকরণ করবেন।

গন্ধব্তস্ত্রবর্ণিত প্রোক্ষণমন্ত্রটি এই—হে পশু, উদ্বৃদ্ধ হও, তুমি শিব, অপর কেউ নয়। তোমার এই পিণ্ড অর্থাৎ দেহ শিবের ধারা ছেদনীয়। এমনি ছিল্ল হয়ে তুমি শিবজ্বাভ কর।

অমৃতীকরণাদির পর সিম্পূর গন্ধ পূষ্প নৈবেছ ও জল দিয়ে 'ছাগায় পশবে নমং' এই মন্ত্রে বলির পশুর পূজা করতে হবে। ত এথানে ছাগ উপলক্ষণ। মৃগাদি অহা পশু হলে মন্ত্রের সেইভাবে পরিবর্তন হবে।

যামলের মতে পশুর পূজা করার পর তাকে বাঁ হাতে ধরে তত্ত্যুস্থাদারা মূলমন্ত্রে সাতবার প্রোক্ষণ করতে হবে।

এর পর পশুর দক্ষিণকর্ণে নিম্নোক্ত পাশবিমোচনী পশুগায়ত্রী জপ করতে হবে—
'পশুপাশায় বিদ্মহে বিশ্বকর্মনে ধীমহি তম্নো জীবঃ প্রচোদয়াৎ।' এবার সাধক ষ্ণাবিধি

দেব্যা অত্যে স্থাপয়িছা পশুং লক্ষণসংযুত্ম। বেতসর্থপবিক্ষেপাণ্ড্তামুৎসারয়েন্ততঃ।
 অর্থ্যোদকেন সংপ্রোক্ষ্য অন্তমন্ত্রেণ রক্ষণম। কবচেন সমাগুঠা ধেমুমুলামৃতীকৃতম।
 — ব্যামলবচন, এঃ বৃহ তু সা, ১০ম সং, পৃঃ ৬১৬

প্রাক্ষণে তু পরো মন্তঃ সোহর্মেব প্রকীর্তিতঃ। উদ্বৃধ্যব পশো ঘং হি নাপরত্বং শিবোহসি হি।
 শিবোংকৃত্যমিদং পিশুমতত্বং শিবতাং ব্রজ ।—গ ত ওগং২-২৩

কৃত্বা ছাগায় পশবে ননঃ ইত্যম্না হথীঃ। সম্পৃত্তা গলসিন্দুরপুপদৈবেল্পপাথসা।
 গায়ত্তীং দক্ষিণে কর্ণে জপেৎ পাশবিমোচনীম্।—মহা ত ৬।১০৮

প্ৰচন্দনপূপালৈ: প্ৰয়িছা পতাং ততঃ। বামহত্তেন তং ধৃছা সপ্তধা তত্বমূল্যা।
 প্ৰাক্ষেত্ৰসংল্লেণ ততঃ প্ৰাং সমাচরেং।—বামলবচন, লঃ বৃহ ত সা, ১০ম সং, পৃঃ ৬১৬

৫ ফ্রঃ মহা ত ৬।১০৯-১১০

খড়েগর পূজা করে থড়গকে প্রণাম করবেন। তার পর সঙ্কল্পরচন পার্চ করে দেবীকে পশু উৎসর্গ করবেন।

এবার সাধক দেবীভাবপর হয়ে তীব্র আঘাতে পশুবধ করবেন।

পশুবলির পর শুব—বলিদানের পর দেবীর শুব করতে হয়। মহাকালসংহিতায় নিয়োক্ত শুবটি বর্ণিত হয়েছে -—

জয় দেবী জগয়াতা, জয় পাপোঘহারিনী। তুমি জয়-জরা-ব্যাধিরপ ত্লের পক্ষে দাবানলরপিনী, তোমার জয় হোক। জয় দর্ববিপত্তিনাশিনী, জয় ত্রিদশবন্দিতা। জয় নিত্যানলরপিনী, জয় কল্যাণদায়িনী। জয় শক্রুকয়কারিনী, জয় বোগপ্রণাশিনী। জয় ভীমা, জয় অঘোরা, জয় সয়টতারিনী, জয় অমৃতরসায়াদতুন্দিলামলবিগ্রহা। তুমি ত্রিনেত্রা, বিকরালবদনা, মৃগুমালাবিভ্ষিতা, সমস্ত-অস্তর-ক্ষয়কারিনী, থড়গথট্বাঙ্গধারিনী, মহাঘোরা, মহারবকারিনী, দৈত্যদর্পনিষ্দিনী, কালরাত্রি। দেবী মহাচণ্ডা, এই পশুবলি গ্রহণ কর। আমি শরণাগত, আমাকে রক্ষা কর। আমাকে আয়ুদাও, ধন দাও, সৌভাগ্য এবং কীর্তিদাও, স্বী দাও, পুত্র দাও, আমার সর্বকামনা পূর্ণ কর। উগ্রচণ্ডা, প্রচণ্ডা, প্রচণ্ডকরবাল-

বানীখনীৰুন্ধভাগে নমঃ এই মত্ত্ৰে খড়েগর অগ্রভাগের, গ্লং লক্ষীনারারণাভ্যাং নমঃ এই মত্তে মধ্যভাগের এবং হুং উমামহেশ্বরাভ্যাং নমঃ এই মত্তে খড়গমূলের পূলা করে ও বুন্ধাবিকুশিবশক্তিযুক্তার খড়গার নমঃ এই মত্তে খড়েগর সর্বাবরবের পূলা করতে হবে।—দ্রঃ বৃহ ত সা. ১০ম সং, পৃঃ ৬১৬

থড়েগর প্রণামমন্ত্র—খড়গার ধরশানার (ধরনাশার) শক্তিকার্যার্থতংপর। পশুশ্ছেতত্ব্যা শীল্লং থড়গনাধ
নমোহন্ত তে।—দ্রঃ বৃহ ত সা, ১০ ম সং, পৃঃ ৬১৬

২ বিক্রোম্ তং সং ও অভাম্কমান্তম্কপক্ষেংম্কতিথাবম্করাশিশ্বিতে ভারেরে সমতাভীলিতপদার্থ-সিদ্ধিকামোংম্কণোত্রোংম্কণমাংহমিষ্টদেবতায়ৈ পশুমিমং সম্প্রদানে ।—মহা ত ৬।১১৪-এর টাকা

৩ দেবীভাবপরো ভূষা হক্তান্তীব্রপ্রহারত: ৷—ঐ ৬৷১১৫

ধারিণী, মহাচণ্ডোগ্রাদোর্দণ্ডা বিশেষরী, তোমাকে নমস্কার। তোমার পাদপাল্ম মন সমর্পণ করেছি। আমি শরণাগত, আমাকে রক্ষা কর। ওগো হরপ্রিয়া, আমার পাপ হরণ কর, রোগ হরণ কর, ক্ষোভ হরণ কর।

মহাকালদংহিতার বিধান—উক্ত স্তব পাঠ করে সাধক মাটিতে দণ্ডবৎ হয়ে প্রণাম করবেন আর প্রার্থনা করবেন—গুহুকালী জগদ্ধাত্রী সর্বান্তর্থামিনী ঈশরী, এই পশুবলি গ্রহণ করে যথোক্তফলদান কর। কায়মনোবাক্যে তুমি ছাড়া আমার আর গতি নাই। তুমি ভূতসমূহের অস্তঃচারিণী, তুমি ক্রন্ত্রী, তুমি পরমেশ্বরী।

এইভাবে পশুবলি দিলে দে-বলিও দাধকের মনকে উচ্চ আধ্যাত্মিকভাবে পূর্ণ করে দেয়।
শক্তিদাধনার মূলতত্ব অবৈতত্বও এই ব্যাপারে অরুস্যাত। দেখা গেছে প্রোক্ষণমন্ত্রে বলির
পশু এবং বলিদানকারী উভয়কেই শিব বলা হয়েছে। এই ভাবটিই একটু অক্তরকমে ব্যক্ত
হয়েছে গায়ত্রীতন্ত্র। বলা হয়েছে—পূজায় হত্যা কোথায় ? কারই বা হত্যা ? সমস্তই
ব্রহ্মময়, বিশেষতঃ পূজাকালে।

কাজেই পূজায় পশুবলি নিন্দনীয় এ কথা বলা ষায় কি করে ? কোনো কর্ম নিন্দনীয় কি প্রশংসার্হ, হেয় কি প্রাঘ্য, তা স্থির হয় কোন ভাবের থেকে কর্মটি অহার্দ্রিত হয় সেই বিচারে। তন্ত্রমতে দেবীপূজার মূলগতভাব অবৈতক্রমভাব। এর চেয়ে উচ্চ ভাব আর হয় না। অতএব পশুবলি দেওয়া হয় বলেই এ পূজাকে হেয় মনে করা ষায় না। ষেরকম্ম অধিকারীর জন্ম এরূপ পূজা বিহিত তাদের পক্ষে এইটিই শ্লাঘ্য পূজা।

ঐতিহাসিক দৃষ্টিতে বলি—রাজস বলি সম্পর্কে আরও কিঞ্চিৎ বক্তব্য আছে। এই ব্যাপারটিকে দীর্ঘায়ত ঐতিহাসিক পটভূমিকার উপর বিস্তৃত করে না দেখলে এবং সেই সঙ্গে অধিকারের কথাটা বিচার না করলে এই বলির পুরো অর্থ বোঝা যাবে না। তন্ত্রাদিতে দেবীর নিকট বলিযোগ্য পশুর যে-সব তালিকা দেওয়া হয়েছে তা পরীক্ষা করলে দেখা যাবে এই-সব তালিকায় এমন সব জীবজন্তর নাম আছে যেগুলি দ্র বা নিকট অতীতের কোনো না কোনো সময়ে কোনো না কোনো মাহ্যব দেবতার কাছে বলি দিত। কালে কালে এ-সব অনেক পশু তুম্পাপ্য হয়ে যায়; মাহ্যবণ্ড বদলে যায়; বলি সম্বন্ধে যায়হারণাও বদলে যায়। ফলে আমাদের কাল পর্যন্ত এসে বলি প্রধানতঃ ছাগ ও মেষের মধ্যে সীমাবদ্ধ হয়েছে।

স্তুতিমেতাং পঠিছৈবং দশুবং প্রণমেদ ভূবি। শুফ্কালি লগনাত্রি সর্বান্তর্বামিনীবরি।
গৃহীছেমং পশুবলিং বংধাক্তকলদা ভব। কারেন মনসা বাচা ছল্ডো নাল্যা গতির্মম।
অন্তল্চরসি ভূতানাং দ্রন্ত্রী ছং পরমেবরি।—ব্রঃ পু চ, ডঃ ১১, পৃঃ ১০৭৭

২ কুতো ছত্যা চ পূজারাং কন্ত হত্যা বরাননে। সর্বং বুক্ষমরং হেতৎ পূজাকালে বিশেষত:।—গা ত, প: ১

সাধারণত: দেখা যায় মাছ্য নিজে যে-সব প্রাণীর মাংস থেত দেবতার কাছে সে-সব প্রাণীই বলি দিত। পান নিজে যা থায় না, যা বর্জন করে, তা দেবতাকে কি করে দেবে ? কিন্তু সবসময়েই যে তা হত এমন কথা বলা যায় না। মাছ্য প্রাণীদের মধ্যে যাকে শ্রেষ্ঠ ও মহার্ঘ্য মনে করত তাকে বলি দিলেই দেবতা সব চেয়ে খুশী হবেন এ রকম বিশাসও তার ছিল। সে-প্রাণীর মাংস হয়ত মাহ্য থেত না।

**নরবলি**—এরূপ বলির চরম দৃষ্টাস্ত নরবলি। তম্মাদিতে বলিযোগ্য প্রাণীর মধ্যে মাহুষের নামও আছে। 

 নরবলি একটি ঐতিহাসিক ব্যাপার এ কথা স্মরণ রাখলে এ সম্পর্কে সহসা কোনো মন্তব্য করতে ধীরস্থির ব্যক্তিমাত্রই সঙ্কোচ বোধ করবেন।

প্রাচীন জগতের সর্বত্রই নরবলি হত। ইন্দো-ইউরোপীয় গোষ্ঠার জনসমূহের মধ্যেও কোনো না কোনো আকারে এটির প্রচলন ছিল।\*

ভারতের বাইরে নরবলি—প্রাচীন গ্রীকদের মধ্যে নরবলির প্রথা ছিল। তারা যুদ্ধবন্দী ও অপরাধীদের বলি দিত। প্রাচীন ডুইডদের মধ্যে, আইসল্যাণ্ডের টিউটনদের মধ্যে এবং জার্মানীর টিউটনদের মধ্যেও নরবলি হত। প

প্রাচীন মিশরীয়দের মধ্যে এক প্রকারের নরবলি প্রচলিত ছিল। নীলনদের বস্থার সময় বস্থার প্রকোপ নিবারণের জন্ম একটি কুমারী মেয়েকে জলে বিসর্জন দেওয়া হত।

প্রাচীন ইছদী ও অক্তান্ত দেমিটিক জাতিদের মধ্যেও নরবলি দেবার প্রথা ছিল। > •

ফিনিসীয়রা সেমিটিক। এরা নিয়মিত নরবলি দিত। ১০ কুদ্ধ দেবতাকে প্রসন্ন করার উদ্দেশ্যে এরা প্রিয়তম সন্তানকে বলি দিত। অভিজাত বংশের সবচেয়ে ভাল ছেলেকে বলি

- মৃগন্ছাগল্ট মেষ্ট লুলাপঃ শৃক্রন্তথা। শলকী শশকো গোধা কুর্মঃ থড়গী দশ স্মৃতাঃ।
   অন্তানপি পশ্ন দ্ভাৎ সাধকে ছামুসারতঃ।—( মহা ত ৬।>٠٤->٠৬ )
  - —মৃগ ছাগ মেষ মহিব শৃকর শলকী শশক গোধা কুর্ম গণ্ডার এই দশটি পশু বলিবোগা। এ ছাড়া সাধকের ইচ্ছামুসারে অক্ত পশুও বলি দেওয়া যায়। এই তন্ত্রবচন ইতিহাসসন্মত বলা যায়, এতে ইতিহাসের ধারা অমুসত হয়েছে।
- जास्त्राः खवाः कथः प्रिवि महार्त्मतेता निर्विप्राप्तः ।—माकृ ७ ১०।১»
- (i) লুলাপক তথা থড়গং চমরঞ্চ বরাহকন্। কচ্ছপং শল্পকীং গোধাং মানুষং তদনন্তরন্।
   —মংস্কুত্বচন, লঃ প্রা তো, কাপ্ত ৪, পরিঃ ৬, ব সং, পৃঃ ২৮৪
  - (ii) নরশ্চ মহিথা কোলশ্ছাগোহবিঃ সারসন্তথা। কপোতঃ কুকুটশ্চেতি সামান্তাঃ পূর্বপূর্বতঃ।
    —মেক্তছ্বচন, জঃ পু চ, তঃ ১১, পুঃ ১০৫০
- 8 R. Ph. V. U., Part I. p. 40 P. C., Vol. II, p. 408, S. S. W. pp. 294-25
- 6 S. S. W., p. 226 9 H. R., p. 262 V Ibid, p. 260
- 🐧 ; S. S. W., p. 228 >• Ibid, p. 221 >> Ibid, p. 222 ; H. R., p. 169

দেবার রীতি ছিল। এদের ধারণা ছিল তাতে দেবতা সবচেয়ে বেশী খুশী হবেন। এরা বিশাস করত বলিদানকারীর কাছে যা সব চেয়ে মূল্যবান, সবচেয়ে প্রিয়, যা বলি দিলে তার সব চেয়ে ক্ষতি, তাই বলি দিলে পরে তবে বলির ফল পাওয়া যাবে। এই যুক্তিতেই এরা প্রিয়-তম সম্ভানকে বলি দিত।

ভারতে নরবলি—প্রাচীন জগতের সর্বত্র ষেমন তেমনি ভারতবর্ষেও নরবলি দেওয়া হত। বেদপন্থী-অবেদপন্থী সভ্য-অসভ্য উভয় শ্রেণীর লোকের মধ্যে এ প্রথা ছিল।

বৈদিক যুগে বেদপন্থীদের মধ্যে মুখ্য নরবলি প্রচলিত ছিল কি না তা নিশ্চয় করে বলার মতো ধথেষ্ট তথ্য পাওয়া যায় না। তবে এদের মধ্যেও একদা যে নরবলির প্রথা ছিল এবং বৈদিকযুগেও তার স্মৃতি লোপ পায় নি এ বিষয়ে কোনো সন্দেহ নাই। ঐতরেয়-ব্রাহ্মণেই শুনংশেপের যে-কাহিনী বিবৃত হয়েছে তাতে মুখ্য নরবলির স্মৃতি অম্লান আছে।

উক্ত ব্রাহ্মণের অন্যত্রও আছে পুরাকালে দেবতারা পুরুষকে অর্থাৎ মাহ্নুষকে পশুরূপে আলম্ভন অর্থাৎ যজ্ঞে বধ করতে উন্মত হয়েছিলেন। এই ঘটনাও একদা যে বেদুমার্গীদের মধ্যে নরবলি ছিল তার কথা শারণ করিয়ে দেয়।

যজে বধষোগ্য পশুর দৃষ্টান্ত হিসাবে শতপথ-বান্ধণে পুরুষ অর্থাৎ নর অশ্ব গৌ মেষ এবং ছাগের উল্লেখ করা হয়েছে।

বৈদিক যে-ষজ্ঞে নরবলি দেওয়া হত তার নাম পুরুষমেধ বা নরমেধ। শাদ্ধায়ন-শ্রোতস্ত্র (১৬১০) এবং বৈতানস্ত্র (৬৭১০) এই তৃইথানি গ্রন্থেও পুরুষমেধের বিধান আছে।

প্রসঙ্গক্রমে বলা যায় অনেক পরবর্তী যুগের তত্ত্বদর্শীরা নরমেধযজ্ঞের তত্ত্ব্যাখ্যায় বলেছেন—"নরমেধযজ্ঞে নর যথাসম্ভব পূর্ণতা লাভ করে, নিজ স্বার্থ সম্পূর্ণব্ধপে বিসর্জন দিয়ে, নিঃস্বার্থ হয়ে ভগবৎকার্যে আতাসমর্পণ করেন।"

ইতিহাসের বিচারে ম্থ্য নরবলির উল্লেখ শ্রুতি-পরবর্তী ধর্মগ্রন্থাদিতেও পাওয়া যায়। ধেমন মহাভারতের বনপর্বেণ আছে রাজা সোমক জন্ত নামক স্বীয় পুত্রকে বলি দিয়ে যজ্জ করেছিলেন।

সভাপর্বে জরাসন্ধের আখ্যানেও নরবলির পরোক্ষ উল্লেখ আছে। জরাসন্ধ বহু রাজ্ঞাকে বন্দী করে রেথছিলেন রুদ্রের কাছে বলি দেবেন বলে।

<sup>&</sup>gt; P. C., Vol. II, r. 398

१ वे वा ११०१०-८ ० वे २१०१४ ६ म वा, ७।२।১।১৫

a R. Ph. V. U., p. 847 🐞 পুত, p. 117

৭ মহাভাগাংণ ৮ ঐ বাংক

কাজেই দেখা যাচ্ছে তন্ত্রে যে নরবলির বিধান দেওয়া হয়েছে তা কেবলমাত্র তন্ত্রেরই বিধান নয়। একদা জগতের অনেক বিশিষ্ট সজ্য জাতির মধ্যেও এ বিধান প্রচলিত ছিল। এ ক্ষেত্রে তন্ত্রে একটি অতি প্রাচীন প্রধার অহুসরণ করা হয়েছে।

অবশ্য তন্ত্রমতে ষে-কোনো ব্যক্তিই নরবলি দেবার অধিকারী নয়, কেবল রাজাই নরবলি দিতে পারেন, অন্য কেউ নয়।

লরবলির অকুকল্প—আমরা পূর্বেই উল্লেখ করেছি কালে কালে বলি সম্বন্ধে লোকের ধারণা বদলে যায়। নরবলি সম্বন্ধেও তাই হয়েছে। ধর্মাফুষ্ঠানের ক্ষেত্রে একটা ব্যাপার লক্ষ্য যায়—দীর্ঘকাল প্রচলিত প্রাচীন প্রথা একেবারে লোপ পায় না, অক্তরূপে থেকে যায়।

আমাদের দেশে নরবলির ব্যাপারেও তাই লক্ষ্য করা যায়। ঐতরেয়-ব্রাহ্মণে মধ্য পশুসম্বন্ধে একটি আখ্যায়িকা আছে। তার থেকে বোঝা যায় নরের অন্তুকল্পব্ধপে অর্থ গো মেব এবং ছাগ বলি দেবার প্রথা বৈদিক সমাজে প্রচলিত হয়।

নরবলির পরিবর্তে পশুবলির ইঙ্গিত অন্যত্ত্রও আছে। উক্ত ঐতরেয়-বান্ধণেইণু বলা হয়েছে "বে ( বন্ধনান ) [ সোমধাগে ] দীক্ষিত হয় সে সকল দেবতার নিকট আপনাকে ( পশুরূপে ) আলম্ভনে প্রায়ুত্ত হয়। অগ্নিই সকল দেবতা, সোমও সকল দেবতা; সেই যজমান যে অগ্নির ও সোমের উদ্দিষ্ট পশু আলম্ভন করে, তথারা সে সকল দেবতার নিকটেই আপনাকে নিক্রুয় করে। এতথারা আত্মপ্রতিনিধিরূপে বা মুলায়ুরূপে পশু আলম্ভনের ব্যবস্থা হইল।" গ

আলোচ্য ব্রাহ্মণে স্পষ্ট করেই বলা হয়েছে স্ক্মদৃষ্টিতে বিচার করলে যজ্ঞে বধ্য পশু স্বয়ং বন্ধমান।

ঐতরেম্ব-ব্রাহ্মণের পরেও দীর্ঘকাল মুখ্য নরবলি ক্ষেত্রবিশেষে প্রচলিত ছিল বটে , তবে ঐতরম্বে-ব্রাহ্মণোক্ত অহুকল্পের বিধানই সাধারণ নিয়ম হয়ে পড়ে, মুখ্য নরবলি তার অসাধারণ ব্যতিক্রমমাত্র।

**অংশহরুধিরদান**—আদিম জগতের সর্বত্র রক্তকে প্রাণ বলে বিশ্বাস করা হত। সেইজন্ত পশুবধ করে দেবতাকে রক্ত দেওয়ার প্রথা ছিল। শুসভ্য মানুষের মধ্যেও দেবতাকে

১ বাজা নরবলিং দভাৎ নাজোহপি পরমেখরি।—যামলবচন, উদ্ধৃত, ভাসারহস্ত, পং ৩

२ बेबाराज्य ७ बेराजा

৪ বাষেক্রফুম্বর ত্রিবেদীকৃত ঐতরের-ত্রাহ্মণের অমুবাদ, ১৩১৮, পৃঃ ১২৭

वक्रात्ना वा এव निर्मातन वर शक्ः ।—वे जा २।२।>

১৮০६ बः भवंद बामात्मत्र देवस्थित त्राकात्र क्रमस्त्रीत्मवीत्र काट्य नत्रवित मित्तरकृत ।

<sup>-</sup>J: M. G. K., P. 66

<sup>9</sup> P. C., Vol. II, P. 881

স্থাণ এক ধিরদানের যে-ব্যবস্থা লক্ষ্য করা যায় সম্ভবতঃ তার মূলে আছে পূর্বোক্ত আদিম বিশাদ। লোকে মনে করেছে নিজের রক্ত দেওয়া নিজের প্রাণ দেওয়ারই সমান। এই রক্তদানকে নরবলির একটি অন্তকল্প বা রূপান্তর বলা যায়। নরবলি দিলে যেমন প্রভূত ফললাভ ইয় তেমনি স্থানেত্র ক্লিধিরদানেও মহাফল লাভ হয়। তারাতন্ত্রে বলা হয়েছে — দেবতাকে স্থানেত্র দিন করলে ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্ব অথবা শূল্য যে-কেউ হোক না কেন বিতীয় ক্রত্রুলা হবে।

শক্তবলি—দেবীপূজায় 'শক্তবলি' দেওয়ার বিধি আছে। এই শক্তবলি প্রাচীন নরবলিরই রূপান্তর। যোগেশচন্দ্র রায় বিভানিধি মহাশয় লিথেছেন "সেই নরবলির শ্বতি অভাপি পূর্ববঙ্গে এবং কলিকাতাতেও রক্ষিত হইতেছে। কোথাও পিটালীর, কোথাও ঘনীভূত ক্ষীরের, কোথাও ময়দার নরশিশু নির্মাণ করিয়া বলি দেওয়া হয়। ইহার নাম শক্তবলি।"

পশুবলির অকুকর — নরবলির বেমন অফুকরের বিধান দেওয়া হয়েছে তেমনি পশুবলিরও অফুকরের বিধান দেওয়া হয়েছে। কেন না ম্থা পশুবলি সকলের পক্ষে বিহিত নয়। যেমন মহাকালসংহিতায় নির্দেশ দেওয়া হয়েছে— বানপ্রস্থাশ্রমী ব্রহ্মচারী দয়াল্ গৃহস্থ সাত্ত্বিক ব্রহ্মনিষ্ঠ ব্যক্তি এবং যে-ব্যক্তি হিংসাবর্জিত এঁরা কেউ পশুবলি দেবেন না, তার অফুকর বলি দেবেন।\*

পশুর অন্ত্রুরূপে ইক্ষ্ণও কুমাও ব্যুফলাদি ক্ষীরপিও বা শালিচূর্ণের দ্বারা নির্মিত পশুবলি দিতে হয়।

কোন পশুর অমুকল্প কি তারও নির্দেশ শাস্ত্রে আছে। ধেমন মহিষের অমুকল্প কুমাও, ছাগের কর্কটা অর্থাৎ কাঁকুড়, কুরুটের বেগুন, মেষের লাউ, মামুষের প্রন্স আর মৎস্তের ইক্ষ্ও।

১ নরে দত্তে মহর্দ্ধি: ভাদষ্টসিদ্ধিরমুভ্যা।—মুগুমালাতম্ব্রবচন, দ্রঃ বৃহ ত সা, ১০ সং, পৃঃ ৬১৫

२ जिन्रथमानः क्रियः निकारम्य मञ्जल । ननार्षेष्ट्यक्रमग्रमित्राक्रमशुरमण्डः ।—ठा ७ ०।১०

चरमश्क्रिंदित म्राड क्रजामश् देवांभक्तः। बाक्तांगं यमि वा करावा दिन्छः मृज्ञक वव वा ।—ाजा छ ।।>७

৪ ন্তঃ প্রা তো, কাণ্ড ৪, পরিঃ ৬, ব সং, পৃঃ ২৮৪ 🔹 পূজাপার্বণ, পৃঃ ৭৯

বানপ্রস্থো বুদ্দাবারী গৃহস্থো বা দয়াপরঃ। সাধিকো বুদ্দানিষ্ঠশন বশ্ব হিংসাবিবর্ক্সিতঃ।
 তে ন দল্যঃ পশুবলিমকুকরং চরস্তাপি।—মহাকালসংহিতাবচন, দ্রঃ পু চ, তঃ ১১, পুঃ ১০৬২

हेक्नुविः ह क्षावः छथा वश्रक्नामिकम् । कीव्रिविः भागितृर्विः शकः कृषा हृद्वम् विम् ।—वे, शृः ১०७०

৮ মহিষ্ডেন কুমাণ্ডং ছাগড়েনৈৰ কৰ্কটীম্। বৃস্তাকং কুকুটডেন মেৰ্ডেন চ তুম্বিকাম্।
মানুষ্ডেন প্ৰসং মংস্তড়েনেকুদণ্ডকম্।—এ, পৃঃ ১০৬২

বিলার স্থানস্থানতেম — বলির স্থানিতেদও করা হয়। পূর্বোক্ত সান্থিক এবং রাজসিক উভয়বিধ বলিই স্থান। কেন না এ-সব ইন্দ্রিয়গোচর বন্ধ, বহিঃপূজায় লাগে।

স্ক্রবলি মনোর্ত্তি। অন্তর্গাগে স্ক্রবলি বিহিত। বহির্যাগে যেমন ছাগাদি-পশুবলির বিধান আছে তেমনি অন্তর্গাগেও আছে। কিন্তু এ ক্ষেত্রে ছাগাদি পশু বলতে বুঝায় কামাদি রিপু। কর্পুরাদিস্তোত্রে আছে ধ্ব-সব সাধক ছাগ মহিষ নর মেষ উষ্ট্র এবং মার্জার বলি দিয়ে দেবীর পূজা করেন তাঁরা অপূর্ব সব সিদ্ধিলাভ করেন।

এই স্তোত্তের স্বরূপব্যাখ্যায় বিমলানন্দস্বামী লিখেছেন—এখানে ছাগ বলতে কাম, মহিষ বলতে ক্রোধ, মার্জার বলতে লোভ, নর বলতে মদ, মেষ বলতে মোহ, উট্র বলতে মাৎসর্ঘ বুমতে হবে। কামাদি ষড়রিপু চিদ্রূপিণী দেবীর কাছে বলি দিলে পরে সাধক সাধনায় সিদ্ধিলাভ করতে পারেন। অপেক্ষাকৃত অগ্রসর সাধকেরাই এই স্ক্ষ বলি দেবার অধিকারী।

বলির ভাৎপর্য—কিন্ত সর্বশ্রেষ্ঠ বলি আত্মবলি। প্রথমে সুল ইন্দ্রিয়গ্রাহ্থ বস্তুসমূহ ভগবতীর কাছে বলি দিতে হবে। তার অর্থ এই সমস্ত বস্তু সম্পর্কে মমত্মবৃদ্ধি ত্যাগ করতে হবে, সমস্ত বস্তুই ভগবতীর এই ভাবনা করতে হবে। এরপ ভাবনা অর্থাৎ বস্তু সম্পর্কে ভগবদ্বৃদ্ধি থাঁর দৃঢ় হয়েছে সেই সাধক তথন মনোবৃত্তিসমূহও বলি দেবেন অর্থাৎ মনোবৃত্তি সম্পর্কেও মমত্মবৃদ্ধি ত্যাগ করবেন। মনোবৃত্তিসমূহও ভগবতীর এরপ ভাবনা থাঁর দৃঢ় হয়েছে সেই সাধক এবার চরম বলি দেবেন, আত্মবলি দেবেন। ভগবতীর কাছে নিজেকে অর্থাৎ নিজের ভিন্নসন্তাবৃদ্ধিকে বলি দিলে অন্ধ্যবন্ধোপলন্ধি হয়। এটি সাধনার চরমসিদ্ধি।

বলির তাৎপর্য অক্সভাবেও ব্যাখ্যা করা যায়। গায়ত্রীতন্ত্রে বলা হয়েছে প্রসন্নধী দাধক চিণ্ডিকাকে বলি প্রদানের দ্বারা রজস্তমাত্মক দেহ ত্যাগ করে শুদ্ধ সন্থাত্মক হবেন এবং শুদ্ধ সন্থাত্মক হয়ে মহাভোগ প্রাপ্ত হবেন। বলি প্রদান ব্যতীত কি করে শুদ্ধ সন্থাত্মক হবেন ? বলির দ্বারা মৃক্তিলাভ হয়, স্বর্গলাভ হয়, ধর্ম ও অর্থলাভ হয়।

এই তন্ত্রবচনের অর্থ—মান্থবের ত্রিবিধ সন্তা তামসিক রাজসিক ও সান্ত্রিক। তামসিক সন্তায় মান্থ্য স্থুল বস্তুজগতের মধ্যে আবন্ধ, রাজসিক সন্তায় রাগদ্বোদিযুক্ত ইচ্ছার জগতে

<sup>&</sup>gt; जः कश्र्वामित्छाज, आक >>

২ জঃ কপুরাদিন্তোত্র, লোক ১৯-এর বিমলানন্দ সামীকৃত স্বরূপ ব্যাখা।

কৃতে ৰলিপ্ৰদানে চ চিঙকায়ৈ প্ৰসন্ধনীঃ। রজন্তমাল্পকো দেহত্যজ্বা সন্থাল্পকো ভবেং।
 তদ্ধসন্থাল্পকো ভূষা মহাভোগমবাপ্নুমাং। বিনা ৰলিপ্ৰদানেন কৃতঃ স্বাল্পকো ভবেং।
 ৰলিভিঃ সাধ্যতে মৃক্তি ৰলিভিঃ সাধ্যতে দিবং। ৰলিভিঃ সাধ্যতে ধর্মো হর্পক ৰলিভিভবেং।

আবদ্ধ অর্থাৎ মনোবৃত্তির জগতে আবদ্ধ। এই উভয় সত্তাকে বলি দিলে পরে সে শুদ্ধসন্থা-অক হতে পারে।

গায়ত্রীতন্ত্রে শুদ্ধসন্থাত্মকের লক্ষণ নির্দেশ করা হয়েছে—ধিনি জ্ঞানশক্তিময় নিত্য-পরমানন্দবিগ্রহ তন্ত্রবিশারদেরা তাঁকেই শুদ্ধসন্থাত্মক বলেন।

একমাত্র ভগবৎসন্তাই এরপ শুদ্ধসন্থাত্মক হতে পারে। অর্থাৎ ভগবৎসন্তার কাছে আত্মবলি দিতে পারলে সাধকেরও এরপ সত্তালাভ হতে পারে। তামসিক রাজসিক এবং অবিশুদ্ধসান্থিক সত্তা বলি দিলে পরে উক্ত শুদ্ধসন্থাত্মক সত্তা লাভ হয়। আর বিনি এরপ সত্তালাভ করেন ধর্ম-অর্থ-কাম-মোক্ষ কিছুই তাঁর অপ্রাপ্য নয়।

কোম—বলিদানের পর হোম করতে হয়। ° এ হোম তান্ত্রিক হোম। দেবতার উদ্দেশ্যে হোম অতি প্রাচীন অষ্ঠান। বেদশংহিতার সময়ে বেদপদ্বীদের একমাত্র ধর্মাষ্ঠান ছিল বজ্ঞ আর সেই যজ্ঞের প্রধান অষ্ঠান হোম। কেন না বে-কোনো দেবতাকে বে-কোনো দ্রব্য অর্পন করতে হলে অন্নিতে আছতি দিতে হত। তার কারণ বেদপদ্বীরা বিশ্বাস করতেন অন্নিই দেবতার মৃথ, ° অন্নিই দেবতাদের জঠর, ° কোনো অর্ঘ্য দিতে হলে তা অন্নিতেই সমর্পন করতে হবে।

কিন্তু অতিপ্রাকৃত সন্তার উদ্দেশ্যে অগ্নিতে দ্রব্যাদি সমর্পণের প্রথাটি আরও প্রাচীন মনে করা হয়। নিম্নন্তরের অতিপ্রাকৃত সন্তার পূজাকারী কোনো কোনো কোমের আদিম লোকেরা মনে করত ঐ-সব অতিপ্রাকৃত সন্তা ধোঁয়ার মতো বা কুয়াশার মতো। কাজেই ধোঁয়ার মতো জিনিবই তারা গ্রহণ করতে পারে। এইজন্তই কোনো জিনিব তাদের দিতে হলে তা আগুনে দিয়ে ভস্ম করত, বিশ্বাস করত এইভাবে ধোঁয়ার আকারে পরিণত জিনিবটি উদ্দিষ্ট অতিপ্রাকৃতসন্তা গ্রহণ করবে।

অতএব অহমান করা যায় বৈদিক হোম ও তান্ত্রিক হোম উভয়েরই মৃলে আছে সেই আদিম মানবের স্প্রাচীন বিশ্বাস। সেই প্রাচীন বিশ্বাসের ধারাই বৈদিক হোমের মধ্য দিয়ে তান্ত্রিক হোম পর্যন্ত প্রবাহিত হয়ে এসেছে। বৈদিক ও তান্ত্রিক হোমে মৃলগত ভেদ নাই, ভেদ অহুষ্ঠানগত।

১ জ্ঞানশক্তিময়ো নিত্যঃ পরমানন্দবিগ্রহঃ। শুদ্ধসন্তাত্মকন্তেন কথ্যতে তন্ত্রকোবিদৈঃ।—গা ত, পঃ ৫

২ এবং ৰলিবিধিং প্রোক্তঃ কৌলিকানাং কুলার্চনে। অক্তথা দেবতাঞীভির্নায়তে ন কদাচন।
ততো হোমং প্রকুবীত তদ্বিধানং শুণু প্রিয়ে।—মহা ত ৬।১১৮-১১৯

ত অগ্নিমুখা বৈ দেবতাঃ ৷—তাণ্ডামহাত্রাহ্মণ ২৫।১৪।৪ ; অগ্নিমুখা প্রথমো দেবতানাম্—ঐ জা ১।১।৪

৪ অগ্রিদেবানাং জঠরম।—তৈ ব্রা ২।৭।১২।৩

e P. C., vol. II, pp. 382-888

**হোম অবশ্য কর্তব্য**—তান্ত্রিক পূজায় হোম অবশ্যই করতে হয়। নিত্য নৈমিত্তিক এবং কাম্য ত্রিবিধ পূজাতেই হোম বিহিত।

হোমের প্রকারভেদ—হোম ত্রিবিধ—স্থুল স্ক্ষ্ম এবং পর,° আবার বাহ্ছ ও আন্তর, হোমের এই দ্বিধি প্রকারভেদও করা হয়। স্থুল হোম বাহ্ছ, স্ক্ষ্ম ও পর হোম আন্তর। আন্তর হোমকে জ্ঞানহোমও বলা হয়। মাতৃকাভেদতদ্রের মতে বাহ্ছ হোমে নিঃশংসয় কাম্যসিদ্ধি হয় আর জ্ঞানহোমে হয় মোক্ষলাভ।°

শুল হোম—তত্তে শুলহোমের মণ্ডপনির্মাণ, কুণ্ডনির্মাণ পথেকে আরম্ভ করে বিভৃত অফুষ্ঠানের বিবরণ আছে। এই-সব অফুষ্ঠান জটিল। অভিজ্ঞ গুরুর কাছে শিথতে হয়।

সঙ্কল্প করে হোম করতে হয়। গ সঙ্কল্পবচনে হোমের উদ্দেশ্য ব্যক্ত করা হয়। বেখানে বিশেষ কোনো উদ্দেশ্য থাকে না সেখানে 'অমুকদেবতার প্রীতির জন্য আমি এত সংখ্যক আছতি দেব' এমনি সঙ্কল্প করতে হয়। শু

নিপ্রাহ হোম ও সৌম্য হোম—পূর্বেই বলা হয়েছে বাহ্ন হোমে কাম্যসিদ্ধি হয়।
অরিমর্দন প্রভৃতি কাম্য সিদ্ধির উদ্দেশ্যে কৃত হোমকে বলা হয় নিপ্রহহোম। শার নিজের
এবং পরের কল্যাণ কামনায় যে-হোম করা হয় তাকে বলে সৌম্য হোম। শার উভয় হোমের
বিধিবিধান ভিন্ন।

সূত্র্মাহোম—স্ক্রহোম সম্বন্ধে তন্ত্ররাজতন্ত্রে বলা হয়েছে—সাধকের মূলাধারচক্রে অবস্থিতা কুগুলিনীর মূথে বে-অগ্নি আছে সেই অগ্নিতে বাচ্যবাচকাত্মক প্রপঞ্চকে তিনি এমনভাবে ছোম করবেন যাতে সেই হোমের দ্বারাই শিবশক্তির সমান হয়ে যেতে পারেন। ১১

১ পুরুয়েদ্ বহুষত্বেন ততো হোমাদিকং চরেং।—মাতৃ ত ১১৮

নিবেদরিত্বা নৈবেতাং বৈশ্বদেবং সমাচরেৎ। অর্চায়াং বা সমাপ্তায়াং হোমং কুর্বাদ্ বিধানতঃ।
 নিত্যে নৈমিত্তিকে কাম্যে চৈতদ্বিম্পুথং স্মৃত্য।—ক্রঃ পু চ, তঃ ৬, পুঃ ৫১৫

৩ স্তঃভবাত, গঃ২৯-৩২

৪ ৰাহুহোমে কাম্যসিদ্ধিভবিশ্বতি ন সংশয়ঃ। জ্ঞানহোমে মোক্ষসিদ্ধি লভতে নাত্ৰ সংশয়ঃ।—মাতৃ ত থাং৮

কঃ বৃহ ত সা, পরি: ৪; ত রা ত, পঃ ২»; শা তি, পঃ ৩, শা ত, উঃ ১৭, ১৮ ইত্যাদি

৬ বশিষ্ঠসংহিতার আটপ্রকার কুণ্ডের কথা বলেছে। যথা—চতুরপ্রকুণ্ড বোনিকৃণ্ড অর্ক্রচন্দ্রকুণ্ড ব্যাপ্রকুণ্ড বর্তুলকুণ্ড বজ্লকুণ্ড পদ্মকুণ্ড ও অষ্টাপ্রকুণ্ড।—ক্রঃ বৃহ ত সা, পারিঃ ৪, ১০ম সং, পৃঃ ৪৪১

৭ সম্বন্ধ্য পরমেশানি নিত্যহোমবিধিং চরেৎ।—জ্ঞানার্থতক্সবচন, দ্রঃ তা ভ হু, পৃঃ ২৪৭

৮ অমুকদেবতাঞীতৈয় এতাবদাহতীরহং হোমরেরন্।—তা ভ স্থ, পৃঃ ২৪৭

<sup>»</sup> ফ্রাডরাড, পা:৩১ )• ফ্রাই, পা:৩২

<sup>&</sup>gt;> चप्नापात्र क বহে । কুও নিজ্ঞান্ত গামিনি। বাচ্যবাচক রপক প্রপক্ষ প্রহরাতথা।
বেনাবরো: সমো দেবি জারতে হবনেন বৈ।—ত রা ত ৩-188-৪৫

• এই স্ক্র হোমকেই বেদে প্রাণান্নিহোত্রবিছা বলা হয়েছে। এর জ্ঞানলাভ করলে মান্নবের আর পুনর্জন্ম হয় না। এই হোমে কিছু বায় হয় না, কোনো আয়াসেরও প্রয়োজন নাই বা এর জন্ম অন্য কারুর উপর নির্ভরও করতে হয় না। এই হোমকে বলা হয়েছে মনঃক্রেশের বিশ্রান্তিয়ান, সমস্তপাপনিঃশেষকারী, স্থাম্পদ, স্বগ অর্থাৎ আপনার মধ্যে অন্তর্ভির এবং চিৎ-বেল্য-বেদন অর্থাৎ জ্ঞাতৃজ্ঞেয়জ্ঞানাত্মক বলে বিশ্বময়।

পর হোম—তন্ত্ররাজতন্ত্রের মতে দর্বভেদবিলোপজনিতস্থিতি পরহোম। ব্যাখ্যা করে বলা হয়েছে স্বাত্মরূপমহাবহ্নিজালারূপী নিরধিষ্ঠানপ্রকাশাত্মক অবিকারী সন্তামাত্রস্বরূপে নিঃশেষবিলয়নভাবকে বলা হয় পরহোম।

স্বাত্মব্ধপবহ্নি অর্থ স্বাত্মরূপমহাশক্তি। সহজভাষায় পরহোম অবিকারী সন্তামাত্রস্বব্ধপে নিঃশেষবিলোপ। এই সন্তামাত্রস্বরূপ যিনি তিনিই মহাশক্তি, তিনি সাধকের আত্মা থেকে অভিন্ন এবং স্বপ্রকাশ।

সিজান্তের দিক্ দিয়ে পুলাদি-ছোম—সিদ্ধান্তের দিক্ দিয়ে দেখলে দেখা যাবে স্থল স্ক্ষ এবং পর হোমে কোনো ভেদ নাই। ত্রিবিধ হোমেরই এক লক্ষ্য— ভেদবিলোপ। তন্ত্ররাজতন্ত্রে আছে বিকল্পস্করপ অর্থাৎ সঙ্কলবিকল্লের কারণভূত মনের নির্বিকল্প পরস্করপে বিলোপ পরহোম এবং স্থল- ও স্ক্ষ্ম-হোমও পরহোমময় অর্থাৎ এই উভয় হোমেরও একই লক্ষ্য।

সুলহোম সম্বন্ধে বলা হয়েছে—উচ্চাবচবিকল্প বস্তু অর্থাৎ সমিধ পুষ্পা ফলাদি বিভিন্ন হোমদ্রব্য অগ্নিতে দগ্ধ হওয়ার জন্ম অগ্নিময় হয়ে যায়। এই যে ভিন্ন বস্তুর ঐক্য অর্থাৎ অভিন্ন
হয়ে যাওয়া একেই বলে সুলহোম।

স্ক্ষহোম সম্বন্ধে বলা হয়েছে—নানারূপ বাচক শব্দ এবং তাদের নানা বাচ্য অর্থের সঙ্গে বেস্তা বেল্য এবং বেদন অর্থাৎ জ্ঞাতৃ-জ্ঞেয়-জ্ঞানের একীকরণ স্ক্র্মহোম।

প্রাণাগ্নিছোত্রবিছোতি যথ তায়্যাং শ্রায়তে পরম্। বজ্জাছা বনিতাগর্ভং ল প্রবাতি নরো ধ্রবম্। যদ্ব্যয়ায়াসরহিত্যনভাপেকনির্বহম্। যয়নঃ ক্লেশবিশ্রাভঃ স্থানং নিঃশেষ ক্লাবম্। স্থান্সায়ং ক্লাং বিশ্বয়রং চিদ্বেছাবেদনাথ।—ত রা ত ৩০।৪৭-৪৯

২ দ্বিতিঃ পরো ভবেদ্ হোমঃ সর্বভেদবিলাপনাৎ। স্বাত্মরূপমহাবঞ্জ্বালারূপিরু সর্বদা।
নিরিক্ষনেদ্ধরূপেযু প্রমার্থাত্মনি স্থিরে। নির্থানবিলাপস্ত পরহোমঃ সমীরিতঃ।

<sup>---</sup>ত রা ত ৩**০**।৯২-৯৩

যদবিকরবর্গণত মনন্তরিবিকরকে। নিধানং পরতোমত তুলকুক্ষণ বন্ধরম্।—ত রা ভ ৩০।৮৯

৪ উচ্চাৰচবিকলানাং বস্থনামগ্রিলাহতঃ। তত্মর্থালৈকারূপং হুলহোমম্বীরিতম্।—এ ৩০।১০

कृत्यद्वामः छथा गरेव वृत्नामाक्ररेशख वाहरेकः । वाह्यार्थानामत्गरवादग दवछरवस् विवासना ।—००।०३

পরহোম সম্বন্ধে ভাবনোপনিবদে বলা হয়েছে?—আমি তুমি অস্তি নাস্তি অর্থাৎ লৌকিক विधिनित्यध, कर्जवा अकर्जवा अर्था९ दिनिक कर्यकाश्वाकृषाश्चीतृत्व कर्जवा अकर्जवा, छेशाननीय অন্তপাসনীয় ইত্যাদি সব বিকল্পের আত্মাতে বিভাবনা অর্থাৎ সমস্তই কেবলমাত্র চিৎ এরপ ভাবনা হোম। সহজ্বকথায় সমস্ত বিকল্পের হেতুশক্তিকদ্ম্বের প্রদেবতায় বিলীনতাভাবনা হোম।

ভাবনোপনিষদের 'নিত্যাত্মবিলোপনং হোম:' এই মন্ত্রাংশের ভাল্তে অপ্লয়দীক্ষিত লিখেছেন —নিত্যের অর্থাৎ কৃটস্থঘটাকাশস্থানীয় আত্মার মহাকাশস্থানীয় কেবলমাত্র চিৎস্বরূপ পরমাত্মায় বিলাপন অর্থাৎ বিলয় হোম।

**ছোমের ভাত্তিক ব্যাখ্যা**—উমানন্দনাথ 'নিত্যোৎসব'-এ হোমের বে-তাত্ত্বিক ব্যাখ্যা দিয়েছেন তারও মূল বক্তব্য পরমাত্মায় সবকিছুর বিলয়। তিনি লিথেছেন<sup>®</sup> —ইঞ্জিয়বৃত্তি-সমূহের ছারা ষা বেগু অর্থাৎ ইক্সিয়বৃত্তিসমূহের ছারা বে-সব বিষয় গ্রহণ করা যায় তা সবই হবি। ইব্রিয়সমূহ ক্রক। প্রমশিবের জবনিষ্ঠ সম্কৃতিত সর্বজ্ঞতাশক্তি, সম্কৃতিতসর্বকর্তত্বশক্তি, সন্থাতিনিতাত্পতাশক্তি, সন্থাচিতনিতাতাশক্তি এবং সন্থাচিতস্বতন্ত্ৰতাশক্তি হোমাগ্নির জ্ঞালা। জীবে অবস্থিত পরম শিব পাবক। স্বয়ং জীব অর্থাৎ দেহাবচ্ছিন্ন জীবাত্মা হোতা। এই হোমের অপরোক্ষ ফল দাধকের পরমার্থিক স্বরূপলাভ, নিপ্তিণত্রন্দদাক্ষাংকার। পারমার্থিক-স্বরূপলাভের চেয়ে শ্রেষ্ঠ আর কিছুই নাই।

উমানন্দনাথের এই ব্যাখ্যার তাৎপর্য "ইন্দ্রিম্বদারা দে সকল বিষয় গ্রহণ করা হয় তাহা জীবাত্মরূপ প্রমশিবে আছতিপ্রদানমাত্র, আত্মন্তথের জন্ম নহে, এইরূপ সর্বদা ভাবনা করিতে হইবে।"<sup>\*</sup>

১ অহং ত্মন্তি নান্তি ক'তব্যমক'তব্যম্পাদিতব্যমিতি বিকল্পানামান্ত্ৰনি বিভাবনং হোম:। —দ: ভা উপ ৩২ (T. T., Vol. XI)

২ সভাষ্টিকতবা্যকত ব্যুমোনানীক্তনিত্যাক্তবিলাপনং হোমঃ।— ড্রঃ ভা উপ, ঈশাঘটোতরশতোপনিবদঃ, 8र्थ **সং. निर्वत्रमानन, ১৯**৩२

নিত্যায়বিলাপনং নিত্যক্ত কৃত্তয়ঘটাকাশয়ানীয়ক্ত আয়নঃ পরিয়য়হাকাশয়ানীয়িচয়াত্রায়নি বিলাপনং হোম ইতি ।—৮: ভাবনোপনিষদভাৱান, T. T. Vcl. XI.

৪ বৃত্তিভি: বেড: সর্বং হবি:। ইক্সিরাশ্যেব ক্রচ:। সক্ষোচেন স্বাস্ত্রস্থিতা: সর্বজ্ঞত্বসর্বর্ক ভূত্বাদয়: পরম-শিৰণক্তর এৰ জালা:। স্বাক্ষশিব এব পাবক:। স্বয়মেব হোতা। নি গুণত্রহ্মাপরোক্ষাং কলম। স্বপার-

এ বিষয়ে পূর্বেও আলোচনা করা হরেছে।

ब क को त्र, शुः २८७, शामीका

জ্ঞপা—হোমের পর জপকরা বিধি। জপের বিষয়ে পূর্বেই দীক্ষাপ্রসঙ্গে আলোচনা করা হয়েছে।

**ন্তব ও প্রণাম**—জপান্তে ভব্জিভরে দেবতাকে জপসমর্পণ করে সাধক দেবতার স্তব করবেন এবং মাটিতে লুটিয়ে সাষ্টাঙ্গপ্রণাম করবেন ।

কোনো কোনো তন্ত্রে স্তবের সঙ্গে কবচ<sup>8</sup> পাঠেরও বিধান দেওয়া হয়েছে।

আয়সমর্পণ—ভোতাদি পাঠের পর সাধক ষণাবিধি দেবতার পায়ে বিলোমার্ঘ্য দিয়ে নিজেকে এবং নিজের যা-কিছু সমস্ত দেবতাকে সমর্পণ করবেন। সমর্পণমন্ত্রটি এই:—ইতঃপূর্বে প্রাণ-বৃদ্ধি- এবং দেহ-ধর্মাত্রসারে কি জাগ্রত-স্বপ্ন-স্থৃত্তি-অবস্থায়, কি মনের ছারা, কি বাকোর ছারা, কি কর্মের ছারা, কি হস্তের ছারা, কি পদের ছারা, কি উদরের ছারা, কি শিশ্লের ছারা যা-কিছু স্বরণ করেছি, বলেছি বা যা-কিছু কর্ম করেছি, দেই সমস্তই ব্রহ্মে সমর্পিত হোক, স্বাহা। আমার যা-কিছু সব এবং আমি সাধ্যদেবতার কাছে সমর্পিত, ওঁতং সং।

পুজাসমর্পণ — সাধক ইষ্টাদেবতাকে সবই সমর্পণ করেন, এমন কি যে-পূজা করেন তাও সমর্পণ করেন। মৃলমন্ত্রসহ তিনি নিয়োক্ত মন্ত্র পড়ে পূজা সমর্পণ করেন— সাধু বা অসাধু থে যে কর্ম আমি করেছি, দেবদেবেশ (দেবদেবেশি) আমার সেই সমস্ত কর্মসন্থলিত আরাধনা তুমি গ্রহণ কর। প

এবার সাধক অর্ঘোদকের বারা দেবতার হাতে, পুরুষদেবতার ক্ষেত্রে ডান হাতে এবং স্ত্রীদেবতার ক্ষেত্রে বাঁ হাতে, পূজা সমর্পন করেন। গ

১ হোমকর্ম সমাপোবং সাধকো জপমাচরেৎ।-মহা ত ৬।১৬৫

২ তং জ্বপং ভক্তিতো মন্ত্রী দেবতারৈ নিবেদরেং। স্তত্তা চ বিবিধৈ: তোত্তৈঃ সাষ্ট্রাঙ্গং প্রণমেণ্ডুবি।
—ক্রিয়াসংগ্রহ্বচন, জ্রঃ পু চ, ডঃ ৬, পুঃ ১১৩

০ তেজোরণং জপকলং সমর্প্য প্রণমেদ্ভূবি। ততঃ কৃতাঞ্জলি ভূতা স্তোক্ত কৰচং পঠেং।—মহা ত ৬।১৭৬

৪ সাধ্য প্রসঙ্গে শুব ও ক্রচের কথা বলা হয়েছে।

ওঁ ইতঃপূর্বং প্রাণবৃদ্ধিদেহধর্ণধিকারতো জাগ্রুৎস্বপ্রবন্ধার মনসা বাচা কর্মণা হস্তান্থাং সভ্যাম্দরেশ
শিল্পা বং স্মৃতং বহুদ্ধং বং কৃতং তৎসর্বং ব্রহ্মার্পণং ভবতু স্বাহা। ও মদীয়ং মাং সকলং সাধ্যদেবতারৈ
( এখানে সাধ্যদেবতার নাম করতে হয়) সমর্পিতম্, ওঁ তৎ সং ।

<sup>—</sup>सः गा ७, छैः १ , महा ७ ७। २१४-५२ ; भू ह, छः ८, भृः ००७

মন্ত্রটির তুয়েকটি শব্দগত ও শব্দসংস্থানগত সামান্ত পার্থক্য এই-সবু তত্ত্বে লক্ষ্য করা যার।

৬ সাধুবা অসাধুবা কর্ম বদ্ধলাচরিতং মরা। তৎসর্বং দেবদেবেশ (দেবদেবে শি) গৃহাণারাধনং পরম্।
—প্রস্ক্ত কং এ প্রস্থা

প্রার্থন।—পূজায় সাধকের সব রকমের সাবধানতা সদ্বেও ভূলক্রটি হতে পারে, অপরাধ হতে পারে। সেইজন্ম পূজান্তে সাধক কাতরভাবে প্রার্থনা করেন— আবাহন জানি না, বিসর্জন জানি না, পূজা জানি না, ওগো পরমেশ্বরী, তুমিই গতি। আমি তিন সত্য করে ভূহাত তুলে বলছি কায়মনোবাক্যে তুমি ছাড়া আমার আর গতি নাই। অস্তশ্চারিণীরূপে তুমি সমস্ত প্রাণীদের অস্তরে অধিষ্ঠিতা। ভক্তিসহকারে পত্র পূশ্প ফল জল যা তোমাকে দিয়েছি, যে-নৈবেছ নিবেদন করেছি, ফুপা করে তা গ্রহণ কর। ওগো দেবী, তুমিই আমার একমাত্র আশ্রয়। বিধিহীন ক্রিয়াহীন ভাক্তহীন অর্চনা, অক্ষরহীন মাত্রাহীন মন্ত্র, তা ছাড়া অনঙ্গব্যবধানাদি শত অপরাধ যা হয়েছে, সে-সব ক্ষমা কর। আমার হদয় চিত্ত মন তোমাতে অবস্থান কঙ্কক। তোমার পূজায় যারা নিষ্ক্র তাদের শ্রীবৃদ্ধি হোক, আরু যারা তোমার পূজায় বিদ্ধকারী তারা তোমার আজায় বিনষ্ট হোক।

গন্ধর্বতন্ত্রের বিধান এমনিভাবে প্রার্থনা করে অতিশয়ভক্তিসহকারে স্তবস্তুতি করে দেবতাকে প্রণাম করতে হবে এবং প্রাধানদেবতাম্তিতে আবরণদেবতাদের সমর্পন করতে হবে।

উদ্বাসন—এই শেষোক্ত ব্যাপারটি উদ্বাসন-অন্তর্গানের অঙ্গ। ক্রিয়াসংগ্রহে নিত্যপূজা-বিধি প্রসঙ্গে বলা হয়েছে—সাধক পূজান্তে দেবতার কাছে বর প্রার্থনা করে তাঁকে স্বহ্নদয়ে উদ্বাসন করবেন।

উদ্বাসনশব্দের অর্থ স্থাপন এবং বিসর্জন। বাছপ্রতিমা থেকে ইষ্টদেবতাকে বিসর্জন করে সাধকের স্বন্ধদের স্থাপন করতে হয়। হাদয় ইষ্টদেবতার স্থান।

পূর্বেই বলা হয়েছে উদ্বাদন-অফ্ষানের প্রথমে প্রধানদেবতার মধ্যে আবরণদেবতার

আবাহনং ন জানাংমি ন জানামি বিসর্জনন্। পুজাভাগং ন জানামি দং গভিং পরমেধরি।
সত্যং সভ্যং পুলং সভ্যম্থক্ষিপ্য ভূজমুচ্যতে। কারেন মনসা বাচা দ্বলো নালা গতি মিম।
অন্তক্ষারেণ ভূতানামন্তব্যেন্ব সংস্থিতা। বন্দতং ভক্তিমাত্রেণ পত্রং পূসাং কলং জলন্।
আবেদিতং চ নৈবেছাং তদ গৃহাণামুকস্পরা। বিধিহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং বদর্চিতন্।
বন্দর্বপরিত্রেইং মাত্রাহীনং চ বন্ভবেং। অনজব্যবধানাদি অপরাধশতানি চ।
ক্ষরেমর্হসি মে দেবি দ্বেন্ব শরণং বতঃ। দ্বি মে হালয়ং চাল্ভ দ্বি চিন্তং মন ন্তরি।
দুংপুলারাং মহামারে সন্ধ্বিস্তাং প্রবোজিতাঃ। বে পুনর্বিশ্বকর্তারতে নপ্তান্ত দ্বাজরা।—গ ত ১৯৪৬-২০

২ এবং সংপ্রার্থ্য দেবেশি স্কন্থা নত্বাভিভক্তিত: । প্রধানদেবতামূর্তে পরিবারান সমর্পরেং।—এ ১৯|৫৪

তত্তত্ত্বরা বলেন "প্রণাম কণাটার অর্থ পূর্ণরূপে নত হওয়া, সব প্রকারের অহংভাব, নিজের ফ্রন্স্হা,
নিজের ইচ্ছা বিসর্জন দিয়ে প্রণমাের চরণে আয়নিবেদর করা।"—পৃত পৃ: >>

<sup>.</sup> ৪ ততো বরান্ প্রার্থরিকা দেবমুদ্বাসরেদ কদি।—ক্রিরাসংগ্রহক্তন, ক্রঃ পু চ, তঃ ৬, পৃঃ ১১৩

বিসর্জন করতে ইন্ন। গন্ধবিতদ্রের মতে এর অর্থ আরাধ্যদেবতার অঙ্গে আবরণদেবতারা বিলীন হয়েছেন এক্রপ চিস্তা করতে হবে। তার পর সাধক নিজেকে কামকলারূপী (কামকলা উপলক্ষণ। স্বীয় ইষ্টদেবতাক্ষপী এইটি সামাগ্র অর্থ) চিস্তা করবেন এবং আরাধ্যা পরমেশানীকে স্বীয় হৃদয়পদ্মে বিসর্জন দিয়ে এই বলে ক্ষমা প্রার্থনা করবেন—মা, জ্ঞানে বা অজ্ঞানে আমি বা করেছি তা সবই তোমার কাজ, আমাকে ক্ষমা কর।

সাধক এইভাবে দেবতাকে বিদর্জন করে সংহারমূলার দারা একটি পূষ্পগ্রহণ করে আদ্রাণ করবেন, সেই পূষ্পের সঙ্গে দেবতার তেজ স্বীয় হৃদয়ে এনে রাথবেন। তার অর্থ ফুলটি বুকের উপরে রাথবেন এবং সেই সঙ্গে দেবতাকেও হৃদয়ে এনেছেন এইরূপ চিস্তা করবেন।

দেবতাকে হৃৎপদ্মে নিয়ে আসার পর দাধক পূষ্প আন্ত্রাণ করে স্বয়্মা নাড়ীর দ্বারা তাঁর উদ্বাসন করবেন স্বর্থাৎ হৃৎপদ্মে দেবতাকে স্থাপন করবেন।

এইভাবে দেবতাকে হৃদয়ে স্থাপন করার পর সাধক বলবেন—ওগো দেবী, ওগো পরমেশ্বরী, তোমার স্বস্থান এই শ্রেটস্থানে অবস্থান কর।

প্রতিমা বিসজন—এ ছাড়া নৈমিত্তিক বা কাম্য পূজায় ষেখানে দেঁবতার মুন্ময়ী মূর্তি গড়ে পূজা করা হয় সেখানে পূজার পরে সেই প্রতিমা নদী প্রভৃতির জলে বিসর্জন দেওয়া হয়।

বিসর্জনের তাৎপর্য— এই বিদর্জনেরও একটি গভীর তাৎপর্য আছে। 'বছদিনের একনির্চ সাধনার পর একদিন যখন গুরুর আশীর্বাদে আর ভগবৎক্রপায় সাধকের আরাধ্য ইষ্টদেবতার মূর্তির ভিতর থেকে ইষ্টতত্ত্বের ক্ষুরণ হয় সেই অবস্থায় ইষ্টমূর্তির ধ্যান করতে করতে প্রথমে তাঁর বাহ্জান লোপ পেতে থাকে, তার পর তাঁর আপন অন্তিত্বও লোপ পার। সাধক যেন স্থাং ইষ্টময় হয়ে যান। তাঁর কাছে ইষ্টের অতিরিক্ত জগতে আর

তন্তা এব মহোশান্তাঃ শরীরে সর্বদেবতাঃ। বিলীনাঃ সন্ত মূলেন দেবালে মীলিতাঃ প্ররেং।
অথ কামকলারপমান্তানং পরিচিন্তরেং। ততন্তাঃ পরমেশানীঃ বিস্তলেদ হলরাম্ব্রেল।
জ্ঞানতোহজ্ঞানতো বাপি বন্মরা ক্রিয়তে শিবে। তব কৃত্যামিদং সর্বমিতি মাতঃ (জ্ঞাত্মা) ক্রমত্ব মে।

ক্ষাখেতি বিসর্জনং কৃষা সংহারমুক্তরা তত্তেজঃ পুলৈ: সার্দ্ধমান্তার বহুদয়মানরেং।
 —বৃহ ত সা, পরিঃ ২, ১০ম সং, পৃঃ ১৯

৩ নিধার দেবতাং পশ্চাৎ স্বীরুহৎসরসীক্ষতে। স্ব্রাব স্থানা পুশ্সালারোধাসরেন্ততঃ।—এ

৪ তিঠ দেবি পরে ছানে অছানে পরমেশরি।—গ ত ১৯।৫৯
এবানে উদ্বাসনের একটি সাধারণ পরিচয় দেবার চেটা করা হয়েছে, কোলো বিশেষসম্প্রভারসম্প্রভ
বিবরণ দেওয়া হয় নি।

কিছুই থাকে না। তাঁর এই সমাধি কিছু সময় পরে ভঙ্গ হলে পর আবার যথন বাছজান হয় তথন তিনি আপনার স্থল কল্প ও কারণ এই ত্রিবিধ শরীরের প্রত্যেক তত্ত্বে আপনার জীবস্ত ইইবিগ্রহকে বিরাজমান ও লীলারত দেখতে পান, দেখতে পান তাঁর নিজের মধ্যেকার প্রত্যেক তত্ত্বের মধ্যে তাঁর প্রত্যেক অফুভৃতির মধ্যে তাঁর ইইদেবতা পূর্ণরূপে বিরাজিত। বাইরের মুমায়ী মৃতির তাঁর আর আবশুকতা নাই। সেই মুমায়ী সাধকের অস্তরের জ্ঞানগঙ্গার মধ্যে নিমজ্জিত হয়ে তাঁকে তন্ময় করে দিয়েছেন। এই হল ইইম্র্তির যথার্থ বিদর্জন। প্রথম অধিকারী বাইরের গঙ্গায় যে-মৃতি বিদর্জন করেন তা শুধু তার আস্তর্বস্র্কনের প্রতীক্ষাত্র'।

বিসর্জনের একটি সাধারণ তাৎপর্যও আছে। সাধক পূজান্তে দেবতার বিসর্জন করেন। তার অর্থ তাঁর মন তথন আর পূজানিরত থাকে না, দেবতার সামিধ্যচ্যুত হয়। নৈলে যিনি সর্বব্যাপী তাঁর আবার আবাহন কি আর বিসর্জনই বা কি? পূজার সময় সাধকের মন সর্বগতা চিন্ময়ী দেবতাকে আরাধ্য প্রতিমাতে জাগ্রতব্ধণে বিরাজমানা চিস্তা করে। সহজ কথায় এরই নাম আবাহণ ও প্রাণ প্রতিষ্ঠা আর সেই চিস্তা থেকে সাধকের মনের নিবৃত্ত হওয়াই বিসর্জন।

বস্তত: দেবতা আদেনও না, যানও না। তিনি ত সব সময়ে সর্বত্রই আছেন। দেবতার আসা যাওয়া সাধকের মনের ব্যাপার। সাধকের দেবতাবিষয়ক মনোবৃত্তি দেবতার আবাহন বিসর্জন স্টিত করে। দেবতার বিসর্জনাদির এইটি সাধারণ তাৎপর্য।

নির্মাল্য খারণ ও প্রসাদগ্রহণ— বহি:পূজার শেষকৃত্য দেবতার নির্মাল্যধারণ ও প্রসাদগ্রহণ। তন্ত্রাস্করে বলা হয়েছে দেবতার নির্মাল্য মস্তকে ধারণ করতে হবে, পূজাবশিষ্ট চন্দনাদি সর্বাঙ্গে লেপন করতে হবে এবং নৈবেছ অর্থাৎ দেবতার প্রসাদ ভক্তদের বিতরণ করে তার পরে সাধককে স্বয়ং গ্রহণ করতে হবে।

প্রসাদভক্ষণের ব্যাপারটি অতি প্রাচীন। আদিম মানবের কথা ছেড়েই দেওয়া যাক। সভ্য মাহ্যবের ক্ষেত্রে দেখা যায় আমাদের দেশে বৈদিক যজ্ঞে হবিঃশেষ ভক্ষণ করার রীতি ছিল। কেই রীতিই তান্ত্রিক পূজার প্রসাদভক্ষণরূপে প্রচলিত রয়েছে এরপ অন্থ্যান করা যায়।

১ জ: পুত pp. 118-119 ২ জ: S. S., 4th Ed., pp. 474-475 ৩ ঐ, পু: ৪০১

নির্মাল্যং শিরসা ধার্যং সর্বাক্তে চামুলেপনম্। বৈবেছাং চোপাভুঞ্জীত দক্ষা তদ্ভজিশালিনে।
 তন্তান্তরবচন, ত্রঃ তুহ ত সা, পরিঃ ২, ১০ম সং, পুঃ ১০০

 <sup>&</sup>quot;হবিঃশেষ ভক্ষণ না করিলে কোনো বজাই সম্পূর্ণ হয় না। অগ্রিছোত্র বাগ্রের পর বে ছ্ব আহতি
দেওরা হইরাছে, তাহার শেবাংশ বাইতে হয়। পূর্ণমাসবাংগ পুরোডাশের কিয়দংশ বাগের পয় বাইতে
হয়। প্রধারে ও প্রসাংসের বানিকটা বাইতে হয়।"—বজ্ঞকবা, পৃঃ ৬৬

ইতিহাস যাই হোক, প্রসাদভক্ষণ শাস্ত্রবিহিত ব্যাপার। বিশেষ পূজান্তে বিশেষ প্রসাদভক্ষণ সে ত আছেই। তা ছাজা সাধারণভাবেও শাস্ত্রের নির্দেশ সাধক দেবতাকে নিবেদন না করে কিছুই অর্থাৎ দেবতার প্রসাদ ভিন্ন কিছুই গ্রহণ করবেন না। মৎস্তুস্ত্রে আছে মংস্ত মাংস প্রভৃতি কোনো দ্রব্যই দেবতাকে নিবেদন না করে ভোজন করতে নেই। বিষ্ণুর কাছে অনিবেদিত অন্ন বিষ্ঠাতুল্য, জল মৃত্রতুল্য। বিষ্ণু উপলক্ষণ। বিষ্ণু অর্থ সাধকের ইষ্টদেবতা। মৎস্তমাংসাদিও উপলক্ষণ। এ-সবের ধারা ইন্দ্রিয়গ্রাছ্ম যাবতীয় পদার্থকেই বোঝান হয়েছে।

প্রসাদত্ত্ব—কাজেই প্রসাদগ্রহণ একটি অষ্ঠানগত ব্যাপারমাত্র নয়। এর মধ্যেও একটি গভীর তব্ব আছে। এ সম্বন্ধে মহামহোপাধ্যায় গোপীনাথ কবিরাজ মহাশ্ম লিখেছেন "জগতে যত ভোগ্য পদার্থ আছে তার মধ্যে আমার কিছুই নাই, সবই আমার প্রিয়তম শ্রীভগবানের। এইজন্য ভোগ্য মাত্রই তাঁকে নিবেদন করার বিধান দেখা যায়। এর ফলে আপনার ভোক্তভাব কেটে যায় আর স্বামিন্থবোধ দ্র হয়। সমস্ত ভোগ্যপদার্থ ভগবানকে অর্পণ করার জন্য সব বস্তুর উপরে ভগবানের দৃষ্টি পড়ে, যার ফলস্বরূপ ভোগ্যবিষয় আর আমাদের বন্ধনের কারণ হতে পারে না। সমস্ত ভোগ্য পদার্থ ভগবানের দৃষ্টিপাতে অমৃতরূপে পরিণত হয় এবং স্বভাবতই ভগবানের কাছ থেকে প্রত্যাগত হয়ে সাধক জীবের কাছে ফিরে আসে। এটি শ্রীভগবানের প্রসম্বতার নিদর্শন এবং এইজন্যই প্রসাদ নামে অভিহিত হয়। যা ভগবানের প্রসাদ তার মধ্যে কোনো মলিনতা থাকে না আর প্রসাদগ্রহণ করলে সাধককে বিষয়ভোগের বন্ধনে পড়তে হয় না। এই প্রসাদ অর্থাৎ প্রত্যক্ষ ভগবৎকুপা আপনার সাধনবলে প্রাপ্ত হলেও বিশ্বকল্যাণের জন্য অর্থাৎ সমগ্র জগতের স্থ্য তথা হিতের জন্য সর্বত্র বিতরণ করতে হয়। অবশিষ্ট কিকিৎমাত্র অমৃত অর্থাৎ কণিকামাত্র প্রসাদ স্বয়ং গ্রহণ করতে হয়।"

এইজন্মই শাস্ত্রের নির্দেশ— সাধক পূজান্তে ভক্তদের প্রসাদ বিতরণ করে স্বয়ং গ্রহণ করবেন। ভগবানের প্রসাদ সকলের জন্মই সন্দেহ নাই কিন্তু যাঁরা ভগবদ্ভক্ত একমাত্র তাঁরা প্রসাদকে প্রসাদক্রপে গ্রহণ করতে পারেন, অন্তেরা নয়। প্রসাদগ্রহণ ব্যাপারটি প্রকৃত প্রস্তাবে মনের ব্যাপার। মন যাঁর প্রসাদগ্রহণের উপযোগ্নী, ভর্ তিনিই ষণার্থ প্রসাদগ্রহণ করতে পারেন। যাঁর দেবতার প্রতি ষণার্থ ভাবভক্তি আছে তাঁরই মন দেবতার

<sup>&</sup>gt; ্অনিবেছাং ন ভুঞ্জীত মংস্তমাংসাদিকঞ্ষং। অন্নং বিঠা পায়ে। মৃত্যং যদ্বিফোরনিবেদিতম্।
——মংস্তস্কুবচন, তাঃ বৃহ ত সা, পারিঃ ২, ১০ম সং, পৃঃ ১০০

২ ডঃ পুত, P, 121

প্রসাদ গ্রন্থবোর উপযোগী হতে পারে। এইজন্মই শাস্ত্রে ভক্তদের মধ্যে প্রসাদবিতরণের নির্দেশ দেওয়া হয়েছে। বাহুপ্রসাদক্তব্য প্রসাদতত্ত্বেই প্রতীক।

শক্তিসাধনার অগ্যতম সাধন পূজার একটি সাধারণ বিবরণমাত্র দেওয়া গেল। বিস্তৃত বিবরণের প্রয়োজন সাধকদের। তাঁরা সেটি শান্ত এবং গুরুর কাছ থেকেই জেনে থাকেন।

## অফাদশ অধ্যায়

## যোগ

সিদ্ধি কুগুলিনীজাগরণসাপেক্ষ—পূজার বিষয় আলোচনা করা গেল। তথ্ঞশান্তের অভিমৃত কুগুলিনী না জাগলে পূজার্চাদি কিছুই সফল হয় না। গদ্ধবঁতত্ত্বে বলা হয়েছে—
মূলাধারে কুগুলিনী যতকাল নিজিতা থাকবেন ততকাল মন্ত্র যন্ত্র আর্চনাদি কিছুতেই সিদ্ধিলাভ
হয় না। ব্যৱশুদংহিতার মতে সাধকদেহে ধেপর্যস্ত কুগুলিনী নিজিতা থাকেন সে-পর্যস্ত সাধক পশুতুলা, কোটি যোগাভাগি করলেও তার যথার্থ জ্ঞান জন্মে না। যদি কোনো সাধকের বহুপুণ্যফলে দেবী কুগুলিনী জেগে উঠেন তা হলে মন্ত্র-অর্চনাদি সব কিছুতেই ভার সিদ্ধিলাভ হয় এবং তথন সাধক অষ্টেশ্র্যস্তু হয়ে শিবের মতো জগতে বিচরণ করেন।

বোগের দার। কুগুলিনাজাগরণ— দেবী পুণাফলে জাগেন বটে কিন্তু তার জন্ত সাধনাও করতে হয়। সে-সাধনা প্রধানতঃ যোগসাধনা। গন্ধর্বতন্ত্রের অভিমত যোগ ব্যতীত কুগুলিনীর চঙ্ক্রমণ হয় না। কন্দ্রধামলেও কুগুলিনীকে যোগাধীনা বলা হয়েছে।

অস্তু উপায়ে কুগুলিনীজাগরণ—তবে যোগ বলতে যদি গুধু প্রাণায়াম ম্লবন্ধ প্রভৃতি হঠযোগপ্রক্রিয়া মনে করা হয় তা হলে বলতে হয় গুধু যোগ নয়, বিশ্বাস প্রেম ভক্তি কর্ম জ্ঞান এ-সবের বারাও কুগুলিনীকে জাগান যায়। এমনকি সঙ্গীতের বারাও কুগুলিনীর জাগরণ সম্ভবপর। কারণ কুগুলিনী নাদব্রন্ধ। স্থরও নাদব্রন্ধ। তাই মণাবিহিত বিশুদ্ধ স্থর সাধক গায়কের কুগুলিনীকে জাগাতে পারে।

সাধারণ সাধকের কুগুলিনীজাগরণের জন্য তক্সশাস্ত্রে কর্ম জ্ঞান যোগ এবং ভক্তি সব মিশিয়ে সাধকের অধিকার অফুসারে সাধনার ক্রম নির্দিষ্ট হয়েছে। অন্যভাবে বলা যায় সাধকের অধিকার অফুসারে তন্ত্রশাস্ত্রে যে বাধনা বিহিত হয়েছে যথাষথভাবে তা করতে পারলেই যথাসময়ে কুগুলিনী জেগে উঠেন। ন্যাস জপ পূজা প্রভৃতি যে-কোনো শাস্ত্রীয় উপায়ে কুগুলিনীর জাগরণ হতে পারে।

- ১ মূলপন্মে কুগুলিনী যাবরিদ্রায়িতা প্রভো। তাবর কিঞ্চিৎ সিধ্যেত সম্রয়ন্ত্রাচিনাদিকম্।—গ ত ৬।৩৬-৩৭
- ২ বাবৎ সা নিদ্রিতা দেহে তাবজ্জীব: পশুর্ষধা। জ্ঞানং ন জায়তে তাবৎ কোটিবোরং সমভ্যসেৎ।—যে স ৩।৪ ৫
- জাপতি যদি সা দেবী বছভিঃ পুণ্যসঞ্চয়ঃ। তদা প্রসাদমায়ায়ি য়য়য়য়াচনাদয়ঃ।

  শিববদ্ বিহ্রেলোকে অট্টেশ্বসম্বিতঃ।

  --প ত ৬।৩৭-৩৮
- ৪ বিনা যোগং ন সিধোত কুঙলীচঙ্ক্রম: প্রভো !—ঐ ৬।৩৬
- বেলাধীনং মহাবোগং বোগাধীনা চ কুগুলী।—রু বা, উ ত, পঃ ২>
- ভ Tantra As a way of Realization, C. H. I., Vol. IV., p. 238 ৭ ই

অবশ্য ষোগশস্কৃতি ব্যাপক অর্থে ব্যবহার করলে যোগ ব্যতীত কুণ্ডলিনী জাগেন না এ কথা বলা ষায়। কেন না ভক্তিষোগ কর্মযোগ জ্ঞানযোগ—এর কোনো না কোনো একটি অবলম্বন না করে কোনো সাধনাই হয় না। কাজেই ব্যাপক অর্থে সাধনামাত্রই যোগসাধনা। অতএব যোগ ব্যতীত কুণ্ডলিনীর জাগরণ হয় না। কেন না কুণ্ডলিনীর জাগরণ সাধনা-সাপেক্ষ।

তবে সাধারণতঃ কুগুলিনীজাগরণ-সম্পর্কে যোগ বলতে কুগুলিনীযোগ বা হঠযোগ তথা লয়যোগই বুঝায়।

কুণ্ডলিনী—শাক্তদর্শনের প্রসঙ্গে আমরা পূর্বেই কুণ্ডলিনী সম্বন্ধে কিছু কিছু আলোচনা করেছি। লক্ষ্য করা গেছে কুণ্ডলিনী পরাশক্তি শব্দত্রন্ধ মহাত্রিপুরস্থন্দরী এবং কামকলা। তিনি মাতৃকার্মপিনী সর্বমন্ত্রময়ী সর্বতন্ত্রময়ী সর্বদেবময়ী।

ব্রহ্মস্বরূপা সনাতনী কুগুলিনী বিশ্বস্থাইকারিণী ও বিশ্বরূপিণী। তিনি স্বাইস্থিতিলয়াত্মিকা বিশাতীতা ও জ্ঞানরূপা। এই কুগুলিনী তান্ত্রিক সাধকের ইইদেবতা। কাজেই একদিক্ দিয়ে বলা যায় উচ্চতর তান্ত্রিক সাধনামাত্রই কুগুলিনীর সাধনা।

শারদাতিলকে বলা হয়েছে — পরদেবতা কুগুলিনী চৈতগ্রন্ধণিণী দর্বগ্রগামিনী বিশ্বন্ধণিণী নিত্যানন্দা শিবস্বন্ধণা অথবা শিবসন্ধিধি প্রাপ্ত হয়ে অবস্থিতা ( শিবশক্তিতে স্বন্ধপতঃ ভেদ নেই, কাল্পনিক ভেদ স্বীকার করে শিবসন্ধিধি প্রাপ্ত হয়ে অবস্থিতা বলতে হয় ) এবং তিনি বিশুণাত্মিকা প্রকৃতি। তিনি দেশকালাদির দ্বারা অনবচ্ছিন্না, দর্বদেহামুগা অর্থাৎ শন্দতঃ এবং অর্থতঃ স্বীপুংনপুংসকলিঙ্গব্যাপিনী। পরাপর বিভাগে তিনি পরা প্রকৃতি। ( অবশ্র স্বন্ধপতঃ অপর অর্থাৎ পুংনপুংসকপ্রকৃতিও তিনি )। যোগীদের হৃদয়পদ্ম তিনি তত্ত্বপে নৃত্যপরায়ণা। সর্বপ্রাণীর মূলাধারে তিনি বিহ্যতাকারে ক্ষ্রিতা হন। শন্ধের আবর্ত যেমন শন্ধকে দিরে অবস্থান করছেন। তিনি আছেন্ কুগুলীভূত সর্পের আকারে।

কুওলিনী সম্বন্ধে অগুভাবেও বিচার করা হয়। "শক্তির হুইরূপ স্বীকার করা হয়—চিৎ

शায়েৎ কুগুলিনীং দেবীং পরস্তুলিঙ্গবেষ্টিনীব। শ্রামাং ফ্লাং ফ্টিরপাং ফ্টিস্থিতিলয়ায়িকাম।
 বিশাতীতাং জ্ঞানরপাং চিন্তয়েদু ধ্ববাহিনীব। — ব নি ১১ সংখ্যক লোকের টীকায়ৃত

২ নিজেষ্টদেবতারূপা দেহসংস্থা চ কুগুলী।—মাতৃ ত ১৪।২

০ ততক্তৈভজনপা সা সর্বগা বিষয়পিনী। শিবসন্নিধিমাসাথা নিত্যানন্দগুণোদরা।
দিকালাকানবন্দিনা সর্বদেহামুগা শুভা। পরাপরবিভাগেন পরাশস্কিরিয়ং শৃতা।
বোগিনাং ক্লয়ান্তোকে নৃত্যস্তী নিত্যমঞ্জসা। আধারে সর্বভূতানাং শুরস্তী বিদ্যালাকৃতিঃ।
শুমাব তিক্রমান্ দেবী সর্বমাবৃত্য তিষ্টতি। ক্ওলীভূতসর্পাণামস্ক্রিয়ম্পের্বী।—শা তি ১।৫১-৫৪

আর অচিং। চিংশক্তির আবার ত্ইরপ—সক্রিয় এবং নিচ্ছিয়। নিচ্ছিয় অবস্থায় শক্তির কোনো পরিচর পাওরা যায় না; সক্রিয় অবস্থায় ক্রিয়ার দ্বারা তাঁর পরিচর পাওরা যায়। শক্তি যথন নিক্রিয় তথন প্রকাশস্বরপ শিবও অপ্রকাশ থাকেন; শক্তি সক্রিয় হলে শিবও তাঁর আশ্রয়ে আত্মপ্রকাশ করেন। অচিংশক্তি পরিগ্রহশক্তি বা উপাদানশক্তি (লীলাশক্তি) নামে পরিচিত। অচিংশক্তিরও শুদ্ধ এবং অশুদ্ধ এই তুইরপ। শুদ্ধ অচিংশক্তি মায়াতীত বিশুদ্ধ জগতের উপাদান, বৈষ্ণবেরা এঁকেই বলেন শুদ্ধসন্থ আর তান্তিকেরা বিন্দু বা মহামায়া। অশুদ্ধ অচিংশক্তির দারা অনম্ভ ব্রহ্মাণ্ড সমেত সমগ্র মায়িক জগং প্রকাশিত হয়। শুদ্ধ অচিংশক্তির নামান্তর কুলকুগুলিনী।

বলাবাহুল্য এই মত মতমাত্র। সাধারণতঃ তত্ত্বে পরাশক্তি কুগুলিনী চিদ্চিৎ-উভয়াত্মিকা বলেই বর্ণিত হয়েছেন।

মূলাধারে কুগুলিনী— তন্ত্রশাস্ত্রাহ্ণদারে জীবদেহে মূলাধারে পরদেবতা আত্মশক্তি কুগুলিনী সাপের মতো কুগুলী পাকিয়ে ঘূমিয়ে আছেন আর তাঁর কুগুলীতে আছে সাড়েতিন পাক। পদ্মের মূণালের স্ত্রের মত তাঁর আকার, সেটি আগুনের মত জল্ জল্ করছে। তিনি সকলের জননী, কোটিস্র্বের প্রভার মতো তাঁর প্রভা। তাঁ

ম্লাধারে কুগুলিনীর অবস্থান শাস্ত্রে বিশদভাবেই বর্ণিত হয়েছে। ম্লাধারে একটি চতুর্দল রক্তপদ্ম আছে। গুছদেশ থেকে উর্পের এবং লিঙ্গম্ল থেকে নীচে স্ব্যানাড়ীর ম্থসংলগ্ন এই অধাম্থ পদ্মটি অবস্থিত।

এই পদ্মের কর্ণিকারাভ্যন্তরে বজ্ঞা নাড়ীর মুথে আছে ত্রৈপুরনামক তড়িৎসদৃশ উজ্জ্বল কোমল ত্রিকোণ। সর্বদা সেই ত্রিকোণ ব্যাপ্ত করে আছে কোটিস্থর্বের মতো উজ্জ্বল বাঁধুলিফুলের চেয়েও লাল জীবধারক কন্দর্পনামক বায়। শীক্রমমতে এই ত্রিকোণ কামাথ্যাযোনি এবং কন্দর্প অপানবায়।

<sup>&</sup>gt; 9 5. pr. 59-60

২ (i) মূলাধারে আস্মশক্তিঃ কুণ্ডলী পরদেবতা। শয়িতা ভুজগাকারা সান্ধিত্রিবলয়ান্বিতা।—যে স**ু**০।১৪

<sup>(</sup>ii) প্রমুপ্তভুজগাকারা ত্রিরাবর্তা মহাহাতি:।—ত রা ত ৩০।৬৫

প্রজ্বলদ্ ভুজগাকারা প্রতন্ত্রনিভা গুভা। দর্বেবাং জননী প্রোক্তা স্থকোটিসমপ্রভা।

 ক্রাইন নি, লো ১০-এর শকরকৃত টীকা

অধাধারপদ্মং সূর্মাক্তলয়ং ধ্বজাধো গুলোঁধ্বং চতুঃশোণপত্রম।
 অধোবক্তম•••
 ।—ব নি, শ্লো ৪

বজ্রাধ্যাবজ্বদেশে বিলসতি সততং কণিকামধ্যদংছ্য।
কোণং তৎ ত্রৈপুরাধ্যং তড়িদিব বিলস্থকোমলং কামরূপ্য।
কল্পপ্য নাম বাযুর্নিবসতি দততং তক্ত মধ্যে সমস্তাৎ।
জীবেশো বলুজীবপ্রকরমভিহসন্ কোটক্রপ্রকাশঃ।—য় নি, লো ৮

৬ কৰ্ণিকালাং স্থিতা ঘোনিঃ কামাধ্যা প্রমেখরী। অপানাধ্যং হি কন্দর্পন্ আধারে তংত্রিকোণকে।

**অয়ভুলিল ও কুণ্ডলিনী**—শাক্তানন্দতরিদনীতে আছে—উক্ত ত্রিকোণমধ্যে কাম-বীজের উপরে অধাম্থ সরদ্ধ স্বয়ন্ত্রিক অবস্থিত। মণালহত্ত্রের মতো হক্ষা জগন্মোহিনী কুলকুণ্ডলী স্বীয় ম্থের ঘারা ব্রহ্মধার অর্থাৎ উক্ত স্বয়ন্ত্র্লিকের রদ্ধ মৃত্তাবে আচ্ছাদন করে অবস্থান করছেন। নবীন বিদ্যালালার স্থিরতর শোভার মতো শোভাশালিনী সর্পত্ল্যা স্থা কুণ্ডলিনী শন্ধাবর্তের মতো শিবের গায়ে সাড়েতিন পাকে জড়িয়ে আছেন।

স্থান্থলিক অধোবজন, কুওলিনী ও অধোবজনা। প্রীক্রমে বলা হয়েছে — পরদেবতা কুওলী অধোবজনা ও উধ্বপূচ্ছা এবং তাঁর বিহালতার মতো আক্রতি। তিনি সর্বাত্মা। ক্রপ্তা ভুজকিনীর মতো ব্যক্ত হচ্ছেন। তিনি ব্রহ্মধারমূথ আপন মূথের ধারা সর্বদা আচ্ছোদন করে ঘুমিয়ে আছেন।

ব্রক্ষভার—গোরক্ষ-সংহিতায় বলা হয়েছে বে-ছার দিয়ে নিরাময় ব্রহ্মছানে যাওয়া বায় তাই ব্রহ্মছার। কুলকুগুলিনী সেই ব্রহ্মছার মুথ দিয়ে চেকে রাথেন। পূর্বোক্ত স্বয়ন্তুলিঙ্গ-রক্ষ এই ব্রহ্মছার।

লাড়াসংবেষ্টনী কুগুলিনা—কুগুলিনী গুধু যে শিবকে বেষ্টন করে আছেন তা নয়, সমস্ত নাড়ীকেও সংবেষ্টন করে বিরাজ করছেন। শিবসংহিতায় বলা হয়েছে —গুফ্দেশ ও মেঢ়ের মধ্যবর্তী স্থানে আছে অধোমুথ ধোনি (ত্রিকোণ)। সেধানে আছে কন্দ

<sup>&</sup>gt; (i) त्रव्यक्कृतिकः ज्याद्या मदकः शिकाननम्। शाष्ट्रिक श्रद्रम्भानि निवः श्रामनञ्जाकम् ।—भा छ, छः ।

<sup>(</sup>ii) অরং স্বরন্ত: কামবীজোপরিস্থিত: ।—ব নি, লো >-এর কালীচরণকৃত টীকা।

তভোগ্ধে বিসত্তবেদানরলসংক্ষা জগন্মোহিনী। বুজাবারমুখং মূখেন মধুরং সংছাদরস্তী ব্রম্।
শন্ধাবতনিতা নবীনচপলামালাবিলাসাম্পদা। হথা সর্পসমা নিবোপরি লসংসার্কতিবৃত্তাফৃতিং।

...

— য নি, শো

অংশবন্ধা ছিতা দেবী উর্থাং পুচ্ছাতিশোভনা। অত্র বিদ্যালতাকারা কুণ্ডলী প্রদেবতা।
 পরিক্ষরতি সর্বান্ধা স্থা হি ভুলগাকৃতি:। বুল্লবারম্থং নিতাং মুপেনাবৃত্য তিষ্ঠতি।
 — শীক্ষমবচন, ক্রঃ ব নি, লো ১০-এর বিশ্বনাধকৃত টীকা।

৪ বেন ছারেণ কুগুলিন্তা ব্রহ্মণি পমনং তৎ ছারমাহ বু ক্ষছারমিতি। -ব নি, লো ৩-এর বিখনাগকুত টীকা

ৰুক্ষধারম্থং নিত্যং মুখেনাবৃত্য তিষ্ঠতি। বেন ধারেণ গন্তব্যং বুক্ষছানং নিরাময়য়্।
 —পারক্ষসংহিতাবচন, স্তঃ ঐ

পশ্চিমাভিম্বী যোনিঃ গুদমেণু বিশ্বরালগা। তত্র কলং সমাখ্যাতং তত্রান্তে কুগুলী সদা।
 সংবেট্টা সকলা নাড়ীঃ সাঁ ধৃত্রিকুটিলাকৃতিঃ। মূথে নিবেক্ত সা পুচ্ছং সুষুয়াবিবরে ছিতা।—শি সং ৭৭৯-৮০

সমন্ত নাড়ীর মৃলকে বলে কল। কলের লক্ষণ এইভাবে বর্ণিত হয়েছে—
 ভদান্ত, ঘাঙ্গুলার্দ্ধাং নেঢ়ান্ত, ঘাঙ্গুলার্বার: । চতুরঙ্গুলবিতারং কলমূলং ধরাত্তবং ।
 নাডাল্ডমাৎ সম্পেরাঃ সহস্রাণাং বিসপ্ততিঃ ।—( ফ্রং ব নি, রো >-এর কালীচরণকৃত টীকা )—ওহদেশ
 বিকে ছ আঙ্গুল উপরে এবং মেচু থেকে ছ আঙ্গুল নীচে চার আঙ্গুল পরিমাণ কলমূল । এটির আকার
 পাধীর ভিমের মতো । এর থেকে বাহাত্তর হাজার নাড়ী বেরিয়েছে ।

এবং সেই কন্দে কুণ্ডলিনী সর্বদা বর্তমান। তিনি স্থ্য়ানাড়ীর বিবরে অবস্থিতা। সাড়েতিন পাকে সমস্ত নাড়ীকে বেইন করে অবস্থান করছেন।

কুণ্ডলিনী প্রাণশক্তি ও জীবশক্তি—কুণ্ডলিনী বিশ্বের প্রাণশক্তি এবং জীবদেহে জীবশক্তি। জীবশক্তি প্রাণাকারে অভিবাক্ত।

মাস্থব ঘৃমিয়ে থাকলেও বেমন তার নি:খাসপ্রখাস চলতে থাকে তেমনি স্থাব কুগুলিনীরও নি:খাসপ্রখাস অব্যাহত থাকে। ষট্চক্রনিরপণে বলা হয়েছে—এই নি:খাস-প্রখাসের ঘারাই তিনি জগতের জীবকে ধারণ করে আছেন। তার অর্থ কুগুলিনীর নি:খাসপ্রখাসই জীবের প্রাণপ্রবাহের মূল, কুগুলিনীই জীবের জীবত্বের আধার।

কুণ্ডলিনীর নিংখাসপ্রখাস জীবের বা বিশেষদেহাবচ্ছিন্ন জীবাত্মার নিংখাসপ্রখাসের সমষ্টিরূপ। জীবের প্রখাস এবং নিংখাসের সঙ্গে হং এবং স এই অক্ষর হৃটি অভিব্যক্ত হচ্ছে। সেইজন্য প্রাণকে বলা হয় 'হংস'। জীবাত্মা হংসক্রপে অবস্থিত। কুণ্ডলিনীশক্তি এই হংসকে আশ্রয় করে আপনাকে ব্যক্ত করেন।

কুণ্ডলিনীর জুইরপ—প্রাণাকারে অভিব্যক্ত পরাশক্তি কুণ্ডলিনীকে প্রাণকুণ্ডলিনী বলা হয়। কুণ্ডলিনীর এই রূপ অন্থির গতিশীল ব্যক্ত (dynamic, kinetic)।

কুণ্ডলিনীর অন্ত রূপ স্থির অব্যক্ত (static, potential)। পরাশক্তি ধখন এইরূপে অবস্থান করেন তখনই তাঁকে স্থপ্ত করনা করা হয়। কারণ স্থপ্ত মানুষ যে নিক্ষিয় তা ব্যবহারিক জগতেও প্রত্যক্ষ করা যায়।

কুণ্ডলিনী- বা কুণ্ডলী-শব্দের ব্যাখ্যা—সাপ যথন ঘুমোয় তখন কুণ্ডলী পাকিয়ে ঘুমোয়। সেইজন্ম যে-শক্তি সাপের মতো কুণ্ডলী পাকিয়ে ঘুমোয় তাকে কুণ্ডলী বা কুণ্ডলিনী বলা হয়।

প্রাণতোষিণীর মতে ম্লাধারে সাপের মতো কুণ্ডলীপাকান নাড়ী আছে। সেই নাড়ীর মধ্যে অবস্থিতির জন্ম এই শক্তিকে কুণ্ডলী বলা হয়।

- জীবশক্তি: কুগুলাখ্যা প্রাণাকারেণ তেন সা।—ত রা ত ৩০।৬৪
- ২ খাসোক্ষ্বাসৰিভপ্তনেন জগতাং জীবো ষয়া ধাৰ্যতে। সা মূলাম্ব্ জগহুরে বিলস্তি প্রোক্ষামণীপ্তাৰলিঃ।
  —-ব নি, শ্লো১১
- ৩ উচ্ছ্বাদে চৈব নিখাদে হসে ইত্যক্ষরন্বয়ন্। তন্মাং প্রাণন্ত হংসাধ্য আল্লাকারেণ সংস্থিত:। —ন্তঃ য নি, শ্লো ১১-এর বিধানাধকৃত চীকা
- ৪ বিভটি কুওলিনীশক্তিরাস্থানং হংসমাগ্রিতা।—শা তি ২০।৩৭
- e M. M. Gopinst h Kaviraj, Sakta philosophy, H. Ph. E. W., p. 416
- ৬ সর্পকুগুলিনীভাবালোকে কুগুলিনী মতা।--সি স ৪।২٠
- মূলাধারে সর্পবং কুণ্ডলিনীভূতা নাড়ী বর্ততে তল্মধাছারিজাদিরং কুণ্ডলী।
  - —প্রা তো, কাও ১, পরিঃ ৬, ব সং, পৃঃ ৪১

এই প্রদক্ষে উল্লেখ করা যায় কুগুলীশক্তি দাপের মতো কুগুলীপাকিয়ে ঘূমিয়ে থাকেন বলে তাঁকে ভূজগী বা দপী বলা হয়। যোগীর যোগদৃষ্টির দামনে তিনি দর্পাকারে প্রত্যক্ষ হয়েছেন দেইজন্ম তাঁকে দপী বলা হয়েছে। অবশ্য তাঁকে দপী বা ভূজগী বলার আরেকটি কারণও অন্থমান করা যায়। কুগুলী প্রাণশক্তি। দর্পকে প্রাণশক্তির প্রতীক মনে করা হয়। এ রকম কল্পনা অতি প্রাচীন। পরস্পরের গায়ে গায়ে জড়ান জোড়া দাপের অলম্বরণমূর্তি (motif) মেদোপটেমিয়ার লেগাশের রাজা গুডিয়ার (King Gudea of Lagash) যজ্জীয় পানপাত্রের গায়ে পাওয়া গেছে। এই রাজার সময় আন্থমানিক ২৬০০ খ্রঃ পূর্বাক্ষ। ভারতীয় শিল্পেও ঐ রকম সময় থেকেই এই ঐতিহাটি চলে আসছে।

সাপ যে প্রাণশক্তির প্রতীক সাধারণ লোকবিশ্বাসেও তার নিদর্শন আছে। সাপের স্বপ্ন দেখলে লোকে মনে করে বংশবৃদ্ধি হবে। কাজেই প্রাণশক্তি কুগুলিনীকে স্পী মনে করার মূলে এ রকম একটি বিশ্বাস থাকাও অসম্ভব নয়।

কুণ্ডল শব্দের এক অর্থ আবেষ্টন। জগন্মাতা মহাশক্তি শব্দার্থময় বিশ্ব স্বষ্টি করে তাকে বেষ্টন করে থাকেন বলে তাঁকে কুণ্ডলী বা কুণ্ডলিনী বলা হয়।

মূলাধারস্থ ষে-কন্দের কথা একটু আগে বলা হয়েছে তাকে বলে কুণ্ড। এই কুণ্ডকে ষে-শক্তি অবস্থিতিস্থানরূপে গ্রহণ করেছেন (কুণ্ড+√লা+ড+স্থালিঙ্গে ঈ) তিনি কুণ্ডলী। কিংবা কুণ্ডল অর্থ কুণ্ডযুক্ত (কুণ্ড+লচ্ অন্ত্যর্থে)। দেবী কুণ্ডলযুক্তা অর্থাৎ কুণ্ডকে বেষ্টন করে রয়েছেন এই জন্ম তিনি কুণ্ডলী।

মহাকুণ্ডলী কুণ্ডলা কুলকুণ্ডলী— লক্ষ্য করা গেছে জীবদেহে মূলাধারে অবস্থিত। পরাশক্তিকে কুণ্ডলী বা কুণ্ডলিনী বলা হয়। এটি তাঁর ব্যষ্টিরপ। এইরূপে তিনি চিংশক্তি এবং মায়াশক্তি। সমষ্টিরূপে তাঁকে বলা হয় মহাকুণ্ডলী। মহাকুণ্ডলী চিদ্রূপিণা, বন্ধসক্রপিণা। তিনি পরম শিব থেকে অভিন্ন। তিনি সহস্রারে পরমশিবকে সাদ্ধৃত্তিবলয়াকারে বেষ্টন করে শিববিন্দুর সঙ্গে এক হয়ে আছেন। পূর্বেই বলা হয়েছে মূলাধারে স্বয়ন্ত্র্লিঙ্গকে বেষ্টন করে আছেন কুণ্ডলী। কেউ কেউ এটিকে শক্তির অচিদ্রূপ বলেন। প

কুওলীকে কুলকুওলীও বলা হয়। লক্ষীধর কুল শব্দের ব্যাখ্যায় বলেছেন কু অর্থাৎ পৃথীতত্ব যাতে লীন হয় তাই কুল। এই কুল আধারচক্র অর্থাৎ মূলাধারচক্র। কারণ

<sup>&</sup>gt; M. S. I. A. C., p. 67 ₹ M. S. I. A. C., pp. 72-73

P. T., Part II, 2nd Ed., Intro., pp. 596-97

৪ সুবুদ্ধারা মূলে বংকুগুং কমলকলাকারং আধারকলম্।—সৌ ল, লো ১০-এর লক্ষ্মীধরত্বত টীকা

e S. S., 4th Ed., p. 699 G. L., 8rd Ed., pp. 212, 213

<sup>9 7 5,</sup> p. 61

ম্লাধারচক্রে পৃথীতত্ত্ব অবস্থিত। লক্ষণা দারা স্বয়্মামার্গকে কুল বলা হয়। ১ এই স্বয়ুমাতে বে-কুণ্ডলী অবস্থান করছেন তিনি কুলকুণ্ডলী বা কুলকুণ্ডলিনী।

আবার কুল অর্থ শক্তি। কুণ্ডল বা বৃত্তবিশিষ্টা অর্থাৎ বৃত্তাকারা ঘিনি তিনি কুণ্ডলী। যে কুল অর্থাৎ শক্তি কুণ্ডলী তিনি কুলকুণ্ডলী। এই অর্থে মহাকুণ্ডলীকেও কুলকুণ্ডলী বলা যায়। তবে সাধারণতঃ বন্ধাণ্ডে যিনি মহাকুণ্ডলী পিণ্ডে তাঁকেই কুলকুণ্ডলী বলা হয়। অর্থাৎ মহাকুণ্ডলীই জীবদেহে কুণ্ডলীব্রপে অবস্থান করছেন। মহাকুণ্ডলী বন্ধস্থনপিনী। কাজেই তাঁর নি গুণ এবং সপ্তণ এই ছই ক্রপ। নি গুণক্রপে তিনি চৈতন্তক্রপিনী আনন্দক্রপিনী বন্ধানন্দপ্রকাশিনী এবং সপ্তণক্রপে সর্বভ্তপ্রকাশিনী। মহাশক্তি মহাকুণ্ডলী সর্বভ্তপ্রকাশিনী এর অর্থ তিনি সর্বভ্ত অর্থাৎ সর্ববস্তু অর্থাৎ সমগ্র স্কৃষ্টিকে অভিব্যক্ত করেন। আবার তিনিই স্কিক্রপে অভিব্যক্ত হন। কেন না তিনি স্কিছিভিলয়ান্থিকা।

সার্দ্ধ ত্রিবৃদ্ধাদির ব্যাশ্যা—মহাকুগুলী যে সার্দ্ধত্রিবৃত্তাকারে শিবকে বেষ্টন করে আছেন তার এক একটি বৃত্তকে দেবীর একেকটি রূপ বা অবস্থার প্রতীক বলা যায়। একবৃত্তান্বিতা মহাকুগুলী পুরুষ-প্রকৃতি-আত্মিকা। ত্রিবৃত্তান্বিতা দেবী ইচ্ছা-জ্ঞান-ক্রিয়া এই ত্রিশক্ত্যাত্মিকা এবং রক্ত-সন্থ-তম এই ত্রিগুণাত্মিকা। আবার কুগুলীর সার্দ্ধত্রিবলয়কে প্রকৃতি, তার ত্রিগুণ এবং তার বিকৃতিও বলা হয়েছে। ত্

ত্রিগুণাত্মিকা প্রকৃতি আর তার বিকৃতি এই নিয়ে স্পষ্ট। তির্বন্ত বা ত্রিবলয়ের ছারা ত্রিগুণাত্মিকা প্রকৃতিকে বৃঝান হয়েছে আর অর্ছ বৃত্তের ছারা বৃঝান হয়েছে বিকৃতি। বিকৃতি পূর্ণপ্রকৃতি নয়, আবার প্রকৃতিও বটে, কেন না প্রকৃতির থেকেই তা উছুত। মনে হয় এই তত্ত্তিকে বৃঝাবার জন্ত বিকৃতিকে অর্ছবৃত্ত বা অর্ছবলয় বলা হয়েছে। কাজেই সার্ছ-ত্রিবৃত্তকে স্পষ্টির প্রতীকণ্ড বলা য়য়।

- ক: পৃথিবীতত্বং লীয়তে বত্র তৎ কুলং আধারচক্রন্। লক্ষণয়া হবুয়ামার্গঃ কুলমিত্যচাতে।
   —সৌল, য়ো > ৽-এর লক্ষীধরকৃত টীকা
- ২ অকুলং শিবতামুক্তং কুলং শক্তিঃ প্রকীর্তিতিতা।—কু ত, উ: ১৭
- Tantra As a way of Realization, S. R. C. M., Vol. II, p. 188
- - (ii) S. P., 2nd Ed., 1924, p. 86
- e G. L., 3rd Ed., p. 212 Ś. Ś., 4th Ed., p. 698
- প্রকৃত্যা কারতে প্রে প্রকৃত্যা ক্লাতে লগং। তোরাভ্রুদ্বর্কং দেবি বধা তোরে বিলীরতে।
   প্রকৃত্যা কারতে সর্বং পুরক্তাং প্রকৃত্যা প্রকৃত্যা করে।

তবে কুঞ্জনীর যে শুধু সাড়ে তিন বৃত্ত বা বলয় আছে তা নয়, তাঁর আরও অধিক সংখ্যক বলয়ের উল্লেখণ্ড পাওয়া য়য়। যেমন শাণ্ডিল্যোপনিষদে বলা হয়েছে কুণ্ডলিনীশক্তি অইপ্রুক্তিরূপে অইকুণ্ডলী করে অবস্থান করছেন। এই কুণ্ডলীই বৃত্ত বা বলয়। কুণ্ডলিনীর একার পর্যন্ত বলয় বা বৃত্ত এক একটি মাতৃকাবর্ণের প্রতীক।

মহাকৃপ্তলী ও ক্ষ্টি— মহাকৃপ্তলী সর্বত্ত্বময়ী স্ট্যাত্মিক। নানাবিচিত্রক্রিয়োভোগ-প্রপঞ্চম্তিত বিশ্বরূপ। তিনি যথন তাঁর আত্মলীন স্থাবস্থা ত্যাগ করে প্রসারিত হন তথনই চিদচিৎ-জগতের স্টি হয়। তাঁর প্রসার এবং সংকাচনই জগতের স্টি এবং সংহার। এইজন্ম তাঁকে জগতের মূল বলা হয়। বহুবিচিত্র স্থূলস্টিতে অভিব্যক্ত হয়েছে ক্থলী-শক্তির স্থুলরূপ। এটি প্রত্যক্ষ করা যায়। কিন্তু এই স্থুলরূপের অন্তর্যালে তাঁর বে-স্ক্রেপ রয়েছে সে-রূপে তিনি সর্বগা ব্যাপ্তিব্যাপক্বর্জিতা। এটি তাঁর স্করপ। তথু গুরুর আশ্রয়েই তাঁর এই রূপের উপলব্ধি হতে পারে।

শক্তির ছির অব্যক্ত এবং অন্থির ব্যক্ত এই ত্ই রূপের কথা পূর্বেই বলা হয়েছে। মেরুর বা দণ্ডের তুই প্রান্তের মতো এই তুইরূপ পরস্পর অবিচ্ছিন্ন। স্ফার্টির সর্বত্র কুণ্ডলীশক্তি এই উভয়রূপে বিরাজ করেছেন। তাঁর এই উভয়রূপের সমবায়েই স্ফার্টি। সেইজন্ম স্ফার্টি বা অভিব্যক্ত পদার্থের অনুপ্রমাণুতেও এই উভয়রূপ পরিলক্ষিত হয়। যে-শক্তি ব্যক্ত ও সচল তার মূলে আছে তারই অব্যক্ত ও নিশ্চল রূপ। এই শেষোক্ত শক্তি অর্থাৎ অব্যক্ত নিশ্চল শক্তি অযেয় অপরিসীম। যা ব্যক্ত ও সচল তা এই সমুক্তের একটি বিন্দুমাত্র।

স্ষ্টির আধার কুণ্ডলিনী—কুণ্ডলিনী স্ষ্টির আধারও বটে, পিণ্ড এবং ব্রহ্মাণ্ড উভয়ত্র।
সিদ্ধসিদ্ধান্তসংগ্রহে বলা হয়েছে পরংপরাস্বরূপা কুণ্ডলিনী পিণ্ডের আধার এবং দেহসিদ্ধিকারিশী।

<sup>&</sup>gt; অষ্টপ্ৰকৃতিৰূপাহষ্টধাকুগুলীকৃতা কুগুলিনী শক্তিৰ্ভবতি ।—শাগুল্যোপনিবং ১।৪।৮ পৃথিবী, অপ, তেজ, বায়ু, আকাশ, মন, বৃদ্ধি এবং অহংকার এই অষ্টপ্ৰকৃতি।—দ্ৰঃ দৰ্শনোপনিবদের (৪।১১) উপনিবদ্ৰক্ষবোশীকৃত ভান্ত (Yoga Upanishads, Adyar Library, 1920)

<sup>₹</sup> G, L., 8rd Ed., p. 218

৩ নানাচিত্রক্রিয়োভোগপ্রপঞ্ময়বিগ্রহা।—সি স ৪।১>

শক্তিপ্রসরসকোচো লগত: স্টসংল্ডী। ভবতো নাত্র সন্দেহস্তমান্তর্গুলমূচাতে।—য় ৽।২।

ৰহণা ছুলরূপা চ লোকানাং প্রভারাদ্বিকা। অপরা সর্বগা কুলা ব্যাপ্তিব্যাপকবর্জিভ। — ই ৪।০১

৬ ব্ৰহ্মপ্ৰদানাং সা বোধনীয়া ভদ্মজিতা।—ঐ ৪।৩৩

<sup>9</sup> Tantra As a way of Realisation, S. R. C. M., Vol. II, p. 188

৮ পরপেরাম্বরূপা সা পিতাধারতরা শ্রুতা। ভবেৎ কুওলিনী বদ্বৎ পিওসংসিদ্ধিকারিণী।—সি স ৪।১৮

পিও জীবদেহ। স্থুল-স্ক্ষ-কারণ-ভেদে জীবদেহ ত্রিবিধ। এই ত্রিবিধ দেহেরই আধার কুগুলিনী। কুগুলিনীই কেন্দ্রীয় কীলক (pivot) যার উপরে জীবের শারীরিক প্রাণিক এবং মানদিক শক্তিদমবায়ে জটিল দেহযন্ত্রটি আবর্তিত হয়। স্কর্মপতঃ চিদ্রাপিণী কুগুলিনীই দেহাবচ্ছিন্ন জীব। কাজেই দেহযন্ত্রটিও তিনি এবং তাকে চালাচ্ছেনও তিনি। শুধু জীব নয়, সৃষ্টির যে-কোনো পদার্থ সৃষ্টি করে তথা দেই পদার্থক্রণে প্রস্থত হয়ে তিনি তার কেন্দ্রন্থলে নিশ্চল আত্মলীন হয়ে অবস্থান করছেন। ব

তদ্বের এই সিদ্ধান্তের সমর্থন আধুনিক বিজ্ঞানেও পাওয়া যায়। একটি অণুর মধ্যে যে কি প্রচণ্ড শক্তি রয়েছে তা জড়বিজ্ঞান হাতেকলমে পরীক্ষা ছারা দেখিয়ে দিয়েছে। তবে জড়বিজ্ঞানের মতে এই শক্তি জড়শক্তি কিন্তু তন্ত্রের মতে এই শক্তি চিদ্রূপিণী মহাশক্তিরই রূপ বিশেষ, এই যা পার্থক্য। হয়ত এমন একদিন আসবে যেদিন বৈজ্ঞানিক পরীক্ষার ফলেই এই পার্থক্যটুকুও ঘুচে যাবে এবং বিজ্ঞান তান্ত্রিক সিদ্ধান্তের পুরোপুরি সমর্থন করবে।

মানবদেহের কেন্দ্র জীবদেহের কেন্দ্র ম্বাধার আর সেইজগুই কুণ্ডলিনী এই ম্বাধারে ভূজগাকারে স্বপ্ত রয়েছেন। শাণ্ডিল্যোপনিষদে মানবদেহের মধ্যস্থান বা কেন্দ্র সম্বন্ধে বলা হয়েছে মধ্যস্থানটি গুরুদেশের ছু আঙ্গুল উধের্ব এবং মেট্রের ছু আঙ্গুল নীচে। প্রত্তিই ম্বাধার। কাজেই দেখা গেল জীবদেহের কেন্দ্রস্থলেই আছেন নিশ্চল কুণ্ডলিনী।

কুণ্ডলিনীর মূলাধারে অবস্থানের অবশ্য অন্য ব্যাথ্যাও আছে। স্ট্যান্মিকা বট্তিংশং-তত্ত্বমন্ত্রী শক্তি স্থলতমতত্ত্ব ক্ষিতিতত্ত্বরূপে যথন প্রস্ত হয়ে গেলেন তথন স্ট্রেম্থে তাঁর আর কোনো কর্ম রইল না। কাজেই এই ক্ষিতিতত্ত্বেই তিনি নিজ্জিন্ন হয়ে বিশ্রাম করতে লাগলেন। নরদেহে মূলাধারই ক্ষিতিতত্ত্বের স্থান। এইজন্তই কুণ্ডলিনী মূলাধারে প্রস্থা।

পূর্বেই লক্ষ্য করা গেছে সমষ্টিকষ্টির ক্ষেত্রে মহাকুগুলী বিশ্রাম করছেন অর্থাৎ আত্মলীন হয়ে আছেন সহস্রারে। নরদেহে মস্তকশীর্ধ সহস্রাবের স্থান। সর্বব্যাপিনী সমষ্টিশক্তির অবস্থান ব্যক্তির অর্থাৎ জীবদেহের স্থানবিশেষে নির্দেশ করা হয়েছে সাধনার সৌকর্য্যার্থে। সহস্রাবে শিবশক্তির উপলব্ধি হয়।\*

<sup>&</sup>gt; Tantra As a way of Realization, S. R. C. M., Vol. II, pp. 177-178

<sup>€</sup> c

৩ গুলান্ ব্যকুলাদু ধ্বং মেচ্বান্ব্যকুলাদধো দেহমধ্যং মনুছাণাং ভবতি।—শাণ্ডিল্যোপনিবৎ ১।৪।৫

अन्तरमण्डिकानम्यः मृगाधातः जिल्कानकम्।—वाशिमाव्यानम्यः ১।১৬৮

e S. P., 2nd Ed., 1924, p. 41

<sup>•</sup> ś. ś., 4th Ed., p. 683

পিণ্ড ব্রহ্মাণ্ড — বিষয়টির তাৎপর্য বুরতে হলে পিণ্ডব্রহ্মাণ্ডের ঐক্যতন্তটি পর্যালোচনা করতে হয়। এটি তন্ত্রের একটি মৌলিক তত্ব। বড়ধবার প্রসঙ্গে পূর্বেও এ সম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা করা হয়েছে। তন্ত্রমতে পিণ্ড ক্ষুব্রহ্মাণ্ড। কাজেই ব্রহ্মাণ্ডে বা আছে তা সবই পিণ্ডেও আছে।

শিবসংহিতায় বলা হয়েছে এই দেহেই অবস্থিত মেক। সপ্তদীপ সমস্ত সরিৎ সাগর পর্বত ক্ষেত্র ক্ষেত্রপাল ঋষি মৃনি গ্রহনক্ষত্র পুণাতীর্থ পীঠস্থান পীঠদেবতা স্পষ্টসংহারকারী ভ্রাম্যমান চন্দ্রস্থানভ বায়ু বহিং জল পৃথিবী। ত্রৈলোক্যে ষে-সব প্রাণী আছে সে-সবই এই দেহে মেরুকে বেষ্টন করে স্ব স্ব কর্মে প্রবৃদ্ধ রয়েছে।

সংক্ষেপে ৰলা যায় চতুর্দশভ্বন এবং তৎসম্পর্কিত যা কিছু সবই পিণ্ডে অবস্থিত। তদ্ধাদিতে পিণ্ডে চতুর্দশ ভ্বনের অবস্থানও নির্দেশ করা হয়েছে। সাধারণভাবে বলা যায় মূলাধারের নীচ থেকে পায়ের তলা অবধি স্থানে সপ্ত ভ্বন অর্থাৎ সপ্ত পাতাল এবং মূলাধার থেকে আরম্ভ করে মস্তকশীর্ষ অবধি স্থানে ভূ ভূব প্রভৃতি সপ্তভ্বন অবস্থিত।

পিতে চক্র নরদেহ শক্তিরই রূপবিশেষ। কিন্তু দেহের সর্বত্র শক্তির প্রকাশ একরকম নয়। কতকগুলি বিশেষ কেন্দ্রে শক্তির প্রকাশ প্রত্যক্ষ হয়। এই শক্তিকেন্দ্রগুলিকে বলা হয় চক্র। মূলাধার থেকে আরম্ভ করে দেহের উর্ধনদেশে চক্রের অবস্থান নির্দেশ করা হয়। মেরুদণ্ডের অভ্যন্তরে আছে স্ব্য়ানাড়ী। স্ব্য়া মূল অর্থাৎ মূলাধারস্থ কন্দ থেকে বন্ধরন্ত্র পর্বন্ত বিস্তৃত। এই স্ব্য়ানাড়ীর অভ্যন্তরেই চক্রের বা পদ্মের স্থান। মতান্তরে

১ প্রতিবেহং পরেশানি বুদ্ধাণ্ডং নাত্র সংশরঃ।—নি ত, পঃ ১٠

২ ৰ ক্ষাণ্ডৰৰ্ভিৰৎকিঞ্চিৎ তৎ পিণ্ডে২প্যন্তি সৰ্বথা।—সি স এ২

৪ শাত, উঃ ১ ; সি স ৩৩-৭

ৎ মের মধ্যে স্থিতা যা তু মূলাদাৰ ক্ষরজ্বা।—ক্ষ: ব নি, মো ১-এর কালীচরণকৃত টীকা

 <sup>(</sup>i) স্ব্রাপ্তিরিক্ছানি বইপলানি বধাক্রমাৎ।—শা ত, উ: ৪
 (ii) সপ্তপল্প নরৈবোক্তং স্ব্রাপ্তবিতং প্রিরে।—ভারাকরবচন, জ: ব নি, লে। ২-এর বিশ্বাধকৃত টাকা
প্রত্যেক লক্তিকেন্দ্র অর্থাৎ চক্রেই এক একটি পল্প আছে। চক্র আর পল্প সমব্যাপক। এইজন্ত বট্চক্রাদির ব্যাপারে চক্র ও পল্প প্রার্থাচক শ্রাক্রত হরেছে।

চক্র বা পালের স্থান চিত্রিণীনাড়ীর মধ্যে। তবে প্রথমোক্ত মতটিরই প্রচলন বেশী। স্থ্যান নাড়ীর অভ্যস্তরে বজ্ঞানাড়ী। তার অভ্যস্তরে চিত্রিণীনাড়ীর স্থান। কাজেই স্ক্রবিচার ছেড়ে দিলে সাধারণভাবে বিতীয়োক্ত মতেও স্থ্যার মধ্যেই চক্রের স্থান নির্দেশ করা হয়েছে বলা বেতে পারে।

বট্চক্র —চক্র বলতে সাধারণতঃ ম্লাধার স্বাধিষ্ঠান মণিপূর অনাহত এবং বিশুদ্ধ এই ছটি প্রধান চক্রকে ব্রায়। তবে ললনা সোমচক্র প্রভৃতি অ্যান্ত চক্রের উল্লেখণ্ড শাল্পে আছে।

অবি ।

•

চক্র প্রাণশক্তির কেন্দ্র—এই চক্রগুলি প্রাণশক্তির অতিস্ক্র কেন্দ্র। সজীব মামুষের দেহে প্রাণবায়ুর দ্বারা অভিব্যক্ত হয়। মামুষের প্রাণত্যাগ করার সঙ্গে সঙ্গে এই-সব চক্র মিলিয়ে যায়। এইজগুই শববাবচ্ছেদ করে চক্রের সন্ধান পাওয়া যায় না।

চক্র অতীব্রিয় বস্তু, চর্মচক্ষে দেখা যায় না। একমাত্র যোগীর যোগদৃষ্টিতেই চক্র প্রত্যক্ষ হয়। অন্তের কাছে তা শুধু অমুমানের বিষয়।

স্থূল দেহের বে-অংশে বে-চক্রের স্থান নির্দেশ করা হয় সেই অংশ কিন্তু সেই চক্র নয়।
চক্রের অবস্থিতিস্থানকে বরং চক্রাধিষ্ঠাত্রী স্ক্রেশক্তির স্থূলম্পালনসঞ্জাত বলা ধায়। সেই
স্থানটি ব্যাপ্ত করেই চক্র অবস্থিত এবং স্থানটিকে সম্ভবতঃ চক্র নিয়ন্ত্রিত করে। চিদ্রূপিণী
মহাশক্তিই এই-সব চক্রের আকারে অভিব্যক্ত হন। শাস্ত্রে যে বিভিন্ন চক্রের বিভিন্ন
অধিষ্ঠাত্রী দেবতার কথা বলা হয়েছে সে-সব তাঁর বিভিন্ন রূপ।

চক্রোৎপত্তির তাত্ত্বিক ব্যাখ্যা—সাধনতত্ত্বিদ্ বলেন "শক্তি যথন স্ষ্টিপরিণতি অথবা বিবর্তনের দিকে ধাবিত হন তখন শক্তিমানের কথা শ্বরণ হওয়ার জন্য এবং তাঁর আকর্ষণ অফ্রভব করার জন্য চলতে চলতে মাঝে মাঝে শক্তিমানের দিকে ফিরে যেতে চান। এই কারণে শক্তির মধ্যে কেন্দ্রাতিগ এবং কেন্দ্রাহুগ এই তুই গতি লক্ষিত হয়। এর ফলে শক্তির গতি অল্প সময়ের জন্য কিঞ্চিৎ বৃত্তাকার বা চক্রাকার ধারণ করে। এই চক্রাকার অবস্থা যোগশাল্পের চক্রতত্ত্ব।"

এই চক্রজ্ঞান বিশেষ করে পূর্বোক্ত ষট্চক্রজ্ঞান তন্ত্রমতে সিদ্ধিকামী সাধকের পক্ষে অবশ্রুই

মুলাদিবট্সরোজাতং চিত্রিণীগ্রথিতং প্রিয়ে। লিজাখো ধ্বনাভিব্রুক্ত গ্রহ্মধ্যদেশজন্।
 মায়াতয়বচন, য়ঃ ব নি. য়ো ২-এয় বিশ্বনাধকৃত টীকা

২ মধ্যে হুৰুৱা তক্মধ্যে বজ্ঞাখ্যা লিক্ষ্লত:। তক্মধ্যে চিত্ৰিণী হক্ষা বিসত্তসংহাদরা।—এ

s ś. ś., 4th Ed., p. 682 s Ibid, p. 684

e B. P., 2nd Ed., 1924, pp. 163-64 6 Ibid, p. 117

<sup>9</sup> S. S., 4th Ed., p. 684 7 7 5, P. 47

থাকা প্রয়োজন। কুদ্রধামলে বলা হয়েছে—যে ষট্চক্রার্থ না জেনে অম্বিকাপদ ভন্ধনা করে তার পাপক্ষয় হতে ও নিদ্ধিলাভ করতে সাতজন্ম লাগে কিন্তু যে ষট্চক্রভেদ অবগত হয়ে স্বদা সাধনকর্ম করে দে সংবৎসরেই নিদ্ধিলাভ করে এইটি তন্ত্রের নিদ্ধান্ত।

চক্র বা পালের দল—লক্ষ্য করা গেছে চক্রকে পদ্মও বলা হয়। চক্র দেখতে পদ্মের মত বলেই মনে হয় পদ্ম বলা হয়। পদ্ম যথন তথন তার দল থাকবে। বিভিন্ন পদ্মের দলসংখ্যা বিভিন্ন। যেমন পূর্বোক্ত মূলাধারপদ্ম চতুর্দল। চক্রের যোগনাড়ীর সংখ্যা এবং অবস্থান অস্থ্যারে পদ্মের দল নির্ণীত হয়। যেমন মূলাধারচক্রেকে ঘিরে এবং মূলাধারচক্রের মধ্যদিয়ে চারটে যোগনাড়ী চলে গেছে। ওখানে নাড়ীগুলি এমনভাবে আছে যে দেখতে একটি চতুর্দল পদ্মের মতো মনে হয়। কাজেই নাড়ীগুলিই পদ্মরচনা করেছে।

ষোগনাড়ী রচিত এই পদ্মকে হক্ষ শক্তিকেন্দ্রের স্থূল আবরণ বলা যায়।

**যোগনাড়ী**—এই যোগনাড়ী কিন্তু স্থলদেহের স্নায়ু নয়। যোগনাড়ী প্রাণবায়ুর প্রবাহপথ। গতার্থক নড়্ ধাতু থেকে নাড়ী শব্দ ব্যুৎপন্ন। যার মধ্য দিয়ে প্রাণবায়ু যাতায়াত করে তাই নাড়ী।

নরদেহে নাড়ীর সংখ্যা কত তা নিয়ে মতভেদ আছে। কোনো কোনো গ্রন্থে বলা হয়েছে সাড়ে তিনলাখ। আবার কোনো কোনো গ্রন্থের মতে বাহাত্তর হাজার। তবে সাধারণতঃ বাহাত্তর হাজার নাড়ীর কথাই বলা হয়। তার মধ্যে প্রাণবহা প্রধান ষোগনাডী বাহাত্তর।

প্রধান দশনাড়ী—তার মধ্যে আবার নিয়োক্ত দশটি প্রধান—ইড়া পিঙ্গলা সুষ্মা গান্ধারী হক্তিজিহনা যশস্থিনী অলম্বুষা কুছু এবং শঙ্খিনী।

বট্চক্রার্থং ন জানাতি বো ভলেদম্বকাপদৃষ্। তক্ত পাপং ক্ষয়ং বাতি সপ্তজক্ত সিদ্ধিভাক্।
 জাতা বট্চক্রভেদ্ধ বঃ কর্ম কুরুতেংনিশৃষ্। সম্বৎসরাৎ ভবেৎ সিদ্ধিরিতি তত্তার্থনির্ণয়ঃ।

<sup>--</sup> क्र वा. है ह. भः २३

e S. S., 4th Ed., pp. 685-686 . S. P., 2nd Ed., 1924, p 167, f. n 1

৪ নড়গতাৰিতি ধাতো নড়াতে গম্যতেহনয়া পদবা। ইতি নাড়ী পদবী।—ৰ নি, লো ২-এর কালীচরণকুত টীকা

সার্দ্ধলক্ষত্রয়ং নাডাঃ সন্তি দেহাস্তরে নৃশান্।—শিবসংহিতা ২।১৩

নাড়ীনাং সংবছো দেবি কপ্লবোনিঃ থগাওবং। তত্র নাডাঃ সম্প্রনাঃ সহস্রাণাং বিসপ্ততিঃ।
 —নিক্লন্তরতন্ত্রবচন, ত্রঃ প্রা তো, কাণ্ড ১, পরিঃ ৪, পৃঃ ৩২

তত্ত্ব নাড়া: সম্প্ৰা: সহস্ৰাণি বিদপ্ততিঃ। তেবু নাড়ী সহস্ৰেবু বিদপ্ততিফলাজতা।
 প্ৰধানা: প্ৰাণবাহিছো ভূমন্তত্ত্ব দশ স্মৃতাঃ। ইড়া চ পিছলা চৈব স্ব্যা চ ভূতীয়ক
পান্ধারী হত্তিজিলা চ প্ৰা চৈব বশবিনী। অলম্ব্ৰা ক্রমত্ত্ব শখিনী দশমী স্মৃতা।

<sup>-</sup>शानवित्र-छेशनिवर ६३-६७

প্রধান চতুর্দশ নাড়ী—মতান্তরে মুখ্য নাড়ী চতুর্দশ। যথা—ইড়া পিঙ্গলা স্বয়ম সরস্বতী বারুণা বা বারুণী পুষা হস্তিজিহবা ষশস্বিনী বিখোদরা বা বিখোদরী কুছ শঙ্খিনী পদ্মস্বিনী অলম্বা এবং গান্ধারী।

প্রধান তির নাড়ী—উক্ত প্রধান নাড়ীগুলির মধ্যেও আবার ম্থ্যতম তিনটি এবং তাদের মধ্যেও একটি দর্বোক্তম। এটিকে বেদাস্তবিদেরা ব্রহ্মনাড়ী বলেন। এই ব্রহ্মনাড়ী স্ব্যুমা। অন্ত হুটি ইড়া ও পিঙ্গলা।

ব্রহ্মনাড়ী—কিন্তু ষট্চক্রনিরপণে বলা হয়েছে চিত্রিণীনাড়ীর মধ্যে আছে ব্রহ্মনাড়ী। টিকায় কালীচরণ লিথেছেন চিত্রিণীনাড়ীর অভ্যস্তরস্থ শৃগুভাগ বা পথই ব্রহ্মনাড়ী। এই পথে শস্কব্রহ্মস্বর্দ্ধণিণী কুগুলিনী পরম শিবের সন্নিধানে যান। ব্রহ্মনাড়ী চিত্রিণীনাড়ীর অভ্যস্তরস্থ ভিন্ন একটি নাড়ী নয়।

স্থুমুমা-বজ্ঞা-চিত্রিণী—পূর্বেই লক্ষ্য করা গেছে মায়াতপ্রমতে স্ব্যুমানাড়ীর অভ্যন্তরে বজ্ঞানাড়ী এবং তার অভ্যন্তরে আছে চিত্রিণীনাড়ী।

এই তিন নাড়ী স্বরূপতঃ অভিন্ন। মহামহোপাধ্যায় গোপীনাথ কবিরাজ মহাশয় লিখেছেন "উ ধর্মুথী স্ব্মার স্রোত ক্রমশ স্ক্রতর হয়ে প্রবাহিত হয় আর তার ফলস্ক্রপ গুণক্রিয়াদির অমভ্তিও ক্রমশ ভিন্ন হয়ে যায়। এই জন্ত যোগশাস্ত্রাদিতে বজ্রা চিত্রিণী আর বক্ষনাড়ী নামক নাড়ীর উল্লেখ পাওয়া যায়। এই নাড়ী তিনটি বাস্তবিক পক্ষে স্ব্মা থেকে স্বরূপতঃ অভিন্ন। তবু স্তরভেদ অমুসারে বিভিন্ন প্রকার ক্রিয়ার অভিব্যঞ্জিকা হওয়ার জন্ত তারা বিভিন্ন নামে অভিহিত হয়। অন্তিম অবস্থায় ব্রহ্মনাড়ীরূপে স্ব্মার পরিচয় পাওয়া যায়।"

নাড়ীনামপি সর্বাসাং ম্থ্যা গার্গি চতুর্দশ। ইড়া চ পিঞ্চলা চৈব হ্রয়া চ সর্বতী।
 বারুণী চৈব পূবা চ হন্তিজিহ্বা যশবিনী। বিখোদরী কুছদৈচৰ শখিনী চ প্রবিনী।
 অলন্ব্রা চ গালারী ম্থ্যা দৈচতাকতুর্দশ।—যোগিযাজ্ঞবন্ধ্যচন, দ্রঃ প্রা তো, কাও ১, পরিঃ ৪,ব সং, পৃঃ ৩০

২ আসাং ম্থাতমান্তিশ্রন্তিশ্বেকোন্তমোন্তম। শুক্ষনাড়ীতি সা প্রোক্তা মূনে বেদান্তবেদিভিঃ।

<sup>--</sup> पर्णताशनिष९ ४।>

 <sup>(</sup>i) দেহসংখ্য বুজানাড়ী স্ব্য়া স্বয়পিণী পূর্ণচক্রাভা বর্ততে ।—অবয়তায়কোপনিবং ৽

<sup>(</sup>ii) মূলাধারতিকোণস্থা হব্মা বাদশাসূলা। মূলা বিচ্ছিন্নবংশাভা বুক্ষনাড়ীতি সা স্থতা।

<sup>—</sup>বোগশিখোপনিষং **৫**।১৭

ठत्रात्था बुक्तमाड़ी इत्रम्थक्ट्तामानित्मवाख्याःचा ।—व नि. त्मा २

শব্দবুক্তরপায়াঃ কুওলিছাঃ পরমশিবসয়িধিগমনপধরপাচিত্রিণীনাডান্তর্গতশৃক্তভাগ ইতি বাবং। ন তু
চিত্রিণীমধ্যে নাডান্তর মন্ত্রীতি নিক্রিং।—এ, কালীচরণকৃত টীকা

৬ আ: পু ত, pp. 68-69

নিকত্তরতদ্বের মতেও স্ব্রা বজ্ঞা এবং চিত্রিণী এই তিন নাড়ী মিলে স্ব্রা নাড়ী। উক্ত তত্ত্বে বলা হয়েছে—ইড়া ও পিঙ্গলার মধ্যবর্তী স্ব্রা ত্রিগুণাত্মিকা ব্রন্ধবিষ্ণুশিবাত্মিকা। কার্যভেদক্রমে বজ্ঞা রজোগুণাত্মিকা, চিত্রিণী সত্ত্বণাত্মিকা এবং ব্রন্ধনাড়ী অর্থাৎ স্ব্রা ত্যোগুণাত্মিকা।

ষট্চক্রনিকপণের মতে মেরুদণ্ডের বাহ্যদেশে বামে চন্দ্রনাড়ী ও দক্ষিণে স্থ্নাড়ী আর মেরুদণ্ডের মধ্যে ত্রিতয়গুলময়ী চন্দ্রস্থায়িরূপা স্থ্রা। এই নাড়ী স্থ্রা-বজ্ঞা-চিত্রিণী এই ত্রিরূপভেদে ত্রিস্ত্ররূপা। এর মধ্যে চিত্রিণী চন্দ্ররূপা শুক্রবর্ণা, বজ্ঞা স্থ্রাজারিরূপা রক্তবর্ণা। প

ইড়া পিক্ললা—পূর্বোক্ত চন্দ্রনাড়ী ইড়া। একে স্ত্রী কল্পনা করা হয়। সম্মোহনতন্ত্রে আছে ইড়া শুক্লবর্গা চন্দ্রস্থল্পনী শক্তিরূপা দাক্ষাৎ অমৃতবিগ্রহা দেবী। আর স্থ্নাড়ী পিক্ললা। একে পুরুষ কল্পনা করা হয়। এই নাড়ী রোদ্রান্থিকা দাড়িমীকেশরপ্রভা মহাদেবীস্বর্গপি।

भिक्रनानाज़ीरक विष वाधाा । एक एक एक एक एक ।

চন্দ্র স্থা রাত্রিদিবাত্মক কালের ভোতক। ইড়া পিঙ্গলাকেও তাই কালের ভোতক বলা হয়। স্ব্যা কালের ভোক্ত্রী। কারণ 'স্ব্যাতে প্রাণবায় বিলীন হয়ে গেলে পর বাহ্বিষয়ের আর জ্ঞান থাকে না, ইন্দ্রিয়াদির ক্রিয়া লোপ পেয়ে যায়।' হঠযোগপ্রদীপিকায় বলা হয়েছে শূন্তপদবী অর্থাৎ স্ব্যা প্রাণের রাজ্পথ হয়ে গেলে চিত্ত নিরালম্ব হয় এবং তথন

ইড়ারা: পিকলারাক্ত মধ্যে বা সা হব্দ্নিকা। ইরঞ্চ ত্রিগুণা জ্ঞেরা বু ক্লবিক্শিবন্ধিকা। রক্ষোগুণা চ বন্ধাধ্যা চিত্রিপী সন্ত্যংক্তা। তমাঞ্জণা বুক্লনাড়ী কার্যজ্ঞেকমেণ চ।

— নিক্লেরতন্ত্রবচন, ক্রঃ প্রা তো, কাও ১, পরিঃ ৪, ব সং, পৃঃ ৩২

মেরো বাহুপ্রদেশে শশিমিছির শিরে সব্যদক্ষে নিবরে। মধ্যে নাড়ী স্ব্রুমা ত্রিভয়শ্বনরী চল্রপ্রায়িয়পা।
 — বনি, রো >

৩ ঐ কালীচরণকৃত টীকা

গ্ৰামগা বা ইড়া নাড়ী শুক্লা চক্ৰবন্ধপিনী। শক্তিরপা হি সা দেবী সাক্ষাদমূতবিগ্রহা।

দক্ষে তু পিকলা নাম পুরুষা স্থবিগ্রহা। রৌজান্ধিকা মহাদেবী দাড়িমীকেশরপ্রভা।

—সংসাহনতত্ত্ববচন, ব নি, লো ১-এর কালীচরণকৃত টাকার উদ্ধ ত

পিললাব্যা চ বা দক্ষে পুংরাপা স্থবিগ্রহা। দাড়িমীকুসমপ্রব্যা বিষাধ্যা চাপরা মতা।
 ক্রাত ৪ ।৯৯-১০।

তাবেব তদধঃ সর্বং কালং রাত্রিদিবাক্ষকমৃ। ভোক্ত্রী সূর্মা কালন্ত শুক্ষকতমুনাজতমৃ।
 —বোগিবাক্সবক্ষাবচন, জঃ প্রা তো, কাও >, পরিঃ ৪, ব সং, পৃঃ ৩৩

<sup>9 95,</sup> p. 68

কাল বঞ্চিত হয়। পর্থাৎ এই অবস্থায় আর কালের অন্তিত্ব থাকে না। সেইজগ্রহ স্বয়াকে কালের ভোক্ত্রীবলা হয়।

স্থ্যা কালকে গ্রাস করে এই ব্যাপারটির অগুভাবেও ব্যাথ্যা হয়। "স্থ্যাতে প্রবেশের দক্ষে কালরাজ্যের আবর্তন হইতে নিছ্তিলাভের স্ত্রপাত হয়।" এর অর্থ সংসারের আবর্তন থেকে নিছতি অর্থাৎ মোক্ষলাভের স্ত্রপাত হয়। কাজেই বলা যায় স্থ্যা কালকে গ্রাস করে।

ইড়া ও পিঙ্গলা এই ছটি নাড়ী মূলাধার থেকে সোজা আজ্ঞাচক্র পর্যস্ত গিয়ে সেথান থেকে নাসারক্রে গেছে। কর্ম্বয়মলে আছে শুভ নাড়ী ইড়া ও পিঙ্গলা বামের থেকে দক্ষিণে এবং দক্ষিণের থেকে বামে এইভাবে সোজা উপরের দিকে উঠে বিস্থনিবাধার মতো করে সমস্ত পদ্ম সংবেষ্টন করার পর নাসারক্ত্রে পৌছে গেছে।

বামনাসারক্ত্রে পৌছেছে ইড়া আর দক্ষিণাসারক্ত্রে পিঙ্গলা। অনেকেই লক্ষ্য করে থাকবেন নিশ্বাসপ্রধাস বেশ কিছুক্ষণ ধরে বাঁ নাকে তার পরে আবার বেশ কিছুক্ষণ ধরে তান নাকে চলতে থাকে। যথন বাঁ নাকে চলে তথন প্রাণবায়ু ইড়াতে প্রবাহিত আর যথন ডান নাকে চলে তথন প্রাণবায়ু পিঙ্গলাতে প্রবাহিত হচ্ছে বলা হয়।

কোনো কোনো যোগীর মতে বখন শ্বাস বাঁ নাকে চলে অর্থাৎ প্রাণবায়ু ইড়াতে প্রবাহিত হয় তখন আমাদের 'ইন্দ্রিয় মনবৃদ্ধি আদি' অন্তর্মুখী হয়। এইজন্ত অনেকে ইড়াকে কেন্দ্রাভিমুখী নাড়ী বলেন। আবার 'অন্তর্মুখী চিত্তের নাম চন্দ্রতন্ত্ব'। ইড়াকে চন্দ্রস্থনপা বলার এটি অন্তত্ম কারণ।

যে-সময় প্রাণবায় ইড়াতে প্রবাহিত হয় তথন ধারণা ধ্যান জপ পূজাদি করার উপদেশ দেওয়া হয়। তন্ত্রাস্তবে বলা হয়েছে বায়ু ইড়াতে থাকা কালে যাত্রা বিবাহ এবং অক্সান্ত যাবতীয় শুভ কর্ম করতে হয়।

১ প্রাণস্থ শৃষ্ঠপদবী তথা রাজপথারতে। তদা চিত্তং নিরালম্বং তদা কালস্থ বধনম্।—ই প্র এ৩

২ দেহের সাধনা, হিমাদ্রি, সেপ্টেম্বর, ১৩৬২

৩ ইমে নাডো) মূলাদুজুরূপেণাজ্ঞাচক্রান্তং প্রাপ্য নাসারন্ধুগতে।—ব নি, লো ১-এর কালীচরণকৃত চীকা

৪ ইড়া চ পিক্লণা চৈব তন্ত বামে চ দক্ষিণে। ঋষীভূতে শিরে তে চ বামদক্ষিণভেদতঃ।
সর্বপন্মানি সংবেষ্ট্য নাসারন্ধুগতে শুভে।—বামলবচন, স্তঃ ব নি, লো ১-এর কালীচরণকৃত টীকা

<sup>ে</sup> ইড়া চ বামনাসান্নাং দক্ষিণে পিঙ্গলা মতা।—শাস্তানন্দতরঙ্গিনীধৃত জ্ঞানভাশ্বচন, দ্রঃ প্রা তো, কাণ্ড, ১, পরিঃ ৪, ব সং, পুঃ ৩১

রসিকমোহনপ্রকাশিত শাক্তানন্দতরঙ্গিনীধৃত পাঠ—ইড়া চ বামভাগে তু দক্ষিণে পিল্ললা তথা।

৬ ধাত্রাবিবাহকর্মাণি গুভকর্মাণি ধানি চ। তানি সর্বাণি কুবাঁত বামে বায়ে। তু সংস্থিতে। —তন্ত্রাস্তর্যচন, ডঃ শা তি ২৫।০৮-এর রাঘবভট্টকৃত চীকা

ইড়াকে বহির্গতির অর্থাৎ জাগতিকভাবের নাশকারিণী মনে করে বামা নাম দেওয়া হয়েছে।

পিঙ্গলা সহদ্ধে সাধনমর্মজ্ঞরা বলেন স্থা যেমন জীবকে বাইরের দিকে কার্যক্ষেত্রের দিকে চালিত করেন, স্থানাড়ী পিঙ্গলা তেমনি জীবকে বাইরের দিকে ক্রিয়াকলাপের দিকে চালিত করে বহি ম্থী করে দেয়। এইজন্ম পিঙ্গলাকে বহি ম্থী নাড়ী বলা হয়। স্থা বিষ্ণু। পিঙ্গলা স্থারে পালনশক্তি। এইজন্ম পিঙ্গলা জাগ্রত অবস্থার গোতক। পিঙ্গলাতে যথন প্রাণবায়্ প্রবাহিত হয় তথন সবর্কম রাজসিক কর্ম করতে হয়। তজাস্তরে বলা হয়েছে ভোজন মৈথ্ন যুদ্ধ ফলপুশসংগ্রহ তথা ক্রুকর্ম বায়ু যথন পিঙ্গলানাড়ী আশ্রয় করে তথন করতে হয়।

হঠযোগাদির প্রক্রিয়ার দারা কুগুলিনীকে জাগাতে হলে ইড়া পিঙ্গলা এবং স্ব্য়া এই নাডীত্রয়ের জ্ঞান অত্যাবশ্রক।

স্থু স্থা—লক্ষ্য করা গেছে আলোচ্য নাড়ী সমূহের মধ্যে মুখ্যা নাড়ী স্থন্ধা। স্থন্ধা-সম্বন্ধে পূর্বেও কিছুটা আলোচনা করা হয়েছে। তন্ত্রাদিতে শৃত্যপদবী ব্রহ্মরন্ধ মহাপথ খাশান শাস্তবী মধ্যমার্গ ইত্যাদি বিভিন্ন নামে স্থন্ধার উল্লেখ পাওয়া যায়।

শাল্পে স্বয়ুমার গৌরব বিশেষভাবে ঘোষণা করা হয়েছে। যোগশিখোপনিষদে বলা হয়েছে স্বয়ুমা বিরজা ব্রহ্মরূপিনী। বিশ্ব স্বয়ুমার অন্তর্গত, সমস্তই স্বয়ুমাতে প্রতিষ্ঠিত।

হঠষোগপ্রদীপিকার অভিমত বাহাত্তর হাজার নাড়ীর মধ্যে স্ব্রাই শাস্তবী শক্তি, অক্তঞ্জলি নির্বক।

ষথাবিহিত সাধনার দ্বারা প্রাণবায়ুকে স্বয়ুমানাড়ীতে প্রবাহিত করলে পরে সাধক মোক্ষের পথে অগ্রসর হতে পারেন। এইজন্য স্বয়ুমাকে মোক্ষমার্গ বলা হয়।

লক্ষ্য করা গেছে প্রাণবায়ু স্বয়ুমাতে বিলীন হয়ে গেলে চিত্ত নিরালম্ব হয়ে যায়, বিষয়জ্ঞান লোপ পায়। বলা যেতে পারে এই অবস্থায় বিষয়বাসনাদি ভস্মীভূত হয়ে যায়। এইজন্ত

১ পুড, p. 66 ২ ঐ, pp. 66-67

ভোজনং মৈথ্নং যুদ্ধং ফলপুপাগ্রহং তথা। কুর্যাৎ ক্রুরাণি কর্মাণি বায়ে) দক্ষিণসংখ্রিতে।
 ভরান্তর্বচন, দ্রঃ শা তি ২৫।০৮-এর রাঘবভট্টকত টাক।

৪ সুষুমা শৃষ্ণপদবী ৰুক্ষরজুং মহাপথ:। শাশানং শাস্কবী মধ্যমার্গদেতেট্রুকাচকা:।—হ প্র ৩।৪

স্ব্রা তু পরে লীনা বিরক্তা বুক্ষরাপিণী।—বোগনিবোপনিবৎ ৬।

<sup>🔸</sup> সুষুমাহস্কর্গতং বিষং তশ্মিন সর্বং প্রতিষ্ঠিতম্।—ঐ ৬।১৩

৭ বাসগুতিসহস্রাণি নাড়ীবারাণি পঞ্জরে। স্থব্যা শাস্তবী শক্তিং শেবাল্পেব নিরর্থকাঃ।—হ প্র ৪।১৮

৮ তত্ত্ব সূৰ্মা বিষধারিশী মোকমার্ণেতি চাচক্ষতে ৷—শান্তিল্যোপনিবং ১।৪।১•

স্ব্যাকে বহিরণা বলা হয়, আবার শ্বশানও বলা হয়। প্রাণবায় স্ব্যাতে বিলীন হলে শিবতত্বের সাক্ষাৎকার হয়। শিবকে বে শ্বশানবাসী বলা হয় এখানে তার একটি তাৎপর্য পাওয়া বাছে। শিবশক্তি অভিন্ন। শিব হেমন শ্বশানবাসী, আভাশক্তিও তেমনি শ্বশানবাসনী। প্রাণবায় স্ব্যাতে বিলীন হলে শক্তিসাধকের আরাধ্যা ব্রহ্ময়ীরও সাক্ষাৎকারের স্ক্রপাত হয়।

ম্লাধার থেকে ত্রহ্মরন্ত্র পর্যস্ত স্থ্যা বিস্তৃত। বট্চক্রনিরূপণের টীকায় কালীচরণ লিখেছেন স্থ্যার অভ্যন্তরস্থ চিত্রিণীনাড়ী কন্দ থেকে আরম্ভ করে শিরস্থিত অধাম্থ সহত্রদলপদ্মের কর্ণিকা মধ্যস্থ বাদশদল পদ্মের অধ্যোদেশ পর্যস্ত বিস্তৃত। কাজেই চিত্রিণীর আধার স্থ্যারপ্ত ঐ একই অবস্থিতি।

সাধারণ মান্থবের পক্ষে স্বয়মা নিক্রিয় বলা যায়। কেন না তাদের ক্ষেত্রে প্রাণবায়্
পর্যায়ক্রমে ইড়া ও পিঙ্গলা নাড়ীতেই প্রবাহিত হয়। অবশ্য খাদ ইড়া থেকে পিঙ্গলা বা
পিঙ্গলা থেকে ইড়াতে সঞ্চারিত হবার সময় স্বয়মা ভেদ করে যায়। কিন্তু এতে খ্বই অল্প
সময় লাগে। স্বয়্মাতে প্রাণবায়্র এই ক্ষণিক অবস্থিতি এবং তাও আবার সাধকের
চেষ্টাপ্রস্ত নয় বলে এতে সাধনার কোনো সহায়তা হয় না।

ষ্ণাবিহিত অভ্যাদের দারা প্রাণবায়্কে স্ব্যুমাতে প্রবাহিত করতে হয়। স্ব্যুমাতে প্রাণবায়ু সঞ্চারিত হতে আরম্ভ করলেই স্ব্যুমা জেগে উঠে।

সাধনায় সুযুদ্ধা—মহামহোপাধ্যায় গোপীনাথ কবিরাজ মহাশয় লিথেছেন "ম্লাধার থেকে উ ধ্বগতির সময় যথন অন্নময়কোশে অভিমান হয় তথন ইড়াপিঙ্গলার ক্রিয়া চলতে থাকে কিন্তু যথন স্থয়া জেগে উঠে তথন এই জাগরণের মাত্রাম্পারে ইড়াপিঙ্গলার ক্রিয়া অবক্রম্ম হয়ে য়ায়। প্রাণবায়ু য়ে-পরিমাণে স্থয়াতে সঞ্চারিত হয় সেই পরিমাণে ইড়াপিঙ্গলাতে সঞ্চরণ হ্রাস হয় এবং ইড়াপিঙ্গলার ক্রিয়া অবক্রম হয়। স্থয়া জেগে উঠলেই অভিমান প্রাণময়কোশে ক্রীড়া করতে থাকে। আর প্রাণময়কোশে প্রবেশের অম্পাতে অন্নময়কোশ থেকে সরে য়ায়। তার পর প্রাণময়কোশের ক্রিয়ার অবসান হলে অথবা ক্রিয়াবস্থাতেই গুক্রক্রপায় অথবা সাধনবলে বিজ্ঞাী (বজ্রা) নাড়ীর ছার খুলে য়ায়। তথন শক্তি এই নাড়ীকে আশ্রম করে ক্রিয়াশীল হয় আর অভিমান প্রাণময়কোশ ত্যাগ করে

ን পুড, p. 68

२ मृनाधात्रान् बुक्तत्रक् नर्वखः क्ष्रुमा स्वीष्टा ।-- मधनबुक्तिः नामिनवर ।।।७

৩ ষ নি, সো ১-এর কালীচরণকৃত দীকা

<sup>8 37: 3 4 7 5,</sup> p. 67

মনোমন্থকোশের আশ্রম নেয়। তারপর বজ্জিশীনাড়ী থেকে চিত্রিণীনাড়ীতে প্রবেশলাভ হয়।
তথন অভিমান মনোমন্থকোশ থেকে বিজ্ঞানমন্থকোশে চলে যায়। চরম অবস্থায় চিত্রিণীনাড়ীও পরিত্যক্ত হয়। তথন যা যথার্থ ব্রহ্মনাড়ী তাকে আশ্রম করে শক্তির থেলা চলে
আর অভিমান বিজ্ঞানমন্থকোশ ছেড়ে আনন্দমন্থকোশের আশ্রম নেয়। আনন্দমন্থকোশে
কোনো প্রকার মলিনতা নাই। এই কারণে অভিমান এই স্থান থেকে অক্তর যায় না। এই
অবস্থায় আনন্দমন্ধকোশের অন্তর্ভুতি সম্যক্রপে বিভ্যমান থাকে। একেই বলে জীবের
মাতৃ-অক্ষে অবস্থান। যথন অভিমান আনন্দমন্ধকোশ থেকেও নিবৃত্ত হয় তথন আর জীবভাব
থাকে না, তথন মহাচৈতক্ত- বা প্রম্নাক্ষী-অবস্থায় স্থিতিলাভ হয়। (ভক্ত আনন্দমন্ধকোশ
ভেদ করতে চান না)।"

প্রমুদ্ধা ও কুণ্ডলিনী—যথাশান্ত সাধনার দ্বারা কুণ্ডলিনীকে জাগালে প্রবৃদ্ধা কুণ্ডলিনী স্ব্যানাড়ী দিয়েই উর্ধ্বগমন করেন। চিত্রিণীনাড়ীর মৃথে ব্রহ্মার। পরমশিবশক্তির সামরগুনিঃ হত অমৃত্ধারায় অভিষিক্তদেশে প্রবেশ করার এবং সেথান থেকে নির্গত হওয়ার এইটি দার। এই দার দিয়েই কুণ্ডলিনী পরমশিবসন্নিধানে যাতায়াত করেন। আগমজ্জেরা একেই কন্দ, স্বৃদ্ধার গ্রন্থিয়ান ও স্বৃদ্ধার মুখ বলে থাকেন। প

কঠোপনিষদাদিতে সুষুদ্ধ।—কঠোপনিষং ও ছান্দোগ্যোপনিষদে বিবৃত একটি মন্ত্রে স্বয়্মাকে অমৃতলাভের পথ বলা হয়েছে। মন্ত্রটিতে স্বয়্মা নাম না থাকলেও তাতে যেনাড়ীটির কথা বলা হয়েছে তাকে পণ্ডিত ব্যক্তিরা স্বয়্মাই বলে থাকেন। মন্ত্রটি এই—ফদম থেকে একশ এক নাড়ী নিঃস্থত হয়েছে। তাদের মধ্যে একটি ব্রহ্মরন্ত্র ভেদ করে গেছে। এই নাড়ীকে অবলম্বন করে জীব মৃত্যুকালে উর্ধ্বে গমন করে অমৃতত্ব লাভ করে। নানাদিকে প্রসারিত অক্ত সব নাড়ী অবলম্বনে উৎক্রমণ করলে সংসারগতি লাভ করে।

তন্ত্রাদিতেও স্ব্যাকে মোক্ষমার্গ বলা হয়েছে।

বট্চক্রেবিবরণ—স্থ্যুমার অভ্যন্তরে ষট্চক্রের অবস্থিতির উল্লেখ পূর্বেই করা হয়েছে।

মূলাধার—ষট্চক্রের মধ্যে দর্বনিম্ন চক্র মূলাধার। জীবদেহে মূলাধারের অবস্থিতিও
পূর্বেই নির্দেশ করা হয়েছে।

<sup>&</sup>gt; সঃপুত, pp. 69-70

২ প্ৰৰুদ্ধা বহ্নিযোগেন মনসা মকতা সহ। হচিবদ্ধণমাদায় ব্ৰজ্তৃদ্ধিং হ্ৰ্যুয়া।—ধ্যানবিন্দুপনিবং, ৬৬

ৰুক্ষদারং ভদাত্তে প্রবিদ্যাতি ক্থাধারগম্যপ্রদেশং গ্রন্থিছানং তদেতদ্বদনমিতি ক্র্মাধানাত্যা লগন্তি।
 —ব নি, লোপ এবং কালীচরণকৃত টীকা

এই চক্রটিকে ম্লাধার কেন বলা হয়? সৌন্দর্যলহরীর লক্ষীধরকৃত টীকায় উদ্ধৃত কল্পরহস্থবচনে বলা হয়েছে—সর্বাধারক্রপ পৃথিবীর এখানে ম্ল-আধারক্রপে অবস্থানের জন্ম একে ম্লাধার বলা হয়। এর অভাবে দেহ হয় উপরের দিকে যাবে নয় নীচের দিকে গড়াবে।

নৌভাগ্যভান্ধরের মতে স্বয়ানাড়ীর মূল বলে একে মূলাধার বলা হয়।\*
আবার রুদ্রযামলের অভিমত—ষ্টুচক্রের মূল বলে একে মূলাধার বলা হয়।\*

পূর্বেই বলা হয়েছে ম্লাধার চক্রে আছে অধােম্থ চতুর্দল পদ্ম। একে বলা হয় বদ্ধপদ্ম। পদািট অধুমার মৃথসংলয়। কন্দ ও অধুমার গ্রিস্থানের চারপাশে পদাের চারটি দল অবস্থিত। দল বা পাাপড়িগুলির রং লাল। পাাপড়ি চারটিতে আছে তপ্ত সােনার রঙের বঁ শঁ ঘঁ সঁ এই চারটি সবিন্দু বর্ণ। প্রত্যেক বর্ণ একটি মন্ত্র, কাজেই একজন দেবতা। এঁরা আবরণদেবতা। ৬

পদ্মের চতুর্দল জন্ম মৃত্যু জ্বা ও ব্যাধির ছোতেক। পদ্মটিতে প্রমানন্দ সহজানন্দ যোগানন্দ ও বীরানন্দ এই চতুর্বিধ আনন্দের অবস্থান নির্দেশ করা হয়। ৮

ম্লাধার পদ্মটি অধােম্থ কেন? শাক্তানন্দতরিঙ্গণীতে বলা হয়েছে ম্লাধারাদি পদ্মগুলি সর্বতােম্থী। জীবের ছটি ভাব—প্রবৃত্তি আর নিরৃত্তি। প্রবৃত্তি সংসারম্থী আর নিরৃত্তি পরমাত্মা-ম্থী। প্রবৃত্তিম্থে অর্থাৎ স্বষ্টক্রমে পদ্মগুলি অধােম্থী এবং নিরৃত্তিম্থে অর্থাৎ লয়ক্রমে তারা উর্ধ্বম্থী। কুগুলিনী জেগে উঠে যথন একে একে চক্রভেদ করে উপরের দিকে উঠতে থাকেন তথন চক্রগুলি উর্ধবম্থ হয়ে য়ায়। ১০

মূলাধারপদ্মের কর্ণিকার মধ্যে আছে চতুকোণ পীতবর্ণ পৃথিবীমগুল। ১ তার মধ্যে

১ সর্বাধারা মহী যন্মাৎ মূলাধারতয়া স্থিতা। তদভাবে তু দেহস্ত পাতন্স্তাহুদ্গনোহপি বা।
—ক্ষম্তরহস্তবচন, উদ্ধৃত, সৌল, »-এর লক্ষ্মীধরকৃত টীকা

২ সুষুমামূলভাৎ চ মূলাধার ইত্যাচ্যতে।—ল স, ৮৯-এর সৌ ভা

৩ মূলমাধারষট্কানাং মূলাধারং প্রকীতিতম্ ৷—ক ষা, উ ত, পঃ ২৭

৪ পাতালসপ্তকশ্চোদে ৰু ক্ষপন্মং মহেখনি। অধোৰজ্বং হি তৎপন্মং ধরামধো চতুর্দলম্। — নি ত, পঃ ৪

अरधावकु मृज्ञश्यवनाञ्चवर्तनकात्रानिमारिक प्जः तमवर्दनः ।—व नि, 8

<sup>•</sup> S. P., 2nd Ed., I924, pp. 118-119

৭ পুড, p, 49 ৮ S. P., 2nd Ed., 1924, p. 118

তৎসর্বং পছজং দেবি সর্বতোম্থমেব চ। প্রবৃত্তিশ্চ নিবৃত্তিশ্চ ছো ভাবো জীবসংস্থিতে।
 প্রবৃত্তিমার্গসংসারী নিবৃত্তিপরমান্ত্রনি। প্রবৃত্তিভাবচিন্তায়ামধোৰক্ত্রাণি চিন্তয়েং।
 নিবৃত্তিযোগমার্গের্ব সদৈবো ধ্বম্থানি চ।—শা ত, উঃ ৪

<sup>5.</sup> E P., 2nd Ed., 1924, p. 118, f. n. 3

১১ তৎকণিকান্তরে পৃথী চতুদোণা হপীতভা ৷—মায়াতম্বচন, জঃ বট্চক্রবিবৃতি ( T. T , Vol. II, p. 115)

পৃথীবীজ লঁ। । লঁ বেমন পৃথীবীজ, তেমনি ইন্দ্ৰবীজ। এই লঁ গজেন্দ্ৰবাহন কল্পিত হয়। । লঁ-বীজের নাদের উপরে অর্থাৎ বিন্দুতে স্ষ্টিকর্তা প্রজাপতি ব্রহ্মার অধিষ্ঠান। তাঁর বাম-ভাগে তাঁর শক্তি বেদমাতা সাবিত্রী অধিষ্ঠিতা। ব্রহ্মা সাবিত্রীর প্রসাদ লাভ করেই স্ষ্টিকরেন। । লাবিত্রী বা বাগীশ্বরী মহাশক্তির কলা এবং ব্রহ্মা শিবেরই নাম। । সশক্তি ব্রহ্মা এই চক্রের অধিদেবতা। ব্রহ্মাণ্ডে ভূলোক ব্রহ্মার স্থান। পিণ্ডে ম্লাধারই ভূলোক। । কেন না মূলাধারেই পৃথিবীমণ্ডল অবস্থিত।

মূলাধারচক্রে আছেন ডাকিনীশক্তি। ষ্ট্চক্রনিরূপণে বলা হয়েছে দেবী ডাকিনী সর্বদা শুদ্ধবৃদ্ধি সাধকের তত্তজান সম্পাদন করেন। কোনো কোনো তন্ত্রমতে ডাকিনী মূলাধার-চক্রের অধিষ্ঠাত্রী দেবতা। অক্তান্ত চক্রের অধিষ্ঠাত্রী যথাক্রমে রাকিনী লাকিনী ক্রাকিনী শাকিনী এবং হাকিনী। এঁদের যথানির্দিষ্ট চক্রের ধাতৃশক্তিও বলা হয়।

বজ্ঞানাড়ীর ম্থের কাছে আধারপদ্মের কর্ণিকার মধ্যে তথা পূর্বোক্ত চতুকোন পৃথিবী-মগুলের মধ্যে আছে ত্রৈপুর নামক ত্রিকোণ। একে যোনি বা কামরূপ পীঠও বলা হয়। । এ সম্বন্ধে আমরা পূর্বেও আলোচনা করেছি।

নির্বাণতন্ত্রমতে উক্ত ত্রিকোণ-যোনির অধিদেবতা কন্দর্প। ১০ সন্মোহনতন্ত্রামূদারে বামা জ্যেষ্ঠা ও রৌদ্রী ত্রিকোণের ত্রিরেখা। ১১

**সম্নন্ত, লিক্স**—গৌতমীয়ত**ন্তে** বলা হয়েছে ১২ মূলাধারস্থ এই ত্রিকোণ ইচ্ছা-জ্ঞান-ক্রিয়াত্মক।

১ ব নি. লো ধ-এর কালীচরণকৃত টাকা

२ ঐज्जुन्नभार हि वाँ-बोक्स भारकत्मवाहनः भारत ।--- नि छ, भाः ॥

প্রসিদ্ধং বুদ্ধসদনং নাদোপরি স্প্রন্থরণ। তত্ত্বৈব নিবসেদ্ বুদ্ধা স্প্টিকর্তা প্রজাপতিঃ।
 বামভাগে চ সাবিত্রী বেদমাতা স্থরেশরী। তন্তাঃ প্রসাদমাসাল স্প্রিং বিতমতে সদা।—ই

৪ ডা: সৌ ল ৩৬-এর অচ্যতানন্দকৃত টীকা

দ্র: ঐ ৩০-এর অচ্যতানন্দকৃত টীকা

७ श्रकांभाः वरुष्ठी महा एकवृत्कः।—य नि, त्या १

१ छाकिनी त्राकिनी टेव लाकिनी काकिनी छथा। भाकिनी हाकिनी टेव क्रमार बहै शक्काविशाः।—ए: व

<sup>8.</sup> P, 2nd Ed., 1924, p. 120

<sup>»</sup> জঃ ব নি, সো ৮ এবং তার শব্দরকৃত **টাকা** 

<sup>&</sup>gt; - जित्कांगः मननांशातः कमर्गकाधित्ववता।—नि ठ, शः ।

<sup>&</sup>gt;> वाना ब्लाठी छवा कोजी जित्रवा ह छन् श्वछः।—मत्त्वाश्नछष्ठवहन, सः व नि, क्रा ४-এव कानीहन्नकुछ हीक

১২ মূলাধারে ত্রিকোণাথ্যে ইচ্ছাজানকিরাস্থিকে। মধ্যে স্বরন্থুলিকস্ত কোটিসূর্বসমপ্রত:।—— পৌতমীরতম্বচন, তঃ বট্চফাবিবৃত্তি, T. T., Vol. II, p. 117.

এই জিকোণের মধ্যে কোটি স্থের প্রভার মতো প্রভাযুক্ত স্বয়স্থ্লিক বিরাজমান। এই স্বয়স্থ্লিক গলিত সোনার মতো স্নিগ্ধ স্থন্দর। প্রথম কিশলয়ের মতো তাঁর রূপ। তিনি স্থান্ধ। জ্ঞান ও ধ্যানের দারা তাঁর প্রকাশ হয়। স্বর্থাৎ তিনি সপ্তণ ও নিগুণ। ই

পূর্বেই বলা হয়েছে এই স্বয়স্থ্লিঙ্গকে সাড়ে তিন পাকে ঘিরে এবং লিঙ্গছিত্রকে ঢেকে কুগুলিনী ঘুমিয়ে আছেন।

কুণ্ডলিনী আর পরমেশ্বরী পরাশক্তি অভিন্ন। ইনি পরমা কলা অতিকুশলা নিত্যানন্দময়ী। পরমশিবের সঙ্গে এর মিলনে যে প্রভূত অমৃতধারা প্রবাহিত হয় ইনি সেই ধারাকে
ধারণ করে রাখেন। এঁর দীপ্তিতে ব্রহ্মাণ্ডের আদি থেকে কটাহ পর্যন্ত প্রকাশিত
হয়। ৣইনি নিত্যক্তানের উদয়কারিণী। ত

শৃদ্ধার পৃথীত ব এবং পাদ নাসিকা ও গন্ধ এই তিন তত্ত্বের স্থান। শক্তির স্থূলতম প্রকাশকেন্দ্র মূলাধার। সেইজন্মই পঞ্চমহাভূতের স্থূলতম ক্ষিতিতত্ত্ব, স্থূলতম তন্মাত্র গন্ধ, স্থূলতম জ্ঞানেন্দ্রিয় নাসিকা এবং স্থূলতম কর্মেন্দ্রিয় পাদ এই চক্রে অবস্থিত বা এই চক্রের সঙ্গে যুক্ত। স্থূলতম তন্মাত্র বলে গন্ধ স্থূলতম তন্মাত্র। স্থূলতম তন্মাত্রের যে-গুণ গন্ধ তা গ্রহণ করে বলে নাসিকা স্থূলতম জ্ঞানেন্দ্রিয়। কিন্তু কর্মেন্দ্রিয়ের বেলা স্থূলতম নির্দেশের বিচার অন্তর্বকম। লয়ক্রমে পৃথিবী যে-পর্যায়ে পড়ে পাদও সেই পর্যায়ে পড়ে। অর্থাৎ লয়ের বেলা মহাভূতের মধ্যে যেমন পৃথিবী থেকে আরম্ভ করতে হয় তেমনি কর্মেন্দ্রিয়ের বেলা পাদ পেকে আরম্ভ করতে হয়। এইভাবে পাদ স্থূলতম কর্মেন্দ্রিয়া পাণি পায়ু উপস্থ ও বাগিন্দ্রিয় অর্থাৎ মূথের ক্রমস্ক্ষ্বতা এই ভাবে নির্নীত হয়েছে।

গ্রন্থিরের অক্ততম ব্রহ্মগ্রন্থি মূলাধারচক্রে অবস্থিত। তবে এবিষয়ে মতভেদ আছে। স্বাধিষ্ঠানে বা মণিপুরেও ব্রহ্মগ্রন্থির স্থান নির্দেশ করা হয়। গ

স্বাধারে ছৎপ্রদেশে চ ক্রবোর্মধ্যে বিশেষতঃ। স্বয়ভূসংজ্ঞোবাশাখ্যস্তথৈবেতরসংজ্ঞকঃ।
লিক্সন্তরঃ মহেশানি প্রধানতেন চিন্তরেং। ( শা ত, উঃ ৪)—মূলাধারে স্বয়ভূলিক, হংপ্রদেশে
অর্থাং অনাহতে বাণলিক এবং ক্রমধ্যে অর্থাং আজাচক্রে ইতরলিকের চিন্তা করতে হয়। অর্থাং
এই তিন চক্র উন্ত তিন লিক্সের স্থান।

তল্মধ্যে লিক্সপী ক্রতক্লককলাকোমলঃ পশ্চিমান্তো জ্ঞানধ্যানপ্রকাণঃ প্রথমকিশলয়াকারক্সপঃ বয়ড়ৢ :।
 — ব নি, ক্লো >

তয়ধ্যে পরমা কলাতিকুশলা স্ক্রাতিস্ক্রাপরা নিত্যানন্দপরম্পরাতিবিগলংশীয্ধধারাধরা।
 বক্রাগুাদিকটাছমেব দকলং যদ্ভানয়া ভানতে। সেয়ং শ্রীপরমেবরী বিজয়তে নিতাপ্রবোধদয়া।—ঐ, য়ো >২

৪ জঃ ঐ, শ্লো ৪০ এর কালীচরণকৃত টীকা

<sup>&</sup>amp; S. P., 2 nd Ed., 1924, pp. 125-126.

৬ ৰুক্ষগ্ৰন্থির চ বিষ্ণান্থি চদি স্থিতঃ।—ৰুক্ষবিজ্ঞোপনিবং, • • : অকারে মূলাধারে—ঐ ভার

৭ জঃ শব্দরাচার্যের গ্রন্থমালা, বহুমতী, ৮ম সং, পৃঃ ২৮৬; পু ত, p. 56.

মূলাধার সপ্ত জ্ঞানভূমিকার প্রথম ভূমিকা শুভেচ্ছ। । পাধুনিক বিজ্ঞানের ভাষায় কেউ কেউ এটিকে sacrococcygeal plexus বা Ganglion Coccygeal বলেন। ।

**স্বাধিষ্ঠান**—মূলাধারের উর্থেক স্বাধিষ্ঠানচক্র। এটি বড্দলপদা। ওই পদ্মের নাম ভীম।

স্বাধিষ্ঠানের একাধিক ব্যাখ্যা আছে। ভগবতী কুণ্ডলিনী গ্রন্থিরচনা করে স্বয়ং অধিষ্ঠিত হয়ে অবস্থান করছেন এই অর্থে তাঁর স্ব অর্থাৎ স্বীয় অধিষ্ঠান স্বাধিষ্ঠান।

আবার বলা হয়েছে স্ব অর্থ পরলিঙ্গ। পরলিঙ্গের অধিষ্ঠান বলে এই চক্রের নাম স্বাধিষ্ঠান।

আরেকটি ব্যাখ্যা-—স্ব অর্থ প্রাণ। তার অধিষ্ঠান অর্থাৎ আশ্রয় স্বাধিষ্ঠান।°

অক্ত একটি ব্যাখ্যা— এখানে সাধারণ জীবের মন জীবাত্মাব্ধপে অধিক সময় অধিষ্ঠিত থাকে এই জন্ম এই চক্রের নাম স্বাধিষ্ঠান। ৮

বলা বাহুল্য বিভিন্ন দৃষ্টিভঙ্গীর বিচারে এ-সব বিভিন্ন ব্যাখ্যা করা হয়েছে।

ষট্চক্রনিরূপণের মতে স্থ্য়ানা দ্বীতে রচিত এই পদাটি লিঙ্গম্লে অবস্থিত এবং সিন্দুরের মত রক্তবর্ণ। বঁ ওঁ মঁ যাঁ রাঁ লাঁ এই ছয়টি বিন্দুযুক্ত বর্ণ পদ্মের ষড়্দলে অবস্থিত। এই ছটি দল কামাদি ষড় রিপুর ভোতক।

এই চক্র অপ্তত্বের স্থান। পদ্মকর্ণিকার মধ্যে উজ্জ্বল শুল্রবর্ণ অর্দ্ধচন্দ্রাকৃতি বরুণস্থান জলমণ্ডল অবস্থিত। এই মণ্ডলের মধ্যে শারদচন্দ্রের মতো শুল্র বরুণ বীজ ব মকরবাহনে বিরাজমান। > •

এই জলমণ্ডলে রসতন্মাত্র, জিহ্বা এবং পাণি এই ত্রিতত্ব অবস্থিত। ১১ পূর্বোক্ত বঁ বীজের মস্তকস্থিত বিনুমধ্যে বিষ্ণু বিরাজমান। ১১ তাঁর বামে এবং দক্ষিণে

<sup>›</sup> අড, p. 51 ২ Ś. Ś., 4th Ed., p. 683 ; අড, p. 52

৩ তদু ধ্বৈ তু মহেশানি স্বাধিষ্ঠানমৃতুদ্দদ্ম।

<sup>—</sup>মান্নাতন্ত্ৰবচন, ত্ৰঃ ষ্ট্চক্ৰবিবৃতি, ( T. T., Vol. II, 1918 পৃঃ১১৯ )

৪ এতংশদ্মস্তো ধ্বদেশে ভীমাধ্যং প্রক্রং শুভ্স।—নি ত, পঃ ধ

<sup>ে</sup> কুণ্ডলিক্তাঃ ভগৰত্যাঃ বয়মধিষ্ঠার গ্রন্থিং কুছা অবস্থানং সাধিষ্ঠানন।—সৌ ল, লো ১-এর লক্ষ্মীধরকৃত টীকা

৬ স্বশব্দেন পরং লিঙ্গং স্বাধিষ্ঠানং ততো বিচ্ছঃ।—দে ভা ৭। ৩৫। ৩৬

१ वनस्मन छत्वर थानः वाधिष्ठानः उलाखात्रम् ।—शानविन्नुशनिवर, 5१ ৮ शू छ p. 49.

<sup>»</sup> जः तो ल, »»-এর लक्षीधतकृष्ठ गिका, পু छ, p. 49

<sup>&</sup>gt; ত ভান্তরে প্রবিলসন্ধিদ্দপ্রকাশমন্তোজমন্তলমধো বরুণন্ত তন্ত।

অর্থ্যেনুরপ্রসিতং শরদিন্দুগুরং বরুরবীজমনলং মকরাধিরচ্ম। ব নি, রো > ০

<sup>&</sup>gt;> *অলমন্তলে পাণিরসনেব্রিররস*তত্তেতি ত্রি:।—ব নি লো ৪০ এর কালীচরণকৃত টীকা

১২ ঐ, মো ১৬ এবং কালীচরণকৃত টাকা

তাঁর শক্তি শ্রী ও বাণী। বিষ্ণুর এই স্থান বৈকুণ্ঠ। নির্বাণতত্ত্বে বলা হরেছে বৈকুণ্ঠের ভানদিকে সর্বমুগ্ধকর গোলোক। সেখানে দেবী শ্রীরাধা এবং মুরলীধর কৃষ্ণ বিরাজ্যান।

বড়্দল স্বাধিষ্ঠান পদ্মের অভ্যন্তরে আরেকটি পদ্ম আছে। সেই পদ্মে রাকিণী শক্তি অধিষ্ঠিতা। এই প্রসঙ্গে বট্চক্রনিরূপণের টীকাকার কালীচরণ লিখেছেন মূলাধারাদি বট্পদ্মের প্রত্যেকটির অভ্যন্তরে একটি করে রক্তবর্ণ পদ্ম আছে। সেই পদ্মে ভাকিনী-আদি বট্শক্তি অবস্থিতা। এ

সাধিষ্ঠানচক্রে ভূবর্লোক অবস্থিত। বড়্দলপদ্মের বীজকোশে মনোহর ভূবর্লোকের স্থান নির্দেশ করা হয়।

স্বাধিষ্ঠানই বিচারণা নামক জ্ঞানভূমি। বুটচক্র যেমন সপ্তজ্ঞানভূমি তেমনি অল্পমন্নাদি পঞ্চকাশ। মূলাধার থেকে স্বাধিষ্ঠান পর্যন্ত অল্পমন্নকোশ। অল্পমন্নকোশে তমোগুণপ্রধান স্থলদেহের অবস্থিতি নির্দেশ করা হয়। ব

বিজ্ঞানের ভাষায় কেউ কেউ এই চক্রকে Sacral plexus বলেন।

মণিপূর— স্বাধিষ্ঠানের উর্ধের মণিপূরচক্র। গোতমীয়তক্ত্রে মণিপূরের ব্যাখ্যায় বলা হয়েছে — এই পদ্ম মণির মতো উজ্জ্বল বলে একে মণিপূর বলা হয়।

এই পদ্মকে নাভিপদ্মও বলা হয়। ষট্চক্রনিক্রপণের মতে ই স্বাধিষ্ঠানের উর্ধ্বে নাভিম্লে আছে উজ্জ্বল দশদল নাভিপদ্ম। পদ্মের রং ঘন সজল মেঘের মতো নীল। দশদলে নীলপদ্মের রঙের ওঁ ঢঁ গঁ ওঁ দাঁ ধঁ নঁ পাঁ ক্ষ এই দশটি বিন্দুযুক্ত বর্ণ আছে। পদ্মকর্ণিকার অভ্যন্তরে উদীয়মান স্থের বর্ণবিশিষ্ট ত্রিকোণ বহ্নিমণ্ডল। ত্রিকোণের বাইরে তিন দিকে তিনটি স্বস্তিক চিহ্ন এবং মধ্যে বহিনীজ রঁ।

<sup>&</sup>gt; তভো দ্বৈ নিবসেৰিক: এ বিবাণী বামদক্ষিণে।—নি ত, পঃ ৎ

२ देवक्र्रेञ्च क्क्काल शानकः मर्रामाहनम् । उदेवव त्राधिका एवरी विकृत्का मूबनीधतः ।—य

৩ বলিলো১৭

<sup>৪ অত্র পদান্তরে রাকিণাঃ স্থিতিদর্শনাৎ দর্বত্র রক্তপদান্তরোপরি বটশুক্তীনাং স্থিতিরিতি বোধাম।</sup> 

<sup>—</sup>এ, কালীচরণকৃত টীকা

शत्रामत्था वीक्रतकात्य जूनत्लीकः मत्नाद्वम्।—नि ७, १३ ०

৬ পুত, p. 51 ৭ ঐ

v S. S., 4th Ed., p. 688

তৎপদ্মং মণিবদ্ভিয়ং মণিপুরং তথোচ্যতে । —গোতমীয়তয়বচন, য়ঃ ব নি য়ো ২১-এর কালীচরপকৃত টীকা

১০ তত্তোর্ছে নাভিম্লে দশদললসিতে পূর্ণমেঘপ্রকাশে নীলাভোঞ্জপ্রকাশৈরপহিতঞ্জয়র ডাদিকাল্ডৈঃ সচল্রেঃ। খ্যায়েইছখানরভারশমিহিরসমং মঙলং তৎ ত্রিকোণং ভবাহে স্বন্তিকাথোপ্রিভিরভিলবিতং তত্ত্র বহুতেঃ স্ববীজ্য়।

<sup>—</sup> ৰ নি, লো ১>

এই বহ্নিগুলই তেজতত্ত্বের স্থান। বহ্নিগুলে রূপ চক্ষু এবং পায়ু এই ত্রিতত্ত্ব স্ববস্থিত। সাকার বহ্নিবীজ র মেষবাহন। এই বীজের ক্রোড়ে ভদ্ধনিস্পূর্বর্ণ রুত্রের বাস। ক্রেরে বামভাগে মহাবিছা ভদ্রকালী শোভা পাচ্ছেন। ই

এই চক্রে সর্বন্ধভকরী লাকিনীশক্তি অধিষ্ঠিতা। লক্ষা পিশুনতা ঈর্বা তৃষণা স্বয়ৃপ্তি বিবাদ ক্যায় মোহ দ্বণা এবং ভয় এই দশটি বৃত্তি এই চক্রের সঙ্গে যুক্ত। •

এই মণিপুরচক্র স্বর্লোক। ৭ এটি তহুমানসা নামক জ্ঞানভূমি। স্বাধিষ্ঠান থেকে মণিপুর পর্যন্ত প্রাণময়কোশ। ১

কেউ কেউ একে বলেন Solar plexus 130

অনাহত নিপ্রচক্রের উর্থের হৃদয়ে অনাহতচক্র। এথানে শব্দব্রহ্ময় অনাহত শব্দ প্রত্যক্ষ হয় বলে একে অনাহত বলা হয়। ১১

অনাহত বাদশদলপদ্ম। এর রং বাঁধুলিফুলের রঙের মতো। বাদশদলে কঁখঁ গঁঘঁ ওঁ চঁছ জঁঝঁ এ টাঁ এবং ঠাঁ সিন্দুরঙের এই বিন্দুযুক্ত বাদশ বর্ণ বিভামান। ১৭

এটি মঙ্কং বা বায়্তত্ত্বর স্থান। পদ্মের কর্ণিকার মধ্যে আছে ধ্যবর্ণ ষট্কোণ স্থন্দর বায়্মগুল। ১৬ এই মণ্ডলের মধ্যদেশে বায়্বীজ যা ১৯ য কৃষ্ণনারমূগবাহন। ১৫

উক্ত বায়ুমণ্ডলে স্পর্শ ত্বক এবং উপস্থ এই ত্রিতত্ব বিছমান। > •

CF 5 9106183

- व नि, त्मा २२

বহ্নিওলে পায়চকুরিল্রিয়য়পতত্ত্তি ত্রিঃ।—
। নি, লো ৪০-এর কালীচরণকৃত টীকা

২ সাকারং বহ্নিৰীজং সদৈব মেববাছনম্।—নি ত, পঃ ৬

৩ তৎক্রোড়ে রুদ্রমূর্ভিনিবসতি সততং শুদ্ধসিন্দুররাগঃ।—ব নি, লো ২০

৪ ভন্তকালী মহাবিদ্যা বামভাগেন শোভিতা।—নি ত, পঃ ৬

<sup>ে</sup> অত্রান্তে লাকিনী সা সকলগুভকরী বেদবাহুজ্জলাকী।—ব নি, লো ২১

<sup>8</sup> S. P., 2nd Ed., 1924, p. 141

१ यर नाकाथात्रिषः (पवि मर्वरादि अभू किछम्।—नि छ, भः ७

৮ পুত, p. 51 > ঐ ১ Ś. Ś. 4th Ed., p. 683

১১ শৰ্দৰু ক্ষময়: শৰে্দাহৰাহতন্তত্ত দৃহ্যতে। অনাহতাখ্যা তং পদ্মা ম্নিভি: পরিকীতিতম্।

১২ তক্তোৰ্ছে হৃদি প্ৰজ্ঞ ফুললিতং ৰজুককান্ত্যজ্জলং কাত্ৰিছ'।দশবৰ্ণ কৈৰুপহিতং সিন্দুৱরাগান্বিত:।

১৩ বারোর্ম্বওলমত্র ধুমসদৃশং বটুকোণণোভাবিত**ন্।—ঐ** 

<sup>&</sup>gt; अध्याक मनात्मत्म वात्रवीकः मत्नाहतम् ।—नि छ, ११: १

১৫ য নি, লো ২৩-এর কালীচরণকৃত টীকা

১৩ বাহুমণ্ডলে উপস্থপিলিরস্পর্শতত্ত্বতি ত্রিঃ ৷—ঐ, য়ো ৪০-এর কালীচরণকৃত টীকা

এই চক্র মহর্লোক। নির্বাণতন্ত্রের মতে এইটিই মানসপৃষ্কার স্থান। যোগীরা এখানেই মানস যাগ করেন। এখানেই দেবীর রূপ প্রকাশিত হয়। সৌভাগ্যভাস্করে উদ্ধৃত একটি অভিযুক্তবচনে বলা হয়েছে— ওগো ঈশ্বরী, আনন্দলক্ষণ অনাহত নামক স্থানে নাদরণে পরিণত তোমার রূপ সাধকদের অন্তর্ম্বণী মনের দ্বারা প্রত্যক্ষ হয় এবং তথন তাঁরা পুলকে আনন্দাশ্র বিসর্জন করেন। ই

অনাহতচক্রকে বলা হয়েছে কল্পতক। এই কল্পতক বাঞ্চাতিরিক্ত ফল প্রদান করে।

মহর্লোক ঈশ্বরের স্থান। বায়্বীজমধ্যেই করুণানিধান অমল স্থর্যের মতো স্থন্দর ঈশ বা ঈশ্বর অধিষ্ঠিত। ট ঈশ্বরের বামভাগে তাঁর শক্তি ত্রিলোকপৃষ্ঠিত। ভূবনেশ্বরী অধিষ্ঠিতা। গ

এই চক্রে আছেন নবতড়িতের মতো পীতবর্ণা ত্রিনেত্রা শুভদায়িনী কাকিনীশক্তি। কালীচরণ ষ্ট্চক্রনিক্সপণের টীকায় বলেছেন খাদশদল এই পল্লের কর্ণিকার মধ্যে একটি রক্তপল্লের উপর কাকিনীশক্তি অধিষ্ঠিতা। গ

ষ্ট্চক্রনিরূপণের মতে এই পদ্মকর্ণিকার মধ্যে ত্রিকোণাকার শক্তি অবস্থিতা। কোমল-বপু এই শক্তি কোটিবিহ্যতের মতো উজ্জ্বল। কালীচরণ বলেন এই ত্রিকোণ বায়্বীজের অধোদেশে অবস্থিত। এই ত্রিকোণ অধোমুখ। ১০

এই ত্রিকোণের মধ্যে কনকাকার অঙ্গরাগের দ্বারা উজ্জ্বল বাণলিঙ্গ অধিষ্ঠিত। বাণলিঙ্গের মস্তকে অর্দ্ধচন্দ্রবিন্দু। মণির ছিদ্রের মতো সেই বিন্দুর আছে স্ক্র বিভেদছিদ্র। এই বাণলিঙ্গ কামোদ্যমের জন্ম অর্থাৎ কামনার উন্মেষের জন্ম অতিমনোহর। ১১

১ মহ'লোকমিদং ভদ্রে পূজাস্থানং সুরেখরি। অত্তৈব মানসং যাগং কুক্সতে যোগবিত্তমঃ।—নি ত, পঃ ৭

আনন্দলক্ষণমনাহতনায়ি দেশে নাদায়না পরিণতং তব রূপমীশে।
 প্রত্যয়ুথেন মনসা পরিচীয়মানং শংসন্তি নেত্রসলিলৈঃ পুলকৈক ধ্সা।—ক্রঃ ল স ২১৮-এর সৌ ভা

नामानाश्क्रमः छत्रकः राष्ट्रावित्रिक्षः अपग्।—व नि, २२

शांत्वर------ जनात्था कक्षणानियानममनः श्लाखमौनाख्यिम् ।—व नि, त्मा २०

৫ বা বিভা ভূবনেশানী ত্রিবু লোকেবু পুলিতা। ঈবরস্ত বামভাগে সা দেবী পরিতিষ্ঠতি।—নি ত, পঃ ৭

৬ অত্রান্তে খলু কাকিনী নবতড়িৎপীতা ত্রিনেত্রা শুভা।—ব নি, শ্লো ২৪

৭ অত্র কর্ণিকায়াং রক্তপন্মোপরি কাকিনীশক্তিঃ।—দ: ব নি, (T. T., Vol. II) পৃঃ ৩৬

৮ এডন্নীরজকর্ণিকান্তরলসচ্ছজিপ্তিকোণাভিধা বিদ্নাৎকোটিদমানকোমলবপু: সাল্তে তদন্তর্গতঃ।

<sup>—</sup>ৰ নি, গ্ল<del>ো</del>২¢

এতংত্রিকোণং বায়ুবীজস্তাধোদেশে ।—ঐ, কালীচরণকৃত টীকা

শক্তিরিত্যনেন ত্রিকোণস্থাধোমুধত্বং জ্ঞাপিতম্।—ঐ

১১ বাণাখ্যঃ শিবনিঙ্গকোহপি কনকাকারাঙ্গরাঞ্জলোমোলো সুক্ষবিভেদমুঙ্,মণিরিব প্রোদ্ধাসনক্ষ্যালয়ঃ।

কালীচরণ বলেন হাদয়ন্থিত অনাহতপদ্মকর্ণিকার অধোদেশে উর্ধনুখ অষ্টদল রক্তবর্ণ একটি পদ্ম আছে। এই পদ্মে মানস পূজা করতে হয়। এই পদ্মেই আছে কল্পতক; এখানেই স্থন্দর চন্দ্রাতপের নীচে আছে ইইদেবের আসন। এই আসন নানা পূজাফলে শোভিত, স্বকণ্ঠ নানা পাখীর কাকলিতে মনোরম। এখানে সাধক আপন কল্লোক্ত বিধানে ইউদেবতার ধ্যান করবেন।

মহানিৰ্বাণতন্ত্ৰে এই অষ্ট্ৰদলপদ্মকে বলা হয়েছে আনন্দকন্দ। অনাহতচক্ৰেই পুৰুষ অৰ্থাৎ জীবাত্মা অধিষ্ঠিত।

কালীচরণ বলেছেন স্থির দীপশিথার মতো জীবাত্মা হংসরূপী এবং বাণলিঙ্গের অধোদেশে অবস্থিত।

অনাহতচক্রে আশা চিস্তা চেষ্টা মমতা দম্ভ বিকলতা অহংকার বিবেক লোলতা কপটতা বিতর্ক এবং অমৃতাপ এই বারটি বৃত্তির অবস্থান নির্দেশ করা হয়।

এই চক্রে বিষ্ণুগ্রন্থি অবস্থিত। যোগশিথোপনিষদের মতে বিষ্ণুগ্রন্থি জনাহতের কবাট। গ এই চক্রই সন্তাপত্তি নামক জ্ঞানভূমি। মণিপূর থেকে অনাহত পর্যন্ত মনোময়কোশ। দ কেউ কেউ এই চক্রকে বলেন Cardiac plexus। শ

বিশুদ্ধাখ্য—অনাহত চক্রের উর্ধের কর্পদেশে ধূমবর্ণ অমল পদ্ম বিশুদ্ধের স্থান। ১০ এই পদ্মে হংসের অর্থাৎ আত্মার দর্শন লাভ করে জীব বিশুদ্ধ হয়ে যায়। এইজন্য একে বিশুদ্ধ বলা হয়। এই জন্তুত পদ্মটিকে আকাশ বলা হয়। ১১

<sup>&</sup>gt; হাংপদ্মস্ত কর্ণিকাধোদেশে উ ধ্বম্ধরক্তবর্ণাষ্ট্রদলপদ্মমিতার্থঃ। এতংপদ্মোপরি মানসপূজা কার্যা।
——ব নি. প্লো ২৫-এর টীকা

২ তন্মধ্যে২ষ্ট্রনলং রক্তং তত্র কল্পতক্রং তথা। ইষ্ট্রদেবাসনং চাক্রচন্দ্রাভপবিরাজিতম। তথা—নানাপুস্পকলৈ যুক্তং মঞ্চুবাক্পক্ষিশোভিতম্। তত্র ধ্যায়েদিষ্টদেবং তত্তৎকল্লোক্তমার্গতঃ। —ফঃ য নি, শ্লো ২৫-এর কালীচরণকৃত টীকা

o W. Gr. L., 3rd Ed., p. 119, f. n. 6

অনাহতাখ্যং তৎপদ্মং পুরুষাধিষ্ঠিতং পরম্।—গোতমীয়তন্ত্রবচন, দ্রঃ বট্চক্রবিবৃতি,
 (T. T., Vel II. p. 122)

তদথঃ ছিরতরদীপকলিকাকারহংসক্ষপী জীবান্ধা।—ব নি ( T. T., Vol. II. ) পৃঃ ৩৬

<sup>9</sup> S. P. 2n1 Ed , 1924. p. 141

৭ অনাহতকবাটং বিকুপ্রস্থিয়।—বোগশিখোপনিবং ১৮৭-এর ভার

<sup>▶</sup> পুড, p. 51 » Ś. Ś , 4th Ed., p. 684

विश्वकाथाः कर्षः मत्रमिकममनः स्मध्यावकामम् ।—व नि २४

১১ বিশুদ্ধি তমুতে বন্মাৰ্কীবস্ত হংসলোকনাং। বিশুদ্ধং পদ্মমাধ্যাতমাকাশাধ্যং মহত্তুত্ম।—দে তা ৭।৩১।৪৩

এই পদ্মটি বোড়শদল। বোড়শ দলে বিন্দুযুক্ত বোড়শ স্থরবর্ণ অবস্থিত। এই স্থরবর্ণ-গুলির বং লাল। নিরন্তর যোগাভ্যাদের বারা বিষয়াস্থরাগন্ধপ মলিনতা দ্র হয়ে যাওয়ায় বাঁর বৃদ্ধি নির্মল হয়েছে তাঁর কাছে এই বর্ণগুলি প্রত্যক্ষ হয়।

এই পদ্মের কর্ণিকার মধ্যে আছে বৃত্তাকার পূর্ণচন্দ্রগুভ নভোমগুল। শ নভোমগুলের মধ্যে আছে ব্যোমবীজ ই। এই বীজ তুষারশুভ গজের উপর অবস্থিত।

এই বীজের অঙ্কে গিরিজার সঙ্গে অভিন্নদেহ অর্থাৎ অর্জনারীশ্বর ত্রিনয়ন পঞ্চানন লিলতদশভূজ ব্যাঘ্রচর্মধারী স্থনামপ্রসিদ্ধ সদাশিব বিরাজমান। সদাশিবের অর্জাঙ্গরূপিণী গিরিজা গৌরী। কাজেই এই চক্রের অধিদেবতা সদাশিব ও তাঁর শক্তি গৌরী।

ব্যোমতত্ত্বর স্থান পূর্বোক্ত নভোমগুল। নভোমগুলে শব্দ শোত্র এবং বাক্ এই ত্রিতত্ত্ব অবস্থিত।

বিশুদ্ধাখ্যচক্র জনলোক। পদ্মের কর্ণিকার মধ্যে শশহীন অর্থাৎ নিষ্কলম্ব পূর্ণচক্রমণ্ডল অবস্থিত। যোগৈশ্বর্যাভিলাষী শুদ্ধেক্রিয় ব্যক্তির পক্ষে এই চক্রমণ্ডল মহামোক্রের দারস্বরূপ।

এই চন্দ্রমণ্ডলেই শাকিণীশক্তি অধিষ্ঠিতা। বিশুদ্ধাখ্যচক্রে নিষাদ ঋষভ গান্ধার ষড়জ, মধ্যম, ধৈবত এবং পঞ্চম এই কৃত্ম সপ্তসর (স্বরসপ্তকের প্রচলিত ক্রম থেকে এটি ভিন্ন) এবং হুঁ ফট বৌষট বষট স্বধা স্বাহা ও নমঃ অবস্থিত। এই পদ্মের অন্তম দলে বিষ এবং ষোড়শতম দলে অমৃত আছে। বিষ ধ্বংসাত্মক এবং অমৃত স্ট্যাত্মক শক্তির প্রতীক। এই চক্রই অসংসক্তি নামক জ্ঞানভূমি। অনাহত থেকে বিশুদ্ধাখ্য চক্র পর্যন্ত বিজ্ঞানময়

১ ব্দরে: দর্বে: শোণের্দলপরিলসিতের্দীপিতং দীপ্তৰ কে: ।—ৰ নি, শ্লো ২৮

সমান্তে পূর্ণেন্দুপ্রাধিততমনভোমগুলং বৃত্তরূপন্।—ঐ

তদন্তর্ব্যোমবীজঞ্ঞ শুক্রং হৈমগজন্বিতন্ ।—ভূতশুদ্ধিতশ্রবচন, দ্রঃ ব নি, লো ২৮-এর কালীচরণকৃত টীকা

<sup>•</sup> নভোমগুলে বাক্শোত্ৰেক্সিশৰ দতম্বেতি ত্ৰিরিতি।—ঐ শ্লো ৪০-এর কালীচরণকৃত টীকা

<sup>💩</sup> পদ্মমধ্যে বরাটে চ জন লোকং সুফুল্মরম্।—নি ত, পঃ 🕨

৭ হুধালো: সম্পূর্ণ শশপরিরহিতং মণ্ডলং কণিকারাং মহামোক্ষধারং গ্রিরমন্তিমতশীলস্ত শুদ্ধেক্রিরস্ত ।

<sup>—্</sup>য নি, শ্ল<del>ো</del> ৩**•** 

৮ তত্রান্তে শাকিনীশক্তিঃ গুধাংশোর্মগুলে গুলে।—প্রেমযোগতরঙ্গিনীবচন, দ্রঃ য নি লো ৩০-এর কালীচরণ-কৃত টীকা

S. P., 2nd Ed, 1924, p. 141 and f. n. 5

কোশ। প্রসঙ্গক্রমে উল্লেখ করা যায় প্রাণময় মনোময় বিজ্ঞানময় কোশে রজোগুণ প্রধান সংখ্যদেহ অবস্থিত। প্রত্যাধি এই কোশত্রয়কে নিয়েই সংখ্যদেহ গঠিত।

বিশুদ্ধাখ্যচক্ৰকে কেউ কেউ Laryngeal plexus বলে থাকেন।

ললনাচক্র বা কালচক্র —বিশুদ্ধাখ্য চক্রের উর্দ্ধেএবং আজ্ঞাচক্রের নীচে তালুম্লে একটি অপ্রধান চক্র আছে। একে ললনাচক্র বা কালচক্র বলা হয়। এটি ষট্চক্রের অন্তর্ভুক্ত নয়, পদ্মটি খাদশদল রক্তবর্ণ। এতে শ্রেদ্ধা সন্তোষ অপরাধ দম মান স্বেহ শুদ্ধতা অরতি সম্বয় এবং উর্মি এই বৃত্তিগুলির অবস্থান নির্দেশ করা হয়।

আজ্ঞা—বিশুদ্ধাথাচক্র এবং ললনাচক্রের উর্ধের আজ্ঞাচক্র। এটি শুল্রবর্ণ দিদল পদ্ম। জনমধ্যে আজ্ঞাচক্র অবস্থিত। বলা হয়েছে—কণ্ঠ ও তালুমূল ভেদ করে উর্ধের উঠে কুগুলিনী জনমধ্যে অবস্থিত খেতবর্ণ কল্যাণময় দিদলপদ্মে প্রবেশ করেন। হ ও ক্ষ এই হুইবর্ণ দিদলে অবস্থিত। এই পদ্ম মনের স্থান। শ

কুদ্রধামলের মতে এই চক্রে গুরুর আজা সংক্রমিত হয় বলে একে আজ্ঞাচক্র বলা হয়। গুভাস্কররায় লিখেছেন জুমধ্যে ছিদলপন্নে আজ্ঞাকারী শ্রীগুরুর অবস্থানের জন্ম একে আজ্ঞাচক্র বলা হয়। ৮

আবার এই বিদলপদাকে জ্ঞানপদাও বলা হয়। নির্বাণতদ্মে বলা হয়েছে বিশুদ্ধাখ্যচক্রের উর্ধের আছে স্তর্গত বিদল জ্ঞানপদা, এটি পূর্ণচক্রের মণ্ডল।

এই চক্র ভেদ করলে যথার্থ জ্ঞানোদয় হয় বলে একে জ্ঞানপদ্ম বলা হয়। মহামহোপাধ্যায় গোপীনাথ কবিরাজ মহাশয় লিথেছেন—'মূলাধার, স্বাধিষ্ঠান, মণিপূর, অনাহত, বিশুদ্ধ, লম্বিকাগ্র (ললনা) এবং আজ্ঞা এই-সব চক্র অজ্ঞানরাজ্যের অন্তর্গত। যদিও অধোবর্তী চক্র অপেক্ষা উ ধ্ববর্তী চক্রে শক্তির স্ক্ষেতা তথা নির্মলতার বিকাশ অধিক হয় তথাপি এ-সব যে অজ্ঞানসীমার অন্তর্গত এ বিষয়ে কোনো সন্দেহ নাই। জ্ঞানসঞ্চারের সঙ্গে সঙ্গে আজ্ঞাচক্রভেদ হয় অথবা অন্তভাবে বলা যায় আজ্ঞাচক্রভেদ করলেই জ্ঞানের উদয় হয়।' ইণ্

১ পুড, p. 51 ২ ঐ ও Ś. Ś., 4th Ed., p. 684

<sup>. 8</sup> S. P., 2nd Ed., 1924, p. 125

<sup>&</sup>lt; আজ্ঞাচক্রং তদুর্থের তু শুক্লং বিদলমণ্ডিতম্।—দ্রঃ য নি, লো ৩২-এর কালীচরণকৃত টীকা

৬ তালুকণ্ঠং প্ৰবিশ্যোধিং জৰুণাত্তে সিতং শুভম্। দিনলং হক্ষবর্ণাভ্যাং মনোংধিন্তিতমম্ব্ৰুষ্। ক্রঃ ব নি, ৩২-এর কালীচরণকৃত টীকা

৭ আজ্ঞাসক্রেমণং তত্র গুরোরাজেতি কীর্তিতন্।—র বা, উ: ত, প: ২৭

জনখ্য বিশ্বপথে আজ্ঞাপকশু শ্রীঞ্জারবন্ধানালক্ষাচক্রসংজ্ঞ। —ল স, > ০-এর সৌ ভা

এতংপল্পক্তের ছিলেশে জ্ঞানপল্প: ফুর্লভন্। পত্রবয়সমাবৃত্তং পূর্ণদশন্ত মণ্ডলন্।—নি ত, পঃ »

<sup>&</sup>gt; अकिमाधना, क अ ख, शृः ७३

আলোচ্য বিদলপদ্মের কর্ণিকার মধ্যে চন্দ্রের মত শুত্রবর্ণা বড়াননা হাকিনীশক্তি অধিষ্ঠিতা।

উক্ত পদ্মকর্ণিকার মধ্যেই আছে যোনি বা শক্তিত্রিকোণ এবং তার মধ্যে বিছ্যুদ্মালার মতো উজ্জ্ব ইতর নামক শিবলিঙ্গ। আর আছে শক্তিস্থান (পরমকুলপদ) এবং ব্রহ্মনাডীর প্রকাশক বেদবর্ণিত আদি বীজ ওঁ।

খিদলপান্থের কর্ণিকার মধ্যে হাকিনী আদির অবস্থানক্রম এইভাবে চিন্তা করতে হয়— হাকিনীশক্তি, তদুর্ধের ত্রিকোণ, ত্রিকোণমধ্যে ইতরলিঙ্গ, তদুর্ধের ত্রিকোণমধ্যে প্রণব, তার উর্ধের মন। মনের উর্ধের চন্দ্রমণ্ডলে হংসক্রোড়ে শক্তিসহ পরমশিব বিরাজমান। এই হংসকে নির্বাণতন্ত্রে শস্ত্রীজ বলা হয়েছে।

পরবিন্দু শিবশক্ত্যাত্মক। ওঁকারের যে-বিন্দু তা পরবিন্দুর প্রতীক। কাজেই এখানেই সশক্তি পরমশিব বা পরশিবের অধিষ্ঠান। এই পরশিবকে শভূও বলা হয়েছে। পরশিবের শক্তিকে বলা হয়েছে সিদ্ধকালী। স্ক্রামূ

লক্ষ্য করার বিষয় ব্রহ্মা বিষ্ণু । ঈশ্বর সদাশিব এবং পরশিব তদ্ধোক্ত এই বট্শিব<sup>৯</sup> মূলাধারাদি বট্চক্রে অধিষ্ঠিত।

ত্রিকোণমধ্যে যে-প্রণবের কথা বল হল ষট চক্রনিদ্ধপণের মতে এই প্রণব শুদ্ধবৃদ্ধিস্বদ্ধপ অস্তরাত্মা। প্রদীপশিথার মতো উজ্জ্বল প্রণব বিরচিত হয় এইভাবে—অকার এবং উকারের সন্ধি করলে হয় ও। এই ওকারের উর্ধেব আছে অর্ধচন্দ্র এবং তার উপরে বিন্দুরূপী

১ তন্মধ্যে হাকিনী সা শশিসমধ্বলা বক্তু বটুকং দধানা ৷ – ব নি লো ৩২

২ বোনো তংকণিকায়ামিতরশিবপদং লিকচিহ্নপ্রকাশন্। বিহায়ালাবিলাসং পরমকুলপদং ৰুদ্ধহত্তপ্রবোধং বেদানামাদিবীজং শ্বিরতরহুদ্রশিচস্তরেত্তং ক্রমেণ।—ব নি, লো ৩০

এবঞ্চ পদ্মকর্ণিকায়াং হাকিনীশক্তিন্ত্র্প ত্রিকোণে ইতরলিলং তদ্পে ত্রিকোণে প্রণবন্তদ্পি মন
ইত্যেবং ক্রমেণ চিন্তরেদিতি।—এ, কালীচরণকৃত টীকা

তদুর্থের চক্রমণ্ডলে হংসক্রোড়ে পরমশিবঃ সশক্তিক ইতি।—ঐ, লো ৩৮-এর কালীচরণকৃত টীকা
 ( ख: T. T., Vol. II, পৃ: ৫৩)

<sup>ে</sup> শস্ত্ৰীজং হি তন্মধ্যে সাকারং হংসরপকন্।—নি ত, পঃ ।

৬ জঃ ষ নি, লো ৩৭-এর কালীচরণকৃত চীকা

৭ তবাজাচক্রস্থং তপনশশিকোটিছাতিধরং পরং শস্তুং বন্দে পরিমিলিতপার্থং পরচিতা।

<sup>—्</sup>मी न, क्षा ७७, जः महीगृत मः, ১>६७

৮ বামভাগে সিদ্ধকালী সদানন্দ্ররূপিণী।—নি ত, পঃ >

ৰুদ্ধা বিকৃষ্ণ ক্ষমণ্ট ঈশবুণ্ট সদালিব:। তভঃ পরলিবো দেবি বট্লিবাঃ পরিকীর্তিতা:।

<sup>—</sup>ভারাবোঢ়াক্সানাধিকারভন্তবচন, জ: বট্চক্রবিবৃতি, ( T. T., Vol. II পু: ১২৪ )

ম(ওঁ)। বট চক্রনিরূপণে বলা হয়েছে তারও উর্থেব আছে অবাস্তর নাদ। এটি বলরামের মতো অতিশয় শুল্ল এবং চল্লের মতো কিরণবর্ষী।

প্রেই ম্লাধার থেকে বিশুদ্ধাখ্যতক পর্যন্ত পাঁচটি চক্রে পঞ্চমহাভূত, পঞ্চন্মাত্র, পঞ্চ কর্মেন্দ্রিয় এই কুড়িটি স্থুল তত্ত্বের অবস্থান নির্দেশ করা হয়েছে। আজ্ঞাচক্রে সক্ষমনের অবস্থিতির কথাও বলা হয়েছে। শেষোক্ত বিষয় সম্পর্কে কন্ধালনীতন্ত্র বলেন আজ্ঞাচক্রে সর্বদা হাকিনীশক্তিলান্থিত উত্তম তৈজস মন দীপ্তি পাছে। এই মন লক্ষিত হয় প্রকৃতি বৃদ্ধি এবং অহংকারের দারা।

শৈব-শাক্ত-দর্শন অমুসারে প্রকৃতি একদিকে প্রকৃতি অন্তদিকে বিকৃতি। শারদাতিলকে বলা হয়েছে মূলভূত অব্যক্ত পরবস্তুর বিকৃতি থেকে গুণ এবং অস্তঃকরণাত্মক মহন্তত্বের উদ্ভব হল। তার থেকে স্পষ্টিভেদে ত্তিবিধ অহংকার উৎপন্ন হল।

বিক্বতি অর্থ করা হয়েছে প্রতিবিষ। যা পরবম্বর প্রতিবিষদ্ধপে বিক্বতি তাই মহন্তবাদির প্রকৃতিদ্ধপে প্রকৃতি।

শৈবদর্শনে যাকে বৃদ্ধিতত্ত্ব বলা হয় সংখ্যদর্শনে তাকেই বলা হয় মহন্তত্ত্ব। পূর্বেই বলা হয়েছে মহন্তত্ত্ব গুণ এবং অন্তঃকরণাত্মক। গুণ বলতে বৃঝায় সন্ত, রজ এবং তম এই তিন গুণ। আর অন্তঃকরণ বলতে বৃঝায় মন বৃদ্ধি অহংকার এবং চিন্ত। এই চারটিকে বলা হয় অন্তঃকরণ চতুইয়।

তত্ত্বরূপে সংকল্পবিকল্পাত্মক মনের অর্থাৎ মনস্তত্ত্বের উদ্ভব হয় তৈজদ বা রাজসিক অহংকার থেকে । পূর্বোক্ত মন থেকে এটি পূথক্।

তদন্তশ্চক্রেহয়িরিবসতি সততং শুদ্ধবৃদ্ধান্তরাক্ষা প্রদীপাভন্তোতিঃ প্রণব্যরচনারপবর্গপ্রকাশঃ।
 তদুর্থের চক্রার্থগুরুপরি বিলসদ্বিন্দুরূপী মকারঃ।—য় নি, য়ো ৩

মনকাত্র সদাভাতি হাকিনীশক্তিলাঞ্চিত্র। বৃদ্ধিপ্রকৃতাহয়ারালক্ষিতং তৈজসং পরম।

 —কয়ালমালিনীতয়, পঃ ২

মূলভূতাত্ততোহব্যস্তাৎবিকৃতাৎ পরবস্তনঃ। আসীৎ কিল মহন্তবং গুণান্তঃকরণাত্মকয়।
 অভূতসাদহকারত্রিবিধঃ স্ষ্টিভেদতঃ।—শা তি ১।১৭-১৮

বিকৃতাদিতি ইদং পরবস্তুলঃ প্রতিবিম্বত্বেন বিকৃতিরূপং মহন্তবাদীনাং প্রকৃতিত্বাৎ প্রকৃতিনামকঞ্।
 —ব নি, লো ৪ ৽-এর কালীচরণকৃত ট্রিক।

৬ সৈব ৰুদ্ধিৰ্মহন্ত্ৰাম তত্বং সাংখ্যে নিগছতে।—ঈশানশিবোক্তি, ত্ৰঃ শা তি ১।১৭-এর রাঘবভট্টকৃত টীকা

৮ যচ্চাপরং মনতবং সসংকলবিকলকম্। তৈজসাবেৰ সঞ্জাতম্।—শা তি ১।১৯-এর রাঘবভট্টকৃত টীকা

তত্ত্বের বিচারে স্পষ্টক্রম এই—প্রকৃতির থেকে মহন্তব্ব বা বৃদ্ধি, তার থেকে অহংকার, তার থেকে মন উদ্ভূত। কাজেই 'মন লক্ষিত হয় প্রকৃতি বৃদ্ধি এবং অহংকারের দারা' কন্ধান-মালিনীতদ্বের এই উক্তির তাৎপর্য আজ্ঞাচক্রে প্রকৃতি থেকে মনস্তব্ব পর্যন্ত তত্ত্ব অবস্থিত।

কিন্তু সাধারণতঃ কথাটাকে সংক্ষেপ করে বলা হয় আজ্ঞাচক্র মনন্তত্ত্বের স্থান।

আজাচকে কলপ্রস্থি অবস্থিত। এই প্রদক্ষে উল্লেখ করা যায় ভাস্কররায় লিখেছেন বট্চকের প্রতিচক্রে ছটি করে প্রস্থি আছে একটি আদিতে একটি অস্তে। কিন্তু সাধারণতঃ মূলাধার, অনাহত এবং আজাচক্রে যথাক্রমে ব্রহ্মপ্রস্থি, বিষ্ণুগ্রন্থি এবং কলপ্রস্থি এই তিনটি গ্রন্থিই স্থান নির্দেশ করা হয়। ভাস্কররায় ক্ষিত মূলাধারম্থ উভয়গ্রন্থির নামই ব্রহ্মপ্রস্থি, অনাহতচক্রম্থ উভয়গ্রন্থি বিষ্ণুগ্রন্থি এবং আজাচক্রম্থ উভয় গ্রন্থিই কল্পগ্রন্থি। ভাস্কররায় কোনো চক্রেরই গ্রন্থির নাম করেন নি। কাজেই অন্ত ভিনটি চক্রের গ্রন্থির নাম পাওয়া গেল না।

আজ্ঞাচক্রই সর্বদেবত্র্লভ তপোলোক। এইটি পদার্থাভাবিনী নামক জ্ঞানভূমি। বিশুদ্ধাথ্যচক্র থেকে আজ্ঞাপর্যন্ত আনন্দময়কোশ। আনন্দময়কোশ স্বপ্তণ প্রধান কারণ-দেহাবস্থা। বৃষ্ট্রচক্রের এই মোটামোটি বিবরণ। লক্ষ্য করার বিষয় মূলাধারাদি পদ্মের মোট দলসংখ্যা পঞ্চাশ এবং এই দলগুলিতে সংস্কৃত বর্ণমালার পঞ্চাশটি বর্ণের অবস্থান নির্দেশ করা হয়েছে। পূর্বেই বলা হয়েছে প্রত্যেকটি বর্ণ একটি মন্ত্র, কাজেই একজন দেবতা। তা ছাড়া প্রতিপদ্মে বিশেষ দেবতার অবস্থিতি ষ্থাস্থানে বিবৃত হয়েছে।

চক্রে মনোনিবেশের ফর — ষ্ট্চক্রের প্রত্যেক চক্রের ধ্যানে মন নিবিষ্ট করার নানা ফল তয়াদিতে বর্ণিত হয়েছে। ষেমন ষ্ট্চক্রনির্মপণে স্বাধিষ্ঠানে মন নিবিষ্ট করার ফল এইভাবে বর্ণিত হয়েছে—ষে-মাম্য স্বাধিষ্ঠান নামক অমলপদ্মের চিন্তা করেন তাঁর অহংকার-দোবাদি সমস্ত রিপু তৎক্ষণাৎ ক্ষয়প্রাপ্ত হয়। তিনি যোগীশ্রেষ্ঠ হন এবং স্থা যেমন অন্ধকার নাশ করেন তেমনি তিনি মোহান্ধকার নাশ করেন। তাঁর অমৃতবর্ষী বাক্যের সৌন্দর্য গত্ত ও পতা রচনায় প্রকাশিত হয়।

<sup>5</sup> S. P., 2nd Ed., 1974, p. 129

২ আজ্ঞাকবাটে ক্লন্তগ্রহো।—যোগশিখোপনিষৎ ১৮৭—এর ভাষ

৩ বট্চকেবু প্রতিচক্রমান্তস্তরোদে ীদো গ্রন্থী ৷—ল স, লো ৮৯-এর দৌ ভা

৪ তপোলোকমিদং ভদ্রে সর্বদেবস্য তুর্গ ভদ্ ।— नि ত, পঃ 🕨

ৎ পুত, p. 51. ৬ ঐ

বাধিষ্ঠানাথ্যমেতং সরসিজমনলং চিন্তয়েল্ বো মনুত্রন্তস্যাহংকারলোবাদিকসকলরিপুঃ ক্লীয়তে তৎক্রপেন।
বোগীলঃ সোহপি মোহাভ্ততিমিরচয়ে ভায়তুলাঞাকালো গজৈঃ পজৈঃ প্রবিদ্ধানিবরচয়তি

द्यावाकामत्माहनचीः।--व नि, क्षा ১৮

এ রকম ফলুলাভ ছাড়া চক্রবিশেষে মনস্থির করার আরেকটি দিক্ও আছে। সাধনমর্মজ্ঞরা বলেন 'জন্ম থেকে জগনাথের কাছে যাওয়ার পথে যে যে শক্তি আর জ্ঞানের ক্ষুরণ
হয়, তথা যে যে অভিজ্ঞতা লাভ হয়, ঋষিরা তাদের সব রহস্থ বিভিন্ন চক্রে অহুভব করেছেন।
দর্শনবিজ্ঞানের, জ্ঞানভূমির তথা সাধনরহস্থের সব তত্ত্বই এই-সব চক্রে নিহিত। চিত্তে যথন
যে-ভাবের সঞ্চার করতে সাধকের ইচ্ছা হয় তথন সেই ভাবের কেন্দ্র যে-চক্র তাতে মন স্থির
করলে সেই ভাবের ক্ষুরণ স্বতঃই হতে থাকে এ কথা সাধকমাত্রই স্বীকার করবেন।''

আজাচকের উর্দ্ধের চক্র — বট্চকের বিবরণের সঙ্গে সহস্রাবের বিবরণ না থাকলে কুণ্ডলিনীজাগরণের অবশুজ্ঞাতব্য বিষয় অসম্পূর্ণ থেকে যায়। আজ্ঞাচক্রের উর্দ্ধের এবং সহস্রাবের নীচে আরও চক্র আছে। এই-সব চক্রের সংখ্যা সম্বন্ধে অবশু মতভেদ আছে। কোনো কোনো মতে বহু। ধ

বলা হয় আজ্ঞাচক্রের উর্ধব থেকে সহস্রারের নিম্ন পর্যন্ত বিশুদ্ধসন্তময় অবস্থা।

সহস্রার সকল চক্রের উর্ধে সহস্রার। সহস্রারচক্র নয়, চক্রাতীত। ষট্চক্রনিরপণে বলা হয়েছে শঙ্খিনীনাড়ীর মস্তকে শৃতদেশে অর্থাৎ নাড়ীর হারা আর্ত নয় এমন
স্থানে এবং বিসর্গের অধোদেশে পূর্ণচন্ত্রের মতো অতিশুল্র উজ্জ্বল সহস্রদলপদ্ম বিরাজমান।
এই পদ্ম অধোম্থ। এর কিঞ্জ্বসমূহ তরুণস্থেরে রঙে রঞ্জিত। এই পদ্মের দেহ অকারাদিক্ষকারাস্ত পঞ্চাশৎ মাতৃকাবর্ণের হারা সমুজ্জ্বল। একে বলা হয়েছে কেবলানন্দস্বরূপ।

শাক্তানন্দতরঙ্গিণীধৃত জ্ঞানভায়ে মাথার উপরে শঙ্খিনী নাড়ীর স্থান নির্দেশ করা হয়েছে। শুক্রিনে বলা হয়েছে বামকর্ণ থেকে মাথার উপর পর্যস্ত শঙ্খিনীনাড়ী অবস্থিত। শুক্রারক্তের উধ্বভাগে বিদর্গ অবস্থিত। গুক্রিদর্গ শক্তির কুলরূপ, বিদর্গমগুল শক্তিমগুল। শু

ን 15, pp. 51, 58.

২ Spirit and Culture of the Tantras, S. R. C. M., Vol. 11, p. 204 ৩ পুড, p. 51

ala .0 a

<sup>ে</sup> কুছক্ষ লিক্ষমূলে ভাং শন্ধিনী শিরসোপরি।—ক্ত প্রা তো, কাণ্ড ১, পরি: ৪, ব সং, পৃ: ৩৩

৬ আসবাকৰ্ণৎ দেবেশি শন্ধিনী চ শিরোপরি।—শ্রীক্রমবচন, স্তঃ বট্চক্রবিবৃতি ( T. T., Vol. II, পৃঃ ১২৮)

৭ বিসর্গন্ত ৰ ক্ষরক ভো ধ্বভাগে।—ব নি, লে। ৪০-এর কালীচরণকুত টীকা

৮ কুলরাপং ভবেৎ শক্তিং বিসর্গমঙলং প্রিরে।—নির্বাণপদ্ধতিবচন, দ্রঃ বটুচক্রবিবৃতি

সহস্রদলপদ্মের দলসংস্থান সম্বন্ধে বলা হয়েছে—"সহস্রদলপদ্মের চারিদিকে পঞ্চাশটি দল বিরাজিত এবং উপ্যাপরি কুড়ি স্তবে সজ্জিত।" প্রত্যেক স্তবের পঞ্চাশ দলে পূর্বোক্ত পঞ্চাশ মাতৃকাবর্ণ অবস্থিত।

সহস্রদলপদ্মের কর্ণিকার মধ্যে শশহীন অর্থাৎ দীপ্তিমান্ শুদ্ধপূর্ণচন্দ্র বিরাজিত। অমৃতিমিশ্ধ শীতল এই চন্দ্র জ্যোৎস্পান্ধাল বিকীরণ করছে। এই চন্দ্রমণ্ডলের মধ্যে বিত্যতাকার ত্রিকোণ শোভা পাচ্ছে। এই ত্রিকোণের মধ্যে সমস্ত দেবতাদের দারা সেবিত অভিগুপ্ত শৃষ্ঠা বিরাজমান। শৃষ্ঠা অর্থ বিন্দু। প

এই বিন্দু অতি স্ক্ষ বলে স্পুপ্ত। অতিশয় ষত্মসহকারে নিরস্তর ধ্যানাদির অস্প্রান করলে এটি সাধকের কাছে প্রকাশিত হয়। এই বিন্দু মোক্ষের প্রধান মূল এবং অমাকলার সহিত নির্বাণকলার প্রকাশক। অথবা বলা যায় ত্রিকোণাস্তর্বতী অমাকলা ও নির্বাণকলার সহিত ধ্যানের দ্বারা বিন্দুরূপ শৃত্য প্রকাশিত হয়।

এই স্থানে প্রমশিব নামে প্রসিদ্ধ দেবতা অধিষ্ঠিত। ইনি ব্রহ্মস্বন্ধণ, সর্বাত্মা। এঁর মধ্যে রস এবং বিরস অর্থাৎ প্রমানন্দ-রস (মোক্ষ) এবং শিবশক্তিদামরক্তমনিত আনন্দ একত্র অবস্থিত। ইনি অজ্ঞান ও মোহাদ্ধকার ধ্বংসকারী সূর্য। বিশ্বনাথ ষ্ট্চক্রবিবৃতিতে লিখেছেন এই প্রমশিব প্রকাশস্ক্রপ সপ্তণ শিব<sup>®</sup> অর্থাৎ সপ্তণ ব্রহ্ম।

পূর্বোক্ত ত্রিকোণমধ্যন্থ বিন্দু বা শৃক্তই পরমশিব, ইনিই পরলিক্ষ। বট্চক্রনিরূপণে বলা হয়েছে এই ভগবান্ শিব অমৃতোপম বস্তুর নিরবধি প্রভৃত ধারাবর্ধন করে নির্মলচিত্ত যতিকে স্বাত্মজ্ঞান অর্থাৎ জীবাত্মাও পরমাত্মা যে এক এইজ্ঞান উপদেশ দেন। ইনি সর্বেশ। সকল প্রকার স্থের ক্রমবিস্তৃত লহরী উত্তরোত্তর এঁর মধ্যে প্রকাশিত হচ্ছে অর্থাৎ ইনিই সকল স্থথের আকর। ইনি পরমহংস নামে পরিচিত।

১ जः वांगीकत, मः १, १ ६२

২ সমাত্তে তপ্তান্তঃ শশপরিবহিতঃ শুদ্ধসম্পূর্ণচন্দ্রঃ ক্ষুরৎস্ক্রোৎস্বান্ধানঃ পরমরসচরম্বিদ্ধসন্তানহাসী।
ক্রিকোণং তপ্তান্তঃ ক্ষুরতি চ সততং বিদ্নাদাকাররপং তদন্তঃ শৃন্তং তৎ সকলপ্রগণৈ সেবিতং চাতিগুপ্তম।
—ব নি. সো ৪১

৩ বিন্দুপৰে দ্ব শৃষ্ঠাং স্থাৎ তথা চ ঋণপুচকন্।—তোড়লতন্ত্ৰবচন, ক্ৰ: ঐ, কালীচরণকৃত চীকা

কৃত্তপ্তং তল বজাদতিশরপরমামোদসন্তানরাশেঃ পরং কলাং ক্ষাং সকলশশিকলাগুদ্ধরাপপ্রকাশম্।
 ইহস্থানে দেবঃ পরমশিবসমাধ্যানসিদ্ধঃ প্রসিদ্ধঃ স্বরূপী সর্বায়া রসবিরসমিতোহজ্ঞানমোহাদ্ধহংসঃ।
 —ব নি, রো ৪২। ত্রঃ কালীচরণকৃত টীকা

<sup>ে</sup> পরমনিবাধা: সপ্তণঃ নিব: প্রকাশাস্থা ।—বট্চক্রবিবৃতি ( T. T., Vol. II, পু: ১২৯ )

৬ তদস্তব্রিকোণমধ্যে শৃক্তং পরলিক্সম্।—এ

পুথাধারাসারং নিরবধি বিমুক্তরতিতরাং বতেঃ বাল্বজানং দিশতি ভগবান্ নির্মলমতেঃ।
 সমাত্তে সর্বেশঃ সকলহুথসন্তানলহরীপরীবাহো হংসঃ পরস ইতি নায়া পরিচিত।—ব নি, ল্লো ৪৩

ছংস — কালীচরণ বলেন এখানে হংস অর্থ 'হং-সং এই মন্ত্র।' তিনি স্থীয় মতের সমর্থনে প্রপঞ্চনারতন্ত্রের হৈ যে-বচন উদ্ধৃত করেছেন তার অর্থ এই — তবসংজ্ঞা শক্তি চিমাত্রা। তিনি যথন সিম্পুক্ হন তথন ঘনীভূত হয়ে বিন্দুরূপ ধারণ করেন। তার পর যথাসময়ে সেই বিন্দু আপনাকে ছিধা বিভক্ত করেন। ভান দিকের ভাগকে বিন্দু আর বাম দিকের ভাগকে বিদর্গ বলা হয়। দক্ষিণ এবং বাম ভাগকে যথাক্রমে পুরুষ ও স্থী মনে করা হয়। হং বিন্দু আর সং বিসর্গ নামে পরিচিত। বিন্দু পুরুষ, বিদর্গ প্রকৃতি। হংস পুরুষপ্রকৃত্যাত্মক এবং জগৎ হংসাত্মক।

পরমশিব স্বাত্মজ্ঞান উপদেশ দেন। কাজেই তিনি গুরু। নির্বাণতত্ত্বে বলা হয়েছে—
শিরংপল্লে অর্থাৎ শিরস্থিত পল্লে পরমগুরু মহাদেব বিরাজমান। ত্রিভূবনে তাঁর তুল্য পূজ্য
নাই। গুরু পরমগুরু পরাপরগুরু এবং পরমেষ্টিগুরু এই গুরুচতুইয়কে তাঁরই অংশ মনে
করবে।

উপাস্তদেবভার আলয়—উক্ত তন্ত্রমতে সহস্রারপদ্ম প্রমশিব তথা প্রব্রহ্মের আলয়, প্রম মোক্ষের আলয় , মিপ্তিণের ও মহাকালীর আলয়।

সহস্রারকে শৈবরা বলেন শিবস্থান অর্থাৎ কৈলাস, বৈষ্ণবেরা বলেন প্রমপুরুষের অর্থাৎ বিষ্ণুর স্থান, অল্যেরা থারা হরি এবং হর উভয়ের উপাসনা করেন তাঁরা বলেন হরিহরের স্থান, দেবীর ভক্তরা বলেন এটি দেবীর স্থান এবং জ্ঞানী ব্যক্তিরা একে প্রক্রের অর্থাৎ হংসের অমল স্থান বলে থাকেন।

বন্ধনংহিতার মতে সহস্রার শ্রীক্কঞ্চের স্থান গোকুল। মাটকথা সহস্রার শৈবশাক্ত বৈষ্ণবাদি উপাসকদের উপাস্তদেবতার স্থান বলে গণ্য হয়।

অমাকলা-সহস্রারকর্ণিকাস্থ ত্রিকোণের মধ্যে অমাকলা ও নির্বাণকলার অবস্থিতির

<sup>&</sup>gt; অরং সর্বেশো হংসঃ হংস ইত্যামুপুর্বিকমন্ত্রাকারঃ।—ব নি, লো ৪৩-এর টীকা

সা তত্ত্বসংজ্ঞা চিন্মাত্র। জ্যোতিবং সন্নিধেন্ততঃ। বিচিকীর্ ঘনীভূর কচিদভোতি বিন্দৃতান্। কালেন ভিদ্যমানস্ত স বিন্দুর্ভবতি বিধা। বিন্দৃদ্দিকণভাগত বামভাগো বিসর্গক:। তেন দক্ষিণবামাখ্যো ভাগো পুংস্ত্রীবিশেবিতো। হক্কারো িন্দুরিত্যুক্তো বিসর্গঃ স ইতি স্মৃতঃ। বিন্দুঃ পুরুষ ইত্যুক্তো বিসর্গঃ প্রকৃতিঃ স্মৃতঃ। পুংপ্রকৃত্যান্তকো হংসন্তদান্তকমিলং জগং।—দ্রঃ ঐ

৪ পরং ৰ জালয়ং হোতৎ পরং মোকালয়ং প্রিয়ে। নির্শ্বণদালয়ং দাকাং মহাকালালয়ং শিবে।—য়, প: ১০

শিবস্থানং শৈবাঃ পরমপুরুষং বৈক্ষবগণা লপস্তীতি প্রান্ধো হরিহরপদং কেচিছপরে।
 পরং দেবাা দেবীচরণ্যুপলাভোক্তরসিকা ম্নীক্রা অপ্যক্তে প্রকৃতিপুরুষস্থানমমলদ্।—য় বি, রো ৪৪

সহশ্রপত্রং কমলং গোকুলাব্যং মহৎপদম্ ।—ব্রহ্মসংহিতা ২

विषय शूर्ति উল्लंभ कता इरम्रह । यहे ठक्किन ब्रांग वना इरम्रह र ठल्क साएनी भना कना শিশুফুর্যের বর্ণবিশিষ্টা শুদ্ধা মুণালস্থত্তের শতভাগের একভাগের মত কলা। এই কলার দেহ কোটি বিত্যুতের মতো উজ্জল এবং কোমল। ইনি অধোম্থী। শিবশক্তির সামরস্তের फल (य-পूर्वानन्त-शीय्वधाता विशनिष्ठ इत्र व्ययाकना जात धातिनी।

নির্বাণকলা— মমকলার অভান্তরে সর্বশ্রেষ্ঠা কলা নির্বাণকলা অবন্ধিতা। কেশাগ্রের সহস্রভাগের একভাগের মতে। অভিসন্ধ এই কলা। সর্বপ্রাণীর অধিদেবতা এই ভগবতী তত্ত্তান প্রদান করেন। অর্দ্ধচন্দ্ররূপা অমাকলার মতো ইনি কুটিলাকারা এবং দাদশসূর্যের প্রভার মতো ইনি প্রভাশালিনী।

निर्वापकना मधन्मी कना। वंतरे नाम जमनी। कदानमानिनीज्य वना इरम्ह সহস্রারকর্ণিকার মধ্যে চক্সমণ্ডলে আছেন সর্বসন্ধরহিতা সপ্তদশী কলা। তাঁরই নাম উন্মনী। তিনি ভবপাশচিমকাবিণী।8

নির্বাণশক্তি—নির্বাণকলার ক্রোড়ে অপূর্বা পরমা অর্থাৎ পরবন্ধশক্তিরপা নির্বাণশক্তি অবস্থিতা। ইনি কোটিস্থব্বে মতো উজ্জ্বন, ত্রিভূবনজননী, কেশাগ্রের কোটিভাগের একভাগের মতো অতি হক্ষা এবং নিরম্ভরবিগলিত প্রেমধারার ধারিণী। ইনি সমস্ভ জীবের জীবস্বরূপিণী এবং মুনিদের মনে তত্ত্বজ্ঞানবহনকারিণী It

তত্তজ্ঞেরা বলেন নির্বাণশক্তির মধ্যে আছে মায়ামলরহিত শাশ্বত শিবপদ। এটি শুদ্ধবোধময় সকলম্বথময় যোগীদের জ্ঞানমাত্রগম্য এবং নিত্যানন্দ নামে থ্যাত। কোনো কোনো স্থণী ব্যক্তি একে বলেন ব্ৰহ্মপদ, কেউ কেউ বলেন বিষ্ণুর স্থান, কেউ কেউ বলেন

<sup>&</sup>gt; व्यकार्त्य निष्ठपूर्यमाप्रकला हतामा मा याज्यी एका नीववरणाञ्चनाञ्चा व्यक्तिकामा भवा। विद्यारकोिममानरकामनजन्विरक्षािकाश्याम्यौ भूनीनन्तभावािकविशनरभी युवधानाधता ।

২ নির্বাণাখ্যকলা পরা পরতরা সান্তে তদন্তর্গতা কেশাগ্রস্ত সহস্রধা বিভল্লিতক্তৈকাংশরূপ। সতী। ভূতানামধিদৈবতং ভগৰতী নিত্যপ্ৰৰোধদয়া। চক্ৰাদ্দাদসমানভদুৱৰতী সৰ্বাৰ্কতুলাপ্ৰভা।

<sup>—</sup>य नि. (#1 89

उत्राक्ष कृष्टिमा निर्वागांचा मश्चमनी कमा।—क्काममानिनीउप, भः २

৪ সহস্রারকণিকারাং চল্রমণ্ডলমধ্যপা। সর্বসন্ধরহিতা কলা সপ্তদশী ভবেং। উন্মনী নাম তক্তা হি ভবপাশনিক্স্তনী।—দ্রঃ ব নি ক্লো ৪০-এর কালীচরণকুত টীকা

<sup>ে</sup> এভক্তা মধ্যদেশে বিলস্তি পরমাপুর্বনির্বাণশক্তিঃ কোট্যাদিত্যপ্রকাশা ত্রিভূবনজননী কোটভাগৈকরূপা। কেশাপ্রস্তাতিস্কা নিরবধিবিগলৎপ্রেমধারাধর। সা সর্বেবাং জীবভূতা মুনিমনসি মুদা তত্তবোধং বহস্তী।

ছংস। আবার অক্ত স্থক্কতিরা একে এক অনির্বচনীয় আত্মদাক্ষাৎকারস্থান অর্থাৎ মোক স্থান মনে করেন।

কল্লানালিনীতন্ত্রে বলা হয়েছে পরমা নির্বাণশক্তি সকলের ধোনিরূপিণী অর্থাৎ কারণরূপা। সেই শক্তিরই মধ্যে আছেন নিরাকার নিরঞ্জন শিব। এথানেই কুগুলীশক্তি পরমাত্মার সঙ্গে বিহার করেন।

নির্বাণশক্তি স্থান্টর কারণ। বলা হয়েছে— সত্যলোকে অর্থাৎ সহস্রারে নিরাকারা মহাজ্যোতিস্বরূপিণী নিজেকে মায়াচ্ছাদিত করে চণকাকারে অবস্থান করছেন। ইনি হন্তপদাদিরহিতা এবং চন্দ্রস্থাগ্রিক্কপিণী। মায়াবন্ধন ত্যাগ করে ইনি ঘথন বিধাবিভব্ধ ও উন্মুখী হন তথন শিবশক্তির বিভাগ হওয়ায় স্পান্টকল্পনার উদ্ভব হয়। শাধনারিক স্বরূপতঃ অভিয়। বিভাগ কাল্পনিক। সাধনার ক্ষেত্রে এর প্রয়োজনীয়তা আছে।

এই নির্বাণশক্তি পরবিন্দুরূপা। বলা হয়েছে নির্বাণকলার মধ্যে স্ষ্টিস্থিতিলয়াত্মক পরবিন্দু অবস্থিত। বিন্দু পরমকুগুলী আর তার মধ্যেকার শৃত্য দাক্ষাং শিব। কুগুলিনী আর নির্বাণশক্তি অভিন্ন।

কুলার্ণবিতত্ত্বে আলোচ্য বিন্দুকে পরব্রহ্ম বলা হয়েছে। নির্বাণতত্ত্বের মতে বিন্দুরূপ এই নিশ্তিণ সিদ্ধির কারণ। এঁকে কেউ বলেন ব্রহ্মা, কেউ বলেন বিষ্ণু, কেউ বলেন মহারুত্ত । এই দেব নিরঞ্জন এক। ইনি আতাশক্তিযুক্ত চণকাকাররূপ। দ

তন্তা মধ্যান্তরালে শিবপদময়লং শাষতং বোগিগয়াং নিত্যানলাভিধানং সকলম্থয়য়ং শুদ্ধবোধয়লপ্।
কেচিদ্ বুক্ষাভিধানং পদমিতি স্থিয়ো বৈঞ্বং তল্লপন্তি কেচিদ্হংসাধায়েতং কিমপি স্কৃতিনো
য়োক্ষয়প্রবোধয়।—য়, য়ো ৪৯

নির্বাণশক্তিঃ পরমা সর্বেবাং বোনিরাপিনী। তস্তাং শক্তো শিবং জ্ঞেয়ং নির্বিকারং নিরপ্পনন্।
 অত্ত্রেব কুগুলাশক্তির্বিহরেৎ পরমান্ধনা।—ককালমালিনীতন্ত্রচন, দ্রঃ ব নি, য়ো ৪৮-এর কালীচরণকৃত টীকা

ও সত্যলোকে নিরাকারা মহাজ্যোতিঃখরপিনী। মারমাদ্যাদিতান্থানং চণকাকাররপিনী। হস্তপাদাদিরহিতা চক্রপ্রযায়িরপিনী। মারাবন্ধনমূৎক্তর্যা বিধা ভিন্তা বদোর্থী। শিবশক্তিবিভাগেন জারতে স্টেকরনা।—ক্রঃ ব নি, রো৪৯-এর কালীচরণকৃত টাকা

৪ - ইয়ং নির্বাণশক্তি পরবিন্দুরূপেতি।—ব নি, লো ৪৮-এর কালীচরণকৃত টাকা

তন্ত্রংগ্র পরবিন্দুক স্টিস্থিতিলয়ায়কন্। প্রারুপে শিবঃ সাক্ষাং বিন্দুঃ পরমকুগুলা।

<sup>—</sup>এ, লো ৪> এর ঐ টীকা

৬ বুত্তঃ কুণ্ডলিনীশক্তি গুণত্ররসম্বিতঃ। শৃক্তভাগং মহেশানি শিবপক্ত্যাস্থকং প্রিয়ে।—এ

৭ বিন্দুরূপ্য পরং বুদ্ধ সহশ্রদলসংস্থিতম্।—ক্রঃ ঐ, লো ৪৮-এর ট্রকা

দিওলা বিলুরপঞ্চ সিদ্ধিকারণমের হি। কেচিদ্ বদন্তি স বুল্লা কেচিদ্ বিঞ্ প্রকণ্যতে।
 কেচিদ্ রুল্রো মহাপুর্ব একো দেবো নিরঞ্জনঃ। আভাশক্তিষ্তো দেবশ্চশকাকাররপকঃ।—নি ত, পঃ ১০

সহস্রারকে ত্রীয় নামক জ্ঞানভূমি বলা হয়। নির্বাণতন্ত্র-অন্থ্যারে সত্যলোক সহস্রার নির্বাণম্জির স্থান। বলা হয়েছে মহর্লোক সালোক্যম্জির স্থান, জনলোক সার্পাম্জির স্থান, তপোলোক সায়ুজ্যমুক্তির স্থান এবং তার উর্ধের নির্বাণ।

কোনো কোনো তন্ত্রে সহস্রদলপদ্মের কর্ণিকার মধ্যে একটি বাদশদলপদ্মের অবস্থিতি
নির্দেশ করা হয়েছে। এই পদ্ম গুরুর স্থান। এ বিষয়ে বলা হয়েছে — সহস্রার পদ্মের
কর্ণিকার মধ্যে এবং সেই স্থানের চন্দ্রমগুলের নিকটে বাদশদলপদ্ম। এই পদ্মের কর্ণিকার
মধ্যে আছে তেজাময় হংসপীঠ। হংসপীঠ অ-ক-থ-ত্রিকোণাস্তর্গত হ-ল-ক্ষ-বর্ণের বারা
শোভিত। এই হংসপীঠে শিবরূপী স্বীয় গুরুর ধ্যান করতে হবে।

সাধারণভাবে মূলাধারাদি চক্রের বিবরণ দেওয়া হল। এ-সবের অস্তস্তব্যের বিষয় একমাত্র যোগীরাই প্রকাশ করতে পারেন। কালীচরণ লিথেছেন—মহাযোগজ্ঞানের দ্বারা যিনি ষট্পদ্মের বিভব জানতে পেরেছেন তিনিই এ-সবের অস্তস্তব্য প্রকট করতে সমর্থ, অপর কেউ নয়। আর গুরু রূপা না হলে বুধশ্রেষ্ঠ জ্যেষ্ঠ ব্যক্তিও ষট্পদ্মের অস্তস্তব্ ব্যক্ত করতে পারেন না।

কুণ্ডলিনীজাগরণের তাৎপর্য— আমরা কুণ্ডলিনীজাগরণের বিষয় নিয়ে আলোচনা স্থক করেছিলাম। ষট্ জিংশত্তবের অভিব্যক্তিতে এমন এক অবস্থা আদে যথন শুদ্ধতবৃদ্ধহের দীমা শেষ হয়ে অশুদ্ধতবৃদ্ধহের দীমা আরম্ভ হয়। প্রকৃতি এবং তার বিকৃতিদম্হ নিয়ে অশুদ্ধতব্ব। কাজেই অশুদ্ধতব্ব প্রকৃতির রাজ্য। এইটি ক্দ্মুখ বলয় বা কৃত্তাদির মতো একটি সংক্দ্ধ বক্র বস্তু; এর বাইরে যাবার কোনো পথ নেই। এর মধ্যে বন্দী হয়ে আছে জীব আর আপন কর্যাক্রযায়ী অনবরত ঘূরপাক থাছে। জীব স্বন্ধতঃ শিবশক্ত্যাত্মক হলেও দে স্বভাবস্থলত বাদনাজালে এমনি জড়িয়ে পড়ে যে তার থেকে আর মৃক্ত হতে পারে না। মৃক্ত হতে পারে একমাত্র তথনই যথন পূর্বোক্ত ক্দ্মুখ বলয় বা বৃত্তের মুখ উন্মৃক্ত করে তাকে

১ পুড, p. 51

স (লাক)ং মহর্লোকং স্থাৎ সারপাং জনলোককে। সাযুজ্ঞাং তপোলোকেয় নির্বাণং হি তদু ধ্বকে।
 —নি ত, পঃ ।

কর্ণিকান্তঃপুটে তত্র ছাদশার্ণসরোক্তরে। তেজোময়ে কৃণিকান্তশন্তলমধ্যার।
 অকণাদিত্রিরেথীয়ে হলকজয়ভ্বিতে। হংসপীঠে ময়য়য়ে বতুরুং শিবরাপিণম্।

<sup>—</sup>পাত্রকাপঞ্চন্, ১-র কালীচরণকৃত টীকা।

মহাবোগজ্ঞানাৎ পরিচিতবড়ভোজবিভব:। স এবাস্তত্ত্বপ্রকটনসমর্থো ন হি পর:।
 বৃধল্লেটো জ্যেটোহপ্যমিলিতকুপানাথকরণ:। বড়জাততত্ত্বং বসহবিভবং প্রকৃটিরতুম।

<sup>—</sup>ষ্ট্চক্রনিরপণের প্ররাম্ভিক রোকের কালীচরণকৃত টীকা।

শুদ্ধতত্ত্বসমূহের রাজ্যে প্রবেশ করতে দেওয়া হয়। জীবের একমাত্র ভরদা প্রকৃতির পূর্বোক্ত বক্রভাবাপন্ন অবস্থা দূর করা, কুগুলী পাকান প্রকৃতিকে দোজা সরল করে দেওয়া। এরই পারিভাধিক নাম কুগুলিনীজাগরণ। প্রকৃতি আর কুগুলিনী অভিন্ন।

জীবের আত্মবিশ্বত অবস্থাই কুণ্ডলিনীর নিদ্রা। জীব বস্তুতঃ শিবস্বরূপ। কিন্তু আত্মবিশ্বত হওয়ার ফলে দে আপন শিবময় স্বরূপ অমুভব করতে পারে না।

মহামহোপাধ্যায় গোপীনাথ কবিরাজ মহাশয় লিথেছেন "জীবের আত্মা শিবস্বরূপ, মোহ ও অজ্ঞানে আচ্ছন্ন হইয়া উহা মূর্চ্ছিতবং হইয়া রহিয়াছে। এই শিবরূপী আত্মা ব্যোমতত্তে অর্থাৎ বিশুদ্ধচক্রে শবরূপে অবস্থান করিতেছে। ইহা গভীর প্রস্থপ্তি। এই স্থপ্ত আত্মাকে অর্থাৎ শবরূপী শিবকে না জাগাইতে পারিলে আত্মজ্ঞানের পথে অগ্রদর হওয়া স্থদ্রপরাহত। কিন্তু শক্তিভিন্ন এই স্বপ্ত শিবকে জাগাইবার অন্ত কোনো উপায় নাই। অথচ শক্তি স্বয়ং নিস্রাতে অভিভূত হইয়া আধারচক্রে জড়পিওবং পড়িয়া রহিয়াছে। এইজক্ত সাধকের সর্বপ্রধান ও সর্বপ্রথম কর্তব্য, এই স্থপ্ত শক্তিকে জাগ্রৎ করিয়া তাহার সাহায্যে শবরূপী শিবকে প্রবৃদ্ধ করা। মৃলাধার হইতে বিশুদ্ধচক্র পর্যন্ত পাঁচটি চক্র পাঁচটি ভৌতিক তত্ত্বের কেন্দ্র। শক্তি ব্যাপকভাবে সর্বত্রই স্থপ্ত রহিয়াছে। শক্তি এক এবং অভিন্ন, তথাপি চক্রভেদে তাহার স্থিতি পৃথক্ পৃথক্। মূলাধারচক্রে শক্তি জাগ্রৎ হইলে তাহার প্রভাবে স্বাধিষ্ঠান চক্রন্থিত শক্তি জাগ্রৎ হয়। এই প্রকারে তৃতীয়, চতুর্থ ও পঞ্চম চক্রের শক্তির জাগরণও বুঝিতে হইবে। মোটকথা একই শক্তি জাগ্রৎ হইয়া ষেমন ষেমন স্বয়ুমাপথে উর্দ্ধে উত্থিত হইতে থাকে তেমনি তেমনি তাহার জাগরণ ক্রমশ অধিক উজ্জ্বল ও স্পষ্ট হয় এবং চরম অবস্থায় শক্তির পূর্ব জাগরণকালে পাঁচটি চক্রই মৃক্ত হইয়া যায়। তথন আর কোথাও লেশমাত্র জড়ত্বের আভাস বর্তমান থাকে না। এই অবস্থায় অর্থাৎ আকাশতত্বে শক্তির পূর্ণ জাগরণের ফলে শবরূপী শিব জাগ্রৎ হন, আত্মার অনাদি নিদ্রা ভাঙ্গিয়া যায়। তথন শিবশক্তি উভয়েই জাগ্রৎ বলিয়া কেহ কাহাকেও ছাড়িয়া থাকিতে পারেন না, অর্থাৎ পরস্পর পরস্পরের আকর্ষণে আরুষ্ট হইয়া যুগলরূপে মিলিত হইবার জন্ত উর্দ্ধে উত্থিত হন। আজ্ঞাচক্রে জ্মধ্যস্থলে শিবশক্তির এই মিলন সংঘটিত হয়। \cdots ইহা থণ্ডমিলন, মহামিলন নহে। আজাচক্র হইতে সহস্রার পর্যন্ত মহামিলনের পথ নির্দিষ্ট রহিয়াছে।"●

কুণ্ডলিনীর পথ-কুণ্ডলিনী জেগে উঠে বে-পথে উর্ধে গমন করেন তাকে বলা হয়

<sup>5</sup> Tantra as a way of Realisation, O. Her. I., Vol. 1V, p. 294.

২ জ: পু ড, p. 60

৩ 'শ্ৰীক্ৰীসিদ্ধিৰাতা প্ৰসঙ্গ'-এর ভূমিকা, পুঃ ।৴-।৴•

ষ্ট্চক্রমার্গ। একে পিগুব্রহ্মাপ্তমার্গও বলা হয়। পুশুলিনী মূলাধারাদি ষ্ট্চক্রভেদ করে সহস্রারে গিয়ে পরমন্তিবের সঙ্গে মহামিলনে মিলিত হন এবং ষে-পথে গিয়েছিলেন সেই পথেই আবার মূলাধারে ফিরে আসেন। সাধকের যোগাভ্যাসের সময় প্রবৃদ্ধা কুগুলিনীর এক্কপ যাতায়াত চলে।

কুণ্ডলিনীর উর্ধ্বগমন-সম্বন্ধে বিচার—কুণ্ডলিনীর জাগরণের পর উর্ধ্বগমন-সম্বন্ধে একটি সিদ্ধান্তবিষয়ক প্রশ্ন উত্থাপিত হয়। প্রশ্নটি এই—কুণ্ডলিনী যথন মূলাধার থেকে উর্ধ্বগমন করেন তথন তিনি মূলাধার শৃত্ত করে যান কি? সাধারণতঃ তন্ধ্রশাস্ত্রে কুণ্ডলিনীর উর্ধ্বগমনের যে-বিবরণ পাওয়া যায় তার প্রেকে মনে হয় কুণ্ডলিনী যথন মূলাধার ছেড়ে যান তথন সেই চক্র শৃত্ত করেই যান। এতে এই আপত্তি হয়—দেহকেক্ত্রে মূলাধারে স্বপ্ত ক্রেলিনীই জীবদেহের প্রাণক্রিয়া তথা জীবনের আধার; দেহের অন্তিম্ব তাঁরই উপর নির্ভর করে। তিনি যদি দেহকেক্ত্র একেবারে ছেড়ে যান তা হলে দেহরক্ষা হয় না।

উত্তরে বলা হয় কুগুলিনী মূলাধার ছেড়ে উপরে উঠে গেলে দেহ হিম হয়ে যায়, শবদেহের মতো হয়ে যায় বটে কিন্তু নষ্ট হয় না। কারণ সহস্রারে শিবশক্তির মিলনহেতু যে-অমৃত প্রবাহিত হয় তাই দেহকে রক্ষা করে।

এ বিষয়ে ভিন্ন মতও আছে। কোনো কোনো মনীধী মনে করেন কুণ্ডলিনী উর্ধ্বগমনের সময় মূলাধার শৃক্ত করে যান না। স্থিতিশীল কুণ্ডলিনী অংশতঃ গতিশীল হয়ে উর্ধ্বগমন করেন। সহজ কথায় এঁদের মতে মূলাধারস্থিতা কুণ্ডলিনীর একটি প্রস্থৃতি (ejection) উর্ব্ধে গমন করে। প্রপঞ্চশারতন্ত্রে আছে—মূলাধার থেকে ক্রিততড়িতাভা স্ক্ররপা প্রভা মন্তকপর্যন্ত উর্ধ্বগমন করে। এই প্রভা সমস্ত তেজের মূলভূতা অমূতরা। প

পদ্মপাদাচার্য এথানে প্রভাশব্দের অর্থ করেছেন কুগুলিনীমস্তক। এর থেকে অহুমান করা যায় আচার্যের মতে ভূজগাকারা কুগুলিনীর মস্তক সহস্রারে চলে যায় এবং পুচ্ছের দিক্ মূলাধারে থাকে। কাজেই কুগুলিনী মূলাধার শৃক্ত করে উর্থের গমন করেন না।

ম্লাধারস্থা কুগুলিনীশক্তি অসীমা পূর্ণা। সেইজন্ত অংশতঃ উর্ধের গমন করলেও তাঁর মূল পূর্বরূপের ক্ষয় হয় না। কথাটা এই দাঁড়ায়—কুগুলিনী স্থিতিশীলরূপে মূলাধারে থাকেন আর গতিশীলরূপে চক্রগুলি ভেদ করে উর্ধের চলে যান।

এই মতে অসীমন্থিতিশীল কুগুলিনী যথন অসীমগতিশীল হয়ে যান এবং তাঁর বলয়াকার

১ বো হু ০া১-এর হরিহরানন্দ আরণ্য প্রণীত ভাষাটীকা। জঃ ক পা বো, ১৯০৮, পৃঃ ১৯৪

<sup>₹</sup> S. P., 2nd Ed., 1924, p. 318

মূলাধারাৎ ক্রিততড়িদাভা প্রভা ক্লুরপোদ্গক্স্যামন্তকমণ্তরা তেজসাং মূলভূতা।—প্র সা ত ১০।१

৪ প্ৰভা কুওলিদীমন্তক্ম্।—ঐ, টীকা

জার থাকে না তথন জীবের স্থূল কৃষ্ম এবং কারণ এই ত্রিবিধ দেহেরই লয় হয় এবং জীব বিদেহমুক্তি লাভ করে। কিন্তু এই ব্যষ্টিমুক্তিতে সংসারের লয় হয় না। কেন না সমষ্টির আধার মহাকুণ্ডলী ব্যষ্টির বিদেহমুক্তি হলেও সার্দ্ধত্রিবলয়াকারে অবস্থান করেন। কাজেই সংসারও থাকে।

লক্ষ্য করবার বিষয় কুগুলিনী মূলাধার শৃশু করে উধ্বগমন করেন কি না এ সম্পর্কে মন্তভেদ থাকলেও কুগুলিনীর জাগরণ এবং উর্ধ্বগমন-সম্বন্ধে কোনো মতভেদ নাই।

বোগের সংজ্ঞা—পূর্বেই বলা হয়েছে যোগ ব্যতীত কুগুলিনীর জাগরণ হয় না। শাল্পে যোগশব্দের বিভিন্ন সংজ্ঞা নির্দেশ করা হয়েছে। গোতমীয়তন্ত্রে বলা হয়েছে— যোগশব্দের অর্থ সংসার উত্তীর্ণ হবার উপায়। যোগবিশারদেরা জীবাত্মা ও পরমাত্মার ঐক্যকে যোগ বলেন।

•

শারদাতিলক, কুলার্ণব, মহানির্বাণ প্রভৃতি তল্পেও যোগের এই সংজ্ঞাই নির্দেশ করা হয়েছে।

শারদাতিলকের টীকাকার রাঘরভট্ট বলেন বোগের এই সংজ্ঞা বেদাস্তপক্ষের প্রাদত্ত সংজ্ঞা।\*

শারদাতিলকে বিভিন্নমতের ষোগসংজ্ঞা নির্দেশ করা হয়েছে। শৈবরা শিব এবং আত্মার অভেদজ্ঞানকে বলেন যোগ। আগমবিদ্রা বলেন শিবশক্ত্যাত্মক জ্ঞান যোগ। তভদবাদী বৈষ্ণবাদি বিশারদদের মতে প্রাণপুক্ষের জ্ঞানই যোগ। রাঘবভট্ট বলেন এই পুরাণপুক্ষর সাংখ্যমতে পুক্ষ, স্থায়মতে ঈশ্বর এবং বৈষ্ণব্যতে নারায়ণ। •

মায়াতত্ত্বে বলা হয়েছে প্রকৃতিবাদীরা শিবশক্তির সামরশুকে যোগ বলেন। >>

- 5 B. P., 2nd Ed., 1924, p. 812
- সংসারোভরণে বৃদ্ধির্থোগশব্দেন কথাতে। ঐক্যং জীবান্ধনোরাত্রোগং বোগবিশারলা:।
   শোতমীয়তয়বচন, য়: বৃহ ত সা, ১০ম সং, পু: ৬৪৫
- ঐकाः क्रीवाञ्चरनाजाङ्खांगः वागविभात्रमाः ।—भा ७ २९।>
- ৪ ন পদাসনতো বোগো ন নাসাগ্রনিরীক্ষণম্। এক্যাং জীবান্ধনরাত্রোগং বোগবিশারদা।--- কু ড, ৩০ ১
- বোগো জীবান্ধনোরৈক্যং পূজনং সেবকেশয়ো: ।— মহা ত ১৪।১২৩
- বেদান্তগক্ষমান্রিভাাই ঐকামিভি।—শা তি ২৫।১-এর টাকা
- ৭ দিবান্ধনোরভেদেন প্রতিপত্তিঃ পরে বিছঃ।—শা তি২০।২
- ৮ निवनक्रांच्रकः कानः कश्चत्रांशमध्वनिनः ।--- व
- » পুরাণপুরুবভাহভে জানমাহবিশারদা:।—ঐ ২০।০ > ঐ, টাকা
- ১১ শিবশন্তোঃ সামরতাত্মকং প্রকৃতিনোহপরে ৷—মারাত্মবচন, ড্রং ব মি, প্লো ৫১-এর কালীচরণকৃত টীকা

প্রদক্ষণারতম্বনতে নিজের মধ্যে ক্রপাদম্খাদিবিহীন আত্মার অবিরত নির্বোধ দর্শনকে তত্ত্ববিদের। যোগ বলেন।

পাতঞ্চল বোগদর্শনে চিত্তবৃত্তিনিরোধকে বোগ বলা হয়েছে। তার সঙ্গে তদ্রোক্ত বোগসংজ্ঞার কোনো বিরোধ নাই। কেন না চিত্তবৃত্তিনিরোধ অর্থ কোনো এক অভীষ্ট বিষয়ে চিত্তকে স্থির রাখা। তদ্রোক্ত বোগসংজ্ঞায় সেই অভীষ্ট বিষয়ের নির্দেশ দেওয়া হয়েছে।

বোণের প্রকারভেদ—যোগসাধনার প্রকারভেদ অহসারে যোগের বিভিন্ন ভেদ করা হয়েছে। 'এমনিতে সব সাধনার সাধারণ নাম ঝোগ। যোগশব্দের সঙ্গে ভেদ্স্চক বিশেষ শব্দ জুড়ে দিয়ে বিশেষ যোগের নাম করা হয়। যেমন কর্মযোগ জ্ঞানযোগ ভক্তিযোগ হঠযোগ নাদযোগ লয়যোগ জপযোগ ইত্যাদি।'

আবার দাধনার বহিরক্ষতা ও অন্তরক্ষতার বিচারেও যোগের প্রকারভেদ করা হয়।
মহামহোপাধ্যায় গোপীনাথ কবিরাজ মহাশয় লিথেছেন—"বোগদাধনা ছই প্রকার। একটি
বহিরক দাধনা, যাহার ফলে জ্ঞানের উদয় হয়। এই জ্ঞান তহজান হইলেও ইহাতে জ্ঞান
ও জ্ঞেয়ের পার্থক্য নষ্ট হয় না। অন্তরক যোগদাধনা ইহা হইতে দম্পূর্ণ ভিন্নপ্রকার। উহার
ফলে যে-জ্ঞানের উদয় হয় তাহাকে 'মহাজ্ঞান' বলিয়া বর্ণনা করা ঘাইতে পারে। কারণ,
ঐ জ্ঞানে জ্ঞেয় পৃথকরূপে প্রতিভাত হয় না। বহিরক যোগের ফলে সত্যবস্তকে জানা যায়
কিন্তু নিজে সত্যস্বরূপে স্থিতিলাভ করা যায় না। কিন্তু অন্তরক যোগের ফলে বে-জ্ঞানের
উদয় হয় তাহাতে সত্যস্বরূপে স্থিতিলাভ হয়।"

দত্তাত্রেয় সংহিতায় বলা হয়েছে যোগ বছবিধ। যথা মন্ত্রযোগ লয়যোগ হঠযোগ রাজযোগ প্রভৃতি। তবে সমস্ত প্রকার যোগের মধ্যে রাজযোগ উত্তম।\*

করপাদম্থাদিবিহীনমনারতদৃত্তমনক্তগমাত্মপদন্।
 বমিহাত্মনি পশুতি তত্ত্বিদন্তমিনং কিল বোগমিতি বুবতে।—প্র সাত ১৯।১৪

২ বোগশ্চিত্তবৃত্তিনিরোধ:।—বো স ১।২

৩ ড্রঃ ঐ, হরিহদানল আরণ্যকৃত ভাষাটীকা

s जनवान, क्लान, वानक, पृ: ७२°

 <sup>(</sup>म्ट्ब मांथना, हिमाखि, देकार्ट, ১०७०

ভ বোগো হি ৰছণা ৰূজন্ তৎসৰ্বং কথরামি তে। মন্তবোগো লরকৈব হঠবোগস্তবৈৰ চ। রাজবোগন্চ সর্বেবাং বোগানামূত্রমঃ স্বৃতঃ।—ক্স্তাত্রেরসংহিতাবচন, ত্রঃ প্রা তো,

ষোগশিথোপনিষদের মতে ষোগ একই। একে মহাযোগ বলা হয়। এই এক যোগ অবস্থাভেদে মন্ত্রযোগ লয়যোগ হঠযোগ এবং রাজযোগ এই চারপ্রকার হয়েছে।

শিবসংহিতাতেও এই চতুর্বিধ যোগের কথা বলা হয়েছে। কাজেই এই চারপ্রকার যোগকেই যোগের প্রধান চারটি ভেদ বলা যায়।

মন্ত্রবোগ—বোগশিথোপনিষদে মন্ত্রবোগ সম্বন্ধে বলা হয়েছে—হকারের বারা খাস বাইরে যায় এবং সকারের বারা আবার ভিতরে প্রবেশ করে। সমস্ত জীব 'হংসঃ হংসঃ' এই মন্ত্র সর্বদা জপ করছে। গুরুর আজ্ঞায় স্বয়্মাতে বিপরীত জপ হয়। অর্থাৎ যোগসাধনার ফলে গুরুরপায় হংসঃ সোহহং হয়ে যায়। হংসঃ মন্ত্রের এমনি সোহহং মন্ত্র হয়ে যাওয়াই মন্ত্রবোগ। ভ

মন্ত্রবোগের অন্তর্কম ব্যাখ্যাও পাওয়া যায়। বেমন দ্বাত্রেয়সংহিতায় বলা হয়েছে—
স্থী সাধক অঙ্গসমূহে মাতৃকান্তাসপূর্বক মন্ত্রজপ করবেন। এইরূপে মন্ত্রসিদ্ধি হবে। এই
ব্যাপারকে মন্ত্রোগ বলা হয়।

\*\*

অন্ত একটি তন্ত্রবচনে পাওয়া যায় মন্ত্রজপহেতু যে-মনোলয় তাকে বলে মন্ত্রোগ।

মন্ত্রবোগে বাহ্নবন্তর ব্যবহার বিহিত। এতে বাহান্ত্রধানও আছে। বর্ণাশ্রমধর্ম, কুলধর্ম ইত্যাদি মেনে চলতে হয়, দেবদেবীর মূর্তি প্রতীকাদির ধ্যান করতে হয়। দেবতার রূপের ধ্যান ও নামজপের হারা মন্ত্রবোগে সমাধি হয়। এই সমাধিকে বলা হয় মহাভাব।

মন্ত্রযোগের অভ্যাসের ছারা চিত্তগুদ্ধি হয়। অন্তরে শুদ্ধ ভাবের সঞ্চার হয় এবং সেইভাব ক্রমে মহাভাবে পরিণত হয়।

দ্তাত্তেয়সংহিতায় মপ্তযোগের নিন্দা করে বলা হয়েছে অল্লবৃদ্ধি সাধকাধম এই যোগ সাধনা করে, এটি সমস্ত যোগের মধ্যে অধম।

- মন্ত্রো লয়ো হঠো রাজবোপাস্তা ভূমিকাঃ ক্রমাৎ। এক এব চতু ধাহয়ং মহাবোপোহভিধীয়তে।
   —বোপনিথোপনিবদ্ ১।১২>
- २ मञ्जरवारमा हर्रेटेन्डव नवरवामञ्जे होवकः । हजूर्या बाकरवाभः छार म विशाणवर्याक्षितः ।—निवमरहिला ९१०५
- হ কারেণ বহিগাতি সকারেণ বিশেৎ পূনঃ। হংস হংসেতি মন্ত্রোহয়ং সর্বৈদ্ধাঁবৈক্ত জ্বপাতে।
   শুরুবাক্যাৎ স্ব্রুয়ায়াং বিপরীতো ভবেজ্জপঃ। সোহহং সোহহমিতি বঃ ভ্রায়য়রবায়ঃ স উচ্যতে।
   —বোগশিংখাপনিষল ১)১৩০-১৩২
- অক্ষের্ মাতৃকান্তানপূর্বং মল্লং লপন্ ক্ষী:। এবঞ্চ মল্লনিছিং স্যাক্ষরবোপঃ স উচ্যতে।
   —দভাতেরসংহিতাবচন, আং প্রা তো, কাঙ ৬, পরিঃ ৩, বং সং, পুঃ ৪৩৯
- मञ्जलभाष्मात्रां मञ्जल्यां मञ्जल्यां ।—जः त्यांगीखक, १म मः, शः १८
- S. P., 2nd Ed., 1924, p. 200-201 9 G. L., 8rd Ed., p. 121

কিন্তু শক্তিসঙ্গমাদিতত্ত্ব এই যোগের বিশেব প্রশংসা করা হয়েছে। শক্তিসঙ্গমতত্ত্ব বলা হয়েছে—স্থ নাই, ছংখণ্ড নাই, আছেন কেবল পরবৃদ্ধ, এই জ্ঞান মন্ত্রযোগের ছারা পরিক্ট হয়। অর্থাৎ মন্ত্রযোগ অভ্যাসের ছারা চিত্তত্ত্ব হলে সেই ভদ্ধচিতে ব্রহ্মজ্ঞান পরিক্ট হয়। অন্তর্গম যোগের ছারা কামক্রোধাদিযুক্ত জীব আর পরমান্ত্রার ঐক্যসাধন করতে গেলে অবস্তুই ছংখ হবে। মন এক জায়গায়, শিব অন্ত এক জায়গায়, যোগ হবে কি করে? অন্তর্গম যোগসাধনা আরম্ভ করার পর স্ত্রীসংসর্গ করলে তা বিনাশের কারণ হয়; প্রাণায়াম করলে দেহনাশাদিও সম্ভব। কিন্তু ভাবনাপ্রধান মন্ত্রযোগে সে-রকম কিছু হয় না। ভাবনা যতক্ষণ চলে ততক্ষণ সাধক মহেশ্বর আর ভাবনা ছিন্ন হয়ে গেলে তিনি জীবশ্রেষ্ঠ মান্ত্রয়।

মন্ত্রবোগ সম্বন্ধে মহামহোপাধ্যায় গোপীনাথ কবিরাজ মহাশয় লিথেছেন "বোগশান্তে মন্ত্রযোগ কথাটা বিভিন্ন স্থানে বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে কিন্তু যদি মন্ত্রযোগের মুখ্য অর্থ করা যায় মন্ত্রের আশ্রয়ে জীবাত্মা ও পরমাত্মার সম্মেলন তা হলে এতে কোনো আপত্তি হবে না। শব্দাত্মক মন্ত্র চেতন হলে পর তার সহায়তায় জীব ক্রমশঃ উর্ধ্বে গমন করতে করতে শব্দের অতীত প্রমানন্দ্রধাম পর্যস্ত পৌছাতে পারে। বৈথরী শব্দ থেকে আরম্ভ করে ক্রমশঃ মধ্যমা অবস্থা ভেদ করে পশুস্তী অবস্থায় প্রবেশ করাই মন্ত্রযোগের প্রধান উদ্দেশ্য। পশুস্তী শব্দ অপ্রকাশমান চিদানন্দময়, চিদাত্মক পুরুষের এইটিই অক্ষয় অমর যোড়শীকলা। এইটিই আত্মজ্ঞান, ইষ্টদেবতার সাক্ষাৎকার অথবা শব্দচৈতত্ত্যের প্রকৃষ্ট ফল। এই অবস্থায় পৌছালে পর জীব ক্বতক্বত্য হয়ে যায়। এর পরে অব্যক্তভাব আপনাআপনি উদিত হয়। এইটিই শব্দের তুরীয় অবস্থা। মূলাধার থেকে নিরন্তর শব্দশ্রোত উপরের দিকে উঠছে। এই শব্দ সমস্ত জগতের কেন্দ্রে নিত্য বিভয়ান। বহি মৃথ জীব ইন্দ্রিয়ের অধীন হয়ে বিষয়ের দিকে ছুটছে। এইজন্ত সে এই শব্দস্রোতের সন্ধান পায় না। যথন ক্রিয়াকৌশলের ছারা বা অন্ত কোনো উপায়ে ইন্দ্রিয়ের বহির্গতি রুদ্ধ হয়ে যায় আর প্রাণ তথা মন স্তম্ভিতের মতো হয় তথন সাধক এই চেতনশব্দ শোনার অধিকারী হন। ষণা, খীমুন্তার দ্বারা ক্লব্রিম উপায়ে এই নাদের অমুসন্ধানের চেষ্টা করা হয়। অভিঘাতজনিত শব্দকে অনাহত নাদে লীন করতে না পারলে মন্ত্র অক্ষরসমষ্টিই থেকে যায়; মদ্ভের সামর্থ্য এবং প্রকাশ অহুভবগোচর হয় না।

ন সৌধাং ন চ বৈ ছঃখং পরবু দৈব কেবলম্। তজ্ঞানং মন্ত্রণোগেন ক্ট্রং ভবতি পার্বতি।
কামক্রোধাদিভিযুক্তে জীবরূপে পরাস্থানি। অন্তবোগাং মহেশানি ছঃখং ভবতি নাম্যধা।
মনোহন্ত্রর নিবোহন্তর কথা বোগাঃ ভবেৎ নিবে। অন্তবোগে সমারকে ব্রীসকক্ষেদ বদা ভবেং।
বিনাশাং বায়ুরোধস্য দেহনাশাদিকং ভবেং। মন্তবোগে ভাবনারাং ন তথা পরমেবরি।
বাবদ্ধি ভাবনা জাতা তাবদেবো মহেবরঃ। ভাবনা গলিতা চেং স্যান্তদা জীবেবরো নরঃ।

ইড়াপিকগার গতি কদ্ধ হওরার পর প্রাণ আর মন স্বয়্মায় প্রবিষ্ট হলে এই নিত্য সারস্বতন্তোত অমূভূত হয়। এইটি সাধককে ক্রমশ: আজ্ঞাচক্রে নিয়ে যায় আর সেধান থেকে বিন্দুখন ভেদ করে ক্রমশ: সম্প্রারকেন্দ্রে মহাবিন্দু পর্যন্ত পৌছে দেয়।

**হঠবোগ**—বোগশিখোপনিষদে বলা হয়েছে হকার বলতে সূর্য বুঝার আর ঠকার বলতে চক্র। সূর্য এবং চক্রের ঐক্যকে হঠযোগ বলা হয়।

অপানবায়ু চন্দ্র আর প্রাণবায়ু সূর্য। কাজেই প্রাণ ও অপানবায়ুর ঐক্য বা সংযোগই হঠযোগ।\*

কোনো কোনো মতে বে-বোগে ইঠাৎ সিদ্ধিলাভ হয় তাকে হঠবোগ বলা হয়। বোগস্বরোদয়ে বলা হয়েছে হঠবোগের অভ্যাদের ফলে সাধক হঠাৎ জ্যোতিময় হয়ে অস্তরে শিব
হয়ে বান। এই যোগকে এই জন্মই হঠযোগ বলা হয়। সিদ্ধিপ্রদ এই হঠযোগ
সিদ্ধদেবিত।

হঠেষোগের উপকারিতা—যে-কোনো সাধনার প্রধান সাধন শরীর। শরীর যদি ক্ষ সমর্থ না থাকে তা হলে কোনো সাধনাই ঠিকমতো হয় না। সেইজগ্রুই বলা হয় 'শরীরমান্তং খলু ধর্মসাধনম্'—শরীরই আদি ধর্মসাধন। এই শরীরকে ক্ষ সবল স্বদৃঢ় করে হঠযোগ। হঠষোগের সাধনপ্রক্রিয়া প্রধানতঃ ছুল শরীরকে নিয়ে। তবে শরণ রাখা প্রয়োজন ছুলশরীর স্কাশরীরেরই ছুলক্ষণ বা বহিরাবরণ। উভয় শরীর অভিশয় ঘনিষ্টভাবে যুক্ত এবং পরশার নির্ভরশীল। কাজেই ছুলশরীরের সাধনক্রিয়ার প্রভাব স্ক্রেশরীরের উপর পড়ে। এইজগ্র অধিকার বিচার করে ব্যক্তিবিশেষের জন্ম প্রথমে ছুলদৈহিক সাধনার বিধান দেওয়া হয়। কারণ ছুলদৈহিক সাধনায় সিদ্ধিলাভ হলে স্ক্রেদেহ এবং তদস্কর্গত মানসব্যাপারেও সিদ্ধিলাভ হতে পারে।

হঠবোগপ্রদীপিকার মতে হঠবোগ অশেষতাপতপ্ত মানবের আশ্রয়গৃহস্বরূপ এবং অশেষবোগযুক্তদের আধারক্র্যস্বরূপ অর্থাৎ ক্র্ম বেমন পৃথিবীর আধার তেমনি হঠবোগও সব বোগের আধার।

- > वांशका विवत्रপत्रिष्ठत्र, कन्यांग, वांशीक, भृ: 4>
- ২ হকারেণ তু প্রাঃ স্যাৎ ঠকারেণেল্রুচাতে। প্রাচন্দ্রমানেরকাং হঠ ইত্যভিধীরতে।
  —বোগশিধোপনিবৎ ১১১৩০
- ७ (वांतिक्स, १म मर, गृ: १६
- s হঠাজ্যোতির্দ্মরো ভূষা হাররেণ শিবো ভবেং। অতোহরং হঠবোগঃ স্তাং সিদ্ধিনঃ সিদ্ধনেবিতঃ।
  —বোগষ্বোদ্যবচন, স্তঃ প্রা ভো, কাও ৬, পরিঃ ৬, ব সং পুঃ ৪৩৬
- e S. P., 2nd Ed., 1994, p. 200
- चल्नवज्ञानज्ञानाः मनाजनगर्मा हर्वः । चल्नवर्यानम्ङानामा धानकमर्द्धा हर्वः ।—इ व्य >।>•

হঠষোগসাধনার ফলে সাধকের শরীরের ক্লশন্ত ও মুখের প্রসরতা লাভ হয়, তাঁর কাছে অনাহত নাদ ব্যক্ত হয়। তাঁর চকু নির্মল হয়, শরীর স্থক থাকে। সাধক বিন্দুজয়ী হন। তাঁর দেহাগ্রি উন্দীপ্ত হয় এবং নাড়ী বিশুদ্ধ হয়।

হঠষোণের ছারা হপ্ত ক্ওলিনী জাগরিত হন। ঘেরওসংহিতায় বলা হয়েছে—চাবি দিয়ে যেমন রুদ্ধ ছার খোলা যায় তেমনি হঠযোগের ছারা ক্ওলিনীর জাগরণ হলে অক্ষার মুক্ত হয়ে যায়।

হঠবোগের অঙ্গ — শান্তে তু রকমের হঠবোগের উল্লেখ পাওয়া বায়। বথা (ক) গোরক্ষনাথাদির বারা উপদিষ্ট হঠবোগ এবং (খ) তৎপূর্ববর্তী মৃকগুপুতাদি অর্থাৎ মার্কগুলাদি-উপদিষ্ট
হঠবোগ। মার্কগুলাদি-উপদিষ্ট হঠবোগ অষ্টাক্ষ। এই অষ্টাক্ষ পাতঞ্চলবোগস্তোক্ত
বমাদিসমাধ্যম্ভ অষ্টাক্ষ। গোরক্ষোপদিষ্ট হঠবোগ বড়ক, এতে বোগস্ত্তোক্ত বম এবং নিয়ম
ছাড়া অন্ত অকগুলি আছে। গ

তবে ঘেরওসংহিতায় হঠষোগের সপ্তাঙ্গের উল্লেখ আছে। যথা—বট্কর্ম আসন মুদ্রা প্রত্যাহার প্রাণায়াম ধ্যান এবং সমাধি। প্রত্যেক অঙ্গের সাধনার পৃথক ফল নির্দিষ্ট হয়েছে। যেমন বট্কর্মের বারা শরীরশোধন হয়, আসনের বারা শরীর দৃঢ় হয়, মূল্রা বারা শরীর স্থিরতালাভ করে। প্রত্যাহারের বারা ধীরতা এবং প্রাণায়ামের বারা লঘ্তা লাভ হয়। ধ্যানের বারা সাধকের আত্মপ্রত্যক্ষ হয় এবং সমাধি বারা নির্লিপ্ততা ও নি:সংশয় মুক্তিলাভ হয়।

বট্কম — ষট্কর্ম বলতে ব্ঝায় পথেতি বন্ধি নেতি, লৌলিকী (নৌলী) আটক এবং কপালভাতি।

ৰপু: কৃশত্বং বছনে প্রসন্তা নাদক্তত্বং নয়নে স্নির্মণে ।

অরোগতা বিন্দুজয়োহয়িদীপনং নাড়ীবিগুদ্ধিইয়বোগলকণন্ ।

হ প্র ২০০৮

২ উন্যাটয়েং কপাটঞ বধা কুঞ্চিকরা হঠাং। কুগুলিলাঃ প্রবোধেন বুজবারং প্রভেদয়েং।—যে স ৩।৪৬

৩ দ্বিধা হঠ: স্তাদেকস্ত গোরকাদিমসাধকৈ:। অক্তো মৃকগুপুত্রাছৈ: সাধিতো হঠসংজ্ঞক:।
ক্র: বোগকা বিষয়ণরিচন, কল্যাণ, বোগাদ, পুঃ ৬০

বোগতবোপনিবদে অষ্টাক হঠবোগের উলেথ আছে। ববা—
 ব্যশ্চ নিয়মলৈব হাসনং প্রাণ্দংবমঃ। প্রত্যাহারো ধারণা ধানং জ্রমধ্যমে হরিম্।
 সমাধিঃ সমতাহবস্থা সায়ালো বোগ উচ্যতে।—বোগতবোপনিবং, ২৪-২६

ध सः यानका विवयनविष्य, कलान, यानाक, नृः ७०

বট্কমণা শোধনক আসনেন ভবেদ দৃচ্ন। মুদ্ররা ছিরতা চৈব প্রত্যাহারেণ ধীরতা।
 প্রাণায়ায়ায়্যক থানাং প্রত্যক্ষাজনি। সমাধিনা নিলিপ্তক মৃক্তিরেব ন সংশর: 1—বে স ১।> -->>

৭ থোতি ৰভি তথা নেতি লোলিকী আটকং তথা। কপালভাতিকৈতানি বট্কর্মাণি সমাচরেং। —ঐ ১)১২

শৈতি—পৌতি চারপ্রকার। যথা—অন্ত ধৌতি দন্তধৌতি হৃদ্ধৌতি এবং মূলশোধন।
এই চতুর্বিধ ধৌতির দ্বারা শরীর নির্মল করতে হয়।

অন্তর্থোতিও চার প্রকার। যথা—বাতসার বারিসার অগ্নিসার এবং বহিষ্কৃত।\*

বস্তি—হঠমোগের বে-প্রক্রিয়ার দারা বস্তিপ্রদেশের শোধন হয় তাকে বলে বস্তি। বস্তি দ্বিবিধ—জলবস্তি এবং শুক্ষবস্তি।\*

নেতি—বিতম্বিপরিমাণ স্ক্রস্ত্র নিয়ে নাসারক্ষ্রে প্রবেশ করাতে হবে এবং তার পর ম্থ দিয়ে বের করে নিতে হবে। এরই নাম নেতিকর্ম। নেতিকর্মের ছারা থেচরী সিদ্ধিলাভ হয়, কফদোষ নষ্ট হয় এবং দিব্যাদৃষ্টিলাভ হয়।

লৌলকী বা নৌলী—তুন্দকে এপাস থেকে ওপাস সবেগে আন্দোলিত করতে হয়।
একেই বলে লৌলিকী বা নৌলী। এতে সর্বরোগ দূর হয় এবং দেহাগ্নি বর্দ্ধিত হয়।

ত্রাটক—চোথে জল না-আসা পর্যন্ত একটি স্ক্র লক্ষ্যের দিকে পলকহীন দৃষ্টিতে তাকিয়ে থাকতে হবে। একেই জ্ঞানীরা বলেন আটক। এই যোগাভ্যাসের দ্বারা শাস্তবীসিদ্ধি লাভ হয়, সমস্ত নেত্ররোগ বিনষ্ট হয় এবং দিব্যদৃষ্টি লাভ হয়।\*

কপালভাভি—কপালভাভি ত্রিবিধ—বামক্রম ব্যুৎক্রম এবং শীৎক্রম। এই ত্রিবিধ কপালভাভির দারা কফদোষ নিবারিত হয়।

বাসক্রম—ইড়া দিয়ে অর্থাৎ বাঁ নাকে বায়ু প্রণ করে পিঙ্গলা দিয়ে অর্থাৎ জান নাকে বেচন করতে হবে, আবার পিঙ্গলা দিয়ে প্রণ করে ইড়া দিয়ে রেচন করতে হবে। এইজাবে পর্যায়ক্রমে ধীরে ধীরে প্রক ও রেচক করতে হবে। এই যোগাভ্যাদের দ্বারা কফদোষ নিবারিত হয়।

<sup>&</sup>gt; অন্তর্থে তির্দন্তবোতি স্বশোধনন্। ধৌতিং চতুর্বিধাং কুত্বা ঘটং কুর্বন্ত নিমলন্।—বে স ১১:৩

२ বাতসারং বারিসারং বহ্নিসারং বহিন্নতন্। ঘটন্ত নির্মলার্থায় অস্তর্ধে ीভিন্নতুর্বিধা।—ঐ ১!১৪

৩ জনৰতিঃ শুক্ৰবন্তিঃ ৰতি ভাদ্দিবিধা শ্বতা। জনৰতিং জনে কুৰ্বাচ্ছুক্ৰব্তিং সদা ক্ষিতো।—এ ১।৪৬

বিভত্তিমানং কুলুফুল্লং নাসানালে প্রবেশয়েং। মুখালির্গময়েং পশ্চাং প্রোচ্যতে নেতিকর্মকয়।
 সাধনালেতিকার্যক্ত থেচরীসিদ্ধিমাপুরাং। কফলোবা বিনক্ততি দিবাদৃষ্টিঃ প্রজারতে।—বে স ১)৫১-৫২

अभन्मत्वर्गन जून्मः जू आभरमञ्च्यार्थरा । मर्वरम्नामिक्छी इत्वर्गनम् विवर्षनम् ।—ए म ऽ।६०

নিমেবোল্মেকং তাজ্ব হল্পলক্ষাং নিরীক্ষয়েং। পতন্তি বাবদশ্রাণি ত্রাটকং প্রোচ্যতে বু ইয়ঃ।
 এবসভাাসবোগেন শাস্তবী জায়তে প্রবম্। নেত্ররোগা বিনগুল্ভি দ্বিয়দৃষ্টিঃ প্রজায়তে।—ঐ ১|৫৪-৫৫

৭ বাসক্রমেণ ব্যুৎক্রমেণ শীৎক্রমেণ বিশেষতঃ। ভালভাতিং ত্রিধা কুর্যাৎ ককলোবং নিবার্রের ।—এ ১)৫৬

৮ ইড়রা প্ররেদ্বায়ুং রেচরেং পিললাং পুন:। প্ররেদ্বা পিললয়া পুনশ্চন্ত্রেণ রেচরেং।
পুরকং রেচকং কৃষা বেগেন ন তু চালরেং। এবসভাাসবোগেন ককলোবং নিবাররেং।—এ ১/০৭-০৮

বৃহত্তক্তম—নাক দিয়ে জল টেনে মূখ দিয়ে আন্তে আন্তে বের করে দিতে হবে। এরই নাম বৃহত্তম কপালভাতি। এর মারা শ্লেষাদোষ নিবারিত হয়।

শীৎক্রম—শীৎকার করে মুখ দিয়ে শাস টেনে নাক দিয়ে বের করতে হবে। একেই বলে শীৎক্রম কপালভাতি। এই ক্রিয়ার ধারা কামদেবতুল্য হওয়া ধায়। এই যোগাভ্যাস করলে জ্বরা বার্দ্ধক্য আনে না, শরীর শ্বচ্ছন্দ হয় এবং কফদোষ নিবারিত হয়।

বট্ক ম সকলের জন্ম নয়—বট্ক ম্সাধনা সকলের পক্ষে বিহিত নয়। হটবোগ-প্রদীপিকায় বলা হয়েছে যাদের মেদ ও শ্লেমাধিক্য আছে শুধু তারাই বট্কর্মের আচরণ করবে, অন্তোরা নয়। দ্বাত্তের সংহিতাতেও এই অভিমত ব্যক্ত হয়েছে।

কোনো কোনো আচার্যের মতে প্রাণায়ামের ছারাই যথন সমস্ত মলের শোষণ হয়, তথন জন্ম কোনো কর্মের প্রয়োজন কারুরই নেই।

**জাসন**—হস্তপদাদির সংস্থানবিশেষকে আসন বলা হয়। পদ্ম স্বস্তিক ইত্যাদি নামে এই-সব আসন পরিচিত।\*

হঠবোগপ্রদীপিকার মতে আসন হঠবোগের প্রথম অঙ্গ। আসনের অভ্যানের দ্বারা দেহের স্থৈ আরোগ্য ও লঘুত্ব লাভ হয়।

আসন অসংখ্য। ঘেরগুসংহিতায় বলা হয়েছে জগতে জীবজন্ত মত আসনের সংখ্যাও তত।
শিব চৌরাশী লক্ষ আসনের কথা বলেছেন। তার মধ্যে বিশিষ্ট আসন চৌরাশীটি।
এই চৌরাশীটির মধ্যে মর্ত্যলোকে বত্রিশটি আসন শুভ।

বত্রিশটি আসন, যথা—সিদ্ধ পদ্ম ভন্ত মৃক্ত বজ্র স্বস্তিক সিংহ গোমুথ বীর ধন্ত মৃত (শব)

১ নাসাভ্যাং জলমাকৃত্র পুনর্বন্ধে । বেচয়েং। পায়ং পায়ং বাহজমেণ ক্লেমদোবং নিবারয়েং।—বে স ১)১৯

২ শীংকৃত্য শীদ্বা বক্তে ন নামানালৈবিরেচরেও। এবমজ্যাসবোগেন কামদেবসমো ভবেও।
ন স্থায়তে বাৰ্দ্ধকাং চ জ্বরা নৈব প্রজায়তে। ভবেও বচ্ছন্দদেহত কক্ষদোবং নিবাররেও।—এ ১।৬:-৬১

৩ মেদঃ লেমাধিকঃ পূর্বং বট্টকর্মাণি সমাচরেং। অক্তম্ভ নাচরেং তানি দোষাণাং সমভাবতঃ।—হ প্র ২।২১

в মেদং শ্লেমাধিকাক্তত কর্মষ্ট্কং ন সন্মতম্।—দন্তাত্তেরসংহিতাবচন,

জঃ প্রা তো, কাণ্ড ৬, পরিঃ ১, ব সং, পৃঃ ৪০৯

প্রাণারাদৈরেব সর্বে প্রস্তুত্ত মলা ইতি। আচাধানাং তু কেবাংচিনক্তৎ কর্ম ন সংমতম্।—হ প্র ২।০৭

७ कत्रव्यवानिमःश्वानविर्णयनक्षणीनि श्रायक्षिकानिष्ठामनानि।—विनासमात्र २००

व्रिक्त अथमानकामाननः पूर्वम्हाटः । क्रिक्नाननः देवरमाद्रांशाः होन्ननाचनम् ।—ह अ ১।১१

৮ जामनानि मक्कानि वाक्छा जीवज्ञख्यः। ह्यूमीिक्विकानि नित्वन कविकः भूता।—एव म २।)

ভেবাং মধ্যে বিশিষ্টানি বোড়শোনং শতং কৃতন্। ভেবাং মধ্যে মর্তালোকে ছাত্রিংশদাসনং শুভন্।—ঐ ২।২
 ১২৩

গুপ্ত মংশ্রে মংশ্রেক্স পোরক্ষ পশ্চিমোন্তান উৎকট সন্ধট মধ্র কুরুট কুর্ম উত্তানকুর্মক উত্তান-মপুক বৃক্ষ মপুক গরুড় বৃষ শল্ভ মকর উট্ট ভূজক্ষ এবং যোগ।

এই-সব বিভিন্ন আসনের অভ্যাসের বারা বিভিন্ন ফললাভের কথা শাল্পে বলা হয়েছে। 

मूख!—আসনের মত মূলাও শারীর অবস্থানবিশেষ। ঘেরগুসংহিতায় নিয়োক্ত কয়েকটি

সিদ্ধিপ্রাদ মূলার বিবরণ দেওয়া হয়েছে। যথা মহামূলা নভোমূলা উড্ডীয়ান জালদ্ধর মূলবদ্ধ
মহাবদ্ধ মহাবোধ থেচরী বিপরীতকরী বোনি বজ্রোলী শক্তিচালনী তাড়াগী মাগুকী শাস্তবী
পঞ্চধারিণী (পাঁচটি পৃথক্ মূলা) অখিনী পাশিনী কাকী মাতঙ্গী এবং ভুজিলনী। এই
সব মূলা যোগীদের সিদ্ধি প্রদান করে। 

•

হঠবোগপ্রাদীপিকার মতে মহামূদ্রা মহাবন্ধ মহাবেধ থেচরী উভ্যান (উভ্টীয়ান) মূলবন্ধ জালন্ধর বিপরীতকরণী বাজ্ঞোলী এবং শক্তিচালন (শক্তিচালনী) এই দশটি মূদ্রা জরামরণনাশক। এই মূদ্রা দশকের প্রত্যেকটি যোগীদের মহাসিদ্ধি প্রদান করতে পারে। ধ

মুক্তাভ্যাদের আরেকটি বড় সার্থকতা আছে। মুক্তাভ্যাদের ছারা কুগুলিনী প্রবৃদ্ধ হন। বলা হয়েছে অন্ধারমূথে স্থা ঈশ্বীকে প্রবৃদ্ধ করার জন্ত মূলা অভ্যাস করতে হবে।

প্রত্যাহার—প্রত্যাহারশব্দের সহজ অর্থ ফিরিয়ে আনা। চঞ্চল অন্থির মন যেথানে যেথানে ছুটে যায় সেই সেই স্থান থেকে তাকে ফিরিয়ে এনে আত্মবশে রাথতে হয়। তথ্য এরই নাম প্রত্যাহার। বেদাস্তসারে বলা হয়েছে ইন্দ্রিয়সমূহের স্ব স্ব বিষয় থেকে প্রত্যাহরণ প্রত্যাহার।

সৈদ্ধং পদ্মং তথা ভদ্রং মৃক্তং বজ্ঞক অভিকম্। সিংহক গোম্থং বীরং ধমুরাসননেব চ।
মৃতং গুপ্তং তথা নংজ্ঞং মথক্রেক্রাসননেব চ। গোঃক্ষং পশ্চিমোভানং উৎকটং সঙ্কটং তথা।
ময়্রং কৃক্টং কুর্মং তথাচোভানকুর্মকন্। উভানমগুকং বৃক্ষং মগুকং গঙ্গড়ং বৃষন্।
ললভং মকরং উষ্ট্রং ভুজঙ্গক বোগাসনম্। ছাত্রিংপদাসনানি তু মর্ভ্যলোকে হি সিদ্ধিনন্।—বে স ২০০-৩

২ আসন সম্বন্ধে বিভৃত বিবরণ দ্রঃ ঘে স, ২ , হ প্র, ১

মহামুলা নভোমুলা উভ্জীয়ানং জালকরম। মৃলবজো মহাবেগা মহাবেগক থেচরী।
 বিপরীতকরী বোনিবজ্রোলী শক্তিচালনী। তাড়াগী মাণ্ডুকী মূলা শান্তবী পঞ্চারিয়।
 অধিনী পালিনী কাকী মাতলী চ ভুজলিনী। পঞ্চবিংশতি মূলাণি সিদ্ধিদানীহ বোগিনাম।—বে স ৩০১-৩

अहाम्या महाबद्धा महादिश्य थिनती। উভালং मृत्यक्षण बद्धा कालकतां छिन्।
 कत्रनी विश्रती छोशा वाद्धाली मिक्कालनम्। हेमर हि मृक्षामभक्त कत्रामन्नगमनम्।—ह श्र ७।७ १

<sup>🔹</sup> ইতি মূলা দশ প্রোক্তা আদিনাথেন শস্তুন। । একৈকা তাম যমিণাং মহাসিদ্ধিপ্রদায়িশী।—হ প্র ৩।১২৮

তন্মাৎ সর্বপ্রবন্ধেন প্রবোধরিতুমীখরীন্। বুক্ষবারমূখে কপ্তাং মূলাভ্যাসং সমাচরেং।—ঐ ৩া০

৭ মুন্তার বিভ্ত বিবরণ—জঃ যে স, ৩; হ প্র, ৩

<sup>🛩</sup> বতো বতো নিশ্চরতি মনশ্চঞ্জমন্থিরম্। ততন্ততো নির্মাতদাক্ষক্তেব বশং নরেং।—বে স ৪।২

<sup>»</sup> है क्षित्रागार चचिवरत्रकाः धाकाहत्रनः धाकाहातः।—तमास्त्रगात, २०६

প্রাণায়াম প্রাণায়াম সম্বন্ধে আলোচনা পূর্বেই বলা হয়েছে। মন্ত্রবোগ লয়বোগ এবং রাজবোগেও প্রাণায়াম আছে। তবে ঐ-সব বোগে প্রাণায়াম সহায়ক কিন্তু হঠবোগে প্রাণায়াম মোক্ষের প্রধান সাধন বলে গণ্য।

বেরগুদংহিতার মতে প্রাণায়ামদাধনের জন্ত চারটি বস্ত আবশ্রক—উপযুক্ত স্থান কাল মিতাহার এবং নাড়ীশুদ্ধি।

**ছান**—স্থান সহক্ষে বলা হয়েছে বে-রাজ্য ধার্মিক নিরুপত্রব, যেখানে প্রচুর থাক্সব্রতা পাওয়া বায়, সেই দেশ প্রাণায়াম সাধনার পক্ষে উত্তম। সেই দেশে প্রাচীরছেরা কৃটীরে প্রাণায়াম করতে হয়।\*

দ্রদেশে অরণ্যে রাজধানীতে জনতার মধ্যে যোগারম্ভ অর্থাৎ প্রাণায়াম আরম্ভ করতে নেই, করলে সিদ্ধিলাভ হবে না। •

কাল—দেরগুসংহিতার মতে বসন্ত ও শরৎ যোগারস্তের অর্থাৎ প্রাণায়াম আরন্তের কাল। এই সময়ে যোগারস্ত করলে যোগী রোগম্ক্ত থাকেন এবং নিশ্চিত সিদ্ধিলাভ করেন। এথানে বসন্তকাল অর্থ হৈত্র ও বৈশাথ মাস এবং শরৎকাল অর্থ আখিন ও কার্তিক। ত

প্রাতে মধ্যাহে নায়াহে এবং অর্ধরাত্তে প্রাণায়াম করা বিধি। হঠবোগপ্রদীপিকায় বলা হয়েছে এই চার বারই কুম্বক করতে হবে। প্রতিবারে ধীরে ধীরে আশীমাত্রা পর্যস্ত অর্থবা আশীবার বীজ জ্বপ পর্যস্ত কুম্বক অভ্যাস করতে হবে।

বলা বাহুল্য, কুম্বক করতে গেলে প্রক এবং রেচকও করতে হবে। ষেথানে আশীমাত্রা কুম্বক করতে হবে সেথানে প্রক হবে কুড়িমাত্রা এবং রেচক চলিশ মাত্রা। এ বিষয়ে আমরা পূর্বেই আলোচনা করেছি।

মিতাহার—যোগসাধনায় মিতাহার অত্যাবশুক। মিতাহার ব্যতীত বে প্রাণায়াম আরম্ভ করে তার নানা রোগ হয় এবং একটুও যোগদিদ্ধি হয় না।

- S. P., 2nd Ed., 1924, pp 202-203
- २ जाली हानः उवा कालः मिडाहादः उवालदम् । नाष्ट्रीकिकः ह उदलन्हार आंगाहामः ह मायदार ।—य म धर
- ৩ সুদেশে ধার্মিকে রাজ্যে স্থভিকে নিরূপক্তবে। তত্তৈকং কুটীরং কুছা প্রাচীরৈঃ পরিবেটিতম্।—এ ।।
- ৪ দূরদেশে তথারণো রাজধান্তাং জনাস্তিকে। যোগারস্কং ন ক্বীত কৃতো ন সিদ্ধিদো ভবেং।—ই ১০০
- e বসন্তে শরদি প্রোক্তং বোগারভং সমাচরেং। তথা বোগী তবেং সিছো রোগালুক্ত ভবেদ্ ধ্রবম্ ।—এ e।»
- ७ जः व ।।১১
- १ প্রতির্বধান্দিনে সারম বরাত্রে চ কুম্বকান্ । শনৈরশীতিপর্যন্তং চতুর্বারং সমস্তাসেৎ।—হ প্র ২।১১
- त्रिकाहात्रः विना वस्त द्यांगात्रसः क्रू कांत्रदः । नानारतारंगा स्टावस्य किकि द्यारंगा न निधाकि ।

ষোগশান্তে যোগীর পক্ষে হিতকর ও বর্জনীয় ত্রব্যাদির নাম করা হয়েছে। সংক্ষেপে বলা ষায় যা লঘুণাক প্রিয় স্থিম ধাতুপুষ্টিকর বাহিত এবং উপযোগী সাধক যোগী তাই আহার করবেন।

আহারের পরিমাণ-সম্বন্ধে বলা হয়েছে উদ্বের অর্ধেক অল্লের দারা ও একচতুর্পাংশ জলের দারা পূর্ণ করতে হবে। অবশিষ্ট চতুর্থাংশ প্রাণায়ামের জক্ত শৃত্য রাধতে হবে।

মধ্যাকে এবং সায়াকে এই ত্বার যোগীর পক্ষে ভোজন বিহিত।

নাড়ীশুদ্ধি—প্রাণায়াম সাধনা করতে গেলে প্রথমে অবশুই নাড়ীশুদ্ধি করতে হবে। বেরওসংহিতায় বলা হয়েছে মলযুক্ত নাড়ীতে বায়ু প্রবেশ করে না। নাড়ীতে বায়ু প্রবেশ না করলে কি করে প্রাণায়াম হবে এবং তত্ত্ত্তানই বা কিরুপে হবে? সেইজন্ম প্রথমে নাড়ীশুদ্ধি করে পরে প্রাণায়াম অভ্যাস করতে হবে। কারণ মলযুক্ত সমস্ত নাড়ীচক্র বখন শুদ্ধ হয় তখনই যোগী প্রাণসংযম করতে পারেন।

নাড়ীশুদ্ধি বিবিধ—সমস্থ আর নির্মন্ত। বীজমন্ত্রজপদহ প্রাণদংখনের বারা বে-নাড়ীশুদ্ধি হয় তাকে বলে সমস্থ আর ধোতি-আদি ষট্কর্মের বারা বে-নাড়ীশুদ্ধি হয় তাকে বলে নির্মন্ত।

বেরগুদংহিতায় সমস্থ নাড়ীশুদ্ধির ত্রিবিধ প্রাণায়ামের বিবরণ দেওয়া হয়েছে। দ্বাধাবিধি প্রাণায়ামের দ্বারা নাড়ীচক্র বিশোধিত হলে বায়ু অনায়াসে স্বয়্রা ভেদ করে অভ্যন্তরে প্রবেশ করে। বায়ু স্বয়্রার মধ্যে প্রবাহিত হলে মনংক্রৈই হয় এবং মনের এই স্বস্থির অবস্থাকেই মনোনানী বলা হয়। শ্বানানানী এক প্রকার সমাধি।

হঠষোগপ্রদীপিকার মতে এই অবস্থাসিদ্ধির জন্ম বিধানজ্ঞ ব্যক্তিরা নানা রকমের কুম্বক অভ্যাস করেন। >•

- ১ ডা বে স বা>৭-৩٠
- ২ লঘুপাকং প্রিয়ং রিশ্বং তথা ধাতুপ্রপোষণন্। মনোহভিলবিতং বোগাং বোগী ভোজনমাচরেং।—ঐ ধা২৮
- वासन श्रुत्रक्ष पर ट्रांट्सन कु कुंकोसकम् । উपत्रक कुत्रोधाः मात्रत्कम् वात्र्वात्रम । व ६।२२
- तथारक देवर मात्रारक ट्लाकनवत्रमांक्टतर।—व ९।००
- মলাকুলাক নাড়ীবু মারুতো নৈব গছতি । প্রাণায়ায়: কবং সিদ্ধিক্তবজ্ঞানং কবং ভবেং ।
   তদ্মালাদো নাড়ীশুদ্ধিং প্রাণায়ায় ততোহভাসেং ।—ঐ ৫।১৪
- शुक्कित्मिक वहां मर्वर नाकीठकर मनाकृतम् । ज्यान साम्राज्य वानमः वानमः । ह थ २।६
- नड़ी ওছির্বিধা প্রোক্তা সমস্থরির্মস্থতধা। বীজেন সমস্থ কুর্যান্ত্রির্মস্থং থৌতিকর্মণা।—বে স ং।৩৬
- ₩ #: \$ e109-80
- বিধিবং প্রাণসংবাদের নির্টোচক্রে বিশোধিতে। স্ব্যাবদনং ভিত্বা স্থাদ্ বিশতি মারুতঃ।
   মারুতে মধ্যসঞ্চারে মনংক্রের প্রকারতে। বো মনংক্রেরীভাবঃ দৈবাবদ্বা মনোর্মী।—হ প্র ২।৪১-৪২
- ১০ তৎসিদ্ধয়ে বিধানজান্চিত্রান্ কুর্বস্তি কুত্তকান্ ।—এ ২।৪৩

বেরগুসংহিতার আট প্রকারের কুস্তকের কথা বলা হয়েছে। যথা — সহিত স্থিভেদ উজ্জায়ী শীতলী ভন্তিকা আমরী মৃচ্ছা এবং কেবলী। ই হঠবোগপ্রদীপিকায় বে-তালিকা দেওয়া হয়েছে তার মধ্যে ঘেরগুসংহিতার তালিকার অতিরিক্ত নাম পাওয়া যাচ্ছে সীৎকারী এবং প্লাবিনী। ব

কৃষ্ণক প্রাণায়াম। পূরক কৃষ্ণক এবং বেচক প্রাণায়ামের এই তিনটি প্রকারভেদ বলা ষায়। অথবা বলা যায় এই তিনটি প্রাণায়ামের তিন অঙ্গ। কৃষ্ণক অভ্যাসের ফলে কুণ্ডলিনী প্রবৃদ্ধা হন, কুণ্ডলিনী জেগে উঠলে স্বয়ুমা অর্গলমূক্ত হয় এবং হঠনিদ্ধিলাভ হয়। ৪

ধ্যান—দেবতার ধ্যান প্রসঙ্গে ধ্যানের বিষয়ে আমর। পূর্বেই আলোচনা করেছি। লক্ষ্য করা গেছে হঠযোগোক্ত ধ্যান ত্রিবিধ—স্থুল জ্যোতি আর ক্ষম।

ছুল ধ্যান— ঘেরগুসংহিতার মতে স্থূল ধ্যান হবে ইইদেবতা কিংবা গুরুর।

ইপ্তদৈবতার ধ্যান—ইপ্তদেবতার ধ্যান সম্বন্ধে বলা হয়েছে—যোগী স্বীয় হালয়ে স্থাদাগরের ধ্যান করবেন। ধ্যান করবেন তার মধ্যে আছে রত্ববালুকাময় রত্ববীপ। তার চারধারে আছে বহুপুস্পশোভিত নীপতক। নীপবনের চারধারে আছে পরিথার মতো ফুলগাছের সারি,—মালতী মল্লিকা জাতী কেশর চাঁপা পারিজাত স্থলপদ্ম এই-সব ফুলের গাছ। ফুলের গন্ধে চারদিক্ আমোদিত। যোগী চিন্তা করবেন রত্ববীপের মধ্যে আছে মনোহর কল্পর্ক্ষ। নিত্য ফলফুলে পূর্ণ এই রক্ষের চার শাথা চারবেদ। সেথানে ভ্রমরা গুণ্ গুণ্ করছে, কোকিল করছে কুছরব। যোগী স্থির হয়ে দেই কল্পর্ক্ষের নীচে মহামাণিক্যমগুপের ধ্যান করবেন আর চিন্তা করবেন সেই মগুপের মধ্যে আছে মনোহর পর্যন্ধ ধ্যান করবেন আর চিন্তা করবেন। দেবতার ভূষণ গুবাহন সহ ম্থানিদিষ্টিক্সপের ধ্যান করতে হবে। একেই স্কুল ধ্যান বলা হয়। ব

<sup>&</sup>gt; সহিত: প্র্যভেদশ উজ্জারী শীতলী তথা। ভদ্রিকা আমরী মূর্চ্চা কেবলী চাইক্সকা:।—বে স ।।৪৬

२ सः ह्या शह

৩ প্রাণায়ামন্তিধা প্রোক্তো রেচকপুরককুস্তকৈ:।—হ প্র ২।৭১

<sup>6</sup> কুক্তকাৎ কুণ্ডলীৰোধঃ কুণ্ডলীৰোধতঃ ভবেৎ। অনৰ্গলা সুষুদ্ধা চ হঠসিদ্ধিক জায়তে।—এ ২।৭৫-৭৬

প্তক্রের ধ্যান — সহস্রারপদ্মের কর্ণিকান্তর্গত আদশদলপদ্ম গুকর স্থান। বেরগুলং হিতায় বলা হয়েছে ই — বোগী চিন্তা করবেন সহস্রারপদ্মকর্ণিকার মধ্যে একটি আদশদলপদ্ম। পদ্মটি মহাতেজাময় শুক্রবর্ণ। পদ্মের আদশদলে হ স ক্ষ ম ল ব র যুঁহ স থ ক্রেঁ এই আদশ বীজ। এই পদ্মের কর্ণিকার মধ্যে অ-ক-থ এই ত্রিরেখাবিশিষ্ট ত্রিকোণ অবস্থিত। ত্রিকোণের তিন কোণে আছে হ ল ক্ষ এই তিন বীজ আর তার মধ্যে আছে গুঁ।

বোগী এই ত্রিকোণের মধ্যে নাদবিন্দ্মর পীঠের ধ্যান করবেন এবং পীঠোপরি হংস্যুগ ও পাত্কার ধ্যান করবেন। এই পীঠোপরি ছিভুছ ত্রিলোচন খেতাম্বর গুরুদেবের ধ্যান করতে হবে। গুরুদেবের অঙ্গ গুলুগদ্ধার্মলিপ্ত, কণ্ঠে গুলুপুম্পাল্য, তাঁর বামে রক্তবর্ণা শক্তি। গুরুর এইরূপ ধ্যান থেকে স্থুলধ্যান সাধিত হয়।

জ্যোতি ধ্যান বা তেজাধ্যান — মূলাধারে ভূজস্বাকারা কুগুলিনী অধিষ্ঠিত। সেথানে দীপশিখার আকারে জীবাত্মা অধিষ্ঠিত। এই শিখাকে তেজোময় ব্রহ্মরূপে ধ্যান করতে হবে। এইটিই পরাৎপর তেজোধ্যান বা জ্যোতিধ্যান।

অক্তপ্রকারের তেজোধ্যানের কথাও পাওয়া যায়। মনোর্ধ্বে জ্বমধ্যে আছে প্রণবাত্মক তেজ। এই তেজের ধ্যান করতে হবে। এইটি তেজোধ্যান।

সৃক্ষম ধ্যান—বহুভাগ্যবশে কুগুলিনী জাগ্রত হয়ে আত্মাসহ 'নেত্ররন্ধ্র' থেকে বিনির্গত হয়ে স্বয়ামার্গে বিচরণ করেন এবং অত্যন্ত চঞ্চল বলে দৃষ্টিগোচর হন না। যোগী শাস্তবীমূন্তা ছারা ধ্যানযোগে আত্মাসহ কুগুলিনীকে প্রত্যক্ষ করেন। এরই নাম ক্ষমধ্যান। দেবতাদের কাছেও তুর্গভ এই ধ্যান গোপনীয়।

সহস্রারে মহাপল্লে কর্ণিকারাং বিচিন্তরেং। বিলগ্নসহিতং পল্লং বাদশৈর্দলসংযুত্ম।
তক্তরবর্ণ মহাতেলো বাদশৈবীজভাবিতম্। হ স ক্ষ ম ল ব র যুঁহ স ও ক্রেঁ ববাক্রমন্।
তক্তরেগ্র কর্ণিকারাং তু অকবাদি রেথাত্রেয়ন্। হ-ল-ক্র-কোণসংযুক্তং প্রণবং তত্ত্ব বর্ততে।
নাদবিন্দুমরং পীঠং থায়েজত্র মনোহরন্। তত্রোপরি হংসবুগ্রং পাতৃকা তত্ত্ব বর্ততে।
থায়েজত্র গুরুং দেবং বিভূজং চ ত্রিলোচনন্। বেতান্বরধরং দেবং ত্তর্কার্লেপনন্।
তর্ত্বপুল্লমরং মাল্যং রক্তশক্তিসম্বিতম্। এবংবিব্যক্তর্প্রানাং প্রস্থানং প্রসাধ্যতি।—বে স ৬)>-১৪

মুলাধারে কুণ্ডলিনী ভূলকাকাররাপিনী। জীবায়া তিষ্ঠতি তত্র প্রদীপকলিকাকৃতিঃ।

ধ্যারেং তেজোমরং বুদ্ধ তেজোধ্যানং পরাংপরম্।—ঐ ৬١১৬

क्रतार्यक्ष मत्नार्दश वरखकः धर्गवाक्षकम् । शाद्रिः कानावनीयुक्तः एउदमाशानः उत्तव हि ।—ये ७)>१

এ বহুভাগ্যবশাদ বস্তু কুওলী জাগ্রতী ভবেং। আত্মনা সহবোগেন নেত্ররজ্বাদ বিনির্গতা। বিহরেদ রাজমার্গে চ চঞ্চলছার দৃশুতে। শাস্ত্রনীমূলরা বোগী গ্যানবোগেন সিধ্যতি। কুল্মগ্যানমিদং গোগ্যং দেবানামপি তুলিভ্যু।—ঐ ৬/১৮-২•

সমাধি—ধ্যানের চরম পরিণতি সমাধি। পাতঞ্কল বোগস্ত্তের ভাল্বে সমাধিকেই যোগ বলা হয়েছে। পদৰ বকম যোগেরই চরম অবস্থা সমাধি। বেরগুলংহিতায় সমাধিকে শ্রেষ্ঠ যোগ বলা হয়েছে এবং বলা হয়েছে বহুভাগ্যে গুরুভক্তিবলে গুরুর কুপাপ্রসাদে এই যোগ লাভ হয়। প

সমাধির সংজ্ঞা—উক্ত সংহিতায় সমাধির সংজ্ঞা নির্দেশ করা হয়েছে এইভাবে—মনকে দেহ থেকে পৃথক্ করে পরমাত্মার সঙ্গে যুক্ত করতে হবে। এরপ অবস্থাকেই বলে সমাধি। এ দশাদিম্ক্ত অবস্থা।

হঠবোগপ্রদীপিকার মতে জীবাত্মা ও পরমাত্মার ঐক্য সমাধি। সমাধি-অবস্থার সমস্ত সংকল্প বিনষ্ট হয়ে যায়।

বিষয়টিকে ব্যাখ্যা করে বলা হয়েছে—লবণ জলের সঙ্গে যুক্ত হলে যেমন জলের সঙ্গে এক হয়ে যায় তেমনি মন আত্মার সঙ্গে যুক্ত হলে আত্মার সঙ্গে এক হয়ে যায়। মন ও আত্মার এই ঐক্যই সমাধি।\*

ষোগোপনিষদ্গুলিতেও সমাধির অনুরূপ সংজ্ঞা নির্দিষ্ট হয়েছে। এ বিষয়ে তন্ত্রাদিরও অভিন্ন মত। যেমন অষ্টাঙ্গযোগের বিবরণ প্রসঙ্গে গন্ধর্বতন্ত্রে বলা হয়েছে—জীবাত্মা ও পরমাত্মার নিত্যসমত্বভাবনাকে মুনিরা সমাধি বলেন। শ

উক্ত তম্ব্রমতে আমি ব্রহ্ম, সংসারী নয়, আমার থেকে পৃথক্ অন্ত কিছু নেই, স্বীয় আত্মাকে এমনিভাবে জানতে হবে। একেই বলা হয় সমাধি।

তদেবার্থমাত্রনির্ভাসং ফরপণ্রস্থমিব সমাধি:। (যো স্থত। ১)— "ধ্যেরবিষরমাত্রনির্ভাস, ফরপণ্রস্থের স্থার, ধ্যানই সমাধি।" এই প্রত্তের টীকার ফামী হরিহরানন্দ আরণ্য লিথেছেন "ধ্যান বধন অর্থমাত্রনির্ভাস হয়, অর্থাৎ ধ্যান বধন এরূপ প্রগাত হয় বে, তাহাতে কেবল ধ্যের বিষয়মাত্রের থ্যাতি হইতে থাকে, তখন সেই ধ্যানকে সমাধি বলা বায়। তখন ধ্যের বিষয়ের অভাবে চিত্ত আবিষ্ট হয় বলিয়া প্রতায়করণের খ্যাতি থাকে না। অর্থাৎ আমি ধ্যান করিতেছি ইত্যাকার ধ্যানক্রিয়ার করপ, প্রথাত ধ্যেরক্রপের অভিত্ত হইয়া বায়। আয়হারার য়ায় ধ্যানই সমাধি।"—ক পাবো, ১৯৩৮, পু: ১৯৭

২ বোগঃ সমাধিঃ। স চ সার্বভৌমন্চিত্তত ধর্ম:।—বো সু ১।১-এর বাাসভায়

৩ সমাধিক পরো বোগো বহুভাগ্যেন লভ্যতে। গুরো: কুপাপ্রসাদেন প্রাপ্যতে গুরুভক্তিতঃ।—হে স ৭।১

৪ ঘটাদ্ ভিন্নং মনঃ কুছা ঐক্যং কুৰ্যাৎ পরমান্মনোঃ। সমাধিং তং বিজ্ঞানীয়াৎ মুক্তসংজ্ঞো দশাদিভিঃ।—এ ৭।২

৫ তৎসমং চ বয়োরৈক্য জীবাত্মপরমাত্মনো:। প্রনষ্টদর্বসকলঃ সমাধি: সোহভিধীরতে।—হ প্র ৪।৭

সলিলে সৈল্পবং যদ্বং সামাং ভলতি যোগত:। তথাজ্বমনসোৱৈক্যং সমাধিরভিধীয়তে।—ঐ ৪।৫

৭ বেমন (ক) সম।ধিঃ সমতাহবস্থা জীবাস্থপরমাস্থনোঃ।—বোগতস্থোপনিষৎ ১০৭

<sup>(</sup>খ) জীবান্ধনঃ পরস্তাপি বজেবমৃভরোরপি। অহমেব পরং বুন্ধ বুন্ধাহমিতি সংশ্বিতিঃ। সমাধিঃ স তু বিজ্ঞেরঃ সর্বৃত্তিবিবর্জিতঃ।— ত্রিশিখ্রান্ধণোপনিবং ১৬১-১৬২

<sup>🛩</sup> সমত্ভাবনা নিত্যং জীবাত্মপরমাত্মনো:। সমাধিমাহ মূনর: প্রোক্তমন্ত্রাক্সকণম্। — গ ত ७।७७-७१

<sup>🤏</sup> সোহহং ব্ৰহ্ম ন সংসারী ন মডোংক্তং কদাচন। ইতি বিষ্ণাং বমান্ধানং সমাধিঃ পরিকীর্ডিতঃ।—এ ৬।৭৬

কুলার্গবতদ্বে সমাধিমগ্ন সাধকের বিষয়ে বলা হয়েছে—সে শোনে না, আত্রাণ করে না, ম্পর্ন করে না, দেখে না, স্থত্থ কিছুই অমূভব করে না, যার মন সম্বল্পীন, যে কাঠের মতো কিছুই জানে না, বোঝে না, শিবে যার আত্মা বিলীন হয়েছে, এমনি সাধককে সমাধিস্থ বলা হয়।

সমাধিমগ্ন অবস্থায় সাধকের ইন্দ্রিয় ও মন রুদ্ধ হয়ে যায়। স্থথতঃথহীন এ এক নির্বিকার অবস্থা। বিভিন্ন উপায়ে এই অবস্থায় উপনীত হওয়া যায়।

বড় বিধ সমাধি—এইজন্ত হঠযোগশাত্মে সমাধির বিভিন্ন প্রকারভেদ বর্ণিত হয়েছে। বেরগুদংহিতায়⁴ ধ্যানযোগসমাধি, নাদযোগসমাধি রসানন্দযোগসমাধি লয়সিজিযোগসমাধি, ভক্তিযোগসমাধি এবং রাজযোগসমাধি এই ছয় প্রকার সমাধির উল্লেখ করা হয়েছে। এই ছয় প্রকার সমাধি যথাক্রমে শাস্তবীমুলা থেচরীমূলা ভাষ্কি এবং মনোমৃচ্ছাকুস্তকের ছারা লাভ করা যায়। এই য়ড়বিধ সমাধিকে য়ড়বিধ রাজযোগও বলা হয়।

এই-সব সমাধির শান্ধাক্ত বিবরণ আলোচনা করলেই দেখা বাবে সাধনোপায়ের বিভিন্নতা অন্তুসারেই সমাধির এই প্রকার ভেদ নির্দিষ্ট হয়েছে।

ধ্যানযোগসমাধি —ধ্যানযোগসমাধি সম্বন্ধে বলা হয়েছে — যোগী শাস্তবীমূলা করে আত্মাকে প্রত্যক্ষ করবেন। বিন্দুকে ব্রহ্মময় জেনে তার মধ্যে মনোনিবেশ করবেন। তারপর খ -এর অর্থাৎ ব্রহ্মের মধ্যে আত্মাকে ও আত্মার মধ্যে ব্রহ্মকে দর্শন করবেন। আত্মাকে ব্রহ্মময় দর্শন করবে আর কোনো বাধা থাকে না। যোগী তথন সদানন্দময় হয়ে সমাধিত্ব হয়ে যান।

**নাদ যোগসমাধি**—নাদ যোগসমাধি সম্বন্ধে বলা হয়েছে খেচরীমূলা সাধনার ছারা যথন রসনা উধ্বগতা হবে তথন সমাধিসিদ্ধি হবে আর কোনো সাধারণ ক্রিয়ার প্রয়োজন হবে না।

त्रजानन्मत्यागजमाथि—त्रजानन्मत्यागजमाधित विवतन এইভाবে मिख्या इत्याह—शीत्र

- ন শৃণোতি ন চাজাতি ন স্পৃণতি ন পঞ্চতি। ন জানাতি হৃথং ছু:খং ন সংক্রয়জে মনঃ।
   ন চাপি কিঞ্জিনাতি ন চ বুংগতি কাঠবং। এবং শিবে বিলীনাক্ষা সম্পিছ ইহোচ্যতে।—কু ত ১।১৬-১৪
- ২ শান্তব্যা হৈব থেচধা আমুৰ্যা বোনিমুক্তরা। ধ্যানং নাদং রসানন্দং লয়সিভিশ্চতুর্বিধা।
  পঞ্চধা ভক্তিবোগেন মনোমুর্জ্যা চ বড়্বিধা। বড়্বিধোহরং রাজবোগঃ প্রত্যেক্সমবধাররেং।—বে স ৭।৫-৬
- শান্তবীং মৃত্রিকাং কৃষা আত্মপ্রত্যক্ষমানরেং। বিশ্বুক্ষময়ং দৃষ্ট্ব মনন্তরে নিবোজরেং।
   থমধ্যে কুরু আত্মানং আত্মমধ্যে চ বং কুরু। আত্মানং বময়ং দৃষ্ট্ব ন কি কিদপি বাধতে।
   সদানলময়ো ভৃত্বা সমাধিছো ভবেয়য়ঃ।—বে স ৭।৭-৮
- 8 थर बुटकाि ।—हा डेल हा ३०।इ
- সাধনাৎ থেচরীমূলা রননো ধনগতা বলা। তলা সমাধিসিদ্ধিঃ ভাদ্ধিছা সাধারণক্রিরান্।—বে স १।»

ধীরে বায়ু পূরণ করে আমরীকৃষ্ণক করতে হবে এবং তার পর ধীরে ধীরে বায়ু রেচন করতে হবে। তথন অমরগুঞ্জন হবে। ভিতরের এই অমরগুঞ্জন শুনে তার মধ্যে মন নিবিষ্ট করঙ্গে সমাধি হবে এবং তথন সোহহং-জ্ঞান এবং পরম আনন্দ লাভ হবে।

লয় লিছিবোগলমাধি লয় দিছিবোগলমাধির নিম্নোক্ত বিবরণ পাওয়া বায়—বোগী ধোনিমূলা অবলম্বন করে স্বয়ং শক্তিময় হবেন এবং পরমাত্মার সঙ্গে উত্তম শৃঙ্গাররসে বিহার করবেন। এইভাবে আনন্দময় হয়ে ব্রন্ধের সঙ্গে তাঁর ঐক্য হবে, 'আমি ব্রহ্ম' এই অবৈত-জ্ঞানলাভ হবে এবং তার বারা সমাধি হবে।

ভজিবোগসমাধি— ভজিবোগসমাধি সম্বন্ধে বেরগুসংহিতার বলা হয়েছে— সাধক স্বীয় হদরে ইষ্টদেবতার স্বরূপ পরমাহলাদ সহকারে ভজিভরে ধ্যান করবেন। ধ্যান করতে করতে পুলকাশ্রু বর্ষণ করবেন এবং তাঁর দশা লাগবে। তার থেকেই সাধকের সমাধি ও মনোয়নী অবস্থা লাভ হবে। ত

রাজবোগসমাধি—রাজবোগসমাধির বিষয়ে বলা হয়েছে— মনোমূর্চ্ছা নামক কুম্বক করে মনকে আত্মাতে যুক্ত করতে হবে। পরাত্মার সঙ্গে এইভাবে সমাধোগের ফলে সমাধি হয়।

নানা নামে রাজবোগদমাধির উল্লেখ লক্ষ্য করা হয়। হঠযোগপ্রদীপিকার মতে রাজবোগসমাধি উন্মনী মনোন্মনী অমরত্ব লয়তত্ব শৃত্যাশৃত্য পরমপদ অমনস্ক অবৈত নিরালম্ব নিরঞ্জন জীবন্ম্ভিক সহজা বা সহজাবস্থা এবং তুর্যা বা তুরীয়া অবস্থা এই-সব একার্থবাচক শক্ষ।

**ছিবিধ সমাধি**—রাজবোগসমাধিই বেদান্তাদিপ্রোক্ত নির্বিকল্প সমাধি। এই প্রসঙ্গে

অনিলং মন্দবেগেন আমরীকৃত্তকং চরেং। মন্দং মন্দং রেচয়েদ্ বায়ুং ভৃত্ত নাদং ততো ভবেং।
 অন্তঃহং আমরীনাদং শ্রুছা তত্ত্র মনোনয়েং। সমাধির্জায়তে তত্ত্ব আনন্দঃ সোহহমিত্যতঃ ।—বে স ৭।১০-১১

২ বোনিমূলাং সমাসাভ ধরং শক্তিমরো ভবেং। সুশুকাররসেনৈব বিহরেং প্রমান্তনি।
আনন্দ্ররঃ সংভূষা ঐক্যং বুজাণি সভবেং। অহং বুজোত চাবৈতং সমাধিত্যেন জারতে।—এ ৭।১২-১৩

বকীরহদয়ে খ্যায়েদিউদেবয়য়পকন। চিন্তয়েদ ভক্তিবোগেন পরমাহলাদপুর্বকন।
আনন্দাক্রপুলকেন দশাভাবঃ প্রজায়তে। সমাধিঃ সন্তবেত্তেন সন্তবেত্ত মনোয়নী।—ঐ ৭/১৪-১৫

मत्नामृद्धार ममामाग्र मन जाञ्चनि (वांबदार । श्रताञ्चनः ममात्वाभार ममाविः ममवाश्रृहार ।—- अ १।>७

রাজবোগঃ সমাধিক উয়নী চ মনোয়নী। অমরত্ব লয়তব্বং শৃষ্ঠাপৃত্তং পরং পদম্।
 অমরত্বং তথাবৈতং নিরালম্বং নিয়য়্লনম্। অবিয়য়ৢজিক সহলা তুবা চেত্যেকবাচকাঃ।—হ প্র ৪।৩-৪

w ar: S. P., 2nd Ed., 1924, pp. 258-59

উল্লেখ করা যায় বেদাস্তাদিতে বিবিধ সমাধির কথা বলা হয়েছে—সবিকল্প আর নির্বিকল্প। ই ধোগস্তুত্তের মতে বিবিধ সমাধি—সম্প্রজাত ব্যার অসম্প্রজাত। ত

জ্ঞাতা জ্ঞান এবং জ্ঞেয়ের ভেদ লোপ না করে চিত্তর্তির অ্বিতীয় ব্রহ্মবস্তর আকারে আকারিত হওয়া এবং তাতে অবস্থানের নাম সম্প্রজ্ঞাত বা সবিকল্প সমাধি।

আর জ্ঞাতা জ্ঞান ও জ্ঞেয়ের ভেদ লোপ করে চিত্তবৃত্তির অধিতীয় ব্রহ্মবস্তুর আকারে আকারিত হয়ে অথগুকারে অবস্থানের নাম অসম্প্রজ্ঞাত বা নির্বিকল্প সমাধি।

সহজকথায় "সবিকল্প সমাধিতে জ্ঞাতা, জ্ঞান, জ্ঞেয় এবং ধ্যাতা, ধ্যান এবং ধ্যেয় এই তিনটি পদার্থ ভাসমান হয়। নির্বিকল্প সমাধিতে জ্ঞাতা ও জ্ঞান বা ধ্যাতা ও ধ্যান ভাসমান হয় ।" •

সবিকল্প বা সম্প্রজ্ঞাত সমাধিই অভ্যাসের ফলে নির্বিকল্প বা অসম্প্রজ্ঞাত সমাধিতে পরিণত হয়। প্রথমটিতে সিদ্ধিলাভ হলে পরেই তবে দ্বিতীয়টিতে সিদ্ধিলাভ হতে পারে।

**লয়যোগ**—এবার লয়যোগ। বরাহোপনিবদের ভান্তে উপনিবদ্বহ্মযোগী হঠযোগকে লয়যোগের সাধন বলেছেন। গুলুমযোগকে হঠযোগের উচ্চতর রূপও বলা হয়।

নানাভাবে লয়খোগের ব্যাখ্যা করা হয়েছে। যেমন যোগশিথোপনিষদের মতে হঠযোগের 

দারা সর্বদোষসমূন্তব জাভ্য নষ্ট হয় এবং ক্ষেত্র ও পরমাত্মার ঐক্য অর্থাৎ অভেদ উপলব্ধ

হয় আর সেই কারণে চিন্ত বিলীনতা প্রাপ্ত হয়। এরই নাম লয়যোগ। লয়ঘোগের উদয়ে

পবন স্থির হয়ে যায়। লয়যোগের দারা যোগী স্বাত্মানক্ষ্থ উপলব্ধি করেন এবং পরম পদ

লাভ করেন।

১ সমাধিবিবিধ: সবিকল্পকো নির্বিকল্পেডি ৷—বেদান্তসার ১৯৩

২ বিতর্কবিচারানন্দান্মিভারপামুগমাং সম্প্রজাতঃ।—যো হু ১।১৭

৩ সর্ববৃত্তিনিরোধে ত্বসম্প্রজাতঃ সমাধিঃ ৷—ঐ ১৷১-এর ব্যাসভান্ত

তত্ত্ব স্বিকল্পকো নাম জ্ঞাভূজ্ঞানাদিবিকল্পয়ানপেকয়াছিতীয়বস্তুনি তদাকায়াকারিতায়াশিতবৃত্তেয়বয়্ছানয়্

 —বেদাস্তমার, ১৯৪

নির্বিকলকন্ত জ্ঞাতৃজ্ঞানাদিবিকললরাপেক্ষাবিতীয়বস্তুনি তদাকারাকারিতায়াশিতবৃত্তেরতিতরামেকীভাবেনাবছানম্ ।—ঐ ১৯৭

<sup>•</sup> श्रीशा व एक ला, ध्य वर्व, शृः ১৫२

৭ ক্রমান্তরং নাদাসুসন্ধানং ততো লরং তৎসাধনং হঠং বিভি।—বরাহোপনিবং ৫।১ --এর ভার

<sup>8.</sup> P., 2nd Ed., 1924, p. 225

হঠেন প্রস্তাত ( গৃহতে ) জাজ্যং সর্বদোষসমূত্র । ক্ষেত্রক্তঃ পরমায়া চ তয়েইরক্যং বলা ভবেং ।
তবৈক্যে সাধিতে ব্রুক্ষাশিত্তং বাতি বিলীনতান । পবনং হৈর্যমায়াতি লয়বোগোদয়ে নতি ।
লয়াৎ সংপ্রাপ্যতে সৌখ্যং স্বাস্থানকং পরং পরম্ ।—বোগশিধোপনিবং ১١১৩৪-১৩৬

হঠবোগপ্রদীপিকার মতে পুনরায় বাসনা না জাগার জন্ত যে বিষয় বিশ্বতি তাই লয়। যখন সমস্ত সম্বল্প বিনষ্ট হয় এবং অশেষ চেষ্টা নিঃশেষ হয় তখন লয়যোগ উৎপন্ন হয়। এ অবস্থা স্বীয়-অন্তল্ভবগ্ম্য, বাক্যের অগোচর। ব

অক্তভাবে বলা হয়েছে যথন খাদপ্রশাদ নিরুদ্ধ হওয়ায় ইন্দ্রিয়ের বিষয়গ্রহণ বিধ্বস্ত হয় এবং মন নিশ্চেষ্ট ও নির্বিকার হয়ে যায় তথন যোগীদের লয়যোগ সাধিত হয়।\*

লয়বোগদাধনের উপায় অসংখ্য। বোগতবোপনিষদের মতে চিত্তলয়ই লয়বোগ। কোটিপ্রকারে তা দাধিত হতে পারে। চলায় না-চলায় নিস্তায় আহারে নিঙ্কল ঈশ্বরের ধ্যান করতে হবে। এইটিই লয়বোগ।

বিষ্ণ কথায় বলা যায় "বাহাভ্যস্তরভেদে মত প্রকার পদার্থের সম্ভব হইতে পারে।" তৎসমস্তেই লয়যোগদাধনা হইতে পারে।"

হঠবোগপ্রদীপিকার আছে—শ্রীমাদিনাথ সওয়া এক কোটি প্রকার লয়বোগের কথা বলেছেন। তার মধ্যে একমাত্র নাদাহসন্ধানকে মুখ্যতম মনে করতে হবে। পিব-সংহিতাতেও অহুরূপ অভিমত ব্যক্ত করা হয়েছে।

তবে সাধারণতঃ "সিদ্ধযোগিগণ লয়বোগের মধ্যে নাদাহসন্ধান, আত্মজ্যোতিদর্শন ও কুগুলিনী-উত্থাপন এই তিন প্রকার প্রক্রিয়া শ্রেষ্ঠ ও হ্রসাধ্য বলিয়া ব্যক্ত করেন।"

রাজবোগ—এর পর রাজবোগ। বোগস্বরোদয়ে বলা হয়েছে আকাশে আমামান বায়ুবেমন স্বয়ং আকাশরূপ প্রাপ্ত হয় অর্থাৎ আকাশে লীন হয় তেমনি আকাশে অর্থাৎ ব্রক্ষেমনের লয়ই রাজবোগের কাজ।\*

১ অপুনর্বাসনোখানালয়ো বিষয়বিশ্বতি।—হ প্র ৪।০৪

२ উচ্ছिল্লসর্বসন্থলো নিঃলেবালেবচেষ্টিতঃ। योবগম্যো লন্ন: কোহণি জান্নতে বাগগোচরঃ।—এ ৪।৩২

৩ প্রণষ্টবাদনিবাদ: প্রথমন্তবিবরগ্রহ: । নিশ্চেষ্টো নির্বিকারক লরো জয়তি বোগিনাম্।—এ ৪।৩১

গলংবাগলিন্তলয়: কোটিশ: পরিকীর্তিতঃ। গচ্ছান্তির্চন্ অপন্ ভুঞ্জন্ ধ্যায়েরিকলমীবরম্।
 স এব লয়বোগঃ স্যাৎ
 া—বোগতবোপনিবৎ ২৩-২৪

e शांगीश्रक, १म मः, शृः १७

नामनः मिद्यमृगः न क्षमृगः वनम् । न (थेठबीममा मृजा न नाममृत्ना नवः ॥—मिनमः हिछा ६।४»

৮ বোগীগুরু, ৭ম সং, পৃঃ ৭৬.

যথাকাশে অমন্ বায়ুরাকাশং একতে খয়ন্। তথাকাশে মনো লীনং রাজবোগক্রিয়ামতন্।
 —বোগখরোদয়বচন, জঃ প্রা তো, কাপ্ত ৩, পরিঃ ৩, ব সং, পৃঃ ৪৬৬

বোগশিথোপনিষদের মতে রক্ষ এবং রেতের অর্থাৎ শক্তি ও শিবের যোগ রাজ্যোগ। ই যোগের রাজা বলে এই যোগের নাম হয়েছে রাজ্যোগ। ই

- রাজবোগ বৈভভাববর্জিত। বাগস্বরোদয়ের মতে° রাজবোগ পঞ্চদশ প্রকার।
ক্রিয়াবোগ জ্ঞানবোগ কর্মবোগ হঠবোগ ধ্যানবোগ মন্ত্রবোগ প্রভৃতিকে রাজবোগের প্রকারভেদ গণ্য করা হয় ।

**হঠযোগ ও রাজ্যোগ**—হঠযোগাদিকে আবার রা**জ্**যোগসাধনের উপায়ও মনে করা হয়। হঠযোগপ্রদীপিকায় আছে—যোগী স্বাত্মারাম শ্রীগুরু নাথকে প্রণাম করে কেবল রাজ্যোগসিদ্ধির জন্ত হঠযোগ উপদেশ দিলেন।

উক্ত গ্রন্থের অন্তর্জ বলা হয়েছে আদন, নানারকম কৃষ্ণক এবং হঠযোগের অন্তান্ত দিব্য প্রক্রিয়া সমস্তই সেই পর্যন্ত অভ্যাস করতে হবে যে-পর্যন্ত এ সবের ফল রাজ্যোগ লাভ না হয়। কাজেই রাজ্যোগ হঠযোগসাধনার অন্তত্ম ফল্ও বটে।

হঠষোগসাধকদের রাজযোগের জ্ঞান থাকা চাই। রাজযোগ সম্বন্ধে অজ্ঞ ব্যক্তিরা যদি কেবলমাত্র হঠষোগের অভ্যাস করেন তা হলে তাঁদের সে প্রয়াস বিফল হবে।

মোটকথা হঠবোগপ্রদীপিকার মতে হঠবোগ ও রাজবোগ পরম্পরের উপর নির্ভরশীল। হঠবোগ ছাড়া রাজবোগদিত্তি হয় না এবং রাজবোগ ছাড়া হঠবোগদিত্তি হয় না। সেই-জন্ম সম্পূর্ণ দিত্তিলাভ না করা পর্যন্ত উভয়ের অভ্যাস করতে হয়।

প্রাণনিরোধকে বলা হয় হঠযোগ জার মননিরোধকে রাজ্যোগ। মন এবং প্রাণ, ত্থ ও জলের মতো পরস্পরের সঙ্গে মিলিত এবং উভয়ের ক্রিয়াও তৃন্য। যেখানে প্রাণ সেখানেই মন:প্রবৃত্তি জার যেখানে মন সেখানেই প্রাণপ্রবৃত্তি।

১ রন্ধসো রেডসো যোগাদ্রাজযোগ ইতি মৃতঃ।—যোগনিখোপনিবং ১।১৩৭

২ অন্নং রাজবোগঃ বোগরাজভাং।—বোগতত্ত্বোপনিবং ১৩০-এর উপনিবদুরক্ষবোগীকৃত ভান্ত

৩ চতুর্থো রাজবোগঃ স্তাৎ স বিধাভাববর্জিতঃ।—শি সং ৫।১৭

পঞ্চলগপ্রকারে। হয়র রাজবোগঃ শিবপ্রদঃ। ক্রিয়াবোগঃ জ্ঞানবোগঃ কর্মবোগো হঠন্তথা।
 ধ্যানবোগো য়য়বোগ উরবোগক বাসনা। রাজন্ত্যেতদ্ বুল্ফবিফুলিব এভিক পঞ্চধা।

<sup>--</sup>বোগবরোদয়বচন, জঃ প্রা তো, কাণ্ড ৬, পরিঃ ৩, ব সং, পুঃ ৪৩১

প্রণমা এওকং নাথং স্বাঝারামেণ বোগিনা। কেবলং রাজযোগায় হঠবিভোপনিশ্রতে।—হ প্র ১।২

৬ পীঠানি কৃত্তকাশ্চিত্রা দিবানি করণানি চ। সর্বাণাপি হঠাভ্যাসে রাজবোগফলাবধি।--এ ১।৬৭

৭ রাজবোগমলানম্ভ: কেবলং হঠকারিণ:। এতানভাসিনো মড়ে প্ররাসকলবর্জিতান্।—ঐ ৪।৭৯

৮ হঠং বিনা রাজবোগো রাজবোগং বিনা হঠ:। ন সিধাতি ততো বুগামানিপান্তে: সমভ্যসেৎ।—এ ২।৭৬

ছশ্ধান্ব বংদদ্মিলিতাবৃত্তো তৌ তুলাক্রিয়ো মানসমাক্রতো হি।
 বতো মক্রং তত্র মনপ্রের্ত্তি হতো মনস্তত্র মক্রংপ্রবৃত্তিঃ ।—ঐ গ!২৪

সেই জন্ত যে-পবন অর্থাৎ প্রাণবায়ু নিরোধ করতে পারে সে মন নিরোধ করতেও পারে আর যে মন নিরোধ করতে পারে দে প্রাণবায়ুও নিরোধ করতে পারে।

কাব্দেই এ দিক্ দিয়ে বিচার করলেও দেখা যায় রাজ্যোগ ও হঠযোগ পরস্পরের উপর নির্ভরশীল।

লয়বোগ ও রাজবোগ—হঠবোগের দাধনার মতো লয়বোগের দাধনারও লক্ষ্য রাজবোগিদিরি। তবু লয়বোগ আর রাজবোগ এক নয়, উভয়ের মধ্যে পার্থক্য আছে। রাজবোগে চিত্তের ঘারা অর্থাৎ প্রধানতঃ ধ্যানধারণা ভাবনাচিন্তা ঘারা চিত্তর্ত্তিনিরোধ করতে হয়। প্রধানতঃ বলার কারণ প্রাণায়ামের ঘারাও চিত্তনিরোধ হতে পারে। কেন না বোগশাল্পে চিত্তর্ত্তির ত্টি কারণ নির্দেশ করা হয়—বায়ু অর্থাৎ প্রাণ আর বাসনা। এর একটির নিরোধ হলেই উভয়েরই নিরোধ হয়।

লয়বোগে এই চিত্তবৃত্তিনিরোধের কাজটি করেন সাধকের কুণ্ডলিনীশক্তি। লয়বোগে সাধক কুণ্ডলিনীশক্তিকে জাগ্রত করেন এবং কুণ্ডলিনীশক্তি সাধককে সিদ্ধি প্রদান করেন।\*

লয়বোগ কুণ্ডলীবোগ—লয়বোগ বা উচ্চালের হঠবোগকেই ক্ওলীবোগ বলা হয়।
এই বোগে ম্লাধারস্থিতা ক্ওলিনীশক্তিকে জাগ্রত করে সহস্রারে নিয়ে গিয়ে পরমশিবের
সঙ্গে মিলিত করার বারা সমাধিলাভ হয়। এইজন্ত এই বোগের নাম ক্ওলী- বা ক্ওলিনীবোগ।

কুণ্ডলিনীজাগরণের উপায়—বিবিধ হঠযোগপ্রক্রিয়ার ঘারা কুণ্ডলিনীকে জাগান যায়। হঠযোগপ্রদীপিকায় বলা হয়েছে—বিবিধ আদন নানাপ্রকার কুম্বক এবং যৌগিক প্রক্রিয়ার ঘারা কুণ্ডলিনী জাগ্রত হন এবং তথন প্রাণ শৃত্তে অর্থাৎ স্ব্য়াতে প্রলীন হয়।

দৃষ্টান্তবন্ধপ শক্তিচালনীমূলা ও ষোনিমূলা বারা কুগুলিনীজাগরণের উল্লেখ করা ধায়।
শক্তিচালনীমূলা অভ্যন্ত না হলে যোনিমূলাদিদ্ধি হয় না। সেইজন্ত প্রথমে শক্তিচালনীমূলা
অভ্যাস করে ষোনিমূলা অভ্যাস করতে হয়।

**শক্তিচালনী মুদ্রা**—শক্তিচালনীমূলা সম্পর্কে বলা হয়েছে ঘোগী গায়ে ভশ্ম মেথে

- ১ প্ৰনো ৰধ্যতে বেন মনন্তেনৈৰ ৰধ্যতে। মনশ্চ ৰধ্যতে বেন প্ৰনন্তেন ৰধ্যতে—ছ প্ৰ ৪।২১
- ২ সর্বে হঠলয়োপারা রাজবোগস্ত সিদ্ধরে।—ঐ ৪।১০৩
- ৩ হেতৃৰয়ং তু চিন্তক্ত বাসনা চ সমীরণ:। তরোধিনত্তে এক সিংন্ডৌ বাবপি বিনশ্তত:। হ প্র গংং
- s S. P., 2nd Ed., 1924, p. 294 f n. 1
- विविदेशतांत्रितः कृदेखविं ठिदेखः कर्तपेत्रिति । প্রবৃদ্ধারাং মহাশক্ষো প্রাণঃ শৃল্পে প্রলীয়তে । হ প্র ৪।> •
- विनानिक्षिणालान वानिमूला न निकाि । व्याको जाननमञ्जल वानिमूलाः नमञ्जात्र ।—व न ७।०२
- कन्नना गाजः मः निषा निकामनः ममाठः त्रः । नामाङ्याः श्रापमाकृष्य व्यवादन स्वादः ।

দিদ্ধাসন করে বসে উভয় নাকদিয়ে প্রাণবায় আকর্ষণ করবেন ও জাের করে তাকে অপানের সঙ্গে ক্রবেন এবং বে-পর্যন্ত না বায় স্বয়্মানাড়ীতে প্রবেশ করে আত্মপ্রকাশ করে সেই পর্যন্ত অবিনীমূলার দারা ধীরে ধীরে গুল্দেশ আকুঞ্চন করবেন। তার পর কুছক করে বায় নিরোধ করবেন। তা হলে ভূজিদিনী অর্থাৎ কুগুলিনী কৃদ্ধাস হয়ে উর্ধ্নার্গে চলবেন।

ষোনিমুন্তা— যোনিমূন্তার বিষয়ে বলা হয়েছে যোগী সিদ্ধাসন করে বসে কান চোথ নাক
মূথ যথাক্রমে বৃদ্ধাকৃত তর্জনী মধ্যমা এবং অনামিকা দিয়ে বন্ধ করবেন। তার পর কাকীমূলার
ছারা প্রাণবায়্কে আকর্ষণ করে অপানের সঙ্গে যুক্ত করবেন। এবার যথাক্রমে বট্টকের
ধ্যান করে 'হুঁ হংসং' এই ময়ের দারা নিজিতা দেবী ভুঙ্গিদীকে প্রবৃদ্ধ করবেন। তার পর
জীবসহ এই শক্তিকে উর্ধের সহস্রারে নিয়ে গিয়ে বয়ং শক্তিময় হয়ে পরমশিবের সঙ্গে সঙ্গত
হবেন অর্থাৎ সাধক কুওলিনীর সঙ্গে একাত্ম হয়ে যাবেন এবং কুওলিনী পরমশিবের সঙ্গে
মিলিত হবেন। এই অবস্থায় সাধক নানা স্থ্য, বিহার ও পরম স্থের চিন্তা করবেন;
একান্তভাবে শিবশক্তির সমাযোগ ভাবনা করবেন এবং বয়ং আনন্দময় হয়ে (আনন্দমনা
হয়ে ) 'আমি ব্রহ্ম' এই উপলব্ধি প্রাপ্ত হবেন।'

কু**ন্তকের দার। কুগুলিনীজাগরণ**—কুন্তকের দারা কুগুলিনীজাগরণের সহদ্ধে হঠবোগ-প্রদীপিকায় বলা হয়েছে সাধক যোগী বজ্ঞাসনে বসে কুগুলিনীকে চালনা করবেন এবং ভত্ত্বা বা ভত্ত্বিকা কুন্তক করে তাঁকে স্বান্ত প্রবৃদ্ধ করবেন। ২ এটি একটি দৃষ্টাস্তমাত্র।

কুণ্ড লিনী লাগরণের পরীক্ষা—অভিজ্ঞ ব্যক্তিরা বলেন কুণ্ডলিনীর জাগরণ হয়েছে কিনা তার একটি সহজ্ব পরীক্ষা আছে। কুণ্ডলিনীর জাগরণ হলে সেই জাগরণকেন্দ্রে অত্যধিক উত্তাপ অহভূত হয় এবং কুণ্ডলিনী কোনো কেন্দ্র ত্যাগ করে উপরের দিকে গেলে সেই কেন্দ্র অত্যক্ত শীতল হয়ে যায়। জাগ্রত কুণ্ডলিনী যে-কেন্দ্রে থাকেন সেই কেন্দ্রেই

ভাবদাকুঞ্রেদ্ওফং শনৈরবিনীমূলরা। বাবদ পচ্ছেৎ স্ব্রারাং বায়ু: প্রকাশরেদ্ হঠাং। তদা বায়ুপ্রবন্ধন কুম্ভিকা চ ভুজজিনী। বন্ধবাসন্ততো ভূছা উর্ধনার্গং প্রপদ্ধতে।—ই ৩।৪৯-৫১

২ বক্সাসনে স্থিতো বোগী চালরিছা চ কুখলীন। কুর্বাদনস্তরং ভক্তাং কুখলীনাশু বোধরেং।—হ প্র ৩।১১৫

অত্যন্ত উত্তাপ অহন্তৃত হয় এবং কেন্দ্র ছেড়ে উপরের কেন্দ্রে গেলে পূর্বোক্ত কেন্দ্রটি অত্যন্ত শীতল হয়ে বায়। এইভাবে কুণ্ডলিনী সহস্রারে গিয়ে পৌছালে বোগীর সমস্ত শরীর শীতল এবং শবদেহের মতো হয়ে বায়। তথন শুধু বোগীর মন্তকশীর্বে কিঞ্চিৎ উত্তাপ অহন্তৃত হয়।

কুণ্ডলিনীকে উর্ব্ধের উত্থাপন—কেবলমাত্র কুণ্ডলিনীজাগরণের হারা আধ্যান্মিক যোগসাধনার ক্ষেত্রে বিশেষ কিছু হয় না। সাধনার হারা তাঁকে ক্রমে ক্রমে উর্ব্ধের উত্থাপন করে আজ্ঞাচক্র পর্যন্ত নিয়ে যেতে পারলে সাধনায় বেশ থানিকটা অগ্রগতি হয়েছে বলা যায়। তবে আজ্ঞাচক্রও ভেদ করিয়ে কুণ্ডলিনীকে সহস্রারে নিয়ে গিয়ে সাধনা করলে পর এ সাধনার চরমসিদ্ধি লাভ হয়।

কুওলিনীকে সহস্রারে নিতে দাধারণতঃ বছকাল কেটে যায়। অবশ্য ক্ষেত্রবিশেষে এ কাজ অপেক্ষাকৃত অল্প সময়ের মধ্যেও হতে পারে। এটি নির্ভর করে সাধকের সামর্থ্যের উপর। কুওলিনী কোনো চক্রে উত্থাপিত হলেও প্রথম প্রথম সেথানে স্থির হয়ে থাকেন না, তৎক্ষণাৎ আবার মূলাধারে ফিরে আসেন। এমন কি সহস্রারে পৌছে গেলেও তিনি সেথানেও স্থির হয়ে থাকেন না। সেথান থেকেও আবার মূলাধারে নেবে আসেন। কেবলমাত্র কঠোর সাধনার ফলেই যোগী এমন দামর্থ্যলাভ করেন যার দক্ষণ তিনি কুওলিনীকে যতক্ষণ খুশি সহস্রারে রাথতে পারেন।

প্রত্যন্থ প্রবার সাধনা—হঠযোগপ্রদীপিকায় বলা হয়েছে প্রতাহ ত্বার, সকাল এবং সন্ধ্যায়, আধপ্রহর ধরে কুণ্ডলিনীচালনা অর্থাৎ কুণ্ডলীযোগাভ্যাস করতে হবে। এইভাবে নিষ্ঠাসহকারে সাধনা করে গেলে কালে সিদ্ধিলাভ হবে।

ষ্ট্ ক্রেনির পণোক্ত কুর্গুলিনীযোগ— উপরে হঠযোগপ্রদীপিকাদি যোগশাস্ত্রীয় গ্রন্থ অবলম্বনে কুগুলীযোগের যে-বিবরণ দেওয়া হল তদ্ধাদিতেও এ সম্পর্কে তারই অর্ক্রপ বিবরণ পাওয়া যায়। ষট্চক্রনিরপণ–এ বলা হয়েছে যমনিয়মাদি অভ্যাসের ছারা স্থশীল যোগী গুরুম্থে মাক্ষব আ প্রকাশের অর্থাৎ চিত্রিণীনাড়ীর মধ্যস্থিত ছিত্ররপ বর্ষের প্রক্ষোটনের ক্রম জেনে নেবেন। তার পর শুক্রবৃদ্ধিসভাব অর্থাৎ ব্রহ্মস্বভাব সেই যোগী দেহাভ্যন্তরম্ব বায়ু এবং অগ্রির ধারা স্থা কুণ্ডলিনীকে আক্রমণ করে ছঁ এই বীজ উচ্চারণ

<sup>&</sup>gt; 8. P., 2nd Ed., 1924, p. 22

<sup>2</sup> S. P., 2nd Ed., 1924, p. 18

७ खे, भुः २००

অবস্থিতা চৈব কণাবতী সা প্রাক্তক সায়ং প্রহরা ধয়াত্রস্থ ।
 প্রপূর্ব প্রধা পরিধানবৃক্ত্যা প্রগৃহ নিতাং পরিচালনীয়া ।—ই প্র ৩।১১২

করে জাগাবেন এবং গুপ্ত স্বয়স্কৃলিজছিল ভেদ করে তাঁকে ব্রহ্মধারমূখে অর্থাৎ চিত্রিনীনাড়ী-মুখে স্থাপন করবেন।

লক্ষ্য করা গেছে দেরগুসংহিতাদিতে ছঁহংস: এই মন্ত্রে কুওলিনীকে প্রবৃদ্ধ করার কথা আছে। অথচ এখানে ছঁ মন্ত্রের দারা কুওলিনীকে জাগানোর কথা বলা হল। ষট্টক-নির্নণ-এর টীকাকার কালীচরণ এই উভয়মতের সামঞ্জ্য বিধান করেছেন এইভাবে—হংসমন্ত্রের দারা অথবা প্রণবের দারা হৃদয়স্থ জীবাত্মাকে মৃলাধারে আনতে হবে এবং কেবল ছঁ-মন্ত্রের দারা কুওলিনীকে প্রবৃদ্ধ করতে হবে ও জীবাত্মা-সহ কুওলিনীকে চালনা করতে হবে।

কুওলিনীর উ ধ্বগমন সম্বন্ধে বলা হয়েছে— শুদ্ধসন্তা দেবী কুওলিনী লিক্ষত্রয় ভেদ্ধ করেন এবং ব্রহ্মনাড়ীপ্রথিত সমস্ত পদ্ধে পৌছে দীপ্তি পান। তার পর বিত্যুতের মতো উজ্জ্বল এবং মুণালতস্কর মতো কৃষ্ণ আকারে কুষ্মধামে পরমানক্ষময় শিবের সমীপে অর্থাৎ সহস্রদলপদ্মের কর্ণিকাস্থ পরবিন্দুরূপ শিবের সমীপে যান এবং তাঁর সঙ্গে মিলিত হয়ে সহসা সাধকের নিত্যানক্ষরপ মৃক্তি বিধান করেন।

কালীচরণ বলেন কুণ্ডলিনী লিক্ষত্রয় ভেদ করেন অর্থ স্বয়স্থ্ বাণ এবং ইতর এই তিন লিক্ষ, ম্লাধারাদি ষট্চক্র এবং ব্রহ্মা বিষ্ণু কন্ত ঈশ্বর ও সদাশি এই পঞ্চশিব মোট এই চতুর্দশগ্রন্থি ভেদ করে যান।<sup>8</sup>

কুণ্ডলিনীর শিবাদি ভেদ করে উর্ধ্বগমন সম্বন্ধে স্বতম্বতন্ত্রে বলা হ্রেছে — দেবী ষ্ট্চক্রস্থ শিবদের ভেদ করে গিয়ে নিঙ্কল বা নি গুল ব্রন্ধকে প্রাপ্ত হন। ব্রথন ষে-চক্রে যান তথন সেই চক্রের উপযোগী মনোহর রূপ ধারণ করে সেই চক্রস্থ আনন্দপরিপ্লুত শিবকে মোহিত

হক্কারেশৈব দেবীং বমনিরমসমভাগদশীলঃ ফুশীলো জাত্বা শ্রীনাধবক্তাৎ ক্রমমিতি চ মহামোক্ষর অপ্রকাশন্।
ব্রহ্মহারস্ত মধ্যে বিরচয়তি স তাং ওছবৃছিবভাবো ভিত্বা তলিলয়পং প্রনদহনয়োরাক্রমেশৈব গুপুম্।

<sup>—्</sup>य नि ००

২ জঃ ঐ, কালীচরণকৃত টীকা

ভিতা নিক্তরং তংশরমরসনিবে কুল্মধারি প্রদীপে না দেবী শুদ্ধতা তড়িদিব বিনসভবরপবরপা।
 বুল্পাখ্যায়াঃ নিরায়াঃ সকলসরসিলং প্রাপ্য দেরীপাতে তল্মোক্ষাখ্যানন্দরপং ঘটরতি সহনা কুল্মতালক্ষণেন।
 — ব নি, লো ৩ >

৪ ঐ মোকের কালীচরণকৃত টীকা

বট্চক্রস্থান শিবান ভিছা দেবী গছতি নিক্সন্। চক্রাধিষ্ঠানতো রূপং বৃছা ভদ্তয়নোহরন্।
মোহরিছা মহেশানমানলয় তবিগ্রহন্। রমিছা তক্র তক্রৈব বাবং প্রাপ্রোতি শাষ্তম্।
মোহিতঃ পরয়া বসাং ভসাভিয় উদাহতঃ।—জঃ ঐ

করে তাঁর সঙ্গে রমণ করে পরিশেষে যিনি শাশত তাঁকে প্রাপ্ত হন অর্থাৎ পরশিবকে প্রাপ্ত হন। শরশিব পরাশক্তির ঘারা মোহিত হন এই অর্থে তিনি পরাশক্তি থেকে ভিন্ন, নতুবা স্বন্ধপতঃ উভয়ে অভিন্ন।

কুণ্ডলিনীর ত্রিলিঙ্গভেদ করার বিষয় ব্যাখ্যা করে কালীচরণ লিথেছেন পরা পশুন্তী মধ্যমা এবং বৈশ্বরী এই চার শব্দোৎপাদিকাশক্তি কুণ্ডলিনীর সঙ্গে অভিন্ন অর্থাৎ এই চার শক্তি কুণ্ডলিনীরই রূপভেদ। কুণ্ডলিনী সহস্রারে গমনের সময় প্রথমে মূলাধারে বৈথরীভাবে স্বয়ন্থলিঙ্গকে মোহিত করেন; এইভাবে অনাহতে মধ্যমাভাবে বাণলিঙ্গকে এবং আজ্ঞাচক্রে পশুন্তীভাবে ইতর্লিঙ্গকে মোহিত করে পরবিন্দুর নিকট পৌছে পরাভাবপ্রাপ্ত হন।

কুণ্ডলিনী-ধ্যানযোগ—কুণ্ডলিনীর জাগরণ ও সহস্রারে গমনের ব্যাপারটি ধ্যান করারও বিধি আছে। এই ব্যাপারটিকে বলা হয় কুণ্ডলিনীর ধ্যানযোগ। গন্ধর্বমালিকায় এই সম্পর্কে বলা হয়েছে—ধ্যান করতে হবে দেবী কুণ্ডলিনী স্বয়ন্ত্বলিন্ধ বেইন করে রয়েছেন। ধ্যানে তাঁকে হংসমন্ত্রের লারা সহস্রারে আনয়ন করতে হবে। সেথানে সদালিব মহাদেব বিরাজ করছেন। কুণ্ডলিনীকে প্রবৃদ্ধ করে সেথানে স্থাপন করতে হবে। ধ্যান করতে হবে দেবী কুণ্ডলিনী রূপবতী এবং কামসম্ল্লসিতা। পরম শিব তাঁর ম্থারবিন্দের গন্ধে আমোদিত। কুণ্ডলিনী শিবের ম্থপল চুন্ধন করবেন এবং ক্ষণমাত্র সদাশিবের সঙ্গে রমণ করবেন। তার ফলে তৎক্ষণাৎ অমৃত উৎপন্ন হবে। শিবশক্তির মিলনোভূত অমৃত লাক্ষা রঙের। সেই অমৃতের লারা পরদেবতার তর্পণ করতে হবে। তার পর সেই অমৃতধারায় ঘট্চক্রন্থ দেবতাদের তর্পণ করে যে-পথে কুণ্ডলিনীকে সহাস্রারে নেওয়া হয়েছিল সেইপথে ম্লাধারে ফিরিয়ে আনতে হবে। এই যাতায়াত প্রক্রিয়ার লারা মনকে শিবস্থানে লয় করতে হবে। যিনি প্রতিদিন এই যোগ অভ্যাস করেন তিনি জরামরণত্বংথ এবং ভববন্ধন থেকে মৃক্ত হন।

- ১ ব নি লো ১২-এর টীকা
- খ্যারেং কুগুলিনীং দেবীং স্বয়স্থূলিকবেছিনীম্। হংসেন মমুনা দেবীং সহস্রারং সমানরেং।
   সদাশিবো মহাদেবো যত্রান্তে পরমেশ্বরি। দেবীং রূপবতীং কামসম্রাসবিহারিশীম্।
   মুধারবিন্দগন্ধেন মোদিতং পরমং শিবম্। প্রবোধ্য পরমেশানি তত্রৈবোপবিশেং প্রিয়ে।
   শিবস্ত মুধপায়ং হি চুচুম্বে কুগুলী শিবে। সদাশিবেন দেবেশি ক্ষণমাত্রং রমেং প্রিয়ে।
   অমৃতং জায়তে দেবি তৎক্ষণাং পরমেশ্বরি। ততুত্তবায়তং দেবি লাক্ষারসসমাবৃত্য।
   তেনামূতেন দেবেশি তর্পয়েং পরদেবতাম্। বট্চক্রদেবতান্তরে সন্তর্গায়্বনোলয়ম্।
   আনরেণ্ডেন মার্গেণ মূলাধারং পুন: মুধীঃ। যাতারাতক্রমেশেব তত্র কুর্যায়নোলয়ম্।
   এবমভ্যস্তমানস্ত অহস্তহনি পার্বতি। জরামরণহুংথাতৈ ম্চাতে ভববন্ধনাং।

  —গর্ধবালিকাবচন, ব নি, য়ো ১০-এর কালীচরণকৃত টীকার উদ্ধৃত

কুণ্ডলিনীযোগ সমাধি—কুণ্ডলিনীঘোগের সমাধি সম্বন্ধে ষট্চক্রনিরূপণে বলা হয়েছে সমাধি-অভ্যাসরত সাধক কুলকুণ্ডলিনীকে প্রবৃদ্ধ করে জীবাত্মার সহিত লয়ক্রমে শুদ্ধপদ্মস্থিত অর্থাৎ সহস্রারস্থিত মোক্ষধামে তাঁর স্বামী পরমশিবের কাছে নিয়ে ষাবেন এবং সেখানে চৈতন্তর্মণা ইইফল্যাত্রী ভগবতীরূপে তাঁর ধ্যান করবেন।

টীকায় কালীচরণ লিখেছেন ভগবতী কুগুলিনী সাধকের ইষ্টদেবতাক্সপিণী। তাঁকে সহস্রারে পরবিন্দুব্ধপ শিবের সঙ্গে একীভাব প্রাপ্ত করিয়ে পরবিন্দুব্ধপা ধ্যান করতে হবে। তার পর পরবিন্দুব্ধও তার মধ্যস্থ শৃত্যমধ্যে চিদাত্মায় বিলীন করে কুগুলিনীকে শুদ্ধ চৈতত্ত্যক্ষপিণী ধ্যান করতে হবে। সাধক তথন সোহহংভাবে জীবাত্মা ও পরমাত্মার ঐক্যজ্ঞান লাভ করবেন এবং সেইজ্ঞানে চিত্ত বিলীন করে সর্বব্যাপক সম্পূর্ণ জ্ঞান লাভ করে স্থিরচিত্ত হয়ে অবস্থান করবেন।

**লয়ক্রম** লয়ক্রমে কুণ্ডলিনীকে উর্ধের উত্থাপনের কথা বলা হল। কন্ধালনীতন্ত্রে লয়ক্রমের নিম্নোক্ত বিবরণ দেওয়া হয়েছে—

মূলাধারে—ম্লাধারস্থ ত্রিকোণে লং বীজের ধ্যান করতে হবে এবং সেথানে ব্রহ্মা এবং তার পর কামদেবেরও ধ্যান করতে হবে। ঐ স্থানেই বীজের চিস্তা করতে হবে। হস্তে আদানের, পদে গমনের, পায়তে বিসর্গের এবং নাদিকায় দ্রাণের চিস্তা করতে হবে। তার পর সাধককে পরমারাধ্যা ভাকিনীশক্তির ধ্যান করতে হবে। এই সমস্তই পৃথীতে বিলীন চিস্তা করতে হবে। এই পৃথীমধ্যে আছেন কুণ্ডলীবেষ্টিত লিঙ্করূপী শিব। সিদ্ধিকামী সাধককে এই স্থানে পরমানন্দ্র্পিণী নিত্যা কুণ্ডলিনীর ধ্যান করতে হবে। •

পূর্বোক্তা ধন্যা পৃথিবীকে অর্থাৎ পৃথীতত্ত্বকে গন্ধে অর্থাৎ গন্ধতত্ত্ব বিলীন করতে হবে এবং জীবাত্মাকে প্রণবের দ্বারা আকর্ষণ করে আনতে হবে। সাধ্ক এবার সোহহংমশ্বের দ্বারা প্রাণ (হংস) ও গন্ধতত্ত্বসহকুওলিনীকে স্বাধিষ্ঠানে নিয়ে যাবেন।

- নীষা তাং কুলকুগুলীং লয়বশাৎ জীবেন সার্জং স্থীর্দ্রোক্ষে ধামনি শুদ্ধপদ্মদনে শৈবে পরে স্বামিনি।

  ধ্যায়েদিষ্টফলপ্রদাং ভগবতীং চৈতক্তরপাং পরাং যোগীল্রো গুরুপাদপদ্ময়্গলালম্বী সমাধে যতঃ।

  —ব নি, লো ৫২
- ২ ঐ, কালীচরণকৃত টীকা।
- তিবেশাখাং তুদেবেশি লক্ষারং চিন্তয়েওখা। বুদ্ধাণং তত্র সঞ্চিন্তা কামদেবঞ্চ চিন্তয়েং।
  বীজং তত্রৈব নিশ্চিন্তাং পানাবাদানমেব চ। পদে চ গমনং পায়ৌ বিসর্গং নিস কামিনি।
  স্থাণং সঞ্চিন্তাং দেবেশি মহেশি প্রাণবল্লভে। ডাকিনীং পরমারাখ্যাং শক্তিঞ্চ ভাবয়েভতঃ।
  এতানি গিরিজে মাতঃ পৃথীং নীতা গণেষরি। তত্রধ্যে লিক্সরপং হি কুঙলীবেটিতং প্রিয়ে।
  তত্র কুঙলিনীং নিতাং পরমানশক্সপ্রিপীম্। তত্র ধানং প্রকুর্ববীত সিদ্ধিকামো বরাননে।—ক ত, পঃ ২
- পূবোক্তাং পৃথিবীং ধক্তাং গল্পে নীভা মহেশর। আকৃত্ত প্রণবেদের জীবান্থানং নগেক্তজে।
  কুগুলিক্তা সহ প্রাণং গল্পমাদার সাধকঃ। সোহহমিতি মনুনা দেবি স্বাধিষ্ঠানে প্রবেশয়েং।—ঐ

**স্বাধিষ্ঠানে**—ভার পর তিনি স্বাধিষ্ঠানচক্রের বড়দলপদ্মের কর্ণিকার মধ্যে বরুণ এবং তরুণ হরির ধ্যান করবেন এবং রাকিণীশক্তির ধ্যান করে উক্ত চক্রন্থ অপ্তত্ব ও রসনেদ্রিয়ের চিন্তা করবেন। তার পর এই সব এবং গন্ধতত্ত্বকে রসতত্ত্বে বিলীন করে জীবাত্মা, বিনোদিনী ক্ণুলিনী ও রসতত্ত্বকে মণিপুরে নিয়ে বাবেন।

মণিপূরে— মণিপ্রচক্রের পদাকর্ণিকার মধ্যে সাধককে বছির চিস্তা করতে হবে।

চিস্তা করতে হবে সেথানে আছেন লাকিনীশক্তিযুক্ত সর্বসংহারক স্বয়ং কলে। তেজোময়

চক্ষ্রিন্দ্রিয়ের চিস্তাও এথানে করতে হবে। তার পর এই সব এবং রসতত্ত্বকে ক্লণতত্ত্বে

বিলীন করে জীবাত্মা, কুণ্ডলিনী এবং রূপতত্ত্বকে অনাহতচক্রে নিতে হবে।

\*

অনাহতে—সাধক এখন ধ্যান করবেন অনাহত চক্রের পদ্মকর্ণিকার মধ্যে আছে জীবস্থান, সেই জীবস্থানে আছে বায়ুতর। তা ছাড়া কর্ণিকার মধ্যে আছে যোনিমগুল এবং তাতে বাণলিঙ্গ বিরাজমান। এই চক্রে কাকিনীশক্তি এবং স্বগিন্দ্রিয়ের ধ্যান করতে হবে। তার পর সাধক এই সব এবং রূপতত্তকে স্পর্শে অর্থাৎ স্পর্শতত্ত্বে বিলীন করে জীবাত্মা, কুগুলিনী এবং স্পর্শতত্ত্বকে বিশুদ্ধচক্রে নিয়ে গিয়ে স্থাপন করবেন।

বিশুদ্ধাখ্যে—বিশুদ্ধাখ্যচক্রের পদ্মকর্ণিকার মধ্যে ধ্যান করতে হবে আকাশতত্ত্বে এবং শাকিনীশক্তিযুক্ত শিবের। আর বাক্ এবং শোত্র এই ছুই তত্ত্বকে আকাশতত্ত্বে স্থাপন করে এই সমস্ত এবং স্পর্শতত্ত্বকে শব্দে বিলীন করতে হবে। তার পর জীবাত্মা, কুগুলিনী ও শক্তত্ত্বকে আজ্ঞাচক্রে নিয়ে গিয়ে স্থাপন করতে হবে।

আজাচকে — সাজাচকে আছে হাকিনীশক্তিলাঞ্চিত মন। এই মন প্রকৃতি বৃদ্ধি এবং অহংকারের দারা লক্ষিত হয়। মনের ক্রমস্ক্রমণ অহংকার বৃদ্ধি ও প্রকৃতি।

তৎকর্ণিকায়াং বরুণং তত্ত্রাপি ভাবয়েক্ষরিম্। যুবানং রাকিণীং শক্তিং চিন্তয়িছা বরাননে। রসনেক্রিয়পুপ্(পুর ?)য়ং জলঞ্চ কামলালসে। এতানি গন্ধঞ্চ শিবে রসে নীত্বা বিলোদিনীম্। জীবাল্বানং কুগুলিনীং য়য়য়্য়য়পিপুরকে।—ক ত পঃ ২

তৎকণিকায়াং বায়ৄড় জীবস্থাননিবাসিনম্। তত্র বোনের্মণ্ডলঞ্চ বাণলিঙ্গবিরাজিতয়্।
কাকিনীলজিসংযুক্তং তত্র বায়োক্গিলিয়য়ন্। এতানি রূপঞ্চ সংবোজ্য স্পর্লে ত্মলকারিনি।
জীবং কুগুলিনীং স্পর্ণং বিশুদ্ধে স্থাপয়েগুতঃ।—ঐ

তৎকণিকায়ামাকাশং শিবঞ্চ শাকিনীযুত্র্য। বাচং প্রোত্তঞ্চ আকাশে সংস্থাপ্য নগনন্দিনি।
 এতানি স্পর্ণং শব্দে চ নীত্বা শক্ষরি মংপ্রিয়ে। জীবং কুণ্ডলিনীং শব্দঞ্চ আজাপত্রে নিধাপয়েৎ।—ঐ

৫ মনশ্চাত্র সদা ভাতি হাকিনীশন্তিলাছিত্য । বুদ্ধিপ্রকৃত্যহঙ্কারালক্ষিতং তৈজ্ঞসং পরম্।—এ

শব্দতত্ত্বকে অহংকারে বিলীন করতে হবে, অহংকারকে মহন্তত্ত্বে এবং মহন্তত্তকে সক্ষপ্রকৃতিতে বিলীন করতে হবে। এই সক্ষপ্রকৃতিকে বলা হয় হিরণাগর্ভ।

কুণ্ডলিনীযোগে আজ্ঞাচক্রই শেষ বৈতভূমি। উক্ত চক্রের দ্বিদলপদ্ম এই তদ্বেরই প্রতীক।

**সহস্রারে**—আজ্ঞাচক্রের পরে সহস্রার। আজ্ঞাচক্রের পর জীবাত্মা, কুণ্ডলিনী এবং মনকে সহস্রারে নিয়ে যেতে হবে।

সহস্রারের বিষয় পূর্বেই আলোচনা করা হয়েছে। এখানে কুগুলিনীকে প্রমশিবের সঙ্গে মিলিত করতে হয়। শিবশক্তির এই সামরহস্তহেতু প্রমামৃত ক্ষরিত হয়। অলজ্ককের মতো রক্তবর্ণ সেই অমৃত পান করে নিত্যানন্দের মহান্ প্রকাশ যাঁর মধ্যে সেই প্রম শিবের থেকে নিয়গামিণী হয়ে কুগুলিনী চিত্রিণীনাড়ীমধ্যস্থ ব্রহ্মপথে পুনরায় ম্লাধারে প্রবেশ করেন।

কুণ্ডলিনীকে যে-রকম ক্রম অন্থারে উর্ধ্বে নেওয়া হয় ঠিক সেইরকম ক্রম অন্থারেই তাঁকে ম্লাধারে ফিরিয়ে আনতে হয়। অক্তভাবে বলা যায় আনন্দস্বরূপিণী স্থরেশ্বরী কুণ্ডলিনী পরমশিবের সঙ্গে মিলিত হবার পর যে-প্রকারে সহস্রারে শিবস্থানে গিয়েছিলেন সেই প্রকারে ম্লাধারপদ্মে ফিরে আসেন।

সৌন্দর্যলহরীতে এই বলে দেবীর স্তব করা হয়েছে — "হে দেবি! তুমি কুলপথ দারা ষ্ট্চক্রভেদপূর্বক সহস্রারে গমন করিয়া যখন পরমশিবের সঙ্গে সদ্মিলিতা হও, তখন তোমার পাদপদ্মযুগলের প্রান্ত হইতে বিগলিত অমৃতধারাবর্ষণ দারা সম্দায় চক্র ও চক্রস্থ দেবতাগণকে প্নক্ষজীবিত ও সন্তর্পিত করিতে করিতে প্নর্বার তুমি সেই কুলপথ দারাই ম্লাধারে প্রত্যাগমন করত আপনাকে সাদ্ধিত্রিবলয়াক্ষতি সর্পর্মিণী করিয়া ম্লাধারস্থিত স্বয়্মজ্লিঙ্গে নিদ্রিত হইয়া থাক।"

প্রদঙ্গতঃ লয়ক্রম সম্বন্ধে একটি সাধারণস্ত্তের এথানে উল্লেখ করা যায়। সমাধিকালের

১ দ্রঃ ব নি, শ্লো ৎ২-এর কালীচরণকৃত টীকা

২ Mahāmāyā, p. 88. f. n.

৩ জীবাল্লানং কুগুলিনীং মনশ্চাপি মহেশ্বরি। সহস্রারে মহাপল্লে মনশ্চাপি নিবোজরেও।—ক ত, পঃ ২

লাক্ষাভং পরমামৃতং পরশিবাৎ পীতা পুনঃ কুগুলী নিত্তানন্দমহোদয়াৎ কুলপথায়ুলে বিশেৎ ফুলয়ী।

<sup>—</sup>व नि. ¢७

व्योजन क्थनोगस्थि भूषाकाता स्ट्रावित । श्रूनत्थन श्रकादन गर्कस्त्राधात्रभवस्य ।—क छ, भः २

কুধাধারাদারৈক্তরণযুগলান্তবির্গলিতৈঃ প্রপঞ্চ সিঞ্চন্তী পুনরপি রসায়ায়মহসঃ।
 ক্রবাপ্য বাং ভূমিং ভূকগনিভমধ্যাইবলয়ং ক্রমায়ানং কৃত্যা স্থাপিষি কুলকুণ্ডে কুছরিণি।—সৌল, ১০

229

পূর্বে দাধককে অতিষত্মসহকারে চিস্তা করে স্থলকে স্থন্মে বিলীন করতে হবে এবং এইভাবে ক্রমশঃ সমস্তকে চিদাত্মায় বিলীন করতে হবে।

মুলাধারাদি পদ্ম ও বর্ণের লয়— এই স্জাহ্নারে ম্লাধারাদি পদ্ম এবং পদ্মদলম্থ বর্ণাদির লয়ক্রমও শাস্ত্রে বিবৃত হয়েছে। শারদাতিলকে আছে—ম্লাধার-পদ্মের চতুর্দ্দলম্থ ব থেকে স এই চার বর্ণ ম্লাধারের অধিষ্ঠাত্দেবতা ব্রহ্মার মধ্যে লয় করতে হবে। অর্থাৎ বর্ণসহিত ম্লাধারপদ্ম ব্রহ্মার মধ্যে লয় করতে হবে। ব্রহ্মাকে ব থেকে ল পর্যন্ত ষ্টের্মানি বিজ্ ক্লাধার মধ্যে লয় করতে হবে। ব্রহ্মকে অর্থাৎ বড়্বর্গমুক্ত স্বাধিষ্ঠানপদ্মকে উক্ত পদ্মের অধিষ্ঠাত্দেবতা বিষ্ণুর মধ্যে লয় করতে হবে। বিষ্ণুকে আবার মণিপ্র পদ্মে লয় করতে হবে। উক্তপদ্মের দশদলম্থ ড থেকে ফ পর্যন্ত দশবর্ণকে অর্থাৎ দশবর্ণমুক্ত পদ্মিতিক ক্রম্ভে লয় করতে হবে। ক্রমকে অনাহত পদ্মে লয় করতে হবে। এই পদ্মের বাদশদলের ক থেকে ঠ পর্যন্ত বাদশবর্ণসহ পদ্মিতিকে উক্ত পদ্মের অধিষ্ঠাত্দেবতা ঈশ্বরে লয় করতে হবে। দশ্মিক তার অধিষ্ঠাত্দেবতা সদাশিবে লয় করতে হবে। বিশুদ্ধাথ্য পদ্মের বেণ্ডশদলের বেণ্ডশ স্বরবর্ণসহ পদ্মিতিক তার অধিষ্ঠাত্দেবতা সদাশিবে লয় করতে হবে। সদাশিবকে আবার হ ক্ষ এই হুই বর্ণশোভিত আজ্ঞাপদ্মে লয় করতে হবে। উক্ত তুই বর্গকে অর্থাৎ তুই বর্গমুক্ত আজ্ঞাপদ্মকে তার অধিষ্ঠাত্দেবতা বিদ্ অর্থাৎ শিবে লয় করতে হবে। তার পর বিদ্যুকে কলায় লয় করতে হবে, কলাকে নাদে, নাদকে নাদান্তে, নাদান্তকে উন্মনীতে, উন্মনীকে বিষ্ণুবক্ত্রে অর্থাৎ প্র্বিন্দৃতে আর বিষ্ণুবক্ত্রকে গুরুবক্ত্রে অর্থাৎ পরবিন্দৃতে লয় করতে হবে।

পূর্বেই বলা হয়েছে এই পরবিন্দু সহস্রারস্থিত পরমশিব। স্পষ্টক্রম স্ক্রা থেকে স্থুল আর লয়ক্রম স্থুল থেকে স্ক্রা। আমরা লক্ষ্য করেছি পরমশিব থেকে অভিন্ন পরাশক্তিই শব্দস্টি-

বাদিসান্তদলম্বর্ণিন্ সংহরেৎ কমলাসনে। তং বট্পত্রময়ে পয়ে বাদিলান্তাক্ষরবিতে।
 ৰাথিঠানে সমাবোল্ল্য বেধয়েদাজ্ঞয়াঞ্ডয়ঃ। তান্ বর্ণান্ সংহরেদ্ বিষ্ণৌ তং পূর্ন নাভিপক্জে।
 দশপত্রে তাদিকান্তবর্ণিত্যে বোলয়েদ্ গুলঃ। তান্ বর্ণান্ সংহরেদ্ রিফৌ তং পূর্ন রূদসাম্ব লে।
 কাদিঠান্তার্কবর্ণাত্যে বোলয়েছেবরে গুলঃ। তান্ বর্ণান্ সংহরেদ্ রিফো তং পূর্ন রূদসাম্বলে।
 বাল্যবাড়েশদলে বোলয়িছা বরান্ পূরঃ। সদাশিবে তান্ সংহত্যে তং পূর্ন ব্রুসরাক্ষতে।
 বিপত্রে হক্ষলসিতে বোলয়িছা ততো গুলঃ। তদর্শে সংহরেদ্ বিন্দৌ কলায়াং তং নিবোলয়েছ।
 তাং নাদেহনস্তরং নাদঃ নাদান্তে বোলয়েদ্ গুলঃ। তম্মান্তাং সমাবোল্য বিশ্ববন্ধুনন্তরে চ তাম্।
 তাং পূর্বগ্রেরত্ব তু বোলয়েরদ্ দেশিকোত্তমঃ।—শা তি ৩০০০০০০০

ও অর্থ-স্টেরপে অভিব্যক্ত। জীবদেহে ইনিই কুণ্ডলিনী। কাজেই পূর্বোক্ত পদ্ম এবং বর্ণাদির প্রকাশ ও লয় বস্তুতঃ তাঁরই মধ্যে হয়। স্টেক্রমে তিনিই মূলাধারচক্র এবং তদন্তর্গত যাবতীয় প্রপঞ্চ পর্যন্ত অভিব্যক্ত হন এবং লয়ক্রমে মূলাধার থেকে আরম্ভ করে প্রত্যেকটি চক্র ও তদন্তর্গত প্রপঞ্চ সংহরণ করে পরিশেষে পরমশিবের সঙ্গে মিলিত হন।

লক্ষ্য করা গেছে তল্তোক্ত কুগুলীযোগ বা লয়যোগের প্রধান সাধন ষট্চক্র**ভে**দ। ষট চক্রতেদের ব্যাপারটি সংক্ষেপে এই •—

ষ্ট্চক্রতে তেদের সংক্ষিপ্ত বিবরণ — কুগুলিনী জাগরিতা হয়ে যখন উর্ধ্বগমনোমুখী হন তথন ম্লাধারচক্ষিত সব দেবতা ও বর্ণ প্রভৃতি তাঁর শরীরে লয়প্রাপ্ত হয়। ভূমগুল লয়প্রাপ্ত হয়ে কুগুলিনীশরীরে লং বীজে পরিণত হয়। কুগুলিনী ম্লাধারচক্র ত্যাগ করামাত্র শ্ল ম্লাধারপদ্ম আবার অধাম্থ ও মৃদ্রিত হয়ে য়য়। বলা আবশ্রক কুগুলিনীর নিজিতাবস্থায় ষট্চক্রের পদ্মগুলি অধাম্থ ও মৃদ্রিতই থাকে। কুগুলিনী জেগে উঠে যখন যে-পদ্মে যান তথন সেইপদ্ম উর্ধ্বন্থ ও বিকশিত হয়। আর সেই চক্রের বর্ণও দেবতাদি কুগুলিনীশরীরে লয়প্রাপ্ত হয়।

কাজেই কুণ্ডলিনী স্বাধিষ্ঠানচক্রে উপনীত হওয়ামাত্র তৎক্ষণাৎ স্বাধিষ্ঠানপদ্ম উর্ধ্বম্থ ও বিক্ষিত হয় এবং চক্রন্থিত দেবতা ও বর্ণাদি কুণ্ডলিনীশরীরে লয়প্রাপ্ত হয়। লং এই পৃথীবীক জলমণ্ডলে লয়প্রাপ্ত হয় এবং জলও বং বীজে পরিণত হয়ে কুলকুণ্ডলিনীশরীরে অবস্থান করে।

তার পর কুগুলিনী স্বাধিষ্ঠানচক্র ছেড়ে মণিপুরে উঠে যান। তথন পূর্বের মতো এখানকার দেবতা ও বর্ণাদি তাঁর শরীরে লয়প্রাপ্ত হয়, বং বীজ বহ্নিমণ্ডলে লীন হয়ে যায় এবং বহিন্ত রং বীজে পরিণত হয়ে কুগুলিনীশরীরে লীন হয়। কেউ কেউ এই চক্রকে বলেন ব্রহ্মগ্রন্থি। এই গ্রন্থি ভেদ করতে সাধকের বেশ কষ্ট হয়।

এবার কুণ্ডলিনী উপনীত হন অনাহতচক্রে। এখানেও ঠিক সেই একই অবস্থা ঘটে।
দেবতা ও বর্ণাদি কুণ্ডলিনীশরীরে লয়প্রাপ্ত হয়, রং বীজ বায়ুমণ্ডলে লীন হয়, বায়ু য়ং বীজে
পরিণত হয়ে কুণ্ডলিনীশরীরে লীন হয়। এই চক্রের নাম বিষ্ণুগ্রন্থি। এটি ভেদকরাও
কাষ্ট্রনাধা।

তার পর কুওলিনী উঠে যান বিশুদ্ধচক্রে। তথন চক্রের সমস্ত দেবতা ও বর্গাদি কুওলিনী-শরীরে লয়প্রাপ্ত হয়, যং বীজ আকাশমগুলে লীন হয় আর আকাশ হং বীজে পরিণত হয়ে কুওলিনীশরীরে লয়প্রাপ্ত হয়।

১ জঃ শঙ্করাচার্য গ্রন্থমালা, পরিবর্দ্ধিত ৮ম সং, বরুমতী, পৃঃ ২৮৫-৮৮

কুওলিনী এবার আজ্ঞাচক্রে উপনীত হন। অক্সান্ত চক্রে যেমন এই চক্রেরও দেবতা ও বর্ণাদি তাঁর শরীরে লয়প্রাপ্ত হয়, হং বীজ মনে লয়প্রাপ্ত হয় এবং মনও কুওলিনীশরীরে লীন হয়ে যায়। এই আজ্ঞাচক্র কুদ্রগ্রন্থি। এই গ্রন্থি ভেদ করলে কুওলিনী স্বয়ং উথিত হয়ে পরমশিবের সঙ্গে মিলিত হন। সাধকের ধ্যানে বা চিস্তায় তা হয় না; কুওলিনী বস্ততঃ আজ্ঞাচক্র ভেদ করলেই এ রকম হয়। কুদ্রগ্রন্থিভেদ করা অতিশয় কষ্ট্রসাধ্য ব্যাপার।

কুওলিনী আজ্ঞাচক্র ভেদ করে উপরে উঠতে থাকলে ক্রমে ক্রমে নিরালম্বপুরী, প্রণব, নাদ ও বিন্দু প্রভৃতি তাঁর শরীরে লয়প্রাপ্ত হয়। তার পর তিনি পরমশিবের সঙ্গে একীভূত হলে শিবশক্তির সামরশুসভূত অমৃতধারায় সাধকের দেহ প্লাবিত হয়। এই সময় সাধক সব বিশ্বত হয়ে এক অনিব্চনীয় আনন্দরসে মগ্ন হয়ে থাকেন।

পরমশিবের সঙ্গে সম্মিলিত হয়ে কুগুলিনী আবার নিম্নগামিনী হন। প্রত্যাগমনের সময় তিনি যে পথে গিয়েছিলেন ঠিক সেই পথেই সেই চক্রের মধ্য দিয়ে নেবে আসেন এবং যখন যে-চক্রে উপনীত হন তথন সেই চক্রের দেবতাবর্গাদি তাঁর শরীর থেকে স্বষ্ট হয়ে সেই চক্রে অধিষ্ঠিত হয়।

প্রক্রিছেদের তাৎপর্য—লক্ষ্য করা গেছে কুগুনিনী উর্ধ্বগমণের সময় গ্রন্থিভেদ করে যান। এই ব্যাপারের একটি গভীর তাৎপর্য আছে। ব্রহ্মগ্রন্থি ও ক্ষন্তগ্রন্থি যথা-ক্রমে পুরৈষণা বিকৈষণা এবং লোকৈষণা নামে পরিচিত। সন্ম্যাসগ্রহণের সময় ত্রিবিধ এষণা ত্যাস করার বিধি আছে। ব্রহ্মগ্রন্থি ভেদ করার ফলে সাধক কামাদি প্রস্তৃত্তি, স্প্রের্থিনাদাদি সম্পূর্ণরূপে ত্যাস করে জিতেন্দ্রিয় হন। এই গ্রন্থিভেদের হারা পুরেষণা দ্র হয়। বিষ্ণুগ্রন্থিভেদ হলে বৈষ্ণবী মায়া ধনৈধর্য্যাদির প্রলোভন সাধককে আর বিচলিত করতে পারে না। এই গ্রন্থিভেদের হারা বিকৈষণা দ্র হয়। ক্রন্তগ্রন্থিভেদ হলে পরে সাধক প্রতিষ্ঠান্মাই জয় করতে সমর্থ হন। এই গ্রন্থিভেদের হারা লোকৈষণা দ্র হয়। গ্রন্থিত্রয়ভেদ হলে সাধক অমৃতত্ত্বলাভ করেন।

গ্রন্থি অর্থ গিঠ। গ্রন্থিভেদ অর্থ গিঁঠখোলা। সহজ কথায় 'গ্রন্থিভেদ অর্থ বন্ধনমৃক্তি। বন্ধন বিবিধ—দেহজ প্রাণজ এবং আত্মজ। জগৎ এক বিরাট স্থুল দেহ। সমৃদ্রের উপর তরঙ্গের মতো এই বিরাট দেহের উপর ব্যষ্টিদেহ উঠছে আবার কিছুকাল ক্রীড়া করে ওরই মধ্যে বিলীন হয়ে যাছে। আমরা বৃদ্ধিদোবে সংস্কারবশে এমনি এক এক তরঙ্গকে আপন মনে করে তার মধ্যে আবদ্ধ হয়ে পড়ি। এই বন্ধন কল্পনাপ্রস্ত। এই কল্লিত বন্ধন দ্র করে দেহকে আত্মার দেহক্লপে অহুভব করাই বন্ধগছিভেদের লক্ষ্য।'

'প্রাণমনবিজ্ঞানময় কোশে সর্বব্যাপী প্রাণমনাদির সন্তা বিশ্বত হয়ে এক নির্দিষ্ট প্রাণমনে আপন অহস্তা স্থাপন করে তার স্থত্থের মধ্যে আমরা এমনি আবদ্ধ হয়ে পড়ি যে ব্যষ্টিদেহের স্থের জন্ম সমষ্টিপ্রাণদেহকে আঘাত করতে বিধা বোধ করি না। জগতে সর্বত্ত একই প্রাণের থেলা চলছে, সকলের স্থত্থে একের মধ্যেই সম্মিলিত এই তত্ত্ব উপলব্ধি করে ব্যষ্টিদেহের সীমাবদ্ধ স্থত্থেকে সমষ্টিগত স্থত্থের মধ্যে মিলিয়ে দেওয়া প্রাণগ্রন্থি বা বিষ্ণুগ্রন্থিভেদের উদ্দেশ্য।'

'আত্মার ধর্ম আনন্দ। তাকে এক সামান্ত দেহের আনন্দের মধ্যে সীমাবদ্ধ করে এক ব্যাষ্টিদেহের আনন্দের জন্ম আমরা সমষ্টিদেহের আনন্দকে নষ্ট করতে বিধাবোধ করি না। এই সীমাবদ্ধ ব্যাষ্টিদেহের বন্ধন দূর করে সমষ্টিগত আত্মার স্বরূপ উপলব্ধি করা, সমস্ত জীবের হিতসাধন আর আনন্দবর্দ্ধনে রত হওয়া রুক্তগ্রন্থিভেদের লক্ষ্য'।

'ব্রহ্মগ্রন্থিভেদ হলে সাধক সমষ্টিভাবে স্থিতিলাভ করেন, সত্যপ্রতিষ্ঠ হন। তথন তিনি সমস্ত জীবজগৎকে একই সৎস্বরূপের অঙ্গরূপে অঞ্জব করেন—তাঁর মনে হয় সমস্তই একেরই বিভিন্নরূপে আত্মপ্রকাশ। সাধকের ইষ্টম্ভিও তথন বিশ্বরূপ ধারণ করেন। তথন সর্বভূতে একই মায়ের দর্শনলাভ হয় আর সাধক আপন আত্মাকে সর্বাভূতাত্মারূপে উপলব্ধি করেন। বৃদ্ধান্থিভিদের দ্বারা প্রারন্ধ কর্মের বীজ দগ্ধ হয় ও স্থূলদেহের সংস্কার হয়।'

'বিষ্ণুগ্রন্থিভেদ হলে পর সাধক প্রাণপ্রতিষ্ঠা লাভ করেন, খণ্ডপ্রাণে মহাপ্রাণের দীলা অন্থত করেন। তথন তিনি সব কর্মকেই আপন কর্ম মনে করেন, সকলের স্থণহৃথে স্থপহৃথে অন্থত করেন। সকলের প্রতি তাঁর প্রেমভাব জাগে এবং সকলের স্থথের জন্ম তিনি আপন জীবন উৎসর্গ করে দেন। বিষ্ণুগ্রন্থিভেদের ছারা সাধকের সঞ্চিত কর্মের বীজ্ঞ দিয় হয়ে যায় এবং কুল্বদেহের সংস্কার হয়।'

ক্ষুপ্রস্থিভেদ হলে সাধক এক অথও অন্ধয়ভাবে সিদ্ধিলাভ করেন, আনন্দপ্রতিষ্ঠ। লাভ করেন। তথন তিনি সকলের আনন্দে আনন্দলাভ করেন। ক্ষুপ্রস্থিভেদের দ্বারা আগামী কর্মের অর্থাৎ সঞ্চীয়মান কর্মের বীজ দশ্ধ হয় এবং কারণদেহের সংস্কার হয়।

'ত্র্গাসগুশতীতে গ্রন্থিররভেদের কথা এইভাবে পাওয়া যায়—মধ্কৈটভবধের দারা সত্যপ্রতিষ্ঠ হয়ে আপন সসীমভাব দ্র করে সর্বত্র ব্রহ্মাহভৃতির দারা ব্রহ্মগ্রন্থিভদ করতে হবে। মহিষাস্থরবধের দারা প্রাণপ্রতিষ্ঠ হয়ে সর্বত্র এক মহাপ্রাণের লীলা দর্শন করে আর অহংকার সম্পূর্ণরূপে দ্র করে বিষ্ণুগ্রন্থিভদ করতে হবে। আর শুন্তনিশুদ্ধবধের দারা আনন্দপ্রতিষ্ঠিত হয়ে সর্বত্র আনন্দ অমুভব করে রুক্তগ্রন্থিভেদ করতে হবে।'

১ পুড, p. 57 ২ ঐ ৩ ঐ, pp. 57-58 ঃ ঐ, pp. 58-59

e 3 e 3, p. 58

কুওলিনীখোগের অধিকার—কুগুলিনীজাগরণ, ষট্চক্রভেদ, এককথায় কুগুলীযোগ বা লয়বোগের বে-বিবরণ দেওয়া হল তার থেকেই বোঝা ষায় ব্যাপারটি সহজসাধ্য নয়। আর এই যোগসাধনায় সবাই অধিকারীও নয়। মহামহোপাধ্যায় গোপীনাথ কবিরাজ মহাশয় লিখেছেন "কুগুলিনী জাগরণের জন্ম চেষ্টা করিবার পূর্বে লাধককে অতি কঠোর নৈতিক নিয়ন্ত্রণের ভিতর দিয়া অগ্রসর হইতে হয়। ইন্দ্রিয়সংযম, ব্রহ্মচর্য, পবিত্র জীবন, পবিত্র চিস্তা এই সকল স্থামীভাবে আয়ত্ত করিতে না পারিলে কুগুলিনী জাগরণের পথে অগ্রসর হওয়া অম্প্রচিত। কারণ, মস্তিজের শুদ্ধ কেন্দ্রের সঙ্গে দেহের নিমন্তর্ম্বিত জননকেন্দ্রের ঘনিষ্ঠ সম্বন্ধ রহিয়াছে। ইন্দ্রিয়লোল্প ব্যক্তির পক্ষে Paracleteকে (কুগুলিনীকে) জাগাইয়া সাধনপথে অগ্রসর হওয়া অসম্ভব। ইন্দ্রিয়-সংযমের অভাবে বিশুদ্ধ আধ্যাত্মিক জীবন লাভ করা যায় না।"

শুক্রগম্যসাধনা— তা ছাড়া কুগুলিনীজাগরণ ষট্চক্রভেদ ইত্যাদির কৌশল এবং ক্রম শুকুম্থে শিথতে হয়। ষট্চক্রনির্নপণে বলা হয়েছে—ষমাদির অভ্যাসের ধারা সংষ্ঠমনা বে-যোগী নিত্যানন্দের উৎস শ্রীদীক্ষাগুকর পাদপদ্মযুগল থেকে এই যোগের উত্তম ক্রমের জ্ঞানলাভ করেছেন তাঁর আর সংসারে জন্ম হয় না, প্রলম্বকালে তাঁর ক্ষয় হয় না। নিত্যানন্দ-পরম্পরার ধার। প্রমৃদিত শাস্ত সেই যোগী যোগীদের অগ্রণ। ব

এখানে জ্ঞানলাভ করা অর্থ জানা এবং যথাশাস্ত্র সাধনা করে সিদ্ধিলাভ করা ব্রুতে হবে। অর্থাৎ জ্ঞানলাভ অর্থ শাক্ষজানলাভ নয়।

বলা হয়েছে যোগীর প্রলয়কালেও ক্ষয় হয় না। এ কথার তাৎপর্য কি ? মহামহোপাধ্যায় কবিরাজ মহাশয় লিখেছেন \* জাগ্রত কুণ্ডলিনীর ক্রিয়াশক্তির ছারা সমস্ত মস্তিষ্কটি একটি খোনিসদৃশ যন্ত্ররূপে পরিণত হয়, ইহারই নাম উর্জ্যোনি। এই খোনিতেই স্বয়স্ত্ আত্মরূপী দিব্যদেহে জন্মলাভ করেন। যাহাকে প্রীষ্টায় ধর্মশান্ত Immaculate Conception বলিয়া থাকে – ইহাই তাহার গুপ্ত রহস্ত। ছিতীয় জন্মপ্রাপ্ত এই স্ক্র মানবই জরামৃত্যু-অতীত স্বয়প্তাশ, চিদানন্দময় ও আত্মজ্যোতিতে নিত্য প্রকাশমান।"

এই সুন্ম মানব সম্বন্ধেই বলা হয়েছে প্রলয়কালে এঁর ক্ষয় হয় না। মাতুষমাত্রই স্বরূপত:

- २ (परइत्र मांथना, हिमाजि, देजार्छ, ১०७०
- ক্রাবৈতং ক্রমমুন্তমং যতমনা বোগী যদাকৈ বৃতঃ
   ক্রীদীক্রাঞ্জপাদপন্মবৃগলামোদপ্রবাহোদরাং।
   সংসারে ন হি জক্ততে ন হি কদা সংক্রীয়তে সংক্ররে
   নিত্যানক্রপরক্রাপ্রমুদ্ধিতঃ শাস্তঃ সতামপ্রশীঃ।—হ নি, মো ৫৪
- ७ (सरहत्र माथना, हिमाजि, देखाई, ১৩७-

চিদানন্দময় স্বয়ংপ্রকাশ অর্থাৎ ব্রহ্ম। আমরা পূর্বেই উল্লেখ করেছি মান্নবের এই স্বরূপ উপলব্ধি করা এবং স্বরূপপ্রতিষ্ঠ হওয়াই শক্তিসাধনার চরম লক্ষ্য।

বোগের প্রাচীনতা সাধনার সঙ্গে কোনো সম্বন্ধ না থাকলেও এই প্রসঙ্গে যোগের প্রাচীনতার প্রশ্নটি সহজেই মনে জাগে। কেউ কেউ যোগের উৎসদদ্ধানে আদিম যুগ পর্যন্ত চলে যান। আদিম মানবের মধ্যে 'ভাবলাগার' কথা পাওয়া যায়।' সেই 'ভাবলাগা' থেকেই শতান্ধীর পর শতান্ধী ধরে নানারূপান্তরের মধ্য দিয়ে যে বস্কুটি গড়ে উঠে, পরব্রতাঁকালে তাই যোগ নামে থাতে হয়।

বোহেঞ্জোদড়োতে— প্রাইগতিহাসিকমৃগে যে যোগ প্রচলিত ছিল তার নিদর্শন পাওয়া গেছে মোহেঞ্জোদড়োতে। ঐ স্থানের ধ্বংসাবশেষের মধ্যে একটি যোগীর মূর্তি (Pl. xcviii) পাওয়া গেছে। তা ছাড়া কয়েকটি সিলে যোগের ভঙ্গীতে দওায়মান দেবমূর্তি (Pls. cxvi, 29 and cxviii, 11) পাওয়া গেছে। আরেকটি সিলে এই ভঙ্গীতে আরেকটি দেবমূর্তি উৎকীর্ণ হয়েছে। এই ভঙ্গীটিকে জৈন যোগীদের কায়োৎসর্গভঙ্গী বলা হয়। কেউ কেউ মহেঞাদড়োতে প্রাপ্ত মূর্তির যোগমূলা আর বায়্পুরাণবর্ণিত পান্তপতযোগমূলা একই প্রকারের মনে করেন। ব

বৈদে— ঋগ্বেদের একটি স্থক্তে ধাগীর বর্ণনা করা হয়েছে মনে করা হয়। বিশেষ করে একটি মন্ত্রে শাষ্টিই যোগীর কথা আছে বলা হয়। মন্ত্রটি এই — করের সঙ্গে কেশী অর্থাৎ লম্বাচুলওয়ালা লোকটি বিষপাত্র থেকে বিষপান করেন। এইটি বায়ুদ্ধপ প্রাপ্ত হয় এবং কুৎসিৎ অনমনীয় লোকটিকে চুর্ণ করতে চায়।

এই যোগীর সম্বন্ধে বলা হয়েছে ইনি বায়ুরূপতা প্রাপ্ত হয়ে আকাশপথে চলেন। ষ্থন চলেন তথন বিশ্বের সমস্ত রূপ্য পদার্থ স্বীয়তেজের দ্বারা দেখতে দেখতে যান।

বলা হয়েছে এই অতীক্রিয়পদার্থদর্শী এই ব্যক্তির আহার বায়ু। ইনি বায়ুর স্থা। ছোতমান বায়ুর দারা ইনি এবিত হন অর্থাৎ ইনি বায়ুরূপ প্রাপ্ত হন।

আলোচ্য স্থক্তের অন্ত মন্ত্রে মৃনিশব্দ বহুবচনে প্রয়োগ করা হয়েছে। এর থেকে অহুমান করা হয় ঐ ধরণের ব্যক্তি অনেক ছিলেন। বলা হয়েছে এই অতীন্ত্রিয়পদার্থদশীরা কপিলবর্ণ

<sup>&</sup>gt; ERE, 12, p. 833 2 3

<sup>•</sup> M. I. C., Vol. I, p. 54 8 H. C, p. 21

मंक्रिमण्यमात्र, क मं चा, शृः २८८
 ७ सः च (व ) • । ১०७

৭ বাৰুরস্মা উপামস্থৎ পিনষ্টি মা কুনংনমা। কেশী বিষক্ত পাত্রেণ বদ্দ্ধদ্রেণাপিবৎসহ।—এ ১০।১৩৬।৭

বাতভাষো বায়ো: স্থাঝো দেবেবিতো মৃনি: ৷—ঐ ১০।১৩৬।৫

মলিন বন্ধ পরিধান করেন। তপের মহিমাধারা দীপামান হয়ে দেবতাধ্বরূপে প্রবেশ করেন এবং বাতাদের গতি প্রাপ্ত হন।

লোকিক সমস্ত ব্যবহার ত্যাগ করে এঁরা উন্মন্তবং আচরণ করেন। এঁরা বলেন, 'আমাদের ছারা উপাসিত হয়েই বায়ুসমূহ অবস্থান করছে। হে মানবগণ, তোমরা কেবল আমাদের শরীরব্রপ দেখতে পাও, আমাদের দেখতে পাও না।

উপনিষদে—এ-সব অনুমান বা ব্যাখ্যাতার অভিমত বলে প্রমাণস্বরূপ গ্রহণ করতে কারো আপত্তি থাকলেও উপনিষদে যে যোগের স্বস্পষ্ট বিবরণ আছে দে-বিষয়ে দ্বিমত থাকতে পারে না। যেমন কঠোপনিষদে আছে—যখন মনের সঙ্গে পঞ্চ অর্থাৎ পঞ্চজানে ক্রিয় ব্যাপারশৃত্ত হয়ে অবস্থান করে এবং বৃদ্ধিও চেষ্টা করে না অর্থাৎ নিজ কাজ করে না তথন সেই অবস্থাকে পরমাগতি বলা হয়।

ইন্দ্রিয়ধারণারূপ এই স্থির অবস্থাকে যোগ বলা হয়। যোগের সেই আরম্ভাবস্থায় অপ্রমন্ত থাকতে হয়, কেন না যোগের উৎপত্তি ও বিনাশ আছে।

বাহান্তরহান্ধার যোগনাড়ীর উল্লেখ পাওয়া যায় বৃহাদারণ্যকোপনিষৎ, প্রশ্লোপনিষৎ প্রভৃতি উপনিষদে। তা ছাড়া বৃহাদারণ্যকোপনিষদে ক্রদমকোশে ইন্দ্র-ইন্দ্রাণীর যে-মিলনের কথা বলা হয়েছে তা কুগুলীযোগের শিবশক্তির মিলনের কথা অরণ করিয়ে দেয়।

শেতাখতর উপনিষদে যোগের বিবরণই দেওয়া হয়েছে। যেমন বলা হয়েছে—সাধক মাথা, ঘাড় এবং বৃক উঁচু করে শরীরকে সোজা রেথে মনের দ্বারা ইন্দ্রিয়সমূহ হৃদয়ে নিয়মিত করবেন এবং ব্রহ্মরূপ উভূপ অর্থাৎ প্রণবন্ধপ ভেলার সাহায়্যে ভয়াবহ সংসারস্রোত পার হবেন।

সাধক সমস্ত ব্যাপারে ষথাবিধি সংষত হয়ে পঞ্চ প্রাণবায়ুকে নিয়মিত করবেন অর্থাৎ পূরক ও কুম্বক করবেন এবং প্রাণবায়ু ক্ষীণ হলে নাক দিয়ে ত্যাগ করবেন অর্থাৎ রেচক

ম্নয়ো বাতরশনাঃ পিশকা বদতে মলা
 বাতক্তামু ছাজিং যন্তি যদেবাদো অবিক্ষত ।—ঐ ১০।১০৬।২

৩ বলা পঞ্চাবতিষ্ঠন্তে জ্ঞানানি মনসা সহ। ৰুদ্ধিক ন বিচেষ্টতি তামাহঃ পরমাং গতিম্।—ক উপ ২।৩।১০

৪ তাং যোগমিতি মন্তত্তে স্থিরামিক্রিরধারণাম্। অপ্রমন্তত্তদা ভবতি যোগা হি প্রভবাপারে ।—এ ২াগা১১

<sup>&</sup>lt; বৃহ উপ **৪**।২।৩

ত্রিকলতং হাপ্য সমং শরীরং হুলীক্রিরাণি মনসা সল্লিবেশু।
 ব্রক্ষোড়্পেন প্রতরেত বিধান স্রোতাংসি সর্বাণি ভয়াবহানি।—বে উপ ২।৮

করবেন। তৃষ্ট অশ্বযুক্ত রপের সারথির মতো বিদ্বান্ অর্থাৎ ষোগী মন ধারণ করবেন অর্থাৎ ধ্যেয় বস্তুতে একাগ্র করবেন।

মন এবং তৃষ্ট অশ্বের মতো ইন্দ্রিয়সমূহকে সংঘত করার এই ঘোগের কথা কঠোপ-নিধদেও বলা হয়েছে।

তন্ত্ৰাদিতে বেভাবে লয়বোগের বিবরণ দেওয়া হয়েছে সেভাবে না হলেও লয়বোগের তব্টি খেতাখতর উপনিবদে ব্যক্ত হয়েছে। বেমন একটি ময়ে আছে মিনি ভগবদারাধনা-বৃদ্ধিতে কর্মসমূহের অফুষ্ঠান করে সমস্ত ভাব অর্থাৎ ব্যষ্টি ও সমষ্টি পদার্থসমূহ পরমাত্মস্বরূপে লয় করেন এবং নিজেকে পরমাত্মস্বরূপ উপলব্ধি করেন, স্বরূপ অবগত হওয়ার জন্ত তিনি সংসারাতীত হন। ব্যষ্টি-ও সমষ্টি-পদার্থসমূহের লয়হেতু তাঁর প্রারন্ধ ভিন্ন ক্বতকর্ম নাই হয় এবং তিনি বিদেহকৈবল্য লাভ করেন।

বুজের সময়ে—বুজদেবের সময় যোগসাধনা প্রচলিত ছিল এবং তিনি স্বয়ং যোগসাধনা করেছেন। তিনি তাঁর সময়কার যোগীদের 'সিদ্ধাই'য়ের নিন্দা করেছেন কিন্তু নিজের শিশুদের এক প্রকারের যোগসাধনার উপদেশ দিয়েছেন। কেউ কেউ বৌদ্ধধর্মপ্রতিষ্ঠার মূলে যোগের স্বস্পষ্ট প্রভাব লক্ষ্য করেছেন।

বৃদ্ধপরবর্তীকালে—অহমান করা হয় খৃঃ পৃঃ দ্বিতীয় শতকে পতঞ্চলি তাঁর যোগস্ত্র রচনা করেন। কিন্তু যোগসাধনা যে পতঞ্চলির পূর্বেই প্রচলিত ছিল তার ইঙ্গিত আছে পতঞ্চলির 'অথ যোগাহুশাসনম' এই প্রথম স্ত্রেই। পতঞ্চলির সময়ে যোগ অহুশাসন বা শাল্প হিসাবে প্রচলিত ছিল। যোগস্ত্রের ব্যাসভাগ্রের টীকায় বাচস্পতি মিশ্র যোগমতের প্রতিষ্ঠাতা হিসাবে নাম করেছেন মহর্ষি হিরণ্যগর্ভের। রামাহুজাচার্য প্রম্থ আচার্যেরাও হিরণ্যগর্ভ ও তাঁর শিশ্র বার্যগণ্য যাজ্ঞবন্ধ্যের নাম করেছেন। এঁরা পতঞ্চলির পূর্ববর্তী। পতঞ্চলি যোগমতের অন্যতম আচার্য ও প্রচারক। তিনি প্রবর্তক নন। সহজেই অহুমান করা যায় যোগ মতরূপে প্রতিষ্ঠিত হওয়ার পূর্বে দীর্ঘকাল সাধনারূপে প্রচলিত ছিল। পূর্বেক্তি মোহেঞ্জোদড়ো প্রভৃতির নিদর্শনে এই অহুমানের সমর্থন পাওয়া যাছেছ।

বিভিন্ন উপাসক সম্প্রদায়ে যোগ— যোগ কোনো না কোনো আকারে ভারতের

১ ল্র:বেউপ ২৷ ২ ল্র: ক উপ ১৷৩৷৬

আরভ্য কর্মাণি গুণাবিতানি ভাবাংশ্চ সর্বান্ বিনিবোজয়েদ্ ব:।
 তেবামভাবে কৃতকর্মনাশ: কর্মকয়ে বাতি স ভবতোহয়ঃ।—ঐ ৬।৪

৪ স্বামী গম্ভীরানন্দকৃত ব্যাখ্যা অবলম্বনে।

<sup>6</sup> R. I., p. 301; 6 R. I., p. 384 9 ERE., 12, p. 881

v El. H. I., Vol. I., Part I, Intro., pp. 1-2

সব প্রধান ধর্মসম্প্রদায়গুলির মধ্যেই প্রচলিত। ওধু সনাতন ধর্মী সম্প্রদায় নয়, বৌদ্ধ, জৈন প্রভৃতি সম্প্রদায়ের মধ্যেও যোগের প্রচার লক্ষ্য করা যায়।

ভারতের বাইরেও খ্রীষ্টান ওবং মুসলমান স্ফীদের মধ্যে যোগসাধনার প্রচলন দেখা যায়।

ভারতে যোগসাধনার ব্যাপক প্রচলন ও প্রবল প্রভাব লক্ষিত হয় পৌরাণিক যুগে। এই সময়ে ব্রাহ্মণের চেয়েও যোগীর প্রাধান্ত প্রচারিত হয়।

আধুনিক যুগেও আমাদের দেশে যোগসাধনা এবং যোগীর প্রভাব ক্ষুণ্ণ হয়েছে মনে হয় না। সাধারণ লোকের ত কথাই নাই, যে-সব উচ্চশিক্ষিত ইংরেজিনবীশ ব্যক্তি অন্ত ধর্মসাধনা সম্বন্ধে একটা অবজ্ঞার ভাব বা উদাসীনভাব পোষণ করেন তাঁরাও শ্রীঅরবিন্দ এবং তাঁর যোগসাধনাকে শ্রদ্ধা করেন, অস্ততঃ বুজক্ষকি বলে অবজ্ঞা করেন না।

১ जः प्रटब्त माथना, हिमाजि, टेबार्ड, ১৩৬•

২ রাধাক্ষল মুধোপাধ্যায় : বিজ্ঞান, শক্তি উর পবিত্রতা, ক শ অ, পৃ: ৩২৭

বোগিনক সদা আদ্ধে ভোজনীয়া বিপক্তিতা। বোগাধার হি পিতরস্তমাৎ তান্ প্রবেৎ সদা।
বাজনানাং সহত্রেভ্যো যোগী ছগ্রাণনো বদি।
বজমানক ভোজংক নৌরিবান্তাস তারবেং।—মা পু ৩২।২৮-২>

## ঊনবিংশতি অধ্যায়

## তন্ত্ৰ

তন্ত্রশব্দের বৃহৎপত্তি—শক্তিদাধনা তন্ত্রশান্ত্রবিহিত দাধনা। কাশিকার্ত্তিতে 'তিত্ত্রতথ-দিহ্দরকদের চ (৭।২।১) এই হুত্রের ব্যাখ্যায় 'উণাদিছপি দর্বধাতৃত্যঃ ষ্ট্রন্' এই নিয়ম অন্ত্রদারে তন্ ধাতৃর উত্তর ষ্ট্রন্ প্রত্যয় করে তন্ত্র শব্দের বৃংপত্তি নির্ণয় করা হয়েছে। তন্ ধাতৃর অর্থ বিস্তার করা। এইজ্ল তন্ত্রের ব্যাখ্যা করা হয় এই বলে 'তল্গতে বিস্তার্থতে জ্ঞানমনেন ইতি তন্ত্রম''— এই শাল্পের দ্বারা জ্ঞান বিস্তারিত হয়, এই কারণে একে তন্ত্র বলা হয়।

কামিকাগমে বলা হয়েছে এই শান্ত্র তত্ত্ব- ও মন্ত্র-সমন্বিত বিপুল বিষয় বিস্তার করে এবং জীবকে ত্রাণ করে বলে একে তন্ত্র বলা হয়।

ভন্তলাব্দের ব্যাপক অর্থ — সংস্কৃত ভাষায় তন্ত্র শব্দটির অর্থ বহুব্যাপক। শাস্ত্রমাত্রই তন্ত্র। জ্যাতিষের অংশবিশেষের নাম তন্ত্র। সাংখ্যদর্শনকে তন্ত্র বলা হয়। আচার্য শক্ষর তাকে তন্ত্রনামক শ্বৃতি বলেছেন। স্কৃত্রত আয়ুর্বেদ্তন্ত্রের কথা বলেছেন।

শিবাদি প্রোক্ত তন্ত্র — তবে যে-তন্ত্রশান্ত্রে শক্তিসাধনাদি বিহিত হয়েছে তা শিবাদি-প্রোক্ত তন্ত্র। একে মন্ত্রশান্ত্রও বলা হয়।

উপাতন্ত্র—বে-সব তন্ত্র সিদ্ধ ঋষিপ্রোক্ত বারাহীতন্ত্রে তাদের অতন্ত্র এবং উপতন্ত্র বলা হয়েছে। এই প্রসঙ্গে জৈমিনি বশিষ্ঠ কপিল নারদ গর্গ পুলস্ত্য ভার্গব ষাজ্ঞবন্ধ্য ভৃগু শুক্র বৃহম্পতি এবং অক্যান্ত মুনিসত্তমদের দ্বারা রচিত উপতন্ত্রের উল্লেখ করা হয়েছে।

ኔ উদ্ভ, Ś. Ś., 4th Ed., p 54

তনোতি বিপুলানর্থান্ তত্ত্বমন্ত্রসমন্বিতান্। আণাং চ কুরুতে বন্ধাং তত্ত্বমিত্যভিধীয়তে।
 —কামিকাগমবচন, আঃ, ঐ, p. 55

বাচল্পত্যভিধান এবং শব্দকল্পদ্ৰনে তয়্বশব্দের নিয়লিখিত অর্থ দেওরা হয়েছে— কুট্ছভরণাদিকৃত্য সিদ্ধান্ত
উষধ প্রধান পরিচ্ছদ বেদশাখা হেতু উভয়বৈধিকপ্রয়োগ ইতিকর্তব্যতা তয়বায় য়াই পরছলামুগমন বরাইটিস্তা
প্রবন্ধ শপথ ধন গৃহ বয়নসাধন কৃল নিবাছাজ্ঞশাল্প ব্যবহার ও নিয়ম।

৪ জঃ মাতৃ ত, ভূমিকা পৃঃ ১

<sup>ে</sup> স্বন্দেংস্মিন্ গণিতেন বা গ্রহগতিস্কন্ধাভিধানা স্বদো—বরাহমিহির:। এ: মাতৃ ত, ভূমিকা, পৃ: ১

৬ সাংখ্যকারিকা ৭٠

৭ স্মৃতিক তন্ত্রাথ্যা পরমর্ষিপ্রণীতা শিষ্টপরিগৃহীতা।—ব্ স্ ২।১।১-এর শঙ্করভান্ত

৮ ইতাষ্টাঙ্গমিদং তম্মাদিদেবপ্রকাশিতম্ ৷—হঞ্জত ১৷৩৷১৩

সৈকোন্তাম্যপতপ্রাণি কপিলোন্তানি বানি চ। অন্তুতানি চ এতানি জৈমিম্যকানি বানি চ।
 বনিঠঃ কপিলন্ডের নারদো গর্গ এব চ। পুলন্ড্যো ভার্গবংসিক্ষো বাজ্ঞবক্ষোভ্রন্তব্য।

তন্ত্রশাস্ত্র সাধনশাস্ত্র। তন্ত্রতন্ত্রেরা মনে করেন খবিরা সাধনশাস্ত্রের প্রণেতা নন, অফুম্মরণকর্তা। তন্ত্রতন্ত্রের মতে "রাজকীয় সভাসদৃগণ ধেমন রাজনীতির প্রণেতা নহেন, কিন্তু বেদ্ধা তদ্রেপ তন্ত্রদর্শী ঋবিগণও কেহ সাধনশাস্ত্রের প্রণেতা নহেন, কিন্তু অফুম্মরণ-কর্তা।"

তবে ঋষিপ্রোক্ত তন্ত্র উপতন্ত্র এ মত সর্বসম্মত নয়। অগস্ত্যসংহিতা সনৎকুমারসংহিতা গৌতমীয়তন্ত্র প্রভৃতি বৈহুবতন্ত্র ঋষিপ্রোক্ত। কিন্তু এইগুলিকে তন্ত্রই বলা হয়।

ভদ্ধশান্তের বিভাগ—তন্ত্রশান্তের বিভিন্ন বিভাগ আছে। তবে প্রধানতঃ আগম বামল ও তন্ত্র এই তিনটি বিভাগ করা হয়।

অবশ্য আগম নিগম ধামল তন্ত্র সংহিতা ইত্যাদিকে সাধারণতঃ সমানার্থক শব্দক্রপেই তন্ত্রশাস্ত্রে ব্যবহার করা হয়; সাধারণ কথাবার্তায়ও এইগুলির মধ্যে পার্থক্য করা হয় না। তবু এদের মধ্যে ভেদ আছে।

আগম—বিশ্বসারতন্ত্রে বলা হয়েছে—সৃষ্টি প্রলয় দেবতাদের যথাবিধি অর্চনা সব মন্ত্রের সাধনা পুরশ্চরণ ষট্কর্মসাধন এবং চতুর্বিধ ধ্যানযোগ এই সাতটি লক্ষণযুক্ত শাস্ত্রকে জ্ঞানী ব্যক্তিরা আগম বলেন।

কুলার্ণবতন্ত্রের মতে—আচার বর্ণিত হয়েছে বলে, যথাবিধি দিব্যগতিপ্রাপ্তির উপায় এবং মহান্ আত্মতত্ত্ব কথিত হয়েছে বলে, আগমশান্তকে আগম বলা হয়।

আগমের অন্তর্কম ব্যাখ্যাও আছে। রুদ্রধামলে বলা হয়েছে—শিবম্থ থেকে আগত, গিরিজাম্থে গত, বাহুদেবের সন্মত, এইজন্ম এই শান্তকে আগম বলা হয়। আগতম্ গতম্ ও মতম্ এই তিন শব্দের আগক্ষর নিয়ে আগম শব্দ গঠিত হয়েছে।

নিগম—আগমের সঙ্গেই নাম করা হয় নিগমের। নিগমের ব্যাখ্যায় বলা হয়েছে—

—বারাহীতস্ত্রবচন, স্র: বাচম্পত্যভিধান

গুক্রো বুহম্পতিশৈর অস্তে যে ম্নিসন্তমাঃ। এভিঃ প্রনীতাস্থাস্থানি উপতম্থাণি যানি চ। বিসংখ্যাতানি তাম্অর ধর্মবিস্কি'মহান্ধভিঃ। সারাং সারতরাণ্যের সংখ্যাতানি নিৰোধত।

১ তত, পৃঃ ১৪ ২ জঃ কৌর, পৃঃ ১০০

৩ তন্ত্রশান্ত্রপ্ত প্রধানতন্ত্রিধা বিভক্তম্ আগম-যামল-তন্ত্রভেদতঃ।—মাতৃ ত, ভূমিকা, পৃঃ ২

শৃষ্টিশ্চ প্রলয়শৈচব দেবতানাং যথার্চনম্। সাধনবৈধ্ব সর্বেষাং পুরশ্চরণমেব চ।
 বটক মিসাধনকৈব ধ্যানযোগশচত্বিধঃ। সপ্ততিলক্ষণৈ যুক্তমাগমং তদ্বিহু বৃধাঃ।—জঃ ঐ

আচারকধনাদিবাগতিপ্রাপ্তিবিধানত:। মহায়তত্বকথনাদাগম: কথিত: প্রিয়ে।—কু ত, পঃ ১৭

৬ আগতং শিববস্তে ভাগ গতঞ্চ গিরিজামুখে। মতং শ্রীবাহ্দেবস্ত তম্মাদাগম উচ্যতে।

<sup>—</sup>কু ক্রবামলবচন, ক্রঃ শা ত, উঃ ২

গিরিজাবক্ত থেকে নির্গত, শিবকর্ণে গত এবং বাস্থদেবের মত, এইজন্ত শাস্ত্রকে নিগম বলা ছয়েছে। এথানে নির্গতঃ গতঃ এবং মতঃ এই তিন শব্দের আতক্ষর নিয়ে নিগম শব্দ গঠিত হয়েছে।

আগম ও নিগমের মধ্যে স্বরূপত: বেমন ভেদ নেই তেমনি ব্যবহারত:ও সাধারণত: ভেদ স্বীকার করা হয় না। বেমন ভাস্কররায় কামিকাদি অষ্টাবিংশ শৈবাগমকে বেদসমত এবং কপালভৈরবাদি তন্ত্রকে বেদবিরুদ্ধ বলেছেন। তিনি বলেন প্রমেশ্বরের ম্থোভুত বলে, তাঁর আজ্ঞাস্থরূপ বলে বেদাত্রযায়ী আগমগুলিকে নিগম বলা হয়।

এথানে উল্লেখ করা যায় নিগমের বক্ত্রী ষেমন দেবী, তেমনি উড্ডীশশ্রেণীর তল্পেরও বক্ত্রী দেবী।

বিভিন্ন সম্প্রদায়ের আগম—সম্প্রদায়ভেদে আগম বছবিধ। শক্তিনঙ্গমতত্ত্বে শৈব, শাজ, গাণপত্য, সৌর, বৈষ্ণব, মহাবীর, পাশুপত, বীরবৈষ্ণব, বীরশৈব, চাল্র, স্বায়স্ভ্বব, এগার প্রকার ঘার, মায়াকাপালিক, বীর, বৌদ্ধ, জৈন, তুশ প্রকার চীন, শতপ্রকার বৌদ্ধ, দশ প্রকার পাশুপত, এবং আটপ্রকার কৌল আগমের কথা বলা হয়েছে।

শক্তিসঙ্গমের এই উক্তির সত্যাসত্য যাচাই করার কোনো উপায় নেই। তবে এইটুকু বোঝা যায় শক্তিসঙ্গম প্রচারের সময় দেশে বিভিন্ন সম্প্রদায়ের বহু আগম প্রচলিত ছিল।

সদসদাগ্য-আগমের সং এবং অসং এই ছুই প্রকারভেদ করা হয়। শাক্তানন্দ

<sup>&</sup>gt; নির্গতো গিরিজাবন্দ্রাৎ গতক্ষ গিরিশশ্রতিষ। মতক্ষ বাহুদেবস্থ নিগম: পরিক্ণাতে।—
আগমবৈতনির্গর্বন জ: P. T., Part I, 2nd Ed., Intro., p. 84, f. n. 8

২ তেরু বৈদিকানি নিগমপদবাচ্যানি পরমেখরত মুখাতুতভাদাজারপাণি া—ল স ১১৮ এর সৌ ভা

o Taratantra, Intro., p. 5.

শৈবং শান্তং গাণপত্যং সৌরং বৈক্বমের চ। মহাবীরং পাশুপতং বৈক্বং বীরবৈক্বন্।
বীরশৈবং তথা চাল্রং বারপ্রমনন্তরন্। পাঞ্চরাত্রং গান্ধড়ং চ কেরলং শাবরং তথা।
শীনিদ্ধশাবরং দেব তথৈব কালশাবরদ্। কুমারীশাবরং দেব বিজয়াশাবরং তথা।
কালিকাশাবরং দিব্যশাবরং বীরশাবরদ্। শীনাথশাবরং দেব তারিণীশাবরং পরন্।
শীশপুশাবরং ক্রমেরথা শাবরলাতরঃ। রক্তবোরত্তথা গুলো বোরবিন্ন ত্রকতথা।
ভক্ষবোরত্তথা বাজ্যোবোরবের্রতরং শুতঃ। বীণাবোরত্তথা নীলং সর্বভক্ষাভিধততঃ।
বোরাবোরত্তথা সিদ্ধো বোরাকৈকালশ শুভাঃ। মারাকাপালিকং চাপি বীরবৌদ্ধাবনে তথা।
কৈনাগমো রক্তগুলপটসন্ববিজ্ঞাতরঃ। চীনভেদান্ত বহুবো বিশতেতি প্রকীর্তিতাঃ।
বৌদ্ধানাং শতভেদাঃ স্থার্দশ পাশুপতেঃ শুভাঃ। কৌলে ভেদাইকং চাবধৃতং বৈদিকশান্তকম্।

-তরঙ্গিনীতে বলা হয়েছে আগমশন্বের মুখ্য অর্থাত্মনারে দদাগমই আগম। আগমসংহিতায় শিব স্পষ্টভাষায় অসদাগমের নিন্দা করে বলেছেন—দেবেশি! কলিয়্গের মান্ত্ব প্রায়ই রাজসিক এবং তামসিক। এরা নিষিদ্ধ আচারপরায়ণ এবং বহুলোককে মোহগ্রস্ত করে। যারা স্বীয় বর্ণাশ্রম ধর্ম উপেক্ষা করে মাংস রক্ত এবং স্থরা আমাদের অর্পণ করে তারা ভূত প্রেত এবং ব্রহ্মরাক্ষস হয়।

শপষ্টই দেখা যাচ্ছে আগমসংহিতার মতে যে-সব আগমে বর্ণাশ্রমধর্মসম্মত আচারঅন্ধর্চানাদি বিহিত হয় নি সেইগুলিই অসদাগম। কিন্তু এ মত সবাই স্বীকার করেন না।
তন্ত্রশাস্ত্রজ্ঞরা অনেকে মনে করেন যে-আগমে সাধকের স্বীয় আচার অন্থ্রসারে নিষিদ্ধ ক্রিয়ার
ব্যবস্থা দেওয়া হয় তাই তার পক্ষে অসদাগম। যথার্থ আরাধনা যে-আগমের লক্ষ্য তাই
সৎ আর যাতে সে-রকম লক্ষ্য নাই তাই অসৎ।

বৈদিক অবৈদিক আগাম——আগমের বৈদিক অবৈদিক এই ছই প্রকারভেদও করা হয়। কুর্মপুরাণের মতে শিব ও বিষ্ণু কাপাল নাকুল বা লাকুল বাম ভৈরব পূর্ব পশ্চিম পঞ্চরাত্র পাণ্ডপত এবং অক্যাক্ত অনেক বেদবাহু আগমের স্পষ্ট করেছেন।

উক্ত পুরাণেরই অন্তত্ত শিব বলছেন—আমি মোহকারক বেদবাদবিরুদ্ধ অনেক শাস্ত্র সৃষ্টি করেছি। তার মধ্যে আছে বাম পাশুপত সোম লাকুল এবং ভৈরব আগম। এই-সব এবং অন্ত বেদবাহু শাস্ত্র অসেব্য।

পাশুপত আগমকে বেদবাহ্য বলা হলেও পাশুপত ব্রতকে কিন্তু কুর্মপুরাণেই গুহু থেকে গুহুতম এবং বেদের সারস্বরূপ বলা হয়েছে।\*

১ সদাগম এব আগমশব্দ সুখ্যছাং।—শা ত, উঃ ২

কলৌ প্রায়েণ দেবেশি রাজদান্তামদা তথা। নিষিদ্ধাচরণাঃ দল্ডো মোহয়ন্তাপরান্ বহুন্।
 আবাভ্যাং পিশিতং রক্তং হুরাঞৈব হুরেবরি। বর্ণাশ্রমোচিতং ধর্মমবিচার্গার্পয়ন্তি যে।
 ভূতপ্রেতপিশাচান্তে ভবন্তি ব ক্ররাক্ষসাঃ।—আগমসংহিতাবচন, দ্রঃ শা ত, উঃ ২

o P. T., Part I. 2nd Ed., p. 92

এবং সম্বোধিত রুদ্রো মাধবেন মুয়ারিণা। চকার মোহশাস্থাণি কেশবোহণি শিবেরিতঃ।
 কাপালং নাকুলং বামং ভৈরবং পুর্বপশ্চিমন্। পঞ্রাত্রং পাশুপতং তথাজ্ঞানি সহশ্রণঃ।

<sup>—</sup>কুর্মপুরাণ, পু ভা, ১৬।১১৬-১৭

অক্তানি চৈব শাল্লাণি লোকেংশ্মিন্ মোহনানি চ। বেদবাদবিক্ষানি ময়েব কণিতানি তু।
 বামং পাশুপতং সোমং লাকুলকৈব ভৈত্ৰবম্। অসেব্যমেতৎক্ষিতং বেদবাহং তথেতরম্।

<sup>—</sup>ঐ, উপরিভাগ, ৩৭৷১৪৬-৪৭

৬ নির্মিতং হি মরা পূর্বং ব্রতং পাশুপতং শুভুষ্। গুহাদ্গুহতুমং কুলাং বেদদারং বিমৃত্তের।

<sup>—</sup>ঐ, উপরিভাগ, ৩৭।৪১

পঞ্চরাত্র প্রভৃতি সম্পর্কে কুর্মপুরাণের অভিমত কিন্তু সর্ববাদিসমত নয়। দৃষ্টান্তসক্ষপ বলা যায় সব পঞ্চরাত্র বেদবিরুদ্ধ নয়। অনেক স্মার্ত নিবন্ধকারও নারদপঞ্চরাত্র মহাকপিল-পঞ্চরাত্র হয়শীর্ষপঞ্চরাত্র প্রভৃতি থেকে প্রমাণ উদ্ধার করেছেন। স্মৃতিশাস্ত্রমাত্রই বেদান্তসারী ক্রাজেই উক্ত পঞ্চরাত্রগুলি বেদবিরুদ্ধ হলে নিবন্ধকাররা তা থেকে বচন উদ্ধার করতেন না।

আগামের ভিনটি বিভাগে—কোথাও কোথাও আগমশাস্ত্রের তিনটি বিভাগের কথা বলা হয়েছে। যথা—তন্ত্র যামল এবং ডামর। তন্ত্রকে বলা হয়েছে সান্ত্রিক, যামলকে রাজসিক আর ডামরকে তামসিক।

গন্ধবিতয়ে সাত্ত্বিক রাজসিক ও তামসিক এই ত্রিবিধ তক্ষের কথা বলা হয়েছে। কিন্তু তাদের তন্ত্র ষামল ডামর এ রকম পৃথক নাম দেওয়া হয়নি। উক্ত তদ্ধে ঈশ্বর বলছেন—আমি ত্রিপ্তণাত্মক ত্রিবিধ তন্ত্র বলেছি। কোথাও তামস তন্ত্র বলেছি, কোথাও রাজস আর কোথাও বলেছি সাত্ত্বিক তন্ত্র। ধীমান্ ব্যক্তি কোনটি সেবা নির্বাচন করে নেবে। তামস তন্ত্র নেরকের হেতু, রাজস স্বর্গের আর সাত্ত্বিক তন্ত্র মোক্ষদ। এ ছাড়া চতুর্থপ্রকারের তন্ত্র নিক্ষল।

**যামল**—বারাহীতস্ত্রমতে যে-তত্ত্বে স্থাষ্টি, জ্যোতিষ, নিত্যক্তত্যের উপদেশ, ক্রম, স্ত্র, বর্ণভেদ, জাতিভেদ ও যুগধর্ম এই আটটি বিষয় থাকবে তাকে বলা হয় যামল।

প্রাচীন যামলের সংখ্যাও আট। যথা রুজ স্বন্দ ব্রহ্ম বিষ্ণু যম বায়ু কুবের ও ইন্দ্র।
ব্রহ্মযামলের একাদশ শতকের (১০৫২ খঃ) একখানি পুঁথি নেপাল দরবার-গ্রন্থাগারে রক্ষিত
আছে। তাতে উক্ত আটখানা যামলের তালিকা দেওয়া হয়েছে এবং বলা হয়েছে যামলগুলি
স্বচ্ছন্দ ক্রোধ উন্মন্ত উগ্র কপালী বাংকার শেখর ও বিজয় এই আটজন ভৈরবপ্রোক্ত।

সেতৃবন্ধে কিন্তু অর্থরত্বাবলীবর্ণিত নিমোক্ত আট্থানা যামলের নাম করা হয়েছে—

১ सः को त्र, शृः ১०६-১०७, शानिका

<sup>₹</sup> ś. ś., 4th Eđ., p. 90

শৃষ্টশ্চ জ্যোতিবাখ্যানং নিতাকৃতপ্রদীপনম্। ক্রমস্ত্রং বর্ণভেদো জাতিভেদস্তবৈধ চ।

যুগধর্মক সংখ্যাতো বামলস্থাইলক্ষণম্।—বারাহীতন্ত্রবচন, লঃ বিহকোব

e P. C. Bagchi: C. Her. I., Vol. IV, p. 216

ব্ৰহ্মধামল বিষ্ণুধামল কল্পধামল লক্ষ্মীধামল উমাধামল স্কন্দধামল গণেশধামল এবং জ্বয়ন্ত্ৰথ-ধামল।

ভামর—বারাহীতন্তে বড়বিধ ভামরের উল্লেখ করে তাদের প্রত্যেকের শ্লোক সংখ্যাও দেওয়া হয়েছে কিন্তু লক্ষণ দেওয়া হয়নি। বড়বিধ ভামর, যথা—যোগভামর, শ্লোক ২৩৫৩৩; শিবভামর, শ্লোক ১১০০৭; তুর্গাভামর, শ্লোক ১১৫০৩; সারস্বত ভামর, শ্লোক ১৯০৫; ব্রহ্মভামর, শ্লোক ৭১০৫ এবং গান্ধর্বভামর, এতে আছে ৬০০৬০ শ্লোক।

তজ্বের অল্যপ্র কার বিভাগ— সমগ্র তন্ত্রশাস্ত্রকে আবার পাঁচটি আন্নায়ে ভাগ করা হয়েছে।
আন্নায়শব্দের অর্থ শ্রুতি স্ত্রী বেদ। আন্নায়শব্দের মৃথ্য অর্থ বেদ। রামেশ্বর বলেন আন্নায়শব্দের মৃথ্য অর্থ যদিও বেদ তথাপি তন্ত্র বেদের সার বলে আন্নায়শব্দের অর্থ তন্ত্রও বটে।

পঞ্চারা—বলা হয় শিবের পঞ্চম্থ থেকে পঞ্চারায়ের উদ্ভব হয়েছে। কুলার্গবতম্বে শিব বলছেন—আমার পঞ্চম্থ থেকে পঞ্চারায় উদ্ভূত হয়েছে। পূর্ব পশ্চিম দক্ষিণ উত্তর এবং উপ্ব এই পঞ্চ আয়ায়কে মোক্ষমার্গ বলা হয়।

শিবের পঞ্চমুখ — শিবের পঞ্চম্থের নাম সভোজাত বামদেব অঘোর তৎপুরুষ এবং ঈশান। সভোজাতম্থ শুদ্ধ ফটিকের মতো শুক্রবর্ণ, বামদেব পীতবর্ণ সৌম্য মনোহর: অঘোর কৃষ্ণবর্ণ ভয়ন্ধর; তৎপুরুষ রক্তবর্ণ দিব্য মনোহর এবং ঈশান শ্রামল সর্বদেবশিবাত্মক।

বুজাবামলাং বিষ্
্থামলাং লক্ষীবামলাম্মাবামলাং কল্পবামলাং গণেশবামলাং জয়য়পবামলাং

চেতান্তাবর্গর

রলাম্কানি ।—বা নি ১।১৫-এর সে ব

হ ডামর: ষড়বিধো জ্বের: প্রথমো যোগডামর: । লোকান্তত্রত্রত্রেশেণ তথা পঞ্চশতানি চ।
ত্রিবিংশতিঃ সহস্রাণি শ্লোকাশ্চৈব হি সংখ্যার। একাদশসহস্রাণি সংখ্যাতাঃ শিবভামরে।
শ্লোকাঃ সথ্যৈব নিশ্চিত্য ঈশ্বেরণৈব ভাষিতাঃ। তাবৎ-লোকসহস্রাণি পঞ্চলাকশতানি চ।
গুণোত্তরাণি তুর্গায়া ডামরে কথিতানি চ। নব লোকসহস্রাণি নবলোকশতানি চ।
সারস্বতে তথা লোকাঃ পঞ্চৈব পরিকীতিতাঃ। শরসংখ্যাসহস্রাণি লোকানাং বুক্ষভামরে।
পঞ্চোত্তরশতান্ত্রত্র সংখ্যানি শিবেন তু। যক্তিং লোকসহস্রাণি গান্ধর্বে ডামরোন্তমে।
লোকাশ্চ ষ্টিসংখ্যাতা বুক্ষণাহ্যাজ্যবানিনা।—বারাহীতন্ত্রবচন, ক্রঃ বাচম্পত্রভিধান

 <sup>&#</sup>x27;ক্রান্তি: ন্ত্রী বেদ আয়ায়:' ইতি কোশাং। তথাহিপি আয়ায়য়য়য়প্রতিপাদকত্বাং অয়াপি আয়ায়শব্দ
উপচর্যতে।—প ক সু ১।২-এর বৃত্তি

মম পঞ্চম্বেভ্যক পঞ্চায়া সম্দ্রতাঃ। পূর্বক পশ্চিমক্টৈব দক্ষিণকোভরন্তথা।
 উ'ধ্রায়ায়ক পজৈতে মোক্ষমার্গাঃ প্রকীতিতাঃ।—কু ত, ৩।१

বিভাষ্য ম্থপলং হি শিবস্ত বরবর্ণিনি। সভোজাতং বামদেবমঘোরঞ্চ ততঃ পরম।
তৎপুরুষং তথেশানং পঞ্চবজুং প্রকীতিত্য। সভোজাতঞ্চ বৈ শুক্রং শুদ্ধক্দিসন্নিভ্যম্।
পীত্রবর্ণ তথা সৌমাং বামদেবং মনোহরম্। কৃষ্ণবর্ণমঘোরঞ্চ সমং ভীমবিবর্দ্ধন্য।
রক্তং তৎপুরুষং দেবি দিবাম্তিমনোহরম্। ভামলঞ্চ তথেশানং সর্বদেবশিবায়্বকম্।
——নির্বাণতন্ত্রবচন, জঃ প্রাতো, কাও ১, পরিঃ ৯, ব সং, পৃঃ ৬৩-৬৪

নির্বাণতদ্বের শতে সভ্যোজাতম্থ পশ্চিমে। এর থেকে পশ্চিমান্নায়ের উদ্ভব হয়েছে। বামদেব উত্তরে। এর থেকে উদ্ভূত হয়েছে উত্তরানায়। অঘোর দক্ষিণে। এর থেকে দক্ষিণায়ায় উদ্ভূত। তৎপুরুষ পূর্বে। এর থেকে পূর্বায়ায়ের উদ্ভব হয়েছে এবং মধ্যে ঈশান। এর থেকে উদ্ভূত হয়েছে উর্ধবায়ায়।

পূর্ব ও পশ্চিম ম্থ-সম্বন্ধে মতভেদ আছে। পূর্বম্থকে সভোজাত এবং পশ্চিম ম্থকে তৎপুক্ষ বলাও হয়েছে। কাজেই এই মতাহ্নসারে সভোজাত ম্থ থেকে পূর্বায়ায় এবং তৎপুক্ষ থেকে পশ্চিমায়ায়ের উদ্ভব হয়েছে।

ভাবানুসারে আন্ধায়—কোন আন্নায় কোন ভাবের সাধকের উপযোগী নিরুত্তরতম্বে তারও নির্দেশ দেওয়া হয়েছে। বলা হয়েছে—পূর্বান্নায় ও দক্ষিণান্নায়ে উক্ত কর্ম পাশব অর্থাৎ পশুভাবের সাধকের উপযোগী। পশ্চিমান্নায়োক্ত কর্ম পশু- এবং বীর-ভাবের সাধকের উপযোগী। উত্তরান্নায়োক্ত কর্ম দিব্য- ও বীর-ভাবের সাধকের উপযোগী আর উর্ধ্বান্নায়োক্ত কর্ম দিব্যভাবের সাধকের উপযোগী।

পঞ্চমুখোভূত প্রধান ভক্ত —শিবের পঞ্চম্থ থেকে আটাশথানা শৈবাগম উভূত হয়েছে।
সত্যোজাত মৃথ থেকে কামিকাদি পঞ্চ আগম বা সংহিতা, বামদেবম্থ থেকে দীপ্ত্যাদি পঞ্চ
সংহিতা, অঘোরম্থ থেকে বিজয়াদি পঞ্চ সংহিতা, তৎপুরুষম্থ থেকে রোরবাদি পঞ্চ সংহিতা
এবং ঈশানম্থ থেকে প্রোদ্গীতাদি অন্তসংহিতার উদ্ভব হয়েছে। এই আগম বা সংহিতাগুলি
উধ্বস্রোতোৎপন্ন। এ ছাড়া শিবের নাভির অধোভাগ থেকে অধ্যম্রোতোৎপন্ন অন্ত সব তয়
আছে।

শ্রীকুমার তত্তপ্রকাশের (১)৫) টীকায় উক্ত আগম বা সংহিতাগুলির নাম করেছেন।

১ চিন্তরেং পশ্চিমে চাফা দ্বিতীয়ঞ্চ তথোত্তরে। অঘোরং দক্ষিণে দেবং পূর্বে তৎপুরুষং তথা। ঈশানং মধ্যতো জ্ঞেয়ং চিন্তরেদ্ভক্তিতৎপর:।—দ্রঃ প্রা তো, কাণ্ড ১, পরি: ৯, পৃঃ ৬৪

२ को ब्र, शुः ३२२

পূর্বায়ারোদিতং কর্ম পাশবং কপিতং প্রিয়ে। বছকং দক্ষিণায়ায়ে তদেব পাশবং স্মৃতম্।
 পশ্চিমায়ায়য়ং কর্ম পশুবীয়সমাঞ্রিতম্। উত্তরায়ায়য়ং কর্ম দিব্যবীরাঞ্জিতং প্রিয়ে।
 উপ্রায়ায়োদিতং কর্মনুদিব্যস্থাবাঞ্জিতং প্রিয়ে।

<sup>—</sup>নিরুত্তরতন্ত্রবচন, স্তঃ প্রা তো, কাণ্ড ১, পরিঃ ৯, ব সং, পৃঃ ৬৪

সভোজাতমুথাজ্ঞাতাঃ পঞ্চাতাঃ কামিকাদয়ঃ। বামদেবমুখাজ্ঞাতা দীপ্তাতাঃ পঞ্চ সংহিতাঃ।
 অ্যোরবন্ধান্ত্রেঃ পঞ্চাপ্তিবিজয়াদয়ঃ। পুং বজুাদপি সংভ্তাঃ পঞ্চ বৈরোচনাদয়ঃ।
 ঈশানবদনাজ্ঞাতাঃ প্রোদ্গীতালপ্টসংহিতাঃ। উ ধ্বস্রোতোভবা এতে নাভাধঃ স্রোতসঃ পরে।

<sup>—</sup>দেবীভাগবত- ও ক্ষমপুরাণ-বচন, দ্রঃ ল স, ১১৮, সৌ ভা, পুঃ ৮৪

ষথা—কামিক ষোগজ চিন্তা কারণ অজিত দীপ্ত সক্ষ সহস্র অংশুমান্ স্থপ্রভেদ বিজয় নিঃশাস স্বায়স্তৃব পর বীর রৌরব মৃকুট বিমল চন্দ্রজ্ঞান বিম্ব প্রোদ্গীত ললিত সিদ্ধ সস্তান সর্বোক্ত পারমেশ্বর কিরণ এবং বাতুল। এই আটাশথানা আগমের অনেক উপভেদ আছে।

পঞ্চান্ধায় আগম—কামিক থেকে অজিত পর্যন্ত পশ্চিমান্নার বা মতান্তরে পূর্বান্নার আগম, দীপ্ত থেকে স্প্রভেদ পর্যন্ত উত্তরান্ধায় আগম, বিজয় থেকে বীর পর্যন্ত দক্ষিণান্নার আগম, রৌরব থেকে বিম্ব পর্যন্ত পূর্বান্নায় বা মতান্তরে পশ্চিমান্নায় আগম এবং প্রোদ্গীত থেকে বাতুল পর্যন্ত ধ্বান্ধায় আগম।

বড়ান্সায়—শক্তিসঙ্গমাদি তন্ত্রের মতে বামান্ত্রের সংখ্যা ছয়। যথা—পূর্ব দক্ষিণ পশ্চিম উত্তর উর্ধ্ব এবং পাতাল বা অধঃ। ত

সময়াচারতন্ত্রমতে উর্ধ্বান্নায় এবং অধঃ আন্নায় শুধু মোক্ষ প্রদান করে আর অন্ত আন্নায়-গুলি ধর্ম অর্থ কাম এবং মোক্ষ প্রদান করে।

তবে আমায় শুধু পাঁচ বা ছয় নয়। আমায় বহু। কুলার্থিতক্তে বলা হয়েছে আমায় বহু কিন্তু সে-সব উর্ধামায়ের সমান নয়।

আরায়ভেদে বিভিন্ন দেবতা— বিভিন্ন আন্নায়ের দেবতা ও মন্ত্রাদি বিভিন্ন। সময়াচারতত্ত্বে বলা হয়েছে —শ্রীবিছা এবং তাঁর বিভিন্ন ভেদ, তারা, ত্রিপুরা, ভূবনেশী ও

১ কামিকং যোগজং চিন্তাং কারণং ছজিতং পরম্। দী গুং কুলং সহত্রক অশুমান্ হুপ্রভেদকম্।
বিজয়ং চৈব নিঃখাদং ঝায়ড়ুবমত:পরম্। বায়ক রৌরবকৈব মুকুটং বিমলং তথা।
চক্রজানক বিম্বং চ প্রোদ্গীতং ললিতং তথা। সিদ্ধং সন্তানং সর্বোক্তং পারমেখরমেব চ।
কিরণং বাতুলকৈব ছষ্টাবিংশতি সংহিতা:। মূলভেদমিতি খ্যাতমসংখ্যমূপভেদকম্।
—ক্রঃ কৌর, পৃঃ ১২-১৬, পাদটীকা

২ জঃশমত, হথ, ১১৮২-১৮৭

৩ স্ত্রঃ প্রাতো, কাণ্ড ১, পরিঃ ৯, ব সং, পৃঃ ৬৪

উ
 শ্বারারো অধকৈব কেবলং মোক্ষদো ভবেং। ধ মার্থকামমোক্ষার্থে আলায়ালে প্রকীতিতা:।

 —সময়াচারতম্ববচন, জঃ ঐ

আন্নায়া ৰহৰ সন্তি নোধ্বান্নায়স্ত তে সমা: ।—কু ত এদ

শ্রীবিভাভেদসহিতা তারা চ ত্রিপুরা তথা। ভুবনেশী চারপুর্বা প্র্বায়ায়ে প্রকীতিতা।
বগলামুথী চ বশিনী ছরিতা ধনদা তথা। মহিবয়ী মহালক্ষ্মীর্দক্ষিণায়ায়ে কীর্তিতাঃ।
মহাসরস্বতী বিভা তথা বাগা্বাদিনী পরা। প্রত্যাল্পরা ভবানী চ পশ্চিমায়ায়ে কীর্তিতাঃ।
কালিকা ভেদসহিতা তারা ভেদেশ্চ সংযুতা। মাতক্ষী ভৈরবীক্ষিরা তথা ধুমাবতী পরা।
উত্তরায়ায়ক্থিতাঃ ক্রেনী শীঅকলপ্রদাঃ। পরা প্রসাদমন্ত্রশুব্দন, দ্রুঃ প্রারাজিকা দেবা অধ আয়ায় কীর্তিতাঃ।
নাগাগ্রাদ্য়াে দেবা অধ আয়ায় কীর্তিতাঃ।
---সময়াচারতত্রব্দন, দ্রুঃ থা তো কাও ১, পরিঃ ১, ব সং, পুঃ ৬৪

অন্নপূর্ণা পূর্বান্নায়প্রকীর্তিতা। বগলাম্থী বশিনী (বালতৈরবী) ছরিতা ধনদা মহিষন্নী ও মহালক্ষী দক্ষিণান্নায়বর্ণিতা। কালিকা এবং তাঁর বিভিন্নভেদ, তারা এবং তাঁর বিভিন্নভেদ, মাতঙ্গী, ভৈরবী, ছিন্না, ধুমাবতী এঁরা উত্তরান্নায়বর্ণিতা। কলিমুগে এঁরা শীঘ্রফলপ্রদা। উর্ধান্নায়ে পরা এবং প্রদাদমন্ত্র বর্ণিত আর অধঃ আন্নায়ে বাগীশ্বরাদি দেবতা বর্ণিত।

তবে এ বিষয়ে মতভেদ আছে। তন্ত্রবহস্তপ্ত দেব্যাগমবচনে দেখা যায় পূর্বান্নায়ে প্রকাশিত হয়েছেন মন্ত্রাদিসহ শ্রীভ্বনেশ্বনী ত্রিপূটা ললিতা পদ্মা শূলিনী সরস্বতী ত্বরিতা নিত্যা বজ্রপ্রভারিণী অন্নপূর্বা মহালক্ষ্মী লক্ষ্মী বাগ্বাদিনী আর বর্ণিত হয়েছে তাঁদের মন্ত্র ও পূজাহুষ্ঠানাদি। অন্ত আন্নায়ের মন্ত্রাদিসহ দেবতা যথা—দক্ষিণায়ায়ের প্রসাদসদাশিব, মহাপ্রসাদমন্ত্র, দক্ষিণাম্তি, বটুক, মঞ্জুঘোষ, ভৈরব, মৃতসঞ্জীবনীবিছা ও মৃত্যুঞ্জয়। পশ্চিমান্নায়ের গোপাল, রুষ্ণ, নারায়ণ, বাস্কদেব, নৃসিংহ, বামন, বরাহ, রামচন্দ্র, বিষ্ণু, হরিহর, গণেশ, অগ্নি, যম, ত্ব্র, বিধু, অন্তান্ত গ্রহ, গরুড, দিক্পালগণ, হন্তুমান্ ও অন্তান্ত স্থরগণ। উত্তরান্নায়ের দক্ষিণকালিকা মহাকালী গুহুকালী শ্রশানকালী ভন্তকালী একজটা উগ্রতারা তারিণী কাত্যায়নী ছিন্নমন্তা নীলসরস্বতী হুর্গা জয়হর্গা নবহুর্গা বান্তলী ধ্নাবতী বিশালাক্ষী গৌরী বগলাম্থী প্রত্যক্ষিরা মাতঙ্গী ও মহিষমর্দিনী। উধ্বন্নায়ের শ্রীমৎ-ত্রিপুরস্কলরী ত্রিপুরেশী—ভৈরবী ত্রিপুরভৈরবী শ্রশানভৈরবী ভূবনেশ্বরীভৈরবী ষ্ট্কুটভৈরবী অন্নপূর্ণভিরবী পঞ্চমী যোড়শী মালিনী ও বলাবলা। অধঃআন্নামের বর্ণিত হয়েছে দেবতান্থান আসন যন্ত্র মালা নৈবেন্ত বলিদান সাধনা পুরশ্চরণ ও মন্ত্রসিদ্ধি।

সম্প্রদায়ানুসারে তদ্তের বিভাগ— সম্প্রদায় অনুসারেও তদ্বের বিভাগ করা হয়।
শাব্দেদের প্রধান চার সম্প্রদায়। যথা—কেরল কাশ্মীর গৌড় এবং বিলাস। এই চার সম্প্রদায়
অনুসারে তদ্বের চার শ্রেণী নির্দেশ করা হয়। সম্মোহনতক্ষমতে অঙ্গদেশ থেকে মালব পর্যন্ত
সমস্ত দেশে কেরলশ্রেণীর তদ্ব প্রচলিত, মদ্রদেশ থেকে নেপাল পর্যন্ত কাশ্মীর শ্রেণীর তন্ত্ব, শীলহট্ট
(শ্রিছট্ট) থেকে সমুদ্র পর্যন্ত গৌড়শ্রেণীর তন্ত্ব প্রচলিত, বিলাস শ্রেণীর তন্ত্ব সুর্বত্র প্রচলিত।

ভৌগলিক সংস্থান অমুসারে তদ্ত্রের বিভাগ— ভৌগলিক সংস্থান অমুসারেও তদ্ত্রের শ্রেণীবিভাগ করা হয়। তন্ত্রশাস্ত্রে তিনটি ভৌগলিক বিভাগ নির্দেশ করা হয়েছে বিফুক্রাস্তা রথক্রান্তা ও অশ্বক্রান্তা। অশ্বক্রান্তাকে গজক্রান্তাও বলা হয়। শক্তিমঙ্গলতম্ব অমুসারে বিদ্ধাপর্বত থেকে চট্টল পর্যন্ত বিষ্ণুক্রান্তা। কাজেই বাংলা দেশ এর অন্তর্ভুক্ত। রথক্রান্তা বিদ্ধাপর্বত থেকে মহাচীন পর্যন্ত বিস্তৃত, নেপাল এর অন্তর্ভুক্ত। অশ্বক্রান্তা

<sup>3</sup> F. Ś. Ś., 4th Ed., p. 149

Evolution of the Tantras, C. Her. I., Vol. IV, p. 221.

বিদ্ধাপর্বত থেকে মহাসমূল পর্যন্ত বিস্তৃত, ভারতের বাকী সব অংশ এর অস্তর্ভুক। মহাসিদ্ধসারতক্ষে বিষ্ণুক্রান্তা ও রথক্রান্তা সম্বন্ধে একই অভিমত ব্যক্ত করা হয়েছে কিন্তু অশ্বক্রান্তার সীমা নির্দেশ করা হয়েছে করতোয়া নদী (দিনাজপুর জেলা) থেকে ঘবদীপ পর্যন্ত। এই তিন বিভাগ অনুসারে তন্ত্রের বিষ্ণুক্রান্তা রথক্রান্তা ও অশ্বক্রান্তা এই তিন শ্রেণীবিভাগ করা হয়েছে।

প্রত্যেক শ্রেণীতে আছে চৌষট্টিথানা তন্ত্র।

ক্রোভ অমুসারে তত্ত্বের বিভাগ—আবার স্রোত অনুসারেও তত্ত্বের বিভাগ করা হয়।
ব্রহ্মমানলের মতে দক্ষিণ বাম এবং মধ্যম এই তিন স্রোত। দক্ষিণস্রোত সম্বর্গপপ্রধান,
বামস্রোত রঙ্গোগুণপ্রধান এবং মধ্যমস্রোত তমোগুণপ্রধান। দক্ষিণস্রোত তদ্ধ, বামস্রোত
মিশ্র আর মধ্যমস্রোত অশুদ্ধ। দক্ষিণস্রোতের তন্ত্র— যোগিনীন্ধান, যোগিনীহ্বদয়, মন্ত্রমালিনী, অঘোরেশী, অঘোরেশরী, ক্রীড়াঘোরেশ্বরী, লাকিনীকল্প, মারিচী, মহামারিচী এবং
উত্তবিভাগণ।

মধ্যমস্রোতের তন্ত্র—বিজয় নিঃখাস স্বায়স্ত্ব বাতুল বীরভদ্র রোরব মাকুট এবং বীরেশ। ব্রহ্মযামলে চন্দ্রজ্ঞান বিদ্ব প্রোদ্গীত ললিও সিদ্ধ সন্তান সর্বোদ্গীত কিরণ এবং পারমেশ্বর তন্ত্রকে উচ্চশ্রেণীর তন্ত্র বলা হয়েছে।

বামস্রোতের তন্ত্রের পৃথক উল্লেখ করা হয় নি।

বিভিন্ন প্রকারের বহুতন্ত্র—এমনি বিভিন্ন শ্রেণীর বহু তন্ত্রের উল্লেখ তন্ত্রশান্তে পাওয়া যার। বামকেশ্বরতন্ত্রে দেখা যায় দেবী শিবকে বলছেন - এই সব জ্ঞানময় মহামায়াদি চৌষটি তন্ত্র এবং এইরূপ কোটি কোটি অ্যান্ত তন্ত্র তুমি আমাকে বলেছ। কোটি কোটি অর্থ বহুসংখ্যক।

এমনি বহুসংখ্যক তন্ত্রের উদ্ভব কি করে হল দে সম্বন্ধে শিব বলেছেন—আমাকে যে যেরূপ প্রশ্ন যথন করেছে তথন তার উপকারের জন্ম সেইরূপ উত্তর দিয়েছি। এর অর্থ বিভিন্ন অধিকারীর জন্ম বিভিন্ন তন্ত্রের অবতারণা করা হয়েছে।

ভন্ত ও বেদ—লক্ষ্য করা গেছে তন্ত্রের বৈদিক ও অবৈদিক এই তুই শ্রেণী বিভাগ করা হয়। তান্ত্রিকের। বৈদিক তন্ত্রকে বেদ বা বেদের শাখাবিশেষ মনে করেন। ভাস্কররায়

<sup>&</sup>gt; P. T. Part I, 2nd Ed., p. 87

Evolution of the Tantras, C. Her. I., Vol iv, pp. 217-218

৩ এবমেতানি শাস্ত্রাণি তথাহস্তাস্থপি কোটিশঃ। ভবতোন্তানি মে দেব সর্বজ্ঞানময়ানি চ।—বা নি ১।২২

৪ যথা যথা কৃতাঃ প্রশ্না যেন যেন যদা যদা। তদা তত্তোপকারায় তথৈবোক্তং ময়া প্রিয়ে।—মহা ত ২।১৬

সেতৃবন্ধে মহামায়াদি চৌষটি তন্ত্ৰকে বেদক্ষণ অৰ্থাৎ বেদতুল্য বলেছেন। কারণ তাঁর মতে তন্ত্ৰ উপনিষদের শেষভৃত। তন্ত্ৰ শান্ত্ৰ। শান্ত্ৰশন্তের বুৎপত্তিগত অর্থ যা শাসন করে তাই শান্ত্র। শাসন অর্থ ভগবতীর আজ্ঞা, প্রবর্তননিবর্তনক্ষপ শন্ধভাবনা। এ সম্বন্ধে ভামতীতে বলা হয়েছে—নিত্য অর্থাৎ বেদ এবং ক্বতক অর্থাৎ পুক্ষপ্রশীত স্মৃতি প্রভৃতি যা লোককে প্রবৃত্তি বা নিবৃত্তি বিষয়ে উপদেশ দেয় তাকে বলা হয় শান্ত্র।

কাজেই ম্থ্যতঃ বেদই শান্ত্রপদ্বাচ্য। ব্যাসদেবও শান্ত্রঘোনিত্বাৎ (ব্র স্থ ১।১।৩), 'শান্ত্রদৃষ্টা তুপদেশো বামদেববং' (ব্র স্থ ১।১।৩) ইত্যাদি স্ত্রে বেদ অর্থেই শান্ত্রশন্তর প্রয়োগ করেছেন। ছন্দশান্ত্র ও শন্ধশান্তাদি বেদাঙ্গত্বের জন্ত, মনুষ্তি প্রভৃতি বেদার্থ অন্তর্বাদকত্বের জন্ত এবং এই-সবের ব্যাখ্যানগ্রন্থ অনার্ধ হলেও তাদের উপযোগিত্বের জন্ত শান্ত্রপদ্বাচ্য। তন্ত্রও বেদের মতো সাক্ষাৎ ভগবদ্বাক্য। এইজন্ত তন্ত্রের শান্ত্রপ্র-সম্পর্কে কোনো বিবাদ নাই। কাজেই তন্ত্রের প্রামাণ্যবিষয়েও কোনো বিপ্রতিপত্তি নাই অর্থাৎ বিরোধ নাই।

তন্ত্র যে বেদমূলক প্রামাণ্যশাস্ত্র এ কথা ভাস্কররায় অন্তর্ত্ত প্রতিপন্ন করেছেন। তিনি বলেছেন বনেদে পূর্বকাণ্ডের শেষভূতরূপে আখলায়নাদিকল্পত্রের এবং ময়াদিশ্বতির প্রবৃত্তি, তেমনি উপনিষৎ কাণ্ডশেষরূপে পরশুরামাদি কল্পত্র এবং যামলাদি তদ্ধের প্রবৃত্তি। আর উভয়কাণ্ডের শেষভূতরূপে পুরাণসমূহের প্রবৃত্তি। কাজেই শ্বৃতি তন্ত্র ও পুরাণ বেদমূলক বলে প্রামাণ্য।

রাঘবভট্টও আগম অর্থাৎ তন্ত্রকে বেদের উপাসনাকাণ্ডের অন্তর্ভুক্ত বলেছেন। তাঁর

এতানি মহামায়াদিবিশুদ্ধেরবাস্তানি চতুংবছিস্তন্তাণি। শাস্ত্রাণি বেদরপাণি। তন্ত্রাণামুপনিবদ্ধেরতাং। শাসনাছ্যন্ত্রমিতি হি বাংপত্তিঃ। শাসনং তু প্রবিতনানিব তনাস্থতররূপা শব্দভাবনাপরপর্যায়া ভগবত্যাক্তৈরে। তত্তক্তম্—প্রবৃত্তির্বা নিবৃত্তির্বা নিত্যেন কৃতকেন বা। পুংবাং বোনোপদিশুতে তচ্ছান্ত্রমভিধীয়তে।
ইতি। তেন বেদ এব মুথাতয়া শান্ত্রপদ্বাচ্যঃ। তথাচ ব্যাসপাদানাং প্রয়োগঃ—শান্ত্রবোনিত্বাং শান্ত্রদৃষ্ট্যা
তুপদেশো বামদেববদিত্যাদিঃ। শব্দশান্ত্রছন্দঃশান্ত্রাদীনাং তু তদক্ষতায়ানবম্মৃত্যাদীনাং তদর্থামুবাদকত্বান্ত্রন্
ব্যাধ্যানানামনার্বাণামপি তত্তপ্রোগিত্বান্ত্রাপ্রদেন ব্যবহার ইতি ছিতিঃ। তন্ত্রাণাং তু সাক্ষাদেব বেদবদ্
ভগবদান্ত্রান্ত্রপত্তিছান্ত্রত্বে ন কোহপি বিবাদঃ। অতএব প্রামাণ্যেহপি ন বিপ্রতিপত্তিঃ।

<sup>—</sup>বা নি ১৷২২-এর সে ব

२ जः न म, २०३-এর সৌ ভা, পৃঃ ১৭२

বেদে চ পূর্বকাপ্তয় শেবভূততয়া আখলায়নাদিকলয়তয়াণাং মধাদিয়তীনাং চ প্রবৃত্তিবর্পনিবৎকাপ্তশেষত্বন পরগুরামাদিকলয়তয়াণাং বামলাদিতয়াণাং চ প্রবৃত্তিঃ। পুরাণানাং তু কাপ্তয়য়ং প্রত্যাপি শেবছেন
প্রবৃত্তিঃ। ততক য়তিতয়পুরাণানাং বেদম্লকছেনৈব প্রামাণায়।—বা নি, সে ব, পৃঃ ৪

মতে শ্রুতির তিন কাণ্ড-কর্মকাণ্ড উপাসনাকাণ্ড ও ব্রন্মকাণ্ড। এর মধ্যে উপাসনাকাণ্ড আগমশাস্ত্রাত্মক।

মেকতজ্বের মতে ভব্ন বেদাদ। উক্ত ভব্নে আছে?—প্রণব ছাড়া বেদ নাই, মন্ন বেদ-সমুখিত। কাজেই মন্ত্র বেদপর এবং আগমকে বেদাঙ্গ বলা হয়। আগম বা তন্ত্র মন্ত্রণান্ত্র। মন্ত্র বেদপর। অতএব আগম বা তন্ত্র বেদাক।

ভদ্ধ পঞ্চম বেদ— নিকত্তরতত্ত্বে আগম বা তছকে সোজাস্থলি পঞ্চম বেদই বলা र्द्याट् ।

কাঙ্গেই তন্ত্ৰও শ্ৰুতি। এইজন্মই মহৰ্ষি হারীত বলেছেন শ্ৰুতি ছিবিধ—বৈদিক আর ভান্তিক।

বেদবাভাতত তেওঁ তন্ত্রমাত্রই শ্রুতি- বা বেদ-গ্রাহ্ম এ মত সকলে স্বীকার করেন না। অনেক তন্ত্ৰ অবৈদিক। ভাস্কররায় বলেন কামিকাদি অষ্টাবিংশতি শৈবতন্ত্ৰ বেদাহুঘায়ী আর কপালভৈরবাদি তম্ব বেদবিকন্ধ। এ বিষয়ে পূর্বেও আমরা আলোচনা করেছি।

আবার বেদ্বিরুদ্ধ তন্ত্র সম্বন্ধে সম্প্রদায়ে সম্প্রদায়ে মতভেদ আছে। যেমন ভাস্কররায় বামকেশ্বরতন্ত্রের প্রথম বিশ্রামোক্ত চতৃঃবৃষ্টি কুলতন্ত্রকে বলেছেন বেদাহুযায়ী। এই ভন্তগুলিকেই আবার লক্ষীধর বেদবহিভিত বলেছেন। ° কৌলরা কিন্ত কুলশান্তকে অর্থাৎ কুলতন্ত্রকে বেদাত্মক মনে করেন।°

বেদবাহাতন্ত্রও প্রামাণ্য শাল্ত— বেদবাহাতত্ত্রও অশাল্প বা অপ্রামাণ্য নয়। বে-তত্ত্বে বেদভিন্ন অন্ত সাধনমার্গ বিবৃত হয়েছে তাও প্রামাণ্য শাল্প। স্বন্দপুরাণের অন্তর্গত স্ত-সংহিতার যজ্ঞবৈভবথণ্ডে বাবিংশ অধ্যায়ে বলা হয়েছে—বেদ্ভিন্ন অন্য মার্গের মৃক্তি ব্যতীভ

তত্ত্ব সর্বাহ্ন ক্রতিরু কাণ্ডত্রয়ং কর্মোপাসনাৰ ক্রভেম্বেন।···অত এতরুপাসনাকাণ্ডমেবাগমণাস্ত্রাম্বকং গরীর ইতি সিদ্ধৃস।—শা ডি ১৷১ এর টীকা

২ ন বেদ প্রণবং ত্যক্ত্রা মন্ত্রো বেদসম্থিত:। তত্মাদ্বেদপরো মন্ত্রো বেদাকশ্চাগমঃ স্মৃত:। —মেক্তম্বচন, ক্র: প্রা তো, কাও ১, পরি: », পু: ৬৪

৩ আগমঃ পঞ্চমো বেদঃ কৌলন্ত পঞ্চমাশ্রমঃ।—নিক্নন্তরতন্ত্রবচন, ড্রঃ প্রা তো, কাণ্ড ১, পরিঃ ৯, ব সং পুঃ ৬৪

৪ শ্রুতিক বিবিধা বৈদিকী তান্ত্রিকী চ।—মন্ত্র ২০১-এর কুলুকভট্টকৃত টীকাধৃত হারীতবচন।

অথবা সন্তি বেদামুবায়িনী শৈবতয়াণি কামিকাদীয়ৢষ্টবিংশতিঃ বেদবিক্লদানি কাপালভৈরবাদীনি চ। -न म >>४-এর সৌ छा

এতানি ভয়াণি য়গতাং অতিসন্ধানকারণানি বিনাশহেতুভূতানি, বৈদিকমার্গদূরবর্তিছাং। -নৌ ল ৩১-এর টাকা

৭ ভন্মান বেদান্মকং শাস্ত্রং বিভি কুলান্মকং প্রিয়ে।—কু ভ ২।৮৫ 254

শক্ত বিষয়ে প্রামাণ্য আছে, মৃক্তিবিষয়ে প্রামাণ্য নেই। তবে এ-সব মার্গও ক্রমে ক্রমে বেদমার্গপ্রাপ্তি ঘটায় ও তার হারা মৃক্তিবিধান করে বলে এদের মৃক্তিবিষয়েও প্রামাণিকতা আছে, নৈলে নেই। বেদাস্তপ্রতিপাত্য শিব সাক্ষাৎমৃক্তিদাতা; তিনি অচিরে মৃক্তি প্রদান করেন। আগমাস্তর-প্রতিপাত্য শিব সাক্ষাৎ মৃক্তি দেন না, উত্তরোত্তব বিশিষ্ট মার্গপ্রাপ্তি ঘটিয়ে ক্রমে মৃক্তি দেন।

অতএব বেদমার্গী অন্থ মার্গ অবলম্বন করবে না। বেদমার্গী সাধকের পক্ষে ত্র্লভ কিছুই নাই। বেদাফ্সরণে পরমা মৃক্তি এবং অশেষভোগ লাভ হয়। অধিকারিভেদে সমস্ত মার্গেরই প্রামাণ্য আছে এবিষয়ে সন্দেহ নাই। তবে ঈশবের স্বরূপ, বন্ধনের হেতু, জগতের কারণ, মৃক্তি, জ্ঞান ইত্যাদি বিষয়ে যে-সব মার্গের পরস্পরের মধ্যে বিরোধ আছে এবং বেদান্ত অর্থাৎ উপনিষদের সঙ্গে বিরোধ আছে সেই-সব কিরপে প্রামাণ্য গণ্য হবে? উত্তরে বলা হয় সেই-সবের বেদান্তবিক্ষমাংশ মহামোহাবৃত অর্থাৎ অনাদিমায়ামোহিত মন্দবৃদ্ধি ব্যক্তিদের বাঞ্চাম্কুলরপে প্রবৃত্ত হয়েছে, পরমার্থরূপে নয়। যেমন ধাবমানা গাভীকে তৃণগুচ্ছ দেখিয়ে মাহার ধরে ফেলে তেমনি মহেশ্বর প্রথমে বিভিন্ন মার্গের অন্থসরণকারীদের সেই সেই মার্গাহ্মরপ ইট প্রদান করেন এবং সেই মার্গান্ত জ্ঞানের হারা প্রতিবন্ধকপাপ ক্ষয় হলে তাদের বৃদ্ধির পরিপাক অন্থসারে পরমপুক্ষার্থভ্ত উত্তম জ্ঞান প্রদান করেন। আর ব্যহেত্ এই-সব মার্গ শিবপ্রোক্ত সেইজন্য এই-সব মার্গ প্রামাণ্য, শিববাক্য মিধ্যা হয় না।

কাজেই দেখা যাচ্ছে বেদবাহা তন্তাদিও প্রামাণ্য শাস্ত্র।

ভদ্ধ বেদজ্ঞান জন্য — তবে গোঁড়া বেদমার্গীরা মনে করেন তন্ত্র বেদজ্রটদের শাস্ত্র। আলোচ্য স্তর্সংহিতার মৃক্তিথণ্ডে শিব বলছেন— বেদমার্গজ্ঞ অত্যস্ত মলিন ব্যক্তিদের জন্ত পাঞ্চরাত্রাদি মার্গ বিহিত হয়েছে। এই-সব তাদের পক্ষে কালে উপকারক হয়। তান্ত্রিকরা

<sup>&</sup>gt; তত্মান্মার্গান্তরাপাং তু প্রামাণাং বেদবিভ্যাঃ। মুক্তেরক্তত্র নাত্রৈর ক্রমেনৈবাত্র মানতা।
অতো বেদান্তমার্গল্পে মহাদেবোহচিরেণ তু। মুক্তিং দদাতি নাক্তত্র স্থিতঃ সোহপি ক্রমেণ তু।
দদাতি পরমাং মুক্তিং ইত্যেরা শারতী শ্রুতিঃ। অতো বেদস্থিতো মর্ত্যো নাক্তমার্গং সমাশ্রুতেং।
অতোহধিকারিভেদেন মার্গা মানং ন সংশরঃ। ঈররক্ত বরুপে চ বন্ধাহেতো তবৈর চ।
ক্রগতঃ কারণে মুক্তো জ্ঞানাদো চ তবৈর চ। মার্গাণাং বে বিরুদ্ধাংশা বেদান্তেন বিচক্ষণাঃ।
তেহপি মন্দমতীনাং চ মহামোহার্তান্থনাম্। বাস্থামাত্রামুঞ্জণ্যেন প্রবৃত্তা ন বর্ধাহর্পতঃ।
দশ্রিতা তুগং মর্ত্যো ধারস্তীং গাং বর্ধাহ্রাহীং। দশ্রিতা তথা কুক্রমিষ্টং পূর্বং মহেশ্বঃ।
পশ্চাং পাকাম্প্রণান দদাতি জ্ঞানমূত্রমা। তত্মানুজ্জেন মার্গেন শিবেন কথিতা অমী।
মার্গা মানং ন চামানং মুবাবাদী কর্থং শিবঃ।—ক্রঃ প ক প্ ১৷২-এর রাবেশ্বরকৃত বৃত্তি

আমাকে শীঘ্র লাভ করতে পারে না, দেবতাপ্রাপ্তিধারপথে তারা কালে আমাকে লাভ করে কিন্তু বেদনিষ্ঠ ব্যক্তিরা আমাকে অচিরে লাভ করে।

অগন্ত্যসংহিতায়ও বলা হয়েছে পাঞ্চরাত্র কাপাল এবং কালাম্থ তত্ত্বে বৈদিকদের অধিকার নাই অর্থাৎ এই-সব বেদমার্গীদের জন্ত নয়।

বেদাস্থারী তান্ত্রিকদের মতে স্তদংহিতার মস্তব্য পাঞ্চরাত্রাদি অবৈদিক তল্পশার্কে প্রবাদ্ধারী তান্ত্রিকদের মতে স্তদংহিতার মস্তব্য পাঞ্চরাত্রাদি কবৈদিক তল্পশার্কে প্রবাদ্ধার বিশেষাদ্ধার, সব তন্ত্র সম্পর্কে নয়। ভান্ধররায় লিখেছেন পাঞ্চতিবিশেষ এবং পাঞ্চরাত্রবিশেষাদি যে-সব তন্ত্র সর্বাংশে বেদবিরুদ্ধ সেই-সব তন্ত্র শ্রীবিভার উপাসনাবিষয়ে বেদমূলক ভূমিকার্চ্চ ব্যক্তির উপযোগী নয়। পাপকর্মের বারা যারা প্রোত্তমার্ত কর্মের অধিকারচ্যুত হয়েছে এই-সব তন্ত্রে তাদেরই অধিকার। সেইজ্ল বলা হয়েছে পাঞ্চরাত্র ভাগবত এবং বৈধানস নামক শান্ত্র বেদজ্রইদের উদ্দেশ করে কমলাপতি অর্থাৎ বিষ্ণু বলেছেন। তাই বলা হয়েছে যে বেদজ্রই এবং বেদোক্ত প্রায়শ্চিত্তে ভয় পায় এ রকম মান্ত্র ক্রমে শ্রুতিসিদ্ধির জন্ম অর্থাৎ বেদাধিকার লাভের জন্ত তন্ত্র আশ্রয় করবে। এই বচনের সামান্ত তন্ত্রশন্ত্র পূর্বাক্ত তন্ত্র অর্থাহল করতে হবে। ব্রহ্মহত্তের প্রত্যান্যমঞ্জন্তাৎ (২।২।৩৭) এই স্ব্রটিও পূর্বোক্ত তন্ত্র বিষয়ে প্রযুক্ত। কিন্তু রামক্রম্ব নৃসিংহ কন্ত্র পরশিব স্থলরী প্রভৃতির উপাসনাবোধক অগজ্যাদি সংহিতার মূল রামতাপনী প্রভৃতি উৎনিষৎ প্রত্যক্ষ, সেইজন্ত এই-সব তল্পের অপ্রামাণ্যশন্ত্র নাই। ত্

काष्ट्रिश्च यात्रा त्वन्त्रहे वा त्वरन प्रनिधिकात्री जञ्जभाञ्च एध् जारनत प्रज विश्विष्ठ এ मण

স্থতান্তমলিনানান্ত ভ্রষ্টানাং বেদমার্গতঃ। পাঞ্চরাত্রাদয়ে। মার্গাঃ কালেনৈবোপকারকাঃ।
তাল্তিকাণামহং দেবি ন লভ্যোহব্যবধানতঃ। কালেন দেবতা প্রান্তিকিবাহমান্তিকে।
লভ্যো বেলৈকনিষ্ঠানামহমব্যবধানতঃ।—জঃকৌর, পঃ »১

২ পাঞ্চরাত্তে চ কাপালে তথা কালামূথেহপি চ। অধিকারো বৈদিকানাং নান্তি নান্তি ম্নীখরা: ।
—-জ: ঐ, পুঃ ১০৫

থ বানি তু সর্বাংশেনাপি বেদবিক্ষদান্তের কানিচিত্তয়াণি পাশুপতবিশেষপাঞ্চয়াত্রবিশেবাদীনি তানি নেদৃশীং
ভূমিকামান্ত্রন্ত । অপি তু প্রোতমার্তকর্মভূমিকাধিকারিণ এব কেনচিংপাপেন ততল্চা তৌ তেরধিকার: ।
অতএব—পাঞ্চয়াত্রং ভাগরতং তথা বৈধানসাভিধন । বেদন্তরীন্ সমৃদ্ধিত্ত কমলাপতিক্ষতবান্ ।
ইত্যাদিনা কতিপয়ানামের পরিগণনমূপপততে । তেন—ক্রতিন্তরীঃ ক্রতিপ্রোক্তপ্রান্দিতত্তে ভয়ং গতঃ ।
ক্রমেণ ক্রতিসিদ্ধার্থং মনুষত্তয়মান্তরেং । ইত্যত্র তক্রসামান্তপদং তাদৃশবিশেবপরম্ । পত্যুরসামঞ্জতাদিত্র
ধিকরণমপি তাদৃশতজ্বপর্মের । বানি তু রামকৃঞ্চুসিংহক্ষপ্রপর্মিববক্ষ্মর্থাত্রাপাসনবোধকান্তগত্ত্যাদিত্রাণি
ভক্ষ্মলভূতানাং রামতাপত্যাত্রাপনিষদাং প্রত্যক্ষর্যাদের তেবাং নাপ্রামাণ্যলকাকলকাবকালঃ ।

সাধারণভাবে স্বীকৃত নয়। বারা বেদমার্গী, তন্ত্র তাদের জন্তও বিছিত। শ্রীমদ্ভাগরতে উদ্ধবকে ভগবান্ উপদেশ দিয়েছেন উভয়সিদ্ধির জন্ত অর্থাৎ বেদতন্ত্রোক্ত-ভূক্তিমৃক্তি প্রাধির জন্ত উভয় শাল্লামুসারে আমার উপসনা ক্রবে।

আরও বলেছেন বৈদিক এবং তান্ত্রিক এই উভয় ক্রিয়াবোগপথে আমার অর্চনা করে ইহলোকিক ও পারলোকিক অভীষ্টসিদ্ধি লাভ করবে।

ত্রিপুরার্ণবে বলা হয়েছে ত্রৈবর্ণিককে অর্থাৎ ব্রাহ্মণ ক্ষত্তিয় এবং বৈশ্রকে প্রথমে বৈদিক ক্রিয়া করে পরে সমস্ত তান্ত্রিক ক্রিয়া করতে হবে।

তন্ত্রশাস্ত্রে বৈদিক ও তান্ত্রিক ক্রিয়া সঙ্গে করার বিধান দেওয়া হয়েছে। ধেমন গায়ত্রীতন্ত্রে বলা হয়েছে—তান্ত্রিক গায়ত্রী জপ করে স্থাকে তান্ত্রিক অর্ঘ্য দিতে হবে, ভার পরে পরমাক্ষরী বৈদিক গায়ত্রী জপ করতে হবে।

বেদাসুবায়ী বিজবর্ণেরই বৈদিক গায়ত্রীঙ্গপে অধিকার আছে। কাজেই গায়ত্রীতন্ত্রাদির মতে তন্ত্রশাস্ত্র বেদাসুসারীদের জগুও বিহিত।

বেদ ও তদ্বের পার্থক্য—তত্র বেদমূলকই হোক আর বেদবাহাই হোক তত্রশাত্রের পৃথক্ অন্তিম কেউ অন্থীকার করেন না। পূর্বোক্ত শ্রীমদ্ভাগবতাদির বচনেও তা লক্ষ্য করা বায়। বেদ ও তত্র উভয়ের মধ্যে পার্থক্যও প্রভৃত। উভয়ের গস্তব্যস্থল এক হলেও পথ ভিন্ন।

ভন্তজ্ঞদের মতে বেদায়ুসারী সাধক সাধনা করে প্রথমে তত্ত্বমসি প্রভৃতি মহাবাক্যের লক্ষ্য জীবরন্ধের অভেদজ্ঞানে পৌছে, 'আবার যথন সেই তত্ত্বমসি-জ্ঞানে ব্রহ্মাণ্ডকৈ ব্রহ্মবিভৃতিক্কপে দর্শন' করেন তথনই ব্রহ্মজ্ঞানের মধ্য দিয়ে ধীরে ধীরে জীবতত্ত্বে প্রবেশ করেন। বেদমার্গী সাধক এমনিভাবে সিদ্ধাবস্থা লাভের পর সংসারে ব্রহ্মবিভৃতি দর্শন করেন। অপর দিকে ভান্তিক সাধক সংসারেই ব্রহ্মবিভৃতি দর্শন করতে করতে সংসার ত্যাগ করে চলে বান। পূর্বোক্ত তত্ত্বজ্ঞান বৈদিক পথে সাধনার ফলস্বরূপ, ভান্তিক পথে মূল এবং ফল উভয়স্বক্লপ।

অনুষ্ঠানগত পার্থক্য—বৈদিক ও তান্ত্রিক অমুষ্ঠান ভিন্ন। আবার একই অমুষ্ঠান

১ উভাভ্যাং বেদতপ্রাভ্যাং মহুং তৃভরসিদ্ধরে।—শ্রীমদভাপবত ১১।২৭।২৬

২ এবং ক্রিরাবোগপবৈঃ পুমান্ বৈদিকতান্ত্রিকৈঃ। অর্চ্চরুভরতঃ সিদ্ধিং মডো বিন্দত্যভীব্দিতান্।

<sup>#81851</sup>CC E-

৩ দ্রৈবর্ণিকৈবিদিকান্তে ভাল্লিকং ক্রিয়তেহথিলন্ ।—ক্রিপুরার্ণবব্চন, ল্রঃ প ক খু ১١১-এর রামেশ্ররকৃত বৃষ্টি

शात्रजीः ভाञ्चिकः ख्रश्चा प्रशास्त्राण्य णाज्ञिकः । अञ्चलम् देवनिकोः निज्ञाः शात्रजोः शत्रवाक्तत्रीम् ।

<sup>---</sup> লা ভ, পঃ ৪

६ अ: ७ ७, गृ: ४८, ४६, ४६

বেদার্থারী একরকম এবং তন্ত্রাস্থারী অগ্যরকম হয়। আচমন সন্ধা তর্পণ প্রভৃতি নিতাকর্ম, জীবসেক বা গর্ভাধানাদি দশ সংস্কার প্রভৃতি নৈমিত্তিককর্ম, নানাবিধ কাম্যকর্ম এবং পূজা-আর্চা প্রভৃতি বেদাস্থারী পুরাণাদি স্থৃতি অস্সারে হয় আবার তন্ত্রশাল্পাস্থারেও হয়ে থাকে।

ভদ্মের অভিমত সমস্ত নিত্য নৈমিত্তিক এবং কাম্য কর্ম তন্ত্রশান্ত্রাক্রসারে করতে হবে। বিদাহ্যায়ী ক্রিয়াকর্মের তুলনায় তান্ত্রিক ক্রিয়াকর্ম অপেক্ষাকৃত সংক্ষিপ্ত। কলির তুর্বল মাহ্র্য প্রায়াসমর্থ নয়। সেই কারণে তাদের জন্ম সংস্কারাদিক্রিয়া তন্ত্রে সংক্ষেপে বিবৃত হয়েছে।

ভন্তমতে এই-সব যাবতীয় কর্মের বেদাস্থায়ী বিধানও শিবপ্রোক্ত, ব্রহ্মারূপে শিব বলেছেন। তবু পূর্বোক্ত কারণে তল্পে আবার ন্তন করে সে-সবের বিধান দেওয়া হয়েছে। ভবে অনেক ক্ষেত্রে বেদাস্পারী অন্তর্চানও তল্পাস্পারী অন্তর্চানের একই মন্ত্র। শিব বলেছেন—নিতানৈমিত্তিকাদি যে যে কর্মে যে যে বিধান তা আমি পূর্বে ব্রহ্মারূপে বলেছি। দশবিধ সংস্কার এবং অক্ত সব কর্মে ব্রাহ্মণাদি বর্ণভেদে যথাক্রম মন্ত্রসমূহও বলেছি। সভ্য ত্রেতা ও রাপরযুগে যে-কর্মের যে-মন্ত্র, প্রয়োগের বেলা তা প্রণব দিয়ে আরম্ভ করতে হত। কলিযুগের লোকদেরও শিবনির্দেশে সে-সব কর্মে সে-সব মন্ত্রই ব্যবহার করতে হবে তবে মল্লের প্রয়োগের বেলা প্রণবের পরিবর্জে ব্রাহ্মী বীক্ষ দিয়ে মন্ত্র আরম্ভ করতে হবে।

ভঙ্গে প্রণব—এই উক্কির বারা দব তান্ত্রিক মদ্রেই প্রণবের প্রয়োগ নিষেধ করা হয় নি।
বহু তান্ত্রিক মন্ত্র প্রণব দিয়ে আরম্ভ করা হয়। প্রণব খাঁটি বৈদিক বীজমন্ত্র। কিন্তু তন্ত্রশাত্র
এটিকে আত্মদাৎ করেছেন। প্রণব বহুতান্ত্রিক মন্ত্রের অঙ্গীভূত হয়েছে। প্রণবের তান্ত্রিক
ব্যাখ্যাও আছে। জ্ঞানসকলিনীতক্রে বলা হয়েছে—অ উ ম মিলে ও অর্থাৎ প্রণব। অকার
সাধিক, উকার রাজসিক এবং মকার তামসিক, তিনে মিলে প্রকৃতি। অর্থাৎ প্রণব মূলপ্রকৃতি। অন্তরে প্রণবকে কুওলিনীস্বরূপ শক্ষব্রন্ধ বলা হয়েছে।

<sup>&</sup>gt; জীবদেক পুংসবন সীমস্তোল্লয়ন জাতকম নামকরণ নিজ্ঞমণ অল্লাশন চূড়াকরণ উপনয়ন এবং উদাহ এই দশ সংফার।—জঃ মছা ত ১।৪

২ নিত্যানি সৰ্বকৰ্মাণি তথা নৈমিভিকানি চ। কাম্যাক্তপি বরারোহে কুর্যাচ্ছান্তবর্ত্বলা।—এ ১।৬

৩ কলিছু বলন্ধীবানাং প্রয়াদাশস্তুচেতসাম্। সংস্কারাদিক্রিয়ান্তেবাং সংক্ষেপেণাপি বচ্মি তে।—এ ১।১৩

মানি বানি বিধানানি বেবু বেবু চ কর্মহ । পুরৈব ব ক্ষরপেণ তাম্যক্তানি ময়া প্রিয়ে ।
 সংস্থানের চ সর্বেব্ তথৈবাজের কর্মহ ! বিপ্রাদিবর্ণজেদেন ক্রমায়য়াল্চ দশিতাঃ ।
 সত্যত্যেতাদাপরের তত্তৎকর্মহ কালিকে । প্রণবাজ্ঞান্ত তান্ ময়ান্ প্রয়োগের নিয়োজয়ের ।
 কলো তু প্রমেশানি তৈরের মম্ভিনরাঃ । মায়াজৈঃ সর্বক্মাণি কু বুং প্ররশাসনাং ।—মহা ত ১।৭-১٠

<sup>ে</sup> অকার: সাধিকো জের উকারো রাজস: খৃত:। মকারস্তামস: প্রোক্তরিভি: প্রকৃতির্লচাতে।

<sup>—</sup>জ্ঞানসন্ধলিনীতন্ত্ৰবচন, ক'পুরাণিন্ডোত্র ১ম ল্লোকের বিমলানন্দণায়িনীবরূপব্যাথায় উদ্ভূত
ভিত্তিমানবিন্দুরূপং চৈতভঃ কুগুলীবরূপং প্রণবাকারং প্রাণিনাং দেহমধ্যগং সং বর্ণাস্থনাবির্ভবতি প্রকাশন্ত
ইত্যবৃদ্ধঃ।—প্রান্তো, কাপ্ত ১, পরিঃ ১, ব সং, পৃঃ »

ভান্তিক গায়ত্রী —প্রণবের প্রদক্ষে গায়ত্রীর কথা মনে পড়ে যায়। বৈদিক ও তাত্তিক গায়ত্রীর বিষয় পূর্বেই আলোচনা করা হয়েছে। সাবিত্রীমন্ত্র বিশুদ্ধ বৈদিক গায়ত্রী। এইটিই প্রাচীনতম গায়ত্রী। তন্ত্রশান্ত্র এটিকেও আত্মদাৎ করেছেন এবং এই মন্ত্রের তাত্ত্বিক প্রয়োগ-বিধান করেছেন। তা ছাড়া সমস্ত তাত্ত্বিক গায়ত্রীর আদর্শও বৈদিক সাবিত্রীমন্ত্র।

শাঁটি তান্ত্রিক ক্রিয়ায় বৈদিক মন্ত্র—লক্ষ্য করা গেছে দনাতনধর্মীয় নিত্যনৈমিত্তিকাদি বছক্রিয়াকর্ম বৈদিক ও তান্ত্রিক উভয় পদ্ধতিতেই অন্পৃষ্ঠিত হয়। কিন্তু এমন-দব ক্রিয়াকর্ম আছে বা তথু তন্ত্রশান্ত্রেই বিহিত। এই ধরণের থাটি তান্ত্রিক ক্রিয়াকর্মেও বিভদ্ধ বৈদিক মন্ত্রের প্রয়োগ লক্ষ্য করা যায়। পঞ্চতত্ত্বের আলোচনা-প্রদক্ষে পঞ্চতত্ত্বের শোধনব্যাপারে বেদমন্ত্রের প্রয়োগ লক্ষ্য করা গেছে।

তন্ত্রকে বেদ থেকে অভিন্ন, বেদেরই ক্লপান্তর মনে করলে বা বেদ্যুলক মনে করলে, এরূপ বৈদিক মন্ত্রপ্রােগ সম্পর্কে কোনো প্রশ্ন উঠে না। কিন্তু তন্ত্রকে বেদ্বাহ্য মনে করলে এরূপ প্রয়ােগের কারণ সম্পর্কে প্রশ্ন উঠে। প্রশ্নটির একটি সন্তাব্য উত্তর এই হতে পারে— সনাতনধর্মী সমাজের উপর বেদের প্রভাব এমনি প্রবল যে একেবারে বেদ্বর্জিত কোনাে ধর্মকর্ম এ সমাজে আদৃত হতে পারে না। তন্ত্রেই বলা হয়েছে সমস্ত ক্রিয়া বেদ্যুলক, শ্রেষ্ঠ শ্বতি বেদ্যুলক, যা বেদরহিত সে-রক্ম কিছু বিজেরা করবেন না। বিজেরা সমাজের শীর্ষনানীর ব্যক্তি। তাঁদের পক্ষে যা বর্জনীয় তা লোকচক্ষে হেয় বলেই গণ্য হওয়া স্বাভাবিক। এইজন্তরই থাটি তান্ত্রিক ক্রিয়াতেও বৈদিক মন্ত্রের প্রয়ােগ করে দেই ক্রিয়ার গৌরব বাড়াবার চেষ্টা করা হয়েছে।

অবশ্য পঞ্চতত্ত্ব নিয়ে সাধনা সম্পর্কে এ কথা খাটে না। কারণ এ সাধনা কৌলতন্ত্রসম্মত।
আবার কৌলতন্ত্রকে বেদসম্মত মনে করা হয়।

কিন্তু সেক্ষেত্রেও এবং সাধারণভাবেও তান্ত্রিক ক্রিয়াকর্মে বৈদিক মন্ত্রের প্রয়োগবিষয়ে আরেকটি প্রশ্ন উঠে। তন্ত্রশান্ত্রেরই অভিমত কলিযুগে তন্ত্রোক্ত মন্ত্রই সিদ্ধিদায়ক, শীব্রফলপ্রদ এবং জপবজ্ঞাদি কর্মে প্রশস্ত । বৈদিক মন্ত্রসমূহ বিষহীন সর্পের মতে! নির্বীর্ষ। সত্যযুগে সে-সর্ব মন্ত্র সফল হত কিন্তু কলিযুগে তারা মৃতের মতো। ই

তাই যদি হয় তা হলে তন্ত্রশাল্পেই তান্ত্রিক ক্রিয়াকর্মে বৈদিকমন্ত্রের প্রয়োগ কি করে

বেদমুলা: ক্রিয়া: সর্বা বেদমূলা পরা স্মৃতিঃ। বেদেন রহিতং বন্ধু তর কুর্বাদ্ বিজ্ঞ: কচিং।
 —শ স ত, কা ঝ, ৮।৩১-০২

বিহিত হল ? উত্তরে তদ্মজ্ঞরা বলেন তাত্মিকবিধি-প্রাপক্ষে মহেশ্বরমহেশ্বরীর মূখে. বৈদিক মন্ত্রগুলির পুনরাবৃত্তি হয়েছে বলে দে-সমস্ত মন্ত্র বৈদিক হলেও তাত্মিক হয়ে গেছে। এইজক্ত কলিযুগেও দে-সকল-মন্ত্রের হারা কর্মের অফুষ্ঠান করলে তা বিফল হবে না।

প্রসঙ্গক্রমে বলা যায় বৈদিক মন্ত্রই তান্ত্রিক মন্ত্রের আদর্শ। সৈজন্য বৈদিক মন্ত্রের যেমন ঋষি ছন্দ দেবতা ও বিনিয়োগ আছে তৈমনি তান্ত্রিক মন্ত্রেরও এ-সব আছে। অবশ্য তান্ত্রিক মন্ত্রের অতিরিক্ত আছে বীজ শক্তি আর কীলক।

বৈদিক যাগয়তা ও তাল্পিক ক্রিয়াকর্মের ভাবগত ঐক্য—যাক সে কথা। তান্ত্রিক ক্রিয়াকর্মে শুধু যে বৈদিক মন্ত্র ব্যবহৃত হয় তা নয়, তান্ত্রিক ক্রিয়াকর্মকেই সাধারণভাবে বৈদিক যাগয়তের যুগোপযোগী রূপান্তর মনে করা হয়। উভয়প্রকার অন্তর্গানের একটা ভাবগত ঐক্য স্পষ্টই লক্ষ্য করা যায়। দেখা গেছে কালে বৈদিক যজের উদ্দেশ্য হয়ে উঠে বর্ধাশান্ত্র যজ্ঞান্তর্গানের ঘারা এমন শক্তি লাভ করা যার সাহায়্যে দেবতাকে বশ করা যায় এবং বাঞ্চিত ফললাভ করা যায়। তান্ত্রিক মনেক ক্রিয়াকর্মের অন্তর্গতম লক্ষ্যও তাই।

বৈদিক ও ভাদ্ধিক ধর্মসাধনার লক্ষ্যগত মিল— লক্ষ্য করা গেছে বেদসংহিতা-প্রোক্ত ধর্মসাধনার লক্ষ্য ঐহিক স্থসমৃদ্ধি অর্থাৎ ভূক্তি। তদ্ধোক্ত ধর্মসাধনারও অন্যতম লক্ষ্য তাই। আবার বেদান্তাংশে দেখা যায় ধর্মসাধনার চরম লক্ষ্য ব্রন্ধোপলব্ধি। তান্ত্রিক সাধনারও চরম লক্ষ্য ব্রন্ধোপলব্ধি।

বেদ ও তন্ত্র মিলে শান্ত্রের পূর্বরূপ—এমনিভাবে বেদ ও তন্ত্রের বহু মিল লক্ষ্য করা যায়। আসল কথা প্রধানতঃ বেদে প্রবাহিত ধর্মস্রোতই কালে তন্ত্রের নৃতন ধারায় প্রবাহিত হয়েছে। বেদ ও তন্ত্রের মধ্যে কোনো মৌলিক বিরোধ নাই। উভয়কে মিলিয়ে সনাতন ধর্মীয় শান্ত্রের পূর্ণরূপ পাওয়া যায়।

মহাভাগবতে এই কথাটাই অগ্যভাবে বলা হয়েছে। দেবী শিবকে বলছেন—শঙ্কর, আগম আর বেদ আমার তুই বাহু। আমি এই তুই বাহুবারা স্থাবরজঙ্গমাত্মক সমস্ত জগৎ ধারণ করে রয়েছি। যে-মৃঢ়বৃদ্ধি ব্যক্তি মোহবশে এই উভয়কে লঙ্মন করে সে আমার এই উভয়হস্ত ভ্রম্ভ হয়ে অধঃপতিত হয়। বেদ ও তন্ত্র উভয়ই শ্রেয়ের হেতু, ত্রহ ও তুর্ঘট, স্থাী

১ স্ত্র:ভড, পৃঃ ৩৮২

২ বেমন, ওঁ ক্রাদমগ্নিং প্র হিণোমি দুরং বমরাজ্ঞা গচ্ছতু রিপ্রবাহঃ। (ঝ বে ১০।১৬।৯)—এই বৈদিক সম্প্রের প্রজাপতি খবি, ত্রিষ্ট প্ছন্দ, অগ্নি দেবতা, অগ্নিসংস্কারে বিনিরোগ।—ক্রঃ পুদ, সং ৩১, পুঃ ৭৬

ত ক্রী ক্রী ক্রী হাঁ হাঁ বাঁ দক্ষিণকালিকে ক্রী ক্রী ক্রাই বাঁহা।—এই তাপ্তিক মন্ত্রের ক্রি, উফিক্ ছন্দ, দক্ষিণকালিকা দেবতা, হ্রী বীজা, ক্র্লাক্তি, ক্রী কীলক এবং পুরুষার্থতভূইরসিদ্ধির জন্প বিনিরোগ।—লঃ বৃহ ত সা, ১০ন সং, পৃঃ ৩০৭-৩০৮

ব্যক্তিদেরও তুর্জ্জের এবং অপার। বুদ্ধিমান্ এই উভরের ঐক্য বিবেচনা করে ধর্ম আচরণ করবে, মোহগ্রস্ত হয়ে কথনও এদের মধ্যে ভেদ করবে না।

ভেদ না করলেও ভন্ত্রশাল্পকে কলিযুগোপষোগী শাল্প বলে গ্রহণ করার শাল্পীয় নির্দেশ আছে। কেন না ভন্তমতে কলিযুগে তান্ত্রিক কৃত্য প্রশস্ত, বৈদিক কৃত্য বর্জনীয়।

কলিযুগে তন্ত্রমত প্রাশস্ত —কল্রষামলের মতে সত্যযুগে শুতিপ্রোক্ত মার্গ, ত্রেতাযুগে শ্বতিনির্দিষ্ট মার্গ, দ্বাপরে পুরাণোক্ত মার্গ এবং কলিতে আগমোক্ত মার্গ বিহিত।\*

কুজিকাতন্ত্র, পুরশ্চরণরসোল্লাসতন্ত্র প্রভৃতিতেও অহুরূপ অভিমত প্রকাশ করা হয়েছে। কলিযুগে তল্লাক্ত ধর্মমার্গ কেন প্রশস্ত তার একটি ব্যাখ্যা পাওয়া ষায় মহানির্বাণতন্ত্র। উক্ত তন্ত্রে দেখা যায় দেবী শ্রীআ্লা সদাশিবকে বলছেন—ভগবন্, সর্বভৃতাধিপতি, সর্বধ্বিদ্দের শ্রেষ্ঠ, পুরাকালে তুমি কুপা করে ব্রহ্মার অন্তর্গামীরূপে ব্রহ্মার ছারা সর্বধর্ষক্ষ চতুর্বেদ প্রকাশ করেছিলে। এই চতুর্বেদে বর্ণাশ্রমাদি নিয়ম প্রতিষ্ঠিত। সত্যযুগে মাহ্ম্ম ছিল পুণ্যশীল। তারা বেদোক্ত যাগ্মজ্ঞাদি কর্মের ছারা দেবতা ও পিতৃগণকে প্রীত করত। স্বাধ্যায় ধ্যান তপস্থা দয়া এবং দান এ-সবের অভ্যাস করত। সেই-সব মাহ্ম্ম জিতেক্সিম মহাবল মহাবীর্থ মহাসত্বপরাক্রম দেবায়তনগামী দেবকল্প ও দৃঢ়ব্রত ছিল। সকলেই সত্যধর্মন পরায়ণ সাধু এবং সত্যবাদী ছিল। শ

আগমশৈচব বেদশ বৌ ৰাহ্ল মম শকর। তাভ্যামেব খৃতং সর্বং জ্ঞপং ত্বাবয়জ্ঞশমন্।
বল্পেতো লজবয়েয়োহাৎ কদাচিদপি মুচ্ধীঃ। সোহধঃপতিত হস্তাভ্যাং গলিতো নাত্র সংশন্ধঃ।
বাবেব শ্রেয়সাং হেতৃ ছুয়হাবতি ছুইটো। সুধীভিরপিছুইতেয়ৌ পারাবারবিবজিতো।
বিবিচ্য চানয়োইরক্যং মতিমান্ ধ্মমাচরেব। কদাচিদপি মোহেন ভেদয়েয় বিচক্ষশঃ।

<sup>—</sup>মহাভাগবভবচন, ত্রঃ ত ড, পুঃ ১৭৮

২ প্রশক্তং তান্ত্রিকং কুত্যং বৈদিকং বর্জয়েৎ কলো।—গা ত. পঃ ৪

৩ কৃতে শ্রুতান্তমার্গ: স্থাৎ ক্রেভারা: স্মৃতিভাবিতঃ। দাপরে বৈ প্রাণোক্তঃ কলাবাগমসন্তবঃ।
—ক্রম্যবামলবচন, দ্রঃ পুচ, তঃ ১, পৃঃ ৩১

শতিব্যতিবিধানেন পূজা কার্যা যুগত্রয়ে। আগমোন্তবিধানেন কলো দেবান বজেৎ সুধীঃ।
 ন হি দেবাঃ প্রসীদন্তি কলো চাছবিধানতঃ ।—কুজিকাতয়বচন, ক্রঃ প্রা তো, কাও ১, পরিঃ ১, ব সং , পৃঃঙ

তদ্রোক্তং খ্যানমন্ত্রঞ্চ প্রশন্তং ভারতে কলো। বেদোক্তকৈব স্বত্যুক্তং পুরাণোক্তং বরাননে।

ম শন্তং চঞ্চলাপালি কদাচিদ্ ভারতে কলো।—পুরশ্চরণরসোলাসতন্ত্রবচন, ক্রঃ ঐ

৬ ভগবন্ সৰ্বভূতেশ সৰ্বধৰ্মবিদাং বর:। কৃপাৰতা ভগবতা ৰুক্ষান্তবামিনা পুরা।
প্রকাশিতাশ্চতুর্বেদাঃ স্বধর্মোপবৃংহিতাঃ। বর্ণাশ্রমাদিনিয়মা বত্ত চৈব প্রতিষ্টিতাঃ।
তত্ত্বভ্যাগৰজ্ঞাতোঃ কর্মভি ভূবি মানবাঃ। দেবান্ পিতৃন্ শ্রীণয়ন্তঃ পুণাশীলাঃ কৃতে বুলে।
বাধ্যারধ্যানতপ্রা দয়াদানৈজিতেক্রিরাঃ। মহাবলা মহাবীবা মহাসম্বপরাক্রমাঃ।
দেবার্তনগা মন্ত্রা দেবকলা দৃঢ়ব্রতাঃ। সত্যধ্রপরাঃ সর্বে সাধ্বঃ সত্যবাদিনঃ।—মহা ভ ১১১৮-২২

এমনিভাবে সত্যযুগের মাছবের বেদপরায়ণতা ও ধর্মপরায়ণতার বর্ণনা করে দেবী বল্লেন সভার্গ চলে গেলে ত্রেতায়ুগে তুমি ধর্মের ব্যক্তিকম দেখতে পেলে। দেখলে মাছব বেদোক্ত কর্মের ধারা স্বীয় ইষ্ট্রসাধন করতে সমর্থ নয়। নানা চিন্তায় ব্যাকুলচিত্ত মাছবের বহুক্লেশকর এবং বহুসাধনবিশিষ্ট বৈদিক কর্ম করার যোগ্যতা নাই। এই-সব কাতরচিত্ত লোকেরা বৈদিক কর্ম ত্যাগ করতেও পারছিল না অথচ এ-সব কর্ম করতেও পারছিল না। তথন তুমি বেদার্থমুক্ত শ্বতিশাল্প ভূতলে প্রকট করে তপংস্বাধ্যায়ত্র্বল লোকেদের ত্থে-শোক- ও রোগ-প্রদানকারী পাপ থেকে ত্রাণ করলে। তুমি ছাড়া ঘোর সংসারসাগরে জীবের ভর্তা পাতা সমৃদ্ধারকারী পিতার মতো প্রিয়কারী প্রভূ আর কে আছে?

এর পর দেবী দ্বাপরযুগ সম্বন্ধে বলছেন— দ্বাপরযুগ এলে আধিব্যাধিসমাকুল মাক্ষ্ব স্থাত্যক্ত কর্মণ্ড ত্যাগ করলে পর এবং ধর্মের অর্থেক লোপ পেয়ে গেলে পর তুমিই সংহিতাদির উপদেশের দ্বারা মাক্ষ্যের উদ্ধার করলে।

এবার কলিয়ণ দম্বন্ধে দেবী বলছেন— দর্বধর্মবিলোপকারী ত্রাচার ত্প্প্রপঞ্চ ত্রুকর্ম-প্রবর্তক পাপ কলির আগমনে বেদ দামর্থ্য হারিয়েছে, শ্বৃতি বিশ্বত হয়েছে, নানা ইতিহাদযুক্ত নানামার্গপ্রদর্শনকারী বহু প্রাণেরও বিনাশ হবে। লোকেরা ধর্মকর্মবিম্থ উচ্ছুঙ্খল মদোয়ত্ত স্বদা পাপকর্মরত। তারা কাম্ক লোলুপ ক্রুর নিষ্ঠ্র ত্র্থ্থ শঠ স্বল্লায় মন্দমতি রোগশোকসমাকুল শ্রীহীন নির্বল নীচ নীচাচারপরায়ণ নীচসংস্গনিরত পরবিত্তাপহারক পরস্রোহপরায়ণ পরনিন্দাপরিবাদপরায়ণ খল পরস্ত্রীহরণে পাপশহ্বা- ও ভয়-বর্জিত নির্ধন মলিন দীনদরিদ্র ও চিরকয়। বাহ্মণেরা শ্রাচারপরায়ণ সন্ধ্যাবন্দনবর্জিত অয়াজ্যযাজক লুক ত্র্ত্ত পাপকারী অসত্যভাষী মূর্থ দান্তিক ত্প্রপঞ্চক কন্যাবিকয়কারী বাত্য তপোব্রতপরায়্ধ লোকপ্রতারণার জন্ম জপপ্রভাপরায়ণ পাবত্ত পণ্ডিতশ্বন্ম প্রন্ধাভিক্তহীন কদাহারী কদাচারী ভূতক অর্থাৎ বেতনভোগী শ্রসেবক শুল্লায়ভোজী ক্রুর ও বৃষলী-

কৃতে ব্যতীতে ত্রেতারাং দৃষ্ট্র ধ মব্যতিক্রমন্। বেদোক্তর্ক মিভি ম জ্যা ন শক্তাং বেষ্টসাধনে।
বহুক্লেশকরং ক ম বৈদিকং ভূরিসাধনম্। ক তুং ন বোগ্যা মমুন্তাশিচন্তাবাাকুলমানসাং।
ভাক্ত্যং ক তুং ন চার্ছস্তি সদা কাতরচেতসং। বেদার্থযুক্তশান্তানি স্মৃতিরূপানি ভূতলে।
ভদা ত্বং প্রকটীকৃত্য তপঃস্বাধ্যায়প্রবিশান্। লোকানতারয়ঃ পাপাৎ ছঃখণোকাময়প্রদাৎ।
ভাবিনা কোহন্তি জীবানাং বোরসংসারসাগরে। ভর্জ পাতা সমুদ্ধর্জা পিতৃবৎ প্রিয়ক্ত্ব প্রভুঃ।

–মহাত ১।৩০-৩

ততোহিণ ৰাণরে প্রাণ্ডে শুত্যুক্তস্কৃতোন্ধিরতে। ধর্ম বিলোপে মন্ত্রে আধিব্যাধিসমাকুলে। সংহিতাদ্বাপদেশেন ছবৈবোৰারিতা নরাঃ।—ঐ ১০০ রতিকাম্ক। এই-সব জান্ধণ ধনলোভে স্বীয় দারাকে নীচজাতির লোককে দিয়ে দেয়। এদের আন্ধণ্যচিহ্ন কেবলয়াত্ত যজ্ঞস্ত্রধারণ। এদের পানাদির নিয়ম নাই, ভক্ষ্যাভক্ষ্য বিবেচনা নাই। এরা সর্বদা ধর্মশাল্পের নিন্দা করে, সাধুল্রোহ করে। ধর্মকথা এদের মনেও স্থান পায় না।

শিব কলির জীবের উদ্ধারের জন্ম তন্ত্র আগম ও নিগমের প্রবর্তন করেছেন। কিন্তু দেবীর আশহা কলির অসংষত ত্র্বল মান্ত্র তারও অনুসরণ করতে পারবে না। তাই শিবকে বলছেন—প্রভু, মান্ত্রের হিতের জন্ম তুমি ষে-সব কর্মের বিধান করেছ, মান্তরের দোষে সেগুলিও তার বিপরীত অর্থাৎ অহিতকর হয়ে উঠবে। হে জগৎপতি, কেই বা যোগ করবে, স্থাসসমূহ করবে, স্থাত্রপাঠ করবে, যয় আঁকবে, প্রশ্বরণ করবে। কলিতে যুগধর্মপ্রভাবে সভাবতঃ লোকেরা অতি তুর্ত্ত ও সর্বপ্রকারে পাপকারী হবে। হে প্রভু, দীনের অধিপতি, এই সব লোকেদের জন্ম রূপা করে এমন কোনো কল্যাণকর উপায় নির্দেশ কর যাতে তারা খব বেশী যয় না করেও আয়ু আরোগ্য তেজ বল বীর্য বিছা বৃদ্ধি লাভ করতে পারে, মহাবলপরাক্রম, শুদ্ধচিত্ত, পরহিতকারী, মাতাপিতার প্রিয়কারী, স্থারনিষ্ঠ, পরস্ত্রীপরাদ্ম্য, দেবতা-ও গুক্ত-ভক্ত, প্রের ও স্বজনের পোষক হতে পারে, ব্রহ্মজ্ঞ, ব্রহ্মবিছাবিদ্ ও ব্রহ্মচিস্তাপরায়ণ হতে পারে। লোক্যান্ত্রাদিদ্বির জন্ম বা হিতকর, বর্ণাশ্রমভেদ অনুসারে যা কর্তব্য এবং অকর্তব্য কপা করে বল। ত্রিভূবনে তুমি ছাড়া সর্বলোকের ত্রাতা আর কে আছে ?

- > আরাতে পাপিনি কলোঁ সর্বধ্মবিলোপিনি । ছুরাচারে ছুপ্রপঞ্চে ছ্টক মপ্রবৃত্ত ।

  ন বেলাঃ প্রতবৃত্ত স্তৃতীনাং স্মরণং কৃতঃ । নানেতিহাসবৃত্তানাং নানামার্গপ্রদর্শিনাম্ ।

  বহুলানাং প্রাণানাং বিনাশো ভবিতা বিভো । তদা লোকা ভবিন্নস্তি ধ্মক মবহি মুখাঃ ।

  উল্লেখনো মালাভাঃ পাপকম রতাঃ সদা । কামুকা লোল্পাঃ কুরা নিঠুরা ছুমুখাঃ শঠাঃ ।

  বলার্ মন্দমতেয়া রোগশোকসমাকুলাঃ । নিংশ্রীকা নির্বালীচা নীচাচারপরারণাঃ ।

  নীচসংসর্গনিরতাঃ পরবিত্তাপহারকাঃ । পরনিন্দাপরফ্রোহপরিবাদপরাঃ ওলাঃ ॥

  পরস্ত্রীহরণে পাপশকাভয়বিবজিতাঃ । নির্ধনা মলিনা দীনা দরিদ্রালিচররোগিণঃ ॥

  বিপ্রাঃ শৃত্রসমাচারাঃ সজ্ঞাবন্দনবজিতাঃ । অবাজ্যবাজকা সৃব্ধা ছুবুজাঃ পাপকাবিণঃ ॥

  অসত্যভাবিণো মুর্ধা দাজিকা ছুপ্রপক্ষাঃ । ক্লাবিক্সিনো রাত্যান্তপোরতপরাল্বাঃ ।

  কদাহারাঃ কদাচারা ভূতকাঃ শৃত্রসেবকাঃ । শৃত্রারভোজিনঃ কুরা ব্বলীরতিকামুকাঃ ।

  দাস্তভি ধনলোভেন স্বদারানীচলাতির্ । বু স্মণাচিক্সমেতাবং কেবলং স্ত্রধারণম্ ॥

  নৈব পানাদিনিরমো ভক্ষ্যাভক্ষাবিবেচনন্ । ধ্মণাত্রে সদা নিন্দা সাধুলোহী নিরভা্তম্ ।

  সংক্রবালাপমাত্রক্ষ ন তেরাং মনসি কচিং ।—মহা ত ১০৩-৪০
- ই হিভায় বানি কমিণি কথিতানি ছয়া প্রভো। মস্তে তানি মহাদেব বিপরীতানি মানবে।
  কে বা বোগং করিছন্তি স্তামজাতানি কেইপি বা। ছোত্রপাঠং বছলিপিং পুরশ্চবাং জগংপতে।

উত্তরে সদাশিব বললেন—মেধ্যামেধ্যবিচারহীন কলিকল্মধনীন অর্থাৎ কলিম্গৃস্থলভ
মৃষ্ণতির জন্ম তুর্গতিপ্রাপ্ত বিজ্ঞানি বর্ণের শ্রোতকর্মের বারা শুদ্ধি হয় না, সংহিতাশ্বতি প্রভৃতির
বারা ইইসিদ্ধি হয় না। আমি তোমাকে সত্য সত্য তিন সত্য করে বলছি কলিমুগে
আগমমার্গ ছাড়া গতি নাই। আমিই পূর্বে শ্রুতিশ্বাণাদি বলেছি। তবে কলিতে
স্থী সাধক আগমোক্ত বিধানে দেবতার পূজা করবে।

সভাত্রেতাদিয়্গ এবং প্রতিযুগের মাহ্য ও ধর্মসহদ্ধে মহানির্বাণতদ্বোক্ত এই বিবরণ ঐতিহাসিক নয়, কাল্পনিক এবং ঐতিহাগত। কেন না পুরাণাদিতেও সভায়্গাদি সহদ্ধে অহলপ বিবরণ পাওয়া যায়। মহানির্বাণভন্নের বিবরণ থেকে এইটুকু অহমান করা যায় বে এই তন্ত্র প্রকাশের কালে দেশের জনসাধারণের চরম নৈতিক অধঃপতন হয়েছিল। তবে তারা শ্রুতিস্বাণাক্ত ধর্মপালনে অসমর্থ হয়ে পড়ে বলে তাদের জন্ম তল্প্রোক্তা ধর্ম প্রবর্তিত হয় এ মত মতমাত্র, প্রামাণ্য সিদ্ধান্ত নয়। কেন না ইতিহাসের বিচারে স্মৃতিপুরাণাক্ত ধর্ম আর তান্ত্রিক ধর্ম একই সময়ে প্রচলিত ছিল এবং এখনও আছে। আর সাধনার দিক্ দিয়ে বিচারে তল্পোক্ত ধর্মকে স্মৃতিপুরাণাক্ত ধর্মের চেয়ে সহজ বলা যায় না। আমরা তান্ত্রিক সাধনার যে-বিবরণ দিয়ে এসেছি তার থেকেই একথার সমর্থন পাওয়া যাবে।

তজ্ঞাক্ত ধর্ম পাপীতাপী দকলের উদ্ধারের জন্ম, কারো হতাশ হবার প্রয়োজন নাই, কলিযুগকে পাপযুগ মনে করে এবং এ যুগে ধর্মকর্ম হবে না ভেবে হাল ছেড়ে দিয়ে পাপের স্থোতের গা ভাসাবারও প্রয়োজন নাই, আমাদের মনে হয় মহানির্বাণতর্ম্বোক্তির এই তাৎপর্য।

কলির প্রশংসা—আমাদের বক্তব্যের সমর্থন আছে আলোচ্য মহানির্বাণতছের নিয়োক

যুগধ মপ্রভাবেন বজাবেন কলো নরা:। ভবিষ্ণস্তাতির্ব্তা: সর্বধা পাপকারিণ:।
তেবাম্পারং দীনেশ কুপরা কথর প্রভো। আয়ুরারোগ্যবচন্ত: বলবীর্ঘবিবর্ধনন্।
বিষ্ণাৰ দ্বিপ্রদান কুপরা কথর প্রভো। বেন লোকা ভবিষ্ণস্তি মহাবলপরাক্রমা:।
ত্বজাভিত্ব: পরহিতা মাতাপিত্রো: প্রিয়ক্রা:। বদারনিষ্ঠা: পুরুষা: পরস্ত্রীবু পরার্থা:।
দেবতাঞ্জলভেজান্ত পুত্রস্কনপোবকা:। বুজ্জাবু ক্রবিছান্ত বুজচিন্তনমানসা:।
দিদ্বার্থ: লোক্যাত্রারা: ক্রম্ম হিতার যং। ক্র্ব্যাং বদক্রত্বং বর্গাশ্রমবিভেদ্ত:।
বিনা ছাং স্বলোকানাং ক্রাতা ভুবনত্রে।—মহা ত ১।৬৪-৭২

কলিকল্মবদীনানাং বিজ্ঞাদীনাং ক্ষরেবরি। মেব্যানেব্যাবিচারাণাং ন শুদ্ধিং প্রোতকর্মণা।
ন সংহিত্যক্তিঃ শ্বতিভিরিষ্টসিদ্ধিন্দাং ভবেং। সত্যং সত্যং প্রং সত্যং সত্যং সত্যং স্বাচাতে।
বিনা ক্রাপমনার্গেণ কলো নান্তি গতিঃ প্রিয়ে। প্রতিমৃতিপুরাণাদো ময়েবোক্তং পুরা শিবে।
আগ্রমাক্রাবিধানেন কলো দেবান্ ব্যক্তং স্বাং।
—য় ২০০-৮

বচনে—বহুদোষযুক্ত কলিযুগের একটি মহৎ গুণ আছে। এযুগে সত্যপ্রতিজ্ঞ কৌলদের সম্বল্পমাত্র শ্রেমোলাভ হয়। অপরাপর যুগে সম্বল্পের দারা মানস পাপ এবং পুণ্য হত কিন্তু কলিযুগে সম্বল্পের দারা শুধু পুণ্য হয়, পাপ হয় না।

তবে শুধু তত্ত্বে নয়, প্রাণেও কলিযুগ সম্বন্ধে এমনি শুতিবাদ লক্ষ্য করা যায়।
শ্রীমদ্ভাগবতে আছে — সারভূক্ ভ্রমরের মতো সম্রাট্ কলির দ্বেষ করেন না। কারণ,
কলিযুগে সক্তরের দ্বারা আশু পুণ্যলাভ হয় কিন্তু সক্তরের দ্বারা আশু পাপ হয় না, পাপ কর্ম
করলে তবে পাপ হয়।

আমরা পূর্বেই বলেছি এ-সব উক্তির উদ্দেশ্য বহুনিন্দিতকলিযুগের মাসুষকে ভরসা দেওয়া। দেখা বাচ্ছে এ বিষয়ে তন্ত্র ও পুরাণ একমত।

ভদ্ধ বেদের সারভূত — লক্ষ্য করা গেছে তন্ত্রমতে কলির তুর্বল মান্ত্রহের প্রতি শিবশিবার করুণার জন্তই এযুগের উপযোগী তন্ত্রশান্ত্রাক্ত ধর্মের প্রবর্তন হয়েছে। ধর্ম
তন্ত্রশান্ত্রাক্ত, কাজেই কলির লোকেদের জন্ত তন্ত্রশান্ত্রও প্রবর্তিত হয়েছে। তান্ত্রিকরা মনে
করেন তন্ত্র বেদের সার। পরভারামকল্লস্থত্রে আছে ভগবান পরমশিব ভট্টারক সেই সেই
অবস্থাপ্রাপ্ত হয়ে অস্টাদশ বিভা, সমস্ত দর্শন, শীলাচ্ছলে প্রণয়ন করে স্বাত্মাভিন্ন সংবিন্মরী
ভগবতী ভৈরবীর প্রশ্নের উত্তরে বেদের সারভৃত পঞ্চামান্নায় অর্থাৎ তন্ত্রশান্ত্র প্রণান্ন করেন।

করণাময়ী জগজ্জননী ভগবতীর প্রশ্ন এবং করুণাময় পরমশিবের উত্তর উভয়েরই উদ্দেশ্য জীবের শ্রেমেবিধান। বিশেষ করে যে-সব লোক নিথিল বেদার্থগ্রহণে সমর্থ নয় বা বেদে যাদের অধিকার নেই সেই-সব লোকেদের প্রতি রুপা করে পরমশিব তাদের মৃক্তির জন্ম বেদের সারভূত তম্মশাস্ত্রের প্রথমন করেন।

কলেদোবসমূহস্ত মহানেকো গুণঃ প্রিয়ে। সত্যপ্রতিজ্ঞকোলানাং শ্রেয়ঃ সম্বলমাত্রতঃ।
 অপরে তু য়ুর্গে দেবি পুণাং পাপক মানসন্। নৃণামানীং কলো পুণাং কেবলং ন তু ছুছুতম্।

<sup>-451 @ 8100-01</sup> 

২ নামু**ষেটি ক**লিং সন্ত্রটি, সারঙ্গ ইব সারভুক্। কুশলায়াণ্ড সিধান্তি নেতরাণি কৃতানি বং।
—-শীমদ্ভাগৰত ১০১৮।

৩ ভগৰান্ প্রমশিবভট্টারকঃ ক্রত্যাত্তইাদশবিদ্যাং সর্বাণি দর্শনানি লীলরা তত্তদবস্থাপন্নঃ প্রণীন্ন সংবিষ্ময়। ভগৰত্যা ভৈরব্যা স্বান্ধাভিন্নরা পৃষ্টং পঞ্চভিঃ মুধৈং পঞ্চায়ান্ন প্রমার্থসার ভূতান্ প্রণিনার।—প ক স্থ ১।২

চারবেদ, শিক্ষা ব্যাকরণ কল ছন্দ জ্যোতিব নিক্লক্ত এই ছয় বেদাক, মীমাংসা, স্থায়, প্রাণ, ধর্মণাত্ত, আয়ুর্বেদ, ধন্মবেদ, গাক্ষর্ববেদ ও নীতিশাক্ত এই অষ্টাদশ বিজ্ঞা।—য়ঃ প ক মৃ ১।২-এর রামেশ্বরকৃত বৃত্তি

मास्त्रमर्गन त्निवष्टर्गन दिक्ष्यप्तर्गन जाक्रपर्गन त्नोत्रपर्गन अ द्वीक्षपर्गन मास्त्रमण्ड अर्थे वर्ष्ट्रपर्गन ।—अः अ

নিথিলবেদার্থানিভিজ্ঞানাং তক্রামধিকারিণাং চ মৃক্ষ্যুপায়ং নিথিলবেদসারায়ায়বিছ্যাং প্রণিনায়।

<sup>—</sup>প ক হ ১।২-এর রামেখরকৃত বৃত্তি

ভক্তাবভারণ।—মহানির্বাণতন্ত্র পরন্তরামকল্পত্তর প্রভৃতির বিবরণে লক্ষ্য করা যায় শিবশক্তির প্রশ্নোত্তরচ্ছলে তন্ত্রের অবতারণা হয়েছে। স্বচ্ছন্দতন্ত্রে স্পষ্ট করেই বলা হয়েছে স্বয়ং সদাশিব গুরুশিক্সপদে অবস্থান করে প্রশ্নোত্তরবাক্যের দ্বারা তন্ত্রের অবতারণা করেছেন।

এই তন্ত্রোক্তিতে একটি বাস্তব সত্যের স্থপপ্ত ইঙ্গিত পাওয়া যায়। তন্ত্রশাস্ত্র ও তান্ত্রিক সাধনা গুরুশিশ্বপরাক্ষমে চলে এসেছে। বামকেশ্বরতন্ত্র কথাটা স্পষ্টভাষাতেই বলে দিয়েছেন—কর্ণ থেকে কর্ণে প্রাপ্ত উপদেশক্রমে তন্ত্র অবনীতলসম্প্রাপ্ত হয়েছে।

এই-সব তন্ত্রবচনের অন্ততম তাৎপর্য তন্ত্রশান্ত গুরুম্থে জ্ঞাতব্য, তন্ত্রশান্ত সাধনশান্ত। বিশেষ করে এইজন্তই এরপ ব্যবস্থা। কেন না বই পড়ে তান্ত্রিক সাধনা হয় না। করামেশ্বর নিথেছেন বিধান্ ব্যক্তি পুস্তাকাদি পড়ে তন্ত্রশান্ত্র সম্বন্ধে জ্ঞানসম্পন্ন হলেও রুতার্থ হতে পারেন না। একমাত্র গুরুপদেশেই রুতার্থ হতে পারেন। ক

তন্ত্রশান্তের অধিকারী— তন্ত্রশান্ত গুরুম্থে অবগত হবার যে-বিধি তারও একটি তাংপর্য আছে। লক্ষ্য করা গেছে তন্ত্রশান্ত্রোক্ত সাধনা জাতিবর্ণনির্বিশেষে সকলের জন্তুই বিহিত। কিন্তু শান্ত্রক্ত এবং শান্ত্রামুসরণকারী গুরু যাকে তাকে শিল্ত করেন না, শাল্ত অমুসারে যে যোগ্য বিবেচিত হয় তাকেই শিল্ত করেন। এমনি শিল্তই গুরুম্থে তন্ত্রশাল্ত্র অবগত হতে পারে। কাজেই তন্ত্রশাল্তের দার জাতিবর্ণ-প্রী-পুরুষনির্বিশেষে সকলের জন্ত উন্মুক্ত হলেও যে-কোনো ব্যক্তি এই শাল্তের অধিকারী নয়।

গুরুর কাছে দীক্ষা নিলেই যে তন্ত্রশাস্ত্রে অধিকারী হওয়া যাবে এমন কোনো কথা নাই। বামকেশরতন্ত্রে বলা হয়েছে —পরশিশু নাস্তিক গুরুগুশ্রেষায় আলস্থাপরায়ণ এবং অনর্থপ্রদাতা এ রকম ব্যক্তিকে তন্ত্রোপদেশ দিতে নাই। এ নির্দেশ নিষেধম্থে। বিধিম্থেও এ সম্বন্ধে নির্দেশ আছে। যথা—যে উত্তম ব্যক্তি সংসারসাগর পার হতে চান, যিনি অতিশয় তত্ত্তপ্রভণ্ড

১ গুরুশিশুপ্দে শ্বিতা অয়মের সদাশিরঃ। প্রশ্নোতরপর্টের্কান্তরং সমরতারয়ং।
—-স্বচ্চন্দতন্তর্বচন, জঃ বা নি ১/১২-এর সে ব

২ কণাংকণোপদেশেন সংপ্রাপ্তমবনীতলম !--বা নি ৬।০

৩ তেন পুন্তকাচ্যপায়ান্তরেণ গ্রহণনিষেধো ধ্বনিত: ।—ঐ সে ব

বিদ্বান্ সমর্থোহিপি পুস্তকবাচনাদিনা সম্পন্নজ্ঞানো ন কৃতার্থো ভবিতুমইতি, কিং তু গুরুপদিষ্টমার্গেণেবেতি।
 —প ক স্থ ১।২-এর বৃত্তি

<sup>🔹</sup> বদ্বেদৈর্গমাতে স্থানং তত্তহৈরপি গমাতে। বুক্সক্ষতিয়বিট্শুদ্রাত্তেন সর্বেহধিকারিণঃ।

<sup>-</sup> क्षेत्रवामनवहन, जः न म, ১১३-এর मी छा, नुः ५०

७ न (मग्नर পत्रनिव्वर्त्ता) नाश्चिकानार न ८०वति । न रुअवानमानार ह देनवानर्थक्षमात्रिनाम् ।--वानि ।।

নন আবার মূর্বও নন, তিনিই এই তন্ত্রণাল্পে অধিকারী স্বর্গাৎ তন্ত্রণাল্প অবগত হ্বার অধিকারী।

গন্ধর্বতন্ত্রে বলা হয়েছে যিনি আন্তিক ভটি দান্ত বৈতহীন জিতেক্সিয় ব্রহ্মনিষ্ঠ ব্রহ্মবাদী ব্রহ্মী ব্রহ্মণরায়ণ সর্বহিংসাবিনি মৃক্ত সমস্ত প্রাণীর হিতে রত তিনিই এই শাল্পে অধিকারী, এ ছাড়া অক্ত ব্রমসাধকমাত্র। গন্ধর্বতন্ত্রের এই মতের উল্লেখ আমরা অক্ত প্রসঙ্গেও করেছি।

তদ্বের অধিকারী সম্বন্ধে তন্ত্রশাস্ত্রের এই অভিমত প্রণিধানযোগ্য। এ সম্বন্ধে অন্ত শাস্ত্র বা অন্তর্শাস্ত্রাহ্বায়ীরা বা কোনো শাস্ত্রেরই অনুসরণ করেন না এ রকম বৃদ্ধিজীবীরা কি বলেন না বলেন তার চেয়ে যে-শাস্ত্র অনুসারে সাধককে সাধনা করতে হয় সেই শাস্ত্রের অভিমত অবশ্রুই অধিকতর আদরণীয় এবং গ্রাহ্ম। সাধনশাস্ত্র সম্বন্ধে বাইরের লোকের অভিমতে অনুমানেরই প্রাধান্ত থাকার অধিক সম্ভাবনা।

তন্ত্র সাধনশান্ত—তন্ত্রশান্ত সাধনশান্ত এ কথা আমরা অনেকবার বলেছি। তন্ত্র অধৈততন্ত্রের সাধনশান্ত। অবৈততন্ত্র বা বন্ধ চুইভাবে অধিগম্য। এক স্বরূপলক্ষণের দ্বারা,
অপর তটস্থলক্ষণের দ্বারা। স্বরূপলক্ষণের দ্বারা বন্ধ একমাত্র উচ্চশ্রেণীর দ্বারীদের
অধিগম্য। তটস্থলক্ষণের দ্বারা অক্তদের অধিগম্য। প্রধানতঃ এদের জ্ঞাই সাধনশান্ত্র
এবং সাধনা। মহানির্বাণতন্ত্রে বলা হয়েছে— স্বরূপলক্ষণের দ্বারা যিনি বেছা, তটস্থলক্ষণের
দ্বারাও তিনিই বেছা। তটস্থলক্ষণের দ্বারা যাঁরা ব্রহ্মপ্রাপ্তির অভিলাষী তাঁদের জ্ঞাই
সাধন বিহিত হয়েছে। উচ্চশ্রেণীর তন্ত্র এই সাধনারই শান্ত্র।

তন্ত্রশান্ত পারমার্থিক শান্ত। তর্কশান্তের মতো লৌকিকবৃদ্ধিগম্য বিচারশান্ত নয়।\*
অর্থাৎ লৌকিক বৃদ্ধি দিয়ে এ শান্তের বিচারবিমর্শ চলে না। এইজন্ম তন্ত্রে বার বার বলা
হয়েছে এ শান্ত গুরুগম্য শান্ত। সন্গুরুর উপদেশ ছাড়। এ শান্তের কোনো গভীর তত্ত্ই
কেউ সম্যক্ বৃঝতে পারে না।\*

তন্ত্ৰতত্বে বলা হয়েছে—"এ শাস্ত্ৰ, দৰ্শন বা বিজ্ঞান নহে, সিদ্ধিমূলক সাধননীতি। ইহা ষেমন বুঝিতে হইবে, তেমনই সাধিতে হইবে, বোধের অভাবে সাধনের প্রভাবেও ইহা প্রত্যক্ষ হইবে কিন্তু সহস্রবোধ সত্বেও সাধনের অভাবে ইহা প্রত্যক্ষ হইবার নহে।"

<sup>&</sup>gt; সংসারামৰ নিধিং বং স্থান্তিতী বুং কশ্চিত্তমং। নাতাস্ততল জ্ঞোন মৃথং সোহস্মিন্ শাল্তেহবিকারবান্।
—সং ত আ ২া৪-এর টীকা

२ अ: न उ २। १४- १३

০ অরপৰ দ্বা यन्त्वधः তদেব লক্ষাঃ শিবে। লক্ষােরাপ্ত মিচ্চুনাং বিহিতং তত্র সাধনম্।—মহা ত ৩।১০

<sup>8</sup> जः को त्र, जृतिका, शः /•

ध्यः व ७ ७ ७, गृः ३७

সহজ কথায় তদ্বের ত্রটি দিক্— সিদ্ধান্তের দিক্ আর সাধনার দিক্। তবে প্রধানতঃ সাধনার দিক্টার উপরই অধিক গুরুত্ব আরোপ করা হয়। তন্ত্র বলতে লাধারণতঃ এই দিক্টাই ব্ঝায়। এই জন্তই তন্ত্রকে বলা হয় সাধনশাস্ত্র। অনেক তন্ত্রগ্রন্থে সিদ্ধান্তের বিষয় কিছুই নাই, ভুধু সাধনার বিষয়ই বর্ণিত হয়েছে।

প্রভাক্ষকরপ্রদ শাস্ত্র— তন্ত্রণাত্ত প্রত্যক্ষকরপ্রদ। এইটিই তদ্ধের অন্যুসাধারণ বিশেষত্ব। অক্যান্ত শাস্ত্র প্রত্যক্ষকর দেখাতে পারে না। তাই বলা হয়েছে—অক্যান্ত শাস্ত্রে আছে শুধ্ বিনোদন। সে-সব শাস্ত্র জগতে কোনো ফল দেখাতে পারে না। কিন্তু চিকিৎসা জ্যোতিব এবং তন্ত্রশান্ত্র পদে পদে প্রত্যয় বহন করেই অর্থাৎ প্রত্যক্ষ কল প্রদান করে।

যুক্তিবাদী মাহ্য বিনা প্রমাণে কিছুই মানতে চায় না। প্রমাণ প্রধানতঃ তিন রকমের—প্রত্যক্ষ অহ্মান এবং শব্দ। অহ্মান ও শব্দ নিয়ে বাগ্বিতগু চলতে পারে, এই হুই প্রমাণ অকাট্য নয়। কিন্তু প্রত্যক্ষ প্রমাণ বাগ্বিতগুর অবকাশ নাই, এ প্রমাণ অকাট্য। 'নহি বস্ত্যশক্তিব্রিষ্কমপেক্ষতে' বস্তুশক্তি কাকর বৃদ্ধি বা বিশ্বাসের অপেক্ষা রাথে না। তন্ত্রজ্বরা বলেন "অগ্নির দাহিকাশক্তি স্বতঃ দিদ্ধ। জ্ঞানে হউক, অজ্ঞানে হউক, অগ্নিতে হস্তক্ষেপ করিলে সে তাহা দয়্ধ করিবে, অগ্নি কাহারও বিশ্বাস-অবিশ্বাসের ম্থাপেক্ষী নহে। তদ্ধপ তন্ত্রশাস্ত্রেরও প্রত্যক্ষফলমিদ্ধি স্বাভাবিক শক্তিসস্তৃত, তুমি আমি বিশ্বাস করি আর নাই করি, বর্থাশাস্ত্র অহুষ্ঠান সম্পঞ্জ হইলেই তন্ত্রশাস্ত্র তাহার প্রত্যক্ষ ফল প্রদর্শন করিবেন।" বিশ্বাস

এই কারণে তন্ত্রশাস্ত্র বিচারবিতর্কের ধার ধারে না। তন্ত্রের নির্দেশ অন্থ্যারে সাধনা করণে সিদ্ধিলাভ হয়; তন্ত্রমত যে অন্রাস্ত এই প্রত্যক্ষ সিদ্ধিই তার সব চেয়ে বড় প্রমাণ। সাধনার ক্ষেত্রে কোনো মতের অন্থ্যার বদি সিদ্ধিলাভই না হয় তা হলে তার সমর্থনে হাজায় যুক্তিতর্ক উপস্থিত করলেও সে-মতের সভ্য প্রমাণিত হয় না। তান্ত্রিকেরা বলেন অন্যান্ত শাস্ত্র পরোক্ষফলপ্রান। কিন্তু পরোক্ষের কথা কেই বা জানে, কার

ভাষ্কিকেরা বলেন অন্যান্ত শাস্ত্র পরোক্ষফলপ্রদ। কিন্তু পরোক্ষের কথা কেই বা জানে, কার কি হবে কে বলতে পারে। কাজেই যা প্রত্যক্ষফলপ্রদ তাই উত্তম শাস্ত্র।

বৈ**জ্ঞানিকযুগোপযোগী শাস্ত্র**— প্রত্যক্ষফলপ্রদ বলে তন্ত্রশাস্ত্র বৈজ্ঞানিক যুগের উপযোগী শাস্ত্র। কেন না বৈজ্ঞানিক মনোভাবাপন্ন মাহুব যার প্রত্যক্ষ প্রমাণ নাই তা

অক্সান্তশান্তের্ বিলোদমাত্রং ল তেরু কিঞ্চিদ্ভ্বি দৃষ্টমন্তি।
 চিকিৎসিতজ্যোতিষতন্ত্রবাদাঃ পদে পদে প্রত্যেমাবহন্তি।
 ম: 1. T. Part II, 2nd Ed., P. 588

২ তত, পুঃ ১০৪

৩ পরোক্ষং কোমু জানীতে কন্ত কিংবা ভবিশ্বতি। यदा প্রত্যক্ষকলদং তদেবোত্তমদর্শনম্।—কু ত ২।৮৯

মানতে চায় না। সেইজন্ম এযুগের তন্ত্রবিদেরা বলেন যে-মনোভাব ও দৃষ্টিভঙ্গী নিয়ে মাত্র্য পদার্থবিজ্ঞান জীববিজ্ঞান মনোবিজ্ঞান প্রভৃতির অনুশীলন করতে পারে, যে-ভাবে সংস্কারম্ক্ত মন ও দৃঢ়সঙ্কল্প নিয়ে মাত্র্য স্বয়ং সত্যকে প্রত্যক্ষ করবার জন্ম পরীক্ষানিরীক্ষা করে, সেইভাবে তদ্পের সত্য নিয়েও পরীক্ষা নিরীক্ষা করে স্বয়ং তা প্রত্যক্ষ করতে পারে। বিজ্ঞানের ষথার্থ নির্ভর প্রত্যক্ষ প্রমাণ। তন্ত্রশাস্ত্রও দাবি করে সে মন্ত্রশক্তির প্রত্যক্ষ প্রমাণ দিতে পারে, যন্ত্র যে শক্তিশালী, দেবতা ও উচ্চতর শক্তিসমূহের অন্তিত্ব যে সত্য, তারও প্রত্যক্ষ প্রমাণ দিতে পারে। সিদ্ধি যে যে-পরিমাণে চায়্ম সে সেই পরিমাণে পেতে পারে। আর সাধক সাধনার দ্বারা ক্রমশং উচ্চ থেকে উচ্চতর স্তরে আরোহণ করে পরিণামে সচ্চিদানক্ষক্ষণ লাভ করতে পারেন—এ-সবেরও প্রত্যক্ষ প্রমাণ তন্ত্রশাস্ত্রের অনুসরণ করে যে-কোনো অধিকারী ব্যক্তি পেতে পারেন।

সাধনবিজ্ঞান— বাস্তবিক তন্ত্রশাস্ত্রকে সাধনবিজ্ঞান বলা যায়। তন্ত্রোক্ত সিদ্ধি পরীক্ষিত সত্য।

এই প্রসঙ্গে উল্লেখ করা যায় বিজ্ঞানে যেমন নানা রকম স্ত্র সঙ্গেত নানা জটিল যন্ত্রপাতি প্রভৃতি সাধনোপায়ের বিবরণ আছে তক্ষেও তেমনি মন্ত্র যন্ত্র প্রভৃতি দেশকালপাত্রোপযোগী নানা সাধনোপায় বির্ত হয়েছে। অন্ধিকারী ব্যক্তির পক্ষে উভয়প্রকার সাধনোপায়ই অর্থহীন। অবৈজ্ঞানিকের কাছে যেমন Fdx বা 4Gm/ac অর্থহীন, তেমনি অতাদ্বিকের কাছে হ্রী বা ক্লী-এর কোনো অর্থ নাই। কিন্তু অধিকারী ব্যক্তিদের কাছে এ সবের অর্থ স্ক্রুট। বিজ্ঞান যেমন অন্ধিকারীর পক্ষে ত্র্বোধ, তন্ত্রও তেমনি অন্ধিকারীর পক্ষে ত্র্বোধ।

বিজ্ঞানের দার যেমন সকলের জন্ম উন্মুক্ত তেমনি তন্ত্রের দারও সকলের জন্মই উন্মুক্ত। যার যেমন অধিকার তন্ত্রনির্দিষ্ট পদ্ধতিতে সাধনা করে সে তেমনি সিদ্ধিলাভ করতে পারে। অদ্বয়ব্রহাসিদ্ধি বা সচ্চিদানন্দস্বরূপোপলন্ধি থেকে আরম্ভ করে রোগপ্রশমন বা শক্রদমন পর্যন্ত সব রকমের সিদ্ধির ব্যবস্থাই তন্ত্রে আছে। অর্থাৎ তন্ত্রে শুধু মোক্ষ নয়, ধর্মার্থকামমোক্ষ এই চতুর্বর্গলাভেরই উপায় নির্দিষ্ট হয়েছে।

ভদ্রের বিষয়—কাজেই তন্ত্রের আলোচ্য বিষয় শুধু আধ্যাত্মিকতা নয়, মাহুষের জীবনের সঙ্গে সংস্ট বহুবিচিত্র বিষয় তন্ত্রে আলোচিত হয়েছে। স্টেক্টিভিলিয়প্রক্রিয়া অর্থাৎ দর্শন,

<sup>&</sup>gt; Tantra As a way of Realisation, C. Her. I., Vol, IV., p. 289

<sup>₹</sup> Ibid, Ś. R. C. M., Vol. II, p. 184.

<sup>9</sup> Ibid, p. 188

বিজ্ঞান, বিশেষ করে রসায়ন ও চিকিৎসাশাস্ত্র, ছন্দ, কোষ, ব্যাকরণ, জ্যোতিষ, শাকুনবিছা, মন্ত্র-ষত্ত্র পূজা প্রভৃতি আধ্যাত্মিক সাধনসম্পর্কিত যাবতীয় বিষয়, যোগ, যক্ষিণীসাধন, যোগিনীসাধন, স্বস্ত্যয়ন, অভিচার, ইন্দ্রজাল, লোকাচার, দেশাচার, ব্যবহারশাস্ত্র, সমাজনীতি, ধর্মনীতি, শিল্প ইত্যাদি নানা বিষয়ের আলোচনা আছে তন্ত্রে। সেইজন্ম তন্ত্রকে বলা হয় বিশ্বকোষ।

ভদ্ধ বিশ্বকোষ — অধ্যাপক বিনয়কুমার সরকার বলেন ভারতের বিশ্বকোষগুলি সংহিতা পুরাণ তন্ত্র প্রভৃতি বিভিন্ন নামে পরিচিত। সংহিতাপুরাণের মতো তন্ত্রে ভারত-ইতিহাসের একটি বিশেষ যুগের সমগ্র সংস্কৃতি ব্যক্ত ও প্রচারিত হয়েছে। 

•

ভক্টর হ্বরেজ্রনাথ দাশগুপ্তও লিখেছেন বেদের সময় থেকে আরম্ভ করে ভারতীয় সংস্কৃতির যা বা শ্রেষ্ঠ দিদ্ধি তা সবই তন্ত্রে রক্ষিত হ্রেছে এবং তন্ত্র তার নিজস্ব মতের মধ্যে সংস্কৃতির বিভিন্ন সামঞ্জস্থ বিধানের চেষ্টা করেছে। বেদের কর্মকাণ্ড, মীমাংসা, বেদাস্ক, যোগ, বৈষ্ণবমত, চরক ও স্কুশতের চিকিৎসাশাস্ত্র এবং প্রাণ সমস্তই তন্ত্রমতের বিভিন্ন অঙ্গপ্রতাঙ্গরূপে লক্ষিত হয়। তন্ত্র এই সমস্তের মধ্যে নৃতন প্রাণশক্তি সঞ্চার করেছে এবং তার নিজের মতো করে এইগুলি প্রচার করেছে।

ভজের প্রধান বিষয়—তবে তদ্বের প্রধান বিষয় মন্ত্র এবং সাধনা। সব স্তরের সব রকমের মাহুবের উপযোগী, উচ্চতম স্তরের সাধনা থেকে নিয়তম স্তরের সাধনা পর্যস্ত, সব রকমের সাধনা তন্ত্রে বর্ণিত হয়েছে। যন্ত্র মূদ্রা ভূতশুদ্ধি ইত্যাদি নানা বস্তু ও ক্রিয়াকর্ম এই-সব সাধনার অন্তর্ভুক্ত। এই-সব মন্ত্রয়ন্ত্রি এবং ক্রিয়াকর্মের বিবরণ তদ্বের বিশিষ্ট লক্ষণ। তবে কোনো কোনো পুরাণেও এই ধরণের তান্ত্রিক ক্রিয়াকর্মাদির বিবরণ লক্ষ্য করা ষায়।

অপারমার্থিক বিষয়—পূর্বেই লক্ষ্য করা গেছে তন্ত্র বিশ্বকোষবিশেষ। এতে এমন বহু বস্তু স্থান পেয়েছে যার সঙ্গে পরমার্থ বা ধর্মের কোনো প্রত্যক্ষ যোগ নাই। সকল স্তরের সকল শ্রেণীর মাহ্যুয়ের বিশ্বাস, সংস্কার, ঐহিক স্থ্যস্পদ লাভের জন্ম তাদের নানা প্রচেষ্টা, যেমন ইন্দ্রজাল, অভিচার ও শান্তিস্বস্তায়ন, দেবতা-উপদেবতা-অপদেবতার অন্ত্রাহলাভ, স্বর্ণরোপ্যাদি প্রস্তুতকরণ ইত্যাদি বহু বিষয় তন্ত্রে আছে যে-গুলির উদ্দেশ্য ঐহিক ফললাভ,

১ জঃ মাভূ ত, ভূমিকা, পৃঃ ২

<sup>₹ 37:</sup> P. T., 2nd Ed., Part I, Intro., p. 37

<sup>9</sup> Philosophical Essays, p. 152

<sup>8</sup> P. T., 2nd Ed, Part I, Intro,, p. 37

<sup>•</sup> Ibid, Part II, p. 547

পারমার্থিক লক্ষ্যসাধন নয়। এই-সব দেখেই অতান্ত্রিকরা তত্ত্বের নিন্দা করেন, বলেন তত্ত্বের মূলে আছে একমাত্র লোভ, কাজেই তত্ত্বের কোনো প্রামান্ত নাই।

সাধারণ মাহ্য ঐহিক ফললাভের লোভেই তন্ত্রের প্রতি আরুষ্ট হয়। তন্ত্রোক্ত অলোকিক শক্তি বা সিন্ধাই দেখাতে পারলে লোকের কাছে প্রভূত সম্মান ও থ্যাতি-প্রতিপত্তি লাভ করা যায়। এই লোভেও লোকে তন্ত্রমার্গ অবলম্বন করে। কাজেই অক্ত সম্প্রদায়ের লোকেরা বা যারা কোনো সম্প্রদায়ভূক্ত নন তাঁরা যদি বলেন তন্ত্রশান্ত্রের মূল্ একমাত্র লোভ তা হলে তাঁদের দোষ দেওয়া যায় না।

তবে বলা বাহুল্য তদ্ধ সম্বন্ধে একপ ধারণা একদেশদশী। কেন না উচ্চশ্রেণীর তদ্ধের প্রধান বিষয় পারমার্থিক, তাদ্ধিক সাধনার লক্ষ্য এক্ষোপলন্ধি।

এই প্রসঙ্গে শ্বরণ করা যেতে পারে ঐহিক স্থপমৃদ্ধির কামনা চিরকাল মামূষের ধর্ম-সাধনার সঙ্গে ওতপ্রোত হয়ে আছে। লক্ষ্য করা গেছে বৈদিক কর্মকাণ্ডের প্রধান লক্ষ্যই ছিল যজমানের ঐহিক সমৃদ্ধি। কাজেই এক্ষেত্রে ডন্ত্রে বৈদিক ধারাই অন্তুস্ত হয়েছে।

তা ছাড়া লোভ মাহুষের সহজাত বৃত্তি। সাধারণ মাহুষ লোভ বা কামনা ত্যাগ করতে পারে না। যাদের মন ধর্মের দিকে যায় না, কোনো একটি ঐহিক লাভের লোভেও যদি তারা কোনো ধর্মশাস্ত্রের দিকে আরুষ্ট হয়, তা হলে কোনো না কোনো সময়ে শাস্ত্রোক্ত উচ্চতর ধর্মসাধনার দিকে তারা আরুষ্ট হতেও পারে। তন্ত্রশাস্ত্রে অপারমার্থিক বিষয়কে স্থান দেওয়ার এটি অক্ততম কারণ মনে হয়। তন্ত্রে ধর্মবিম্থদেরও একেবারে উপেক্ষা করা হয়নি।

তাদ্রিক ষট্ক ম — সাধারণ মাসুষ ইষ্টলাভ করতে চায়, অনিষ্ট পরিহার করতে চায় আর শক্রকে বিনাশ করতে চায়। সে বিশ্বাস করেছে মন্ত্রশক্তি বলে অলৌকিক উপায়ে এ-সব কর্ম হতে পারে। মান্ত্রের এই সর্বকালের আকাজ্ঞা ও অতি প্রাচীনকাল থেকে আগত বিশ্বাসের অন্ততম নিদর্শন ভান্ত্রিক ঘটকর্ম।

ষোগিনীতন্ত্রমতে শাস্তি অর্থাৎ শাস্তিকর্ম, বশু অর্থাৎ বশীকরণ, স্তস্তন, বিষেষণ, উচ্চাটন এবং মারণ এই ষ্টুকর্ম।\*

রোগ, ক্বত্যা অর্থাৎ অভিচার এবং গ্রহদোষ খাতে নষ্ট হয় তাকে বলে শান্তিকর্ম।\*
সাধারণতঃ একে স্বস্তায়ন বলা হয়।

১ তন্ত্রাণাং কেবললোভৈকমূলছেনাপ্রামাণ্যাং।—প ব হ ১।১-এর রামেররকৃত বৃদ্ধি

कः को त्र, शुः ४६, शांपणिकां

माखिवश्राच्छनानि विद्यादाक्रांकेटन छवा। मात्रवाः भत्रत्मभानि विद्यादिक्तः अलीर्डिछम्।—द्यां छ, भू थं, भः ।

রোগকুত্যাগ্রহাদীনাং নিরাস: শান্তিরীরিতা ৷—শা তি ২০া১২৩

্বে-কর্মের ছারা সমস্ত লোক আজ্ঞাকারী হয় সেই কর্মকে বলা হয় বশুকর্ম বা বশীকরণ।

যে কর্মের দ্বারা সমস্তের প্রবৃত্তিরোধ হয় তাকে বলে স্তম্ভন। বাহ্ন্য, জল, শুক্র, থড়োর ধার, দৈল, প্রতিপক্ষের বাক্, বাতাস প্রভৃতির স্তম্ভন করা যায়। ভ

প্রীভিভাবাপন্ন লোকেদের পরস্পরের প্রতি বিষেষ জন্মান বিষেষণ।

ষার ত্বারা স্বদেশাদি থেকে ভ্রষ্ট করা যায় তাকে বলে উচ্চাটন। ত্বদেশাদি ত্বর্থ স্থদেশ গৃহ গ্রাম নগর ইত্যাদি। ত

প্রাণীদের প্রাণহরণকে বলা হয় মারণ।°

ষট্কর্মের প্রকারভেদ— ষট্কর্মের প্রকারভেদও আছে। শক্তিশঙ্গমতত্ত্বে বলা হয়েছে ষট্কর্ম ত্রিবিধ। এক—বশীকরণ আকর্ষণ স্তম্ভন বিশ্বেষণ উচ্চাটন এবং মারণ এই বিরপাক্ষসম্মত ষট্কর্ম। ত্রই—বশীকরণ স্তম্ভন সম্মোহন মারণ উচ্চাটন এবং বিশ্বেষণ এই বিরাট্সম্মত ষট্কর্ম। তিন—শাস্তি স্তম্ভ বশীকরণ মারণ উচ্চাটন এবং দ্বেষণ। ৺

আবার তন্ত্ররাজতন্ত্রে রক্ষা শান্তি জয় লাভ নিগ্রহ ও নিধনকে ষট্কর্ম বলা হয়েছে। উক্ত তন্ত্রমতে বশ্য আকর্ষণ বিশ্বেষণাদি এই ষট্কর্মের অস্তর্ভুক্ত বলে তাদের পৃথক্ অন্ধিত্ব নাই।

ষট্কর্মের পৃথক্ পৃথক্ দেবতা আছেন। কোলাবলীনির্ণয়ে বলা হয়েছে • শান্তি অস্তন

১ বশ্রং জনানাং সর্বেষাং বিধেরত্বমূদীরিতম্।—শা তি ২৩।১২৩

২ প্রবৃত্তিরোধঃ সর্বেধাং স্তম্ভনং সমুদাহতন ।— ঐ ২৩।১২৪

০ সর্বেষাং অন্তনমিতি জনজলশুক্রথড়াধারাসৈক্তপ্রতিবাদিবচনমন্তদাদীনাম্।—এ, রাঘবভট্টকৃত টীকা

৪ স্নিকানাং ছেবজননং মিথো বিছেবণং মতম্ ৷—শা তি ২৩।১২৪

উচ্চাটনং শ্বংদেশাদে ত্রংশনং পরিকীর্তিতম্।—ঐ ২৩।১২¢

<sup>🔸</sup> স্বদেশাদেরিত্যাদিশবে দন গৃহগ্রামনগরাদয়ো গৃহস্তে।—ঐ, রাঘবভট্টত টীকা

প্রাণিনাং প্রাণহরণং মারণং সমুদায়তম্।—ঐ ২৩।১২

বট্কর্ম ত্রিবিধং প্রোক্তং বথাবদবধারয়। বশুকর্মন্তভ্জনং চ বিবেবোচ্চাটনং তথা।

মারণং চৈব দেবেশি বিরূপাক্ষপ্ত সম্মতন্। বশুক্তভ্জনসম্মোহা মারণোচ্চাটনং তথা।

বিবেদ্ধণং চ দেবেশি বট্কর্মাণি বিরাদ্ধতে। শান্তিভভৌ বশীকারো মারণোচ্চাটনে তথা।

বেষণং চেতি দেবেশি বট্কর্মাণি বথাক্রমাং।—শ স ত, কা থ, ৮।১০২-১০৫

<sup>🕨</sup> রক্ষা শান্তির্জারো লাভো নিগ্রহো নিধনং তথা। বট্কর্মাণি তদক্ষাদক্ষেবাং ন পুথক্ ছিতি:।—ড রা ড ৬।৩৫

১০ র তির্বাণী রমা জ্যেষ্ঠা তুর্গা কালী বধাক্রমাং। বট্কর্মদেবতাঃ প্রোক্তাঃ কর্মাদে তাঃ প্রপুক্রেং।

<sup>-- (</sup>को नि. छै: २०

বিষেষণ উচ্চাটন এবং মারণ এই ষটুকর্মের দেবতা ষণাক্রমে রতি বাণী রমা জ্যেষ্ঠা তুর্গা এবং কালী। কর্মের প্রারম্ভে যথোক্ত দেবতার পূজা করতে হয়।

**অভিচার**—শাস্তি ব্যতীত ষট্কর্মের অন্ত কর্মগুলিকে বলা হয় অভিচার। শব্দকল্পজন্ম অভিচার শব্দের অর্থ করা হয়েছে— অথর্ববেদোক্ত মন্ত্রমন্ত্রাদিনিস্পাদিত মারণোচ্চাটনাদি-হিংসাত্মক কর্ম। তবে শুধু মারণ অর্থেও অভিচারশব্দের প্রয়োগ লক্ষ্য করা যায়। ই

নির্বিচারে অভিচার নিষিক্ষ—তত্ত্বে অভিচারের বিধান আছে কিন্তু নির্বিচারে নয়।
মারণকর্ম সম্বন্ধে বিশেষভাবে বিচারের নির্দেশ দেওয়া হয়েছে। তত্ত্বরাজতত্ত্বে বলা
হয়েছে — ব্রাহ্মণ, ধার্মিক ভূপতি, বনিতা, আস্তিক পুরুষ, বদান্ত ও নিত্যদয়ালু ব্যক্তি, এঁদের
বিরুদ্ধে অভিচারকর্ম করতে নেই। শক্রতা করে কেউ যদি করে তা হলে অভিচার সেই
অভিচারকারীকেই নিধন করবে।

কাদের বিরুদ্ধে অভিচার করা যেতে পারে দে-সম্পর্কে বলা হয়েছে—পাপিষ্ঠ, নাস্তিক, চোর, দেবতা ও ব্রাহ্মণের নিন্দাকারী, প্রজাঘাতক, সব রকম ক্রুরকর্মে নিযুক্ত ব্যক্তি, ক্ষেত্র-বিত্ত-ধন-স্ত্রীহরণকারী, কুলনষ্টকারী, সময় অর্থাৎ শাস্ত্রবিধির নিন্দাকারী, পিশুন, রাজঘাতক, আর বিষ অগ্লি ক্ষুর ও শস্তাদির দ্বারা যারা সর্বদা প্রাণিহিংসা করে এই-সব লোকেদের বিরুদ্ধে অভিচার কর্মের অনুষ্ঠান করলে সাধক পাতকী হবেন না।

প্রায়শ্চিত্ত—তত্ত্বে অভিচারের ব্যবস্থা থাকলেও কাজটি যে ভাল নয় তারও স্পষ্ট ইঙ্গিত আছে। তন্ত্ররাজতন্ত্রে মারণকর্ম অমুষ্ঠানের পর সাধকের প্রায়শ্চিত্তের বিধান দেওয়া হয়েছে। বলা হয়েছে মারণকর্ম করার পরই স্বীয় গুরু এবং কয়েকজন ব্রাহ্মণকে এনে স্বীয় ধনের অর্দ্ধেক বা এক চতুর্থাংশ দিয়ে তাঁদের পূজা করতে হবে। তার পর হবিছাশী হয়ে স্বীয় মন্ত্রের অভিষেক করে একলক্ষ জপ করতে হবে।

**বট্কর্মের প্রাচীনত্ব**—তল্পে বট্কর্মের বিধান আছে বলে কোনো কোনো মহলে তন্ত্রকে

<sup>&</sup>gt; অথর্ববেদোক্তমন্ত্রবন্তাদিনিপাদিতমারণোচ্চাটনাদিহিংসাল্পক কর্ম।—শব্দকলক্রম

২ অভিচারে মারণে।—ত রা ত ১৩।>৪-এর মনোরমা

ব্রাহ্মণং ধার্মিকং ভূপং বনিতামান্তিকং নরম্। বদান্তং সদয়ং নিতামভিচারে ন বোজরেং।
 বোজরেদ্ বদি বৈরেণ প্রত্যগেশং নিহন্তি তং।— ত রা ত ১০)>৪->٤

পাপিঠায়াভিকাংশ্লোরান্ দেবব্রাহ্মণনিন্দকান্। প্রজানাং ঘাতকান্ সর্বক্লেশক মহ সংস্থিতান্।
ক্রেবিভিধনব্রীণামাহতারং কুলান্তকষ্।
বিবায়িক্রণব্রাভৈর্ছিংসকং প্রাণিনাং সদা।
নিবোল্লরেয়ারণের্ কর্মন্বৈতির্নি পাতকী।

এ ১৬)৯৪-৯৮

কৃষাশু নারণং ক'ম তদন্তে বধনাদ্ধত:। পাদতো বা গুরুং বিপ্রানারাধ্য বেন নিতারা।
 অভিবিশ্য ততেবিভাং জপেলকং হবিগ্রভুক।—ত রা ত ১৩।»>->••

অতি নিরুষ্ট মনে করা হয়। কিন্ত আমরা লক্ষ্য করে এদেছি অভিচারাদি বেদেও স্থান পেয়েছে। বিশেষ করে অথবঁবেদে ত শাস্তিস্বস্তায়ন অভিচারাদি প্রচুর পরিমাণেই আছে। কাজেই এ ব্যাপারেও তল্পে বেদেরই অনুসরণ করা হয়েছে। অতএব অভিচারাদি থাকার জন্ম বেদ যদি নিরুষ্ট না হয় তা হলে তয়কেও নিরুষ্ট বলা চলে না।

তা ছাড়া শুধু আমাদের দেশে নয় প্রাচীন যুগের দকল দেশের ধর্মের দক্ষেই অভিচার-শাস্তিস্বস্তায়নের মতো যাত্তিক্য়া যুক্ত ছিল। এমন কি খৃষ্টান ইউরোপেও এই ধরণের ক্রিয়াকর্ম প্রচলিত ছিল।

অভিচারাদির অপব্যবহার—মোটকথা ষট্কর্মাদি ব্যাপার অতিপ্রাচীনকাল থেকেই জনসাধারণের ধর্মের সঙ্গে সংশ্লিষ্ট হয়ে রয়েছে বলে তদ্ত্রেও স্থান পেয়েছে। তবে ষট্কর্মের বিশেষ করে মারণকর্মের নির্বিচার প্রয়োগ তন্ত্রে নিষেধ করা হয়েছে তা আমরা পূর্বেই লক্ষ্য করেছি। কিন্তু ধর্মের যথন বিক্বতি ঘটে তথন লোকে শাস্ত্রবাক্য লজ্মন করে আর ধর্মকে ব্যবসায়ের সামিল করে তোলে। তান্ত্রিক ষট্কর্মের ব্যাপারেও তাই ঘটে। তন্ত্রগ্রন্থেই এ কথার নিদর্শন আছে।

ষেমন কুলার্গব সংহিতায় বলা হয়েছে কিলিকালে সাধকেরা প্রায়ই ধনলোলুপ হয়।
মহাক্বত্যার দারা অর্থাৎ মারণকর্মাদির দারা প্রাণীবধ করে। এদের কাছে গুরু কেউ নন,
কন্ত কেউ নন, দেবী কেউ নন, সাধিকা কেউ নন। এরা অভিচারাদির দারা মহাপ্রাণী
বিনাশ করতে অর্থাৎ মান্ত্রের মৃত্যু ঘটাতে সমর্থ। এইজন্ম এই-সব ক্রিয়ার বিষয় প্রকাশ
করা দূষণীয়।

শান্তের অভিমত যে এইরপ রুত্যার আচরণ করে অর্থাৎ মারণকর্ম করে সে শিবের বধভাজন হয়। অগ্নি যেমন শুষ্ক তৃণ দগ্ধ করে তেমনি শিব তার সব কিছু আশু বিনাশ করেন।

কাজেই দেখা যাচ্ছে তন্ত্রে অভিচারের অপব্যবহার স্থম্পট্টভাবে নিষিদ্ধ হয়েছে। সাধক মন্দ অভিপ্রায়ে, কোনো স্বার্থের লোভে অভিচারকর্ম করলে তা শাস্ত্রবিরুদ্ধ হবে, তাতে তার নিজেরই অনিষ্ট হবে।

ভব্রের 🚁িউ—িকন্ত ধর্মকে যারা স্বীয় স্বার্থসিদ্ধির উপায় হিসাবে ব্যবহার করে

<sup>&</sup>gt; 8. S. W., pp. 860-61

কলিকালে সাধকান্ত প্রায়শো ধনলোলুপাঃ। মহাকৃত্যাং বিধায়ৈব প্রাণিনাং বধভাগিনঃ।
 ন শুরুনাপি রুদ্রো বা নৈব ছং নৈব সাধিকা। মহাপ্রাণিবিনাশার সমর্থাঃ প্রাণবল্লভে।
 ন্কুলার্বসংহিতাবচন, জঃ র্জ. র্জ. র্প. 4th Ed., p. 94

তারা শাস্ত্রের নিষেধের ধার ধারে না। এই শ্রেণীর লোকের কাছে শুধু বট্কর্মাদি নয়, অক্যান্ত অনেক তান্ত্রিক ক্রিয়াকর্মও ব্যবসায় হয়ে পড়ে। এরা তম্বশাস্ত্রেও বিকৃতি ঘটায়।

স্বামী নিগমানন্দ পরমহংস লিথেছেন "ফলতঃ ঐ শাস্ত্রকে (তন্ত্রশাস্ত্র) কালক্রমে তদ্রপ ব্যবসায়োপযোগী করার জন্ত যে মূলতন্ত্র বছবিধ প্রাক্ষিপ্ত, রূপক ও অর্থবাদাদি যোগে চেষ্টা করা হইয়াছে, তাহা উক্ত শাস্ত্রীয় আধ্নিক মৃদ্রিত গ্রন্থাদি দেখিলে অতি সহজেই বোধগম্য হইতে পারে।"

তদ্ধশাস্ত্রের এরূপ তুর্দশার এটিই অবশ্য একমাত্র কারণ নয়, অন্থ কারণও ছিল। স্বামীজী লিথেছেন "মৃদলমান রাজত্ব সময়ে হিন্দুদিগের কোনো গ্রন্থই অক্ষতাবস্থায় ছিল না। ঐ সময়েই তপ্রশাস্ত্রেরও তুর্দশা উপস্থিত হইয়াছে। একদিকে মৃদলমানদিগের অত্যাচার, অন্থদিকে হিন্দু সমাজেও সদ্গুকর বিরলতা বশতঃ শিক্ষাবিভাটসস্থূত স্বেচ্ছাচারিতায় প্রক্রিপ্ত বিষয়াদিতে পরিপূর্ণ হইয়া প্রকৃত তন্ত্রশাস্ত্র অনেক স্থলে এরপভাবে বিকৃত হইয়া পড়িয়াছে যে তাহা হইতে অবিকৃত তত্ত্ব অমৃদন্ধান করা অল্লাধিকারীর পক্ষে অসম্ভব। আধুনিক কতিপয় তন্ত্রের অনেক স্থলেই মহাদেব ও পার্বতীর কথোপকথন প্রসঙ্গ উত্থাপন করিয়া অনেক বিকট, বিকৃত ও অকিঞ্জিৎকর বিধিবিধান ধর্মশাস্ত্রের অন্তর্গত করার চেষ্টা করা হইয়াছে বোধ হয়।" ব

স্বামীজীর মন্তব্যের প্রথম অংশের ঐতিহাসিক যথার্থতা সম্বন্ধে বিতর্কের অবকাশ থাকলেও তম্মশান্ত্রের সঙ্গে যাঁদের পরিচয় আছে তাঁরা তাঁর মন্তব্যের অন্ত অংশের সমর্থনই করবেন।

নিকৃষ্ট ভদ্ধ-তত্ত্বের মধ্যে কতকগুলি নিকৃষ্ট গ্রন্থ যে আছে এ বিষয়ে দ্বিমত নাই।
তন্ত্রশাস্ত্রেই এগুলিকে তামস বলে নিন্দা করা হয়েছে। গন্ধর্বতন্ত্রে বলা হয়েছে — তামস
ভন্ত্র এবং পুরাণ এ-সব না দিতে পারে স্বর্গ, না দিতে পারে মোক্ষ। কাজেই এ-সব ষত্ত্বসহকারে বর্জন করতে হবে। \*

কুলার্গবতন্ত্রে অকৌল তন্ত্রসমূহকে পশুশাস্ত্র বলে নিন্দা করা হয়েছে। উক্ত তন্ত্রে দেখা 
যায় শিব বলছেন—আমি ভিন্নমূর্তি পরিগ্রহ করে হ্রাত্মাদের মোহগ্রস্ত করার জন্ম পশুশাস্ত্র
প্রকাশ করেছি। মহাপাপবশতঃ লোকের এই-সব শাস্ত্রে প্রবৃত্তি হয় আর যাদের এক্রপ
প্রবৃত্তি হয় তাদের শতকোটি কল্পেও সদগতি হয় না।

১ তাল্লিকগুরু, চতুর্থ সং, পু: ১ ২ ঐ, পু: ২-৩

পশুলাল্রাণি সর্বাণি ময়ের কবিতানি হি। মুর্তাল্ভরং তু সংপ্রাপ্য মোহনায় তুরায়নাম্।
 মহাপাপরশায়ুণাং তেরু বাছাহভিয়ায়তে। তেবাং চ সদৃগতি নাল্ডি কয়কোটিশতৈরপি।—কু ৣয়, টাং ২

বিশ্বসারতক্ষেও দেখা যায় শিব বলছেন—পাষগুদের বিমোহিত করার জন্ম করভেদে বে-সব তন্ত্র প্রকাশ করেছি সে-সব বিফল।

এই-সব তন্ত্রোক্তিতে অবশ্য অনেক সময় সাম্প্রদায়িক মত প্রকাশিত হয়। অর্থাৎ এক সম্প্রদায়ের তন্ত্রে অন্য সম্প্রদায়ের তন্ত্র সম্বন্ধে নিন্দাস্ট্রক কথা বলা হয়ে থাকে। এ রকম অবস্থায় শুধু এরপ উক্তির উপর নির্ভর করে কোনো তন্ত্রকে নির্ভর বলা যায় না; তার জন্ত্র অন্যান্ত বিচারেরও আবশ্যক হয়। অবশ্য তন্ত্রগ্রন্থের এরপ পরস্পরের নিন্দাস্ট্রক উক্তির 'নহি নিন্দা ন্যায়' বিহারে ব্যাখ্যা করা হয়।

এ সম্পর্কে আরেকটি বিবেচ্য বিষয়ও আছে। তন্ত্র শাস্ত্র অতিত্ররুহ সাধনশাস্ত্র। এর ভাষা পারিভাষিকশব্দবহল। বিশেষ করে তন্ত্রের গুহু সাধনা সাঙ্কেতিক ভাষায় বর্ণিত হয়। ভাষার বাইরের অর্থ ধরলে সে-সব বর্ণনা অনেক ক্ষেত্রে ক্ষচিবিগর্হিত মনে হবে। এই-সব কারণে তন্ত্রের উৎকর্ষ-অপকর্ষ সম্বন্ধে বিচার করা তন্ত্রবিশারদ সাধনমর্মজ্ঞ ব্যক্তি ভিন্ন অক্সের পক্ষে কঠিন। সেইজন্য এ-সব ক্ষেত্রে তন্ত্রশাস্ত্র ও তন্ত্রজ্ঞদের কথার গুরুত্ব অধিক। কোনো শাস্ত্র সম্বন্ধে সেই শাস্ত্র এবং তার অন্তর্যায়ীরা যা বলেন তাই অধিকতর প্রামাণ্য।

তন্ত্র শাস্ত্রের যে ক্ষেত্রবিশেষে বিক্লতি ঘটেছে এবং অনেক নিক্নন্ত তন্ত্রও যে রচিত হয়েছে দেখা গেল তা উক্ত শাস্ত্রামুখায়ীরাও স্পষ্ট করেই বলেছেন।

ভদ্তের প্রামাণ্য ব্যাখ্যা—তদ্ধ সাধনশাস্ত্র আর তান্ত্রিক সাধনা সম্প্রদায়গত। কাজেই তদ্তের প্রামাণ্য ব্যাখ্যা সম্প্রদায়গতই হবে, প্রামাণ্য তন্ত্রমতও হবে সম্প্রদায়গত। কিন্তু এমন সব লোক আছেন যাঁরা আপন থুশিমত তন্ত্রমত প্রচার করেন। এঁদের সম্পর্কে যম্নাচার্যের আগমপ্রামাণ্য নামক গ্রন্থে বলা হয়েছে — এথনও কতিপয় বিচক্ষণ লোক দেখা যায় যাঁরা আগমিকের ভান করে আগমের অনাগমিক অর্থ ব্যাখ্যা করেন।

এরপ অপ্রামাণ্য ব্যাখ্যা বিভ্রান্তিকর। তন্ত্রের সম্প্রদায়গত বিভিন্নতা, তন্ত্রের বিকার,

- ১ কলভেদেন তন্ত্ৰাণি কথিতানি চ যানি চ। পাষওমোহনারৈৰ বিকলানীহ স্থলরী। — বিখসারতন্ত্রবচন, ন্তঃ ৰাচম্পত্যভিধান
- ২ 'নহি নিন্দান্তায়' অর্থ "ন হি নিন্দা নিন্দাং নিন্দিত্বং প্রবর্ততে অপি তু ইতরং দ্বৌতি' নিন্দা নিন্দা পদার্থকে নিন্দা করিবার জন্ত প্রবৃত্ত হয় না, বিধের পদার্থকে প্রশংসা করিবার জন্তই প্রবৃত্ত হইরা থাকে। নিবিদ্ধ বিষয়ে অপ্রবৃত্তি ও বিধেয় বিষয়ে প্রবৃত্তি জন্মাইবার জন্তই শাল্পে নিন্দাবাক্য ও প্রশংসাবাক্য প্রবৃত্ত হইয়াছে।"—কৌ য়, পৃঃ ১৩, পাদটীকা।
- ত অভতেহপি হি দৃখ্যস্তে কেচিদাগমিকজ্ঞলাং। অনাগমিকমেবার্থং ব্যাচক্ষাণা বিচক্ষণাঃ।
  ——আগমপ্রামাণ্য, কাশী সং, পৃঃ ৪, Quoted in Ideals of Tantra Rites,

নিক্কাষ্ট তন্ত্র এবং তন্ত্রের অপ্রামাণ্য ব্যাখ্যা এই-সবের দকণ অনভিজ্ঞ ব্যক্তির পক্ষে তন্ত্রশান্ত্রের মধার্থ পরিচয় লাভ করা ত্রুক্ত ।

ভদ্রের পারমার্থিকলক্ষ্যণত ঐক্য— তবে এ-সব অস্থবিধা বাইরের লোকের। তান্ত্রিক সাধকদের এরূপ কোনো অস্থবিধা নাই। তাঁরা নিজ নিজ গুরুর নির্দেশ অসুসারে সম্প্রাদায়গত তত্ত্বের অসুসরণ করেন। তাঁদের মধ্যে যারা তত্ত্ত্তানী সম্প্রাদায়গত বিভিন্নতা সত্ত্বেও তত্ত্বশাল্তের পারমার্থিকলক্ষ্যগত মৌলিক ঐক্য তাঁদের অবিদিত থাকে না। শ্রদ্ধাবান্ জিজ্ঞাস্থ অতান্ত্রিকদের কাছেও এই ঐক্য ধরা পড়ে এবং তত্ত্ব যে উচ্চন্তরের সাধনশান্ত্র এ সম্বন্ধে তাঁদেরও কোনো সন্দেহ থাকে না। তাঁরা দেখতে পান রোগ যেমন দেহের স্বাভাবিক অবস্থার পরিচায়ক নয়, কোনো দেশের কিছু সংখ্যক নিরুষ্ট লোক যেমন সেই দেশের মান্থবের পরিচায়ক নয়, তেমনি তত্ত্বের বিকার বা কিছু সংখ্যক নিরুষ্ট তন্ত্র সমগ্র তন্ত্র-শাল্তের মথার্থ পরিচায়ক নয়।

ভারের প্রভাব—তন্ত্রের উৎকর্ষ ও গোঁরবের সব চেয়ে বড় প্রমাণ তন্ত্র দীর্ঘকাল ধরে ভারতীয় সাংস্কৃতিক ইতিহাসের একটি বড় অংশ অধিকার করে আছে। সনাতনধর্মী লোকের উপর তন্ত্রের প্রভাব অসাধারণ। এই-সব লোকের মধ্যে অতি নিয়াধিকারী থেকে আরম্ভ করে অন্বয়ন্ত্রন্ধনাধক উচ্চতম অধিকারী পর্যন্ত সবাই আছেন। মহামহোপাধ্যায় গোপীনাথ কবিরাজ মহাশয় লিথেছেন "তন্ত্রশাস্ত্রের মূলভিত্তি সেই অবৈতবাদ, সেই সোহহং এবং সাহং একত্র সংযুক্ত হইয়া নিখিল হিন্দুশাস্ত্রের মূলভিত্তি রচনা করিয়াছে। যেহেতৃ কলিকালে বৈদিক শ্বতির শাসনাছ্যায়ী সদাচার যথাযত প্রতিপালন করা অতিশয় ত্রূহ হইয়াছে, তজ্জ্য হিন্দুর যাবতীয় সম্প্রাদায়ের পক্ষেই তন্ত্রশাস্ত্র এবং তাহার আদিই পদ্ধতি অবলম্বনীয় হইয়া উঠিয়াছে। ভারতথণ্ডের আর্যাবর্ত এবং দক্ষিণাপথের সর্বত্র ব্রাহ্মণ হইতে শ্ব্রু পর্যন্ত নিজ্ব নিজ সম্প্রদায়ের দেবদেবীর ভজনপূজন করিতেছেন।"

সনাতনধর্মী সমাজে প্রচলিত ধর্মাহুষ্ঠানগুলি লক্ষ্য করলেই দেখা যাবে "স্ত্রী-আচার ব্যতীত অহুষ্ঠানগুলির মধ্যে যাহা কিছু করা হয়, তাহাতে বৈদিক পদ্ধতির সংশ্রব অত্যস্ত কম। তান্ত্রিক ও পৌরাণিক পূজাপদ্ধতির প্রচলনই হিন্দুসমাজে সমধিক।"

পুরাণে—প্রাণেও তদ্বের প্রভাব স্থান্ত লক্ষ্য করা যায়। প্রাণ বৈদিক স্বতি। কাজেই প্রাণে তন্ত্রকে সাধারণতঃ নিরুষ্ট শাস্ত্র বলেই গণ্য করা হয়েছে। তা সত্ত্বেও যথন প্রাণে তান্ত্রিক বিষয়কে স্বীকৃতি দেওয়া হয়েছে তথন বুঝতে হবে ধর্মামুষ্ঠানের ক্ষেত্রে

১ ছিমাজি, জোঠ, ১৩৬০ ২ তৃপ, পৃ: ৭

তন্ত্রমতের প্রভাব এত প্রবল ছিল যে পুরাণ তাকে অস্বীকার করতে পারেন নি। মন্ত্রগ্রাস, বক্ষপ্রভৃতি অভিচার কর্ম, পুজার সময় মণ্ডল তথা পদ্ম অন্ধন, বীরব্রতে কুমারী পূজা এই-সব তান্ত্রিক বন্ধ পুরাণে বিবৃত হয়েছে। কেউ কেউ মনে করেন নবম শতান্সীর প্রথমাংশ থেকে পুরাণে তন্ত্রকে প্রামাণ্য বলে স্বীকার করা হয়েছে।

শ্বৃতিনিবক্তে— সনাতনধর্মীদের সামাজিক জীবন নিয়ন্ত্রিত হয় শ্বৃতিশাল্পের বিধান অফুসারে। দীর্ঘকাল ধরে শ্বৃতিশাল্পের আকরগ্রন্থ অপেক্ষা নিবন্ধগুলির উপর লোকে অধিক নির্ভ্তর করেছে। লক্ষ্মীধর, মাধবাচার্য, জীমৃতবাহন, রঘুনন্দন, মিত্র মিশ্র, দেবণভট্ট, বিভাকর বাজপেয়ী প্রভৃতি ভারতের বিভিন্ন অঞ্চলের বহু শ্বৃতিনিবন্ধকার নিবন্ধগ্রন্থ রচনা করেন। এই-সব নিবন্ধগ্রন্থে তল্পের প্রভাবের প্রকৃষ্ট নিদর্শন পাওয়া যায়।

এই প্রসঙ্গে বিশেষ করে বাংলাদেশের কথা উল্লেখযোগ্য। পঞ্চদশ শতাব্দী থেকে বাংলাদেশে রঘুনন্দনের স্মৃতি অহস্মৃত হয়ে আসছে। রঘুনন্দনের 'অষ্টাবিংশতিতত্ত্ব' পর্যালোচনাকরলে তাঁর সময়ে তল্কের প্রভাবের স্থাপ্ট প্রমাণ পাওয়া যায়। ত্র্গোৎসবতত্ত্ব দেবপ্রতিষ্ঠাতত্ত্ব উদ্বাহতত্ত্ব প্রভৃতিতে তিনি তল্পশাস্ত্র থেকে প্রমাণ উদ্ধার করেছেন। তবে দেশে তান্ত্রিক ধর্মের যে ব্যাপক প্রচলন ছিল তার উৎকৃষ্ট প্রমাণ রঘুনন্দনের দীকাতত্ত্ব।

অবশ্য তান্ত্রিক প্রভাবের সব চেয়ে উচ্জ্বল নিদর্শন পাওয়া যায় যেথানে তান্ত্রিক ক্রিয়া বৈদিক ক্রিয়ারও অঙ্গীভূত হয়েছে। অক্ষরগ্রাস তান্ত্রিক ক্রিয়া। কিন্তু আহ্নিকতত্ত্বে বৈদিকী সন্ধ্যায়ও অক্ষরগ্রাসের বিধান দেওয়া হয়েছে।

ভারতব্যাপী প্রভাব—তন্ত্রের প্রভাব সমগ্র ভারতব্যাপী। আমরা পূর্বেই দেশের অধকাস্তাদি বিভিন্ন বিভাগে বিভিন্ন শ্রেণীর তন্ত্রের প্রচলনের কথা এবং বিভিন্ন অঞ্চলের গোড়াদি তান্ত্রিক সম্প্রদায়ের কথা উল্লেখ করেছি।

১ ত্রঃ মংস্তপুরাণ ২৬৬।১৯-৩০

२ ज: वे अंश्रेड ५-६७

ত স্ত্র পোহ ১-২২; ৬২/১৬-১৯; ৭২/০০, ৭৪/৬-৭

s ন্তঃ মংস্থপুরাণ ১০১২৭-২৮; Studies in The Puranic Records on Hindu Rites and Customs, 1940, pp. 260-61

e an Ibid

e Studies in The Puranic Records on Hindu Rites and Customs, 1940, p. 264.

৭ অষ্টাবিংশতিতস্বস্, ১৩৪৭ ৰাং ৮ ঐ

তবে অন্থমান করা হয় তদ্রমতের প্রধান কেন্দ্র ছিল প্রথমে ভারতের উত্তরপশ্চিম অঞ্চল। তার পর মধ্যযুগের পূর্বেই উত্তরপূর্ব ভারতে তাদ্রিক সম্প্রদায় মাথা চাড়া দিয়ে উঠে এবং উত্তরপশ্চিম অঞ্চলের তাদ্রিক সম্প্রদায়ের প্রধান প্রতিঘন্দী হয়ে দাঁড়ায়। এর পরে বিদেশী শাসনাদির কারণে উত্তর পশ্চিমাঞ্চলের তাদ্রিক সংস্কৃতি ক্রমশঃ ক্ষীণ হয়ে পড়ে এবং পূর্বাঞ্চল বিশেষকরে বাংলাদেশ তদ্রমতের প্রধান কেন্দ্র হয়ে উঠে।

বাংলাদেশে ভল্পপ্রভাব—ভারতের পূর্বাঞ্চলে বেদমার্গের কোনো কালেই বিশেষ প্রভাব ছিল না। এই অঞ্চলে বৌদ্ধ, জৈন এবং পরে তাদ্ধিক ধর্মের প্রাধান্ত লক্ষ্য করা যায়। বাংলাদেশে তল্পের বিশেষ প্রভাবের একটি প্রকৃষ্ট নিদর্শন "বাংলার প্রসিদ্ধ বংশগুলি এখনও তাদ্ধিক কোনো সিদ্ধপুরুষ বা আচার্যকেই পূর্বপুরুষরূপে পরিচয় দিয়া রুতার্থতা বোধ করে। কুলবধ্ তাদ্ধিক দীক্ষা গ্রহণ না করা পর্যন্ত পরিবারস্থ গুরুজন সেই বধ্র পক্ষার গ্রহণ করেন না এবং দেবগৃহের কোনও কাজে সেই বধ্ সহায়তা করিতে পারে না— এরূপ উদাহরণ কামরূপ হইতে রাচ্দেশ পর্যন্ত বহু সন্ত্রান্ত পরিবারে দেখিতে পাওয়া যায়।"

বাংলাদেশে তন্ত্রপ্রভাবের আরেকটি উত্তম নিদর্শন পাওয়া যায়। বিংশ শতাব্দীর প্রথম পাদ পর্যন্ত এদেশের সনাতনধর্মী সমাজের শিশুদের বর্ণপরিচয় করাবার সময় আঞ্জী দিয়ে আরম্ভ করা হত অর্থাৎ আঞ্জী আ আ এই ভাবে শেখান হত। লেখার বেলাতেও আঞ্জীচিহ্ন (৭) লিখিয়ে অক্যান্ত বর্ণ লেখান হত। অফুমান হয় এই আঞ্জী পরাশক্তিরই অবান্তরক্ষপ আঞ্জীকলা। এই আঞ্জীকলা মহানাদের উর্ধ্বস্থা ব্যাপিকাশক্তি। ত্বিষ্ঠির আদিতে এই শক্তি আবিভূতি। হন। সম্ভবত: এই কারণে বিভাশিক্ষার প্রারম্ভে আঞ্জীর নাম করা ও আঞ্জীর প্রতীকচিহ্ন ব্যবহারের প্রথা প্রচলিত ছিল।

আস্থান্থ প্রান্থে উদ্ধপ্রভাব—কাজেই বাংলাদেশে যে তদ্ধের প্রভাব প্রবল দে-বিষয়ে সন্দেহ নাই। কিন্তু আমরা পূর্বেই বলেছি এ প্রভাব সর্বভারতীয়। তবে বাংলার মতো কাশ্মীর কেরল প্রভৃতি অঞ্চলেও একদা তদ্ধের প্রভাব ব্যাপক ছিল। সাধারণভাবে বলা বায় ভারতের প্রত্যন্ত অঞ্চলগুলিতে তদ্ধের প্রভাব বেশী ছিল। দেখা বায় যে-সব অঞ্চলে বৌদ্ধাদি অবৈদিক মত প্রবল ছিল মোটের উপর সেই-সব অঞ্চলেই তদ্ধেরও প্রাধান্য অধিক।

. : .

১ ŚK. P., p. 24 ২ তপ, পৃঃ ৮

মহানাদন্তদৃধ্বে আঞ্জীরূপা ব্যাপিকাশক্তি: ।—ব নি, ক্লো ৪০-এর কালীচরণকৃত টীকা

আক্লীতি তির্গাক্ রেথারপমাত্রাকারা ইতার্থ:। ইয়ং শক্তিঃ স্ষ্টাদৌ আবি ভূতা ।—ঐ

সার্বজনীন প্রভাব—স্থানের দিক্ দিয়ে যেমন তত্ত্বের প্রভাব সারা দেশে ব্যাপ্ত তেমনি পাত্রের দিক্ দিয়ে সনাতনধর্মী সব সম্প্রদায়েই তত্ত্বের শাসন স্বীকৃত। সনাতনধর্মী প্রধান সম্প্রদায় তিনটি—শৈব শাক্ত ও বৈষ্ণব। এই তিন সম্প্রদায়েরই তত্ত্ব আছে।

সাধারণতঃ লোকে তন্ত্র বলতে বুঝে শাক্ত তন্ত্র আর তান্ত্রিক সাধনা বলতে শাক্ত তান্ত্রিক সাধনা। বিশেষ করে বৈষ্ণব সাধনাও ষে তান্ত্রিক সাধনা হতে পারে এ ধারণাই সাধারণ লোকের নাই। বলাবাহুল্য, এ-সব ধারণা ভ্রান্ত।

বৈষ্ণৰ সম্প্রদায়ের উপার তাল্লের প্রভাব— শৈবদের বিষয় পূর্বেই আলোচনা করা হয়েছে। বৈষ্ণবদের সাধনভন্ধনাজ্ঞান্ত আফুষ্ঠানিক ক্রিয়াকর্ম তন্ত্রমতে নিশার হয়। সাধারণতঃ বৈষ্ণবেরা সনৎকুমারতন্ত্র, গৌতমীয়তন্ত্র, শারদাতিলক ও ক্রমদীপিকার অম্পরণ করেন।

গুরুর কাছে দীক্ষাগ্রহণ প্রশ্বন ভৃতগুদ্ধি মাতৃকান্তাস পীঠন্তাস যত্ত্বে পূজা অন্তর্থাগ বহির্থাগ ও তার অঙ্গীভৃত শঙ্খাদি স্থাপন পীঠার্চন অঙ্গদেবতার পূজা প্রাণপ্রতিষ্ঠা আবাহন মৃত্যাবিরচন ধ্যান ধ্পদীপাদি দিয়ে পূজা জপ জপসমর্পণ আত্মসমর্পণ স্থাতি বিসর্জন ইত্যাদি ব্যাপার শাক্ততন্ত্রের মতো বৈষ্ণবতন্ত্রেও ব্যবস্থিত হয়েছে।

ভাবের ক্ষেত্রেও দেখা যায় বৈষ্ণব তান্ত্রিক মতের উপর শাক্ততান্ত্রিক মত যথেষ্ট প্রভাব বিস্তার করেছে। শৈবশাক্ষতন্ত্রের শিব ও শক্তি বৈষ্ণবতন্ত্রের কৃষ্ণ ও রাধা। নারদপঞ্চরাত্রে বলা হয়েছে যেমন ব্রহ্মস্বরূপ শ্রীকৃষ্ণ প্রকৃতিকে অতিক্রম করে রয়েছেন তেমনি রয়েছেন ব্রহ্মস্বরূপা নির্লিপ্তা দেবী। ইনি শ্রীরাধা। হরি যেমন নিত্য সত্য, ইনিও তেমনি নিত্যা সত্যস্বরূপা, কৃত্রিমা নন। শ্রীরাধা শ্রীকৃষ্ণের প্রাণাধিষ্ঠাত্রী দেবী। রাধাকৃষ্ণের মধ্যে কোনো ভেদ নাই, ত্ই এক। হৃদ্ধ আর তার ধবলতার মধ্যে যেমন কোনো ভেদ নাই, তেমনি এঁদের মধ্যেও ভেদ নাই। প

রাধা কৃষ্ণমন্ত্রী। এর অর্থ রাধা স্বরূপতঃ কৃষ্ণাভিন্না। বৃহদ্গোতমীয়তক্ত্রে বলা হয়েছে— পরদেবতা রাধিকা দেবী কৃষ্ণমন্ত্রী সর্বলক্ষ্মীমন্ত্রী সর্বকান্তিস্বরূপিণী ও সম্মোহিনী। 
শাক্তশৈব তদ্তের একটি পরম তত্ত্ব শিবশক্তির অবিনাভাবসম্বন্ধ। যেখানে ভেদ ক্ল্পনা

১ বধা ৰ ক্ষাৰক্ষপণ্ট একুফঃ প্ৰকৃতেঃ পরঃ। তথা ৰ ক্ষাৰক্ষপাচ নিৰ্দিপ্তা প্ৰকৃতেঃ পরা।—না প ২।এ০১

২ ন কৃত্রিমা চ সা নিজ্যা সভ্যরূপা যথা হরি:। প্রাণাধিষ্ঠাত্রী যা দেবী রাধারূপা চ সা মুনে।

<sup>—</sup>ঐ ২া৩াৎ৪-৫৫

० बत्त्रारेन्ट्रको न ट्लमन्ट द्रुक्षश्वनाद्रत्रार्थशे ।-- वे २।७।১७

করা হয় সেথানেও বলা হয় শক্তিহীন শিব শবতুল্য। শক্তিহীন শিবের আরাধনা হয় না। আরাধনার ক্ষেত্রে আগে শক্তির আরাধনা করে শিবের আরাধনা করতে হয়। কৃষ্ণের আরাধনা সম্বন্ধেও ঐ একই কথা। তাই গায়তীতন্ত্রে বলা হয়েছে—যদি কেউ শক্তিপূজা না করে কৃষ্ণপূজা করে তা হলে তার সে পূজা কাঠপূজার মতো ব্যর্থ হবে, এরূপ কৃষ্ণপূজায় গোহত্যার পাপ হবে।

আনে রাধা পরে কৃষ্ণ — শক্তির বা রাধার এই প্রাধান্ত নারদপঞ্চরাত্রেও স্বীকৃত হয়েছে। বলা হয়েছে আগে রাধার নাম উচ্চারণ করে পরে মাধব কৃষ্ণের নাম উচ্চারণ করতে হবে। কেউ তার বিপরীত করলে ব্রহ্মহত্যার পাপে লিগু হবে। প্রীকৃষ্ণ জগতের পিতা আর রাধিকা জগন্মাতা। মাতা পিতার চেয়ে শতগুণে গরীয়সী বন্দনীয়া ও পৃদ্ধনীয়া।

উক্ত গ্রন্থে আছে রাধার প্রাসাদেই রুষ্ণ গোলোকের অধীশ্বর এবং পরম প্রভূ। বাধার কবচ বর্ণনায় বলা হয়েছে পরমাত্মা রুষ্ণই প্রথমে ষড়ক্ষরমন্ত্রে রাধার পূজা করেন। অক্তর্ত্র বলা হয়েছে রাধার পাদপন্মে রুষ্ণ নিত্য ভক্তি-অর্য্য প্রদান করেন। ব

দীর্ঘকাল ক্রফারাধনা করলে লোকের যে-কাজ হয় স্বল্লকাল রাধারাধনা স্বারাই দে-কাজ হয়।

নির্বাণতত্ত্ব দেখা যায় শ্রীভগবান্ রাধার গৌরব ঘোষণা করে বলছেন—যারা প্রথমে রাধানাম যোগ করে কৃষ্ণনাম জপ করে আমি তাদের সদ্গতি প্রদান করি এ বিষয়ে কোনো সংশয় নাই।

বলেছেন—রাধা, শোন, ভক্তিতেই হোক আর অভক্তিতেই হোক ধারা তোমার আমার যুগলনামের পূজা করে তোমার প্রতি ভক্তির বলে আমি তাদের সদ্গতি প্রদান করি।

- > শক্তিপুজাং বিনা ভৱে বদি কৃষ্ণ প্রপুজয়ে । সা পূজা কাঠপুজাবদ গোহত্যা কৃষ্ণপুজনে।—গা ত, পঃ ।
- ২ আদৌ সমূচ্চরেদ রাধাং পশ্চাৎ কৃষ্ণক মাধবম্। বিপরীতং যদি পঠেৎ বু দ্ধহত্যাং লভেদ্ ধ্রুবম্।

  বিপরীক্ষা লগতাং তাতো লগন্মতা চ রাধিকা। পিতৃঃ শতগুণৈর্মাতা বন্দ্যা প্রায়সী।—না প ২।৬।৬-৭
- ৩ যক্তাঃ প্রসাদাৎ কৃষ্পন্ত গোলোকেশঃ পরঃ প্রভুঃ।—নারদপঞ্চরাত্রবচন, ত্রঃ ত ড, পৃঃ ৩৩৯
- ৪ প্রথমে পুজিতা যা চ কৃষ্ণেন পরমান্তনা। বড়ক্ষ্যা বিভয়া চ সা মাং রক্ষ্তু কাতরম্।—না প ২।৫।৩৫
- যৎপাদপদ্মে ভক্তার্ঘ্যং নিত্যং কুফো দদাতি চ ৷—ঐ ২।৬।১১
- ৬ আরাধ্য স্তুচিরং কৃষ্ণং বদ্ বৎ কার্যং ভবের ণাম। রাধোপাসনরা তচ্চ ভবেং বরেন কালত:।—এ ২।৬।৩১
- ৭ আদো রাধাং ভতঃ কুষ্ণং অপস্থি যে চ মানবাঃ। তেবাং চ সদ্গতিক্ষাত্র দাস্তামি নাত্র সংশয়ঃ।
  - —নি ত, পঃ €
- 💌 ভক্তা বাপাধবাংভক্তা জপন্তি বুগলং বদি। তব ভক্তা প্রদান্তামি সদ্গতিং শৃণু রাধিকে।—ঐ

রাধাক্তফের এই যুগলরূপ, এই বে এক হয়েও ছই এবং ছই হয়েও এক হওয়া, এইটি বৈষ্ণবের রাসলীলার চরম তন্ত্ব। রাধাক্তফের মিলনানন্দই বৈষ্ণবের চরম রসতন্ত্ব। এরই নাম সহস্রারে শিবশক্তির সামরশ্র।

সহস্রারে সহস্রার ক্রীকৃষ্ণ শাক্ত স্তমতে সহস্রার পরমশিবের স্থান। নারদপঞ্চরাত্রে সহস্রারকে শ্রীকৃষ্ণের স্থান বলে নির্দেশ করা হয়েছে। বলা হয়েছে ব্রাহ্মণ বালক মূলাধার স্বাধিষ্ঠান মণিপূর অনাহত বিশুদ্ধ এবং আজ্ঞা এই ষ্ট্চক্রের ভাবনা করে সহস্রদলপদ্মে স্বশক্তি কুণ্ডলিনীর সহিত অবস্থিত দ্বিভূজ পীতকোষেয়বাস সন্মিত স্থলর নবীনজলদকান্তি পরমেশ্বর স্বীয় প্রভূ শ্রীকৃষ্ণকে স্বস্থদয়ে দর্শন করলেন।

শহস্রদলপদা বা সহস্রারই গোকুল। ব্রহ্মগহিতায় বলা হয়েছে সহস্রপত্রকমল শীক্তফের সর্বোৎকৃষ্ট স্থান গোকুল। ভগবানের অনস্তর্মপের অংশসন্তৃত এই পদ্মের কর্ণিকাই সেই ধাম। এই কর্ণিকা একটি বটুকোণ মহদ্ যন্ত্র। এই যদ্রের কেন্দ্রে আছে ক্লাঁ-বীজরূপ হীরকসদৃশ কীলক। বটুকোণে বটুপদী অর্থাৎ ক্লাঁ কৃষ্ণায় গোবিন্দায় গোপীজনবল্পভায় স্বাহা এই বড়ঙ্কত অষ্টাদশাক্ষর কৃষ্ণমন্ত্র বিরাজমান। এই মন্ত্র প্রকৃতিপুক্ষরূপে অভিব্যক্ত। অথবা "এই কর্ণিকার উপরে প্রকৃতিপুক্ষ অর্থাৎ শ্রীরাধাকৃষ্ণ নিত্যরসরাস বিহার করেন।" এই ভগবদ্ধাম প্রেমানন্দ-মহানন্দরসরূপে অবস্থিত। এটি ক্লাঁ এই কামবীজবিশিষ্ট স্বয়ংপ্রকাশ মন্ত্রের স্থান। পূর্বোক্ত কর্ণিকার কিঞ্জন্ধ ভগবদংশ গোপদের ধাম এবং পদ্মের পাঁপড়ি ভগবৎপ্রেয়সী গোপীদের ধাম।

গোকুল আর গোলোক বস্তুত: একই। উর্ধ্বভূমিতে যা গোলোক নিম্নভূমিতে তাই গোকুল। গোলোক গোকুলেরই চিন্নমূম্বপ।

মূলাধারং স্বাধিষ্ঠানং মণিপুরমনাহতং। বিশুদ্ধ তথাজ্ঞাথাং বট্চক্রঞ্চ বিভাব্য চ।
 কুগুলিল্ফা অনজ্যা চ সহিতং পরমেধরং। সহস্রদলপ্যস্থং হদয়ে স্বায়নঃ প্রভুং।
 দদর্শ বিভজ্ঞং ক্রফং পীতকোবেঃবাসসয় । সন্মিতং হন্দরং শুদ্ধং নবীনজলদপ্রভন্।—না প ১।৩।৭০-৭২

সহস্রপত্রং কমলং গোকুলাখাং মহৎপদম্। তৎকর্ণিকারং তদ্ধাম তদনস্তাংশসম্ভবম্।
কণিকারং মহদ্বস্ত্রং বটুকোণং বক্তকীলকম্। বড়ঙ্গ-ষ্টপদী-স্থানং প্রকৃত্যা পুরুবেণ চ।
প্রেমানন্দ-মহানন্দ-রসেনাবস্থিতং হি বং। জ্যোতীর্নপেণ মমুনা কামবীজেন সংগতম্।
তৎকিঞ্লকং তদংশালাং তৎপত্রাণি প্রিয়ামপি।—বক্ষসংহিতা ২-৪

৩ বড়ঙ্গ বর্থা,—কৃষ্ণায়, গোবিন্দায়, গোপীজন, বল্লভায়, স্বা, হা।

<sup>—</sup>ज: Purport of ही. 8 of Brahma-Samhita

<sup>8 &#</sup>x27; E: Purport of Sl. 2 of Brahma-Samhita, Sree Brahma-Samhita, Gaudiya Math,

Madras, 1932, pp. 16-17

গোলোকেই অবস্থিত রাসমণ্ডল। এখানেই চলে রাধাক্তফের নিত্যরাসলীলা।
কাজেই সহপ্রারে শিবশক্তির সামরস্তের মতো রাধাক্তফের নিত্যমিলন। উভয়ক্ষেত্রে
তত্ত্ব একই, পার্থক্য শুধু নামের।

বৈষ্ণব রসভন্ধনা—রাধাক্ষণের মিলনসভ্তরসোপলন্ধিই বৈষ্ণবের রসভন্ধনাব চরম সিদ্ধি। রসভন্ধনাশ্লতঃ তান্ত্রিক সাধনা। কারণ এ সাধনা প্রকৃতিপুরুষাত্মক সাধনা।

শুদ্ধচিত্ত জিতেন্দ্রিয় পাধক ব্যতীত অক্য কারো রসতত্ত্বসাধনার অধিকার নাই। স্বামী
নিগমানন্দ পরমহংস লিথেছেন্—"কামকামনামুক্ত সাধক ব্যতীত অক্য কেহ রসতত্ত্ব ও
সাধ্যসাধনের অধিকারী নহে।" কারণ "জীবের আত্মন্ত হইয়া আত্মায় রাধাকৃষ্ণতত্ত্বের
বিকাশ করাই রসতত্ত্ব এবং তাহার সাধনাই সাধনা।" কামমৃক্ত হতে না পারলে জীব
আত্মন্থ হতে পারে না।

কাজেই এ সাধনা সকলের জন্ম নয়, অগ্রসর সাধকদের জন্ম। সাধারণের জন্ম শাক্ততন্ত্রে যাকে বলা হয় পশুভাবের সাধনা তাই বিহিত। এই অবস্থায় গুরুর আজ্ঞানুসারে শাস্ত্রসমত পবিত্র জীবন যাপন করতে হয়, কঠোরভাবে ইন্দ্রিয়সংযম করতে হয়, "সকল বিষয়ে শুচিশুদ্ধ থাকিয়া নামত্রদ্ধজ্ঞানে কেবলমাত্র শীভগবানের নাম জপ" করতে হয়।

এইভাবে দাধনার ফলে দাধকের যথন চিত্ত কামমৃক্ত হয়, দেহমন শুদ্ধ হয়, স্বস্তুরে ভগবংপ্রেম প্রবল হয়, তথনই তিনি রসতত্ত্বের দাধনা করতে পারেন। একে শাক্ততন্ত্রের ভাষায় বীর- বা দিব্য-ভাবের দাধনা বলা যায়।

ভাবগত রসতত্ত্বসাধনা—রসতত্ত্বের সাধনা দ্বিবিধ—ভাবগত এবং দেহগত। উভয়বিধ সাধনাই অতি ত্বরহ। ভাবগত সাধনা মানস ব্যাপার। তার সারকথা মোটাম্টি এই—সাধক আপনাকে অর্থাৎ জীবাত্মাকে শক্তি অর্থাৎ রাধা বা শিবানী এবং পরমাত্মাকে শীক্তফ বা শিব ভাবনা করবেন। তার পর স্ত্রীপুক্তবের মত জীবাত্মাপরমাত্মার শৃক্ষারসপূর্ণবিহার ভাবনা করবেন এবং সজ্যোগ থেকে উৎপন্ন পরমানন্দরসে মগ্ন হয়ে পরত্রন্দের সঙ্গে নিজেকে অভিন্ন ও পরমপ্রেমে প্রলীন চিস্তা করবেন।

**দেহগত রসভত্বসাধনা**—দেহগত রসতত্বসাধনা সম্বন্ধে মহামহোপাধ্যায় গোপীনাথ

১ বিভূজ: সোহপি গোলকে ৰজাম রাসমগুলে।—না প ২।৩।২১

२ व्यित्रिक श्वक, वर्ष मर, शृ: ১६१-६৮

७ खे, शुः ३२४

<sup>8</sup> कानीक्षत्र, यह मर, भुः ३०३-३०२

কবিরাজ মহাশয় লিখেছেন "প্রবৃত্ত, সাধক ও সিদ্ধভেদে বৈষ্ণব দেহসাধকগণ তিনটি অবস্থা স্বীকার করিয়াছেন। ক্রমশং দাসভাব, মঞ্জরীভাব ও স্থীভাব অবলম্বন করিয়াই এই তিনটি অবস্থা কল্পনা করা হইয়াছে। প্রথম ভূমিতে নাম ও মন্ত্র এই ছইটি আশ্রয় গ্রহণ করিতে হয়। ইন্দ্রিয়ের কঠোর সংযম, পবিত্র জীবন, তীর্থবাস, নাম ও নামীতে অভেদজ্ঞান, অপরাধ-বর্জিতভাবে সর্বদা নাম গ্রহণ এইসব কার্য প্রথম ভূমির বৈশিষ্ট্য। প্রথমতঃ শ্রীগুরুর চরণ আশ্রয় করিয়া চলিতে চলিতে নামে ফচি হইলে তাঁহার ক্রপায় মন্ত্রপ্রাপ্তি হয়। তাহার পর যথাবিধি সাধনপূর্বক মন্ত্রের চৈতক্তসম্পাদন করিতে হয়। যতক্ষণ মন্ত্রসিদ্ধি না হয় ততক্ষণ পর্যন্ত বা প্রারম্ভিক অবস্থাই চলিতেছে বৃঝিতে হইবে। প্রকৃত সাধনার আরম্ভ হয় বিতীয় ভূমি হইতে অর্থাৎ মন্ত্রসিদ্ধির পর।"

"বিতীয় ভূমিটি লাধকের ভূমি। এই লাধনা কুলাচার লাধনারই একটি বিশিষ্ট প্রকারমাত্র। ইহাতে প্রকৃতির লাহায্য আবশ্যক হয়। প্রথম ভূমিতে অফুষ্ঠিত লংস্কার-কার্যের ফলে মায়া বা কাম নির্ত্ত হইলে বিতীয় ভূমির লাধনাতে প্রবেশের যোগ্যতা লাভ হয়। প্রকৃত দেহলাধনা বিতীয় ভূমির লাধনারই নামান্তর। দেহলাধনার প্রথম লক্ষ্য দেহলিন্ধি অথবা সিদ্ধদেহলাভ এবং অন্তিমলক্ষ্য রসনিদ্ধি। রতি দ্বির না হইলে সিদ্ধদেহ প্রাপ্ত হওয়া যায় না। রতিলাধনা বিন্দুলাধনারই নামান্তর। বিন্দু অটল না হওয়া পর্যন্ত কর্তার বর্তমান থাকে। জীবভাব লইয়া প্রকৃতির লক্ষ করিলে পতন অবশ্যন্তারী। লাধনার প্রভাবে বিন্দু অটল হইলে বুঝিতে হইবে জীবভাব কাটিয়া ঈশ্বরভাবের উদয় হইয়াছে। ঈশ্বরভাবই স্বামীভাব। তথন প্রকৃতি পুরুষের রূপে পরিগণিত হইবার যোগ্য হয়। কিন্তু রসলাধক উহাও বর্জনীয় মনে করেন। কারণ জীবভাব ও ঈশ্বরভাব উভয়ের উর্ধের উঠিতে না পারিলে প্রকৃত রসলাধনা হয় না অর্থাৎ বিন্দু অটল হইলে ঈশ্বরভাব লইয়া যে-সাধনা হয় তাহার অতীত ভূমিতে সিদ্ধি। এইজন্য তৃতীয়টি সিদ্ধভূমি।"\*

কবিরাজমহাশয়বর্ণিত সাধনা বাংলার বাউলদের মধ্যে প্রচলিত। এঁদের সাধনা তান্ত্রিক সাধনা। এই সাধনায় সনাতন ধর্মীয় তন্ত্র ও বৌদ্ধ তন্ত্র উভয়ের ধারা মিশেছে। অবশ্র, বাউলের সাধনার সঙ্গে উক্ত উভয়বিধতন্ত্রসম্মত সাধনার মিল ষেমন আছে ভেমনি প্রভেদও আছে। বাউল ধর্মকে বৈষ্ণক সহজিয়াদের সাধনাংশের একটা বিশিষ্ট্রপ্রপ মনে করা হয়।

১ मেट्ट्र माधना, हिमाजि, ১৩৬२

২ দেহের সাধনা, হিমাজি, ১৩৬২

৩ জঃ বাংলার বাউল ও বাউলগান, ১ম সং, ১৩৬৪, পৃঃ ৮১-৮২ ৪ ঐ, চতুর্থ অধ্যায় ৫ ঐ, পৃঃ ৩৭১

বৈক্ষব সহজিয়া—বৈষ্ণব সহজিয়ারাও তান্ত্রিক সাধক। মহামোহপাধ্যায় গোপীনাথ কবিরাজ মহাশয় লিখেছেন "বৈষ্ণব সম্প্রদায়ের অন্ত ভূক্ত সহজ সাধকণণ পরম্পরা প্রচলিত তান্ত্রিক সাধনার ক্রম ধরিয়াই দেহসাধনা করিতেন।" বৈষ্ণব সহজিয়াদের সহজ সাধন শৃঙ্গাররসাত্মক সাধন। স্বামী নিগমানন্দ পরমহংসের মতে 'স্বভাবাত্মগত সাধনকে সহজ সাধন বলা ঘেতে পারে। একজন ভোগ ভালবাসে, তাকে যোগপছা প্রদান করলে তার স্বভাববিক্সক্র হয়। কিন্তু ভোগের ভিতর দিয়ে যোগপথে উন্নীত করতে পারলেই তা স্বভাবাত্মগত হওয়ায় 'সহজ' আখ্যা প্রাপ্ত হয়।

প্রাকৃত নরনারী মায়ার গুণরাগে রঞ্জিত বিকৃত মামুষ। আদি পুরুষ শ্রীকৃষ্ণ সহজ মামুষ। মামুষধাম নিতাবৃন্দাবনে সহজ মামুষ শ্রীকৃষ্ণ সহজমামুষ গোপগোপীগণের সঙ্গে নিতা মামুষলীলা করছেন।

প্রাক্ত মাত্র্য সহজ মাত্র্যের সহজভাবের অধিকারী হয়ে স্বরূপে সহজ মাত্র্যের ভজনা করেন। সহজভাবে সহজ-মাত্র্যের এইরূপ সাক্ষাৎ উপাসনাকেই সহজ ভজন বলা হয়।'

'নিতারন্দাবনে দাস, সথা, গুরু ( পিতামাতা ), কাস্তা এই চতুর্বিধ মাহুষ সহজমাহুষ শ্রীকৃষ্ণের নিতাসিদ্ধ সেবক। জগতেও এই চারভাবের চারপ্রকার সাধক বর্তমান। এঁদের সাক্ষাৎ উপাসনা সহজ ভজন। কিন্তু রসিকভক্তগণ মধুররদের অন্তরঙ্গ সাধক। তাই, তাঁরা মধুররদের সাক্ষাৎ উপাসনাকেই 'সহজ ভজন' বলে নির্দেশ করেছেন। অতএব, নায়কনায়িকার শৃঙ্গাররসাত্মক সাধন সহজ ভজন।'

সারকথা, বৈষ্ণব সহজিয়ারা রাধাক্তফের যুগলমিলনকেই সহজ মনে করেন। প্রকৃতি স্বরূপতঃ রাধা আর পুরুষ স্বরূপতঃ শ্রীকৃষণ। তাই তাঁরা প্রকৃতিপুরুষের মিলনের মধ্য দিয়েই সেই সহজকে লাভ করতে চান। এইজন্ম এঁদের সাধনা প্রকৃতিসহ শৃঙ্গাররসাত্মক সাধনা।

ভরের অসাম্প্রদায়িক উদার প্রভাব—তত্ত্বের একটি বিশেষ প্রভাবের বিষয় এই প্রসঙ্গে উল্লেখ করা ষায়। ধর্মবিষয়ক সাম্প্রদায়িক ছন্দের ক্ষেত্রে তন্ত্রশাস্ত্র একটি উদার মনোভাবের প্রবর্তন করেছে। বিশেষ সম্প্রদায়ের তত্ত্বে অন্ত সম্প্রদায়ের ক্লনায় সেই সম্প্রদায়ের গৌরব ঘোষণা এবং অন্ত সম্প্রদায়ের নিন্দাও আছে। কিন্তু মোটের উপর তত্ত্বে একটা অসাম্প্রদায়িক উদারতা প্রকাশ পেয়েছে সন্দেহ নাই। বৈষ্ণব এবং শাক্ত সম্প্রদায়েরই কথা ধরা যাক। তন্ত্রশাস্ত্রে উভয় সম্প্রদায়ের ধর্মামুষ্ঠানগত ক্রিয়াকর্মের মিল

১ (एट्ड्र गांधना, हिमाजि, ১७७२

२ (क्षिमिक्श्वन, हर्ष मर, शृ: ১৫०-১६১

এবং ভাবের ক্ষেত্রেও মিল লক্ষ্য করা গেছে। এ ছাড়া উভয়ের উপাক্ষের মধ্যে যে কোনো ভেদ নেই তাও স্পষ্ট ভাষাতেই তক্ষে বলা হয়েছে।

শাক্ত ও বৈষ্ণবের উপাস্থ অভিন্ন—বেমন ব্রন্ধাণ্ডতন্তে আছে মহাশক্তিকে বৈষ্ণবেরা কেউ কেউ খ্যামলস্থলর রুষ্ণরূপে, কেউ কেউ আবার চতু ভূজ শাস্ত মনোহর লক্ষীকাস্ত বিষ্ণুরূপে ধ্যান করেন।

গৌতমীয়কল্পে বলা হয়েছে—ষিনি কৃষ্ণ তিনিই তুর্গা, ষিনি তুর্গা তিনিই কৃষ্ণ। যে এঁদের মধ্যে ভেদ্দর্শন করে সে সংসার থেকে মুক্ত হতে পারে না।

আবার নারদপঞ্চরাত্রে বলা হয়েছে—কৃষ্ণের পরা কাস্তা যিনি তিনি এক, তিনিই ছুর্গা, তিনিই মহাবিষ্ণুস্বরূপিণী পরমা শক্তি । •

রাধা ও ক্লফে ভেদ নাই। আবার তুর্গা ও রাধাতেও ভেদ নাই। উক্ত গ্রন্থে দেখা যায় পার্বতী শ্রীকৃষ্ণকে বলছেন—বুন্দাবন বনে রাসে আমি তোমার বুকে রাধা।

সম্মোহনতক্ষেও হুর্গা ও রাধাকে এক বলা হয়েছে। যিনি নিত্যা পরা অন্ধরা তিনিই রাধা, তিনিই মহালক্ষী, তিনিই ত্রিগুণাত্মিকা, তিনিই হুর্গা।

দৃষ্টান্ত আর বাড়াবার প্রয়োজন নাই।

দশাবভার ও দশমহাবিছা—তত্ত্বে দশমহাবিছা আর বিষ্ণুর দশাবতার যে অভিন্ন তাও দেখান হয়েছে। তোড়লতত্ত্বে বলা হয়েছে — তারা মীন-অবতার, বগলা ক্র্ম-অবতার, ধুমাবতী বরাহ-অবতার, ছিন্নমন্তা নৃসিংহ-অবতার, ভুবনেশ্বরী বামন-অবতার,

<sup>&</sup>gt; ধ্যায়ন্তি তাং বৈষ্ণবাশ্চ কৃষ্ণং শ্রামলফুলরম্। কেচিচতু ভুজং শান্তং লক্ষ্মীকান্তং মনোহরম্। —ব্রহ্মাণ্ডতন্ত্রবচন, ত্রঃ ত ত, পুঃ ৩৫৩

যঃ কৃষ্ণ সৈব তুর্গা ভাদ যা তুর্গা কৃষ্ণ এব স:। অনুরোরন্তরাদশী সংসারাল্ল বিম্চাতে।
 —গোতমীয়কলবচন, য়ঃ বৃদ্ধসংহিতা ৩-এর জীবগোশামীকৃত টীকা

জানাত্যেকা পরা কান্তা দৈব তুর্গা তদায়িকা। যা পরা পরমা শক্তির্মহাবিষ্ণুবরূপিণী।

 —নারদপঞ্চরাত্রবচন, স্তঃ ঐ

তব বক্ষসি রাধাহং রাসে বুল্পাবনে বনে।—না প ১।১২।৫¢

यत्रामा नामि पूर्गारः গুণে গ্রুপবতী হাহম্। यদ্বৈভবান্মহালক্ষী রাধা নিত্যা পরাবয়া।
 —সন্দোহনতয়বচন, দ্রঃ ব্রহ্মসংহিতা ৩-এর জীবগোস্বামীকৃত টীকা

তারা দেবী মীনরপ বগলা কুম মুর্তিকা। ধুমাবতী বরাহ স্থাৎ ছিল্লমন্তা নৃদিংহিকা।
 ভ্রনেবরী বামন: স্থানাতকী রামমুর্তিকা। ত্রিপুরা জামদগ্যা: স্থান্ বলভদ্রস্ত ভৈরবী।
 মহালক্ষীর্ভবেৎ বুজো দুর্গা স্থাৎ কজিরাপিনী। স্বরং ভগবতী কালী কৃষ্ণমুর্তি: সমুন্তবা।
 ইতি তে কথিতং দেবাবতারং দশমেবহি।—তোড়লতয়ে, উঃ ১০

মাতঙ্গী শ্রীরাম-অবতার, ত্রিপুরা জামদগ্ন্য রাম-অবতার, ভৈরবী বলরাম-অবতার, মহালন্দ্রী বৃদ্ধ-অবতার,তুর্গা কম্বি-অবতার আর স্বয়ং ভগবতী কালী কৃষ্ণমূর্তি।

এবিষয়ে অবস্থ মতভেদ আছে। যেমন মৃগুমালাতত্ত্বে বলা হয়েছে— কৃষ্ণ সাক্ষাৎ কালী, জীরাম তারা, বরাহ ভ্বনেশ্রী, নৃসিংহ ভৈরবী, বামন ধ্মাবতী, পরভরাম ছিল্লমন্তা, মৎস্থ কমলা, কুর্ম বগলামুখী, বৃদ্ধ মাতঙ্গী এবং কহি যোড়শী।

এই ধরণের মতভেদ থাকলেও শাক্ত ও বৈঞ্বের উপাশ্ত যে এক এই মূলভাবটি সম্বন্ধে কোনো মতভেদ নাই।

এই প্রদক্ষে উল্লেখ করা যায় তল্পের এই উদার ভাবটি বাংলার শাক্ত পদাবলীতে অমুসত হয়েছে। এবিষয়ে শ্রেষ্ঠ শাক্তপদকর্তা রামপ্রসাদ অগ্রণী। কালীক্লফে যে ভেদ নেই কবি তাঁর রচনায় স্কম্পষ্ট ভাষায় এ কথা প্রচার করেছেন।

রাজা রামমোহন প্রবর্তিত ধর্মের মূলে তন্ত্রপ্রভাব—'বাংলা দেশের আধ্নিক ধর্মসম্প্রদায় বাদ্ধসম্প্রদায়। অনেকে মনে করেন বাদ্ধর্মের প্রবর্তক রাজা রামমোহন রায় তান্ত্রিক ছিলেন। তিনি শৈব বিবাহ করেছিলেন এবং তন্ত্রমতে সাধনা করতেন। রাজার শৈববিবাহের পত্নীর গর্ভজাত পুত্র তাঁর সঙ্গে বিলেতে গিয়েছিলেন।

বলা হয় রাজার তান্ত্রিক দীক্ষার গুরু ছিলেন সিদ্ধপুরুষ স্বামী হরিহরানন্দ ভারতী।
হরিহরানন্দ মহানির্বাণতন্ত্রের টীকা রচনা করেন। রাজা রামমোহনের নিজের হাতে নকল
করা এই টীকার পাঞ্জিপি পাওয়া গেছে। এই পাঞ্জিপিতে প্রত্যেক উল্লাদের প্রারম্ভে
রাজা লিথেছেন 'ওঁ নমো ব্রন্ধণে' আর নবম উল্লাদের প্রারম্ভে তিনি লিথে রেথেছেন
'শ্রীশ্রীনাথপাদাম্বুজে নিয়তং মতিরস্ভ মে।'—শ্রীগুরুর পাদপদ্মে আমার নিয়ত মতি থাক।
রাজা যে গুরুর কাছে দীক্ষা গ্রহণ করেছিলেন এই উক্তিতে তার সমর্থন পাওয়া যাচ্ছে।

মহানির্বাণতশ্রোক্ত ব্রন্ধোপাসনাকে রাজা রামমোহনপ্রবর্তিত ধর্মের অগ্যতম অবলম্বন মনে করা হয়। বলা হয় উক্ত তল্কের প্রথম তিন উল্লাস রাজার ধর্মতের ভিত্তি।'

রাজার মৃত্যুর পর ব্রহ্মোপাসকসমাজে যে-পরিবর্তন এল তার ফলে তাঁদের মধ্যে মহানির্বাণ-তন্ত্রের প্রভাব আর রইল না। উক্ত তন্ত্রোক্ত একমাত্র ব্রহ্মস্টোত্রটি® ঈষৎপরিবর্তিত আকারে

১ কৃষ্ণস্ত কালিকা সাক্ষাদ রামম্ভিশ্চ তারিণী। বরাহো ভুবনা প্রোক্তা নৃসিংহো ভৈরবীধরী। ধুমাবতী বামন: ভাচ্ছিলা ভ্তত্ত্বোত্তব:। কমলা মংস্তরপ: ভাং কৃষ্পত্ত বলাম্থী। মাতলী বৌদ্ধ ইত্যেবা বোড়শী কৃষ্ণিরণিণী।—ম্ভুমালাত্ত্রবচন, জঃ পু চ, তঃ ১, পঃ ১৯

e Gr. L., 3rd Ed., Intro., p. vii; P. T., Part II, 2nd Ed., pp. 557-558; T. T., Vol. XIII, Introduction

নরন্তে সতে সর্বলোকাশ্রয়ায় নয়ন্তে চিতে বিশ্বয়পায়কায়।
 নমোহবৈততত্ত্বায় মুক্তিপ্রদায় নমো বুক্ষণে ব্যাপিনে নিশুর্ণায়।

তাঁদের উপাসনায় স্থান পেয়েছে। তবে রাজার মৃত্যুর পরেও মহানির্বাণতম্ব যে তদানীস্তন ব্রাহ্মসমাজে একেবারে অনাদৃত ছিল না তার প্রমাণ ১৮৭৬ খৃঃ আনন্দচন্দ্র বেদাস্তবাগীশের সম্পাদনায় মহানির্বাণতম্ব সর্বপ্রথম মৃত্রিত ও প্রকাশিত করেন আদিবাক্ষসমাজ।

সংক্ষেপে তল্পের প্রভাব সম্বন্ধে সাধারণভাবে বলা যায় বেদসংহিতার পরবর্তী যুগের ভারতোভূত কোনো প্রধান ধর্মই এই প্রভাবসূক্ত নয়। একমাত্র জৈনধর্ম এর ব্যতিক্রম মনে হয়।

নাথসম্প্রদায়ের উপর তল্পের প্রভাব— এ সম্পর্কে নাথধর্মের কথা বিশেষভাবে উল্লেখযোগ্য। নাথসম্প্রদায় ভারতের একটি অন্ততম প্রধান ধর্মসম্প্রদায়। একদা এই সম্প্রদায় খ্বই শক্তিশালী ছিল। "নাথধর্মকে হিন্দুতন্ত্র ও বৌদ্ধযোগতত্ত্বের সংমিশ্রণ বলা যাইতে পারে।" ১

বৌদ্ধ জন্ত্র—তবে সনাতন ধর্মের বাইরে তন্ত্রের সব চেয়ে বেশী প্রভাব পড়ে বৌদ্ধর্মের উপর। এই প্রভাবের ফলে বৌদ্ধর্মের এক নৃতন রূপ দেখা দেয়। একে বলা হয় তায়িক বৌদ্ধর্ম। তাল্লিক বৌদ্ধর্ম মহাযান বৌদ্ধরতের থেকে উভুত। বক্সযান সহন্দর্যান এবং কালচক্রয়ানে তাল্লিক বৌদ্ধর্ম অফুস্ত হয়েছে। এই তিন যানের সাধারণ নাম মন্ত্র্যান।

বজ্রখান ও সহজ্ঞখান— তবে তাত্ত্বিক বৌদ্ধর্ম বলতে সাধারণতঃ বজ্ঞখান এবং সহজ্ঞখানকেই বুঝায়। বজ্ঞখানই প্রধান। কেন না সহজ্ঞখান ও কালচক্রখান বজ্ঞখানেরই দ্ধপান্তর বিশেষ। বজ্ঞখানে ও সহজ্ঞখানে একই গুল্ল সাধনার ত্ই দ্ধপ প্রকাশ পেয়েছে। বজ্ঞখানে দেবতা মন্ত্র মুদ্রা মণ্ডল প্রভৃতি সহ সাধনার বাহাস্ক্রখানের উপর বিশেষ গুরুত্ব আবোপ করা হয়। বজ্ঞখানীদের মতে প্রজ্ঞাকে প্রবৃদ্ধ করার জন্ম এ-সব অন্তর্ভানের আবশ্রক।

ত্মকং শরণাং ত্মকং বরেণাং ত্মকং জগৎকারণং বিষশ্পন্।
তমকং জগৎকর্তুপাতৃপ্রহ তি তমকং পরং নিশ্চলং নির্বিকলন্।
ভয়ানাং ভরং ভীষণং ভীষণানাংগতিঃ প্রাণিনাং পাবনং পাবনানান্।
মহোটিচঃপদানাং নিয়ন্ত্ ত্মেকং পরেবাং পরং রক্ষকং রক্ষকাণান্।
পরেশ প্রভো সর্বরূপাপ্রকাশিন্ অনির্দেশ্ত সর্বেক্রিয়াগম্য সত্য।
অচিন্ত্যাক্ষর ব্যাপকাব্যক্ত তত্ত্ব জগভাসকাধীশ পায়াদপায়াং।
তদেকং প্ররামন্তদেকং জপামঃ তদেকং জগৎসাক্ষিরাপং নমামঃ।
সদেকং নিধানং নিরালন্ধমীশং ভবাস্তোধিপোতং শরণাং ব্রজামঃ।—মহা ত ৩।১৯-১৩

<sup>&</sup>gt; T. T., Vol. XIII, Intro. p. VIII

२ नाधमत्व्यनारम्ब ইতিহাস नर्गन ও সাধনপ্রণালী, ১৯৫০, পৃঃ ১৫৬

সহজ্বানে অন্তর্ক গুছু সাধনার উপর বেশী জোর দেওয়া হয়। <sup>১</sup> 'সহজ্বানীদের কাছে বাহাম্চানের কোনো মূল্যই ছিল না। <sup>১৯</sup>

কালচক্রমান—পূর্বেই বলা হয়েছে কালচক্রমান বক্সমানেরই রূপবিশেষ। শ্রীকালচক্র-মূলতন্ত্রে কালচক্রমানের যে-বিবরণ পাওয়া যায় তাতে দেখা যায় এই মত অমূলারে নরদেহেই আছে বন্ধাও আর দিন রাত্রি পক্ষ মাল বৎসরাদিতে বিভক্ত কাল আছে প্রাণবায়ুর প্রবাহের মধ্যে। এই প্রয়ে সহজের বিবরণ দেওয়া হয়েছে এবং সহজকে লাভ করতে হলে শক্তিসহ যে-যোগসাধনা করতে হয় তারও বিস্তৃত বিবরণ দেওয়া হয়েছে। বক্সমানে আর কালচক্রমানে মতের দিক্ দিয়ে কোনো পার্থক্য নাই। তবে কালচক্রমানে যোগের উপর বেশী গুরুত্ব আরোপ করা হয়।

তান্ত্রিক বৌদ্ধর্মের উত্তরহৈতু — মহাযানী বৌদ্ধদের লক্ষ্য ছিল সর্বমানবের নির্বাণ। এই জন্য আপামরসাধারণকে তাঁরা বৌদ্ধর্মের আওতায় আনতে চেয়েছিলেন। তাই বৌদ্ধর্মকে জনপ্রিয় করে তোলার চেটা তাঁরা করেন। আর তা করতে গিয়েই জনসাধারণের মধ্যে প্রচলিত তন্ত্রসম্মত নানা বিশ্বাস নানা আচার অফুষ্ঠান তাঁদের বৌদ্ধর্মের অন্তর্ভুক্ত করে নিতে হয়। সাধারণ লোকে মন্ত্রশক্তিতে বিশ্বাস করে। বহু দেবদেবী আছেন এবং তাঁদের পূজা করলে তাঁদের রূপায় ইট্রলাভ হয় ও অনিষ্টপরিহার করা যায় এ তাদের নিশ্চিত বিশ্বাস। তারা বিশ্বাস করে মন্তর্ভন্তর বারা বিপমুক্ত হওয়া যায়, শক্রদমনাদি করা যায় এবং মায়্ম্য নানা রকম অলৌকিক ক্ষমতা লাভ করতে পারে। এই সমস্তর ব্যাপার সবই জনপ্রিয় তন্ত্রমতের অন্তর্গত। এই সমস্তকে মহাঘানীরা ক্রমে ক্রমে গ্রহণ করায় বৌদ্ধর্মের রূপ বদলে গেল। এই নৃতন রূপই তান্ত্রিক বৌদ্ধর্মে। গৌতমবৃদ্ধ-প্রচারিত ধর্ম থেকে এ ধর্ম পৃথক্। পূর্বেই বলা হয়েছে এই তান্ত্রিক বৌদ্ধর্মের অমুসরণকারীরা বজ্বযানী সম্প্রদায় নামে পরিচিত হলেন।

এই প্রদক্ষে উল্লেখ করা যায় বৌদ্ধর্মে তন্ত্রাচার প্রবেশের ক্ষেত্র প্রস্তুত হচ্ছিল বুদ্ধের সময় থেকেই। সাধারণ মাফ্র স্বভাবসম্মত প্রবৃত্তির পথে ধর্মসাধনা করতে চায় ও করতে পারে। স্বভাববিম্থ কঠোর নিবৃত্তিমার্গী ভিক্ষ্ধর্মের যথার্থ অধিকারী লোক বেশী মিলে না। অথচ, বৃদ্ধদেব নির্বিচারে সব লোককেই ভিক্ষ্ করতে লাগলেন। ফলে এমন সব লোক ভিক্ষ্যক্তে ঢুকে পড়ল যারা ভিক্ষ্ধর্ম যথোচিত পালন করতে পারত না। বিনয়পিটকে

<sup>3</sup> Bagohi., Evolution of the Tantras, C. Her. I, Vol. IV., P. 220

२ वा है, शृः ७०१

o. R. C., pp. 26-27

এই-সব ভিক্দের কথা পাওয়া যায়। এয়া সম্বান্ত পরিবারের স্ত্রী, কন্তা, যুবতী এবং ক্রীতদাসীদের ফুলের মালা পাঠাত। এদের সঙ্গে একাসনে বসত, একই মাত্ররে একই শয়ায় একই আচ্ছাদনে শয়ন করত। এরা যথন খুশি থেত, তীত্র হ্বরা পান করত এবং সঙ্গীত ও নৃত্য করত। এসব কথা বৃদ্ধদেবের কানে যায় এবং তিনি তাঁর কয়েকজন বিশ্বন্ত শিশ্বকে ক ভিক্দদের সম্পর্কে 'প্রজ্জনীয় কম্ম' করার জন্ত অর্থাৎ এদের বহিষ্কৃত করার জন্ত পাঠিয়ে দেন।' এই শ্রেণীর ভিক্ষ্রাই কালে স্বভাবের অন্তর্কুল পথে ধর্মসাধনার মে-মত দেশে প্রচলিত ছিল সেই তম্বমতকে বৌদ্ধর্মের অন্তর্কুক করে নেয় অর্থাৎ বৌদ্ধ আবরণ দিয়ে তান্ত্রিক সাধনাকে গ্রহণ করে।

বৌদ্ধতান্ত্রিক গুরু সাধনার মূলতত্ত্ব— সনাতন ধর্মী তান্ত্রিক সাধনার মতো বৌদ্ধতান্ত্রিক সাধনাও বিবিধ—বহিরঙ্গ আর অন্তরঙ্গ। গুরু অন্তরঙ্গ সাধনার মূলতত্ত্ব উভয়তন্ত্রমতে
একই রকম। এটি পরম একের তত্ত্ব। এই তব্ব বস্তুতঃ উপনিষ্ধ-প্রোক্ত অন্বয়ন্ত্রন্তর। সাধারণভাবে বলা যায় সনাতনধর্মী তন্ত্রোক্ত শিবশক্তির অবিনাভাবসম্বদ্ধ এবং সামরশু আর বৌদ্ধতন্ত্রের
যুগনদ্ধ এই অন্তয়ন্ত্রন্ত্রই বিশেষক্রপ। যুগনদ্ধ সম্বদ্ধে 'পঞ্চক্রম'-এ বলা হয়েছে— হৈতকল্পনা বর্জনের দ্বারা সংসারনির্ত্তি হলে এবং পরমার্থতঃ সংক্রেশ (প্রপঞ্চ) ও ব্যবধান
(পরমতত্ত্ব) অবগত হলে যে-একীভাব উপলব্ধ হয় তাই যুগনদ্ধ। এবার বলা হয়েছে
প্রজ্ঞা ও করুণার ঐক্য যুগনদ্ধ। এর ক্রম বৃদ্ধগোচর। ত

সাধনমালার মতে শূণ্যতা ও করুণার ঐক্যবদ্ধ কায়া একের স্বাভাবিক কায়া। একে নপুংসক বলা হয় আবার যুগনদ্ধও বলা হয়।

আমরা যুগনদ্ধের বিষয় পূর্বেও একবার আলোচনা করেছি। দেখা গেছে শৃগুতা ও কঙ্গনা কিংবা প্রজ্ঞা ও করুণা অথবা প্রজ্ঞা ও উপায়ের ভাবকল্পনা শিবশক্তির ভাবকল্পনারই বৌদ্ধরূপ। মহামহোপাধ্যায় গোপীনাথ,কবিরাজ মহাশয়ও মস্তব্য করেছেন "বলা বাহুল্য,

Vinaya Pitaka, Cullavagga, 1/18, S. B. E., Vol. XVII

সংসারনিবৃত্তিশ্চেতি কলনাম্মবর্জনাৎ। একীভাবে। ভবেদ্ যত্র যুগনদ্ধং তত্ত্বচাতে।
 সংক্রেশং ব্যবধানক জ্ঞাত্বা তু প্রমার্থতঃ।—পঞ্চত্রমবচন, জ্র: O. R. C., p. 82, f. p. 1

০ প্রজ্ঞাকরণয়োরৈকাং জ্ঞা(নং) যত্র প্রবর্ততে। যুগনক ইতি খাতে ক্রমোহয়ং বৃদ্ধগোচরঃ।—এ

এক: স্বাভাবিক: কায়: শৃশ্যতাকয়পায়য়:। নপু:সকমিতি প্যাতো য়ৢগনয় ইতি য়িচিং।

<sup>-</sup>Sadhanamala, Vol. II, p. 505

ভন্তশাম্বে শিব ও শক্তির যে স্থান কিংবা যে তাৎপর্য, বজ্রমান ও সহজ্ঞযানের শৃত্য ও করুণা অথবা বক্ত্র ও কমলেরও অনেকাংশে সেই স্থান ও তাৎপর্য। স্থতরাং অর্বাচীন বৌদ্ধ সাহিত্যে যে শৃত্যতা ও করুণার মিলনের কথা বর্ণিত দেখা যায় অথবা গোপনে বজ্ঞের সঙ্গে কমলের সংঘটনের বিবরণ প্রাপ্ত হওয়া যায়, সেখানে তন্ত্রোক্ত শিবশক্তির মিলনই বুঝিতে হইবে।"

লক্ষ্য করা গেছে সনাতনধর্মী তন্ত্রের একটি বিশিষ্ট মত পিগুব্রহ্মাণ্ডবাদ। এই মত গুহু বৌদ্ধতান্ত্রিক সাধনারও সিদ্ধান্তগত অগ্যতম মূলভিত্তি। তা ছাড়া অন্তরঙ্গ সাধনার সনাতন-ধর্মী তন্ত্রোক্ত যৌগিক প্রক্রিয়াদির মতো যৌগিক প্রক্রিয়া অন্তরঙ্গ বৌদ্ধতান্ত্রিক সাধনায়ও নির্দিষ্ট হয়েছে।

বৌদ্ধর্মের উপর তন্ত্রের প্রভাবের কয়েকটিমাত্র দৃষ্টান্তের উল্লেখ করা হল। এ বিষয়ে বিস্তৃত আলোচনার অবকাশ এখানে নেই।

ভারতের বাইরে ভল্লের প্রভাব—তল্লের প্রভাব ভারতের বাইরের কোনো কোনো ধর্মসম্প্রদারের মধ্যেও লক্ষ্য করা যায়।

ইছদীদের মধ্যে—যেমন, ইছদীদের মধ্যে কবল নহ্ (Kabbalah) নামে একটি মরমী মত আছে। একে ইছদী তছ্মত বলা যায়। এই মতের দঙ্গে স্ফীমতের ঐতিহাসিক যোগাযোগ এবং প্রক্রত সাদৃশ্য আছে। বর্ণের শক্তি, যাত্মন্ত ও কবজতাবিজ, দেবতা থেকে স্ষ্টির প্রকাশ বা বিবর্ত, তন্ত্রের পিগুব্রহ্মাণ্ড তত্ত্বের মতো তত্ত্ব, এই-সব উক্ত মতের অন্তর্ভুক্ত। এই সমস্ক সবই ভারতীয় তন্ত্রবর্ণিত বিষয়।

কৰলহ কথাটার অর্থ পরম্পরা বা সম্প্রদায়ক্রমে প্রাপ্ত মত।

আমরা লক্ষ্য করেছি তক্সমত গুরুশিশ্বপরাক্রমে বা সম্প্রদায়ক্রমে প্রচারিত হয়। কবলহ্মতে সীমার জগৎ অসীম ঈশবের থেকে নিঃস্ত হয়েছে যেমন কোনো ভাশব পদার্থ থেকে রশ্মি নিঃস্ত হয় তেমনি। ও এটি তদ্ধাক্ত বিবর্তবাদ বা পরিণামবাদ। কবলহ্মতে পিও (Microcosm) এবং ব্রহ্মাণ্ডের (Macrocosm) ঐক্য স্বীকৃত। এটি একটি বিশিষ্ট তান্ত্রিক দিদ্ধান্ত।

অহমান করা হয় কবলেহ্ মিশর থেকে ইউরোপে ছড়ায়। নবম শতাব্দীতে মিশরে এর প্রচলন ছিল, তার পরে ইউরোপে যায়। মিশরের সঙ্গে ভারতের যোগাযোগ ছিল অতি

<sup>্</sup> ১ উত্তরা, কার্তিক, ১৩৩৪ বাং

<sup>₹</sup> H. B., Vol III, pp. 461-462

<sup>♥</sup> W: Kabbalah in E- B. 8 Ibid

প্রাচীনকাল থেকেই। এ রকম অবস্থায় কললহ ভারতীয় তন্ত্রমত থেকেই গৃহীত হয়েছে। এক্রপ অনুমান অযৌক্তিক হবে না।

খৃষ্টানদের মধ্যে—খৃষ্টানদের ধর্মান্থর্চানের মধ্যে কয়েকটি তান্ত্রিক ক্রিয়া লক্ষ্য করা যায়। অথবা বলা যেতে পারে তান্ত্রিক ক্রিয়ার অন্থরপ ক্রিয়া লক্ষ্য করা যায়। রোমান ক্যাথলিক-দের ব্যাপ্টিজম্ বা খৃষ্টানকরা ব্যাপারটিতে দেখা যায় পবিত্র জল ছিটান হয়, এ ব্যাপারটিকে তান্ত্রিক অভিষেকক্রিয়ার অন্থরূপ বলা যায়। হাত দিয়ে ক্রেশ-চিহ্ন রচনা করতে দেখা যায়, একে বলা যায় তান্ত্রিক মূলা। তার পরে 'পিতার নামে ইত্যাদি' (in the name of the Father) বলে মন্ত্র পড়া হয়।'

খৃষ্টানদের ইউকেরিষ্ট (Eucharistic Sacrifice) নামে অফুষ্ঠানে যে কটি ও মদ উৎসর্গ করা হয় সেই কটি ও মদকে খৃষ্টের মাংস ও রক্ত মনে করা হয়। খৃষ্টানরা এই কটি ও মদ খান। এটি তাঁদের ধর্মানুষ্ঠানের অঙ্গ। তান্ত্রিক সাধনায় যে মছ ও মূদ্রা ব্যবহার করা হয় তাও ভগবজীরই রূপবিশেষ বলে গণ্য।

রোমান ক্যাথলিকদের উপর ভারতীয় তন্ত্রমতের প্রভাব পড়েছিল কি না নির্ণয় করা কঠিন। তবে উপরে বর্ণিত ক্রিয়াকর্মের বিষয় বিবেচনা করলে একটি সিদ্ধান্তের কথা সহজেই মনে আসে—জগতের সর্বত্রই মামুষের আদিম অবস্থা থেকেই কতকগুলি সাধারণ বিশাস ও সংস্কার প্রচলিত ছিল। মামুষের প্রাচীন ধর্মে সেগুলি প্রভৃত পরিমাণে স্থান পায় এবং পরবর্তীকালের লোকপ্রিয় ধর্মমতগুলিতেও সে-সব একেবারে পরিত্যক্ত হয় নি, কোনো না কোনো আকারে থেকে গেছে।

তান্ত্রিক ক্রিয়াকর্মের অব্যাতম উৎস — তত্ত্বে দেই-সব প্রাচীন বিশ্বাস এবং সংস্কার স্থান পেয়েছে এবং অনেক তান্ত্রিক ক্রিয়াকর্মের উৎসও দেই-সব বিশ্বাস ও সংস্কার। এই-জন্ম ভারতের বাইরের কোনো কোনো ধর্মসম্প্রদায়ের অনুষ্ঠানে তান্ত্রিক ক্রিয়াকাণ্ডের অনুরূপ ক্রিয়াকাণ্ড কোথাও কোথাও কক্ষ্যাকরা যায়।

এদিক্ দিয়ে বিচার করলে অবশ্য জগতের সব ধর্মেরই মূল উৎস আদিম মানবের বিশাস ও সংস্কার। কাজেই তদ্মোক্ত গমেরও সেই একই উৎস। তবে এক্ষেত্রে তদ্ধমতের বিশেষত্ব আছে। তদ্ধমতই একমাত্র ধর্মমত যাতে নিম্নতম স্তরের ধর্মবিশাস থেকে আরম্ভ করে উচ্চতম স্তরের ধর্মত্ব পর্যন্ত সমস্ভেরই স্থান আছে এবং সেই অফুসারে সাধনাও বিহিত হয়েছে।

<sup>&</sup>gt; H. B., Vol. I, P. lxxxvi; Vol. II, p. 275

२ वछकथा, १७२१, शृ: १०२

ভারের প্রাচীনত্ব—এই প্রদক্ষে তত্ত্বর প্রাচীনত্বের প্রশ্নটি এসে পড়ে। মানবের আদিম বিশ্বাস ও সংস্কারকে, মানবহৃদয়ের বাসনাকামনাকে অবলম্বন করে তত্ত্বমত গড়ে উঠেছে। এই হিসাবে তত্ত্বের প্রাচীনত্বের ঐতিহাসিক পরিমাপ করা যায় না।

আবার শাস্ত্রবিশ্বাসী সাধকদের কাছে তন্ত্র সনাতন। কেন না তন্ত্রের প্রধান বিষয় ব্রহ্ম।
ব্রহ্ম ষেমন সনাতন তেমনি আগমনিগম অর্থাৎ তন্ত্রশাস্ত্রও সনাতন। যা সনাতন তার
কালনির্ণয়ের প্রশ্নই উঠে না। বিশেষতঃ এঁরা মনে করেন সাধনশাস্ত্র তন্ত্রের প্রামাণিকতা বা
গৌরব ঐতিহাসিক কালনির্ণয়ের উপর নির্ভর করে না, নির্ভর করে এই শাস্ত্রবিহিত
সাধনার ছারা সিদ্ধিলাভ করা যায় কি না তার উপর। এ রকম অবস্থায় তন্ত্রের কালনির্ণয়ের
কোনো প্রয়োজনীয়তা এঁরা স্বীকার করেন না।

কিন্তু যাঁরা কোনো শান্তেরই সনাতনত্ব স্বীকার করেন না তাঁরা ধেমন বেদেরও কালনির্ণরের চেষ্টা করেন তেমনি তন্ত্রেরও করেন। কিন্তু কাজটি অত্যন্ত কঠিন। বিশেষ করে তন্ত্রের ক্ষেত্রে আরও কঠিন। কেন না তন্ত্র গুহু সাধনশান্ত্র। এ শান্ত গুহুগম্য। লিপিবদ্ধ হওয়ার আগে গুহুপরম্পরায় বহুকাল চলে এসেছে এক্সপ মনে করার হেতৃ আছে। তন্ত্রগ্র মুদ্রিত হওয়ার পূর্বে তান্ত্রিক গুহুরা তন্ত্রের পূর্বি পর্যন্ত সম্প্রদারের বাইরের লোককে দেখতে দিতেন না। এখনও এমন-সব রক্ষণশীল ব্যক্তি আছেন যাঁরা তন্ত্রের পূর্বি সম্প্রদারের বাইরের লোকের হাতে পড়তে পারে এই আশহ্রায় সে-পূর্বি কিছুতেই হাতছাড়া করেন না। এর থেকেই অনুমান করা যায় তান্ত্রিক গুহুরা অতান্ত্রিকদের হাতে পড়তে পারে এই আশহ্রায় তন্ত্রশান্ত্র প্রথমে হয়ত লিপিবদ্ধই করেন নি।

তা ছাড়া তন্ত্রও শ্রুতি বলে গণ্য। শ্রুতি অর্থ যা গুরুমুখে শ্রুত। কাজেই তন্ত্র যে লিপিবদ্ধ হওয়ার পূর্বে দীর্ঘকাল গুরুপরশ্পরায় সম্প্রাদায়ক্রমে চলে এসেছে তা এই শ্রুতিনামের থেকেও অন্থমান করা যায়। তবে কতকাল এরূপ ভাবে চলেছে তা নিশ্চিতরূপে নির্ণয় করার কোনো উপায় নেই।

ভত্তের কালবিভাগ—তবু তত্ত্বের মোটামৃটি একটা কালবিভাগ করা হয়। যথা

- (১) প্রাচীন অপবা বৃদ্ধপূর্বযুগ। প্রাগৈতিহাসিক যুগ থেকে এর আরম্ভ।
- (২) মধ্যযুগ। বুদ্ধপরবর্তী এই যুগ মোটামৃটি ১২০০ খৃঃ পর্যস্ত বিস্তৃত।
- (৩) আধুনিক যুগ। ১২০০ খৃষ্টাব্দের পর থেকে এই যুগের আরম্ভ ধরা যায়।
  প্রাচীন যুগ— প্রাচীনযুগের কোনো তন্ত্রগ্রন্থ পাওয়া যায় নি। অনুমান এই সময়ে

Introduction to Karpuradistotra, T. T., Vol. IX, p. 4.

<sup>₹</sup> Sakta Philosophy: H. Ph. E. W., Ist Ed. Part I, p. 402.

তন্ত্র শ্রুতি-আকারে ছিল। তন্ত্রোক্ত অনেক বস্তর নিদর্শন এই সময়কার নানা প্রের পাওয়া বায়। দেবতা অপদেবতা প্রভৃতির তৃষ্টিবিধান, মন্ত্র ওষধি প্রভৃতির অলোকিক শক্তিতে বিশ্বাস, ঐক্তঞ্জালিক ক্রিয়াকর্ম এ-সব আদিম মানবসমাজে ছিল, বেদসংহিতাতেও এ-সবের নিদর্শন আছে, মোহেঞ্জোদড়োতে মাতৃকাদেবী এবং লিঙ্গধোনিপ্রতীকের পূজা আর মন্ত্রতন্ত্র কবচতাবিজে বিশ্বাসের নিদর্শন পাওয়া গেছে। আমরা পূর্বেই এ-সবের উল্লেখ করেছি।

বৈদিক যাগযভ্জে মভামাংশাদির ব্যবহারের কথাও আমরা পঞ্চমকারসাধনার প্রসঙ্গে আলোচনা করেছি।

আরও কোনো কোনো তান্ত্রিক বস্তুর পূর্বন্ধণ বৈদিক সাহিত্যে পাওয়া যায়। ষট্কর্মের বিষয় পূর্বেই উল্লেখ করা হয়েছে।

'ফট্' অনেক তান্ত্ৰিক মঞ্জের অংশ বিশেষ। তন্ত্ৰমতে ফট্ অল্পবীজ। বাজসনেয়ি-সংহিতায় এই ফট্-শন্ধটি পাওয়া যাচ্ছে।

কেউ কেউ মনে করেন তৈত্তিরীয় আরপাকে একটি স্থস্পষ্ট তান্ত্রিক মন্ত্র ব্যবহৃত হয়েছে। ব্যায়ণের মতে মন্ত্রটি আভিচারিক ক্রিয়া সম্পর্কিত। প

বাংলাদেশের সিদ্ধ তারিক মহাপুরুবেরা কেউ কেউ পঞ্মুগুী আদনে বসে সাধনা করতেন। তুটি চণ্ডালের মুণ্ড, একটি শৃগালের মুণ্ড, একটি বানরের মুণ্ড এবং একটি সর্পের মুণ্ড দিয়ে পঞ্চমুগুী আদন প্রস্তুত হয়। এর পূর্বরূপ দেখতে পাওয়া যায় বৈদিক যজ্ঞের অগ্নিবেদীরচনার ব্যাপারে। শতপথবাহ্মণে আছে একটি মাহুষ নিয়ে মোট পাঁচটি প্রাণী বলি দিয়ে তাদের মুণ্ডের উপর অগ্নিবেদী রচনা করতে হবে এবং এই প্রাণীদের দেহ জলে ফেলে দিতে হবে আর সেই জলের থেকে বেদীর ইট তৈরির কাদা আনতে হবে। এরূপ করলে বেদী স্থায়ীভাবে শক্তিশালী হবে।

কুগুলীবোনের সূচনা—কুগুলিনীযোগ তন্ত্রমতের একটি বিশিষ্ট সাধনা। লক্ষ্য করা গেছে এই সাধনার অগ্যতম প্রধান অবলম্বন স্ব্যুমা নাড়ী। দেখা গেছে কঠোপনিষদে ও ছান্দোগ্যোপনিষদে স্ব্যুমার বর্ণনা আছে। উপনিষদে বে ভাবটি বীজাকারে আছে তাই পরবর্তীকালে কুগুলীযোগের আকারে অক্রিত ও পল্লবিত হয়েছে এক্সপ অনুমান করা যায়।

১ বাসং গাত

२ थे हे कहे अहि। हिकी जिक्की हकी कहे। देखि बाठः क्रुवानि।—देख आ कारन

৩ ডা: ঐ সায়ণভাগ

<sup>8</sup> সাধक कवि त्रांमधानाम, २म मर, शृ: ६८ ६ भ डा ७।२।১१७१-१» : १।६।२।১-э

e R. Ph. V. U, 1925, p. 282 ৭ ক উপ হাৰাত ৮ ছা উপ দাৰাৰ

প্রতীকোপাসনা বা মূর্ভিপূজার সূচনা— বৃদ্ধপূর্বযুগেই বে প্রতীকোপাসনা বা মূর্ভিপূজার স্থচনা হয়েছিল তা আমরা পূর্বেই লক্ষ্য করেছি।

মধ্যমুগ—বৃদ্ধপূর্ববতী যুগে তন্ত্রোক্ত বে-দব বস্তু লক্ষ্য করা গেল তা বুদ্ধের সময়েও 
যথেষ্ট পরিমাণে ছিল।

দীর্ঘনিকায়ের অন্তর্গত ব্রহ্মজালস্ত্রে দেবতার উদ্দেশ্যে রক্তদান, যাত্মজ্রের থারা লোকের সোভাগ্য বা ত্র্ভাগ্য বিধান, পশুপক্ষীর শব্দজ্ঞান প্রভৃতি নানারকম বিছা, ভূতসিদ্ধি প্রভৃতি নানারকম লোকায়ন্ত বিষয়ের উল্লেখ করা হয়েছে। বুদ্ধ এই-সবের তীব্র নিন্দা ক্রেছেন।

আমরা পূর্বেই উল্লেখ করেছি দীঘনিকায়ের শিলক্থন্ধবগ্ণ-এ অস্তান্ত বহু বন্ধর সঙ্গে সুর্য, সিরি (এ) এবং মহা একের (অন্নমান করা হয় ইনি ধরিত্রীমাতা) পূজা নিষেধ করা হয়েছে। তার অর্থ তথন দেশে ঐ দেবতাদের পূজার বিশেষ প্রচলন ছিল।

বুদ্ধের সময়ে তান্ত্রিক ষট্কর্মের মতো আভিচারিক ক্রিয়াদির প্রচলন ছিল। ঐ সময়ে 'ইদ্ধি' বা ঋদ্ধি অর্থাৎ অলোকিক শক্তি বা সিদ্ধাই-এর অনেক নিদর্শন পাওয়া যায়। মহাবগুগ-এ এক গৃহস্থের সমগ্র পরিবারের 'ইদ্ধি'র কথা আছে।

বুদ্ধের এক শিশু ছিলেন ভিক্ষ্ ভারদ্বাজ। তিনি একবার কোনো কিছুর সাহায্য না নিয়ে শৃত্যমার্গে উপরে উঠে এক শ্রেষ্ঠীদন্ত ভিক্ষাপাত্র নিয়ে আদেন। এরপ 'ইদ্ধি' দেখাবার জন্ম তাঁকে খুব তিরস্কার করেন।

ঐ সময়ে অনেক লোক মড়ার মাধার খুলি ভিক্ষাপাত্তরূপে ব্যবহার করত, 'চুল্লবগ্ণ'-এ তার নিদর্শন আছে।

বুদ্ধের সময়ে অনেক শ্রমণ এবং ব্রাহ্মণ ছিলেন যাঁরা মনে করতেন পরিপূর্ণ ভোগের মধ্য দিয়ে নির্বাণলাভ করা যায়।\*

কথাবখুতে (কথাবস্ত) মৈণুনকে ধর্ম বলা হয়েছে অর্থাৎ মৈণুনকে ধর্মসাধনার অঞ্চ বলা হয়েছে।

Sadhanmala, Vol. II, pp. XVI-XVII and f. n. I; Dialogues of the Buddha Part I, pp. 17-26

২ জঃ ৰ জ্ঞালসূত্ত ১৷২৬

Mahavagga, VI/ 24, See S. B. E, Vol. XVII

